# বুদ্ধ-বংসো

# উদানং

## অভিধম্মথ সঙ্গহো

বা

## অভিধর্ম্মার্থ সংগ্রহ।

Printed for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website:http://www.budaedu.org
**This book is strictly for free distribution, it is not for sale.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।

গ্রন্থমালা— ৩

# বুদ্ধ-বংশ

( বাংলা অনুবাদ সমেত )

ভিক্ষু প্রাতিমোক্ষ, ধর্ম্ম সংহিতা, মিলিন্দ প্রশ্ন
প্রভৃতি গ্রন্থ প্রণেতা বুদ্ধ শাসনের বীর্য্য স্তম্ভ
পিটক ত্রয় কোবিদ বৌদ্ধ মিশনের
প্রতিষ্ঠাতা ও সভাপতি

**বিনয়াচার্য্য শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির**

পালি শাস্ত্র বিশারদ

**শ্রীমৎ আর্য্যবংশ স্থবির এবং কবি ৺জ্যোতি পাল**

ভিক্ষু কর্ত্তৃক সংশোধিত

**শ্রীধর্ম্ম তিলক স্থবির**

কর্ত্তৃক অনূদিত


মহাভিক্ষু সমাগমের উদ্বৃত্ত টাকাদ্বারা প্রকাশিত

১ম সংস্করণ

রেঙ্গুন বৌদ্ধ মিশন প্রেসে মুদ্রিত।

২৪৭৮ বুদ্ধাব্দ

১৯৩৪ খৃষ্টাব্দ

# সমর্পণ

জন্ম-জরা-ব্যাধি-মরণ প্রভৃতি ভব-দুঃখ প্রপীড়িত প্রাণীদের পরিত্রাতা পতিত পাবন ভগবান বুদ্ধগণের অমল জীবন কাহিনী সম্বলিত সমূলানুবাদ বুদ্ধবংশ বঙ্গ ভাষা ভাষী সহৃদয় প্রত্যেক ভ্রাতা ভগ্নিদের করে সমর্পণ করিলাম।

বুদ্ধবংশের সমর্পণ জনিত বিপুল পুণ্যসম্পদ স্বর্গীয় পিতা মাতা প্রমুখ সমস্ত সত্ত্বগণের হিত-সুখ তরে পুলক অন্তরে বিতরণ করিতেছি। তদনুমোদনে সমস্ত জীব-জগত শান্তি সলিলে অবগাহন করিয়া পরিতৃপ্ত হউক, ইহাই আমার আন্তরিক কামনা।

ধর্ম্ম তিলক স্থবির।

# নিবেদন

**পর্ব্বত** তুল্য উত্তাল বাধা-বিঘ্ন অতিক্রম করিয়া বহু আয়াসে সমূল অনুবাদ **বুদ্ধ-বংশ** প্রকাশিত হইল। ইহা অনন্ত জ্ঞানী পরম পবিত্র বুদ্ধগণের অপার মহিমা মাত্র।

বিগত পাঁচ বৎসর পূর্ব্বে যখন বৌদ্ধ মিশন সংগঠিত হয়, তখন মিশনের অন্যতম প্রাণদাতা মদীয় আচার্য্য মহোদয় আমাকে **বুদ্ধবংশ ও সারসংগ্রহ** দুইখানি গ্রন্থ সঙ্কলনের আদেশ করেন। **সারসংগ্রহ** মৎকর্ত্তৃক অনুবাদিত হইয়া দুই বৎসর পূর্ব্বে প্রকাশিত হইয়াছে। আমি তাঁহার আদেশ শিরোধার্য্য করিয়া **বুদ্ধ-বংশ** ও অনুবাদ করিতে প্রবৃত্ত হই। তবে ইহার সম্পাদনায় কতদূর কৃতকার্য্য হইয়াছি, সেই বিচার সহৃদয় পাঠক পাঠিকাদের হাতে। অনুবাদ কালে—মূল গ্রন্থের সহিত অনুবাদের যথাসম্ভব সামঞ্জস্য রাখিবার চেষ্টা করিয়াছি। অথচ—আধুনিক রুচী বাগীশদের রুচী অনুসরণে পুণ্যময় পবিত্র গ্রন্থ, সংস্কার অস্ত্রে সংহার করিবার সাহস করি নাই।' কেহ কেহ হয়তঃ ইহা আমার গোঁড়ামীও বলিতে পারেন।

**বুদ্ধ-বংশের** মুদ্রণ কার্য্য প্রথম—বৌদ্ধ সাহিত্য গগনের উদীয়মান ভাস্কর কবি ৺জ্যোতি পাল ভিক্ষুর প্রযত্নে আরম্ভ হইয়াছিল। তাঁহার অকাল মৃত্যুতে বৌদ্ধ-মিশনের তথা বৌদ্ধ সমাজের সমূহ ক্ষতি হইয়াছে। তাঁহার জীবনের পূত কাহিনী

স্মরণ করিলে—শোকোচ্ছ্বাসে হৃদয় ব্যাকুল হইয়া যায়। সমগ্র বৌদ্ধ-সমাজ আজ তাঁহার অভাব অনুভব করিতেছে। ৺জ্যোতি পালের আকস্মিক তিরোধানে আমাদিগকে বিশেষ অসুবিধায় পড়িতে হইয়াছে এবং বুদ্ধবংশ প্রচারেও অপ্রত্যাশিত বিলম্ব ঘটিয়াছে। এই জন্য অনুরাগী পাঠক-পাঠিকাদের নিকট বাস্তবিকই লজ্জিত।

ইহার সম্পূর্ণ পাণ্ডুলিপি খানি পরমারাধ্য আচার্য্য মহোদয় দেখিয়া দিয়াছেন এবং প্রথম হইতে শেষ পর্য্যন্ত ক্রমিক সংখ্যা যোজনা করিয়া গ্রন্থের গৌরব বৃদ্ধি ও পাঠক বৃন্দের সুবিধা করিয়াছেন। মাননীয় শ্রীমৎ আর্য্য বংশ স্থবির মহোদয় ইহার বহু সংশোধন ও পরিবর্ত্তন করিয়া দিয়াছেন, তাই তাঁহার নিকট চির কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলাম। মাননীয় প্রজ্ঞানন্দ স্থবির মহোদয় সারগর্ভ ভূমিকা লিখিয়া দিয়া প্রকৃত বুদ্ধভক্তির পরিচয় দিয়াছেন। **বুদ্ধ-বংশের** প্রথম সাত ফর্ম্মার সঙ্গে কর্ম্মবীর ৺জ্যোতি পালের কর্ম্মস্মৃতি বিজড়িত। অবশিষ্টাংশ বৌদ্ধ মিশনের অন্যতম হিতৈষী কর্ম্মী মাননীয় শ্রীমৎ প্রজ্ঞানন্দ স্থবির ও আমার সোদর প্রতিম সঙ্ঘ-শক্তি ও বৌদ্ধ-মিশনের সুযোগ্য সম্পাদক শ্রীমৎ শীলালঙ্কার স্থবির মহোদয় দ্বয় অতিশয় নিপুণতার সহিত সম্পন্ন করিয়াছেন। এজন্য আমি তাঁহাদের নিকট অচ্ছেদ্য কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলাম।

ইহার প্রথম বারের পাণ্ডুলিপি খানি আমার স্নেহ ভাজন শিষ্য শ্রীমান ধর্ম্মপ্রিয় ভিক্ষু সুন্দর হস্তাক্ষরে লিখিয়া দিয়া আমার যথেষ্ট সাহায্য করিয়াছে। আমি সরল অন্তরে তাহার সমুন্নত শাসনিক জীবন কামনা করি।

শত চেষ্টায়ও অভ্রান্ত গ্রন্থ প্রকাশ করা যায় না। ভ্রম প্রমাদ পূর্ণ গ্রন্থ জনসমাজে প্রচার করা কোন গ্রন্থকারের অভিপ্রেত নহে, কিন্তু গ্রন্থ সম্পাদনা যে কিরূপ দূরোহ ব্যাপার তাহা বিজ্ঞগণ মাত্রেই অবগত আছেন। অনিচ্ছা সত্ত্বেও গ্রন্থের অনেক স্থানে ত্রুটী বিচ্যুতি রহিয়া যায়। ইহাতেও যে থাকিবে না তাহা নহে।

তবে আশা করি সদাশয় পাঠক পাঠিকাগণ আমার অনিচ্ছা-কৃত ত্রুটী নিজগুণে মার্জ্জনা করিবেন। **বুদ্ধবংশ** স্বধর্ম্ম নিষ্ঠ প্রত্যেক বুদ্ধভক্তদের নিকট সমাদৃত হইলে আমার পরিশ্রম সফল মনে করিব।

দিস্সন্তি বে যদি পমাদ ভবেহ দোসা
দোসঞ্ঞুনো তদখিলং পরিসোধয়ন্তু,
মা চেত্থ সত্থ বিমুখা মুখরা খলেদং
দূসেন্তু দুস্সনরতা সুপরিস্সমং মে।

আষাঢ়ী পূর্ণিমা,
৯ই শ্রাবণ
২৫শে জুলাই
১৯৩৪ খৃষ্টাব্দ

শ্রীধর্ম্ম তিলক স্থবির।
আকিয়াব

# ভূমিকা

পৃথিবীর মধ্যে পূর্ব্ববিদেহ, অপরগোয়ান, উত্তরকুরু এবং জম্বুদ্বীপ নামে চারিটি মহাদ্বীপ আছে। তন্মধ্যে জম্বুদ্বীপ সর্ব্বশ্রেষ্ঠ। জম্বুদ্বীপের মধ্যেও আবার মধ্যদেশ সর্ব্বশ্রেষ্ঠ। মধ্যদেশের সীমা পালিগ্রন্থে নিম্নোক্তরূপে উল্লেখ আছে— "পুরত্থিমায় দিসায় কজঙ্গলং নাম নিগমো···পুরত্থিমায় দক্খিণায় দিসায় সললবতী নাম নদী···দক্খিণায় দিসায় সেত কণ্ণিকং নাম দিগমো··· পচ্ছিমায় দিসায় থূনং নাম ব্রাহ্মণ গামো···উত্তরায় দিসায় উসীরদ্ধজো নাম পব্বতো। এবং পরিচ্ছিন্নে আয়ামতো তিয়োজন সতে বিত্থারতো অড্ঢতিয়োজন সতে পরিক্খেপতো নবয়োজন সতে মজ্ঝিম পদেসো উপ্পজ্জতি।"—পূর্ব্বদিকে কজঙ্গল নিগম (বর্ত্তমান কংকজোল, সাঁওতাল পরগণা, বিহার প্রদেশ), পূর্ব্ব-দক্ষিণদিকে সললবতী নদী, দক্ষিণ দিকে শ্বেতকর্ণিক নিগম (বর্ত্তমান থানেশ্বর, কর্ণালিমণ্ডলে সরস্বতী নদীর নাতিদূরে অবস্থিত), পশ্চিম দিকে থূন নামক ব্রাহ্মণ পল্লী এবং উত্তর দিকে উসীরদ্ধজ নামক পর্ব্বত (হরিদ্বারের নিকটবর্ত্তী পর্ব্বত)। দৈর্ঘ্যে তিনশত যোজন, প্রস্থে আড়াইশত যোজন এবং গোলাকারে নয়শত যোজন পরিমিত স্থান মধ্যদেশ নামে অভিহিত হয়।

এই স্থান স্মরণাতীত কাল হইতে পবিত্রভূমি বলিয়া বৌদ্ধ সাহিত্যে উল্লেখ আছে। জগতে যত বুদ্ধ আবির্ভূত হইয়াছেন এবং হইবেন সকলেরই জন্মস্থান এই মধ্যদেশ। কেবল যে বুদ্ধেরাই এই স্থানে জন্মগ্রহণ করেন তাহা নহে। প্রচ্চেক বুদ্ধ, অগ্রশ্রাবক, অশীতি মহাশ্রাবক, বুদ্ধের মাতা-পিতা, চক্রবর্ত্তী রাজা এবং অন্যান্য বিখ্যাত ব্যক্তিরাও এই স্থানে জন্ম গ্রহণ করিয়া পৃথিবীতে নব ভাবের প্রেরণা দিয়া তাপিত জীবমণ্ডলীর মরু-হৃদয়ে শান্তিধারা বর্ষণ করেন।

বৌদ্ধ-ধর্ম্ম এই পবিত্র ভূমির মূলধর্ম্ম। এই ধর্ম্মের সঙ্গে মানবের নিত্য সম্বন্ধ বিদ্যমান। যখন মানব-সমাজ প্রকৃত ধর্ম্ম ভুলিয়া নানা প্রকারে মিথ্যাদৃষ্টিতে জড়িত হইয়া পড়ে এবং ভোগ পরায়ণ হইয়া রাগ-দ্বেষের বীজ বপন করত দুঃখিত, পীড়িত, সন্তাপিত হইয়া পড়ে তখনই সেই দুঃখ নিবারণ ও কল্যাণের নিমিত্ত পরম কারুণিক মহামানব বুদ্ধ সংসারে প্রাদুর্ভূত হইয়া ধর্ম্মের প্রকৃত স্বরূপ, স্বীয় উপদেশ, চরিত্র প্রভাবে শিখাইয়া দেন। এই কারণে প্রবাহরূপে বৌদ্ধ-ধর্ম্ম অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে এবং অনন্ত কাল থাকিবে। বুদ্ধ সাধারণ মানব নহেন। তিনি অনন্ত জ্ঞান, অপার করুণা এবং অগাধ বিশুদ্ধ গুণের আধার। যেমন রুগ্নের রোগ মুক্তির নিমিত্ত উত্তম ভিষকের আবশ্যকতা থাকে, তেমন ত্রিবিধ দুঃখে তাপিত প্রাণী-সমূহের দুঃখ নিবারণের জন্য নির্দ্দোষ সর্ব্বাঙ্গপূর্ণ মহামানবের আবশ্যকতা চিরকাল ছিল ও চিরকাল থাকিবে। এই জন্য অসংখ্য বৎসর পরে জগতে এক এক জন মহামানব—পূর্ণ পুরুষ—সম্যক-

সম্বুদ্ধরূপে আবির্ভূত হইবার মানসে বোধিসত্ত্ব কঠিন তপস্যা প্রভাবে আধ্যাত্মিক যোগ্যতা লাভের জন্য অনন্তকাল ধরিয়া পারমী পূর্ণ করিয়া প্রস্তুত হইতে থাকেন। বুদ্ধের আবির্ভাব কোন দেশ বা জাতি বিশেষের জন্য হয় না, জগতের সমস্ত জীবমণ্ডলীর জন্ম-জরা-ব্যাধি-মৃত্যুদুঃখ বিনাশের নিমিত্তই হইয়া থাকে। এই জন্য বুদ্ধ জগতের সমস্ত মূল্যবান রত্নাপেক্ষা মহান্ রত্ন। জীবের কল্যাণের নিমিত্ত—শ্রেয়ঃ লাভের নিমিত্ত তাঁহার বাণীও সংসারের সমস্ত মহার্ঘ রত্নাপেক্ষা শ্রেষ্ঠ রত্ন। ধর্ম্মানুরূপ স্বীয় আদর্শ জীবন ও উপদেশ দ্বারা বুদ্ধের বাণী যাঁহারা প্রচার করেন তাঁহারাও জগতের সকল রত্নাপেক্ষা শ্রেষ্ঠ রত্ন বলিয়া অভিহিত হন। যেই ভাগ্যবান ব্যক্তি এই ত্রিবিধ শরণের আশ্রয় গ্রহণ করে সে অনাবিল সুখ-শান্তির অধিকারী হইয়া থাকে। তাই বুদ্ধের আবির্ভাবে আনন্দাপ্লুত হইয়া দেবতারা স্তব করিয়া থাকেন

"লোক ক্লেশাগ্নি সন্তপ্তে প্রাদুর্ভূতোহয়ংহ্রদঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগন্মোচয়িষ্যতি।
অজ্ঞাত তিমিরে লোকে প্রাদুর্ভূতঃ প্রদীপকঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগত্তারয়িষ্যতি।
শোক-সাগর কন্তারে বান শ্রেষ্ঠ মুপস্থিতম্
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগত্তারয়িষ্যতি।
ক্লেশ বন্ধন বদ্ধানাং প্রাদুর্ভূতঃ প্রমোচকঃ
অয়ং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগন্মোচয়িষ্যতি।
জরা-ব্যাধি-কিলিষ্ঠানং প্রাদুর্ভূতোভিষগ্বরঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং জাতি মৃত্যু প্রমোচকম্।"

ভগবান গৌতম বুদ্ধ যেই বুদ্ধদের পাদমূলে বোধিসত্ত্বাবস্থায় বুদ্ধত্ব প্রাপ্তির মানসে প্রার্থনা করিয়া দান শীলাদি দশবিধ পারমী পূর্ণ করিয়া সর্ব্বজ্ঞতা লাভ করিয়াছিলেন সেই বুদ্ধদের ও গৌতম বুদ্ধের জীবন বৃত্তান্ত যেই গ্রন্থে লিপিবদ্ধ আছে তাহার নাম **বুদ্ধ-বংশ**।

এই গ্রন্থ সূত্র পিটকান্তর্গত খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত পঞ্চদশ গ্রন্থের মধ্যে অন্যতম। খুদ্দক নিকায়ের অন্তর্গত গ্রন্থগুলির দ্বিবিধ সংখ্যা, গণনা ও পর্য্যায় দৃষ্ট হয়। দীঘভাণকদিগের মতানুসারে খুদ্দক নিকায়ের গ্রন্থগুলির সংখ্যা ১২; মজ্ঝিম ভাণকদিগের মতানুসারে ইহাদের সংখ্যা ১৬; দীঘ ভাণকদিগের গণনা অনুসারে খুদ্দক নিকায়ের গ্রন্থের তালিকায় বুদ্ধ-বংশের নামোল্লেখ নাই।

মজ্ঝিম ভাণকদিগের গণনা পর্য্যায় কিরূপ ছিল তাহা বুদ্ধঘোষ স্পষ্ট উল্লেখ করেন নাই। তিনি শুধু বলিয়াছেন যে—মজ্ঝিম ভাণকগণ চরিয়াপিটকে, বুদ্ধ-বংশ ও অপদান—এই তিনটি গ্রন্থও খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত করিয়াছিলেন। বুদ্ধঘোষ মজ্ঝিম ভাণক নির্দ্দিষ্ট পঞ্চদশ সংখ্যা গ্রহণ করিয়া খুদ্দক নিকায়ের গ্রন্থগুলি নিম্ন পর্য্যায়ে উল্লেখ করিয়াছেন এবং তাঁহার প্রদত্ত পর্য্যায় পরবর্ত্তী স্থবিরেরা গ্রহণ করিয়াছেন। (১) খুদ্দক পাঠ, (২) ধম্মপদ, (৩) উদান, (৪) ইতিবুত্তক, (৫) সুত্তনিপাত, (৬) বিমানবত্থু, (৭) পেতবত্থু, (৮) থেরগাথা, (৯) থেরীগাথা, (১০) জাতক, (১১) নিদ্দেস, (১২) পটিসম্ভিদামগ্গ, (১৩) অপদান, (১৪) বুদ্ধবংস, (১৫) চরিয়াপিটক।

মহাবোধি বংশের ৯৪ পৃষ্ঠায় লিখিত আছে যে প্রথম সঙ্গীতিতে অঙ্গুত্তর নিকায় আবৃত্তি ও সংগ্রহ করিবার পর পঞ্চশত অর্হৎ সদস্য নিম্নক্রমে অভিধর্ম্ম ও খুদ্দক নিকায়ের গ্রন্থগুলি আবৃত্তি করিয়া তৎসমস্ত শিক্ষা দিয়াছিলেন। অভিধর্ম্ম পিটকের অন্তর্গত ধম্মসঙ্গনি, বিভঙ্গ, কথাবত্থু, পুগ্গলপঞ্ঞত্তি, ধাতুকথা, যমক ও পট্ঠান এই সাতখানি গ্রন্থ; সুত্তনিপাত, ধম্মপদ, উদান, ইতিবুত্তক, বিমানবত্থু, পেতবত্থু, থেরগাথা, থেরীগাথা, জাতক, নিদ্দেস, পঠিসম্ভিদামগ্গ, অপদান, বুদ্ধবংস ও চরিয়াপিটক খুদ্দক-নিকায়ভুক্ত গ্রন্থ সমূহ।

বুদ্ধঘোষের তালিকার বিশেষত্ব এই যে খুদ্দকপাঠ নামে একটি নূতন গ্রন্থ খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং মহানিদ্দেস ও চুলনিদ্দেস এই দুইটি গ্রন্থ একটি গ্রন্থরূপে গণনা করা হইয়াছে।

বুদ্ধবংশ যে অতি প্রাচীন গ্রন্থ তাহা বিশেষরূপে জানা গেল। গ্রন্থটি পালি পদ্যে লিখিত। এযাবৎ ভারতীয় কোন অক্ষরে ইহার মূল কিম্বা ভারতীয় কোন ভাষায় ইহার অনুবাদ বাহির হয় নাই। শ্রীমৎ ধর্ম্মতিলক স্থবির এই উপাদেয় গ্রন্থ বঙ্গাক্ষরে মূল ও বঙ্গ ভাষায় অনুবাদ করিয়া বঙ্গীয় পাঠকের হস্তে অর্পণ করিলেন।

পালি শিক্ষার্থীর উপযোগী করিয়া আক্ষরিক অনুবাদ করায় অনুবাদটি পাঠকের চক্ষে খট্ মট্ বোধ হইতে পারে। তবুও মূল বিষয় জানিতে কাহাকেও শ্রম স্বীকার করিতে হইবে বলিয়া বোধ হয় না।

আশা করি, সুধী পাঠক বৃন্দ গ্রন্থটি সাদরে পাঠ করিয়া অতীত বুদ্ধদের আশ্চর্য্যজনক পূত কাহিনী পাঠ করিয়া অনাবিল আনন্দ উপভোগ করিবেন।

| | |
|---|---|
| শুক্লাসপ্তমী, চৈত্র<br>১৩৪০ বঙ্গাব্দ | **প্রজ্ঞানন্দ স্থবির।**<br>**রেঙ্গুন** |

# অশুদ্ধি শোধন।

( সংখ্যা গুলি পৃষ্ঠা ও পঙ্‌ক্তি বোধক )

১১—৫ ভূযহং, ২৩—১৬ আকাঙ্ক্ষা, ২৩—২০ বিষ্ঠা, ৩১—২২ চতুর্সত্য, ৩৪—৪ কোলিতো, ৩৫—৫ বিরঞ্জিয়, ৭৬—১ তত্রাপি, ৭৭—১৮ প্রার্থিত, ৭৮—১৯ সংখ্যা, ৮৮—১১ রেবত মুনি, ৯৯—৬ পব্বতোব, ১০৪—১৫ অনোমদর্শী, ১০৫—১৩ অনুপম, ১০৬—১৯ নরার্ষভ, ১১৯—৮ কুসলো, ১২১—৪ চক্খুমা, ১২৩—১১ বিস্তীর্ণ, ১৩৬—১৪ উপসেন, ১৬৮—১০ দ্বেনবুতে, ১৮৫—৪ তিন, ১৯৫—২০ প্রার্থিত হইয়া, ২০২—১৮ ইন্ধনে, ২০৬—১ জোতি পাল, ২০৬—৯ আরব্ধ, ২১০—২ অলঙ্কারং, ২১৫—১০ অগ্‌গুপট্ঠাকুপাসকা, ২১৬—১৯ অগ্নির।

# সূচী পত্র ।


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ । | রত্ন চঙ্ক্রমণ কাণ্ড | ১ |
| ২ । | চঙ্ক্রমণ নির্ম্মাণ প্রণালী | ৫ |
| ৩ । | দেবগণের স্তুতি | ৮ |
| ৪ । | দীপঙ্কর বুদ্ধ-বংশ | ২১ |
| ৫ । | কৌণ্ডিণ্য বুদ্ধ-বংশ | ৬৪ |
| ৬ । | মঙ্গল বুদ্ধ-বংশ | ৭৩ |
| ৭ । | সুমন বুদ্ধ-বংশ | ৮০ |
| ৮ । | রেবত বুদ্ধ-বংশ | ৮৭ |
| ৯ । | সোভিত বুদ্ধ-বংশ | ৯৩ |
| ১০ । | অনোমদর্শী বুদ্ধ-বংশ | ৯৯ |
| ১১ । | পদুম বুদ্ধ-বংশ | ১০৫ |
| ১২ । | নারদ বুদ্ধ-বংশ | ১১১ |
| ১৩ । | পদুমুত্তর বুদ্ধ-বংশ | ১১৮ |
| ১৪ । | সুমেধ বুদ্ধ-বংশ | ১২৫ |
| ১৫ । | সুজাত বুদ্ধ-বংশ | ১৩২ |
| ১৬ । | প্রিয়দর্শী বুদ্ধ-বংশ | ১৪০ |
| ১৭ । | অর্থদর্শী বুদ্ধ-বংশ | ১৪৫ |
| ১৮ । | ধর্ম্মদর্শী বুদ্ধ-বংশ | ১৫১ |
| ১৯ । | সিদ্ধার্থ বুদ্ধ-বংশ | ১৫৬ |
| ২০ । | তিষ্য বুদ্ধ-বংশ | ১৬১ |
| ২১ । | ফুস্স বুদ্ধ-বংশ | ১৬৭ |

| | | |
|---|---|---|
| ২২। | বিপস্সী বুদ্ধ-বংশ ... ... ... | ১৭২ |
| ২৩। | সিখী বুদ্ধ-বংশ ... ... ... | ১৮০ |
| ২৪। | বেস্সভূ বুদ্ধ-বংশ ... ... ... | ১৮৬ |
| ২৫। | ককুসন্ধ বুদ্ধ-বংশ ... ... ... | ১৯২ |
| ২৬। | কোনাগমন বুদ্ধ-বংশ ... ... ... | ১৯৮ |
| ২৭। | কশ্যপ বুদ্ধ-বংশ ... ... ... | ২০৪ |
| ২৮। | গোতম বুদ্ধ-বংশ ... ... ... | ২১২ |
| ২৯। | বুদ্ধ প্রকীর্ণক কাণ্ড ... ... ... | ২১৭ |
| ৩০। | ধাতু ভাজনীয় কথা ... ... ... | ২২০ |


## ব্যবহৃত সাঙ্কেতিক অক্ষর।

ইং= ইংরেজী পুস্তক।

ব্রঃ= ব্রহ্ম দেশীয় পুস্তক।

লঃ= লঙ্কা বা সিলোন মুদ্রিত পুস্তক।

হঃ= হস্ত লিখিত পুস্তক।

# THE PALI ALPHABET

## *IN BENGALI CHARACTER.*

## Vowels.

অ a   আ ā   ই i   ঈ ī   উ u   ঊ ū   এ ē   ও o

## Consonants.

| | | | | |
|---|---|---|---|---|
| ক ka | খ kha | গ ga | ঘ gha | ঙ ṅa |
| চ ca | ছ cha | জ ja | ঝ jha | ঞ ña |
| ট ṭa | ঠ ṭha | ড ḍa | ঢ ḍha | ণ ṇa |
| ত ta | থ tha | দ da | ধ dha | ন na |
| প pa | ফ pha | ব ba | ভ bha | ম ma |
| য ya | র ra | ল la | ব va | স sa |
| হ ha | ল় ḷa | অং aṇ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কা kā | কি ki | কী kī | কু ku | কূ kū | কে ke´ | কো ko´ |
| খা khā | খি khi | খী khī | খু khu | খূ khū | খে khe´ | খো kho´ |
| গা gā | " | " | " | " | " | " |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্ক kka | ক্খ kkha | ক্য kya | ক্রি kri | ক্ব kva |
| খ্য khya | খ্ব khva | গ্গ gga | গ্ঘ ggha | গ্র gra |
| ঙ্ক ṅka | ঙ্খ ṅkha | —— | ঙ্গ ṅga | ঙ্ঘ ṅgha |
| চ্চ cca | চ্ছ ccha | জ্জ jja | জ্ঝ jjha | ঞ্ঞ n̄n̄a |
| ঞ্হ n̄ha | ঞ্চ n̄ca | ঞ্ছ n̄cha | ঞ্জ n̄ja | ঞ্ঝ n̄jha |
| ট্ট ṭṭa | ট্ঠ ṭṭha | ড্ড ḍḍa | ড্ঢ ḍḍha | ণ্ণ ṇṇa |
| ণ্ট ṇṭa | ণ্ঠ ṇṭha | ণ্ড ṇḍa | ণ্হ ṇha | ত্ত tta |
| ত্থ ttha | ত্ব tva | ত্র tra | দ্দ dda | দ্ধ ddha |
| দ্র dra | দ্ব dva | ধ্ব dhva | ন্ত nta | ন্থ ntha |
| ন্দ nda | ন্ধ ndha | ন্ন nna | ন্হ nha | প্প ppa |
| প্ফ ppha | ব্ব bba | ব্ভ bbha | ব্র bra | ম্প mpha |
| ম্ফ mpha | ম্ব mba | ম্ভ mbha | ম্ম mma | ম্হ mha |
| য্য yya | য্হ yha | ল্ল lla | ল্য lya | ল্হ lha |
| ব্হ wha | স্স ssa | স্ম sma | স্ব swa | হ্ম hma |
| হ্ব hva | ল্হ ḷha | | | |

া ā  ি i  ী ī  ু u  ূ ū  ে e´  ো o´

# বুদ্ধ-বংসো

নমোতস্স ভগবতো অরহতো সম্মা সম্বুদ্ধস্স।

১। ব্রহ্মা চ লোকাধিপতী সহম্পাতী
কতঞ্জলী অনধিবরং অয়াচথ,
সন্তীধ সত্তা[১] প্পরজক্খজাতিকা
দেসেহি ধম্মং অনুকম্পি'মং পজং। ১॥

---

(সানুবাদ)

## বুদ্ধ-বংশ

"নমো তস্স য়তো মহিমতো য়স্স তমোন"

অজ্ঞানতম বিনাশক মহা মহীয়ান্ লোকগুরু ভগবান সর্ব্বজ্ঞ বুদ্ধ বিংশতি সহস্র ক্ষীণাশ্রব শিষ্য পরিবৃত হইয়া, শুদ্ধোদন মহারাজের আমন্ত্রণে কপিলবাস্তু নগরীতে পদার্পণ করিয়াছিলেন। তিনি তথায় রমণীয় ন্যগ্রোধ আরামের রত্ন চঙ্ক্রমণে অবস্থান কালীন তাঁহার জ্ঞাতিগণের অভিমান নষ্ট করিবার জন্য, তদীয় অগ্রশ্রাবক সারীপুত্ত মহাস্থবিরের দ্বারা প্রার্থিত হইয়া শ্রোতৃগণের প্রসাদজনক এই বুদ্ধ বংশ দেশনা করিয়াছিলেন। তাহা মহাকাশ্যপ স্থবির প্রমুখ ধর্ম্ম সংগ্রাহক সঙ্গীতিকারক স্থবিরগণ(বুদ্ধ-বংশ) জন সাধারণের মধ্যে প্রকাশ করিতে "ব্রহ্মা চ লোকাধিপতি সহম্পতি ইত্যাদি বলিয়া আরম্ভ করিয়াছিলেন।

---

(১) সত্তা অপ্পরজক্খজাতিকা—একচ্চেসু।

২। সম্পন্ন-বিজ্জা-চরণস্স তাদিনো
জুতিন্ধরস্স'ন্তিম-দেহ-ধারিণো,
তথাগতস্স'প্পটি পুগ্গলস্স
উপ্পজ্জি কারুঞ্ঞতা সব্ব সত্তে। ২॥

৩। ন হেতে জানন্তি সদেব-মানুসা।
বুদ্ধো অয়ং কীদিসকো নরুত্তমো,
ইদ্ধি বলং পঞ্ঞা-বলঞ্চ কীদিসং
বুদ্ধবলং লোক-হিতস্স কীদিসং। ৩॥

৪। ন হেতে জানন্তি সদেব-মানুসা
বুদ্ধো অয়ং ঈদিসকো নরুত্তমো,
ইদ্ধি-বলং পঞ্ঞাবলঞ্চ ঈদিসং
বুদ্ধ-বলং লোক হিতস্স ঈদিসং ।৪॥

---

১। লোকাধিপতি সহম্পতি মহাব্রহ্মা কৃতাঞ্জলীপুটে সর্ব্বজ্ঞ বুদ্ধের নিকট প্রার্থনা করিয়াছিলেন যে—ভগবন্! ইহলোকে অল্প ক্লেশ প্রকৃতি জীবগণ আছে, আপনি জগদ্বাসী প্রাণীদের প্রতি করুণা করিয়া চতুরার্য্য সত্য ধর্ম্ম দেশনা করুন।

২। আট প্রকার বিদ্যা ও পনর প্রকার আচরণ সম্পন্ন, হিতাহিত বিষয়ে এক সমান গুণযুত জ্যোতিষ্মান অন্তিম-দেহধারী ও অসদৃশ পুরুষ তথাগত বুদ্ধের জন্ম-জরাদি-দুঃখ প্রাপ্ত প্রাণীদিগের প্রতি করুণার উদয় হইয়াছিল।

৩।৪। [ করুণা উদয় হইয়াছিল কেন? ] যেহেতু এই মনুষ্যগণ অর্থাৎ শুদ্ধোধন মহারাজ প্রমুখ বুদ্ধের জ্ঞাতিগণ এই নর শ্রেষ্ঠ বুদ্ধ কীদৃশ লোক-হিতৈষী, বুদ্ধের ঋদ্ধিবল, প্রজ্ঞাবল এবং দশবিধ জ্ঞানবল কি প্রকার জানে না, যেহেতু ইহারা এই নরোত্তম বুদ্ধ ঈদৃশ, জগতের মঙ্গলময় বুদ্ধের ঋদ্ধি-বল প্রজ্ঞাবল ও বুদ্ধানুভাব এই প্রকার বলিয়া জানে না—

৫। হন্দাহং দস্সয়িস্সামি বুদ্ধ বলং অনুত্তরং
চঙ্কমং মাপয়িস্সামি নভে রতনমণ্ডিতং ।৫॥

৬। ভুম্মা মহারাজিকা তাবতিংসা
য়ামা চ দেবা তুসিতা চ নিম্মিতা,
পরনিম্মিতা য়ে পি চ ব্রহ্ম-কায়িকা
আনন্দিতা বিপুলমকংসু ঘোসং ।৬ ॥

৭। ওভাসিতা চ পঠবী * স-দেবকা
পুথু চ লোকন্তরিকা অসংবুতা;
তমো চ তিব্বো বিহতো তদা অহু
দিস্বান অচ্ছেরকং† পাটিহীরং ।৭ ॥

---

৫। তদ্ধেতু আমি অনুত্তর বুদ্ধবল তাহাদিগকে দেখাইব, আকাশে রত্ন প্রতিমণ্ডিত চঙ্ক্রমণ নির্ম্মাণ করিব।

৬। তখন ভূমি, চাতুর্ম্মহারাজিক, তাবতিংস, যাম, তুষিত এবং ব্রহ্মলোকবাসী দেবগণ উৎফুল্ল হইয়া বিপুল আনন্দ ধ্বনি করিল।

৭। অতঃপর ভগবান অবদাত কৃৎস্নের প্রভাবে দস সহস্র চক্রবাল আলোকিত হউক বলিয়া অধিষ্ঠান করিলেন। সেই অধিষ্ঠান ক্ষণেই পৃথিবী হইতে অকনিষ্ট ব্রহ্মলোক পর্য্যন্ত, আলোকিত হইয়াছিল। তজ্জন্য গাথায় "ওভাসিতা চ পঠবী সদেবকা" ইত্যাদি বলা হইয়াছে। যখন বুদ্ধ জগত আলোকিত করিয়াছিলেন, তখন সেই আশ্চর্য্য-জনক ঋদ্ধির দ্বারা দেব-লোক আর পৃথিবী আলোকিত হইয়াছিল। বিস্তৃত অতল লোকান্তরিক নরকের ঘনান্ধকারও বিগত হইয়াছিল।

---

* "সদেবতা" পাঠান্তর। † "পাটিহেরং" পাঠান্তর।

৮। সদেব গন্ধব্ব মনুস্সরক্খসে
আভা উলারা বিপুলা অজায়থ,
ইমস্মিং লোকে পরস্মিং চোভয়স্মিং
অধো চ উদ্ধং তিরিয়ঞ্চ বিত্থতং ।৮॥

৯। সত্তুত্তমো অনধিবরো বিনায়কো
সত্থা অহূ দেবমনুস্স পূজিতো,
মহানুভাবো সত-পুঞ্ঞলক্খণো
দস্সেসি অচ্ছেরকং পাটিহীরং ।৯॥

১০। সো যাচিতো দেববরেন চক্খুমা
অত্থং সমেক্খিত্বা তদা নরুত্তমো,
চঙ্কমং তত্থ মাপয়ি লোকনায়কো
সুনিট্ঠিতং সব্বরতন-নিম্মিতং ।১০॥

---

৮। দেব-গন্ধর্ব্ব-মনুষ্য-রাক্ষস সহ ইহলোকে পরলোকে এবং ইহপর উভয় লোকে, নিম্নে অবীচি, উর্দ্ধে ভবাগ্র, আর প্রস্থে দশ সহস্র চক্রবাল অবধি বিস্তৃত অন্ধকার বিধ্বংস করিয়া, অপরিমিত মহা আলোক উৎপন্ন হইয়াছিল—

৯। জীবশ্রেষ্ঠ, অদ্বিতীয় জ্ঞানী, বিনায়ক শাস্তা, দেব-মনুষ্যদিগের দ্বারা পূজিত হইয়াছিলেন। অতঃপর মহানুভাব সম্পন্ন, শত প্রমাণ ধন্য-পুণ্য লক্ষণযুক্ত সর্ব্বজ্ঞ সর্ব্বদর্শী বুদ্ধ দেব-মনুষ্যদের বিস্ময়কর প্রাতিহার্য্য বা ঋদ্ধি প্রদর্শন করিয়াছিলেন!

১০। তখন দেবশ্রেষ্ঠ মহাব্রহ্মের দ্বারা প্রার্থিত হইয়া রত্ন চঙ্ক্রমণে উপবেশন করত শ্রোতৃবৃন্দের অভিপ্রায়ানুযায়ী ধর্ম্ম দেশনা করিবার জন্য লোক নায়ক চক্ষুষ্মান নরোত্তম বুদ্ধ জগতের মঙ্গল দর্শনে তথায় সর্ব্ব-রত্নময় চঙ্ক্রমণ সুন্দরাকারে নির্ম্মাণ করিয়াছিলেন।

১১। ইদ্ধি চ আদেসনা' নুসাসনী
তিপাটিহীরে ভগবা বসী অহূ,
চঙ্কমং মাপয়ি লোকনায়কো
সুনিট্‌ঠিতং সব্বরতন নিম্মিতং। ১১॥

১২। দসসহস্সীলোকধাতুয়া সিনেরু পব্বতুত্তমে,
থম্ভে'ব দস্সেসি পটিপাটিয়া চঙ্কমে রতনামযে়। ১২॥

১৩। দসসহস্সী অতিক্কম্ম চঙ্কমং মাপয়ী জিনো,
সব্ব সোবণ্ণময়া পস্সে চঙ্কমে রতনামযে়। ১৩॥

---

১১। একজনে বহুজন হওয়া, মাটিতে ডুব দেওয়া ইত্যাদি ঋদ্ধি, অপরের মনোভাব জানিয়া ধর্ম্ম প্রচারাদি আদেশনা, বুদ্ধগণের নিত্য চিন্তিত ধর্ম্ম দেশনাদ্বারা শাসনাদি অনুশাসনী এই তিনটি প্রাতিহার্য্যে ভগবান বুদ্ধ অভ্যস্ত ছিলেন। কাজেই তিনি সর্ব্ব-রত্নময় চঙ্ক্রমণ নির্ম্মাণ কার্য্য ঋদ্ধিবলে সমাপন করিয়াছিলেন।

---

## চঙ্ক্রমণ নির্ম্মাণ প্রণালী

১২। দশ সহস্র চক্রবালের সিনেরু মহাপর্ব্বত সমূহকে রত্নময় স্তম্ভের ন্যায় করিয়া অনুক্রমে দেখাইয়াছিলেন। পদচারণ করিয়া ভাবনা করিবার জন্য নির্ম্মিত স্থানকে চঙ্ক্রমণ বলে। ভগবান তাহা দশ সহস্র পৃথিবীতে দশ সহস্র সুমেরু পর্ব্বতের উপর নির্ম্মাণ করিয়াছিলেন। সেই সর্ব্বশ্রেষ্ঠ সুমেরু সমূহ দেখিতে রত্নময় স্তম্ভের ন্যায় বোধ হইয়াছিল।

১৩। পঞ্চমারজিৎ জিন দশ সহস্র চক্রবাল অতিক্রম করিয়া রত্নময় চঙ্ক্রমণ নির্ম্মাণ করিয়াছিলেন। তাহার উভয় পার্শ্বস্থ ভূমি সম্পূর্ণ সুবর্ণ ময় ছিল। ইহার মধ্যস্থল মণিময় বলিয়া জ্ঞাতব্য।

১৪। * তুলাসঙ্ঘাটানুবগ্গা সোবণ্ণ ফলকত্থতা,
বেদিকা † সব্বা সোবণ্ণা দুভতোপস্সেসু নিম্মিতা।১৪॥

১৫। মণিমুত্তা বালুকাকিণ্ণা নিম্মিতা রতনাময়া,
ওভাসেতি দিসা সব্বা সতরংসীব উগ্গতো। ১৫॥

১৬। তস্মিং চঙ্কমণে ধীরো দ্বত্তিংস-বর-লক্খণো,
বিরোচমানো সম্বুদ্ধো চঙ্কমে চঙ্কমী জিনো। ১৬॥

১৭। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পারিচ্ছত্তকং
চঙ্কমণে ওকিরন্তি সব্বে দেবা সমাগতা।১৭॥

১৮। পস্সন্তি তং দেবসঙ্ঘা দসসহস্সী পমোদিতা
নমস্সমানা নিপতন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা।১৮॥

---

১৪। সেই চঙ্ক্রমণের তুলা ও * সঙ্ঘাটিকা সমূহ অনুরূপ বহুবিধ রত্ন খচিত এবং উভয় পার্শ্বস্থ বেদী সকল সুবর্ণের দ্বারা নির্ম্মিত হইয়াছিল।

১৫। মণি মুক্তার কণিকাকীর্ণ সুনির্ম্মিত রত্ন-চঙ্ক্রমণ সমুদিত তপনের ন্যায় সর্ব্বদিক্ উদ্ভাসিত করিয়াছিল।

১৬। ধীরতা-গুণ-যুক্ত দ্বাত্রিংশৎ শ্রেষ্ঠ লক্ষণ সুশোভিত পঞ্চমারজিৎ সম্যক্ সম্বুদ্ধ সেই চঙ্ক্রমণে শোভমান হইয়া চঙ্ক্রমণ করিয়াছিলেন।

১৭। সমাগত দেবতারা, দিব্য মন্দার, পদ্ম ও পারিজাত পুষ্প চঙ্ক্রমণে বর্ষণ করে।

১৮। সানন্দ চিত্ত দশ সহস্র চক্রবাল বাসী দেবসঙ্ঘ ভগবান বুদ্ধকে দর্শন করিয়া হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে অভিবাদন করিতে করিতে নিপতিত হয়।

---

* তুলাকে ঘরের তুলী বলে এবং তুলীর উপরে যেই কাটগুলি লাগান হয় সেইগুলি সঙ্ঘাটিকা।

† "সব্বসোবণ্ণা" কোন কোন গ্রন্থে।

১৯। তাবতিংসা চ য়ামা চ তুসিতা চাপি দেবতা,
নিম্মাণরতিনো দেবা য়ে দেবা বসবত্তিনো
উদগ্গচিত্তা সুমনা পস্সন্তি লোকনায়কং ।১৯॥

২০। সদেব গন্ধব্ব মনুস্সরক্খসা
নাগাসুপণ্ণা অথবাপি রক্খসা,
পস্সন্তি তং লোকহিতানু কম্পকং
নভে'ব অচ্চুগ্গত চন্দ-মণ্ডলং ।২০॥

২১। আভস্সরা সুভকিণ্ণা বেহপ্ফলা অকনিট্‌ঠা চ দেবতা,
সুসুদ্ধ সুক্কবত্থবসনা *তিট্‌ঠন্তি পঞ্জলীকতা । ২১॥

---

১৯। তাবতিংস, যাম, তুষিত, নির্ম্মাণরতি ও বশবর্ত্তী দেবলোক বাসী দেবগণ প্রহৃষ্ট চিত্তে অতীব সন্তোষের সহিত লোক নায়ক বুদ্ধকে দর্শন করিতে থাকে।

২০। দেবতা, গন্ধর্ব্ব, মনুষ্য, যক্ষ, নাগ, সুপর্ণ এবং রাক্ষসেরাও জগতের হিতাকাঙ্ক্ষী লোকনাথ বুদ্ধকে আকাশে সমুদিত চন্দ্র মণ্ডলের ন্যায় দেখিতে লাগিল।

২১। পরিত্তাভ, অপ্পমাণাভ ও আভস্সরাদি দ্বিতীয় ধ্যান ভূমিবাসী পরিত্তসুভ, অপ্পমাণসুভ ও সুভকিন্নাদি তৃতীয় ধ্যান ভূমিবাসী এবং বেহপ্ফল অবিহ, অতপ্পা সুদস্‌সা সুদস্‌সী ও অকনিট্‌ঠাদি শুদ্ধবাস ভুবনের ব্রহ্মগণ অতিশয় পরিশুদ্ধ শ্বেতবস্ত্র পরিধান করিয়া করজোড়ে দাঁড়াইয়া রহিলেন।

---

* "সুসুদ্ধ সুক্ক বসনা" পাঠান্তর।

২২। মুঞ্চন্তি পুপ্ফং পন পঞ্চবণ্ণিকং
মন্দারবং চন্দন চুণ্ণ-মিস্সিতং
ভমেন্তি চেলানি চ অম্বরে তদা
অহো জিনো লোকহিতানুকম্পকো।২২॥

২৩। তুবং সথা চ কেতু চ ধজো যূপো চ পাণিনং
পরায়ণো * পতিট্ঠো চ দীপো চ দ্বিপদুত্তমো।২৩॥

২৪। দসসহস্সী লোকধাতুয়া দেবতায়ো মহিদ্ধিকা,
পরিবারেত্বা নমস্সন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা।২৪॥

২৫। দেবতা দেবকঞ্ঞা চ পসন্না তুট্ঠমানসা,
পঞ্চবণ্ণিক পুপ্ফেহি পূজয়ন্তি নরাসভং।২৫॥

---

২২। অহো! বুদ্ধ জগতের কতই হিতাকাঙ্ক্ষী ছিলেন। সেই সময় দেবতারা পঞ্চবর্ণের কুসুম ও চন্দন চূর্ণ মিশ্রিত মন্দারপুষ্প বর্ষণ করিয়াছিল। আর আকাশে বস্ত্র সমূহ উড়াইয়া আনন্দ প্রকাশ করিয়াছিল।

---

## দেবগণের স্তুতি

২৩। প্রভু ভগবন্, তুমি জগদ্বাসী প্রাণিদের শাসক, চূড়ামণি, ধ্বজা, যজ্ঞস্তম্ভ, গতি, প্রতিষ্ঠা এবং জগদ্বাসীর প্রদীপ স্বরূপ, তুমিই দ্বিপদুত্তম বা দেবনরগণের মধ্যে শ্রেষ্ঠ।

২৪। দশ সহস্র চক্রবালবাসী মহাঋদ্ধি সম্পন্ন দেবগণ, হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে বেষ্টন করিয়া ভগবানকে অভিবাদন করিতে লাগিল।

২৫। প্রসন্ন ও সন্তুষ্ট চিত্তে, দেবতা ও দেব কন্যারা পঞ্চবর্ণের পুষ্প দিয়া নরশ্রেষ্ঠ বুদ্ধকে পূজা করিতে লাগিল।

---

* "পতিট্ঠা" কোন কোন গ্রন্থে।

২৬। পস্সন্তি তং দেবসংঘা পসন্না তুট্ঠমানসা,
পঞ্চবণ্ণিক পুপ্ফেহি পূজয়ন্তি নরাসভং ।২৬॥

২৭। অহো অচ্ছরিয়ং লোকে অব্ভুতং লোমহংসনং,
ন মেদিসং ভূতপুব্বং অচ্ছেরং লোমহংসনং ।২৭॥

২৮। সকং সকম্হি ভবনে নিসীদিত্বান দেবতা,
হসন্তি মহাহসিতং দিস্বান'চ্ছেরকং নভে ।২৮॥

২৯। আকাসট্ঠা চ ভুম্মট্ঠা তিণপিট্ঠ * নিবাসিনো
কতঞ্জলী নমস্সন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা ।২৯॥

৩০। য়ে পি দীঘায়ুকা নাগা পুঞ্ঞবন্তো মহিদ্ধিকা,
পমোদিতা নমস্সন্তি পূজয়ন্তি নরুত্তমং ।৩০॥

৩১। সঙ্গীতিয়ো পবত্তেন্তি অম্বরে অনিলঞ্জসে,
চম্মনদ্ধানি বাদেন্তি দিস্বান'চ্ছেরকং নভে ।৩১॥

---

২৬। দেব সংঘ প্রসন্ন ও সন্তুষ্ট হইয়া নরশ্রেষ্ঠ বুদ্ধকে দর্শন এবং পঞ্চবর্ণের পুষ্পদ্বারা পূজা করিতে লাগিল।

২৭। প্রত্যেকে বলিতে লাগিল, অহো! জগতে ইহা কি আশ্চর্য্য, অদ্ভুত লোমহর্ষণ ব্যাপার, ইতিপূর্ব্বে আমি এবম্বিধ আশ্চর্য্য লোমহর্ষণ দৃশ্য দেখি নাই!

২৮। দেবগণ স্বীয় স্বীয় বিমানে বসিয়া আকাশে বিস্ময়কর দৃশ্য দর্শনে অট্টহাস্য করিতে লাগিল।

২৯। আকাশবাসী. ভূমিবাসী এমন কি তৃণাগ্রস্থিত বিমানবাসী দেবগণও হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে, করজোড়ে ভগবানকে নমস্কার করিতে লাগিল।

৩০। দীর্ঘায়ু সম্পন্ন, পুণ্যবান ও মহাঋদ্ধিমান নাগগণও আনন্দিত মনে নরোত্তম বুদ্ধকে নমস্কার এবং পূজা করিতে লাগিল।

৩১। দেবগণ আকাশস্থ আশ্চর্য্য দৃশ্য দেখিয়া অনিল-মার্গ গগনে সঙ্গীত এবং ভেরী বাদন করিতে লাগিল।

---

"তিণপথ" পাঠান্তর। ইং সংস্করণে তিণপন্থ.।

৩২। সঙ্খা চ পণবা চেব অথোপি দেণ্ডিমা বহূ,
অন্তলিক্খস্মিং *বজ্জেন্তি দিস্বান'চ্ছেরকং নভে ।৩২॥

৩৩। অব্ভুতো বত নো অজ্জ উপ্পজ্জি লোমহংসনো,
ধুবা অত্থসিদ্ধিং লভাম খণো নো পটিপাদিতো ।৩৩॥

৩৪। বুদ্ধোতি তেসং সুত্বান পীতি উপ্পজ্জি তাবদে,
বুদ্ধো বুদ্ধোতি কথয়ন্তা তিট্ঠন্তি পঞ্জলীকতা ।৩৪॥

৩৫। †হিংকারং সাধুকারঞ্চ উক্কুট্ঠিং সম্পসাদনং,
পজা বিবিধা গগনে ‡বত্তেন্তি পঞ্জলীকতা ।৩৫॥

৩৬। গায়ন্তি সেলেন্তি চ বাদয়ন্তি চ
ভুজানি পোঠেন্তি চ নচ্চয়ন্তি চ,
মুঞ্চন্তি পুপ্ফং পন পঞ্চবণ্ণিকং
মন্দারবং চন্দন চুণ্ণ মিস্সিতং ।৩৬॥

---

৩২। আকাশে আশ্চর্য্য জনক ঋদ্ধি প্রাতিহার্য্য দেখিয়া দেবতারা অন্তরীক্ষে শঙ্খ পাখোয়াজ দুন্দুভি ইত্যাদি বহুবিধ বাদ্যযন্ত্র বাজাইতে লাগিল।

৩৩। অদ্য আমাদের জন্য অদ্ভুত লোমহর্ষণ ব্যাপার সংঘটিত হইয়াছে। নিশ্চয়ই আমাদের মনোরথ পূর্ণ হইবে। আমাদের শুভ মুহূর্ত্ত উপস্থিত।

৩৪। সেই সময় "বুদ্ধ" এই বাক্য শুনিয়া তাহাদের প্রীতি উৎপন্ন হইল। তাহারা "বুদ্ধ বুদ্ধ" বলিয়া করজোড়ে দাঁড়াইয়া রহিল।

৩৫। দেবব্রহ্মগণ গগন মণ্ডলে কৃতাঞ্জলিপুটে নানাপ্রকার হি হি শব্দ সাধুবাদ, উলুধ্বনি ও আনন্দধ্বনি করিতে আরম্ভ করিল।

৩৬। তাহারা বুদ্ধের গুণ কীর্ত্তন করিতে লাগিল, আনন্দকোলাহল বাদ্য ও বাহু শব্দ করিয়া ( বগল বাজাইয়া ) নৃত্য করিতে করিতে পঞ্চ বর্ণের পুষ্প ও চন্দন চূর্ণ মিশ্রিত মন্দার কুসুম বর্ষণ করিতে লাগিল

---

*বজ্জন্তি। †ভিঙ্কারং। ‡বভন্তি।

৩৭। য়থা তুযহং মহাবীর পাদেসু চক্কলক্খণং,
ধজবজির পতাকা বড্ঢমানঙ্কুসাচিতং ।৩৭॥

৩৮। রূপে সীলে সমাধিম্হি পঞ্ঞায় চ অসাদিসো,
বিমুত্তিয়া অসমসমো ধম্মচক্কপ্পবত্তনে ।৩৮॥

৩৯। দসনাগ বলং কায়ে তুযহ পাকতিকং বলং,
ইদ্ধিবলেন অসমো ধম্মচক্কপ্পবত্তনে ।৩৯॥

৪০। এবং সব্বগুণোপেতং সব্বঙ্গসমুপাগতং,
মহামুনিং কারুণিকং লোকনাথং নমস্সথ ।৪০॥

৪১। অভিবাদন থোমনঞ্চ বন্দনঞ্চ পসংসনং,
নমস্সনঞ্চ পূজঞ্চ সব্বং অরহসী তুবং ।৪১॥

৪২। যে কেচি লোকে বন্দনেয়্যা বন্দনং অরহন্তি য়ে,
সব্বসেট্ঠো মহাবীর ! সদিসো তে ন বিজ্জতি ।৪২॥

---

৩৭-৩৮। হে মহাবীর ! তোমার পদতলে যেমন চক্রলক্ষণ, ধ্বজা, বজ্র, পতাকা এবং বর্দ্ধমান অঙ্কুশ চিহ্ন অঙ্কিত আছে, সেইরূপ রূপে, শীলে সমাধি-প্রজ্ঞা ও বিমুক্তিতে তুমি অতুলনীয়, ধর্ম্মচক্র প্রবর্ত্তনে তুমি অসম বুদ্ধগণের সদৃশ।

৩৯। তোমার শরীরে প্রাকৃতিক শক্তি—ছদ্দন্ত হস্তীর ন্যায় দশ হস্তীর সমান, ধর্ম্মচক্র প্রবর্ত্তনে এবং ঋদ্ধিবলে তোমার তুলনা নাই।

৪০। এই প্রকার সর্ব্বগুণ সমলঙ্কৃত, সর্ব্বাঙ্গ পরিপূর্ণ মহামুনি কারুণিক লোকনাথ বুদ্ধকে অভিবাদন কর।

৪১। অভিবাদন, স্তুতি, বন্দনা, প্রশংসা, নমস্কার, এবং পূজা সমস্তই তুমি পাইবার উপযুক্ত।

৪২। জগতে যাঁহারা বন্দনীয় আছেন, এবং যাঁহারা বন্দনা পাইবার উপযুক্ত, হে মহাবীর ! তুমি তাঁহাদের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। তোমার সমান কেহ নাই।

৪৩। সারিপুত্তো মহাপঞ্ঞো সমাধিঝান কোবিদো,
গিজ্ঝকূটে ঠিতো য়েব পস্সতি লোকনায়কং ।৪৩॥

৪৪। সুফুল্লং সালরাজং'ব চন্দং'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে'ব সুরিয়ং ওলোকেতি নরাসভং ।৪৪॥

৪৫। জলন্তং দীপরুক্খং'ব তরুণ সুরিয়ং'ব উগ্গতং,
ব্যামপ্পভানুরঞ্জিতং ধীরং পস্সতি নায়কং ।৪৫॥

৪৬। পঞ্চন্নং ভিক্খুসতানং কতকিচ্চানং তাদিনং,
খীণাসবানং বিমলানং খণেন সন্নিপাতয়ী ।৪৬॥

৪৭। লোকপ্পসাদনং নাম পাটিহীরং নিদস্সয়ী,
অম্হেপি তত্থ গমিস্সাম * বন্দিস্সাম ময়ং জিনং ।৪৭॥

---

৪৩। মহাপ্রজ্ঞাবান, ধ্যান-সমাধি-নিপুণ, অগ্রশ্রাবক সারিপুত্ত স্থবির গৃধ্রকূট পর্ব্বতে থাকিয়াই লোক নায়ক বুদ্ধকে দর্শন করিতে লাগিলেন।

৪৪। সুপুষ্পিত শালবৃক্ষের ন্যায়, আকাশে (শরৎকালের) চন্দ্রের ন্যায়, মধ্যাহ্ন কালের সূর্য্যমণ্ডলের ন্যায় লোকনাথ বুদ্ধকে অবলোকন করিতে লাগিলেন।

৪৫। জ্বলন্ত প্রদীপ বৃক্ষের মত, সমুদিত তরুণ তপনের ন্যায়, ব্যামপ্রভায় সমুজ্জ্বল ধীতিমান বুদ্ধকে নিরীক্ষণ করিতে লাগিলেন।

৪৬। ভগবান মঙ্গলামঙ্গল বিষয়ে সমভাবাপন্ন, প্রব্রজিত জীবনের কার্য্য সমাপনকারী, বিমল ক্ষীণাশ্রব পঞ্চশত ভিক্ষু মুহূর্ত্তের মধ্যে একত্রিত করিলেন।

৪৭। তিনি লোক প্রসাদন নামক প্রাতিহার্য্য অর্থাৎ অকনিষ্ঠ ব্রহ্মলোক হইতে অবীচি মহানরক পর্য্যন্ত এতন্মধ্যস্থিত প্রাণীদের মধ্যে পরস্পর পরস্পরকে প্রদর্শনকারী প্রাতিহার্য্য দেখাইয়াছেন। আমরাও তথায় যাইয়া মারজিৎ বুদ্ধের চরণে অভিবাদন করিব।

---

* "অম্হেপি তত্থগন্ত্বান" কোন কোন গ্রন্থে।

৪৮। এথ সব্বে গমিস্সাম পুচ্ছিস্সাম ময়ং জিনং,
কঙ্খং বিনোদয়িস্সাম পস্সিত্বা লোকনায়কং ।৪৮॥

৪৯। সাধূতি তে পটিস্সুত্বা নিপকা সংবুতিন্দ্রিয়া,
পত্তচীবরমাদায় তরমানা উপাগমুং ।৪৯॥

৫০। খীণাসবেহি বিমলেহি দন্তেহি উত্তমে দমে,
সারিপুত্তো মহাপঞ্ঞো ইদ্ধিয়া উপসঙ্কমী ।৫০॥

৫১। তেহি ভিক্খূহি পরিবুতো সারিপুত্তো মহাগণী,
জলন্তো দেবো গগনে ইদ্ধিয়া উপসঙ্কমী ।৫১॥

৫২। উক্কাসিতঞ্চ খিপিতং অজ্ঝুপেক্খিত্বা সুব্বতা,
সগারবা সপ্পতিস্সা সম্বুদ্ধং উপসঙ্কমুং ।৫২॥

৫৩। উপসঙ্কমিত্বা পস্সন্তি সয়ম্ভুং লোকনায়কং,
নভে অচ্চুগ্গতং ধীরং চন্দং'ব গগনে য়থা ।৫৩॥

---

৪৮। চল, আমরা সকলে যাই লোকনায়ক ভগবান জিনকে দর্শন করি ও প্রশ্ন জিজ্ঞাসা করিয়া উৎপন্ন সংশয় বিনোদন করি।

৪৯। জ্ঞানবান সংযতেন্দ্রিয় সেই অর্হৎগণ "সাধু" বলিয়া উত্তর প্রদান করত পাত্র-চীবর লইয়া ত্বরিৎ গমনে সারিপুত্ত স্থবিরের নিকটে উপস্থিত হইলেন।

৫০। মহাপ্রাজ্ঞ সারিপুত্ত স্থবির উত্তম দমগুণ সম্পন্ন, দান্ত ক্লেশমল বিরহিত, ক্ষীণাশ্রবগণসহ ঋদ্ধিবলে বুদ্ধের নিকট উপস্থিত হইলেন।

৫১। মহাপরিষদ সম্পন্ন সারিপুত্ত স্থবির সেই অর্হৎ ভিক্ষুগণ পরিবৃত হইয়া আকাশস্থিত দীপ্তিমান দেবতার ন্যায় ঋদ্ধিবলে তথায় উপস্থিত হইলেন।

৫২। সেই সুব্রতগণ কাশি ও হাঁচির শব্দাদি না করিয়া সগৌরবে, নম্রভাবে ভগবানের নিকট গমন করিয়াছিলেন।

৫৩। আকাশসমুত্থিত ধৃতিমান, লোকনায়ক সয়ম্ভু বুদ্ধের নিকট যাইয়া গগনস্থিত চন্দ্রের ন্যায় তাঁহাকে দেখিতে পাইলেন।

৫৪। জলন্তং দীপরুক্খং'ব বিজ্জু'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে'ব সুরিয়ং পস্সন্তি লোকনায়কং ।৫৪॥

৫৫। পঞ্চ ভিক্খু সতা সব্বে পস্সন্তি লোকনায়কং
রহদ মিব বিপ্পসন্নং সুফুল্লং পদুমং য়থা ।৫৫॥

৫৬। অঞ্জলিং পগ্গহেত্বান তুট্ঠহট্ঠা পমোদিতা,
নমস্সমানা নিপতন্তি সত্থুনো চক্ক লক্খণে ।৫৬॥

৫৭। সারিপুত্তো মহাপঞ্ঞো কোরণ্ড[১] সমসাদিসো,
সমাধিঝান কুসলো বন্দতি লোকনায়কং ।৫৭॥

৫৮। গজ্জিতো কাল মেঘোব নিলুপ্পল সমসাদিসো.
ইদ্ধিবলেন অসমো মোগল্লানো মহিদ্ধিকো ।৫৮॥

---

৫৪। তাঁহারা জ্বলন্ত প্রদীপ বৃক্ষের ন্যায় আকাশে বিদ্যুতের ন্যায় ও মধ্যাহ্ন কালীন সূর্য্যের ন্যায় লোক স্বামী বুদ্ধকে দর্শন করিলেন।*

৫৫। সেই পঞ্চশত অর্হৎ স্থবিরগণ অনাবিল হ্রদের ন্যায় এবং সুফুল্ল পদ্মের মত লোকনাথ বুদ্ধকে দেখিতেছিলেন।

৫৬। তাঁহারা হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত হইয়া অঞ্জলি প্রসারণ করত নমস্কার করিতে করিতে ভগবানের চক্রলক্ষণে পতিত হইলেন।

৫৭। মহাপ্রজ্ঞাবান, কোরণ্ডক সদৃশ অর্থাৎ মাছরাঙ্গা পক্ষীর চঞ্চুর ন্যায় শরীর-বর্ণযুক্ত, ধ্যান-সমাধিতে সুদক্ষ সারীপুত্ত স্থবির লোক-স্বামী বুদ্ধকে বন্দনা করিলেন।

৫৮। গজ্জনশীল কালবর্ণ মেঘের ন্যায় নীলোৎপল পুষ্পবর্ণ, ঋদ্ধিবলে অতুলনীয় মহাঋদ্ধিমান মোগ্‌গল্লান স্থবির ভগবানকে বন্দনা করিলেন।

---

(১) কোরণ্ড"শব্দ কটুকরণ্ডু নামক এক প্রকার সোণালী পুষ্প বিশেষ বলিয়া সিংহলী ব্যাখ্যায় লিখিত হইয়াছে। * মূলে এই পৃষ্ঠার ক্রিয়াগুলি বর্ত্তমান কালে।

৫৯। মহাকস্সপো পি চ থেরো উত্তত্তকনক সন্নিভো
ধূতগুণে অগ্গনিক্খিত্তো থোমিতো সত্থুবন্নিতো ।৫৯॥

৬০। দিব্ব চক্খূনং য়ো অগ্গো অনুরুদ্ধো মহাগণী,
ঞাতি সেট্‌ঠো ভগবতো অবিদূরেব তিট্‌ঠতি ।৬০॥

৬১। আপত্তি অনাপত্তিয়া * সতেকিচ্ছায় কোবিদো,
বিনয়ে অগ্গনিক্খিত্তো উপালি সত্থুবন্নিতো ।৬১॥

৬২। সুখুম-নিপুণত্থ পটিবিদ্ধো কথিকানং পবরো গণী,
ইসি মন্তানিয়া পুত্তো পুন্নো নামা তিবিস্সুতো ।৬২॥

৬৩। এতেসং চিত্তমঞ্ঞায় ওপম্মকুসলো মুনি,
কঙ্খচ্ছেদো মহাবীরো কথেসি অত্তনো গুণং ।৬৩॥

---

৫৯। তপ্ত কাঞ্চন সন্নিভ ধূতাঙ্গ ধারীদের মধ্যে অগ্রগণ্য ও শাস্তা কর্ত্তৃক প্রশংসিত মহাকাশ্যপ স্থবির ও ভগবানকে বন্দনা করিলেন।

৬০। যিনি দিব্য চক্ষুষ্মানদিগের মধ্যে অগ্রস্থানীয় ছিলেন, মহা পরিষদ সম্পন্ন এবং ভগবানের জ্ঞাতি শ্রেষ্ঠ সেই অনুরুদ্ধ স্থবির ও অবিদূরেই দাঁড়াইয়া ছিলেন।

৬১-৬২। আপত্তি অনাপত্তি ও তৎপ্রতিকার সম্বন্ধে সুদক্ষ, বিনয় শাস্ত্রে অগ্রগণ্য, বুদ্ধ প্রশংসিত উপালি স্থবির, আর সূক্ষ্মদর্শী, নিপুণার্থাভিজ্ঞ ধর্ম্ম কথকদের মধ্যে শ্রেষ্ঠ, গণাচার্য্য, কুশল ধর্ম্মান্বেষী ঋষি মন্তানি ব্রাহ্মণীর পুত্র পূর্ণ নামে খ্যাত স্থবির ও ভগবানের নিকটে ছিলেন।

৬৩। উপমা প্রদানে সুদক্ষ, সংশয় ছেদনকারী, মহাবীর সর্ব্বজ্ঞ বুদ্ধ এই অর্হৎ স্থবিরগণের মনোভাব জানিয়া নিজের গুণ অর্থাৎ বুদ্ধগুণ বলিতেছিলেন।

---

* "সতিকিচ্ছায়" পাঠান্তর।

৬৪। চত্তারো তে অসংখেয়্যা কোটি য়েসং ন ঞায়তি,
সত্তলোকো চ আকাসো চক্কবালা চ অনন্তকা ;
বুদ্ধঞাণং অপ্পমেয়্যং ন সক্কা এতে বিজানিতুং ।৬৪॥

৬৫। কিং এতং অচ্ছরিয়ং লোকে য়ং মে ইদ্ধি বিকুব্বণং,
অঞ্ঞে বহূ অচ্ছরিয়া অব্ভুতা লোমহংসনা ।৬৫॥

৬৬। য়দাহং তুসিতে কায়ে সন্তুসিতো নামহং তদা,
দসসহস্সী সমাগম্ম য়াচন্তি পঞ্জলীমমং ।৬৬॥

৬৭। কালো দেব ! মহাবীর ! উপ্পজ্জ মাতুকুচ্ছিয়ং,
সদেবকং তারয়ন্তো বুজ্ঝস্সু অমতং পদং ।৬৭॥

---

৬৪। যাহাদের কোটি বা শেষ প্রান্ত জানা যায় না, সেই চারিটি বিষয় অসংখ্য। জীবলোক আকাশ, অনন্ত চক্রবাল এবং বুদ্ধজ্ঞান অপ্রমেয়। অর্থাৎ জীবলোক, আকাশ, চক্রবাল এবং বুদ্ধজ্ঞান এই চারিটি বিষয় গণনাতীত ও প্রমাণাতীত। ইহাদের অন্ত জানা যায় না এবং এই বিষয়গুলি বুঝিতে পারা যায় না।

৬৫। জগতে আমার যেই ঋদ্ধি প্রদর্শিত হইয়াছে, ইহা কি আশ্চর্য্য ! ইহা অপেক্ষা আরো অনেক আশ্চর্য্য, অদ্ভুত ও লোমহর্ষণজনক ঋদ্ধি আছে।

৬৬। যখন আমি তুষিত দেবলোকে সন্তুষিত নামক দেবরাজ হইয়া জন্মগ্রহণ করিয়াছিলাম, তখন দশসহস্র চক্রবালবাসী দেবগণ আমার নিকট উপস্থিত হইয়া করজোড়ে এইরূপ প্রার্থনা করিয়াছিল—

৬৭। হে মহাবীর দেব ! আপনার বুদ্ধত্ব লাভ করিবার উপযুক্ত সময় হইয়াছে, আপনি মাতৃগর্ভে জন্ম গ্রহণ করুন এবং দেব-মনুষ্যদিগকে সংসার দুঃখ হইতে ত্রাণ করিবার জন্য নির্ব্বাণপদ জ্ঞাত হউন।

৬৮। তুসিতা কায়া চবিত্বান য়দা ওক্কমিং কুচ্ছিয়ং,
দসসহস্সী লোক ধাতু কম্পিথ ধরণী তদা ।৬৮॥

৬৯। য়দাহং মাতুকুচ্ছিতো সম্পজানো'ব নিক্খমিং,
সাধুকারং পবত্তেন্তী দসসহস্সী পকম্পথ ।৬৯॥

৭০। ওক্কন্তি মে সমো নত্থি জাতিতো অভিনিক্খমে,
সম্বোধিয়ং অহং সেট্ঠো ধম্মচক্কপ্পবত্তনে ।৭০॥

৭১। অহো! অচ্ছরিয়ং লোকে বুদ্ধানং গুণমহন্ততা,
দসসহস্সী লোকধাতু ছপ্পকারং পকম্পথ ।৭১॥

৭২। ওভাসো চ মহা আসী অচ্ছেরং লোমহংসনং
ভগবা চ তম্হি সময়ে লোক জেট্ঠো নরাসভো ।৭২॥

---

৬৮। তুষিত স্বর্গ হইতে চ্যুত হইয়া যখন আমি মাতৃগর্ভে প্রবেশ করি, তখন দশসহস্র লোকধাতুতে বসুন্ধরা কম্পিত হইয়াছিল।

৬৯। যখন আমি মাতৃগর্ভ হইতে সম্প্রযুক্ত জ্ঞানে নিষ্ক্রান্ত হইয়াছিলাম, তখন দেবগণ সাধুবাদে দশসহস্র চক্রবাল প্রকম্পিত করিয়াছিল।

৭০। মাতৃগর্ভ প্রবেশ ও গর্ভ হইতে ভূমিষ্ট হইবার মাহাত্ম্যে আমার সমান কেহ নাই।—সম্বোধি লাভে ও ধর্ম্মচক্র প্রবর্ত্তনে আমি শ্রেষ্ঠ। এই সময়ে পৃথিবী কম্পনাদি যেরূপ আশ্চর্য্য দৃশ্য দেখা গিয়াছে, তৎ তুলনায় এইরূপ বলা হইয়াছে—

৭১। অহো! জগতে বুদ্ধদিগের গুন মহত্বতা কি আশ্চর্য্য! বুদ্ধগুণের প্রভাবে এই দশসহস্র লোকধাতু ছয় প্রকারে কম্পিত হইয়াছিল।

৭২,৭৩। তখন আশ্চর্য্য লোমহর্ষণজনক মহা আলোক উৎপন্ন হইয়াছিল; ত্রিলোক শ্রেষ্ঠ নরোত্তম ভগবান জিন দেব-মনুষ্যদিগকে প্রাতিহার্য্য দেখাইবার জন্য ঋদ্ধিবলে রত্ন চংক্রমণে চংক্রমণ করিতেছিলেন।

3 F—

৭৩। সদেবকং দস্সয়ন্তো ইদ্ধিয়া চঙ্কমী জিনো,
চঙ্কমে চঙ্কমন্তো'ব কথেসি লোকনায়কো ;
অন্তরা ন নিবত্তেতি চতুহত্থে চঙ্কমে তদা। ৭৩॥

৭৪। সারিপুত্তো মহাপঞ্ঞো সমাধিঝান কোবিদো,
পঞ্ঞায় পারপ্পত্তোপি পুচ্ছতি লোকনায়কং। ৭৪॥

৭৫। কীদিসো তে মহাবীর ! অভিনীহারো নরাসভ,
কম্হিকালে তয়া ধীর ! পত্থিতা বোধিমুত্তমা। ৭৫॥

৭৬। দানং সীলঞ্চ নেক্খম্মং পঞ্ঞাবিরিয়ঞ্চ কীদিসং,
খন্তি সচ্চমধিট্‌ঠানং মেত্তুপেক্খা চ কীদিসা। ৭৬॥

৭৭। দসপারমী তয়া ধীর ! কীদিসা লোকনায়ক !
কথং উপপারমী পুণ্ণা পরমত্থপারমী কথং ? ৭৭॥

---

তৎপর তিনি চংক্রমণ করিতে করিতেই ধর্ম্মদেশনা করিতেছিলেন, চারি হস্ত দীর্ঘ চংক্রমণে পদচারণ করিতে যেমন মধ্যে বিশ্রাম লইতে হয় না, সেরূপ পূর্ব্ব চক্রবাল হইতে পশ্চিম চক্রবাল পর্য্যন্ত নির্ম্মিত রত্ন চংক্রমণে চংক্রমণ করিবার সময় তিনি বিশ্রাম করেন নাই।

৭৪। মহাপ্রজ্ঞাবান, সমাধি এবং ধ্যানে সুদক্ষ, শ্রাবক পারমী জ্ঞানের চরমসীমা প্রাপ্ত সারিপুত্ত মহাস্থবির লোকগুরু বুদ্ধকে জিজ্ঞাসা করিয়াছিলেন—

৭৫। হে নরশ্রেষ্ঠ মহাবীর ! আপনার অভিনীহার অর্থাৎ প্রার্থনা কি প্রকার ? হে ধীর ! আপনি কোন্ সময় উত্তম বোধিজ্ঞান প্রার্থনা করিয়াছিলেন ?

৭৬। দান, শীল, নৈষ্ক্রম্য ও বীর্য্য পারমিতা কি প্রকার ? আর আপনার ক্ষান্তি, সত্য অধিষ্ঠান, মৈত্রী এবং উপেক্ষা পারমিতা কেমন ?

৭৭। হে ধীর লোকগুরু ! আপনি দশ পারমী, দশ উপপারমী ও দশ পরমার্থ পারমী কিরূপে পূর্ণ করিয়াছেন ?

৭৮। তস্স পুট্ঠো ব্যাকাসি করবীক মধুরঙ্গিরো,
নিব্বাপয়ন্তো হদয়ং হাসয়ন্তো সদেবকং। ৭৮॥

৭৯। অতীতবুদ্ধানং জিনানং দেসিতং
নিকীলিতং বুদ্ধ পরম্পরাগতং,
পুব্বে নিবাসানুগতায় বুদ্ধিয়া
পকাসয়ী লোকহিতং সদেবকে। ৭৯॥

৮০। পীতি পামোজ্জজননং সোকসল্ল বিনোদনং,
সব্বসম্পত্তি পটিলাভং চিত্তীকত্বা সুণোথ মে। ৮০॥

---

৭৮। (সুপ্রসিদ্ধ) মধুর স্বর সম্পন্ন করবীক পক্ষীর ন্যায় মধুরভাষী কারুণিক বুদ্ধ, দেব-মনুষ্যদিগের ক্লেশ-সন্তপ্ত হৃদয় শীতল করতঃ এবং মানসিক প্রীতি উৎপাদন পূর্ব্বক (সারিপুত্ত স্থবির কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া) বুদ্ধ-বংশ প্রকাশ করিয়াছিলেন।

৭৯। দীপঙ্করাদি অতীত মারজিৎ বুদ্ধগণের দেশিত ও নিক্রিড়িত অর্থাৎ তাঁহাদের চরিত, কল্প. জাতি, গোত্র, আয়ু, বোধি, শ্রাবক, শ্রাবিকা, ধর্ম্ম সভা, উপস্থায়ক, মাতাপিতা ও স্ত্রীপুত্রাদির বিষয় সম্বলিত বুদ্ধ পরম্পরাগত, লোকহিতকর বুদ্ধ-বংশ পূর্ব্ব-নিবাস-স্মৃতিরূপ বিপুল জ্ঞানের দ্বারা দেব-মনুষ্যদিগের মধ্যে প্রকাশিত হইয়াছে।

৮০। বুদ্ধ বলিতেছেন—আমি প্রীতি-প্রমোদজনক শোকশল্যোৎপাটক এবং সর্ব্বসম্পত্তি প্রদ বুদ্ধ-বংশ দেশনা করিতেছি, তোমরা মনোযোগের সহিত আমার ধর্ম্ম দেশনা শ্রবণ কর।

---

(১) করবীর=সিংহলী সাব্বয়।

৮১। মদনিম্মদনং সোকনুদং * সংসার মোচনং,
সব্বদুক্খক্খয়ং মগ্গং সক্কচ্চং পটিপজ্জথা'তি।৮১॥

**রতন চঙ্কমণ কণ্ডং নিট্ঠিতং।**

---

৮১। অহঙ্কার বিনাশক, শোকাপনয়নকারী, সংসার দুঃখ প্রমোচনকারী এবং সমস্ত দুঃখ ক্ষয়কর মার্গ অর্থাৎ বুদ্ধত্ব লাভের পন্থায় প্রতিপন্ন হও। অথবা বুদ্ধ-বংশ শুনিয়া বুদ্ধত্ব লাভের জন্য উৎসাহ কর।

**রত্ন চংক্রমণ কাণ্ড সমাপ্ত।**

---

* ইং—"সংসার পরিমোচনং"।

# দীপঙ্কর বুদ্ধ-বংসো

১। কপ্পে চ সতসহস্সে চতুরো চ অসংখিয়ে,
অমরং নাম নগরং দস্সনেয্যং মনোরমং ।৮২॥

২। দসহি সদ্দেহি অবিবিত্তং অন্নপান সমায়ুতং,
হত্থিসদ্দং ‡ অস্সসদ্দং ভেরি সঙ্খরথানি চ,
খাদথ পিবথ চেব অন্নপানেন ঘোসিতং ।৮৩॥

৩। নগরং সব্বঙ্গসম্পন্নং সব্বকম্মমুপাগতং,
সত্তরতন-সম্পন্নং নানা-জন-সমাকুলং ;
সমিদ্ধং দেবনগরং'ব আবাসং পুঞ্ঞকম্মিনং ।৮৪॥

---

## দীপঙ্কর বুদ্ধ-বংশ

১।২ অতীতে লক্ষাধিক চারি অসংখ্য মহাকল্পে অমরাবতী নামে দর্শনীয় মনোরম একখানি নগরী। উহা হস্তী, অশ্ব, ভেরী, শঙ্খ ও রথাদির দশবিধ শব্দে শব্দায়মান, অন্ন পানীয় পরিপূর্ণ এবং "ভোজন কর" "পান কর" ইত্যাদি পানাহার শব্দে বিঘোষিত।

৩। সর্ব্বাঙ্গ সম্পন্ন অমরাবতী নগরী সকল কর্ম্মের আবাস ভূমি, মণিমুক্তাদি সপ্তরত্ন সম্পন্ন এবং বহুজনমানবে পরিপূর্ণ। উহা পুণ্যবানগণের বাসস্থান দেবনগরী অমরাবতী সদৃশ সমৃদ্ধ ছিল।

---

‡ "হত্থিসদ্দং অস্‌সসদ্দং ভেরী সঙ্খ রথান চ" অট্‌ঠ সালিনী। ভেরী সঙ্খ রথানং চাতি বত্তব্বে, নিগ্‌গহীত লোপং কত্বা এবং বুত্তং" অট্‌ঠসালিনীর, অর্থ যোজনায় দেখা যায়।

৪। নগরে অমরবতিয়া সুমেধো নাম ব্রাহ্মণো,
অনেক কোটি সন্নিচয়ো পহূতধনধঞ্ঞবা ।৮৫॥

৫। অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগূ,
লক্খণে ইতিহাসে চ সধম্মে পারমিং গতো ।৮৬॥

৬। রহো গতো নিসীদিত্বা এবং চিন্তেসহং তদা,
দুক্খো পুনব্ভবো নাম সরীরস্স চ ভেদনং ।৮৭॥

৭। জাতিধম্মো জরাধম্মো ব্যাধিধম্মো চহং তদা,
অজরং অমরং খেমং পরিয়েসিস্সামি নিব্বুতিং ।৮৮॥

৮। য়ন্নূনিমং পূতিকায়ং নানা কুণপপূরিতং,
ছড্ডয়িত্বান গচ্ছেয়্যং অনপেখো অনত্থিকো ।৮৯॥

৯। অত্থি হেহীতি সো মগ্গো ন সো সক্কা ন হেতুয়ে,
পরিয়েসিস্সামি তং মগ্গং ভবতো পরিমুত্তিয়া ।৯০॥

---

৪।৫। আমি অমরাবতী নগরীতে অনেককোটি সন্নিচিতার্থসম্পন্ন, প্রভূত ধন-ধান্যসম্পন্ন, অধ্যাপক, মন্ত্রধারী (অথর্ব্ব বেদবিজ্ঞ) আর ঋগ্-সাম-যজু এই ত্রিবেদ পারদর্শী, এবং লক্ষণশাস্ত্র ইতিহাস ও স্বকীয় ধর্ম্মে পারপ্রাপ্ত ব্রাহ্মণ ছিলাম।

৬।৭। আমি সেই সময় নির্জ্জনে বসিয়া এরূপ চিন্তা করিয়াছিলাম—"পুনরুৎপত্তি ও শরীর ভেদ অর্থাৎ মরণ দুঃখজনক।" তখন আমি জন্ম-জরা ও ব্যাধি ধর্ম্মের (স্বভাবের) অধীন,—তাই সঙ্কল্প করিলাম—"আমি জরা-মরণ বিহীন নিরাপদ স্থান নির্ব্বাণের অন্বেষণ করিব।"

৮। আমি মল মূত্রাদি নানা অশুচি পরিপূর্ণ, এই পূতিগন্ধময় শরীরে অনর্থিক, নিরালয় হইয়া উহা ত্যাগপূর্ব্বক (নির্ব্বাণে) চলিয়া যাই না কেন?

৯। যেই মার্গের দ্বারা নির্ব্বাণ লাভ হইবে, তাহা আছে ও থাকিবে, কোনও কারণে তাহা না থাকিতে পারে না। আমি সংসার হইতে মুক্তির জন্য সে পথের অনুসন্ধান করিব।

১০। য়থাপি দুক্খে বিজ্জন্তে সুখং নাম পি বিজ্জতি,
এবং ভবে বিজ্জমানে বিভবো পি ইচ্ছিতব্বকো।৯১॥

১১। য়থা পি উণ্হে বিজ্জন্তে অপরং বিজ্জতি সীতলং,
এবং তিবিধগ্গি বিজ্জন্তে নিব্বাণং ইচ্ছিতব্বকং।৯২॥

১২। য়থাপি পাপে বিজ্জন্তে কল্যাণমপি বিজ্জতি,
এবমেব জাতি বিজ্জন্তে অজাতিং* পিচ্ছিতব্বকং। ৯৩॥

১৩। য়থা গূথগতো পুরিসো তলাকং দিস্বান পূরিতং,
ন গবেসতি তং তলাকং ন দোসো তলাকস্স সো।৯৪॥

১৪। এবং * কিলেসমল ধোবে বিজ্জন্তে অমতং তলে,
ন গবেসতি তং তলাকং ন দোসো অমতং তলে। ৯৫ ॥

---

১০। যেমন কায়িক চৈতসিক দুঃখ বর্ত্তমান আছে বলিয়া সুখও বর্ত্তমান আছে, সেইরূপ ভব বিদ্যমানে ভবমুক্তিও বিদ্যমান আছে বলিয়া আশা করা উচিৎ।

১১। যেমন উষ্ণতা বিদ্যমান থাকিলে অপর শীতলতাও বিদ্যমান থাকে, তেমন রাগ-দ্বেষ-মোহ এই ত্রিবিধাগ্নির বিদ্যমানে উহাদের নির্ব্বাণও আকাঙ্ক্ষা করা উচিৎ।

১২। যেমন পাপ বিদ্যমান থাকিলে পুণ্যও বিদ্যমান থাকে, এই প্রকারে জন্ম গ্রহণ থাকিলে, অজাতি বা জন্মের হেতু বিনাশেরও কামনা করা উচিত।

১৩-১৪। যেমন বিষ্ঠা লিপ্ত পুরুষ জলপূর্ণ তড়াগ দেখিয়াও তড়াগের সন্ধান না লইলে তাহা তড়াগের দোষ হয় না, তেমন ক্লেশমল ধৌত করিবার উপযোগী অমৃত তড়াগ বিদ্যমান সত্ত্বেও তাহার সন্ধান না লইলে তাহা অমৃত তড়াগের দোষ হইতে পারে না।

---

* ল—অজাতি। * "কিলেসমলধোপে" পাঠান্তর।

১৫। য়থা অরীহি পরিরুদ্ধো বিজ্জন্তে * গমনে পথে,
ন পলায়তি সো পুরিসো ন দোসো অঞ্জসস্স সো।৯৬॥

১৬। এবং কিলেস পরিরুদ্ধো বিজ্জমানে সিবে পথে,
ন গবেসতি তং মগ্গং ন দোসো সিবমঞ্জসে।৯৭॥

১৭। য়থাপি ব্যাধিতো পুরিসো বিজ্জমানে তিকিচ্ছকে,
ন তিকিচ্ছাপেতি তং ব্যাধিং নদোসো সো তিকিচ্ছকে।৯৮॥

১৮। এবং কিলেস ব্যাধীহি দুক্খিতো পরিপীলিতো, †
ন গবেসতি তং আচরিয়ং ন দোসো সো বিনায়কে।৯৯॥

১৯। য়থাপি কুণপং পুরিসো কণ্ঠে বন্ধং জিগুচ্ছিয়,
মোচয়িত্বান গচ্ছেয়্য সুখী সেরী সয়ং বসী।১০০॥

---

১৫। যেমন চতুর্দ্দিকে শত্রু পরিবেষ্টিত পুরুষ গমন পথ বিদ্যমানেও পলায়ন না করিলে তাহা পথের দোষ নহে,

১৬। সেইরূপ ক্লেশ অবরুদ্ধ ব্যক্তি নির্ব্বাণ পথ বিদ্যমান থাকিতে তাহার অনুসন্ধান না করিলে, উহাও নির্ব্বাণ-মার্গের দোষ নহে।

১৭। যেমন ব্যাধিগ্রস্ত পুরুষ চিকিৎসক বিদ্যমান থাকিতেও যদি সে ব্যাধির চিকিৎসা না করায়, তবে তাহা চিকিৎসকের দোষ নহে,

১৮। সেইরূপ ক্লেশ ব্যাধির দ্বারা দুঃখিত পীড়িত ব্যক্তিও যদি মোক্ষ মার্গাচার্য্যের অন্বেষণ না করে, তাহা হইলে উহা মোক্ষ মার্গ নির্দ্দেশক আচার্য্যের দোষ নহে।

১৯-২০। যেমন কোন সুখী স্বেচ্ছাচারী ও স্বাধীন পুরুষের গলায় সর্প কুকুরাদির মৃতদেহ বাঁধিয়া দিলে, সে তাহা ঘৃণাবশে ত্যাগ করিয়া

---

* "গমনং পথে" পাঠান্তর। † ইং—পটিপীলিতো।

২০। তথেবিমং পূতিকায়ং * নানাকুণপসঞ্চয়ং,
ছড্ডয়িত্বান গচ্ছেয়্যং অনপেক্খো অনত্থিকো। ১০১॥

২১। য়থা উচ্চারঠানম্হি করীসং নরনারিয়ো,
ছড্ডয়িত্বান গচ্ছন্তি অনপেক্খা অনত্থিকা। ১০২॥

২২। এবমেবাহং ইমং কায়ং নানাকুণপ পূরিতং,
ছড্ডয়িত্বান গচ্ছিস্সং বচ্চং কত্বা য়থা কুটিং। ১০৩॥

২৩। য়থাপি জজ্জরং নাবং পলুগ্গং উদক গাহিনীং,
সামী ছড্ডেত্বা গচ্ছন্তি অনপেক্খা অনত্থিকা। ১০৪॥

২৪। এবমেবাহং ইমং কায়ং নবছিদ্দং ধুবস্সবং
ছড্ডয়িত্বান গচ্ছিস্সং জিণ্ণনাবংব সামিকো। ১০৫॥

---

চলিয়া যায়, তেমন আমিও এই পূতি-গন্ধ-ময় নানা শবাধার শরীরকে নিরপেক্ষ ও অনর্থিক হইয়া ত্যাগ করিয়া যাইব।

২১-২২। যেইরূপ ময়লা স্থানে স্ত্রী পুরুষেরা বিষ্ঠা ত্যাগ করিয়া অনপেক্ষ ও অনর্থিক ভাবে চলিয়া যায়, সেইরূপ আমি নানা অশুচি পূর্ণ এই ভৌতিক দেহ পায়খানা ঘরে পায়খানা করিয়া যাওয়ার ন্যায় ত্যাগ করিয়া চলিয়া যাইব।

২৩। যেইরূপ নৌ স্বামীগণ জীর্ণ ছিন্ন-ভিন্ন ও জল-গ্রাহিনী নৌকা নিরপেক্ষ ও অনর্থিক হইয়া ফেলিয়া যায়,

২৪। সেইরূপ আমি চক্ষুকর্ণাদি নবছিদ্র যুক্ত নিত্য গলিত অশুচি পূর্ণ এই পূতি দেহ জীর্ণ নৌকার স্বামীর ন্যায় ত্যাগ করিয়া যাইব।

---

* "নানা কুণপ পুরিতং" অন্য পাঠ।

† "ফলুগ্গং" ও "উদক বাহিনি" পাঠান্তর।

২৫। য়থাপি পুরিসো চোরেহি গচ্ছন্তো ভণ্ডমাদিয়
ভণ্ডচ্ছেদ ভয়ং দিস্বা ছড্ডয়িত্বান গচ্ছতি।১০৬॥

২৬। এবমেবময়ং কায়ো মহাচোর সমো বিয়
পহায়িমং গমিস্সামি কুসলচ্ছেদনা ভয়া'তি॥১০৭॥

২৭। এবাহং চিন্তয়িত্বান নেক কোটি সতং ধনং,
নাথানাথানং দত্বান হিমবন্তমুপাগমিং।১০৮॥

২৮। হিমবন্তস্স অবিদূরে ধম্মকো নাম পব্বতো,
অস্সমো সুকতো মষ্হং পণ্ণসালা সুমাপিতা।১০৯॥

২৯। চঙ্কমং তত্থ মাপেসি পঞ্চদোস বিবজ্জিতং,
অট্ঠগুণ সমূপেতং অভিঞ্ঞাবলমাহরিং।১১০॥

৩০। সাটকং পজহিং তত্থ নবদোসমুপাগতং
বাকচীরং নিবাসেসিং দ্বাদস গুণুপাগতং।১১১॥

---

২৫। যেমন কোন পুরুষ সোণা-রূপাদি বস্তু লইয়া, চোরের সঙ্গে যাইবার সময়, বস্তু কাড়িয়া লইবার ভয় দেখিলে, তাহা পরিত্যাগ করিয়া চলিয়া যায়,

২৬। সেইরূপ এই দেহ ও মহাচোরের সমান। কুশল কর্ম্মের ব্যাঘাতের ভয়ে, এই চোর সদৃশ শরীর ত্যাগ করিয়া চলিয়া যাইব।

২৭। আমি এবম্বিধ কারণ চিন্তা করিয়া, অনেক কোটিশত ধন ধনী এবং নির্ধনীদিগকে দান দিয়া, হিমালয় পর্ব্বতে চলিয়া গিয়াছিলাম।

২৮। হিমালয় পর্ব্বতের অবিদূরে ধম্মক নামক একটি পর্ব্বত ছিল। তথায় আমার আশ্রম ও পর্ণশালা সুন্দররূপে নির্ম্মিত হইয়াছিল।

২৯। দেবরাজ সেই আশ্রম প্রদেশে পঞ্চদোষ বিবর্জ্জিত চঙ্ক্রমণ নির্ম্মাণ করিয়াছিল, তাহাতে আমি অষ্টাঙ্গ সম্পন্ন অভিজ্ঞাবল লাভ করিয়াছিলাম।

৩০। তথায় থাকিয়া নয় প্রকার দোষ যুক্ত বস্ত্র ত্যাগ করিয়া দ্বাদশ প্রকার গুণ সংযুক্ত বল্কল চীবর পরিধান করিয়াছিলাম।

৩১। অট্ঠদোস সমাকিণ্ণং পজহিং পণ্ণসালকং,
উপাগমিং রুক্খমূলং গুণে দসমুপাগতং। ১১২॥

৩২। বাপিতং রোপিতং ধঞ্ঞং পজহিং নিরবসেসতো,
অনেক গুণ সম্পন্নং পবত্তফলমাদিয়িং। ১১৩ ॥

৩৩। তত্থ পধানং পদহিং নিসজ্জট্ঠান চঙ্কমে,
অব্ভন্তরম্হি সত্তাহে অভিঞ্ঞাবলমপাপুণিং। ১১৪॥

৩৪। এবং মে সিদ্ধিপত্তস্স বসীভূতস্স সাসনে,
দীপঙ্করো নাম জিনো উপ্পজ্জি লোকনায়কো। ১১৫॥

৩৫। উপ্পজ্জন্তে চ জায়ন্তে বুজ্ঝন্তে ধম্মদেসনে,
চতুরো নিমিত্তে * নাদ্দসং ঝানরতিসমপ্পিতো। ১১৬॥

---

৩১। অষ্টদোষ সমাকীর্ণ পর্ণশালা পরিত্যাগ করিয়া, দশ প্রকার গুণ সম্পন্ন বৃক্ষমূলে অবস্থান করিতেছিলাম।

৩২। বপিত ও রোপিত ধান্য নিরবশেষ ভাবে ত্যাগ করিয়া, অনেক প্রকার গুণ যুক্ত স্বয়ং পতিত ফল ভক্ষণ করিতেছিলাম।

৩৩। সেই আশ্রমে বসিয়া ও দাঁড়াইয়া চঙ্ক্রমণ করিতে করিতে উৎসাহের সহিত ধ্যান করিতেছিলাম। ধ্যানের দ্বারা সপ্তাহাভ্যন্তরে অভিজ্ঞা-বল লাভ করিয়াছিলাম।

৩৪। এই প্রকারে তাপস শাসনে বশীভূত হইয়া আমার পঞ্চ অভিজ্ঞায় সিদ্ধি লাভ হইলে লোক নায়ক দীপঙ্কর বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

৩৫। তিনি মাতৃগর্ভে জন্ম গ্রহণ করিবার সময়, প্রসূত হইবার সময়, বুদ্ধত্ব প্রাপ্তির সময়, ধর্ম্ম চক্র প্রবর্ত্তনের সময় আমি ধ্যান সুখে নিরত থাকা হেতু চতুর্বিধ পূর্ব্ব-নিমিত্ত দেখিতে পাই নাই।

---

* ইং, "নাদ্দসিং"

৩৬। পচ্চন্তদেসবিসয়ে নিমন্তেত্বা তথাগতং,
তস্স আগমনং মগ্গং সোধেন্তি তুট্ঠমানসা। ১১৭॥

৩৭। অহং তেন সময়েন নিক্খমিত্বা সকস্সমা,
ধুনন্তো বাকচীরানি গচ্ছামি অম্বরে তদা। ১১৮॥

৩৮। বেদজাতং জনং দিস্বা তুট্ঠহট্ঠং পমোদিতং,
ওরোহিত্বান গগনা মানুসে পুচ্ছি তাবদে। ১১৯॥

৩৯। তুট্ঠহট্ঠো পমুদিতো বেদজাতো মহাজনো,
কস্স সোধীয়তি মগ্গো অঞ্জসং বটুমায়নন্তি। ১২০॥

৪০। তে মে পুট্ঠা * বিয়াকাসুং বুদ্ধো লোকে অনুত্তরো,
দীপঙ্করো নাম জিনো উপ্পজ্জি লোকনায়কো;

---

৩৬। তথাগত দীপঙ্কর বুদ্ধকে প্রত্যন্ত দেশে নিমন্ত্রণ করিয়া তদীয় ভক্তবৃন্দ সন্তুষ্ট চিত্তে তাঁহার আগমণের পথ শোধন করিতেছিলেন।

৩৭। আমি সেই সময় স্বীয় আশ্রম হইতে বাহির হওতঃ বল্কল চীবর ধুনিতে ধুনিতে আকাশ পথে যাইতেছিলাম।

৩৮। প্রীতি-প্রফুল্ল-মানস হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত জন সাধারণকে দেখিতে পাইয়া আমি তৎক্ষণাৎ আকাশ হইতে অবতরণ পূর্ব্বক তাহাদিগকে জিজ্ঞাসা করিলামঃ—

৩৯। প্রিয় বন্ধুগণ! মহাজনসঙ্ঘ হৃষ্ট তুষ্ট প্রমোদিত ও প্রফুল্ল হইয়া কাহার আগমনের জন্য রাস্তা শোধন করিতেছেন?

৪০। মৎ কর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া, তাহারা বলিল—জগতে অনুত্তর জিন লোকস্বামী, দীপঙ্কর বুদ্ধ উৎপন্ন হইয়াছেন, তাঁহার জন্য রাস্তা

---

* ব্যাকরিংসু।

তস্স সোধীয়তি মগ্গো অঞ্জসং বটুমায়নং ।১২১॥ ৮

৪১। বুদ্ধোতি মমসুত্বান পীতি উপ্পজ্জি তাবদে,
বুদ্ধো বুদ্ধোতি কথয়ন্তো সোমনস্সং পবেদয়িং ।১২২॥

৪২। তত্থ ঠত্বা বিচিন্তেসিং তুট্‌ঠো সংবিগ্গমানসো,
ইধ বীজানি রোপিস্সং খণো বে মা উপচ্চগা ।১২৩॥

৪৩। য়দি বুদ্ধস্স সোধেথ একোকাসং দদাথ মে,
অহম্পি সোধয়িস্সামি অঞ্জসং বটুমায়নং ।১২৪॥

৪৪। অদংসু তে মমোকাসং সোধেতুং অঞ্জসং তদা,
বুদ্ধো বুদ্ধোতি চিন্তেন্তো মগ্গং সোধেমহংতদা ।১২৫॥

---

শোধন করা হইতেছে।

৪১। সেই ক্ষণেই "বুদ্ধ" এই বাক্য শুনিয়া আমার প্রীতি উৎপন্ন হইয়াছিল। আমি 'বুদ্ধ' 'বুদ্ধ' এইরূপ বলিতে বলিতে মনের আনন্দ প্রকাশ করিয়াছিলাম।

৪২। তথায় আকাশ হইতে অবতরণ পূর্ব্বক দাঁড়াইয়া সংবেগযুক্ত চিত্তে এইরূপ চিন্তা করিলাম,—এখানে অর্থাৎ দীপঙ্কর বুদ্ধের শাসন ক্ষেত্রে কুশল-বীজ বপন করিব। আমার (অষ্ট অক্ষণ বিনির্মুক্ত) এই শুভক্ষণ বৃথায় অতিবাহিত না হউক।

৪৩। যদি বুদ্ধের জন্য রাস্তা শোধন করেন, তবে আমাকে কতদূর স্থান শোধিত করিবার অবকাশ দেন, আমিও রাস্তা শোধন করিব।

৪৪। তখন তাহারা আমাকে রাস্তার কতেকাংশ শোধনের জন্য অবকাশ প্রদান করিল। আমি 'বুদ্ধ' 'বুদ্ধ' বলিয়া চিন্তা করিতে করিতে উহা শোধন করিতেছিলাম—

৪৫। অনিট্‌ঠিতে মমোকাসে দীপঙ্করো মহামুনি,
চতূহি *সতসহস্সেহি ছল্‌ভিঞ্ঞেহি তাদিহি ;
খীণাসবেহি বিমলেহি পটিপজ্জি অঞ্জসং জিনো ।১২৬॥

৪৬। পচ্চুগ্‌গমনা বত্তন্তি বজ্জন্তি ভেরিয়ো বহূ,
আমোদিতা নরমরূ সাধুকারং পবত্তয়ুং ।১২৭॥

৪৭। দেবা মনুস্সে পস্সন্তি মনুস্সাপি চ দেবতা,
উভোপি তে পঞ্জলিকা অনুয়ন্তি তথাগতং ।১২৮॥

৪৮। দেবা দিব্বেহি তুরিয়েহি মনুস্সা মানুসকেহি চ,
উভোপি তে বজ্জয়ন্তা অনুয়ন্তি তথাগতং ।১২৯॥

৪৯। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পারিচ্ছত্তকং,
দিসো দিসং ওকিরন্তি আকাসনভগতা মরূ ।১৩০॥

---

৪৪। আমার সংশোধনের জন্য নির্দ্দিষ্ট রাস্তার কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে, মারজিৎ দীপঙ্কর মহামুনি, ষড়ভিজ্ঞ, সমদর্শী এবং বিগতমল চারি সহস্র ক্ষীণাশ্রব শিষ্য পরিবৃত হইয়া রাস্তায় উপনীত হইয়াছিলেন।

৪৬। দেব-মনুষ্যগণ আমোদিত হইয়া, তাঁহাকে আগু বাড়াইয়া লইতেছিল, এবং নানা প্রকার ভেরী নিনাদে গগন মণ্ডল মুখরিত করতঃ সাধুবাদ দিতেছিল।

৪৭। তখন দেবতারা মনুষ্যদিগকে দেখিতে পাইয়াছিল। তাহারা উভয় পক্ষ করজোড়ে তথাগত বুদ্ধের অনুগমন করিতেছিল।

৪৮। দেবগণ দিব্য তুর্য্যধ্বনি ও মানুষেরা মানুষিক তুর্য্যধ্বনি, করিতে করিতে মহামুনি দীপঙ্কর বুদ্ধের অনুগমন করিতেছিল।

৪৯। দেবতারা আকাশ মার্গে থাকিয়া দিব্য মন্দার পুষ্প, পদ্ম পুষ্প ও পারিজাত পুষ্প চতুর্দ্দিকে বিকীর্ণ করিতেছিল।

---

* চত্তারি সতসহস্সেহি পাঠান্তর।

৫০। চম্পকং সললং নীপং নাগ-পুন্নাগ-কেতকং,
দিসো দিসং উক্খিপন্তি ভূমিতলগতা নরা ।১৩১॥

৫১। কেসে মুঞ্চিত্বহং তত্থ বাকচীরং চ চম্মকং,
কললে পত্থরিত্বান অবকুজ্জো নিপজ্জহং ।১৩২॥

৫২। অক্কমিত্বান মং বুদ্ধো সহ সিস্সেহি গচ্ছতু,
মা নং কললে অক্কমিত্থো হিতায় মে ভবিস্সতি ।১৩৩॥

৫৩। পঠবিয়ং নিপন্নস্স এবং মে আসি চেতসো,
ইচ্ছমানো অহং অজ্জ কিলেসে ঝাপয়ে মমং ।১৩৪॥

৫৪। কিং মে অঞ্ঞাত বেসেন ধম্মং সচ্ছিকতেনিধ,
সব্বঞ্ঞুতং পাপুনিত্বা বুদ্ধো হেস্সং সদেবকে ।১৩৫॥

---

৫০। মানুষেরা পৃথিবীতে থাকিয়া চম্পক কুসুম, কদম্ব, নাগেশ্বর, পুন্নাগ কেতকী ও পদ্ম কুমুদাদি জলজ পুষ্প ঊর্দ্ধ দিকে ক্ষেপণ করিতেছিল।

৫১। সেই সময় আমি তথায় অসম্পন্ন রাস্তার কর্দ্দমে বল্কল চীবর ও চর্ম্ম খণ্ড বিছাইয়া, মাথার বেণী খুলিয়া করজোড়ে নিম্নমুখী হইয়া নিপতিত হইয়াছিলাম।

৫২। আমি চিন্তা করিয়াছিলাম বুদ্ধ সশিষ্য আমাকে অতিক্রম করিয়া অর্থাৎ আমার পৃষ্ঠদেশে পা দিয়া গমন করুন; কাদা অতিক্রম না করুন। এই অতিক্রমণে আমার ভাবী মঙ্গল হইবে।

৫৩। মাটিতে শায়িত অবস্থায় আমার মনে এইরূপ একটা ভাবের উদয় হইয়াছিল:—আমি ইচ্ছা করিলে, অদ্য রাগাদি ক্লেশ সমূহ বিধ্বংশ করিতে পারি।

৫৪। এখানে জন সাধারণের অজ্ঞাতসারে, চতুসত্য ধর্ম্ম প্রত্যক্ষ করিয়া আমার লাভ কি; আমি সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ করিয়া দেব-মনুষ্য-দিগের মধ্যে বুদ্ধ হইব।

৫৫। কিং মে একেন তিণ্ণেন পুরিসেন থামদস্সিনা,
সব্বঞ্ঞুতং পাপুণিত্বা সন্তারেস্সং সদেবকে ।১৩৬॥

৫৬। ইমিনা মে অধিকারেন কতেন পুরিসুত্তমে,
সব্বঞ্ঞুতং পাপুণিত্বা তারেমি জনতং বহুং ।১৩৭॥

৫৭। সংসার-সোতং ছিন্দিত্বা বিদ্ধংসেত্বা তয়ো ভবে,
ধম্মনাবং সমারুয্হ সন্তারেস্সং * সদেবকং ।১৩৮॥

৫৮। মনুস্সত্তং লিঙ্গসম্পত্তি হেতুসত্থারদস্সনং,
পব্বজ্জা গুণসম্পত্তি অধিকারো চ ছন্দতা,
অট্ঠধম্মসমোধানা অভিনীহারো সমিজ্ঝতি ।১৩৯॥

---

৫৫। আমার ন্যায় বল প্রাপ্ত পুরুষের একাকী সংসার দুঃখ হইতে উত্তীর্ণ হইলে লাভ কি! আমি সর্ব্বজ্ঞতা লাভ করিয়া দেব-মনুষ্যদিগকে ভব দুঃখ হইতে ত্রাণ করিব।

৫৬। পুরুষোত্তম দীপঙ্কর বুদ্ধের সমীপে কৃত আমার এই শ্রেষ্ঠ কর্ম্মের বিপাকে সর্ব্বজ্ঞতা লাভ করিয়া বহুজনতাকে পরিত্রাণ করিব।

৫৭। সংসার স্রোত বিচ্ছিন্ন ও কাম, রূপ, অরূপ এই ত্রিভবের কর্ম্ম ক্লেশ বিধ্বংশ করত আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গরূপ ধর্ম্ম নৌকায় আরোহণ করাইয়া দেব-মনুষ্যদিগকে ত্রাণ করিব।

৫৮। (১) মানব জাতিতে জন্ম, (২) পুরুষত্ব লাভ, (৩) ইহজীবনে অরহত্ব লাভের উপযুক্ত পুণ্যরূপ হেতু সম্পন্নতা, (৪) বুদ্ধ দর্শন, (৫) প্রব্রজ্যা, (৬) অভিজ্ঞারূপ গুণ সম্পন্নতা, (৭) বুদ্ধত্ব লাভের জন্য জীবন ত্যাগ ও (৮) অপরাজেয় ইচ্ছা শক্তি, এই আটটি ধর্ম্ম একসঙ্গে থাকিলে বুদ্ধত্ব লাভের প্রার্থনা সিদ্ধ হইয়া থাকে।

---

* "সব্বঞ্ঞুতং পাপুনামি।"

৫৯। দীপঙ্করো লোকবিদূ আহুতীনং পটিগ্গহো,
উস্সীসকে মং ঠত্বান ইদং বচন মব্রবি।১৪০॥

৬০। পস্সথ ইমং তাপসং জটিলং উগ্গতাপনং,
অপরিমেয়্যে ইতোকপ্পে বুদ্ধো লোকে ভবিস্সতি।১৪১॥

৬১। অথ * কপিলহয়া রম্মা নিক্খমিত্বা তথাগতো,
পধানং পদহিত্বান কত্বা দুক্করকারিকং।১৪২॥

৬২। অজপাল রুক্খমূলস্মিং নিসীদিত্বা তথাগতো,
তত্থ † পায়সমগ্গয্হ নেরঞ্জরমুপেহিতি।১৪৩॥

৬৩। নেরঞ্জরায় তীরম্হি পায়সং অদা সো জিনো,
পটিয়ত্তবরমগ্গেন বোধিমূলং হি এহিতি।১৪৪॥

৬৪। ততো পদক্খিণং কত্বা বোধিমণ্ডং ‡ নরুত্তরো,
অস্সথ রুক্খমূলম্হি বুজ্ঝিস্সতি মহায়সো।১৪৫॥

---

৫৯। দক্ষিণা গ্রহণের উপযোগী, লোকবিদ্ দীপঙ্কর বুদ্ধ আমার শিরোদেশে দাঁড়াইয়া এই ভবিষ্যদ্ বাণী বলিলেনঃ—

৬০। হে প্রিয় শিষ্যগণ! এই জটাধারী উগ্রতপশ্চরণকারী তাপসকে দেখ। এই ব্যক্তি এই হইতে অপরিমিত কল্পের পর জগতে বুদ্ধ হইবেন।

৬১। অতঃপর সেই তথাগত রমণীয় কপিলবাস্তু নগরী হইতে নিষ্ক্রান্ত হইয়া সম্যক্ প্রকারে ধ্যান এবং দুষ্কর ক্রিয়া সম্পাদন করিবেন।

৬২। অজপাল বৃক্ষমূলে উপবেশন করিয়া সুজাতা প্রদত্ত পায়সান্ন গ্রহণের পর নৈরঞ্জনা নদীর তীরে উপস্থিত হইবেন।

৬৩। সেইদিন নৈরঞ্জনা নদীর তীরে ক্ষীর পায়স ভোজন করিবেন ও দেবতাদিগের সজ্জিত উত্তম রাস্তায় মহা বোধিদ্রুম মূলে আসিবেন।

৬৪। তৎপর মহা যশস্বী নরশ্রেষ্ঠ বোধিসত্ত্ব বোধি মণ্ডপ প্রদক্ষিণ করিয়া অশ্বত্থ বৃক্ষমূলে বুদ্ধত্ব লাভ করিবেন।

---

* "অহু" † "পায়াসং"। ‡ "অনুত্তরো" পাঠান্তর।

৬৫। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো।১৪৬॥

৬৬। অনাসবা বীতমলা* সন্তচিত্তা সমাহিতা,
কোলিত উপতিস্সো চ অগ্গা হেস্সন্তি সাবকা।১৪৭॥

৬৭। আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং,
খেমা উপ্পলবণ্ণা চ অগ্গা হেস্সন্তি সাবিকা।১৪৮॥

৬৮। অনাসবা বীতমলা সন্তচিত্তা সমাহিতা;
বোধি তস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি।১৪৯॥

৬৯। চিত্তো চ হত্থালবকো অগ্গা হেস্সন্তুপট্ঠকা,
উত্তরা নন্দমাতা চ অগ্গা হেস্সন্তুপট্ঠিকা।১৫০॥

৭০। ইদং সুত্বান বচনং অসমস্স মহেসিনো;
আমোদিতা নরুমরূ বুদ্ধ বীজঙ্কুরো অয়ং।১৫১॥

---

৬৫। ইনির মাতার নাম মহামায়া, পিতার নাম শুদ্ধোদন এবং ইনির নাম গৌতম হইবে।

৬৬। অনাশ্রব, কামরাগাদি ময়লা বিরহিত, শান্ত ও একাগ্র চিত্ত উপতিষ্য এবং কৌলিত নামে দুইজন অগ্রশ্রাবক হইবে।

৬৭-৬৮। আনন্দ নামক উপস্থায়ক সেবক তাঁহাকে সেবা করিবে। ক্ষীণাশ্রবা রাগাদি ময়লা বিহীনা শান্ত ও একাগ্র চিত্তসম্পন্না খেমা ও উপ্পল-বণ্ণা নাম্নি তাঁহার দুইজন অগ্রশ্রাবিকা হইবে। অশ্বত্থ বৃক্ষসেই ভগবান বুদ্ধের বোধিবৃক্ষ বলিয়া কথিত হইবে।

৬৯। চিত্ত ও হত্থালবক গৃহপতি অগ্রসেবক হইবে। উত্তরা আর নন্দমাতা উপাসিকা অগ্রসেবিকা হইবে।

৭০। অতুলনীয় মহর্ষি দীপঙ্করবুদ্ধের এবম্বিধ ভবিষ্যদ্বাণী শুনিয়া দেবনর-গণ জানিল,—'ইনি বুদ্ধ বীজাঙ্কুর'—তদ্ধেতু তাহারা আনন্দিত হইল।

---

* "বীতরাগা"।

৭১। উক্কুট্ঠিসদ্দং বত্তেন্তি অপ্ফোঠেন্তি হসন্তি চ,
কতঞ্জলী নমস্সন্তি দসসহস্সী সদেবকা। ১৫২॥

৭২। য়দিমস্স লোকনাথস্স বিরজ্ঝিস্সাম সাসনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ১৫৩॥

৭৩। য়থা মনুস্সা নদিং তরন্তা পটিতিত্থং বিরজ্ঝিময়,
হেট্ঠা তিত্থে গহেত্বান উত্তরন্তি মহানদিং।১৫৪॥

৭৪। এবমেব ময়ং সব্বে য়দি মুঞ্চামিমং জিনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ১৫৫॥

৭৫। দীপঙ্করো লোকবিদূ আহুতীনং পটিগ্গহো,
মম কম্মং পকিত্তেত্বা দক্খিণং পদমুদ্ধরি। ১৫৬॥

৭৬। য়ে তত্থাসুং জিনপুত্তা পদক্খিণ* মকংসু মং,
দেবা† মনুস্সা অসুরা চ অভিবাদেত্বান পক্কমুং‡। ১৫৭॥

---

৭১। দশসহস্র চক্রবালবাসী দেব-মনুষ্যগণ মহাআনন্দের রোল তুলিয়াছিল, করতালি দিয়া হাসিতেছিল এবং কৃতাঞ্জলীপুটে প্রণাম জানাইতেছিল।

৭২। যদি এই লোকনাথের শাসন হারাই, তাহা হইলে অনাগত কালে ইঁহারই সম্মুখীন হইব।

৭৩-৭৪। যেমন মানুষেরা নদী পার হইবার সময় উপরের ঘাট হারাইয়া নীচের ঘাটে গিয়া মহানদী উত্তীর্ণ হয়, সেইরূপ আমরা সকলে যদি এই বুদ্ধকে হারাই তাহা হইলে ভবিষ্যতে ইঁহার সম্মুখীন হইব।

৭৫। আহুতি গ্রহণকারী দক্ষিণার্হ লোকবিদ্ দীপঙ্কর বুদ্ধ, আমার কৃত কর্ম্ম সম্বন্ধে নানা প্রকার প্রশংসা করিয়া দক্ষিণ পদ উত্তোলন করিয়াছিলেন।

৭৬। সেই পরিষদে যেই বুদ্ধপুত্রগণ ছিলেন, তাঁহারা আমাকে প্রদক্ষিণ করিয়াছিলেন। দেবতা মানব এবং অসুরেরা ও আমাকে অভিবাদন পূর্ব্বক প্রস্থান করিয়াছিল।

---

* "সব্বে পদক্খিণ মকংসুমং" কোন কোন গ্রন্থে। † "দেবমনুস্সা অসুরা য়ক্খা" পাঠান্তর। ‡ "পক্কমন্তি" পাঠান্তর।

৭৭। দস্সনং মে অতিক্কন্তে সসঙ্ঘে লোকনায়কে,
সয়না উট্ঠহিত্বান পল্লঙ্কং আভুজিং তদা।১৫৮॥

৭৮। সুখেন সুখিতো হোমি পামুজ্জেন পমোদিতো,
পীতিয়া চ অভিস্সন্নো পল্লঙ্কং আভুজিং তদা।১৫৯॥

৭৯। পল্লঙ্কেন নিসীদিত্বা এবং চিন্তেসহং তদা,
বসীভূতো অহং ঝানে অভিঞ্ঞাসু পারমিং গতো।১৬০॥

৮০। সহস্সিয়মি‌হ লোকম্হি ইসয়ো নত্থি মে সমা,
অসমো ইদ্ধি ধম্মেসু অলভিং ঈদিসং সুখং।১৬১॥

৮১। পল্লঙ্কাভুজনে মযহং দসসহস্সাধিবাসিনো,
মহানাদং পবত্তেসুং ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬২॥

৮২। য়া পুব্বে বোধিসত্তানং পল্লঙ্কবরমাভুজে,
নিমিত্তানি পদিস্সন্তি তানি অজ্জ পদিস্সরে।১৬৩॥

---

৭৭। সশিষ্য লোকগুরু বুদ্ধ আমার দৃষ্টিপথ অতিক্রম করিয়া গেলে তখন আমি শয়ন হইতে উঠিয়া পদ্মাসনে উপবেশন করিয়াছিলাম।

৭৮। তখন আমি কায়িক চৈতসিক সুখে সুখী, প্রামোদ্যে প্রমোদিত, ও বলবতী প্রীতির দ্বারা অভিসিক্ত হইয়া পদ্মাসনে বসিয়াছিলাম।

৭৯-৮০। আমি যখন পর্য্যঙ্কে উপবিষ্ট ছিলাম, তখন আমার এই-রূপ একটা ভাবের উদয় হইয়াছিল,—আমি রূপাবচর ধ্যানে অভ্যস্ত, পঞ্চ অভিজ্ঞায়ও পারদর্শী, দশ সহস্র চক্রবালে আমার সমান ঋষি নাই। আমি ঋদ্ধি ধর্ম্মে অসম, আমার এইরূপ সুখ লাভ হইয়াছে।

৮১। আমি পদ্মাসনে উপবিষ্ট হইলে চক্রবালবাসী দেবতারা একান্তই বুদ্ধ হইব বলিয়া মহানাদে ঘোষণা করিয়াছিল।

৮২। পূর্ব্বে বোধিসত্বগণ বর পদ্মাসনে উপবেশন কালে যেই নিমিত্ত সমূহ দেখা যাইত, সেই সমস্ত অদ্যও দেখা যাইতেছে।

৮৩। সীতং ব্যপগতং হোতি উণ্হঞ্চ উপসম্মতি,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৪॥

৮৪। দসসহস্সী লোকধাতু নিস্সদ্দা হোতি নিরাকুলা,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৫॥

৮৫। মহাবাতা ন বায়ন্তি ন সন্দন্তি সবন্তিয়ো,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৬॥

৮৬। থলজা দকজা পুপ্ফা সব্বে পুপ্ফন্তি তাবদে,
তেপজ্জ পুপ্ফিতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৭॥

৮৭। লতা বা য়দি বা রুক্খা ফলভারা * হোন্তি তাবদে,
তেপজ্জ ফলিতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৮॥

---

৮৩। পূর্ব্বে শীত অপগত হইত, উষ্ণ উপশম হইত; সেই নিমিত্ত গুলি অদ্য দেখা যাইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৪। দশ সহস্র চক্রবাল নিঃশব্দ ও নিরাকুল হইত; সেই নিমিত্ত অদ্যও দেখা যাইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৮৫। মহাবায়ু প্রবাহিত হইত না, নদীর স্রোতও স্যন্দিত হইত না, সেই নিমিত্তগুলি অদ্য দেখা যাইতেছে। একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৬। তখন পদ্মাসনে উপবেশন সময়ে স্থলজ ও জলজ পুষ্প সমূহ পুষ্পিত হইত, অদ্যও সেই পুষ্প সকল পুষ্পিত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৮৭। তখন লতা অথবা বৃক্ষ ফল-ভরে অবনত হইত। অদ্যও বৃক্ষ লতাদি ফলিত হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

---

§ "ছুদ্ধারী" কোন কোন স্থলে

৮৮। আকাসট্ঠা চ ভুম্মট্ঠা রতনা জোতন্তি তাবদে,
তেপজ্জ রতনা জোতন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৬৯॥

৮৯। মানুসকা চ দিব্বা চ তুরিয়া বজ্জন্তি তাবদে,
তেপজ্জ উভো অভিরবন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭০॥

৯০। বিচিত্তপুপ্ফা গগনা অভিবস্সন্তি তাবদে,
তে পি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭১॥

৯১। মহাসমুদ্দো আভুজতি দসসহস্সী পকম্পতি,
তেপজ্জুভো অভিরবন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭২॥

৯২। নিরয়েসু দসসহস্সী অগ্গি নিব্বন্তি তাবদে,
তেপজ্জ নিব্বুতা অগ্গি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭৩॥

---

৮৮। তখন আকাশস্থ ও ভূমিস্থিত রত্ন সকল জ্যোতির্ম্ময় হইত, সেই সকল অদ্যও জ্যোতি সম্পন্ন হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৯। মানবদিগের ও দেবতাদের বাদ্য যন্ত্র সকল তখন স্বয়ং ধ্বনিত হইত। সে সমস্ত অদ্যও ধ্বনিত হইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৯০। তখন আকাশ হইতে নানারঙ্গে বিচিত্র সুগন্ধ পুষ্প বর্ষিত হইত, সে পুষ্প সমূহ অদ্যও বর্ষিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯১। তখন মহাসমুদ্র গর্জ্জন করিত ও দশ সহস্র চক্রবাল কম্পিত হইত, উহারা উভয়ই অদ্য মহারব করিতেছে, আপনি নিশ্চয় বুদ্ধ হইবেন।

৯২। তখন দশ সহস্র চক্রবালের নরক সমূহের অগ্নি নির্ব্বাপিত হইত। সেই অগ্নি রাশি অদ্যও নির্ব্বাপিত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৯৩। বিমলো হোতি সুরিয়ো সব্বে দিস্সন্তি তারকা,
তেপি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৪॥

৯৪। অনোবট্টেন উদকেন মহিয়া উব্ভিজ্জি তাবদে,
তম্পজ্জুব্ভিজ্জতে মহিয়া ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৫॥

৯৫। তারাগণা বিরোচন্তি নক্খত্তা গগন মণ্ডলে,
বিসাখা চন্দিমযুত্তা ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৬॥

৯৬। বিলাসয়া দরীসয়া নিক্খমন্তি সকাসয়া,
তেপজ্জ আসয়া ছুদ্ধা* ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৭॥

৯৭। ন হোতি অরতি সত্তানং সন্তুট্ঠা হোন্তি তাবদে,
তেপজ্জ সব্বে সন্তুট্ঠা ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৮॥

---

৯৩। সেই সময় সূর্য্য নির্ম্মল হইত, আর নভোমণ্ডলের তারকারাজি সমস্তই দেখা যাইত। আজও তাহারা দেখা যাইতেছে, আপনি নিশ্চয় বুদ্ধ হইবেন।

৯৪। তখন জলধারা বর্ষিত না হইলেও পৃথিবী হইতে জল উঠিত। অদ্য ও তেমন পৃথিবী হইতে জল উত্থিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯৫। তখন বিশাখানক্ষত্র ও চন্দ্র সহ তারকা সকল বিরোচিত হইত। সেই সমস্ত অদ্যও প্রভাসিত হইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৯৬। বিবরাশ্রিত সর্প, মুষিক, গোধা ইত্যাদি ও সিংহ ব্যাঘ্রাদি গুহাশ্রিত জীবগণ স্ব স্ব আশ্রয় স্থান হইতে তখন বাহির হইত। তাহারা অদ্যও স্ব স্ব আশ্রয় স্থান হইতে বাহির হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯৭। তখন প্রাণীদিগের উৎকণ্ঠা উৎপন্ন হইত না, সর্ব্বদা সন্তুষ্ট থাকিত। তাহারা সকলে আজ সন্তুষ্ট হইতেছে, আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

---

* ল—"ছুদ্ধা"

৯৮। রোগা তত্থুপসম্মন্তি জিঘচ্ছা চ বিনস্সতি,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭৯॥

৯৯। রাগো তদা তনু হোতি দোসো মোহো বিনস্সতি,
তেপজ্জ বিগতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮০॥

১০০। ভয়ং তদা ন ভবতি অজ্জ পেতং পদিস্সতি,
তেন লিঙ্গেন জানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮১॥

১০১। রজোনুদ্ধংসতী উদ্ধং অজ্জ পেতং পদিস্সতি,
তেন লিঙ্গেন জানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮২॥

১০২। অনিট্ঠগন্ধো পক্কমতি দিব্ব গন্ধো পবায়তি,
সোপজ্জ বায়তী গন্ধো ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৩॥

---

৯৮। তখন সমস্ত রোগ উপশম হইয়া যাইত আর ক্ষুধা বিনষ্ট হইত, অদ্যও সেই সব দেখা যাইতেছে, আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

৯৯। তখন পঞ্চ কামরাগ তনু হইত (কমিত) ও দ্বেষ-মোহ নষ্ট হইয়া যাইত। অদ্যও সেই সমস্ত অপগত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

১০০। সেই সময় কোন প্রকার ভয় উৎপন্ন হইত না। অদ্যও তদ্রূপ ভয় বোধ হইতেছে না, এই কারণে আমরা জানিতে পারিতেছি যে আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

১০১। তখন ধূলিকণা উড়িয়া ঊর্দ্ধে উঠিত না। অদ্যও তদ্রূপ দেখা যাইতেছে, এই লক্ষণেও আমরা জানিতে পারিতেছি যে আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

১০২। তখন দুর্গন্ধ বিদূরীত হইত, সুগন্ধ প্রবাহিত হইত। অদ্যও সেই সুগন্ধ প্রবাহিত হইতেছে, আপনি একান্তই বুদ্ধ হইবেন।

১০৩। সব্বে দেবা পদিস্সন্তি ঠপয়িত্বা অরূপিনো,
তেপজ্জ সব্বে দিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৪॥

১০৪। য়াবতা নিরয়া নাম সব্বে দিস্সন্তি তাবদে,
তেপজ্জ সব্বে দিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৫॥

১০৫। কুড্ডা কবাটা সেলা চ ন হোন্তাবরণা * তদা,
আকাসভূতা তেপজ্জ ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৬॥

১০৬। চুতী চ উপপত্তী চ খণে তস্মিং ন বিজ্জতি,
তানি অজ্জ † পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৭॥

১০৭। দলহং পগ্গণহ বিরিয়ং মা নিবত্তি অভিক্কম,
ময়ং পেতং পজানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৮॥

---

১০৩। অরূপ ব্রহ্মলোকবাসী দেবতা ব্যতীত সকল দেবতা তখন দেখা যাইত, অদ্যও তাঁহারা দেখা যাইতেছেন, নিশ্চয় আপনি বুদ্ধ হইবেন।

১০৪। তখন নরক পর্য্যন্ত সকল স্থান দৃষ্টিগোচর হইত, অদ্যও সেই সমস্ত দেখা যাইতেছে। নিশ্চয় আপনি বুদ্ধ হইবেন।

১০৫। তখন দেওয়াল কবাট ও শৈলশ্রেণীর দ্বারা কোন স্থান আচ্ছন্ন থাকিত না, অর্থাৎ উহাদের ভিতর দিয়াও সকল দৃষ্টিগোচর হইত, অদ্যও সেই সমস্ত অনাবৃত ভাবে দেখা যাইতেছে। আপনি একান্তই বুদ্ধ হইবেন।

১০৬। সেই বর-পদ্মাসনে উপবেশন কালে সত্ত্বগণের জন্ম মৃত্যু হইত না। তেমন অদ্যও সেই সমুদয় পরিলক্ষিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

১০৭। আপনি বুদ্ধত্ব লাভের জন্য দৃঢ় পরাক্রমশালী হউন, নিবৃত্ত হইবেন না, সর্ব্বদা অগ্রসর হইতে থাকুন। আপনি যে নিশ্চয়ই বুদ্ধ হইবেন, তাহা আমরাও জানিতে পারিতেছি।

---

* ইং, ল—ন হোন্তাবরণং। † ইং—পজ্জ।

6 F—

১০৮। বুদ্ধস্স বচনং সুত্বা দসসহস্সীন চূভয়ং
তুট্ঠহট্ঠো পমুদিতো এবং চিন্তেসহং তদা ।১৮৯॥

১০৯। অদ্বেজ্ঝ-বচনা বুদ্ধা অমোঘবচনা জিনা,
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯০॥

১১০। য়থা খিত্তং নভে লেড্ডু ধুবং পততি ভূমিয়ং,
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯১॥

১১১। য়থাপি সব্বসত্তানং মরণং ধুব সস্সতং,
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯২॥

১১২। য়থা রত্তিক্খয়ে পত্তে সুরিয়স্সুগ্গমনং ধুবং
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং ;

---

১০৮। লোকনাথ দীপঙ্কর বুদ্ধ ও দশ সহস্র চক্রবালবাসী এই উভয়ের আশ্বাসবাণী শুনিয়া আমি হৃষ্ট তুষ্ট প্রমোদিত চিত্তে এইরূপ চিন্তা করিতেছিলাম,—

১০৯। বুদ্ধ-জিনগণ অদ্বয়বাদী ও অমোঘভাষী, মারজিন বুদ্ধগণের বচনে অসত্য নাই, নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১০। আকাশে ক্ষিপ্ত ঢিলের যেমন ভূমিতে পতন অবশ্যম্ভাবী, সেইরূপ বুদ্ধগণের বাক্য ধ্রুব শাশ্বত। তাঁহাদের বাক্যে মিথ্যা নাই। আমি নিশ্চয়ই বুদ্ধ হইব। [এখানে 'শাশ্বত' শব্দ সত্যার্থে ব্যবহৃত]

১১১। সমস্ত প্রাণীর মরণ যেমন অবশ্যম্ভাবী তেমন বুদ্ধগণের বাক্যও ধ্রুব শাশ্বত। বুদ্ধগণের বাক্যে মিথ্যা নাই, একান্তই আমি বুদ্ধ হইব।

১১২। রাত্রি প্রভাত হইলে যেমন নিশ্চয় দিনমনি উদিত হইয়া থাকে, তদ্রূপ বুদ্ধগণের বাক্যও সুনিশ্চিত শাশ্বত। বুদ্ধ বাক্যে মিথ্যা

বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৩॥

১১৩। য়থা নিক্খন্ত সয়নস্স সীহস্স নদনং ধুবং,
তথেব বুদ্ধ সেট্‌ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৪॥

১১৪। য়থা আপন্ন সত্তানং ভারমোরোপণং ধুবং,
তথেব বুদ্ধ সেট্‌ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৫॥

১১৫। হন্দ বুদ্ধকরে ধম্মে বিচিনামি ইতো চিতো,
উদ্ধং অধো দসাদিসা য়াবতা ধম্মধাতুয়া ।১৯৬॥

১১৬। বিচিনন্তো তদা দক্খিং* পঠমং দানপারমিং,
পুব্বকেহি মহেসীহি অনুচিণ্ণং মহাপথং ।১৯৭॥

---

নাই। আমি নিশ্চয়ই বুদ্ধ হইব।

১১৩। শয়ন হইতে বহির্গত সিংহের যেমন সিংহনাদ করা নিশ্চিত, সেইরূপ বুদ্ধগণের বাক্যও একান্ত সত্য। তথাগত বাক্যে মিথ্যা নাই। নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১৪। গর্ভিণী স্ত্রীলোকদিগের সন্তান প্রসব যেমন অবশ্যম্ভাবী, সেইরূপ বুদ্ধবাণীও ধ্রুব শাশ্বত। বুদ্ধ বচনে অসত্য নাই, নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১৫। অতএব আমি ঊর্দ্ধ অধঃ আদি দশদিকে কাম, রূপ ও অরূপ লোক পর্য্যন্ত যাবৎ স্বভাব ধর্ম্ম বিদ্যমান আছে, তাবৎ স্থান হইতে বুদ্ধত্ব লাভের হেতুভূত ধর্ম্মসমূহ চয়ন করিব।

১১৬। চয়ন করিতে করিতে দেখিতে পাইলাম—ভূতপূর্ব্ব মহর্ষিগণ সম্বোধি লাভের মহামার্গ সদৃশ দান পারমী প্রথম আচরণ করিতেন।

---

* মধুরত্থ বিলাসিনীতে—তদাদ্দক্খিং।

১১৭। ইমং ত্বং পঠমং তাব দল্হং কত্বা সমাদিয়,
দান পারমিতং গচ্ছ[১] য়দি বোধিং পত্তুমিচ্ছসি ১৯৮॥

১১৮। য়থাপি কুম্ভো সম্পুণ্ণো য়স্স কস্সচি অধোকতো,
বমতে উদকং নিস্সেসং ন তত্থ পরিরক্খতি ।১৯৯॥

১১৯। তথেব য়াচকে দিস্বা হীনমুক্কট্ঠ মজ্ঝিমে,
দদাহি দানং নিস্সেসং কুম্ভো বিয় অধোকতো ।২০০॥

১২০। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা ।২০১॥

১২১। বিচিনন্তো তদা দক্খিং দুতিয়ং সীল পারমিং.
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২০২॥

১২২। ইমং ত্বং দুতিয়ং তাব দল্হং কত্বা সমাদিয়,
সীল পারমিতং গচ্ছ[১] য়দি বোধিং পত্তুমিচ্ছসি ।২০৩॥

---

১১৭। বোধিসত্ব নিজকে নিজে বলিতেছেন, যদি তুমি সম্বোধি লাভের ইচ্ছা কর, তবে প্রথম এই দানপারমী দৃঢ়ভাবে অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১১৮।১১৯। জল পরিপূর্ণ কলসী কাহারো দ্বারা অধোমুখী করা হইলে, তাহার জল যেমন নিঃশেষ হইয়া সরিয়া যায়, তথায় বিন্দুমাত্রও অবশিষ্ট থাকে না, সেরূপ হীন, উৎকৃষ্ট ও মধ্যম যে কোন প্রকার যাচক দেখিলে, অধোমুখী কৃত জল-কলসীর ন্যায় নিঃশেষ করিয়া দান কর।

১২০। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরও বোধি-পরিপাচক ধর্ম্ম চয়ন করিব।

১২১। তখন পর্য্যবেক্ষণ করিতে করিতে পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত আচরিত দ্বিতীয় শীল-পারমী দেখিতে পাইলাম।

১২২। তুমি যদি বুদ্ধত্ব লাভ করিতে ইচ্ছা কর, তবে এই দ্বিতীয় শীল-পারমী সম্যক্‌রূপে গ্রহণ করিয়া পরিপূর্ণ কর।

---

(১) "গচ্ছ" শব্দ পূর্ণ করণার্থে গৃহীত হইয়াছে।

১২৩। য়থাপি চমরী বালং কিস্মিচি পতিলগ্গিতং,
উপেতি মরণং তত্থ ন বিকোপেতি বালধিং ।২০৪॥

১২৪। তথেব ত্বং চতুসু ভূমীসু সীলানি পরিপূরয়,
পরিরক্খ সব্বদা সীলং চমরী বিয় বালধিং ।২০৫॥

১২৫। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা ।২০৬॥

১২৬। বিচিনন্তো তদা দক্খিং ততিয়ং নেক্খম্ম পারমিং,
পুব্বেকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২০৭॥

১২৭। ইমং ত্বং ততিয়ং তাব দল্হং কত্বা সমাদিয়,
নেক্খম্ম পারমিং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি ।২০৮॥

---

১২৩। যেমন চমরীর বালধি বা লেজ কণ্টকাদি কিছুতে লাগিলে তথায় প্রাণ ত্যাগ করে, তথাপি বালধি ছিন্ন করে না,

১২৪। সেইরূপ তুমি দণ্ডায়মান, গমন, উপবেশন ও শয়নাবস্থায় অথবা প্রাতিমোক্ষ সংবরাদি চতুর্ব্বিধ শীল ভূমিতে স্থিত থাকিয়া সর্ব্বদা অখণ্ডভাবে চমরীর বালধির ন্যায় শীলসমূহ রক্ষা কর।

১২৫। বুদ্ধত্ব সাধক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরো বুদ্ধত্ব লাভের হেতু-ভূত ধর্ম্ম পরীক্ষা করিব।

১২৬। পর্য্যবেক্ষণ করিতে করিতে তখন ভূতপূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত তৃতীয় নৈষ্ক্রম্যপারমী দেখিতে পাইলাম।

১২৭। তুমি যদি সম্যক্ সম্বোধি লাভ করিতে ইচ্ছা কর, তবে তৃতীয় নৈষ্ক্রম্য-পারমী সম্যক্ অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১২৮। য়থা অন্দুঘরে পুরিসো চিরবুত্থো দুখদ্দিতো,
ন তত্থ রাগং অভিজনেতি মুত্তিং য়েব গবেসতি।২০৯॥

১২৯। তথেব ত্বং সব্বভবে পস্স অন্দুঘরে বিয়,
নেক্খম্মাভিমুখো হোহি ভবতো পরিমুত্তিয়া।২১০॥

১৩০। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা।২১১॥

১৩১। বিচিনন্তো তদা দক্খিং চতুত্থং পঞ্ঞা পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং।২১২॥

১৩২। ইমং ত্বং চতুত্থং তাব দল্হং কত্বা সমাদিয়,
পঞ্ঞা* পারমিতং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি।২১৩॥

১৩৩। য়থাপি ভিক্খু ভিক্খন্তো হীনমুক্কট্ঠ মজ্ঝিমে,
কুলানি ন বিবজ্জেন্তো এবং লভতি য়াপনং।২১৪॥

---

১২৮।১২৯। কারাগারে আবদ্ধ বন্ধনজনিত দুঃখে দুঃখিত পুরুষ যেমন তথায় চিরকাল বাস করিলেও থাকিবার ইচ্ছা করে না, মুক্তি লাভেরই চেষ্টা করে, সেইরূপ তুমি কাম, রূপ ও অরূপ এই ভবত্রয়কে কারাগারের ন্যায় দেখ, আর ভব হইতে মুক্তির জন্য নৈষ্ক্রম্যাভিমুখী হও।

১৩০। বুদ্ধকারক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, অপরাপর বোধি পরিপক্ককর ধর্ম্মসমূহ ও আমি পরীক্ষা করিব।

১৩১। তখন পরীক্ষা করিতে করিতে পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত চতুর্থ প্রজ্ঞা পারমীতা দেখিতে পাইলাম।

১৩২। যদি তুমি সম্বোধি লাভ করিতে চাও, তবে এই চতুর্থ প্রজ্ঞা পারমীতা দৃঢ়তার সহিত অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১৩৩।১৩৪। ভিক্ষু যেমন ভিক্ষা করিবার সময় হীন, উৎকৃষ্ট, মধ্যম কুল বাদ দেয় না এই প্রকারে যাপন যোগ্য আহার লাভ করে;

---

* "পঞ্ঞায় পারমিং" পাঠান্তর।

১৩৪। তথেব ত্বং সব্বকালং *পরিপুচ্ছং বুধং জনং,
পঞ্ঞাপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি।২১৫॥

১৩৫। ন হেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা।২১৬॥

১৩৬। ইমং ত্বং পঞ্চমং তাব দল্হং কত্বা সমাদিয়,
বিরিয় পারমিতং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি।২১৭॥

১৩৭। য়থাপি সীহো মিগরাজা নিসজ্জট্ঠান চঙ্কমে,
অলীন বিরিয়ো †হোতি পগ্গহিত মনো সদা।২১৮॥

১৩৮। তথেব ত্বম্পি সব্বভবে পগ্গণ্হ বিরিয়ং দল্হং,
বিরিয় পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুনিস্সসি।২১৯॥

---

সেইরূপ তুমিও সর্ব্বদা পণ্ডিত ব্যক্তির নিকট—"মহাশয় কুশল কি? অকুশল কি? কর্ত্তব্য কি? অকর্ত্তব্য কি?" ইত্যাদি প্রশ্ন জিজ্ঞাসা কর। এইরূপে তুমি প্রজ্ঞা পারমীর পারপ্রাপ্ত হইয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৩৫। বোধি পরিপাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, অন্যান্য বোধি পরিপক্ককর ধর্ম্মসমূহ ও পরীক্ষা করিব।

১৩৬। যদি তুমি সম্বোধি লাভ করিতে চাও, তবে পঞ্চম বীর্য্য-পারমিতা দৃঢ়তার সহিত অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১৩৭।১৩৮। মৃগরাজ সিংহ যেমন উপবেশন দাঁড়ান ও পদচারণ এই ত্রিবিধ অবস্থায় অসঙ্কোচিত-বীর্য্য ও প্রসারিত চিত্তে অবস্থান করে, তদ্রূপ তুমি সর্ব্ব ভবে দৃঢ় পরাক্রমশালী হও; এই প্রকারে বীর্য্য পারমীতা পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

---

* "পরিপুচ্ছন্তো"। † "ভবতি" পাঠান্তর।

১৩৯। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা ।২২০॥

১৪০। বিচিনন্তো তদা দক্খিং ছট্ঠমং খন্তি পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২২১॥

১৪১। ইমং ত্বং ছট্ঠমং তাব দল্হং কত্বা সমাদিয়;
তত্থ অদ্বেজ্ঝমানসো সম্বোধিং পাপুনিস্সসি ।২২২॥

১৪২। য়থাপি পঠবী নাম সুচিম্পি অসুচিম্পি চ,
সব্বং সহতি নিক্খেপং ন করোতি পটিঘং দয়ং ।২২৩॥

১৪৩। তথেব ত্বম্পি সব্বেসং সম্মানাবমানন * ক্খমো,
খন্তি পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি ।২২৪॥

১৪৪। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা ।২২৫॥

---

১৩৯। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, ইহা ব্যতীত অন্য যত বোধি-পাচক ধর্ম্ম আছে তাহাও পরীক্ষা করিব।

১৪০। তখন পরীক্ষা করিতে করিতে পূর্ব্ববর্ত্তী মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত, ষষ্ঠ ক্ষান্তি-পারমী দেখিতে পাইলাম।

১৪১। তুমি এই ষষ্ঠ ক্ষান্তি-পারমী দৃঢ়রূপে গ্রহণ করিয়া তাহাতে স্থিরচিত্ত হইয়া সম্যক্ সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪২।১৪৩। যেমন পৃথিবীতে শুচি বা অশুচি যে কোন প্রকার বস্তু নিক্ষেপ করিলে পৃথিবী তৎপ্রতি ক্রোধ বা দয়া করে না, সমস্ত নিক্ষেপ সহ্য করে, তেমন তুমিও সমস্ত সম্মান অপমান সহ্য করতঃ ক্ষান্তি-পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৪। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরো যত প্রকার আছে সেই সকলও পরীক্ষা করিব।

---

* "সম্মানবিমানক্খমো সম্মাননাবমাননক্খমো, সম্মাননবিমানক্খমো" পাঠান্তর।

১৮২। যথা যে কেচি সম্বুদ্ধা ধম্মচক্ক পবত্তয়ুং,
তথেব ত্বং মহাবীর ধম্মচক্কং পবত্তয়। ২৬৩ ॥

১৮৩। পুণ্ণমাসে যথা চন্দো পরিসুদ্ধো বিরোচতি,
তথেব ত্বং পুণ্ণমনো বিরোচ দসসহস্সিয়ং। ২৬৪ ॥

১৮৪। রাহু মুত্তো যথা সুরিয়ো তাপেন অভিরোচতি,
তথেব লোকা মুঞ্চিত্বা বিরোচ সিরিয়া তুবং। ২৬৫ ॥

১৮৫। যথা যা কাচি নদিয়ো ওসরন্তি মহোদধিং,
এবং সদেবকা লোকা ওসরন্তি তবন্তিকে। ২৬৬ ॥

১৮৬। তেহি থুতিপ্পসত্থো সো দসধম্মে সমাদিয়,
তে ধম্মে পরিপূরেন্তো পবনং † পাবিসি তদা। ২৬৭ ॥

---

হে মহাবীর আপনিও তেমন জিন বোধির দ্বারা বুদ্ধ হউন।

১৮২। অন্যান্য বুদ্ধগণ যেমন ধর্ম্ম চক্র প্রবর্ত্তন করিয়াছেন, হে মহাবীর আপনি ও তেমন ধর্ম্ম চক্র প্রবর্ত্তন করুন।

১৮৩। পূর্ণিমার চন্দ্র যেমন জগত বাসীকে পরিশুদ্ধ আলো দান করে, সেরূপ আপনি ও মনোবাসনা পূর্ণ করিয়া দশ সহস্র চক্রবালে বিরোচিত হউন।

১৮৪। রাহুমুক্ত সূর্য্য যেমন স্বীয় রশ্মির দ্বারা অতিশয় বিরোচিত হয়, সেরূপ আপনিও লোক ধর্ম্ম অথবা সংসার বন্ধন হইতে মুক্ত হইয়া বুদ্ধশ্রীর দ্বারা সুশোভিত হউন।

১৮৫। যেমন যে কোন নদী মহা সমুদ্রে পতিত হয়, সেইরূপ দেবগণসহ সর্ব্ব লোকবাসী আপনার নিকট সমাগত হউক।

১৮৬। তখন আমি তাহাদের স্তুতি ও প্রশংসা লাভ করিয়া, দশ-পারমী ধর্ম্ম গ্রহণ পূর্ব্বক তাহা পূর্ণ করিবার জন্য মহাবনে প্রবেশ করিয়াছিলাম।

† "পাবিসী"—পাঠান্তর।

১৭৬। দিব্বং মানুসকং পুপ্ফং দেবা মানুসকা উভো,
সমোকিরন্তি পুপ্ফেহি বুট্ঠহন্তস্স আসনা। ২৫৭ ॥

১৭৭। বেদয়ন্তি চ তে সোত্থিং দেবা মানুসকা উভো,
মহন্তং পত্থিতং তুযহং তং লভস্সু যথিচ্ছিতং। ২৫৮ ॥

১৭৮। সব্বীতিয়ো বিবজ্জন্তু * সব্বরোগো বিনস্সতু,
মা তে ভবত্বন্তরায়ো ফুস খিপ্পং বোধিমুত্তমং। ২৫৯ ॥

১৭৯। যথাপি সময়ে পত্তে পুপ্ফন্তি পুপ্ফিনো দুমা,
তথেব ত্বং মহাবীর বুদ্ধঞাণেন পুপ্ফসি। ২৬০ ॥

১৮০। যথা যে কেচি সম্বুদ্ধা পূরয়ুং দসপারমী,
তথেব ত্বং মহাবীর পূরয় দসপারমী। ২৬১ ॥

১৮১ যথা যে কেচি সম্বুদ্ধা বোধি মণ্ডম্হি বুজ্ঝরে,
তথেব ত্বং মহাবীর বুজ্ঝস্সু জিনবোধিয়ং। ২৬২ ॥

---

১৭৬। আসন হইতে উঠিবার সময় দেবতা ও মানব উভয় পক্ষে দিব্য এবং মানবীয় প্রসূন গ্রহণ পূর্ব্বক পুষ্পবৃষ্টি করিতেছিল।

১৭৭। সেই দেবতা ও মানব উভয় সম্প্রদায় আমার স্বস্তি বা মঙ্গল কামনা করিতেছিল। "আপনার দ্বারা অত্যন্ত মহৎ বিষয় প্রার্থিত হইয়াছে; আপনার অভীষ্ট পূর্ণ হউক।

১৭৮। আপনার সমস্ত বাধা বিপত্তি দূর হউক, সকল রোগ বিনাশ হউক, কোন অন্তরায় না হউক, এবং আপনি শীঘ্র উত্তম বোধি লাভ করুন।

১৭৯। যথোপযুক্ত সময়ে পুষ্প বৃক্ষ যেমন পুষ্পিত হয়, হে মহাবীর, সেইরূপ আপনিও বুদ্ধ জ্ঞানের দ্বারা প্রস্ফুটিত হউন।

১৮০। অন্যান্য সম্যক্‌সম্বুদ্ধেরা যেমন পারমী ধর্ম্ম পূর্ণ করিয়াছেন মহাবীর, আপনিও তেমন দশপারমী পূর্ণ করুন।

১৮১। অন্যান্য বুদ্ধগণ, যেমন বোধি মণ্ডপে বুদ্ধত্ব লাভ করিয়াছেন,

---

* "সোকোরোগো" পাঠান্তর।

১৭১। তেসং তদা সঞ্ঞাপেসি দীপঙ্করো মহামুনি,
বিস্সত্থা হোথ মা ভাথ ইমস্মিং * পুথুবি কম্পনে।২৫২॥

১৭২। য়মহং অজ্জ ব্যাকাসিং বুদ্ধো লোকে ভবিস্সতি,
এসো সম্মসতি ধম্মং পুব্বকং জিন-সেবিতং। ২৫৩॥

১৭৩। তস্স সম্মসতো ধম্মং বুদ্ধভূমিং অসেসতো,
তেনায়ং কম্পিতাপুথুবী দসসহস্সী সদেবকে।২৫৪॥

১৭৪। বুদ্ধস্স বচনং সুত্বা † মনো নিব্বায়ি তাবদে,
সব্বে মং উপসঙ্কম্ম পুনপি মং ‡ অভিবন্দিসুং। ২৫৫॥

১৭৫। সমাদিয়িত্বা বুদ্ধগুণং দল্হং কত্বান মানসং,
দীপঙ্করং নমস্সিত্বা আসনা বুট্ঠহিং তদা। ২৫৬॥

---

১৭১। তখন লোকনাথ দীপঙ্কর বুদ্ধ উপস্থিত জনসাধারণকে বলিলেন— "তোমরা আশ্বস্ত হও এবারের পৃথিবী কম্পনের দরুণ ভীত হইওনা।

১৭২। "আজ আমি যাহাকে বুদ্ধ হইবে বলিয়া প্রকাশ করিয়াছি, সেই ব্যক্তি অতীত বুদ্ধগণ সেবিত পারমী ধর্ম্ম সম্মর্শন বা সম্যক্‌ভাবে চিন্তা করিতেছে।

১৭৩। "বুদ্ধত্ব সাধক পারমী ধর্ম্ম, তাহার দ্বারা নিঃশেষ রূপে সুচিন্তিত হইয়াছে। তদ্ধেতু দেবলোক সহ দশ সহস্র চক্রবালে এই মহা পৃথিবী কাম্পিত হইতেছে।"

১৭৪। দীপঙ্কর বুদ্ধের বাক্য শুনিয়া তাহাদের মনের উৎকণ্ঠা বিদূরিত হইয়াছিল। তাহারা সকলে আমার নিকট উপস্থিত হইয়া পুনঃ আমাকে অভিবাদন করিয়াছিল।

১৭৫। তখন স্থির চিত্তে দশ পারমী ধর্ম্ম সুন্দররূপে গ্রহণ পূর্ব্বক দীপঙ্কর বুদ্ধের চরণে বন্দনা করিয়া পদ্মাসন হইতে উঠিয়াছিলাম।

---

* ল, ই, পঠবী! † "ভনো নিব্বায়তি"।

‡ "অভিবন্দিংসু" পাঠান্তর। অর্থ কথাতে ইহার 'অভি-বন্দসুং, পাঠ দৃষ্ট হয়।

১৬৬। চলতি রবতি * পঠবী উচ্ছুয়ন্তং'ব পীলিতং,
তেলয়ন্তে য়থা চক্কং এবং কম্পতি মেদিনী। ২৪৭ ॥

১৬৭। য়াবতা পরিসা আসি বুদ্ধস্স পরিবেসনে,
পবেধমানা সা তত্থ মুচ্ছিতা সেতি ভূমিয়ং। ২৪৮ ॥

১৬৮। ঘটা নেকসহস্সানি কুম্ভীনং চ সতা বহূ,
সংচুন্ন-মথিতা তত্থ অঞ্ঞমঞ্ঞং পঘট্টিতা।২৪৯ ॥

১৬৯। উব্বিগ্গা তসিতা ভীতা ভন্তা ব্যধিত মানসা,
মহাজনা সমাগম্ম দীপঙ্কর মুপাগমুং। ২৫০ ॥

১৭০। কিং ভবিস্সতি লোকস্স কল্যাণমথ পাপকং,
সব্বো উপদ্দুতো লোকো তং বিনোদেহি চক্খুমা। ২৫১॥

---

১৬৬। ঘূর্ণায়মান ইক্ষুযন্ত্রের ন্যায় এই মহাপৃথিবী বিচলিত হইয়াছিল এবং রব করিতেছিল। তৈল-যন্ত্রের চক্রের ন্যায় মেদিনী কম্পিত হইয়াছিল।

১৬৭। ভগবান দীপঙ্কর বুদ্ধের পরিবেশন স্থানে পরিষদ্‌বর্গ কাঁপিতে কাঁপিতে মূর্চ্ছিত হইয়া ভূমি শায়ী হইয়াছিল।

১৬৮। অনেক শত সহস্র কলসী ও ঘট পরস্পর সংঘর্ষিত হইয়া তথায় চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল।

১৬৯। উদ্বিগ্ন, ত্রাসিত ভীত, বিঘূর্ণিত ও দুঃখিত চিত্ত জন সাধারণ একত্রিত হইয়া দীপঙ্কর বুদ্ধের নিকট উপস্থিত হইল।

১৭০। উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল—"প্রভো, জগতের কল্যাণ হইবে অথবা কি অকল্যাণ হইবে? সমস্ত জগদ্বাসী উপদ্রুত হইয়াছে। হে চক্ষুষ্মান, আপনি আমাদের এই সংশয় ভঞ্জন করুন।

---

* "পুথবী" পাঠান্তর। পালিতে এই গাথার ক্রিয়া সকল বর্ত্তমান কালে ভাষিত।

১৪৫। বিচিনন্তো তদা দক্খিং সত্তমং সচ্চ পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং।২২৬॥

১৪৬। ইমং ত্বং সত্তমং তাব দল্‌হং কত্বা সমাদিয়,
তত্থ অদ্বেজ্ঝ বচনো সম্বোধিং পাপুনিস্সসি।২২৭॥

১৪৭। য়থাপি ওসধী নাম তুলাভূতা সদেবকে,
সময়ে উতুবস্সে বা নবোক্কমতি বীথিতো।২২৮॥

১৪৮। তথেব ত্বম্পি সচ্চেসু * নাতিক্কম হি বীথিতো,
সচ্চপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুনিস্সসি।২২৯॥

১৪৯। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা।২৩০॥

---

১৪৫। পরীক্ষা করিতে করিতে তখন পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত সপ্তম সত্য পারমী দেখিতে পাই।

১৪৬। তুমি এই সপ্তম সত্য পারমী দৃঢ়ভাবে গ্রহণ কর। তদ্দ্বারা সত্যভাষী হইয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৭। ঔষধি তারকা যেমন দেব-মনুষ্যদের তুল সদৃশ, হেমন্ত, গ্রীষ্ম ও বর্ষাকালে নিজের গমন বীথি (যাইবার রাস্তা) হইতে অপসারিত হয় না; অথবা দেব-মনুষ্যদের মধ্যে জীবন রক্ষণে ব্যবস্থিত যাবতীয় ঔষধ সমূহ যেমন নিজের আরোগ্য করিবার শক্তি হইতে অপগত হয় না।

১৪৮। তদ্রূপ তুমিও সত্যমার্গ অতিক্রম করিওনা। সত্য পারমী পূর্ণ করত সম্যক্ সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৯। কেবল এইমাত্র বুদ্ধকারক ধর্ম্ম নহে, বুদ্ধত্বের পরিপক্কতা সাধক অন্য যত প্রকার ধর্ম্ম আছে সেই সমস্ত ও চয়ন পূর্ব্বক পরীক্ষা করিব।

---

* উতুবট্টে হেব—মধুরত্থ বিলাসিনিয়ং পাঠান্তরং।

১৫০। বিচিনন্তো তদা দক্খিং অট্ঠমং অধিট্ঠান পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২৩১॥

১৫১। ইমং ত্বং অট্ঠমং তাব দল্হং কত্বা সমাদিয়,
তত্থ ত্বং অচলো হুত্বা সম্বোধিং পাপুনিস্সসি ।২৩২॥

১৫২। যথাপি পব্বতো সেলো অচলো সুপ্পতিট্ঠিতো,
ন কম্পতি ভূসবাতেহি সকট্ঠানে'ব তিট্ঠতি । ২৩৩ ॥

১৫৩। তথেব ত্বম্পি অধিট্ঠানে সব্বদা অচলো ভব,
অধিট্ঠান পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি ।২৩৪ ॥

১৫৪। ন হেতে এত্তকায়েব বুদ্ধধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা। ২৩৫ ॥

১৫৫। বিচিনন্তো তদা দক্খিং নবমং মেত্তপারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং। ২৩৬॥

---

১৫০। তখন বিবেচনা করিতে করিতে ভূতপূর্ব্ব মহর্ষিগণ সেবিত অষ্টম অধিষ্ঠান পারমী দেখিতে পাই।

১৫১। তুমি এই অষ্টম অধিষ্ঠান পারমী দৃঢ় ভাবে গ্রহণ করত তাহাতে নিশ্চল থাকিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৫২-১৫৩। অচল, সুপ্রতিষ্ঠিত শিলাময় পর্ব্বত যেমন ঝঞ্ঝাবায়ুতেও কম্পিত হয় না, স্বীয় স্থানেই স্থিত থাকে, তদ্রূপ তুমিও অধিষ্ঠানে সর্ব্বদা নিশ্চল হও। এইরূপে অধিষ্ঠান পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৫৪। বোধি পরিপাচক ধর্ম্ম এই মাত্র নহে। অপরাপর বোধি-পরিপাচক ধর্ম্ম সকলও চয়ন করিব।

১৫৫। তখন গবেষণা করিতে করিতে অতীত মহর্ষিগণ সেবিত নবম মৈত্রী পারমী দেখিতে পাইলাম।

---

* ইং—মা বোক্কমসি। অট্ঠ কথা—মা বোর্গ ং।

১৫৬ ইমং ত্বং নবমং তাব দলহং কত্বা সমাদিয়,
মেত্তায় অসমো হোহি য়দি বোধিং পত্তুমিচ্ছসি। ২৩৭॥

১৫৭। য়থাপি উদকং নাম কল্যাণে পাপকে জনে,
সমং ফরতি সীতেন পবাহেতি রজোমলং। ২৩৮॥

১৫৮। তথেব ত্বম্পি অহিতহিতে সমং মেত্তায় ভাবয়,
মেত্তা পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৩৯॥

১৫৯। ন হেতে এত্তকায়েব বুদ্ধধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা। ২৪০॥

১৬০। বিচিনন্তো তদা দক্খিং দসমং উপেক্খাপারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং। ২৪১॥

১৬১। ইমং ত্বং দসমং তাব দলহং কত্বা সমাদিয়,
তুলাভূতো দলেহা হুত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৪২॥

---

১৫৬। তুমি এই মৈত্রী পারমী দৃঢ় করিয়া গ্রহণ কর। যদি বুদ্ধত্ব লাভ করিতে ইচ্ছা কর, তবে মৈত্রী গুণে অতুলনীয় হও।

১৫৭-১৫৮। জল যেমন সৎব্যক্তি হউক আর অসৎ ব্যক্তি হউক সকলকে শীতলতার দ্বারা শান্ত করে এবং শরীরের ময়লা বিদূরীত করে, তেমন তুমিও শত্রু মিত্র সকলের প্রতি সমান মৈত্রী চিন্তা কর, এই প্রকার মৈত্রী পারমী পূর্ণ করিয়া সম্বোধি প্রাপ্ত হইবে।

১৫৯। বোধি পরিপাচক ধর্ম্ম এই মাত্র নহে, আরও তৎসম্বন্ধীয় ধর্ম গবেষণা করিব।

১৬০। তখন পরীক্ষা করিতে করিতে অতীত মহর্ষিগণের আচরিত দশম উপেক্ষা পারমী দেখিতে পাইলাম।

১৬১। তুমি এই দশম উপেক্ষা পারমী দৃঢ়ভাবে গ্রহণ কর;

---

* লঃ—রজোজল্লং।

১৬২। য়থাপি পঠবী নাম নিক্খিত্তং অসুচিং সুচিং,
উপেক্খতি উভো পেতে কোপানুনয় বজ্জিতো। ২৪৩॥

১৬৩। তথেব ত্বম্পি সুখদুক্খে তুলাভূতো সদা ভব,
উপেক্খাপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৪৪॥

১৬৪। এত্তকা য়েব তে লোকে য়ে ধম্মা বোধিপাচনা,
* ততুদ্ধং নথি অঞ্ঞত্র দল্হং তথ পতিট্‌ঠহ। ২৪৫॥

১৬৫। ইমে ধম্মে সম্মসতো * সভাব-সরস-লক্খণা,
ধম্মতেজেন বসুধা দসসহস্সী পকম্পথ। ২৪৬॥

---

তুলাদণ্ডের ন্যায় মধ্যস্থ হইয়া দৃঢ়চিত্ত হইলে সম্বোধি লাভ করিতে পারিবে।

১৬২। পৃথিবীতে নিক্ষিপ্ত শুচী অশুচী এই উভয় জিনিষের প্রতি পৃথিবী যেমন ক্রোধও করে না, অনুনয় বিনয়ও করে না, উপেক্ষা করিয়া থাকে—

১৬৩। সেইরূপ তুমিও সুখ দুঃখে সর্ব্বদা তুলাদণ্ডের ন্যায় মধ্যস্থ থাক এই প্রকারে উপেক্ষা পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৬৪। এই পর্য্যন্ত জগতে সর্ব্বজ্ঞতা জ্ঞান পরিপক্ককারী ধর্ম্ম। এই দশবিধ পারমী ধর্ম্মের অধিক আর নাই। তুমি ইহাতে দৃঢ়তার সহিত প্রতিষ্ঠিত থাক।

১৬৫। আমি যখন এই দশবিধ পারমী ধর্ম্ম স্বভাবরূপ রস ও লক্ষণের সহিত সম্যক্ প্রকারে চিন্তা করিতেছিলাম, তখন ধর্ম্মের তেজে দশ সহস্র চক্রবালসহ বসুন্ধরা প্রকম্পিত হইয়াছিল।

---

* "তদুদ্ধং" অন্যান্য প্রত্যেক গ্রন্থে।
"সভাব সরস লক্খনে" কোন কোন গ্রন্থে।

১৮৭। তদা তে ভোজয়িত্বান সসঙ্ঘং লোকনায়কং,
উপগঞ্ছুং সরণং তস্স দীপঙ্করস্স সত্থুনো। ২৬৮॥

১৮৮। সরণাগমনে কঞ্চি * নিবেসেসি তথাগতো,
কঞ্চি পঞ্চসু সীলেসু সীলে দসবিধে পরং। ২৬৯॥

১৮৯। কস্সচি দেতি সামঞ্ঞং † চতুরো ফলমুত্তমে,
কস্সচি অসমে ধম্মে দেতি সো পটিসম্ভিদা। ২৭০॥

১৯০। কস্সচি বরসমাপত্তিয়ো অট্ঠদেতি নরাসভো,
তিস্সো কস্সচি বিজ্জায়ো ছলভিঞ্ঞাপবেচ্ছতি। ২৭১॥

১৯১। তেন য়োগেন জনকায়ং ওবদতি সো মহামুনি,
তেন বিত্থারিকং আসি লোকনাথস্স সাসনং। ২৭২॥

---

১৮৭। তখন তাঁহারা ভিক্ষু-সঙ্ঘসহ লোকনাথ বুদ্ধকে ভোজন করাইয়া সেই দীপঙ্কর শাস্তার শরণ গ্রহণ করিয়াছিলেন।

১৮৮। কাহাকে শরণাগমনে, কাহাকে পঞ্চশীলে, আর অন্য কাহাকে দশশীলে প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

১৮৯। তিনি কাহাকেও চতুর্ব্বিধ উত্তম শ্রামণ্যফল (চারিমার্গফল) প্রদান করেন, কাহাকে চতুর্প্রতিসম্ভিদা ধর্ম্ম প্রদান করেন।

১৯০। নরার্ষভ বুদ্ধ কোন ব্যক্তিকে অষ্টবিধ উত্তম সমাপত্তি, কাহাকে ত্রিবিদ্যা এবং ষড়াভিজ্ঞা প্রদান করেন।

১৯১। সেই মহামুনি দীপঙ্কর এই উপায়ে জনসাধারণকে উপদেশ দিতেন, তাই লোকনাথের শাসন বিস্তৃত হইয়াছিল।

---

* ল, নিবাসেতি, নিবাসেসি চতুত্থে।

† ল; ছলভিঞ্ঞ্ক্রায়ো পবচ্ছতি।

১৯২। মহাহনূসভক্খন্ধো দীপঙ্করো সনামকো,
বহু জনে তারয়তি পরিমোচেতি দুগ্গতিং। ২৭৩ ॥

১৯৩। বোধনেয়্যং জনং দিস্বা সত সহস্সেপি য়োজনে,
খণেন উপগন্ত্বান বোধেতি তং মহামুনি। ২৭৪ ॥

১৯৪। পঠমাভিসময়ে বুদ্ধো কোটিসতমবোধয়ি,
দুতিয়াভিসময়ে নাথো নবুতি কোটিমবোধয়ি। ২৭৫ ॥

১৯৫। য়দা চ দেবভবনম্হি বুদ্ধো ধম্মমদেসয়ি,
নবুতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ২৭৬॥

১৯৬। সন্নিপাতা তয়ো আসুং দীপঙ্করস্স সত্থুনো,
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ২৭৭ ॥

---

১৯২। মহাকপোল ও বৃষভ স্কন্ধ দীপঙ্কর নামক সর্ব্বজ্ঞ বুদ্ধ বহুজনকে পরিত্রাণ ও দুর্গতি-মুক্ত করিয়াছিলেন।

১৯৩। মহামুনি দীপঙ্কর সত্যধর্ম্ম অববোধ করিতে সমর্থবান ব্যক্তিকে দিব্যচক্ষে দেখিতে পাইলে, লক্ষ যোজন পথও মুহূর্ত্তের মধ্যে যাইয়া তাহাকে সত্যাববোধ করাইতেন।

১৯৪। লোকনাথ সম্যক সম্বুদ্ধ প্রথম ধর্ম্ম-সভায় শত কোটি, দ্বিতীয় ধর্ম্ম-সভায় নব্বই কোটি জনকে সত্য ধর্ম্ম অববোধ করাইয়াছিলেন।

১৯৫। সর্ব্বজ্ঞ বুদ্ধ যখন দেব-ভবনে ধর্ম্মদেশনা করিয়াছিলেন, তখন নব্বই সহস্র কোটি প্রাণীর তৃতীয় ধর্ম্মাভিসময় হইয়াছিল।

১৯৬। শাস্তা দীপঙ্কর বুদ্ধের তিনটি (ভিক্ষুগণের) ধর্ম্মসভা আহূত হইয়াছিল। প্রথম সভায় কোটি লক্ষ ভিক্ষু উপস্থিত ছিলেন।

১৯৭। পুন নারদকূটম্হি পবিবেক গতে জিনে,
খীণাসবা * বীতমলা সমিংসু সতকোটিয়ো। ২৭৮ ॥

১৯৮। য়ম্হি কালে মহাবীরো সুদস্সন সিলুচ্চয়ে,
নবুতি কোটি সহস্সেহি পবারেসি মহামুনি। ২৭৯ ॥

১৯৯। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
অন্তলিক্খম্হি চরণো পঞ্চাভিঞ্ঞাসু পারগূ। ২৮০ ॥

২০০। দস বীস সহস্সানং ধম্মাভিসময়ো অহু,
এক-দ্বিন্নং অভিসময়ো গণনাতো অসঙ্খিয়ো। ২৮১ ॥

২০১। বিত্থারিকং বাহুজঞ্ঞং ইদ্ধং ফীতং অহু তদা,
দীপঙ্করস্স ভগবতো সাসনং সুবিসোধিতং। ২৮২ ॥

---

১৯৭। পুনঃ বিবেকপরায়ণ বুদ্ধের নারদ পর্ব্বতে অবস্থানকালীন, শত কোটি বিগতমল ক্ষীণাশ্রব একত্রিত হইয়াছিলেন.

১৯৮। যখন মহাবীর্য্যবান মহামুনি সুদর্শন পর্ব্বতে নব্বই কোটি সহস্র পরিষদের সহিত প্রবারণা করিয়াছিলেন,

১৯৯। তখন আমি ক্লেশসন্তাপনকারী আকাশে বিচরণশীল পঞ্চাভিজ্ঞায় পারদর্শী জটাধারী তাপস ছিলাম।

২০০। এক এক বারে দশ সহস্র বা বিশ সহস্র জনের ধর্ম্মলাভ হইয়াছিল। একজন দুইজন করিয়া কত জনের যে ধর্ম্মাববোধ হইয়াছিল, তাহা গণনাতীত।

২০১। তৎকালে ভগবান দীপঙ্কর বুদ্ধের শাসন বহুজন বিদিত, শীলাদি ধর্ম্মে সমৃদ্ধ, স্মৃতি-সমাধিতে স্ফীত, সুবিশোধিত ও বিস্তৃত হইয়াছিল।

---

* বিগত মলা, কোন কোন গ্রন্থে।

২০২। চত্তারি সতসহস্সানি ছলভিঞ্ঞা মহিদ্ধিকা,
দীপঙ্করং লোকবিদুং * পরিবারেন্তি সব্বদা। ২৮৩ ॥

২০৩। য়ে কেচি তেন সময়েন জহন্তি মানুসং ভবং,
অপ্পত্ত মানসা সেখা গরহিতাব ভবন্তি তে। ২৮৪ ॥

২০৪। সুপুপ্ফিতং পাবচনং অরহন্তেহি তাদিহি,
খীণাসবেহি বিমলেহি * উপসোভতি সব্বদা। ২৮৫ ॥

২০৫। নগরং রম্মবতী নাম সুদেবো নাম খত্তিয়ো,
সুমেধা নাম জনিকা দীপঙ্করস্স সত্থুনো। ২৮৬ ॥

২০৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
হংসা কোঞ্চা ময়ূরা চ তয়ো পাসাদ মুত্তমা। ২৮৭ ॥

---

২০২। ষড় অভিজ্ঞা সম্পন্ন, মহাঋদ্ধিমান চারিলক্ষ প্রমাণ ভিক্ষু, সর্ব্বদা দীপঙ্কর বুদ্ধকে পরিবৃত্ত হইয়া থাকিতেন।

২০৩ সেই সময়ে, যাঁহারা অরহত্ব ফল লাভ না করিয়া শিক্ষার্থী ভাবে মানবলীলা সম্বরণ করিতেন, তাঁহারা সাধারণের মধ্যে নিন্দিত হইতেন।

২০৪। অভিজ্ঞা-কুসুমের দ্বারা সুপুষ্পিত প্রাবচন বা বুদ্ধ-শাসন অষ্ট-লোক ধর্ম্মে অকম্পিত ক্ষীণাশ্রব, বিগতমল অর্হৎদিগের দ্বারা সর্ব্বদা সুশোভিত ছিল।

২০৫। দীপঙ্কর বুদ্ধের জন্ম ভূমি রম্যবতী নগর। পিতার নাম সুদেব ক্ষত্রিয়, মাতার নাম সুমেধা ছিল।

২০৬। তিনি দশসহস্র বৎসর গৃহবাসে ছিলেন। হংস, ক্রৌঞ্চ ও ময়ূর নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "উপসোভতি সদেবকে"

২০৭। তীণি সতসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
পদুমা নাম সা নারী উসভক্খন্ধো নাম অত্রজো। ২৮৮ ॥

২০৮। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ২৮৯ ॥

২০৯। পধানচারং চরিত্বা অবুজ্ঝি মানসং মুনি,
ব্রহ্মুনা য়াচিতো সন্তো দীপঙ্করো মহামুনি। ২৯০ ॥

২১০। বত্তি চক্কং মহাবীরো নন্দারামে সিরীধরে,
নিসিন্নো সিরীসমূলম্হি অকাতিত্থিয় মদ্দনং। ২৯১ ॥

২১১। সুমঙ্গলো চ তিস্সো চ অহেসুং অগ্গসাবকা,
সাগতো নামুপট্ঠাকো দীপঙ্করস্স সত্থুনো। ২৯২ ॥

---

২০৭। তাঁহার অলঙ্কার সুশোভিতা তিন লক্ষ নর্ত্তকীরমণী, পদুমা নাম্নী প্রধানা মহিষী ও উসভ (বৃষভ) স্কন্ধ নামক পুত্র ছিল।

২০৮। দীপঙ্কর জিন জরা-ব্যাধি-মৃত্যু ও প্রব্রজিত এই চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া হস্তী যানারোহণে মহাভিনিষ্ক্রমণ করতঃ অনূন দশমাস পর্য্যন্ত উৎসাহের সহিত ধ্যান করিয়াছিলেন।

২০৯-২১০। মুনিবর ধ্যানাচার দ্বারা অর্হৎ ফল লাভ করিয়াছিলেন। মহাবীর দীপঙ্কর মুনি, সহম্পতি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, সুশোভিত নন্দারামে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন, এবং সিরিশ বৃক্ষ-মূলে বসিয়া তীর্থীয়দিগকে পরাভব করিয়াছিলেন।

২১১। ভগবান দীপঙ্কর বুদ্ধের সুমঙ্গল এবং তিষ্য নামক দুইজন অগ্রশ্রাবক ও সাগত নামক (সেবক শিষ্য) ছিলেন।

---

§ ইং, চরেত্বা।

২১২। নন্দা চেব সুনন্দা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পিপ্ফলী'তি পবুচ্চতি ২৯৩ ॥

২১৩। তপস্সু ভল্লিকা নাম অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা সোণা উপট্ঠিকা দীপঙ্করস্স সত্থুনো ২৯৪ ॥

২১৪। * অসীতিহত্থমুব্বেধো দীপঙ্করো মহামুনি,
সোভতি দীপরুক্খো'ব সালরাজা'ব ফুল্লিতো ২৯৫ ॥

২১৫। বস্সসতসহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং ২৯৬ ॥

২১৬। জোতয়িত্বান সদ্ধম্মং সন্তারেত্বা মহাজনং,
জলিত্বা অগ্গিক্খন্ধো' ব নিব্বুতো সো সসাবকো ২৯৭ ॥

---

২১২। তাঁহার নন্দা আর সুনন্দা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিলেন; পিপ্পলী-বৃক্ষ সেই ভগবানের বোধিদ্রুম বলিয়া কথিত আছে।

২১৩। তাঁহার তপস্সু ও ভল্লিক নামক দুইজন প্রধান-উপাসক এবং সিরিমা ও সোণা নাম্নী দুইজন প্রধানা উপাসিকা ছিলেন।

২১৪। মহামুনি দীপঙ্কর অশীতি হস্ত উচ্চ ছিলেন। তিনি প্রদীপ বৃক্ষের এবং সুপুষ্পিত শালরাজের ন্যায় শোভা পাইতেন।

২১৫। সেই মহর্ষির লক্ষ বৎসর পর্যন্ত পরমায়ু ছিল; সেই লক্ষ বৎসরাবধি তিনি সংসারে বিদ্যমান থাকিয়া বহুজনসাধারণকে ত্রাণ করিয়াছিলেন।

১১৬। তিনি সদ্ধর্ম্ম প্রচার করিয়া ও মহতী জনতাকে পরিত্রাণ করিয়া বুদ্ধশ্রীর দ্বারা অগ্নি স্কন্ধের ন্যায় জ্যোতিঃ বিকীর্ণ করতঃ সশ্রাবক পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

---

* অর্থকথায় "অসীতি হত্থুব্বেধো" এরূপ পাঠান্তর দ্রষ্টব্য।

২১৭। সা চ ইদ্ধি সো চ য়সো তানি চ পাদেসু চক্করতনানি,
সব্বং সমন্তরহিতং নন্থু রিত্তা সব্বসঙ্খারাতি ? ২৯৮॥

২১৮। দীপঙ্করো জিনো সত্থা নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিন থূপো ছত্তিংসুব্বেধ য়োজনোতি ॥ ২৯৯॥

২১৭। সেই ঋদ্ধি, সেই যশঃ এবং শ্রীপাদদ্বয়ের সেই চক্ররত্ন, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অতএব সংস্কার সকল তুচ্ছ ও অসার নহে কি?

২১৮। দীপঙ্কর জিন শাস্তা নন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন, সেই স্থানেই তাঁহার ছয়ত্রিশ যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

## দীপঙ্কর বুদ্ধ-বংশ সমাপ্ত (১)

# কোণ্ডঞ্ঞ বুদ্ধ-বংসো (২)

১। দীপঙ্করস্স অপরেন কোণ্ডঞ্ঞো নাম নায়কো,
অনন্ততেজো অমিতয়সো অপ্পমেয়্যো দুরাসদো। ৩০০ ॥

২। ধরণূপমো খমনেন সীলেন সাগরূপমো,
সমাধিনা মেরুসমো ঞাণেন গগনূপমো। ৩০১ ॥

৩। ইন্দ্রিয়-বল-বোজ্ঝঙ্গ মগ্গসচ্চপ্পকাসনং,
পকাসেসি সদা বুদ্ধো হিতায় সব্বপাণিনং। ৩০২ ॥

৪। ধম্ম চক্কং পবত্তেন্তে কোণ্ডঞ্ঞে লোক নায়কে,
কোটিসত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৩০৩ ॥

---

# কৌণ্ডিণ্য বুদ্ধ-বংশ (২)

১। দীপঙ্কর বুদ্ধের পর, শীল-গুণ পুণ্য-তেজে অনন্ত তেজসম্পন্ন, বহু পরিবার যুত, অপ্রমেয় গুণবান ও অপরাজেয় কৌণ্ডিণ্য নামক বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনি ক্ষান্তি গুণে দুইলক্ষ চল্লিশ হাজার যোজন গভীর পৃথিবীর ন্যায়, শীলগুণে সাগর সদৃশ, সমাধি গুণে সুমেরু পর্ব্বত সদৃশ, আর জ্ঞানে অনন্ত আকাশের ন্যায় ছিলেন।

৩। তিনি সর্ব্বদা প্রাণীদিগের হিতের জন্য, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, অষ্টমার্গসত্যাদি প্রকাশক সদ্ধর্ম প্রচার করিয়াছিলেন।

৪। লোকনাথ কৌণ্ডিণ্য বুদ্ধ ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিবার সময় প্রথম বারে কোটি লক্ষ প্রাণীর ধর্ম্মাভিসময় বা ধর্ম্ম-লাভ হইয়াছিল।

---

ইং, মেরূপমো।

৫। ততো পরম্পি দেসেন্তে নরমরূনং সমাগমে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ। ৩০৪॥

৬। তিত্থিয়ে অভিমদ্দন্তো য়দা ধম্মমদেসয়ি,
অসীতি কোটি সহস্সানং ধম্মাভিসময়ো অহূ। ৩০৫॥

৭। সন্নিপাতা তয়ো আসুং কোণ্ডঞ্ঞস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৩০৬॥

৮। কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো,
দুতিয়ো কোটি সহস্সানং ততিয়ো নবুতি কোটিনং। ৩০৭॥

৯। অহং তেন সময়েন বিজিতাবী নাম খত্তিয়ো,
সমুদ্দমন্তমন্তেন * ইস্সেরং বত্তয়ামহং। ৩০৮॥

---

৫। তারপর দেব-মনুষ্য দিগের সভায় ধর্ম্ম দেশনা করিবার সময় নব্বই সহস্র কোটি দেব-মনুষ্যের ধর্ম্মাববোধ হইয়াছিল।

৬। যখন তীর্থিয় দিগকে দমন করিবার জন্য ধর্ম্মদেশনা করিয়াছিলেন, সেই সময় অশীতি সহস্র কোটি প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

৭। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের সময়ে বিমল, শান্তচিত্ত, ইষ্টানিষ্ট বিষয়ে সমদর্শী, ক্ষীণাশ্রব অর্হৎদিগের তিনটি সভা হইয়াছিল।

৮। প্রথম সভায় লক্ষ কোটি, দ্বিতীয় সভায় সহস্র কোটি ও তৃতীয় সভায় নব্বই কোটি প্রাণীর সমাগম হইয়াছিল।

৯। আমি সেই সময় বিজিতাবী নামক ক্ষত্রিয় রাজা হইয়াছিলাম। সমুদ্র হইতে চক্রবাল পর্ব্বত পর্য্যন্ত আমার প্রভুত্ব বিস্তৃত ছিল।

---

* "ইস্সরিয়ং" অট্ঠকথা। ইং, ইস্সেরং। নং, ইস্সরং

১০। কোটিসত সহস্সানং বিমলানং মহেসিনং,
সহলোকগ্গনাথেন পরমান্নেন তপ্পয়িং। ৩০৯॥

১১। সোপি মং বুদ্ধো ব্যাকাসি কোণ্ডঞ্ঞো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে বুদ্ধো লোকে ভবিস্সতি। ৩১০॥

১২। পধানং পদহিত্বান কত্বা দুক্কর কারিকং,
অস্সত্থমূলে সম্বুদ্ধো বুজ্ঝিস্সতি মহায়সো। ৩১১॥

১৩। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো। ৩১২॥

১৪। কোলিতো উপতিস্সোচ অগ্গা হেস্সন্তি সাবকা,
আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং। ৩১৩॥

---

১০। আমি সেই সময়ে লোকশ্রেষ্ঠ বুদ্ধসহ লক্ষ কোটি সুবিমল মহাঋষিকে পরমান্ন দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১১। সেই লোকগুরু কৌণ্ডিণ্য বুদ্ধও আমার ভবিতব্য এইরূপ প্রকাশ করিয়াছিলেন। "ইনি এই হইতে লক্ষাধিক তিন অসংখ্য কল্প পরে জগতে বুদ্ধ হইবেন।

১২। "সেই মহা যশস্বী সম্যক সম্বুদ্ধ দৃঢ়বীর্য্যের সহিত ধ্যান এবং দুষ্কর ক্রিয়া করিয়া অশ্বত্থ বৃক্ষ-মূলে চতুরার্য্যসত্য অববোধ করিবেন।

১৩। "ইঁহার গর্ভ ধারিণী জননীর নাম মায়া, পিতার নাম শুদ্ধোদন এবং ইঁহার নাম গৌতম হইবে।

১৪। "কোলিত ও উপতিষ্য এই দুইজন অগ্রশ্রাবক হইবে। আনন্দ নামক সেবক সেই জিনকে সেবা করিবে।

১৫। খেমা উপ্পলবণ্ণাচ অগ্গা হেস্সন্তি সাবিকা,
বোধি তস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি। ৩১৪ ॥

১৬। চিত্তো চ হত্থালবকো অগ্গা হেস্সন্তুপট্‌ঠকা,
উত্তরা নন্দমাতা চ অগ্গা হেস্সন্তুপট্‌ঠিকা। ৩১৫ ॥

১৭। আয়ু বস্সসতং তস্স গোতমস্স য়সস্সিনো,
ইদং সুত্বান বচনং অসমস্স মহেসিনো;
আমোদিতা নরমরূ বুদ্ধ বীজঙ্কুরো অয়ং। ৩১৬ ॥

১৮। উক্কুট্‌ঠি সদ্দা বত্তন্তি অপ্ফোঠেন্তি হসন্তি চ,
কতঞ্জলী নমস্সন্তি দসসহস্সী সদেবকা। ৩১৭ ॥

১৯। য়দিমস্স লোকনাথস্স বিরজ্ঝিস্সাম সাসনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ৩১৮ ॥

---

১৫। "ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা হইবে। তাঁহার বোধিদ্রুম অশ্বত্থ বৃক্ষ নামে পরিচিত হইবে।

১৬। "চিত্ত ও হত্থালবক এই দুইজন প্রধান উপস্থায়ক হইবে. উত্তরা ও নন্দমাতা অগ্র উপস্থায়িকা অর্থাৎ প্রধান সেবিকা হইবে।

১৭-১৮। "সেই যশস্বী গোতম বুদ্ধের আয়ু শতবর্ষ হইবে।" অপ্রতিম মহর্ষির এই বাক্য শ্রবণ করিয়া দেব মনুষ্যগণ ইনি "বুদ্ধবীজাঙ্কুর" বলিয়া আনন্দ ধ্বনি করিতে লাগিল। কেহ কেহ আনন্দে বিভোর হইয়া হাসিতে ও করতালি দিতেছিল, আর দেবগণ সহ দশসহস্র চক্রবাল বাসী কৃতাঞ্জলী পুটে অভিবাদন করিতেছিল।

১৯। যদি এই লোকনাথ কোণ্ডিণ্য বুদ্ধের শাসনে অরহৎ ফল লাভে বঞ্চিত হই, তবে অনাগতে ইঁহার সম্মুখীন হইব।

২০। য়থা মনুস্সা নদিং তরন্তা পটিতিত্থং বিরজ্ঝিয়,
হেট্ঠা তিত্থে গহেত্বান উত্তরন্তি মহানদিং। ৩১৯॥

২১। এবমেব ময়ং সব্বে য়দি মুঞ্চামিমংজিনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ৩২০॥

২২। তস্সাহং বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
তমেব অত্থং সাধেন্তো মহারজ্জং জিনে অদং;
মহারজ্জং চজিত্বান পব্বজিং তস্স সন্তিকে। ৩২১॥

২৩। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৩২২॥

২৪। তত্থপ্পমত্তো বিহরন্তো নিসজ্জট্ঠান চঙ্কমে,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৩২৩॥

---

২০-২১। মানুষেরা যেমন নদী পার হইবার সময় সম্মুখের নির্দ্দিষ্ট ঘাট ভুলে অতিক্রম করিয় গেলেও পরবর্ত্তী ঘাটে মহানদী পার হইয়া থাকে, সেরূপ আমরা সকলে এই বর্ত্তমান বুদ্ধের সময়ে মুক্তি লাভে বঞ্চিত হইলেও অনাগতে ইঁহার সম্মুখীন হইয়া মুক্তি লাভ করিব।

২২। আমি তাঁহার বাক্য শুনিয়া অতিশয় চিত্ত প্রসন্ন করিয়াছিলাম এবং সেই দুর্ল্লভ বুদ্ধত্ব সিদ্ধির জন্য মহারাজ্য জিনকে পূজা করতঃ মহারাজ্য ত্যাগ করিয়া তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৩। সুত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তার শাসন অর্থাৎ বুদ্ধবাক্য ত্রিপিটক সম্পূর্ণ শিক্ষা করিয়া বুদ্ধশাসন সুশোভিত করিয়াছিলাম।

২৪। আমি কৌণ্ডিণ্য দশবলের শাসনে উপবেশন, দাঁড়ান ও পদচারণ এই ত্রিবিধ অবস্থায় অপ্রমত্ত ভাবে বাস করতঃ অভিজ্ঞায় পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৫। নগরং রম্মবতী নাম সুনন্দো নাম খত্তিয়ো,
সুজাতা নাম জনিকা কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩২৪॥

২৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
রুচী সুরুচী সুভো তয়ো পাসাদ বরমুত্তমা। ৩২৫॥

২৭। তীনি সত সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
রুচী দেবী নাম নারী বিজিতসেনো নাম অত্রজো। ৩২৬॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৩২৭॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো কোণ্ডঞ্ঞো দ্বিপদুত্তমো,
বত্তি চক্কং মহাবীরো দেবানং নগরুত্তমে। ৩২৮॥

---

২৫। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের জন্মস্থান রম্যবতী নগর, পিতা সুনন্দ নামক ক্ষত্রিয় ও জননী সুজাতা দেবী নামে অভিহিত ছিলেন।

২৬। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন, রুচী, সুরুচী ও সুভ নামে তাঁহার তিনখানি উত্তম রমণীয় প্রাসাদ ছিল।

২৭। তাঁহার অলঙ্কার প্রতিমণ্ডিতা তিনলক্ষ পরিচারিকা ললনা, রুচী দেবী নাম্নী প্রধানা মহিষী এবং বিজিতসেন নামক পুত্র ছিল।

২৮। তিনি চারি প্রকার পূর্ব্বনিমিত্ত দর্শন করিয়া রথারোহণে গৃহ হইতে অভিনিক্রমণ করিয়াছিলেন এবং অন্যূন দশমাস ব্যাপী বুদ্ধত্ব লাভের জন্য দৃঢ় প্রচেষ্টা করিয়াছিলেন।

২৯। দ্বিপদোত্তম মহাবীর কৌণ্ডিণ্য বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় দেবতাদিগের উত্তম নগরে (তুষিতপুরে) ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। ভদ্দো চেব সুভদ্দো চ অহেসুং অগ্গসাবকা,
অনুরুদ্ধো নামুপট্ঠাকো কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩২৯॥

৩১। তিস্সা চ উপতিস্সা চ অহেসুং অগ্গসাবিকা,
সাল কল্যাণিকো বোধি কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩৩০॥

৩২। সোনো চ উপসেনো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নন্দা চেব সিরিমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৩৩১॥

৩৩। অট্ঠাসীতি হত্থানি অচ্চুগ্গতো সো মহামুনী
সোভতি উলুরাজা'ব সুরিয়ো নভন্তিকে যথা। ৩৩২॥

৩৪। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৩৩৩॥

---

৩০। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের ভদ্দ ও সুভদ্দ অগ্রশ্রাবক এবং অনুরুদ্ধ সেবক ছিল।

৩১। সেই মহাঋষি কৌণ্ডিণ্য বুদ্ধের তিষ্যা ও উপতিষ্যা নামিকা দুইজন অগ্রশ্রাবিকা এবং শাল কল্যাণী বৃক্ষ তাঁহার বোধিদ্রুম ছিল।

৩২। সোন ও উপসেন তাঁহার অগ্র উপাসক, এবং নন্দা ও সিরিমা অগ্র উপাসিকা নামে খ্যাত ছিল।

৩৩। সেই মহামুনির উচ্চতা অষ্টাশীতি হস্ত। তারকা রাজ চন্দ্রের তুল্য বা মধ্যাহ্ন কালীন সূর্য্যের ন্যায় শোভিত হইতেন।

৩৪। তৎকালে আবির্ভূত লোকের লক্ষবৎসর পরমায়ু ছিল। তিনিও ততদিন যাবৎ বিদ্যমান থাকিয়া বহুজনতাকে ভবসাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৫। খীণাসবেহি বিমলেহি বিচিত্তা আসি মেদিনী,
য়থাহি গগনং উলূহি এবং সো উপসোভথ। ৩৩৪॥

৩৬। তেপি নাগা অপ্পমেয়্যা অসংখোভা দুরাসদা,
বিজ্জুপাতং'ব দস্সেত্বা নিব্বুতা তে মহায়সা। ৩৩৫॥

৩৭। সা চ অতুলিয়া জিনস্স ইদ্ধি ঞাণ পরিভাবিতো চ সমাধি,
সব্বং সমন্ত রহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা'তি। ৩৩৬॥

৩৮। কোণ্ডঞ্ঞো পবরো বুদ্ধো চন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব চেতিয়ো চিত্তো সত্তয়োজন মুস্সিতো'তি। ৩৩৭॥

---

৩৫। তখন ক্ষীণাশ্রবগণের দ্বারা মেদিনী বিচিত্রা ছিল। আকাশ যেমন তারকা রাজির দ্বারা শোভা পায় তেমন কৌণ্ডিণ্য বুদ্ধও অর্হৎগণের দ্বারা শোভা পাইতেন।

৩৬। অপরিমিত শীল সমাধি ইত্যাদি গুণ বিমণ্ডিত, লোকধর্ম্মে অকম্পিত ও অপরাজিত সেই অর্হৎগণ বিদ্যুতের ন্যায় দেখা দিয়া পরি নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। বুদ্ধের এই অতুলনীয় ঋদ্ধি, জ্ঞান পরিভাবিত সমাধি ইত্যাদি সমস্ত বিলুপ্ত হইয়া গিয়াছে। সকল সংস্কার ধর্ম্ম অসার নহে কি?

৩৮। প্রবর কৌণ্ডিণ্য বুদ্ধ চন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় সাত যোজন উচ্চ বিচিত্র চৈত্য নির্ম্মিত হইয়াছিল।

* ৩৯। নহেব ধাতুয়ো তস্স সত্থুনো বিকিরিংসু তা,
ঠিতা একঘনা হুত্বা সুবন্ন পটিমা বিয়। ৩৩৮॥

---

৩৯। সেই শাস্তা কৌণ্ডিণ্য বুদ্ধের শারীরিক অস্থি ধাতু সমূহ বিকীর্ণ হয় নাই। সুবর্ণ প্রতিমা তুল্য জমাট হইয়া বিদ্যমান ছিল।

---

* ৩৯ নং গাথাটি মূল পালি গ্রন্থে দৃষ্ট হয় না। অর্থকথায় ইহা সন্নিবেশিত আছে। প্রয়োজন বোধে আমরা গ্রহণ করিলাম।

# মঙ্গল বুদ্ধ বংসো (৩)

১। কোণ্ডঞ্ঞস্স অপরেন মঙ্গলো নাম নায়কো,
তমং লোকে নিহন্ত্বান ধম্মোক্কং অভিধারয়ি। ৩৩৯॥

২। অতুলাসি (১) পভা তস্স জিনেহঞ্ঞেহি উত্তরিং,
চন্দ সুরিয়প্পভং হন্ত্বা দসসহস্সী * বিরোচয়ীতি। ৩৪০॥

৩। সোপি বুদ্ধো পকাসেসি + চতুসচ্চা বরুত্তমে,
তে তে সচ্চ রসং পীত্বা বিনোদেন্তি মহাতমং। ৩৪১॥

৪। পত্বান বোধিমতুলং পঠমে ধম্ম দেসনে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৩৪২॥

---

## মঙ্গল বুদ্ধ বংশ (৩)

১। কৌণ্ডিণ্য বুদ্ধের পরবর্ত্তী কালে মঙ্গল নায়ক সম্যক সম্বুদ্ধ জগতের মহান্ধকার বিনাশ করিয়া ধর্ম্ম মশাল ধারণ করিয়াছিলেন।

২। তাঁহার শরীর প্রভা অতুলনীয়, অন্যান্য বুদ্ধগণ হইতে অধিকতর উজ্জ্বল; চন্দ্র সূর্য্যের প্রভা নিস্তেজ করিয়া দশ সহস্র চক্রবাল উদ্ভাসিত করিয়াছিল।

৩। সেই মঙ্গল বুদ্ধও উত্তম সর্ব্বশ্রেষ্ঠ চতুরার্য্য সত্য প্রকাশ করিয়াছিলেন। সেই সেই দেবমনুষ্যগণ সত্য-রস পান করিয়া মহা মোহান্ধকার দূরীভূত করিয়াছিল।

৪। অতুলনীয় সম্যক সম্বোধি প্রাপ্ত হইয়া প্রথম যেই ধর্ম্মদেশনা করিয়াছিলেন; সেই দেশনায় লক্ষ কোটি প্রাণীর প্রথমবারে ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

---

(১) ল, ইং অতুলাপি। * ইং, অথ বিরোচতি। + চতুরোসচ্চ বরূত্তমে।

৫। সুরিন্দ দেব ভবনে ১ বুদ্ধো ধম্মমদেসয়ি,
নব কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৩৪৩ ॥

৬। য়দা সুনন্দো চক্কবত্তী সম্বুদ্ধমুপসঙ্কমি,
তদা অহনি সম্বুদ্ধো ধম্মভেরিং বরুত্তমং। ৩৪৪ ॥

৭। সুনন্দস্সানুচরা জনতা তদাসুং নবুতি কোটিয়ো,
সব্বেব তে নিরবসেস অহেসুং এহিভিক্খুকা। ৩৪৫ ॥

৮। সন্নিপাতা তয়ো আসুং মঙ্গলস্স মহেসিনো,
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৩৪৬ ॥

---

৫। মঙ্গল বুদ্ধ যেই সময় সুরেন্দ্র দেবভবনে অভিধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তখন নব সহস্র কোটি প্রাণীর দ্বিতীয়বারে ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। সুনন্দ নামক চক্রবর্ত্তী রাজা যখন ধর্ম্ম শ্রবণার্থ সম্বুদ্ধের নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন তিনি অত্যুত্তম ধর্ম্মভেরী নিনাদিত করিয়াছিলেন।

৭। তখন সুনন্দ রাজের অনুচর জনতা নব্বই কোটি ছিল, তাঁহারা সকলেই নিরবশেষ রূপে "এস ভিক্ষু" উপসম্পদায় উপসম্পন্ন হইয়াছিলেন।

৮। মহর্ষি মঙ্গল বুদ্ধের তিনটি ধর্ম্মসভা আহুত হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি সভাসদের সমাগম হইয়াছিল।

---

১ ইং, "য়দা বুদ্ধ পকাসয়ি"

৯। তুতিয়ো কোটি সহস্সানং ততিয়ো নবুতি কোটিনং,
খীণাসবানং বিমলানং তদা আসি সমাগমো। ৩৪৭ ॥

১০। অহং তেন সময়েন সুরুচী নাম ব্রাহ্মণো,
অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগু। ৩৪৮ ॥

১১। তম'হং উপসঙ্কম্ম সরণং গন্ত্বান সত্থুনো,
সম্বুদ্ধ পমুখং সঙ্ঘং গন্ধমালেন পূজয়িং।
পূজেত্বা গন্ধমালেন গব পানেন তপ্পয়িং। ৩৪৯ ॥

১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি মঙ্গলো দ্বিপদোত্তমো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি ৩৫০ ॥

---

৯। দ্বিতীয় বারের সমাগমে সহস্র কোটি এবং তৃতীয় বারের সমাগমে নব্বই কোটি সংখ্যক কামরাগাদি মল বিহীন ক্ষীণাশ্রব অর্হৎ উপস্থিত ছিল।

১০। তখন আমি ত্রিবেদ পারদর্শী, শাস্ত্রজ্ঞ সুরুচী নামক অধ্যাপক ব্রাহ্মণ ছিলাম।

১১। আমি মঙ্গল বুদ্ধের নিকট উপস্থিত হইয়া তাঁহার শরণ গ্রহণ পূর্ব্বক বুদ্ধ প্রমুখ ভিক্ষু সংঘকে গন্ধ মাল্য দ্বারা পূজা করিয়াছিলাম। সুগন্ধ মাল্য পূজা করিয়া, গাভীর-দুগ্ধের দ্বারা পরিতৃপ্ত করিয়াছিলাম।

১২। সেই দ্বিপদোত্তম মঙ্গল বুদ্ধ ও আমার বিষয়ে এরূপ ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন— "ইনি এই হইতে অপরিমিত কল্প পরে বুদ্ধ হইবেন।"

২৩। *তস্সাপি বচনং সুত্বা ভীয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৩৬১॥

২৪। তদা পীতিমনুব্রূহেন্তো সম্বোধি বর পত্তিয়া,
বুদ্ধে দত্বান মং গেহং পব্বজিং তস্স সন্তিকে। ৩৬২॥

২৫। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিনসাসনং। ৩৬৩॥

২৬। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৩৬৪॥

২৭। নগরং উত্তরং নাম উত্তরো নাম খত্তিয়ো,
উত্তরা নাম জনিকা মঙ্গলস্স মহেসিনো। ৩৬৫॥

---

২৩। তাঁহার ভবিষ্যদ্বাণী শুনিয়া আমার মন অতিশয় প্রসন্ন হইয়াছিল আমি দশ পারামী পূর্ণ করিবার জন্য বিশেষ ভাবে ব্রত অধিষ্ঠান করিয়াছিলাম।

২৪। তখন উত্তম সম্যক্ সম্বোধি লাভের জন্য প্রীতিবর্দ্ধন করিয়া আমার বাসগৃহ বুদ্ধকে পূজা করত তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৫। সূত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত শিক্ষা করিয়া, জিনশাসন শোভিত করিয়াছিলাম।

২৬, সেই প্রব্রজ্যা ধর্ম্মে অপ্রমত্ত বিহারী হইয়া, মৈত্রী করুণা মুদিতা উপেক্ষা এই চারি ব্রহ্ম বিহার ভাবনা করিয়াছিলাম। তাহা ভাবনা করিয়া অভিজ্ঞা পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম

২৭। মহর্ষি মঙ্গল বুদ্ধের জন্মভূমি উত্তর নগর, পিতা উত্তর নামক ক্ষত্রিয়, মাতা উত্তরা নাম্নী ক্ষত্রিয়া ছিল।

---

* ১৩। ৩৫১, ১৪। ৩৫২, ১৫। ৩৫৩, ১৬। ৩৫৪, ১৭। ৩৫৫, ১৮। ৩৫৬.

২৮। নব বস্সসহস্সানি আগারং অজ্ঝসো বসী,
য়সবা সুচিমা সিরিমা তয়ো পাসাদ মুত্তমা। ৩৬৬ ॥

২৯। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
য়সবতী নাম নারী সীবলো নাম অত্রজো। ৩৬৭ ॥

৩০। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ৩৬৮ ॥

৩১ ব্রহ্মুনা য়াচিতো সন্তো মঙ্গলো লোক নায়কো,
বত্তি চক্কং মহাবীরো বনে সিরিবরুত্তমে। ৩৬৯ ॥

৩২। সুদেবো ধম্মসেনো চ অহেসুং অগ্গসাবকা,
পালিতো নামুপট্ঠাকো মঙ্গলস্স মহেসিনো। ৩৭০।

---

২৮। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। যশবা সুচিমা ও সিরিমা নামে তাঁহার তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। সর্ব্বালঙ্কার বিভূষিতা ত্রিশ হাজার পদপরিচারিকা, যশবতী নাম্নী প্রধানা স্ত্রী ও সীবল নামক একজন পুত্র ছিল।

৩০। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া, অশ্ব যানারোহণে মহাভিনিষ্ক্রমণ পূর্ব্বক অন্যূন আট মাস কাল বুদ্ধত্ব লাভের জন্য ধ্যান করিয়াছিলেন।

৩১। লোক নায়ক মহাবীর মঙ্গল বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থীত হইয়া অত্যুত্তম মহাবনে অনুত্তর ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি মঙ্গল বুদ্ধের সুদেব ও ধর্ম্মসেন নামে দুইজন অগ্রশ্রাবক ছিল। আর পালিত নামক সেবক তাঁহার সেবা করিত।

---

১৯। ৩৫৭, ২০। ৩৫৮, ২১। ৩৫৯, ২২। ৩৬০, এই গাথা গুলি ৩১২ হইতে ৩২১ নম্বর গাথার তুল্য।

৩৩। সীবলা চ অসোকা চ অহেসুং অগ্গ সাবিকা,
বোধি তস্স ভগবতো নাগরুক্খোতি বুচ্চতি। ৩৭১ ॥

৩৪। নন্দো চেব বিসাখো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
অনুলা চেব সুতনা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৩৭২ ॥

৩৫। অট্ঠাসীতি রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
ততো ১ নিদ্ধাবতী রংসী অনেক সতসহস্সিয়ো ৩৭৩ ॥

৩৬। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং ৩৭৪ ॥

৩৭। যথাপি সাগরে উমী ন সক্কা তা গণেতুয়ে,
তথেব সাবকা তস্স ন সক্কা তে গণেতুয়ে। ৩৭৫ ॥

---

৩৩। সীবলা ও অশোকা তাঁহার দুইজন অগ্রশ্রাবিকা এবং নাগেশ্বর বৃক্ষ সেই ভগবানের বোধিবৃক্ষ বলিয়া কথিত আছে।

৩৪। নন্দ আর বিশাখ নামে দুইজন অগ্র উপস্থায়ক, আর অনুলা ও সুতনা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৫। মহামুনি মঙ্গল বুদ্ধের শরীর অষ্টাশীতি হস্ত পরিমাণ উচ্চ ছিল। সেই শরীর হইতে অনেক সহস্র রশ্মি নিঃসৃত হইত।

৩৬। সে সময় বুদ্ধের আয়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল অবস্থান করিয়া বহু জন সাধারণকে ভবার্ণব হইতে উদ্ধার করিয়াছিলেন।

৩৭। সাগরের তরঙ্গমালা যেমন গণনায় সংখ্যা করিতে পারা যায় না, তেমন তাঁহার শ্রাবক সংঘ ও গণিয়া সংখ্যা করা যায় না।

---

১ লঃ নিদ্ধাবতি; নিদ্ধাবন্তি।

৩৮। য়াব অট্‌ঠাসি ১ সম্বুদ্ধো মঙ্গলো লোকনায়কো,
ন তস্স সাসনে অত্থি সংকিলেস মরণং তদা। ৩৭৬ ॥

৩৯। ধম্মোক্কং ধারয়িত্বান সন্তারেত্বা মহাজনং,
পালেত্বা ধূম কেতূ'ব নিব্বুতো সো মহায়সো। ৩৭৭ ॥

৪০। সংখারানং সভাবতং + দস্সয়িত্বা সদেবকে,
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব সুরিয়ো অত্থঙ্গতো য়থা। ৩৭৮ ॥

৪১। উয়্যানে বেস্সরে নাম বুদ্ধো নিব্বায়ি মঙ্গলো,
তত্থেব তস্স জিন-থূপো তিংস য়োজনমুগ্গতো। ৩৮৯ ॥

---

৩৮। লোক নায়ক মঙ্গল বুদ্ধ যতকাল জীবিত ছিলেন, ততদিন তাঁহার শাসনে রাগাদি ক্লেশযুক্ত মরণ ছিল না। অর্থাৎ তাঁহার শিষ্যগণ তৃষ্ণাক্ষয়ে নির্ব্বাণ লাভ করিয়াছিলেন।

৩৯। মহা যশস্বী মঙ্গল বুদ্ধ ধর্ম্মপ্রদীপ জ্বালিয়া মহাজন সংঘকে সংসার সাগর ত্রাণ করত প্রদীপের ন্যায় প্রজ্বলিত হইয়া নির্ব্বাপিত হইয়াছেন।

৪০।৪১। দেব মানবকে সংস্কার ধর্ম্ম সমূহের স্বাভাবিক অবস্থা দেখাইয়া জ্বলন্ত অগ্নির ন্যায় ও অস্তগামী দিবাকরের তুল্য প্রদীপ্ত হইয়া "বেসসর" নামক উদ্যানে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার ত্রিশযোজন উচ্চ বুদ্ধ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

---

১ ল:— যাবদট্‌ঠাসি ; + ল:, সভাবত্তং।

# সুমন বুদ্ধ বংসো (৪)

১। মঙ্গলস্স অপরেন সুমনো নাম নায়কো,
সব্ব ধম্মেহি অসমো সব্বসত্তানমুত্তমো। ৩৮০ ॥
২। সো'পি তদা অমত ভেরিং অহনী মেখলে পুরে,
ধম্ম সঙ্খ সমায়ুত্তং নবঙ্গং জিন সাসনং। ৩৮১ ॥
৩। নিজ্জিনিত্বা * কিলেসে সো পত্বা সম্বোধিমুত্তমং,
মাপেসি নগর সত্থা সদ্ধম্ম পুর বরুত্তমং। ৩৮২ ॥
৪। নিরন্তরং অকুটিলং উজুং বিপুল বিত্থতং,
মাপেসি সো মহাবীথিং সতিপট্ঠান বরুত্তমং। ৩৮৩ ॥

---

১। মঙ্গল বুদ্ধের পর শীল-সমাধি ইত্যাদি সর্ব্ব ধর্ম্মে অসদৃশ, সমস্ত প্রাণীদের মধ্যে উত্তম সুমন নামক সর্ব্বজ্ঞ বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনিও তখন মেখল পুরে চতুরার্য্য সত্য ধর্ম্মরূপ শঙ্খধ্বনি, নবাঙ্গ শাস্তা শাসন রূপ অমৃত ভেরী নিনাদিত করিয়াছিলেন।

৩। সেই শাস্তা ক্লেশ অরিকে বিনাশ করিয়া উত্তম সম্বোধি লাভ করতঃ সদ্ধর্ম্ম পুরোত্তম নির্ব্বাণ নগরী নির্ম্মাণ করিয়াছিলেন।

৪। তিনি সেই ধর্ম্মপুরে অর্থাৎ নির্ব্বাণ গমনের জন্য নিরন্তর অকুটিল ঋজু, বিপুল, ও বিস্তৃত স্মৃতি উপস্থান রূপ মহামার্গ তৈয়ার করিয়াছিলেন।

---

* ল; বিচিনিত্বা।

৫ ফলে চত্তারি সামঞ্ঞে চতস্সো পটিসম্ভিদা,
ছলভিঞ্ঞা অট্ঠ সমাপত্তি পসারেসি তত্থ বীথিয়ং । ৩৮৪ ॥
৬। যে অপ্পমত্তা অখিলা হিরি বিরিয়েহুপাগতা,
তে তে ইমে গুণবরে আদিয়ন্তি যথা সুখং । ৩৮৫ ॥
৭। এবমেতেন যোগেন উদ্ধরন্তো মহাজনং,
বোধেসি পঠমং সত্থা কোটি সত সহস্সিয়ো । ৩৮৬ ॥
৮। যম্হি কালে মহাবীরো ওবদি * তিত্থিয়ে গণে,
কোটি সত সহস্সাভিসমিংসু দুতিয়ে ধম্মদেসনে । ৩৮৭ ॥

---

৫। তথায় (সেই নির্ব্বাণ মার্গে) স্রোতাপন্ন, সকৃদাগামী, অনাগামী ও অর্হৎ এই চারি শ্রামণ্য ফল, ধর্ম্ম, অর্থ, নিরুক্তি ও প্রতিভাণ এই চারি প্রতিসম্ভিদা, ষড়াভিজ্ঞা ও অষ্ট সমাপত্তি প্রসারণ করিয়াছিলেন। অর্থাৎ লোকোত্তর ধর্ম্মের দোকান খুলিয়াছিলেন।

৬। যাহারা অপ্রমত্ত বা স্মৃতিবান, পঞ্চচিত্ত খিল বিরহিত, ঋজুচিত্ত, লজ্জা ও উৎসাহ সম্পন্ন সেই সেই দেব মানবগণ এই উত্তম গুণ সমূহ যথা সুখে গ্রহণ করিতে পারে।

৭। শাস্তা এই প্রকার সদ্ধর্ম্ম প্রয়োগে জন সাধারণকে উদ্ধার করত লক্ষ কোটি প্রাণীকে প্রথম বারে আর্য্য সত্য অববোধ করাইয়াছিলেন।

৮। মহাবীর সুমন বুদ্ধ যে সময় তীর্থিয়দিগকে উপদেশ দিয়াছিলেন, তাহা ছিল দ্বিতীয় ধর্ম্মাধিবেশন। তখন লক্ষকোটি প্রাণীর ধর্ম্মাভিসময় হইয়াছিল।

---

* ওবদত্তি।

৯। য়দা দেবা মনুস্সা চ সমগ্গা এক মানসা,
নিরোধ পঞ্হং পুচ্ছিংসু সংসয়ঞ্চাপি মানসং। ৩৮৮॥

১০। তদাপি ধম্মদেসনে নিরোধ পরিদীপনে,
নধুতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৩৮৯॥

১১। সন্নিপাতা তয়ো আসুং সুমনস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্ত চিত্তান তাদিনং। ৩৯০॥

১২। বস্সং বুত্থস্স ভগবতো অভিঘুট্ঠে পবারণে,
কোটি সতসহস্সেহি পবারেসি তথাগতো। ৩৯১॥

১৩। ততো পরং সন্নিপাতে বিমলে কঞ্চন পব্বতে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৩৯২॥

---

৯। যে সময় দেব মানবগণ সম্মিলিত ও একমত হইয়া, মনের সংশয় ভঞ্জনার্থ নির্ব্বাণ সম্বন্ধীয় প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল,

১০। তখনও নির্ব্বাণার্থ প্রকাশক ধর্ম্ম দেশনায়, নব্বই সহস্র কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাভিজ্ঞান লাভ হইয়াছিল।

১১। মহর্ষি সুমন বুদ্ধের প্রশান্তচিত্ত, নির্ম্মল ক্ষীণাশ্রব শিষ্যদিগের তিনটি ধর্ম্মাধিবেশন আহূত হইয়াছিল।

১২। ভগবান ত্রৈমাসিক বর্ষাব্রত সমাপন করিয়া, প্রবারণা করিবার জন্য ঘোষণা করিলে, লক্ষকোটি ভিক্ষু উপস্থিত হইয়াছিলেন। তিনি তাহাদের সঙ্গে প্রবারণা কার্য্য সম্পন্ন করিয়া ছিলেন।

১৩। তারপর বিমল কাঞ্চন পর্ব্বতে নব্বই সহস্র কোটি প্রাণীর সম্মিলনে দ্বিতীয় বার সমাগম হইয়াছিল।

১৪। য়দা সক্কো দেব রাজা বুদ্ধ দস্সনুপাগমি,
অসীতি কোটি সহস্সানং ততিয়ো আসি সমাগমো। ৩৯৩॥

১৫। অহং তেন সময়েন নাগরাজা মহিদ্ধিকো,
অতুলো নাম নামেন উস্সন্ন কুসল * সঞ্চয়ো। ৩৯৪॥

১৬। তদাহং নাগভবনা নিক্খমিত্বা সঞ্ঞাতিভি,
নাগানং দিব্ব তুরিয়েহি সসঙ্ঘং জিনমুপট্‌ঠহিং। ৩৯৫॥

১৭। কোটি সতসহস্সানং অন্নপানেন তপ্পয়িং,
পচ্চেকং দুস্সযুগং দত্বা সরণং তমুপাগমিং। ৩৯৬॥

১৮। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সুমনো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৩৯৭॥

---

১৪। শক্র দেবরাজ যখন বুদ্ধ দর্শনের জন্য উপস্থিত হইয়া ছিল, তখন অশীতি সহস্র কোটি প্রাণীর তৃতীয় সমাগম হইয়াছিল।

১৫। আমি সে সময় মহাঋদ্ধিবান কুশল কর্ম্ম সঞ্চয়ী অতুল নামক নাগরাজ হইয়াছিলাম—

১৬। তখন স্বীয় জ্ঞাতিগণ সহ নাগভবন হইতে বাহির হইয়া নাগদিগের দিব্য তূর্য্যের দ্বারা সংঘসহ জিনকে পূজা করিয়াছিলাম।

১৭। আর লক্ষ কোটি ভিক্ষুকে অন্ন পানীয় দানে পরিতৃপ্ত করত প্রত্যেককে একেক জোড়া বস্ত্র দান করিয়া তাঁহার শরণাগত হইয়াছিলাম।

১৮। সেই লোক-স্বামী সুমন বুদ্ধও এই হইতে অসংখ্য কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে প্রকাশ করিয়াছিলেন।

---

* লঃ পচ্চয়ো।

৩০। নগর মেখলং নাম সুদত্তো নাম খত্তিয়ো,
সিরিমা নাম জনিকা সুমনস্স মহেসিনো। ৪০৯॥

৩১। নব বস্স সহস্সানি অগার অজ্ঝসো বসি,
চন্দো সুচন্দো বটংসো চ তয়ো পাসাদমুত্তমা। ৪১০॥

৩২। তেসট্‌ঠি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বটংসকা নাম নারী অনুপমো নাম অত্রজো। ৪১১॥

৩৩। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৪১২॥

৩৪। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুমনো লোকনায়কো,
বত্তি চক্কং মহাবীরো মেখলে পুরবরুত্তমে। ৪১৩॥

---

১৯। ৩৯৮, ২০। ৩৯৯, ২১। ৪০০, ২২। ৪০১, ২৩। ৪০২, ২৪। ৪০৩, ২৫। ৪০৪, ২৬। ৪০৫, ২৭। ৪০৬, ২৮। ৪০৭, ২৯। ৪০৮, এই গাথা গুলিও পূর্ব্ববৎ।

৩০। মহর্ষি সুমন বুদ্ধের জন্মস্থান মেখলা নামক নগর, পিতা সুদত্ত নামক ক্ষত্রিয়, মাতা সিরিমা নাম্নী ক্ষত্রিয়ানী ছিল।

৩১। তিনি নয় সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। চন্দ্র, সুচন্দ্র ও বটংস নামে তাঁহার তিনখানি উত্তম বাসভবন ছিল।

৩২। সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেষট্টি হাজার পরিচারিকা ছিল। বটংসকা নাম্নী প্রধানা স্ত্রী এবং অনুপম নামক একজন পুত্র সন্তান ছিল।

৩৩। তিনি চারি প্রকার নিমিত্ত দেখিয়া হস্তীযানে মহাভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। সুমন জিন বুদ্ধত্ব লাভের জন্য অন্যূন দশ মাস ধ্যানে রত ছিলেন।

৩৪। মহাবীর লোক নায়ক সুমন বুদ্ধ, মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মেখলা নামক উত্তম নগরে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৫। সরণো ভাবিতত্তো চ অহেসুং অগ্গসাবকা,
উদেনো নামুপট্ঠাকো সুমনস্স মহেসিনো। ৪১৪ ॥

৩৬। সোনা চ উপসোনা চ অহেসুং অগ্গসাবিকা,
সোপি বুদ্ধো অমিতয়সো নাগমূলে অবুজ্ঝথ। ৪১৫ ॥

৩৭। বরুণো চ সরণো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
চালা চ উপচালা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪১৬ ॥

৩৮। উচ্চত্তনেন * সো বুদ্ধো নবুতি হত্থমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দসসহস্সি + বিরোচতি। ৪১৭ ॥

৩৯। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪১৮ ॥

---

৩৫। তাঁহার শরণ ও ভাবিতত্ত নামক দুইজন অগ্রশ্রাবক এবং উদেন নামক সেবাকারী শিষ্য ছিল।

৩৬। সোণা ও উপসোণা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই অমিত যশস্বী সুমন জিন নাগ বৃক্ষ মূলে বুদ্ধত্ব লাভ করিয়া ছিলেন।

৩৭। বরুণ ও শরণ নামক দুইজন অগ্র উপস্থারক, আর চালা ও উপচালা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৮। তাঁহার শরীরের উচ্চতা নব্বই হস্ত ছিল। শরীর হইতে কাঞ্চন প্রভার ন্যায় জ্যোতিঃ বিকীর্ণ হইয়া দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩৮। তাঁহার পরমায়ু নব্বই সহস্র বৎসর ছিল। তিনি এতাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনতাকে সংসার কান্তার হইতে পরিত্রাণ করিয়া ছিলেন।

---

* নঃ উচ্চত্তরেন, + বিরোচথ

৪০। তারণীয়ে তারয়িত্বা বোধনীয়ে চ বোধয়ি,
পরিনিব্বায়ি সম্বুদ্ধো উলুরাজা'ব অত্থমি। ৪১৯ ॥

৪১। তে চ খীণাসবা ভিক্খূ সো চ বুদ্ধো অসদিসো,
অতুলং পভং দস্সয়িত্বা নিব্বুতা তে মহায়সা। ৪২০ ॥

৪২। তঞ্চ ঞাণং অতুলিয়ং তানি অতুলিয়ানি রতনানি,
সব্বং সমন্ত রহিতং ননূ রিত্তা সব্ব সঙ্খারা। ৪২১ ॥

৪৩। সুমনো য়সধরো বুদ্ধো অঙ্গারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো চতু য়োজন মুগ্গতো। ৪২২ ॥

---

৪০। সুমন সম্বুদ্ধ ত্রাণ-যোগ্য প্রাণীদিগকে ত্রাণ করিয়া, বোধ-নেয়্য দিগকে বুঝাইয়া চন্দ্র অস্তমিত হওয়ার ন্যায় পরিনির্ব্বাপিত হইয়াছিলেন।

৪১। সেই মহা যশস্বী অর্হৎ ভিক্ষুগণ এবং অসদৃশ সেই সুমন বুদ্ধ, অনন্ত গুণ-প্রভা দেখাইয়া নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪২। সেই অতুলনীয় বুদ্ধগুণ ও অনুপম বুদ্ধাদি রত্নত্রয় তাঁহারাও অন্তর্হিত হইয়াছেন। অহো! সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৪৩। যশস্বী সুমন বুদ্ধ অঙ্গ আরামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায়ই তাঁহার চারি যোজন প্রমাণ উচ্চতা বিশিষ্ট জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# রেবত বুদ্ধ-বংসো (৫)

১। সুমনস্স অপরেন রেবতো নাম নায়কো,
অনুপমো অসদিসো অতুলো উত্তমো জিনো। ৪২৩॥

২। সোপি ধম্মং পকাসেসি ব্রহ্মুনা অভিয়াচিতো,
খন্ধা ধাতুববত্থানং অপ্পবত্তং ভবাভবে। ৪২৪॥

৩। তস্সাভিসময়া তীনি অহেসুং ধম্মদেসনে,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহু। ৪২৫॥

৪। যদা অরিন্দমং রাজং বিনেসি রেবতো মুনি,
তদা কোটিসহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৪২৬॥

---

১। সুমন বুদ্ধের পর অনুপম, অসদৃশ, অতুলনীয় ও উত্তম মারজিৎ রেবত বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, রূপাদি পঞ্চ-স্কন্ধ, নামরূপ ভেদে ব্যবস্থা বা বিভাগ করণ এবং কাম-রূপ ভবে অপ্রবর্ত্তন (জন্ম পরিগ্রহণ না করা) সম্বন্ধে ধর্ম্মদেশনা করিয়াছিলেন।

৩। তাঁহার ধর্ম্মদেশনায় তিনটী ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম সমাগমে গণনাতীত পরিষদ উপস্থিত হইয়াছিল।

৪। রেবত বুদ্ধ অরিন্দম নামক রাজাকে যখন বিনীত করিয়াছিলেন, তখন দ্বিতীয়বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।

৫। সত্তাহং পটিসল্লানা বুট্ঠ্‌হিত্বা নরাসভো,
কোটিসতং নরমরূনং বিনেসি উত্তমে ফলে। ৪২৭॥

৬। সন্নিপাতা তয়ো আসুং রেবতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সুবিমুত্তান * তাদিনং। ৪২৮॥

৭। অতিক্কন্তা গণনাপথং পঠমং যে সমাগতা,
কোটিসত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৪২৯॥

৮। যো পি পঞ্ঞায় অসমো তস্স চক্কানুবত্তকো,
সো তদা ব্যাধিতো আসি পত্তো জীবিত সংসয়ং। ৪৩০॥

৯। তস্স গিলান পুচ্ছায় যে তদা উপগতা মুনি,
কোটিসত সহস্সা অরহন্তো ততিয়ো আসি সমাগমো। ৪৩১॥

---

৫। নরশ্রেষ্ঠ রেবতমুনি সপ্তাহকাল বিবেক বাস করিয়াছিলেন। সপ্তাহের পর বিবেক বাস হইতে উঠিয়া, কোটিশত দেবমানবকে উত্তম অরহত্ব ফলে বিনীত করিয়াছিলেন।

৬। মহর্ষি রেবত বুদ্ধের সময় সুবিমুক্ত বিমল ক্ষীণাশ্রবদিগের তিনটা ধর্ম্ম সভা আহুত হইয়াছিল।

৭। প্রথম সভায় যাহারা উপস্থিত হইয়াছিল, তাহাদের সংখ্যা গণনাতীত, দ্বিতীয় ধর্ম্ম-সভায় লক্ষকোটি প্রাণী সমাগত হইয়াছিল।

৮। তাঁহার দেশিত ধর্ম্মের অনুবর্ত্তনকারী মহাপ্রজ্ঞাবান যিনি ছিলেন, তখন তিনি জীবন সংশয়কর ব্যাধিগ্রস্থ ছিলেন।

৯। সেই সময় মহামুনি লক্ষকোটি অরহৎ সমভিব্যাহারে তাহার রোগবার্ত্তা জিজ্ঞাসা করিবার জন্য উপস্থিত হইয়াছিলেন। তাহা তৃতীয় বারের ধর্ম্ম-সভা।

---

* "সুচিমুত্তানং।"

১০। অহং তেন সময়েন অতিদেবো নাম ব্রাহ্মণো,
উপগন্ত্বা রেবতং বুদ্ধং সরণং তস্স গচ্ছহং। ৪৩২ ॥

১১। তস্স সীলং সমাধিঞ্চ পঞ্ঞা গুণমনুত্তমং *
থোমায়িত্বা যথা থামং উত্তরীয়মদাসহং। ৪৩৩ ॥

১২। সোপি মং বুদ্ধো ব্যাকাসি রেবতো লোকনায়কো,
অপরিমেয়্যো ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি ৪৩৪ ॥

২৪। তদাপি মং বুদ্ধ-ধম্মং সরিত্বা অনুব্রূহয়িং,
আহরিস্সামি তং ধম্মং য়ং মযহং অভিপত্থিতং। ৪৪৬ ॥

---

১০। আমি তখন অতিদেব নামে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়াছিলাম। রেবত বুদ্ধের নিকট উপস্থিত হইয়া তাঁহার শরণাপন্ন হইয়াছিলাম।

১১। তাঁহার শীল-সমাধি উত্তম প্রজ্ঞাগুণ যথাশক্তি কীর্ত্তন করিয়া তাঁহাকে উত্তরাসঙ্গ চীবর দান করিয়াছিলাম।

১২। লোকনায়ক সেই রেবত বুদ্ধও আমাকে এই হইতে অপ্রমেয় কল্পান্তরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন।

১৩। ৪৩৫, ১৪। ৪৩৬, ১৫। ৪৩৭, ১৬। ৪৩৮, ১৭। ৪৩৯, ১৮। ৪৪০, ১৯। ৪৪১, ২০। ৪৪২, ২১। ৪৪৩, ২২। ৪৪৪, ২৩। ৪৪৫ এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৪। আমি যেই বুদ্ধত্ব প্রার্থনা করিয়া আসিতেছি, সেই বুদ্ধত্ব সাধক পারমী ধর্ম্ম সঞ্চয় করিব। সেই সময়ও আমি বুদ্ধভাবকর ধর্ম্ম অনুস্মরণ করিয়া তাহা সঞ্চয়ের জন্য বিশেষ ভাবে প্রযত্ন করিতেছিলাম।

---

* লঃ পঞ্ঞাগুণ বরুত্তমং।

২৫। নগর সুধম্মবতী * নাম বিপুলো নাম খত্তিয়ো,
বিপুলা নাম জনিকা রেবতস্স মহেসিনো ৪৪৭॥

২৬। ছব্বস্স সহস্সানি অগার অজ্ঝসো বসী.
সুদস্সনো চ রতনগ্ঘি অবেলো চ বিভূসিতো.
পুঞ্ঞ কম্মাভিনিব্বত্তা তয়ো পাসাদ মুত্তমা। ৪৪৮॥

২৭। তেত্তিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা.
সুদস্সনা নাম দেবী বরুণো নাম অত্রজো ৪৪৯।

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি.
অনূন সত্তমাসানি পধানং পদহী জিনো। ৪৫০

---

২৫। মহর্ষি রেবত বুদ্ধের জন্মস্থান ছিল সুধর্ম্মবতী নগর। পিতা বিপুল নামক ক্ষত্রিয়, মাতা বিপুলা নাম্নী ক্ষত্রিয়-রমণী।

২৬। তিনি ছয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার পুণ্য কর্ম্মের প্রভাবে উৎপন্ন, সুদর্শন, রত্নাগ্রি ও অবেল নামে তিনখানি সুশোভিত উত্তম প্রাসাদ ছিল।

২৭। সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা তেত্রিশ হাজার পরিচারিকা ছিল সুদর্শনা নাম্নী প্রধানা স্ত্রী এবং বরুণ নামক পুত্র ছিল

২৮। জিন চারি প্রকার নিমিত্ত সন্দর্শন করিয়া, রথারোহণে অভিনিষ্ক্রমণ পূর্ব্বক অন্যূন সাতমাস পর্য্যন্ত বুদ্ধত্বলাভের জন্য দৃঢ়বীর্য্য সহকারে ধ্যান করিয়াছিলেন।

---

* "সুধম্মকং" "সুধঞ্ঞকং।"

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো রেবতো লোক নায়কো,
বত্তি চক্কং মহাবীরো বরুণারামে সিরীঘনে। ৪৫১ ॥

৩০। বরুণো ব্রহ্মদেবো চ অহেসুং অগ্গ সাবকা,
সম্ভবো নামুপট্ঠাকো রেবতস্স মহেসিনো। ৪৫২ ॥

৩১। ভদ্দা চেব সুভদ্দা চ অহেসুং অগ্গসাবিকা.
সোপি বুদ্ধো অসমসমো নাগমূলে অবুজ্ঝথ। ৪৫৩ ॥

৩২। পদুমো কুঞ্জরো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা চেব য়সবতী অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪৫৪ ॥

৩৩। উচ্চত্তনেন সো বুদ্ধো অসীতি হত্থমুগ্গতো,
ওভাসেতি দিসা সব্বা ইন্দ কেতূ'ব উগ্গতো। ৪৫৫ ॥

---

২৯। লোকনায়ক মহাবীর রেবত, মহাব্রহ্মা সহম্পতির দ্বারা আরাধিত হইয়া বৃক্ষলতা পরিশোভিত বরুণারামে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি রেবত বুদ্ধের বরুণ ও ব্রহ্মদেব অগ্রশ্রাবক আর সম্ভব নামক ভিক্ষু সেবক ছিল।

৩১। ভদ্রা ও সুভদ্রা অগ্রশ্রাবিকা ছিল। অসমসম সেই রেবত বুদ্ধও নাগেশ্বর বৃক্ষমূলে বুদ্ধত্ব লাভ করিয়াছিলেন।

৩২। পদুম ও কুঞ্জর অগ্র উপস্থায়ক ছিল। সিরিমা ও যশবতী অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। তাঁহার দেহ অশীতি হস্ত উচ্চ ছিল। ইন্দ্রকেতুর ন্যায় উদ্গত দেহ-প্রভায় সর্ব্বদিক আলোকিত হইত।

৩৪। তস্স সরীরে নিব্বত্তা পভামালা অনুত্তরা,
দিবা বা য়দি বা রত্তিং সমন্তা ফরতি য়োজনং। ৪৫৬ ॥

৩৫। সট্‌ঠিবস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্‌ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪৫৭ ॥

৩৬। দস্সয়িত্বা বুদ্ধবলং অমতং লোকে পকাসয়ং,
নিব্বায়ি অনুপাদানো য়থগ্‌গুপাদান সংখয়া। ৪৫৮ ॥

৩৭। সোচ কায়ো রতন নিভো সোচ ধম্মো অসাদিসো,
সব্বং সমন্ত রহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা। ৪৫৯ ॥

৩৮। রেবতো য়সধরো বুদ্ধো নিব্বুতো সো মহামুনি,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৪৬০ ॥

---

৩৪। দিবাতে হউক অথবা রাত্রিতে হউক তাঁহার শরীর জাত অনুত্তর প্রভামালা চারিদিকে যোজন পর্য্যন্ত ব্যাপৃত হইত।

৩৫। তৎকালীন পরমায়ু ষাট হাজার বৎসর ছিল। তাবৎ কাল জীবিত থাকিয়া, তিনি অনেক প্রাণীকে সংসার সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। বুদ্ধবল প্রদর্শন পূর্ব্বক, জগতে অমৃতময় নৈর্ব্বাণিক ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। তারপর কাষ্ঠাদি উপাদান বিহীনে নির্ব্বাপিত অগ্নির ন্যায় তিনিও কামাদি উপাদান বিহীন হইয়া নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। রত্ন সদৃশ সেই শরীর এবং অসদৃশ ধর্ম্ম সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! জাগতিক সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৩৮। যশস্বী মহামুনি রেবত বুদ্ধ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে পূজার জন্য স্থাপিত হইয়াছে।

# সোভিত বুদ্ধ-বংসো (৬)

১। রেবতস্স অপরেন সোভিতো নাম নায়কো,
সমাহিতো সন্তচিত্তো অসমো অপ্পটি পুগ্গলো। ৪৬১ ॥

২। সো জিনো সক গেহম্হি মানসং বিনিবট্টয়ি,
পত্বান কেবলং বোধিং ধম্মচক্কং পবত্তয়ি। ৪৬২ ॥

৩। যাব হেট্ঠা অবীচিতো ভবগ্গা চাপি উদ্ধতো,
এত্থন্তরে একপরিসা অহোসি ধম্মদেসনে। ৪৬৩ ॥

৪। তায় পরিসায় সম্বুদ্ধো ধম্মচক্কং পবত্তয়ি,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহু। ৪৬৪ ॥

---

১। রেবত বুদ্ধের তিরোধানের পর, সমাহিত শান্তচিত্ত অসম ও অসদৃশ পুরুষ সোভিত নামক শাস্তা আবির্ভূত হইয়াছিলেন।

২। সেই জিন, স্বীয় গৃহেই চিত্ত পরিবর্ত্তন করিয়া (সাত দিনের মধ্যে) বুদ্ধত্ব লাভ পূর্ব্বক ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩। ধর্ম্মচক্র সূত্রান্ত দেশনার সময় ঊর্দ্ধে ভবাগ্র হইতে নিম্নে অবীচি মহানরক পর্য্যন্ত এতদ্ মধ্যস্থিত সমস্ত প্রাণী এক পরিষদের ন্যায় হইয়াছিল।

৪। ভগবান সেই মহতী পরিষদে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন। প্রথম সমাগমে গণনাতীত প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।

৫। ততো পরম্পি দেসেন্তে নরমরূনং সমাগমে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু ॥ ৪৬৫ ॥

৬। পুনাপরং রাজপুত্তো জয়সেনো নাম খত্তিয়ো,
আরামং রোপয়িত্বান বুদ্ধে * নীয়দয়ী তদা। ৪৬৬ ॥

৭। তস্স য়াগং পকিত্তেন্তো ধম্মং দেসেসি চক্খুমা,
তদা কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৪৬৭ ॥

৮। সন্নিপাতা তয়ো আসুং সোভিতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৪৬৮ ॥

৯। উগ্গতো নাম সো রাজা দানং দেতি নরুত্তমে,
তম্হি দানে সমাগঞ্ছুং অরহন্তা সত কোটিয়ো। ৪৬৯ ॥

---

৫। তৎপর দেব-মানব পরিষদে দেশনা করিবার সময় দ্বিতীয় বারে নব্বই সহস্র কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। পুনর্ব্বার রাজপুত্র জয়সেন নামক ক্ষত্রিয় বহুবিধ পুষ্প ও ফলের উদ্যান রোপন করিয়া তদা বুদ্ধকে পূজা করিয়াছিল।

৭। চক্ষুষ্মান্ বুদ্ধ তাহার দান যজ্ঞের বর্ণনা প্রসঙ্গে ধর্ম্মদেশনা করিয়াছিলেন। সেই তৃতীয় বারের দেশনায় সহস্র কোটি প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।

৮। মহর্ষি সোভিত বুদ্ধের লোকধর্ম্মে অবিচলিত শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব অর্হৎ শিষ্যগণের তিনটি ধর্ম্মসভা আহুত হইয়াছিল।

৯। উগ্গত নামক জনৈক রাজা নরোত্তম বুদ্ধকে দান দিয়াছিল। সেই দানে শতকোটি অর্হতের প্রথম সমাগম হইয়াছিল।

---

* "নীয়াতয়ী"

১০। পুনাপরং পুরগণো দেতি দানং নরুত্তমে,
তদা নবুতি কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৪৭০ ॥

১১। দেব লোকে বসিত্বান যদা ওরোহতী জিনো,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৪৭১ ॥

১২। অহং তেন সময়েন সুজাতো নাম ব্রাহ্মনো,
তদা সসাবকং বুদ্ধং অন্ন-পানেন তপ্পয়িং। ৪৭২ ॥

১৩। সোপিমং বুদ্ধো বিয়াকাসি সোভিতো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৪৭৩ ॥

---

১০। পুনরায় পুরবাসীরা একবার নরোত্তম বুদ্ধকে দান দিয়াছিল। তখন নব্বই কোটি অরহন্তের দ্বিতীয় সমাগম হইয়াছিল।

১১। জিন দেবলোকে অবস্থান করিয়া যখন মনুষ্য ভূমিতে অবতরণ করিতে ছিলেন, তখন অশীতি কোটি অরহন্তের তৃতীয় সমাগম হইয়াছিল।

১২। সেই সময় আমি সুজাত নামক ব্রাহ্মণরূপে জন্ম গ্রহণ করিয়াছিলাম। তখন সশিষ্য বুদ্ধকে অন্নপানীয় দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১৩। লোক নায়ক শোভিত বুদ্ধ আমাকে এইরূপ প্রকাশ করিয়াছিলেন—"ইনি এই হইতে অপ্রমেয় কল্পান্তরে বুদ্ধ হইবেন।

১৪।৪৭৪, ১৫।৪৭৫, ১৬।৪৭৬, ১৭।৪৭৭, ১৮।৪৭৮, ১৯।৪৭৯, ২০।৪৮০, ২১।৪৮১, ২২।৪৮২, ২৩।৪৮৩ পূর্ববৎ।

২৪। তস্সাপি বচনং সুত্বা হট্ঠো সংবিগ্গ মানসো,
তমেবত্থমনুপ্পত্তিয়া উগ্গং ধিতিমকাসহং ৪৮৪॥

২৫। সুধম্মং নাম নগরং সুধম্মো নাম খত্তিয়ো,
সুধম্মা নাম জনিকা সোভিতস্স মহেসিনো ৪৮৫॥

২৬। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
কুমুদো কলীরো পদুমো তয়ো পাসাদ মুত্তমা। ৪৮৬॥

২৭। ছসত্ততি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সমঙ্গী নাম সা নারী সীহো নামাসি অত্রজো। ৪৮৭॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমি,
সত্তাহং পধান চারং চরিত্বা পুরিসুত্তমো,
বুজ্ঝমানো চ সো বুদ্ধো নাগমূলে অবুজ্ঝথ। ৪৮৮॥

---

২৪। আমি তাঁহার বাক্য শ্রবণে হৃষ্ট ও উদ্বিগ্নমনা হইয়া, সেই বুদ্ধত্ব প্রাপ্তির জন্য বিশেষভাবে চেষ্টা করিতেছিলাম।

২৫। মহর্ষি শোভিত বুদ্ধের জন্মস্থান সুধর্ম্ম নগর। পিতা সুধর্ম্ম ক্ষত্রিয় নৃপতি, সুধর্ম্মা নাম্নী রাজ-মহিষী মাতা ছিলেন।

২৬। তিনি নয় সহস্র বৎসরকাল গৃহবাসে অবস্থান করিয়াছিলেন। তাঁহার কুমুদ, কলীর ও পদুম নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল

২৭। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা ছিয়াত্তর হাজার পরিচারিকা ও সমঙ্গী নাম্নী প্রধানা স্ত্রী আর সিংহ নামক একজন পুত্র ছিল।

২৮। পুরুষোত্তম শোভিত বোধিসত্ত্ব চারি প্রকার নিমিত্ত দেখিয়া প্রাসাদ সহিত অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। সপ্তাহকাল ধ্যান চর্য্যায় রত থাকিয়া, বুদ্ধ হওয়ার সময় তিনি নাগেশ্বর বৃক্ষমূলে অভিসম্বুদ্ধ হইয়াছিলেন।

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সোভিতো লোকনায়কো,
বত্তি চক্কং মহাবীরো সুধম্মুয়্যানমুত্তমে। ৪৮৯॥

৩০ অসমো চ সুনেত্তো চ অহেসুং অগ্গসাবকা,
অনোমো নামুপট্ঠাকো সোভিতস্স মহেসিনো,
নকুলা চ সুজাতা চ অহেসুং অগ্গসাবিকা। ৪৯০॥

৩১। রম্মো চেব সুদত্তো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নকুলা চেব চিত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪৯১॥

৩২। অট্ঠপঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
ওভাসেতি দিসা সব্বা সতরংসীব উগ্গতো। ৪৯২॥

৩৩। যথা সুফুল্লং পবনং নানা গন্ধেহি ধূপিতং,
তথেব তস্স পাবচনং সীলগন্ধেহি ধূপিতং। ৪৯৩॥

---

২৯। লোক নায়ক মহাবীর শোভিত বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা আরাধিত হইয়া সুধর্ম্ম নামক শ্রেষ্ঠ উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি শোভিত বুদ্ধের অসম ও সুনেত্ত নামে দুইজন অগ্র-শ্রাবক, অনোম নামক উপস্থায়ক আর নকুলা ও সুজাতা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল।

৩১। রম্ম ও সুদত্ত নামে দুইজন অগ্র উপস্থায়ক আর নকুলা ও চিত্তা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩২। মহামুনি শোভিত আট পঞ্চাশ হস্ত উচ্চ ছিলেন। সূর্য্যের ন্যায় তাঁহার দেহ হইতে রশ্মি নিঃসৃত হইয়া সর্ব্বদিক আলোকিত হইত

৩৩। সুপুষ্পিত পুষ্পোদ্যান যেমন নানা প্রকার পুষ্প গন্ধে আমোদিত থাকে, সেরূপ তাঁহার শাসনও শীলগন্ধের দ্বারা সুবাসিত থাকিত।

৩৪। যথাপি সাগরো নাম দস্সনেন অতপ্পিয়ো,
তথেব তস্স পাবচনং সবণেন অতপ্পিয়ং। ৪৯৪॥
৩৫। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্‌ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪৯৫॥
৩৬। ওবাদং অনুসিট্‌ঠিঞ্চ দত্বান'সেসকে জনে,
হুতাসনো'ব তাপেত্বা নিব্বুতো সো সসাবকো। ৪৯৬॥
৩৭। সো চ বুদ্ধো অসমসমো তেপি চ সাবকা বলপত্তা,
সব্বং সমন্ত রহিতং ননুরিত্তা সব্ব সঙ্খারাতি। ৪৯৭॥
৩৮। সোভিত বর সম্বুদ্ধো সীহারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৪৯৮॥

---

৩৪। সাগর যেমন দর্শন করিয়া তৃপ্তি লাভ হয় না, তেমন তাঁহার দেশিত সদ্ধর্ম্ম শ্রবণ করিয়া তৃপ্তি লাভ হইত না।

৩৫। তখনকার সময়ে বুদ্ধের আয়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি এ তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। তিনি অবশিষ্ট জনতাকে উপদেশ দিয়া ও অনুশাসন করিয়া হুতাশনের ন্যায় প্রজ্জ্বলিত হওত সশিষ্য পরিনির্ব্বাপিত হইয়াছিলেন।

৩৭। অসদৃশ সেই বুদ্ধ এবং লোকোত্তর বল প্রাপ্ত সেই শ্রাবকগণ অন্তর্হিত হইয়াছেন। অহো! সংস্কার সমূহ অস্থায়ী নহে কি?

৩৮। শোভিত সম্যকসম্বুদ্ধ সীহারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার শারীরিক ধাতু নানা প্রদেশে স্থাপিত হইয়া পূজিত হইয়াছিল।

# অনোমদস্সী বুদ্ধ-বংসো (৭)

১। সোভিতস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
অনোমদস্সী অমিতয়সো তেজস্সী দুরতিক্কমো। ৪৯৯ ॥

২। সো ছেত্বা বন্ধনং সব্বং বিধ্বংসেত্বা তয়োভবে,
অনিবত্তি গমনং মগ্গং দেসেসি দেবমানুসে। ৫০০ ॥

৩। সাগরো'ব অসংখোব্ভো পব্বতো দুরাসদো,
আকাসো'ব অনন্তো সো সালরাজা'ব ফুল্লিতো। ৫০১ ॥

৪। দস্সনেন পি তং বুদ্ধং তোসিতা হোন্তি পাণিনো,
ব্যাহরন্তং গিরং সুত্বা অমতং পাপুণন্তি তে। ৫০২।

---

১। শোভিত বুদ্ধের তিরোধানের পর দ্বিপদোত্তম অমিত যশা, তেজস্বী ও দুরতিক্রমনীয় অনোমদর্শী সম্বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনি সমস্ত সংসার বন্ধন ছেদন করিয়া, ত্রিভবে উৎপত্তির হেতু বিনাশ পূর্ব্বক দেবমানবদিগকে অপ্রত্যাবর্ত্তনীয় নির্ব্বাণগামী মার্গ দেশনা করিয়াছিলেন।

৩। সেই অনোমদর্শী বুদ্ধ সাগরের তুল্য অসংক্ষুব্ধ, পর্ব্বতের ন্যায় দুর্ল্লঙ্ঘ্য, আকাশ সদৃশ অনন্ত এবং ফুল্ল কুসুম শোভিত শাল বৃক্ষতুল্য সুন্দর ছিলেন।

৪। সেই বুদ্ধকে দর্শন করিয়া প্রাণিগণ সন্তুষ্ট হইত। আর তাহারা বুদ্ধের শ্রীমুখ নিঃসৃত ধর্ম্ম-বাণী শুনিয়া নির্ব্বাণ প্রাপ্ত হইত।

৫। ধম্মাভিসময়ো তস্স ইদ্ধো ফীতো তদা অহু,
কোটিসতানি অভিসমিংসু পঠমে ধম্ম দেসনে। ৫০৩॥

৬। ততো পরম্পি অভিসময়ে বস্সন্তে ধম্ম বুট্ঠিয়ো
অসীতি কোটিয়ো অভিসমিংসু দুতিয়ে ধম্মদেসনে। ৫০৪॥

৭। ততো পরম্পি বস্সন্তে তপ্পয়ন্তে চ পাণিনং,
অট্ঠসত্ততি কোটীনং ততিয়াভিসময়ো অহু ৫০৫॥

৮। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি চ মহেসিনো,
অভিঞ্ঞা বলপ্পত্তানং পুপ্ফিতানং বিমুত্তিয়া। ৫০৬॥

৯। অট্ঠসত সহস্সানং সন্নিপাতো তদা অহু,
পহীনমদমোহানং সন্তচিত্তান * তাদিনং। ৫০৭॥

---

৫। তখন তাঁহার দেশিত ধর্ম্ম বহুজনে অববোধ করিতে সমর্থ হওয়ায় সমৃদ্ধ এবং পরিপূর্ণ হইয়াছিল। প্রথম ধর্ম্ম দেশনায় কোটিশত প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। তৎপরবর্ত্তী ধর্ম্মাববোধের সময় দ্বিতীয় দেশনায় ধর্ম্মবারি বর্ষিত হইলে কোটিশত প্রাণীর ধর্ম্ম জ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৭। ইহার পরও ধর্ম্মবৃষ্টি বর্ষণ করিয়া জীবগণের তৃপ্তি উৎপাদন করত আটসত্তর কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্ম-জ্ঞান লাভ হইয়াছিল।

৮। মহর্ষি অনোমদর্শী বুদ্ধেরও অভিজ্ঞা বল প্রাপ্ত বিমুক্তি পুষ্পে বিকশিত অর্হৎগণের তিনটী ধর্ম্ম সমাগম হইয়াছিল।

৯। তখন ইষ্টানিষ্ট বিষয়ে অবিচলিত, শান্তচিত্ত, মদ-মোহ হীন আট লক্ষ অরহন্তের সমাগমে প্রথম অধিবেশন হইয়াছিল।

---

* উপসন্তানং।

১০। সত্তসতসহস্সানং দুতিয়ো আসি সমাগমো,
অনঙ্গনানং বিরজানং উপসন্তান তাদিনং। ৫০৮॥

১১। ছন্নং সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অভিঞ্ঞা বলপ্পত্তানং নিব্বুতানং তপস্সিনং। ৫০৯॥

১২। অহং তেন সময়েন য়ক্খো আসিং মহিদ্ধিকো,
নেকানং য়ক্খ কোটীনং বসবত্তী মহীস্সরো *। ৫১০॥

১৩। তদাপি তং বুদ্ধবরং উপগন্ত্বা মহেসিনং,
অন্নপানেন তপ্পেসিং সসঙ্ঘং লোকনায়কং। ৫১১॥

১৪। সো পি মং তদা ব্যাকাসি বিসুদ্ধ নয়নো মুনি,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫১২॥

---

১০। উপশান্ত চিত্ত, বিগত রজঃ ও ক্লেশ বিহীন সাত লক্ষ অরহৎ লইয়া দ্বিতীয় সমাগম হইয়াছিল।

১১। ক্লেশাগ্নি নির্ব্বাপিত ও অভিজ্ঞা বল প্রাপ্ত ছয় লক্ষ অরহৎ তপস্বীর তৃতীয় সমাগম হইয়াছিল।

১২। আমি সেই সময়ে মহাঋদ্ধিবান, অনেক কোটি যক্ষের মহেশ্বর যক্ষ ছিলাম, তাহারা আমার সুবাধ্য ছিল।

১৩। তখনও আমি মহর্ষি বুদ্ধবরের নিকট উপনীত হইয়া, সংঘসহ লোক নায়ককে অন্ন পানীয় দানে পরিতুষ্ট করিয়াছিলাম।

১৪। সেই ত্রিকালদর্শী বিশুদ্ধ নয়ন বুদ্ধ আমাকে অনেক কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আশাপ্রদ বাণী প্রকাশ করিয়াছিলেন।

১৫। ৫১৩, ১৬। ৫১৪, ১৭। ৫১৫, ১৮। ৫১৬, ১৯। ৫১৭, ২০। ৫১৮, ২১। ৫১৯, ২২। ৫২০, ২৩। ৫২১. ২৪। ৫২২ পূর্ব্ববৎ।

---

* বসবত্তিম্হি ইস্সরো।

২৫। তস্সাপি বচনং সুত্বা হট্ঠো সংবিগ্গ মানসো,
উত্তরিং বত মধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৫২৩ ॥

২৬। নগরং চন্দবতী নাম য়সবা নাম খত্তিয়ো,
মাতা য়সোধরা নাম অনোমদস্সিস্স সত্থুনো। ৫২৪ ॥

২৭। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সিরী উপসিরী বড্ঢো তয়ো পাসাদ মুত্তমা। ৫২৫ ॥

২৮। তে বীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সিরিমা নাম নারী চ উপবানো * নাম অত্রজো। ৫২৬ ॥

২৯। নিমিত্তে চতুরো দিস্বা সিবিকায়াভিনিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৫২৭ ॥

---

২৫। আমি অনোমদর্শী বুদ্ধেরও অমোঘবাণী শ্রবণে তুষ্ট ও সংবিগ্ন চিত্ত হইয়া, দশপারমী পরিপূরণের জন্য বিশেষ ব্রত অধিষ্ঠান করিয়াছিলাম।

২৬। শাস্তা অনোমদর্শীর জন্মস্থান চন্দ্রবতী নগর, পিতা যশবন্ত নামক ক্ষত্রিয় রাজা, মাতা যশোধরা নাম্নী রাজ মহিষী।

২৭। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার সিরী-উপসিরী ও বর্দ্ধ নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৮। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, প্রধানা স্ত্রী সিরিমা আর উপবান নামে এক পুত্র ছিল।

২৯। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া শিবিকারোহণে অভি-নিষ্ক্রমণ করত অন্যূন দশমাস ধ্যান করিয়াছিলেন।

---

* উপবারণো——সঃ অর্থকথা।

৩০। ব্রহ্মুনা য়াচিতো সন্তো অনোমদস্সী মহামুনি,
বত্তিচক্কং মহাবীরো উয়্যানে সো সুদস্সনে। ৫২৮ ॥

৩১। নিসভো চ অসোকো চ অহেসুং অগ্গসাবকা,
বরুণো নামুপট্ঠাকো অনোমদস্সিস্স সত্থুনো। ৫২৯ ॥

৩২। সুন্দরী চ সুমনা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো অজ্জুনো'তি পবুচ্চতি। ৫৩০ ॥

৩৩। নন্দিবড্ঢো সিরিবড্ঢো অহেসুং অগ্গুপট্ঠকা,
উপ্পলা চেব পদুমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৫৩১ ॥

৩৪। অট্ঠ পঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
পভা নিদ্ধাবতী তস্স সতরংসী'ব উগ্গতো। ৫৩২ ॥

---

৩০। সেই মহাবীর মহামুনি অনোমদর্শী, মহাব্রহ্মার প্রার্থনায় সুদর্শন নামক উদ্যানে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩১। তাঁহার নিসভ ও অশোক নামে দুইজন অগ্রশ্রাবক এবং বরুণ নামক সেবাকারী শিষ্য ছিল।

৩২। সেই ভগবানের সুন্দরী ও সুমনা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তদীয় বোধি অর্জ্জুন বৃক্ষ নামে অভিহিত হইয়াছে।

৩৩। তাঁহার নন্দিবর্দ্ধ ও শ্রীবর্দ্ধ প্রধান উপস্থায়ক এবং উৎপলা ও পদুমা প্রধানা উপস্থায়িকা ছিল।

৩৪। মহামুনি অনোমদর্শী আট পঞ্চাশ হস্ত উচ্চ দেহধারী ছিলেন। উদীয়মান সূর্য্যরশ্মি তুল্য তাঁহার শরীর প্রভা নিঃসৃত হইত।

৩৫। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৫৩৩॥

৩৬। সুপুপ্ফিতং পাবচনং অরহন্তেহি তাদীহি,
* বীতরাগেহি বিমলেহি সোভিত্থ জিনসাসনং। ৫৩৪॥

৩৭। সো চ সত্থা অমিত য়সো য়ুগানি তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্ব সংখারা। ৫৩৫॥

৩৮। অনোমদস্সী জিনো সত্থা ধম্মারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো উব্বেধো পঞ্চবীসতীতি। ৫৩৬॥

---

৩৫। তখন আয়ু পরিমাণ লক্ষ বৎসর ছিল। তিনি ততকাল বিদ্যমান থাকিয়া বহুজনতাকে সংসার দুঃখ হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। তাদৃশ বীতরাগ বিমল অরহতগণের দ্বারা বুদ্ধ-শাসন সুপুষ্পিত ও জিনশাসন শোভিত হইয়াছিল।

৩৭। সেই অমিত যশস্বী বুদ্ধ এবং অতুলনীয় অগ্রশ্রাবক যুগল সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি?

৩৮। মারজিৎ জিন শাস্তা অনোমদর্শী ধর্ম্মারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার পঞ্চবিংশতি যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

---

* "খীণাসবেহি।"

# পদুম বুদ্ধ-বংসো (৮)

১। অনোমদস্সিস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
পদুমো নাম নামেন অসমো অপ্পটি পুগ্গলো। ৫৩৭ ॥

২। তস্সাপি অসমং সীলং সমাধীপি অনন্তকো,
অসংখেয়্যং ঞাণবরং বিমুত্তী'পি অনূপমা। ৫৩৮ ॥

৩। তস্সাপি অতুল তেজস্স ধম্মচক্কপ্পবত্তনে,
অভিসময়া তয়ো আসুং মহাতম পবাহনা। ৫৩৯ ॥

৪। পঠমাভিসময়ে বুদ্ধো কোটিসতমবোধয়ী,
দুতিয়াভিসময়ে ধীরো নবুতি কোটিমবোধয়ী। ৫৪০ ॥

---

১। অতঃপর অনোমদর্শী বুদ্ধ অন্তর্হিত হইলে, দ্বিপদোত্তম, অসদৃশ ও অপ্রতিপুদ্গল পদুম নামক বুদ্ধের আবিৰ্ভাব হইয়াছিল।

২। তাঁহারও অসদৃশ শীল, অনন্ত সমাধি, অসংখ্য সর্ব্বজ্ঞতা জ্ঞান এবং অনুপমা বিমুক্তি জ্ঞান ছিল।

৩। অতুল জ্ঞান তেজশালী পদুম বুদ্ধেরও ধর্ম্মচক্র প্রবর্ত্তনে মহা-অজ্ঞান অন্ধকার বিনাশক তিনটি ধর্ম্মাভিসময় সংঘটিত হইয়াছিল।

৪। মহাপ্রাজ্ঞ পদুম সম্বুদ্ধ প্রথম ধর্ম্মাভিসময়ে শতকোটি এবং দ্বিতীয় অভিসময়ে নব্বই কোটি প্রাণীকে ধর্ম্ম জ্ঞান লাভ করাইয়াছিলেন।

৫। য়দা চ পদুমো বুদ্ধো ওবদি সকমত্রজং,
তদা অসীতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৫৪১॥

৬। সন্নিপাতা তয়ো আসুং পদুমস্স মহেসিনো,
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৫৪২॥

৭। কঠিনত্থার সময়ে উপ্পন্নে কঠিন চীবরে,
* ধম্মসেনাপতত্থায় ভিক্খূ সিব্বিংসু চীবরং। ৫৪৩॥

৮। তদা তে বিমলা ভিক্খূ ছলভিঞ্ঞা মহিদ্ধিকা,
তীনি সতসহস্সানি সমিংসু অপরাজিতা। ৫৪৪॥

৯। পুনাপরং সো নরাসভো পবনে বাসং উপাগমি,
তদা সমাগমো আসি দ্বিন্নং সতসহস্সানং † ৫৪৫॥

---

৫। পদুম বুদ্ধ যখন নিজের পুত্রকে উপদেশ দিতে ছিলেন, তখন তৃতীয় বারে অশীতি কোটি প্রাণীর ধর্ম্ম জ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৬। মহর্ষি পদুম বুদ্ধের শাসনে তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে লক্ষ কোটি অরহতের সমাগম হইয়াছিল।

৭। কঠিন চীবর দানের সময়ে, কঠিন চীবর লাভ হইলে, ধর্ম্ম-সেনাপতি সাল স্থবিরের জন্য অপর ভিক্ষুরা চীবর শেলাই করিয়াছিল।

৮। তখন ক্লেশ শত্রুর দ্বারা অপরাজিত, মহাঋদ্ধিবান, ষড়াভিজ্ঞালাভী পাপমল বিহীন সেই তিন লক্ষ ভিক্ষু ক্লেশোপশম করিয়াছিল।

৯। পুনরায় নরর্ষভ পদুম বুদ্ধ যখন মহা অরণ্যে অবস্থান করিতে-ছিলেন, তখন দুই লক্ষ ভিক্ষুর সমাগম হইয়াছিল।

---

* "পতিত্থায়" লঃ অর্থকথা

† "সতসহস্সীনং।"

১০। অহং তেন সময়েন সীহো * আসিং মিগাভিভু,
বিবেক মনুক্রহন্তং পবনে অদ্দসং জিনং। ৫৪৬॥

১১। বন্দিত্বা সিরসা পাদে কত্বান তং পদক্খিণং,
তিক্খত্তুং অভি নাদিত্বা সত্তাহং জিনমুপট্ঠহং। ৫৪৭॥

১২। সত্তাহং বর সমাপত্তিয়া উট্ঠহিত্বা তথাগতো,
মনসা চিন্তায়িত্বান কোটি ভিক্খূ সমানয়ি। ৫৪৮॥

১৩। তদা পি সো মহাবীরো তেসং মজ্ঝে বিয়াকরি,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫৪৯॥

২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত্তমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৫৬০॥

---

১০।১১। আমি তখন পশুরাজ সিংহ হইয়া জন্মগ্রহণ করিয়াছিলাম। সেই অরণ্যের বিবেক স্থানে নিরোধ সমাপত্তি ধ্যানমগ্ন বুদ্ধকে দেখিয়া অবনত শিরে পদ বন্দনা করিয়াছিলাম। তারপর তিনবার প্রদক্ষিণ এবং তিনবার সিংহনাদ করিয়া সপ্তাহ অবধি তাঁহার সেবা করিয়াছিলাম।

১২। তথাগত বুদ্ধ সপ্তাহের পর নিরোধ সমাপত্তি হইতে উঠিয়া ''সমস্ত ভিক্ষু এখানে আসুক" মনে মনে এরূপ অধিষ্ঠান করিয়া কোটি প্রমাণ ভিক্ষু উপস্থিত করিয়াছিলেন।

১৩। তখনও সেই মহাবীর বুদ্ধ তাঁহাদের মধ্যে এই হইতে অপ্রমেয় কল্পান্তরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৪। ৫৫০, ১৫। ৫৫১, ১৬। ৫৫২, ১৭। ৫৫৩, ১৮। ৫৫৪, ১৯। ৫৫৫, ২০। ৫৫৬, ২১। ৫৫৭, ২২। ৫৫৮, ২৩।৫৫৯ পূর্ববৎ।

২৪। আমি তাঁহারও সত্য বাক্য শ্রবণে সন্তুষ্ট এবং উদ্বিগ্নমনা হইয়া দশপারমী পরিপূর্ণের জন্য বিশেষ ভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

---

* "হোমি।"

২৫। চম্পকং নাম নগরং অসমো নাম খত্তিয়ো,
অসমা নাম জনিকা পদুমস্স মহেসিনো। ৫৬১ ॥

২৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নন্দ চ সুয়সা উত্তরা তয়ো পাসাদ মুত্তমা। ৫৬২ ॥

২৭। তেত্তিংস সতসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
উত্তরা নাম সা নারী রম্মো নামাসি অত্রজো। ৫৬৩ ॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথ য়ানেন নিক্খমী,
অনূনকং অড্ঢমাসং পধানং পদহী জিনো। ৫৬৪ ॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পদুমো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো ধনঞ্জয়ুয়্যান মুত্তমে। ৫৬৫ ॥

৩০। সালো চ উপসালো চ অহেসুং অগ্গসাবকা,
বরুণো নামুপট্ঠাকো পদুমস্স মহেসিনো। ৫৬৬ ॥

---

২৫। মহর্ষি পদুম বুদ্ধের জন্মস্থান চম্পক নগর, পিতা অসম নামক ক্ষত্রিয় রাজা, মাতা অসমা নাম্নী রাজ মহিষী।

২৬। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। নন্দা, সুযশা ও উত্তরা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৭। নানা অলঙ্কার প্রতিমণ্ডিতা তেত্রিশ লক্ষ পরিচারিকা, উত্তরা নাম্নী প্রধানা স্ত্রী এবং রম্য নামক পুত্র সন্তান ছিল।

২৮। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া রথারোহণে মহাভি-নিষ্ক্রমণ করিয়াছিলেন। অন্যূন অর্দ্ধমাস বুদ্ধত্ব লাভের প্রচেষ্টা করিয়াছিলেন।

২৯। লোক নায়ক মহাবীর পদুম মহা ব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া ধনঞ্জয় নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি পদুম বুদ্ধের সাল ও উপসাল দুইজন অগ্র শ্রাবক, আর বরুণ নামক স্থবির সেবক ছিল।

৩১। রাধা চেব সুরাধা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহাসোণোতি বুচ্চতি। ৫৬৭॥

৩২। ভিয়্যো চেব অসমো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
রুচী চ নন্দরামা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৫৬৮॥

৩৩। অট্ঠ পঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
পভা নিদ্ধাবতী তস্স অসমা সব্বসো দিসা। ৫৬৯॥

৩৪। চন্দপ্পভা সুরিয়প্পভা রতনগ্গি মণিপ্পভা,
সব্বাপি তা হতা হোন্তি পত্বা জিন পভুত্তমং। ৫৭০॥

৩৫। বস্স সতসহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৫৭১॥

---

৩১। রাধা ও সুরাধা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা, তাঁহার বোধিদ্রুম মহাসোণ (স্বর্ণ চাঁপা) বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩২। ভীয় ও অসম দুইজন অগ্র উপস্থায়ক, রুচী ও নন্দরামা অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। মহামুনি পদুম বুদ্ধ আটান্ন হস্ত পরিমিত শরীরধারী ছিলেন তাঁহার অসামান্য শারীরিক প্রভার দ্বারা চারিদিক উদ্ভাসিত হইত।

৩৪। চন্দ্র প্রভা, সূর্য্য প্রভা, রত্ন, অগ্নি ও মণির যে সমস্ত উজ্জ্বল প্রভা আছে এই সমস্তই জিনের উত্তম শরীর প্রভার কাছে নিষ্প্রভ হইয়া যাইত।

৩৫। তখন বুদ্ধের পরমায়ু এক লক্ষ বৎসর ছিল। পদুম বুদ্ধ তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। পরিপক্ক মানসে সত্তে বোধয়িত্বা অসেসতো,
সেসকে অনুসাসিত্বা নিব্বুতো সো সসাবকো। ৫৭২॥

৩৭। উরগো ব তচং জিন্নং বদ্ধং পত্তং ব পাদপো,
জহিত্বা সব্ব সংখারে নিব্বুতো সো য়থা সিখী। ৫৭৩॥

৩৮। পদুম জিনবরো সত্থা ধম্মারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৫৭৪॥

---

৩৬। পদুম বুদ্ধ পরিপক্ক মানসযুক্ত প্রাণীদিগকে নিঃশেষ ভাবে আর্য্য-সত্য বোধগম্য করাইয়া অবশিষ্ট জনতাকে যথাধর্ম্ম অনুশাসন করত শ্রাবক সহ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৭। তিনি উরগের (সর্পের) জীর্ণ ত্বকের ন্যায় ও বৃক্ষের পুরাতন পত্র তুল্য সমস্ত সংস্কার ত্যাগ করিয়া অগ্নির মত নির্ব্বাপিত হইয়াছেন।

৩৮। জিন প্রবর পদুম বুদ্ধ ধর্ম্মারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু নানা দেশের নানা স্থানে নিয়া পূজিত হইয়াছিল

# নারদ বুদ্ধ-বংসো (৯)

১। পদুমস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
নারদো নাম নামেন অসমো অপ্পটিপুগ্গলো। ৫৭৫॥

২। সো বুদ্ধো চক্কবত্তিস্স জেট্‌ঠো দয়িত ওরসো,
আমুত্ত মালাভরণো উয্যানং উপসঙ্কমি। ৫৭৬।

৩। তত্থাসি রুক্খো য়স বিপুলো অভিরূপো ব্রহাসুচী,
তমজ্ঝপত্বা উপনিসীদি মহাসোণস্স হেট্‌ঠতো। ৫৭৭॥

৪। তত্থঞ্ঞাণ বরুপ্পজ্জি অনন্তং বজ্জিরূপমং,
তেন বিচিনি সংখারে উক্কুজ্জমবকুজ্জকং। ৫৭৮॥

---

১। পদুম বুদ্ধের তিরোধানের পর, দ্বিপদোত্তম অসামান্য ও অপ্রতিপুদ্গল নারদ সম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন

২। সে বুদ্ধ চক্রবর্ত্তী রাজার ঔরস জাত প্রিয় জ্যেষ্ঠ পুত্র ছিলেন। মুক্তাহারাদি আভরণ প্রতিমণ্ডিত হইয়া ধনঞ্জয় উদ্যানে উপনীত হইয়াছিলেন।

৩। তথায় প্রসিদ্ধ সুন্দর সুবৃহৎ এবং পবিত্র রক্তসোণ (রক্ত চাঁপা) নামে খ্যাত একটি দেববৃক্ষ ছিল। তিনি সেই বৃক্ষতলায় উপবেশন করিয়াছিলেন।

৪। সেই সোণ বৃক্ষমূলে তাঁহার অনন্ত, বজ্রোপম, উত্তম সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ হইয়াছিল। তিনি সেই বুদ্ধ জ্ঞানের দ্বারা উদয় ব্যয় অনুসারে সমস্ত সংস্কার ধর্ম্ম চিন্তা করিয়াছিলেন।

৫। তত্থ সব্ব কিলেসানি অসেসমভি বাহয়ি,
পাপুনি কেবল বোধিং বুদ্ধঞাণে চ চুদ্দস ৫৭৯ ॥

৬। পাপুনিত্বান সম্বোধিং ধম্মচক্কং পবত্তয়ি,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৫৮০ ॥

৭। মহাদোণং নাগরাজং বিনয়ন্তো মহামুনি,
পাটিহের তদাকাসি দস্সয়ন্তো সদেবকে। ৫৮১ ॥

৮। তদা দেবমনুস্সানং তম্হি ধম্মপ্পকাসনে,
নবুতি কোটি সহস্সানি তরিংসু সব্ব সংসয়ং। ৫৮২ ॥

৯। যম্হিকালে মহাবীরো ওবদি সকমত্রজং,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৫৮৩ ॥

---

৫। তথায় ক্লেশরাশি নিঃশেষরূপে বিনাশ করিয়া, অরহৎ মার্গ-জ্ঞান ও বুদ্ধ-জ্ঞান (অষ্টবিধ মার্গফল জ্ঞান, ছয়টা অসাধারণ জ্ঞান) সহ চৌদ্দ প্রকার জ্ঞান লাভ করিয়াছিলেন।

৬। তিনি সম্যক্সম্বোধি লাভ করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন। সেই ধর্ম্ম দেশনায় লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম-জ্ঞান লাভ হইয়াছিল।

৭। মহামুনি মহাদ্রোণ নামক নাগ রাজকে দমন করিবার সময় দেবমনুষ্যদিগকে বিস্ময়কর ঋদ্ধি দেখাইয়াছিলেন।

৮। তখন দেব-মানবদিগের মধ্যে সেই ধর্ম্মদেশনায় নব্বই লক্ষ প্রাণীর সকল সংশয় নিরসন হইয়াছিল।

৯। মহাবীর নারদ বুদ্ধ যখন নিজের পুত্রকে উপদেশ দিতে ছিলেন, তখন অশীতি লক্ষ কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাভিজ্ঞান লাভ হইয়াছিল।

১০। সন্নিপাতা তয়ো আসুং নারদস্স মহেসিনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৫৮৪ ॥

১১। য়দা বুদ্ধো বুদ্ধগুণং সনিদানং পকাসয়ি,
নবুতি কোটি সহস্সানি সমিংসু বিমলা তদা। ৫৮৫ ॥

১২। য়দা বেরোচনো নাগো দানং দদাতি সত্থুনো,
তদা সমিংসু জিন পুত্তা অসীতি সত সহস্সিয়ো। ৫৮৬ ॥

১৩। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
অন্তলিক্খ চরো আসিং পঞ্চভিঞ্ঞাসু পারগু। ৫৮৭ ॥

১৪। তদাপহং অসম সমং সসঙ্ঘং সপরিজ্জনং *,
অন্নপানেন তপ্পেত্বা চন্দনেনাভি পূজয়িং। ৫৮৮ ॥

---

১০। মহর্ষি নারদ বুদ্ধের তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে লক্ষ কোটি অরহন্তের সমাগম হইয়াছিল।

১১। বুদ্ধ যখন কারণ সহিত বুদ্ধগুণ বর্ণনা করিয়াছিলেন, তখন নব্বই সহস্র কোটি ভিক্ষু বিমল বা ক্লেশ উপশান্ত হইয়াছিল।

১২। যে সময় বেরোচন নামক নাগরাজ ভগবান নারদ শাস্তাকে দান দিয়াছিল, তখনও অশীতি লক্ষ জিনপুত্রের ক্লেশোপশম হইয়াছিল।

১৩। সে সময় আমি বলবৎ তপশ্চর্য্যায় রত, অভিজ্ঞা পারদর্শী, আকাশচারী ও জটাধারী সন্ন্যাসী ছিলাম।

১৪। তখনও আমি পরিজনবর্গসহ অসমতুল বুদ্ধ এবং তদীয় শ্রাবক সংঘকে অন্ন-পানীয় দানে পরিতৃপ্ত করত পরে চন্দন দ্বারা পূজা করিয়াছিলাম।

---

* "লোক নায়কং" লঃ

১৫। সো পি মং বুদ্ধো ব্যাকাসি নারদো লোক নায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে * অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫৮৯ ॥

২৬। তস্সাপি বচনং সুত্বা ভীয্যো ভাবেত্বা মানসং,
অধিট্ঠহিং বতং উগ্গং দস পারমি পূরিয়া। ৬০০ ॥

২৭। নগর ধঞ্ঞবতী নাম সুদেবো নাম খত্তিয়ো,
অনোমা নাম জনিকা নারদস্স মহেসিনো। ৬০১ ॥

২৮। নব বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
+ জিতা বিজিতা ভূরিমা তয়ো পাসাদ মুত্তমা। ৬০২ ॥

২৯। তি চত্তারিস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
জিতসেন নাম নারী নন্দুত্তরো নাম অত্রজো। ৬০৩ ॥

---

১৫। লোক নায়ক বুদ্ধ আমাকে "এই হইতে অপ্রমেয় কল্পান্তরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া তখন প্রকাশ করিয়াছিলেন।

১৬। ৫৯০, ১৭। ৫৯১, ১৮। ৫৯২, ১৯। ৫৯৩, ২০। ৫৯৪, ২১। ৫৯৫, ২২। ৫৯৬, ২৩। ৫৯৭, ২৪। ৫৯৮, ২৫। ৫৯৯ পূর্ব্ববৎ।

২৬। তাঁহারও অমোঘ বাণী শুনিয়া বহুল ভাবে ভাবনা করত দশ পারমী পরিপূরণের জন্য তীব্রভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। মহর্ষি নারদ বুদ্ধের জন্মস্থান ধঞ্ঞবতী নগর, পিতা সুদেব নামক ক্ষত্রিয়, মাতার নাম অনোমাবতী নাম্নী ক্ষত্রিয়ানী ছিল।

২৮। তিনি নয় হাজার বৎসর কাল গৃহবাসী ছিলেন। জিতা, বিজিতা ও ভূরিমা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, জিতাসেনা নাম্নী প্রধানা স্ত্রী এবং নন্দুত্তর নামক পুত্র ছিল।

---

* "বুদ্ধো লোকে ভবিস্সতি" লঃ

† "বিজিত, বিজিতাবী ও বিজিতাভিরাম" অর্থকথা।

৩০। নিমিত্তে চতুরো দিস্বা * পাসাদ গমনেন নিক্খমী,
সত্তাহং পধান চরিয়ং অচরী লোক নায়কো। ৬০৪॥

৩১। ব্রহ্মুনা য়াচিতো সন্তো নারদো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো ধনঞ্জয়ুয়্যান মুত্তমে। ৬০৫॥

৩২। ভদ্দসালো জিতমিত্তো অহেসুং অগ্গসাবকা,
বাসেট্ঠো নামুপট্ঠাকো নারদস্স মহেসিনো। ৬০৬॥

৩৩। উত্তরা ফগ্গুনি চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহা সোণোতি বুচ্চতি। ৬০৭॥

৩৪। উগ্গরিন্দো বসভো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
ইন্দবরী চ উন্দী চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬০৮॥

---

৩০। লোকনায়ক নারদবুদ্ধ চারি প্রকার নিমিত্ত দেখিয়া পদব্রজে মহাভিমিষ্ক্রমণ করত সপ্তাহকাল ধ্যানচর্য্যা আচরণ করিয়াছিলেন।

৩১। লোকনায়ক মহাবীর নারদ মহাব্রহ্মার দ্বারা আরাধিত হইয়া উত্তম ধনঞ্জয় উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি নারদ বুদ্ধের ভদ্রশাল ও জিতমিত্র নামে দুইজন অগ্র শ্রাবক আর বাসেট্ঠ নামক ভিক্ষু সেবক ছিল।

৩৩। উত্তরা ও ফাল্গুনী নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা আর সেই ভগবানের বোধিদ্রুম মহাসোণ বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৪। উৎগ্রীন্দ্র ও বসভ নামে দুইজন অগ্র উপস্থায়ক ও ইন্দবরী এবং উন্দী নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

* "পদসা গমনেন" কোন কোন স্থানে।

৩৫। অট্‌ঠাসীতি রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
কঞ্চনগ্ঘিয় সংকাসো দস সহস্‌সী বিরোচথ। ৬০৯ ॥

৩৬। তস্‌স ব্যামপ্পভা কায়া নিদ্ধাবত্তি সমন্ততো *,
নিরন্তরং দিবারত্তিং য়োজনং ফরতে দিসা। ৬১০ ॥

৩৭। ন কেচি তেন সময়েন সমন্তা য়োজনা জনা,
উক্কা পদীপে উজ্জালেন্তি বুদ্ধ রংসেন ওত্থটা। ৬১১ ॥

৩৮। নবুতি বস্‌স সহস্‌সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্‌ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬১২ ॥

৩৯। য়থা উলূহি গগনং বিচিত্তং উপসোভতি,
তথেব সাসনং তস্‌স অরহন্তেহি সোভতি। ৬১৩ ॥

---

৩৫। নারদ বুদ্ধ বিবিধ রত্নে চিত্রিত, কাঞ্চন প্রভা তুল্য অষ্টাশীতি হস্ত উচ্চ দেহধারী ছিলেন। তাঁহার শরীর প্রভায় দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩৬। তাঁহার শরীর হইতে চারিদিকে ব্যামপ্রভা নির্গত হইত। অহোরাত্র নিরন্তর যোজন প্রমাণ স্থান শরীর প্রভায় দিগন্ত জ্যোতির্ম্ময় হইয়া থাকিত।

৩৭। সেই সময় বুদ্ধ রশ্মির দ্বারা সর্ব্বদা প্রদীপ্ত হেতু চারিদিকে যোজন প্রমাণ স্থানে কেহই প্রদীপ বা মশাল জ্বালিত না।

৩৮। তখনকার সময়ে বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতা সংসার সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। উদিত তারকা রাজির দ্বারা গগন যেমন বিচিত্রভাবে পরিশোভিত হয়, তেমনই তাঁহার শাসন অরহতগণের দ্বারা সুশোভিত হইয়াছিল।

---

* "দিসোদিসং" লঃ অর্থকথা।

৪০। সংসার সোতং তরণায় সেসকে পটিপন্নকে,
ধম্মসেতুং দল্হং কত্বা নিব্বুতো সো নরাসভো। ৬১৪ ॥
৪১। সো পি বুদ্ধো অসমসমো তেপি খীণাসবা অতুল তেজা,
সব্বং সমন্ত রহিতং নন্নুরিত্তা সব্ব সঙ্খারা। ৬১৫ ॥
৪২। নারদো জিনবসভো নিব্বুতো সুদস্সনে পুরে,
তত্থেব জিন থূপবরো চতুয়োজন মুগ্গতো। ৬১৬ ॥

---

৪০। নরশ্রেষ্ঠ নারদ বুদ্ধ শাসন প্রতিপালনকারী অবশিষ্ট প্রাণীদের সংসার স্রোত পার হইবার জন্য সুদৃঢ় ধর্ম্মসেতু নির্ম্মাণ করিয়া নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪১। অসামান্য সেই সর্ব্বজ্ঞ বুদ্ধ ও অতুল তেজস্বী অরহৎগণ সকলেই অন্তর্হিত হইয়াছেন, সমস্ত সংস্কার ধর্ম্ম তুচ্ছ ও অসার নহে কি?

৪২। জিন শ্রেষ্ঠ নারদ বুদ্ধ সুদর্শন পুরে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন, তথায় চারি যোজন উচ্চ উত্তম জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# পদুমুত্তর বুদ্ধ-বংসো (১০)

১ । নারদস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
পদুমুত্তরো নাম জিনো অক্খোভো সাগরূপমো । ৬১৭ ॥
২ । মণ্ডকপ্পো'ব সো আসি য়ম্হি বুদ্ধো অজায়থ,
উস্সন্ন কুসলা জনতা তম্হি কপ্পে অজায়থ । ৬১৮ ॥
৩ । পদুমুত্তরস্স ভগবতো পঠমে ধম্ম দেসনে,
কোটি সত সহস্সানং ধম্মাভিসময়ো অহু । ৬১৯ ॥

---

১ । নারদ বুদ্ধের অন্তর্দ্ধানের পর অভিসম্বুদ্ধ, দ্বিপদোত্তম, অবিচলিত, সাগরোপম পদুমুত্তর জিন আবির্ভূত হইয়াছিলেন ।

২ । যেই সময় দুইজন বুদ্ধ জগতে উৎপন্ন হইয়া থাকেন, তাহা (ক) মণ্ডকল্প নামে খ্যাত হয় । তৎকালে পূরিত পারমী ধন্য-পুণ্য ব্যক্তিগণ জন্মগ্রহণ করে ।

৩ । ভগবান পদুমুত্তর বুদ্ধের প্রথম দেশনায় লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল ।

---

(ক) কল্প বিষয়ক বিস্তৃত বিবরণ মৎ প্রণীত সার-সংগ্রহ গ্রন্থের ৩৫৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য ।

৪। ততো পরম্পি বস্সন্তে তপ্পয়ন্তে চ পাণিনো,
সত্ততিংস সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৬২০॥

৫। য়ম্হিকালে মহাবীরো আনন্দং উপসঙ্কমি,
পিতু সন্তিকমুপাগন্ত্বা অহনী অমত দুন্দুভিং। ৬২১॥

৬। অহতে অমত ভেরিম্হি বস্সন্তে ধম্ম বুট্ঠিয়ো,
পঞ্ঞাস সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৬২২॥

৭। ওবাদকো বিঞ্ঞাপকো তারকো সব্বপাণিনং,
দেসনা কুসল বুদ্ধো তারেসি জনতং বহুং। ৬২৩॥

৮। সন্নিপাতা তয়ো আসুং পদুমুত্তরস্স সত্থুনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৬২৪॥

---

৪। তারপরও প্রত্যয় দাতা দায়কদিগকে বর্ষান্তে ধর্ম্মদেশনা করিয়াছিলেন। সেই দেশনায় দ্বিতীয় বারে সাঁইত্রিশ হাজার প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৫।৬। মহাবীর পদুমুত্তর বুদ্ধ যখন তদীয় পিতা আনন্দ রাজার নিকট উপস্থিত হইয়া তাঁহার নিকট অমৃত দুন্দুভি নিনাদিত করিয়াছিলেন, তখন সেই অমৃত দুন্দুভি ধ্বনিত হইলে এবং ধর্ম্মবারি বর্ষিত হইলে, পঞ্চাশ লক্ষ প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাববোধ হইয়াছিল।

৭। সমস্ত প্রাণীর শরণশীল ও ধুতাঙ্গাদির উপদেশক, চতুরার্য্য সত্যের বিজ্ঞাপক, কাম-ভব দৃষ্টি ও অবিদ্যা সাগর হইতে পরিত্রাণকারী ধর্ম্ম দেশনায় সুনিপুণ বুদ্ধ বহু জনতাকে ভবার্ণব হইতে ত্রাণ করিয়াছিলেন।

৮। শাস্তা পদুমুত্তর বুদ্ধের তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম সমাগমে লক্ষ কোটি অরহতের সমাগম হইয়াছিল।

৯। য়দা বুদ্ধো অসমসমো বসী বেভার পব্বতে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৬২৫ ॥

১০। পুন চারিকং পক্কন্তে গামনিগম রট্ঠতো,
অসীতি কোটি সহস্সানং ততিয়ো আসি সমাগমো। ৬২৬ ॥

১১। অহং তেন সময়েন * জটিকো নাম রট্ঠিকো,
সম্বুদ্ধ পমুখং সঙ্ঘং সভত্তং দুস্সমদাসহং। ৬২৭ ॥

১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সঙ্ঘ মজ্ঝে নিসীদিয়,
সত সহস্সে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৬২৮ ॥

২৩। তস্সাপি বচনং সুত্বা উত্তরিং বত মধিট্ঠহিং,
অকাসি মুগ্গং দলহং ধিতিং দস পারমি পূরিয়া। ৬২৯ ॥

---

৯। অসামান্য পদুমুত্তর বুদ্ধ যখন বেভার পর্ব্বতে অবস্থান করিতেছিলেন, তখন দ্বিতীয় বারে নব্বই সহস্র কোটি অরহতের সমাগম হইয়াছিল।

১০। পুনঃ গ্রাম-নিগম ও রাষ্ট্রে বিচরণের জন্য প্রস্থান করিলে অশীতি সহস্র কোটি অরহতের তৃতীয় বারে সমাগম হইয়াছিল।

১১। তখন আমি জটিক নামক রাষ্ট্রীয় লোক ছিলাম, সেই অবস্থায় ভিক্ষুসঙ্ঘ সহ বুদ্ধকে অন্ন পানীয় এবং বস্ত্র দান করিয়াছিলাম।

১২। তিনিও সংঘ মধ্যে উপবেশন করিয়া "এই হইতে লক্ষ কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন।

১৩। ৬২৯, ১৪। ৬৩০, ১৫। ৬৩১, ১৬। ৬৩২, ১৭। ৬৩৩, ১৮। ৬৩৪, ১৯। ৬৩৫, ২০। ৬৩৬, ২১। ৬৩৭, ২২। ৬৩৮ পূর্ব্ববৎ।

২৩। তাঁহারও এই আশ্বাসবাণী শুনিয়া বিশেষভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম। দশপারমী পূরণের জন্য অত্যন্ত দৃঢ়ভাবে ধৈর্য্যাবলম্বন করিয়াছিলাম।

---

* "জটিলো।"

২৪। ব্যাহতা তিত্থিয়া সব্বে বিমনা দুম্মনা তদা,
ন তেসং কেচি পরিচরন্তি রট্ঠতো নিচ্ছুভন্তিতে। ৬৪০ ॥

২৫। সব্বে তত্থ সমাগন্ত্বা উপগঞ্চুং বুদ্ধ সন্তিকে,
তুবং নাথো মহাবীর সরণং * হোতু চক্খুম। ৬৪১ ॥

২৬। অনুকম্পকো কারুণিকো হিতেসী সব্ব পাণিনং,
সম্পত্তে তিত্থিয়ে সব্বে পঞ্চসীলে পতিট্ঠহি। ৬৪২ ॥

২৭। এবং নিরাকুলং আসি সুঞ্ঞকং তিত্থিয়েহি তং,
বিচিত্তং অরহন্তেহি বসীভূতেহি তাদিহি। ৬৪৩ ॥

২৮। নগরং † হংসবতী নাম আনন্দো নাম খত্তিয়ো,
সুজাতা নাম জনিকা পদুমুত্তরস্স মহেসিনো। ৬৪৪ ॥

---

২৪। তখন তীর্থিয়গণ দর্পচূর্ণ হইয়া বিমনা দুর্ম্মনা হইয়াছিল; কেহ তাহাদের পরিচর্য্যা করিত না। তাহারা রাষ্ট্র হইতে নির্ব্বাসিত হইয়াছিল।

২৫। তথায় তাহারা সকলে সমবেত হইয়া, হে চক্ষুষ্মান, নরনাথ, মহাবীর, "আপনি আমাদের শরণ হউন" বলিয়া বুদ্ধের নিকট উপনীত হইয়াছিল।

২৬। সমস্ত প্রাণীর অনুকম্পাকারী, কারুণিক, হিতৈষী বুদ্ধের নিকট উপস্থিত তীর্থিয়গণ পঞ্চশীলে প্রতিষ্ঠিত হইয়াছিল।

২৭। এই প্রকারে পদুমুত্তর বুদ্ধের শাসন নিরাকুল ও তীর্থিয় শূন্য হইয়াছিল। অথচ বশীভূত সমদর্শী অরহতগণের দ্বারা বিচিত্র হইয়াছিল।

২৮। মহর্ষি পদুমুত্তর বুদ্ধের জন্মভূমি হংসবতী নগর, পিতা আনন্দ নামক ক্ষত্রিয়, মাতা সুজাতা নাম্নী ক্ষত্রিয়ানী।

---

* "হোহি" লঃ

† "হেমবতী" লঃ

২৯। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নারিবাহনো য়সো য়সবতী তয়ো পাসাদ মুত্তমা। ৬৪৫ ॥

৩০। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বসুদত্তা নাম নারী উত্তরো নাম অত্রজো। ৬৪৬ ॥

৩১। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমী,
সত্তাহং পধান চারং অচরী পুরিসুত্তমো। ৬৪৭ ॥

৩২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পদুমুত্তরো বিনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিথিলুয়্যান মুত্তমে। ৬৪৮ ॥

৩৩। দেবলো চ সুজাতো চ অহেসুং অগ্গসাবকা,
সুমনো নামুপট্ঠাকো পদুমুত্তরস্স সত্থুনো। ৬৪৯ ॥

৩৪। অমিতা অসমা চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো সললো রুক্খোতি বুচ্চতি। ৬৫০ ॥

---

২৯। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। নারীবাহন, যশঃ ও যশবতী নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩০। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা ছিল। প্রধানা স্ত্রী বসুদত্তা আর উত্তর নামক পুত্র সন্তান ছিল।

৩১। পুরুষোত্তম পদুমুত্তর বুদ্ধ চারি প্রকার পূর্ব্ব লক্ষণ দেখিয়া প্রাসাদের সহিত মহাভিনিষ্ক্রমণ করত সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

৩২। বিনায়ক মহাবীর পদুমুত্তর বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মিথিলা নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৩। পদুমুত্তর শাস্তার দেবল ও সুজাত অগ্র শ্রাবক ছিল আর সুমন নামক ভিক্ষু তাঁহার উপস্থায়ক ছিল।

৩৪। সেই ভগবানের অমিতা ও অসমা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল, তাঁহার বোধিবৃক্ষ সলল বৃক্ষ বলিয়া খ্যাত।

৩৫। বিতিণ্ণো চেব তিস্সো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
হত্থা চেব বিচিত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬৫১॥

৩৬। অট্ঠপঞ্ঞাস রতনং অচ্চুগতো মহামুনি,
কঞ্চনগ্ঘিয় সংকাসো দ্বত্তিংস বরলক্খণো। ৬৫২॥

৩৭। কুড্ডা কবাট ভিত্তী চ রুক্খা নগসিলুচ্চয়া,
নতস্সাবরণং অত্থি সমন্তা দ্বাদস য়োজনে। ৬৫৩॥

৩৮। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬৫৪॥

৩৯। সন্তারেত্বা বহুজনং ছিন্দিত্বা সব্ব সংসয়ং
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব নিব্বুতো সো সসাবকো। ৬৫৫॥

---

৩৫। তাঁহার বিতীর্ণ ও তিষ্য নামে দুইজন অগ্র উপস্থায়ক, আর হস্তা ও বিচিত্রা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৬। কাঞ্চন বর্ণ শরীরধারী, বত্রিশ প্রকার শ্রেষ্ঠ মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত মহামুনি পদুমুত্তর বুদ্ধের দেহ আটান্ন হাত উচ্চ ছিল।

৩৭। তাঁহার চারিদিকে দ্বাদশ যোজন পর্য্যন্ত প্রাকার, কবাট, ভিত্তি, বৃক্ষ ও পর্ব্বতের আবরণ শূন্য থাকিত।

৩৮। তখন বুদ্ধের আয়ু লক্ষ বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে সংসার-সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। তিনি বহুজনকে ত্রাণ এবং সকল প্রকার সংশয় বিনোদন পূর্ব্বক অগ্নি রাশির ন্যায় প্রজ্জলিত হইয়া, শ্রাবকগণসহ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪০। পদুমুত্তরো জিনো বুদ্ধো নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো দ্বাদসুব্বেধ য়োজনো। ৬৫৬॥

---

৪০। মারজিৎ জিন পদুমুত্তর বুদ্ধ নন্দারামে পরিনির্ব্বাণ লাভ করিয়াছিলেন। তথায় তাঁহার দ্বাদশ যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# সুমেধ বুদ্ধ-বংসো (১১)

১। পদুমুত্তরস্স অপরেন সুমেধো নাম নায়কো,
দুরাসদো উগ্গতেজো সব্বলোকোত্তমো মুনি। ৬৫৭॥

২। পসন্ননেত্তো সুমুখো ব্রহা উজু পতাপবা,
হিতেসি সব্ব সত্তানং বহু মোচেসি বন্ধনা। ৬৫৮॥

৩। য়দা বুদ্ধো পাপুণিত্বা কেবলং বোধি মুত্তমং,
সুদস্সনম্হি নগরে ধম্মচক্কং পবত্তয়ি। ৬৫৯॥

৪। তস্সাভিসময়া তীনি অহেসুং ধম্মদেসনে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৬৬০॥

---

১। পদুমুত্তর বুদ্ধের তিরোধানের পর অলঙ্ঘ্য, তীব্র তেজস্বী সর্ব্ব লোকোত্তম লোকনায়ক সুমেধ মুনি আবির্ভূত হইয়াছিলেন।

২। প্রসন্ননেত্র, সুবদন, মহৎ, ঋজু, প্রতাপশালী ও হিতৈষী সুমেধ বুদ্ধ বহু জনসাধারণের সংসার-বন্ধন মোচন করিয়াছিলেন।

৩। ভগবান যখন পরিশুদ্ধ এবং উত্তম সম্বোধি লাভ করিলেন, তখন সুদর্শন নগরে যাইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। তাঁহার ধর্ম্মদেশনায় তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৫। পুনাপরং কুম্ভকণ্ণং যক্খং সো দময়ী জিনো,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৬৬১ ॥

৬। পুনাপরং অমিতয়সো চতুসচ্চং পকাসয়ি,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৬৬২ ॥

৭। সন্নিপাতা তয়ো আসুং সুমেধস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৬৬৩ ॥

৮। সুদস্সন নগর বরং উপগঞ্ছি জিনো য়দা,
তদা খীণাসবা ভিক্খূ সমিংসু সত কোটিয়ো। ৬৬৪ ॥

৯। পুনাপরং দেবকূটে ভিক্খূনং কঠিনত্থতে,
তদা নবুতি কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৬৬৫ ॥

---

৫। সেই জিন পুনর্ব্বার যখন কুম্ভকর্ণ যক্ষকে দমন করিয়াছিলেন, তখন নব্বই সহস্র প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৬। তারপর অমিত যশস্বী বুদ্ধ যখন চতুরার্য্য সত্য প্রকাশ করিয়াছিলেন, তখন অশীতি সহস্র প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৭। ইষ্টানিষ্ট বিষয়ে একীভাব, শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রবদিগের সমাগমে মহর্ষি সুমেধ বুদ্ধের তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল।

৮। জিন যখন শ্রেষ্ঠ সুদর্শন নগরে উপনীত হইয়াছিলেন, তখন শত কোটি ভিক্ষু ক্লেশাগ্নির উপশম করিয়া ক্ষীণাশ্রব হইয়াছিল।

৯। তারপর দেবকূট পর্ব্বতে যখন ভিক্ষুদিগকে কঠিন চীবর দান করা হইতেছিল, তখন নব্বই কোটি ভিক্ষুর সমাগমে দ্বিতীয় অধিবেশন হইয়াছিল।

১০। পুনাপরং দসবলো যদা চরতি চারিকং,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৬৬৬ ॥

১১। অহং তেন সময়েন উত্তরো নাম মানবো,
অসীতি কোটিয়ো মযহং ঘরে সন্নিচিতং ধনং। ৬৬৭ ॥

১২। কেবল সব্বং দত্বান সসঙ্ঘে লোক নায়কে,
সরণং তস্স উপগঞ্ছিং পব্বজ্জঞ্চাভিরোচয়িং। ৬৬৮ ॥

১৩। সো পি মং বুদ্ধো ব্যাকাসি করোন্তো অনুমোদনং,
তিংস কপ্প সহস্সম্হি অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৬৬৯ ॥

২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত মধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৬৮০ ॥

---

১০। আবার দশবল বুদ্ধ যখন দেশ দেশান্তরে বিচরণ করিতেছিলেন, তখন সমাগত আশী কোটি ভিক্ষুর তৃতীয় সমাগম হইয়াছিল।

১১। আমি সেই সময় উত্তর মানবরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম, আমার গৃহে অশীতি কোটি মূল্যের বিত্ত-সম্পত্তি সঞ্চিত ছিল।

১২। সেই সমস্ত সম্পত্তি ভিক্ষুসংঘসহ লোকনায়ক সুমেধ বুদ্ধকে পূজা করিয়া তাঁহার শরণাগত হওত তাঁহার প্রব্রজ্যায় রুচী উৎপাদন করিয়াছিলাম।

১৩। সেই সুমেধ বুদ্ধও দানানুমোদন পূর্ব্বক ধর্ম্মদেশনা করিবার সময় "ইনি ত্রিশ কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী করিয়াছিলেন।

১৪। ৬৭০, ১৫। ৬৭১, ১৬। ৬৭২, ১৭। ৬৭৩, ১৮। ৬৭৪, ১৯। ৬৭৫, ২০। ৬৭৬, ২১। ৬৭৭, ২২। ৬৭৮, ২৩। ৬৭৯ পূর্ব্ববৎ।

২৪। সুমেধ বুদ্ধেরও বাণী শুনিয়া আমার চিত্ত বিশেষ ভাবে প্রসন্ন করিয়াছিলাম। দশবিধ পারমী পরিপূরণের জন্য আরো উত্তরোত্তর ব্রতাধিষ্ঠান করিতেছিলাম।

২৫। সুত্তন্তং বিনয়ং চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৬৮১ ॥

২৬। তত্থপ্পমত্তো বিহরন্তো নিসজ্জট্ঠান চঙ্কমে,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৬৮২ ॥

২৭। সুদস্সনং নাম নগরং সুদত্তো নাম খত্তিয়ো,
সুদত্তা নাম জনিকা সুমেধস্স মহেসিনো। ৬৮৩ ॥

২৮। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সুচন্দ কঞ্চন সিরিবড্ঢা তয়ো পাসাদ মুত্তমা। ৬৮৪ ॥

২৯। তিসোলস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুমনা নাম সা নারী সুমিত্তো নাম অত্রজো। ৬৮৫ ॥

---

২৫। আমি সূত্রান্ত, বিনয় এবং নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত শিক্ষা করিয়া জিন-শাসন সুশোভিত করিয়াছিলাম।

২৬। আমি গমন-শয়ন-উপবেশন এই ত্রিবিধ অবস্থাতে, তথায় অপ্রমত্ত ভাবে বাস করত পঞ্চ অভিজ্ঞায় পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৭। মহর্ষি সুমেধ বুদ্ধের জন্মস্থান সুদর্শন নগর, পিতা সুদত্ত নামক ক্ষত্রিয় রাজা, মাতা সুদত্তা নাম্নী রাজরাণী।

২৮। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার সুচন্দ্র, কাঞ্চন ও শ্রীবদ্ধা নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা আটচল্লিশ হাজার পরিচারিকা, প্রধানা স্ত্রী সুমনা আর সুমিত্ত নামক পুত্র সন্তান ছিল।

৩০। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ৬৮৬॥

৩১। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুমেধো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো সুদস্সনুয়্যানমুত্তমে। ৬৮৭॥

৩২। সরণো সব্বকামো চ অহেসুং অগ্গসাবকা,
সাগরো নামুপট্ঠাকো সুমেধস্স মহেসিনো। ৬৮৮॥

৩৩। রামা চেব সুরামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো মহানিম্বো * তি বুচ্চতি। ৬৮৯॥

৩৪। উরুবেলো চ য়সবো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
য়সোধরা সিরিমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬৯০॥

---

৩০। সুমেধ জিন চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া হস্তী যানারোহণে অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। অন্যূন অর্দ্ধমাস পর্য্যন্ত ধ্যানচর্য্যায় রত থাকিয়া তিনি অভিসম্বোধি লাভ করিয়াছিলেন।

৩১। লোকনায়ক মহাবীর সুমেধ বুদ্ধ মহাব্রহ্মার আরাধনায় সুদর্শন নামক শ্রেষ্ঠ উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি সুমেধ বুদ্ধের শরণ ও সর্ব্বকাম নামে দুইজন অগ্র শ্রাবক এবং সাগর নামক ভিক্ষু সেবক ছিল।

৩৩। রামা ও সুরামা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তাঁহার বোধিদ্রুম মহানিম্ব বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৪। উরুবেল ও যশঃ নামে দুইজন অগ্র উপস্থায়ক এবং যশোধরা ও সিরিমা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

* "মহানীপো" লঃ/

৩৫। অট্ঠাসীতি রতনানি অচ্চুগতো মহামুনি,
ওভাসেতি * দিসা সব্বা + চন্দোতারাগণে য়থা। ৬৯১॥

৩৬। চক্কবত্তি মণী নাম য়থা তপতি য়োজনং
তথেব তস্স রতনং সমন্তা ফরতি য়োজনং। ৬৯২।

৩৭। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬৯৩॥

৩৮। তেবিজ্জছলভিঞ্ঞেহি বলপ্পত্তেহি তাদিহি,
সমাকুলমিদং আসি অরহন্তেহি সাধুহি। ৬৯৪॥

---

৩৫। মহামুনি সুমেধ বুদ্ধ অষ্টাশী হস্ত দেহধারী ছিলেন। চন্দ্র যেমন নক্ষত্র বেষ্টিত হইয়া শোভিত হয়, তিনিও তেমন চারিদিক উদ্ভাসিত করিতেন।

৩৬। চক্রবর্ত্তী রাজার মণিরত্ন যেমন যোজন প্রমাণ স্থান জ্যোতির্ম্ময় করিয়া থাকে, তেমন তাঁহার দেহকান্তিতেও যোজন পর্য্যন্ত আলোকিত হইত।

৩৭। তখন বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনিও তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে দুঃখ হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৮। এই সম্বুদ্ধ শাসন ত্রিবিদ্যা সম্পন্ন, ষড়াভিজ্ঞা বলপ্রাপ্ত, সমদর্শী ও সাধু অরহতগণের দ্বারা সমাকুল ছিল।

---

* "ওভাসেসি" লঃ

\+ "চন্দো পন্নরসো য়থা" লঃ

৩৯। তেপি সব্বে অমিত য়সা বিপ্পমুত্তা নিরূপধি,
ঞাণালোকং দস্সয়িত্বা নিব্বুতা তে মহায়সা। ৬৯৫ ॥

৪০। সুমেধো জিনবরো বুদ্ধো মেধারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতোতি। ৬৯৬ ॥

---

৩৯। সেই অমিতযশা, বিমুক্ত, নিরুপধি অরহতগণ জ্ঞানের আলোক দেখাইয়া পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে।

৪০। জিনবর সুমেধ বুদ্ধ মেধারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার অস্থি ধাতু নানা দেশে বিস্তৃত হইয়াছিল।

# সুজাত বুদ্ধ-বংসো (১২)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি সুজাতো নাম নায়কো,
সীহহনূসভক্খন্ধো অপ্পমেয়্যো দুরাসদো। ৬৯৭ ॥

২। চন্দো'ব বিমলো বুদ্ধো সতরংসী'ব পতাপবা,
এবং সোভতি সো বুদ্ধো জলন্তো সিরিয়া সদা। ৬৯৮ ॥

৩। পাপুণিত্বান সম্বুদ্ধো কেবলং বোধিমুত্তমং,
সুমঙ্গলম্হি নগরে ধম্মচক্কং পবত্তয়ি। ৬৯৯ ॥

৪। দেসেন্তে পবরং ধম্মং সুজাতে লোকনায়কে,
অসীতি কোটি অভিসমিংসু পঠমে ধম্মদেসনে। ৭০০ ॥

---

১। মণ্ডকল্পে সিংহহনু ও বৃষভের ন্যায় স্কন্ধযুক্ত অপ্রমেয়, অলঙ্ঘ্য লোকনায়ক সুজাত নামক বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন।

২। তিনি নির্ম্মল ও বিশুদ্ধ চন্দ্রের ন্যায়, প্রতাপশালী সূর্য্যের ন্যায় জ্বলন্ত বুদ্ধশ্রীর দ্বারা সর্ব্বদা শোভিত হইতেন।

৩। সুজাত সম্যক্সম্বুদ্ধ উত্তম ও পরিপূর্ণ সর্ব্বজ্ঞতা জ্ঞান প্রাপ্ত হইয়া সুমঙ্গল নগরে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। লোকনায়ক সুজাত বুদ্ধ যখন শ্রেষ্ঠ আর্য্য সত্যধর্ম্ম দেশনা করিয়াছিলেন, সেই প্রথম বারের দেশনায় আশী কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৫। য়দা সুজাতো অমিত য়সো দেবে বস্সং উপাগমি,
সত্ততিংস সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭০১।

৬। য়দা সুজাতো অসমসমো উপগচ্ছি পিতুসন্তিকং,
সট্‌ঠি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭০২॥

৭। সন্নিপাতা তয়ো আসুং সুজাতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৭০৩॥

৮। অভিঞ্ঞা বলপ্পত্তানং * অপ্পমত্তানং ভবাভবে,
সট্‌ঠি সত সহস্সানি পঠমং সন্নিপতিংসু তে। ৭০৪॥

৯। পুনাপরং সন্নিপাতে তিদিবোরোহণে জিনে,
পঞ্ঞাস সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৭০৫॥

---

৫। অমিত যশস্বী সুজাত বুদ্ধ যখন দেবলোকে বর্ষা যাপন করিয়াছিলেন, তখন সপ্তত্রিংশ সহস্র প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। অসামান্য সুজাত বুদ্ধ যখন পিতার নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন তৃতীয় বারে ষাট লক্ষ প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৭। মহর্ষি সুজাতের অবিচলিত, শান্ত ও বিমল ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনটি ধর্ম্ম-সভা আহূত হইয়াছিল।

৮। সেই অভিজ্ঞা বলপ্রাপ্ত ভবকে অভাব করণ বিষয়ে অপ্রমত্ত ষাট লক্ষ ভিক্ষু প্রথম অধিবেশনে আহূত হইয়াছিল।

৯। পুনর্ব্বার জিন দেবলোক হইতে অবতরণ করিবার সময়ে সমাগত পঞ্চাশ লক্ষ ভিক্ষুর সমাগমে দ্বিতীয় সভা আহূত হইয়াছিল।

---

* "অপ্পত্তানং" কোন কোন স্থানে।

১০। উপসঙ্কমন্তো নরবসভং তস্স য়ো অগ্গসাবকো,
চতূহি সত সহস্সেহি সম্বুদ্ধং উপসঙ্কমি। ৭০৬ ॥

১১। অহং তেন সময়েন চতুদীপম্হি ইস্সরো,
অন্তলিক্খচরো আসিং চক্কবত্তি মহাব্বলো। ৭০৭ ॥

১২। লোকে অচ্ছরিয়ং দিস্বা অব্ভুতং লোমহংসনং,
উপগন্ত্বান বন্দিং সো সুজাতং লোকনায়কং। ৭০৮ ॥

১৩। চতুদীপে মহারজ্জং রতনে সত্ত উত্তমে,
বুদ্ধে নীয়্যাদয়িত্বান পব্বজিং তস্স সন্তিকে। ৭০৯ ॥

১৪। আরামিকা জানপদা উট্‌ঠানং পতিপিণ্ডিয়া,
উপনেন্তি ভিক্খু সংঘস্স পচ্চয়ং সয়নাসনং। ৭১০ ॥

---

১০। তাঁহার অগ্র শ্রাবক ভিক্ষু নরার্ষভ বুদ্ধের নিকট যাইবার সময় চারি লক্ষ ভিক্ষু সমভিব্যাহারে উপস্থিত হইয়াছিলেন। তাহা তৃতীয় অধিবেশনে পরিগণিত হয়।

১১। সে সময় আমি চারি মহাদ্বীপের অধীশ্বর, আকাশচারী, মহা শক্তিশালী চক্রবর্ত্তী রাজা হইয়াছিলাম।

১২। আমি জগতে বুদ্ধের আশ্চর্য্য, অদ্ভূত এবং লোমহর্ষকর ব্যাপার দেখিয়া লোকনাথ সুজাত বুদ্ধের নিকট উপনীত হওত তাঁহাকে বন্দনা করিয়াছিলাম।

১৩। চারি মহাদ্বীপের বিশাল রাজত্ব এবং সপ্তবিধ শ্রেষ্ঠ রত্ন বুদ্ধকে পূজা করিয়া তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

১৪। আরামিকগণ জনপদোৎপন্ন আয় সংগ্রহ করিয়া ভিক্ষু সংঘকে চীবর, পিণ্ডপাত, ও শয়নাসনাদি প্রত্যয় প্রদান করিত।

১৫। সো পি মং বুদ্ধো ব্যাকাসি দসসহস্সিম্হি ইস্সরো,
তিংস কপ্প সহস্সম্হি অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭১১॥

২৬। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো হাসং জনেসহং,
অধিট্ঠহিং বতং উগ্গং দস পারমি পূরিয়া। ৭২২॥

২৭। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৭২৩॥

২৮। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৭২৪॥

২৯। সুমঙ্গলং নাম নগরং উগ্গতো নাম খত্তিয়ো,
মাতা পভাবতী নাম সুজাতস্স মহেসিনো। ৭২৫॥

---

১৫। দশ সহস্র চক্রবালের প্রভু সুজাত বুদ্ধও "এই হইতে ত্রিশ হাজার কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন

১৬। ৭১২, ১৭। ৭১৩, ১৮। ৭১৪, ১৯। ৭১৫, ২০। ৭১৬, ২১। ৭১৭, ২২। ৭১৮, ২৩। ৭১৯, ২৪। ৭২০, ২৫। ৭২১, পূর্ববৎ।

২৬। আমি তাঁহারও অমোঘবাণী শ্রবণ করিয়া বিশেষভাবে প্রীতির সঞ্চার করিয়াছিলাম। আর দশপারমী পূরণের জন্য তীব্রভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। আমি সূত্র বিনয় এবং নবাঙ্গ শাস্তা শাসন সমস্ত ভালরূপে শিক্ষা করিয়া জিনশাসন শোভিত করিয়াছিলাম।

২৮। আমি সেই বুদ্ধশাসনে অপ্রমত্ত ভাবে বাস করত "মৈত্রী-করুণা-মুদিতা-উপেক্ষা" ব্রহ্ম বিহার ভাবনা করিয়াছিলাম। ব্রহ্মবিহার ধ্যানাভিজ্ঞায় পারদর্শী হইয়া মরণান্তে ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৯। মহর্ষি সুজাত বুদ্ধের উৎপত্তি স্থান সুমঙ্গল নগর, পিতা উগ্গত নামক ক্ষত্রিয়, মাতা প্রভাবতী নাম্নী ক্ষত্রিয়া রমণী।

৩০। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সিরী উপসিরী নন্দা তয়ো পাসাদমুত্তমা। ৭২৬॥

৩১। তেবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সিরি নন্দা নাম নারী উপসেনো নাম অত্রজো। ৭২৭॥

৩২। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূন নবমাসানি পধানং পদহী জিনো। ৭২৮।

৩৩। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুজাতো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো সুমঙ্গলুয়্যানমুত্তমে। ৭২৯॥

৩৪। সুদস্সনো * সুদেবো চ অহেসুং অগ্গসাবকা,
নারদো নামুপট্ঠাকো সুজাতস্স মহেসিনো। ৭৩০॥

---

৩০। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। সিরী, উপসিরী ও নন্দা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩১। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, শ্রীনন্দা নাম্নী প্রধানা স্ত্রী এবং উ সেন নামক পুত্র সন্তান ছিল।

৩২। তিনি চতুর্ব্বিধ পূর্ব্ব নিমিত্ত দর্শন করিয়া অশ্ব যান আরোহণে অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। জিন পরিপূর্ণ নয়মাস বুদ্ধত্ব লাভের চেষ্টা করিয়াছিলেন।

৩৩। লোকনায়ক মহাবীর সুজাত মহাব্রহ্মার আরাধনায় উত্তম সুমঙ্গল নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৪। মহর্ষি সুজাত বুদ্ধের সুদর্শন এবং সুদেব অগ্র শ্রাবক আর নারদ নামক ভিক্ষু সেবাকারী শিষ্য ছিল।

---

* "সুদেবো" লঃ

৩৫। নাগা চ নাগসমালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহাবেলূ'তি বুচ্চতি। ৭৩১ ॥

৩৬। সো চ রুক্খো * জাত রুচিরো, অচ্ছিদ্দো হোতি পত্তকো,
উজুবংসো ব্রহা হোতি দস্সনেয্যো মনোরমো। ৭৩২ ॥

৩৭। একক্খন্ধো পবড্ঢিত্বা ততো সাখা + অভিজ্ঝথ,
যথা সুবদ্ধো মোরহত্থো এবং সোভতি সো দুমো। ৭৩৩ ॥

৩৮। ন তস্স কণ্টকা হোন্তি নাপি ছিদ্দং মহা অহু,
বিত্থিণ্ণসাখো অবিরলো † সন্দচ্ছায়ো মনোরমো। ৭৩৪ ॥

---

৩৫। নাগা ও নাগসমালা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম মহাবেণু নামে খ্যাত ছিল।

৩৬। সেই বোধি বৃক্ষ সুন্দর অছিদ্র বহুপত্র সমন্বিত সুশোভিত ছিল। সেই ঋজু বৃহৎ বেণু দর্শনীয় ও মনোরম হইয়াছিল।

৩৭। সোজা বৃদ্ধি প্রাপ্ত হইয়া তাহা হইতে শাখা বাহির হইয়াছিল। শাখাসমূহ এতই জড়াজড়ি ছিল যে, সে বৃক্ষ চামরের ন্যায় শোভিত ছিল।

৩৮। তাহাতে কণ্টক এবং মহাছিদ্র ছিল না, বিস্তীর্ণ শাখা ও অবিরল ছায়া সম্পন্ন হেতু দেখিতেও খুব মনোরম ছিল।

---

* "ঘনরুচিরো" লঃ

+ "পভিজ্ঝিতি" লঃ

† "সন্নচ্ছায়ো" লঃ

৩৯। সুদত্তো চেব চিত্তো চ অহেসুং অগ্‌গুপট্ঠকা,
সুভদ্দা চেব পদুমা চ অহেসুং অগ্‌গুপট্‌ঠিকা ৭৩৫ ॥

৪০। পঞ্ঞাস রতনো আসি উচ্চত্তেন সো জিনো,
সব্বাকার বরূপেতো সব্বগুণমুপাগতো। ৭৩৬ ॥

৪১। তস্স পভা অসমসমা নিদ্ধাবতি সমন্ততো,
অপ্পমাণো অতুলিয়ো ওপম্মেহি অনূপমো। ৭৩৭ ॥

৪২। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৭৩৮ ॥

৪৩। য়থাপি সাগরে উমি গগনে তারকা য়থা,
এবং তদা পাবচনং অরহন্তেহি চিত্তিতং *, । ৭৩৯ ॥

---

৩৯। তাঁহার সুদত্ত ও চিত্ত অগ্র উপস্থায়ক, সুভদ্রা ও পদুমা দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৪০। সকল প্রকারে উত্তম সর্ব্বগুণালঙ্কারে অলঙ্কৃত সুজাত জিন পঞ্চাশ হাত উচ্চ দেহধারী ছিলেন।

৪১। তাঁহার অসাধারণ শরীর কান্তি চারিদিকে নিঃসৃত হইত। সেই প্রভা অপ্রমাণ্য, অতুলনীয় ও উপমাহীন ছিল।

৪২। তখন বুদ্ধের আয়ু ছিল নব্বই হাজার বৎসর, তিনিও তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে সংসার কান্তার হইতে ত্রাণ করিয়াছিলেন।

৪৩। সাগরে তরঙ্গ ও গগনে তারকারাজি যেমন শোভা পায়, তেমন তাঁহার শাসনও অরহতগণের দ্বারা বিচিত্ররূপে শোভা পাইত।

---

* "বিচিত্তং" লঃ

৪৪। সো চ বুদ্ধো অসমসমো গুণানি চ তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্ব সংখারা। ৭৪০।

৪৫। সুজাতো জিনবরো বুদ্ধো সীলারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স চেতিয়ো তীনি গাবুতমুগ্গতো'তি। ৭৪১॥

---

৪৪। অসামান্য সুজাত বুদ্ধ ও অসাধারণ সর্ব্বজ্ঞতা গুণধর্ম্ম, তৎসমুদয় অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম রিক্ত, তুচ্ছ এবং অস্থায়ী নহে কি?

৪৫। জিনবর সুজাত বুদ্ধ শীলারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার তিন গব্যূত পরিমাণ উচ্চ ধাতুচৈত্য নির্ম্মিত হইয়াছিল।

# পিয়দস্‌সী বুদ্ধ-বংসো (১৩)

১। সুজাতস্স অপরেন সম্বুদ্ধো * লোকনায়কো,
দুরাসদো অসম সমো পিয়দস্সী মহাযসো। ৭৪২ ॥

২। সোপি বুদ্ধো অমিতয়সো আদিচ্চো'ব বিরোচতি,
নিহন্ত্বান তমং সব্বং ধম্মচক্কং পবত্তয়ি। ৭৪৩ ॥

৩। তস্সাপি অতুল তেজস্স অহেসুং অভিসময়া তয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৭৪৪ ॥

৪। সুদস্সনো দেবরাজা মিচ্ছাদিট্‌ঠি মরোচয়ি,
তস্স দিট্‌ঠিং বিনোদেন্তো সত্থা ধম্মমদেসয়ি। ৭৪৫ ॥

---

১। লোকনায়ক সুজাত বুদ্ধের তিরোধানের পর অসাধারণ গুণবান ও অলঙ্ঘ্য পর্ব্বত সদৃশ মহাযশস্বী প্রিয়দর্শী সম্যকসম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। অমিত যশস্বী সেই প্রিয়দর্শী বুদ্ধও আদিত্য তুল্য প্রভাস্বর ছিলেন। সমস্ত মোহান্ধকার বিধ্বংশ করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩। অতুল তেজবান সেই প্রিয়দর্শী বুদ্ধেরও তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৪। সুদর্শন নামক দেবরাজ মিথ্যাদৃষ্টি সম্পন্ন ছিলেন। তাহার সেই মিথ্যা মত বিনোদন করনার্থ শাস্তা ধর্ম্ম দেশনা করিয়াছিলেন।

---

* "সয়ম্ভূ" লঃ

৫। জন সন্নিপাতো অতুলো মহাসন্নিপতি তদা,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭৪৬ ॥

৬। যদা দোণমুখং হত্থিং বিনেসি নরসারথি,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭৪৭ ॥

৭। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি পিয়দস্সিনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৭৪৮ ॥

৮। ততোপরং নবুতি কোটি সমিংসু একতো মুনি,
ততিয়ে সন্নিপাতম্হি অসীতি কোটিয়ো অহু। ৭৪৯ ॥

৯। অহং তেন সময়েন কস্সপো নাম * ব্রাহ্মণো,
অজ্ঝায়কো মন্তধরো তিন্নং বেদান পারগূ। ৭৫০ ॥

---

৫। তখন বিপুল জনতা মহাসমাগমে সম্মিলিত হইয়াছিল। সেই দ্বিতীয় সমাগমে নব্বই কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। নর-দমনকারী সারথি প্রিয়দর্শী বুদ্ধ যখন দ্রোণমুখ নামক হস্তীকে দমন করিতেছিলেন, তখন অশীতি কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্ম লাভ হইয়াছিল।

৭। সেই প্রিয়দর্শী বুদ্ধেরও তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল। তন্মধ্যে প্রথম অধিবেশনে লক্ষ কোটি ভিক্ষুর সমাগম হইয়াছিল।

৮। তারপর দ্বিতীয় বারে একত্রে প্রজ্ঞাবান নব্বই কোটি ভিক্ষু ও তৃতীয় সম্মিলনে অশীতি কোটি ভিক্ষু উপশান্ত হইয়াছিল।

৯। আমি তখন বেদ মন্ত্রজ্ঞ ও ত্রিবেদ পারদর্শী কশ্যপ নামক অধ্যাপক ব্রাহ্মণরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম।

---

* "মাণবো" লঃ অর্থকথা।

১০। তস্স ধম্মং সুনিত্বান পসাদং জনয়িং অহং
কোটি সত সহস্সেহি সঙ্ঘারামং অমাপয়িং। ৭৫১ ॥

১১। তস্স দত্বান আরামং হট্ঠো সংবিগ্গ মানসো,
সরণং পঞ্চসীলঞ্চ * দল্‌হং কত্বা সমাদিয়িং। ৭৫২ ॥

১২। সোপি মং বুদ্ধো ব্যাকাসি সঙ্ঘ মজ্ঝে নিসীদিয়,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭৫৩ ॥

২৩। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত মধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৭৬৪ ॥

২৪। সুধঞ্ঞং নাম নগরং সুদত্তো নাম খত্তিয়ো,
সুচন্দা নাম জনিকা পিয়দস্সিস্স সত্থুনো। ৭৬৫ ॥

---

১০। আমি তাঁহার ধর্ম্ম শ্রবণে শ্রদ্ধান্বিত হইয়া লক্ষ কোটি মুদ্রা ব্যয়ে সংঘারাম নির্ম্মাণ করিয়া দিয়াছিলাম।

১১। হৃষ্টচিত্তে তাঁহাকে বিহার দান করিয়া, বিষয় বাসনার প্রতি উদ্বিগ্ন হওত দৃঢ়তার সহিত ত্রিশরণসহ পঞ্চশীল গ্রহণ করিয়াছিলাম।

১২। সেই প্রিয়দর্শী বুদ্ধও ভিক্ষু সংঘের মধ্যে বসিয়া "ইনি আঠার শত কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া আমার ভবিষ্যৎ অবস্থা নির্দ্দেশ করিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৩। ৭৫৪, ১৪। ৭৫৫, ১৫। ৭৫৬, ১৬। ৭৫৭, ১৭। ৭৫৮, ১৮। ৭৫৯, ১৯। ৭৬০, ২০। ৭৬১, ২১। ৭৬২, ২২। ৭৬৩ পূর্ব্ববৎ।

২৩। প্রিয়দর্শী বুদ্ধেরও বাক্য শ্রবণে বিশেষরূপে চিত্ত প্রসন্ন করিয়া দশ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৪। তাঁহার জন্মস্থান সুধঞ্ঞ নগর, পিতা সুদত্ত নামক ক্ষত্রিয়, মাতা সুচন্দ্রা নাম্নী ক্ষত্রিয়ানী।

---

* "সরণে পঞ্চসীলে চ" নঃ অর্থকথা।

২৫। নব বস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
সুনিমাল বিমল গিরিগুহা তয়ো পাসাদ মুত্তমা। ৭৬৬ ॥

২৬। তেত্তিংসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিমলা নাম নারী চ কঞ্চনবেলো অত্রজো। ৭৬৭ ॥

২৭। নিমিত্তে চতুরো দিস্বা রথ য়ানেন নিক্খমি,
ছমাসং পধানচারং অচরী পুরিসুত্তমো, ৭৬৮ ॥

২৮। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পিয়দস্সী মহামুনি,
বত্তিচক্কং মহাবীরো উস্সাবনুয়্যানে মনোরমে। ৭৬৯ ॥

২৯। পালিতো সব্বদস্সী চ অহেসুং অগ্গসাবকা,
সোভিতো নামুপট্ঠাকো পিয়দস্সিস্স সত্থুনো। ৭৭০ ॥

৩০। সুজাতা ধম্মদিন্না চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো ককুধোতি পবুচ্চতি। ৭৭১ ॥

---

২৫। তিনি নয় সহস্র বৎসরকাল গৃহবাসে ছিলেন। সুনিমাল, বিমল ও গিরিগুহা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৬। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেত্রিশ হাজার পরিচারিকা, বিমলা নাম্নী প্রধানা স্ত্রী এবং কাঞ্চনবেল নামক পুত্র ছিল।

২৭। পুরুষোত্তম প্রিয়দর্শী বুদ্ধ চতুর্ব্বিধ নিমিত্ত দর্শন করিয়া রথারোহণে নিষ্ক্রমণ করত ছয়মাস পর্য্যন্ত বুদ্ধত্ব লাভের প্রচেষ্টা করিয়াছিলেন।

২৮। মহাবীর প্রিয়দর্শী মহামুনি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া উস্সাবন নামক মনোরম উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৯। শাস্তা প্রিয়দর্শীর পালিত ও সর্ব্বদর্শী নামক দুইজন অগ্র শ্রাবক এবং শোভিত ভিক্ষু সেবক ছিল।

৩০। সুজাতা ও ধর্ম্মদিন্না তাঁহার অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম অর্জ্জুন বৃক্ষ বলিয়া কথিত আছে।

৩১। সন্নকো ধম্মিকো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
বিসিখা ধম্মদিন্না চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৭৭২॥

৩২। সো পি বুদ্ধো অমিতয়সো দ্বত্তিংস বরলক্খণো,
অসীতি হত্থমুব্বেধো সালরাজা'ব দিস্সতি। ৭৭৩॥

৩৩। অগ্গিচন্দসুরিয়ানং নত্থি তাদিসিকা পভা,
য়থা আসুং পভা তস্স অসমস্স মহেসিনো। ৭৭৪॥

৩৪। তস্সাপি দেবদেবস্স আয়ু তাবতকং অহু,
নবুতি বস্স সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৭৭৫॥

৩৫। সো পি বুদ্ধো অসমসমো য়ুগানি পি তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং নন্নুরিত্তা সব্বসংখারা। ৭৭৬॥

৩৬। সো পিয়দস্সী মুনিবরো অস্সত্থারামমিহ নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো তীনি য়োজন মুগতো। ৭৭৭॥

---

৩১। সন্নক ও ধার্ম্মিক নামক দুইজন প্রধান দায়ক এবং বিসিখা ও ধর্ম্মদিন্না নাম্নী দুইজন প্রধানা দায়িকা ছিল।

৩২। অমিত যশা ও বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত প্রিয়দর্শী বুদ্ধ অশীতি হস্ত উচ্চ শালরাজ বৃক্ষ তুল্য দেখা যাইতেন।

৩৩। অসদৃশ মহর্ষি প্রিয়দর্শী বুদ্ধের শরীর প্রভা যেরূপ ছিল অগ্নি, চন্দ্র এবং সূর্য্যের প্রভাও তেমন দীপ্তিমান ছিল না।

৩৪। সেই দেবাতিদেব বিশুদ্ধদেব বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। চক্ষুষ্মান তাবৎকাল জীবিত ছিলেন।

৩৫। অসামান্য সেই বুদ্ধ ও অতুলনীয় অগ্র শ্রাবকগণ সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো! জগতের সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি!

৩৬। সেই প্রিয়দর্শী বুদ্ধ অশ্বত্থারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার উদ্দেশ্যে তিন যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছে।

# অত্থদস্সী বুদ্ধ-বংসো (১৪)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি অত্থদস্সী নরাসভো,
মহাতমং নিহন্ত্বান পত্তো সম্বোধি মুত্তমং। ৭৭৮ ॥

২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ধম্মচক্কং পবত্তয়ি,
অমতেন তপ্পয়ী লোকং দস সহস্সী সদেবকং। ৭৭৯ ॥

৩। তস্সাপি লোকনাথস্স অহেসুং অভিসময়া তয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়া অহু। ৭৮০ ॥

৪। য়দা বুদ্ধো অত্থদস্সী চরতি দেব চারিকং,
কোটি সত সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭৮১ ॥

---

১। সেই মণ্ডকল্পে নরশ্রেষ্ঠ অর্থদর্শী বুদ্ধ মোহান্ধকার বিনাশ করিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছিলেন।

২। তিনি মহাব্রহ্মার প্রার্থনায় ধর্ম্মচক্র প্রবর্ত্তন করত দশ সহস্র চক্রবালবাসী দেবমানবদিগকে ধর্ম্মামৃতের দ্বারা পরিতৃপ্ত করিয়াছিলেন।

৩। সেই লোকনাথ বুদ্ধেরও তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৪। অর্থদর্শী বুদ্ধ যখন দেবলোকে বিচরণ করিতেছিলেন, তখন দ্বিতীয় বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

F—19

৫। পুনাপরং যদা বুদ্ধো দেসেসি পিতুসন্তিকে,
কোটি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭৮২ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি চ মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৭৮৩ ॥

৭। অট্ঠনবুতি সহস্সানং পঠমো আসি সমাগমো,
অট্ঠাসীতি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৭৮৪ ॥

৮। * অট্ঠসত্ততি সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপাদাবিমুত্তানং বিমলানং মহেসিনং। ৭৮৫ ॥

৯। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
সুসীমো নাম নামেন মহিয়া সেট্ঠ সম্মতো। ৭৮৬ ॥

---

৫। পুনর্ব্বার যখন তিনি পিতাকে ধর্ম্মদেশনা করিতেছিলেন, তখনও তৃতীয় বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। সেই মহর্ষি বুদ্ধেরও সমতা পরায়ণ, শান্তচিত্ত, নির্ম্মল ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যগণের তিনটি সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম সম্মিলনে আটানব্বই হাজার ও দ্বিতীয় সম্মিলনে অষ্টাশী হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৮। তৃতীয় সম্মিলনে আটসত্তর হাজার অনুপাদানবিমুক্ত, নির্ম্মল মহর্ষি অরহৎ ভিক্ষুর সমাগম হইয়াছিল।

৯। আমি তখন পৃথিবীতে শ্রেষ্ঠ-সম্মত সুসীম নামক মহাধ্যানী জটিলরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম।

---

* "অট্ঠতিংস সহস্সানং"

১০। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পরিচ্ছত্তকং,
দেবলোকতো আহরিত্বা সম্বুদ্ধং অভিপূজয়িং। ৭৮৭॥

১১। সো পি মং বুদ্ধো ব্যাকাসি অত্থদস্সী মহামুনি,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭৮৮॥

২২। তস্সাপি বচনং সুত্বা হট্ঠো সংবিগ্গ মানসো,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৭৯৯॥

২৩। সোভনং নাম নগরং সাগরো নাম খত্তিয়ো,
সুদস্সনা নাম জনিকা অত্থদস্সিস্স সত্থুনো। ৮০০॥

২৪। দস বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
অমরগিরি সুরগিরি গিরিবাহন তয়ো পাসাদমুত্তমা। ৮০১॥

---

১০। আমি দেবলোক হইতে দিব্য মন্দার পুষ্প, পদ্ম পুষ্প ও পারিজাত পুষ্প আহরণ করিয়া সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।

১১। সেই মহামুনি অর্থদর্শী বুদ্ধ "আঠার শত কল্প পরে এই সুসীম তাপস বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন।

১২। ৭৮৯, ১৩। ৭৯০, ১৪। ৭৯১, ১৫। ৭৯২, ১৬। ৭৯৩, ১৭। ৭৯৪, ১৮। ৭৯৫, ১৯। ৭৯৬, ২০। ৭৯৭, ২১। ৭৯৮ পূর্ব্ববং।

২২। আমি তাঁহার আশ্বাসবাণী শুনিয়া হৃষ্ট ও উৎকণ্ঠিত চিত্তে দশবিধ পারমী ধর্ম্ম পূরণ করিবার জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৩। অর্থদর্শী শাস্তার জন্মস্থান শোভন নগর, পিতা সাগর নামক ক্ষত্রিয়, মাতা সুদর্শনা নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার অমরগিরি, সুরগিরি ও গিরিবাহন নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৫। তেত্তিংসঞ্চ সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিসাখা নাম সা নারী সোনো * নামাসি অত্রজো। ৮০২ ॥

২৬। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূন অট্ঠমাসানি পধানং পদহী জিনো। ৮০৩ ॥

২৭। ব্রহ্মুনা য়াচিতো সন্তো অত্থদস্সী মহায়সো,
বত্তিচক্কং মহাবীরো অনোমুয়্যানে নরাসভো। ৮০৪ ॥

২৮। সন্তো চ উপসন্তো চ অহেসুং অগ্গসাবকা,
অভয়ো নামুপট্ঠাকো অত্থদস্সিস্স সত্থুনো। ৮০৫ ॥

২৯। ধম্মা চেব সুধম্মা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো চম্পকোতি পবুচ্চতি। ৮০৬ ॥

---

২৫। তাঁহার সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেত্রিশ হাজার পরিচারিকা, বিশাখা নাম্নী প্রধানা স্ত্রী এবং সোন নামক পুত্র সন্তান ছিল।

২৬। জিন চারি প্রকার নিমিত্ত দেখিয়া অশ্ব যানারোহণে নিষ্ক্রমণ করিয়াছিলেন। অন্যূন আট মাস ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। কীর্ত্তিমান নরশ্রেষ্ঠ মহাবীর অর্থদর্শী মহাব্রহ্মার প্রার্থনায় অনোম নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। অর্থদর্শী শাস্তার শান্ত ও উপশান্ত নামে দুইজন অগ্র শ্রাবক এবং অভয় নামক ভিক্ষু উপস্থায়ক ছিল।

২৯। ধর্ম্মা ও সুধর্ম্মা নামে দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তাঁহার বোধি-দ্রুম চম্পক বৃক্ষ নামে খ্যাত ছিল।

---

* "সেলো" লঃ অর্থকথা।

৩০। নকুলো চ নিসভো চ অহেসুং অগ্‌গুপট্ঠকা,
সক্কিলা চ সুনন্দা চ অহেসুং অগ্‌গুপট্‌ঠিকা। ৮০৭॥

৩১। সো পি বুদ্ধো অসমসমো অসীতি হত্থমুগ্‌গতো,
সোভতি সালরাজা'ব উলুরাজা'ব পূরিতো *। ৮০৮॥

৩২। তস্স পাকতিকা রংসি অনেক সত কোটিয়ো,
উদ্ধং অধো দসদিসা করন্তি য়োজন সদা +। ৮০৯॥

৩৩। সো পি বুদ্ধো নরাসভো সব্বসত্তুত্তমো মুনি,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৮১০॥

৩৪। অতুলং দস্সেত্বা ‡ ওভাসং বিরোচেত্বা সদেবকে,
সো পি অনিচ্চতং পত্তো য়থগ্‌গুপাদান সঙ্খয়া। ৮১১॥

---

৩০। তাঁহার নকুল ও নিসভ অগ্র উপস্থায়ক, সকিলা এবং সুনন্দা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩১। সেই অনন্য সাধারণ অর্থদর্শী বুদ্ধ আশী হাত পরিমিত উচ্চ ছিলেন। শালরাজ বৃক্ষ তুল্য এবং পরিপূর্ণ চন্দ্রের ন্যায় শোভাযুক্ত ছিলেন।

৩২। স্বভাবত তাঁহার শরীর হইতে অনেক শত কোটি রশ্মি নির্গত হইয়া ঊর্দ্ধ অধঃ দশদিক যোজন পর্য্যন্ত বিস্তৃত হইত।

৩৩। সর্ব্ব প্রাণী শ্রেষ্ঠ, নরর্ষভ, চক্ষুষ্মান সেই বুদ্ধ মুনি, জগতে এক লক্ষ বৎসরকাল জীবিত ছিলেন।

৩৪। তিনি জগৎ বাসীকে অতুলনীয় জ্ঞানালোক দেখাইয়া, উপাদান ক্ষয়ে অগ্নি যেমন নির্ব্বাপিত হয়, তেমন অনিত্যতা প্রাপ্ত হইয়াছেন।

---

* "পুজিতো" লঃ

+ "তদা" লঃ

‡ "দত্বান" লঃ

৩৫। অত্থদস্সী জিনবরো অনোমারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৮১২ ॥

---

৩৫। জিনবর অর্থদর্শী বুদ্ধ অনোমারামে নির্ব্বাণ লাভ করিয়াছেন। তাঁহার শারীরিক ধাতু পূজার জন্য নানাস্থানে স্থাপন করা হইয়াছিল।

# ধম্মদস্সী বুদ্ধ-বংসো (১৫)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি ধম্মদস্সী মহাযসো,

তমন্ধকারং বিধমেত্বা অতিরোচতি সদেবকে। ৮১৩॥

২। তস্সাপি অতুল তেজস্স ধম্মচক্কপবত্তনে,

কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৮১৪॥

৩। যদা বুদ্ধো ধম্মদস্সী বিনেসি সঞ্জয়ং ইসিং,

তদা নবুতি কোটীনং দুতিয়াভিসময়ো অহু। ৮১৫॥

৪। যদা সক্কো উপাগঞ্ছি সপরিসো বিনায়কং,

তদা অসীতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৮১৬॥

---

১। সেই মণ্ডকল্পে মহাযশস্বী ধর্ম্মদর্শী নামক সম্যকসম্বুদ্ধ, অজ্ঞানান্ধকার বিধ্বংশ করিয়া দেবমানবের মধ্যে জ্ঞানালোকে উদ্দীপ্ত হইয়াছিলেন।

২। সেই অতুল তেজীয়ান বুদ্ধের ধর্ম্মচক্র প্রবর্ত্তনের সময়, প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৩। ভগবান ধর্ম্মদর্শী বুদ্ধ সঞ্জয় নামক ঋষিকে যখন সদ্ধর্ম্মোপদেশে বিনীত করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৪। শক্র দেবরাজ ইন্দ্র যখন পরিষদসহ ভগবানের নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন অশীতি কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৫। তস্সাপি দেবদেবস্স সন্নিপাতা তয়ো অহু,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮১৭॥
৬। য়দা বুদ্ধো ধম্মদস্সী সরণে বস্সং উপাগমি,
তদা কোটি সহস্সানং পঠমো আসি সমাগমো। ৮১৮॥
৭। পুনাপরং য়দা বুদ্ধো দেবতো এতি মাসুসং, *
তদাপি সত কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৮১৯॥
৮। পুনাপরং য়দা বুদ্ধো পকাসেসি ধুতে গুণে,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৮২০॥
৯। অহং তেন সময়েন সক্কো আসিং পুরিন্দদো,
দিব্বেন গন্ধমালেন তুরিয়েন অভিপূজয়িং। ৮২১॥

---

৫। সেই দেবাতিদেব ধর্ম্মদর্শী বুদ্ধেরও শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনবার ধর্ম্ম সম্মিলনী আহূত হইয়াছিল।

৬। ধর্ম্মদর্শী বুদ্ধ যখন শরণ নামক নগরে বর্ষা যাপন করিতেছিলেন, তখন সহস্র কোটি অরহতের প্রথম সমাগম হইয়াছিল।

৭। তারপর বুদ্ধ যখন দেবলোক হইতে মনুষ্যলোকে অবতরণ করিতেছিলেন, তখন শত কোটি অরহতের দ্বিতীয় সমাগম হইয়াছিল।

৮। অতঃপর ভগবান বুদ্ধ যে সময় তেরটি ধূতাঙ্গ গুণ প্রকাশ করিয়াছিলেন, তখন আশী কোটি অরহতের তৃতীয় সমাগম হইয়াছিল।

৯। আমি সেই সময় পুরন্দর নামক শক্র দেবরাজ ইন্দ্র ছিলাম, দিব্য গন্ধ-মাল্য ও তূর্য্যনাদ দ্বারা সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।

---

* "মানুসে"

১০। সো পি মং বুদ্ধো ব্যাকাসি দেবমজ্ঝে নিসীদিয়,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৮২২ ॥

২১। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া ৮৩৩ ॥

২২। সরণং নাম নগরং সরণো নাম খত্তিয়ো,
সুনন্দা নাম জনিকা ধম্মদস্সিস্স সত্থুনো। ৮৩৪ ॥

২৩। অট্ঠবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
অরজো বিরজো সুদস্সনো তয়ো পাসাদ মুত্তমা। ৮৩৫ ॥

২৪। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
* বিচিকোলি নাম নারী অত্রজো পুঞ্ঞবড্ঢনো। ৮৩৬ ॥

---

১০। তিনিও দেব পরিষদে বসিয়া "আঠার শত কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী ব্যক্ত করিয়াছিলেন।

১১। ৮২৩, ১২। ৮২৪, ১৩। ৮২৫, ১৪। ৮২৬, ১৫। ৮২৭, ১৬। ৮২৮, ১৭। ৮২৯, ১৮। ৮৩০, ১৯। ৮৩১, ২০। ৮৩২ পূর্ব্ববৎ।

২১। আমি তাঁহার বচন শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২২। শাস্তা ধর্ম্মদর্শী বুদ্ধের জন্মস্থান শরণ নগর, পিতা শরণ নামক ক্ষত্রিয় রাজা, মাতা সুনন্দা নাম্নী রাজমহিষী।

২৩। তিনি আট হাজার বৎসর গৃহবাসে ছিলেন। অরজ, বিরজ ও সুদর্শন নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৪। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, বিচিকোলি নাম্নী প্রধানা স্ত্রী এবং পুণ্যবর্দ্ধন নামক পুত্র সন্তান ছিল।

---

* "বিচিতোলি" লঃ

২৫। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভি নিক্খমি,
সত্তাহং পধানচারং অচরী পুরিসুত্তমো। ৮৩৭॥

২৬। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ধম্মদস্সী নরাসভো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৮৩৮॥

২৭। পদুমো ফুস্সদেবো চ অহেসুং অগ্গসাবকা,
সুনেত্তো নামুপট্ঠাকো ধম্মদস্সিস্স সত্থুনো। ৮৩৯॥

২৮। খেমা চ সচ্চনামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো বিম্বিজালোতি বুচ্চতি। ৮৪০॥

২৯। সুভদ্দো কঠিসহো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
সালিয়া চ বলীয়া চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৮৪১॥

---

২৫। সেই পুরুষোত্তম ধর্ম্মদর্শী বুদ্ধ চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া গৃহ হইতে নিষ্ক্রান্ত হওত সম্বোধি লাভের জন্য সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৬। নরর্ষভ, নরোত্তম মহাবীর ধর্ম্মদর্শী মহাব্রহ্মার প্রার্থনায় মৃগদায় নামক উদ্যানে ধর্ম্মচক্র সূত্রান্ত দেশনা করিয়াছিলেন।

২৭। শাস্তা ধর্ম্মদর্শী বুদ্ধের পদুম ও ফুস্‌সদেবো নামে দুইজন অগ্র শ্রাবক এবং সুনেত্ত নামক ভিক্ষু সেবক ছিল।

২৮। তাঁহার ক্ষেমা ও সচ্চনামা (সত্যনামা) নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম রক্ত করবীক বৃক্ষ নামে খ্যাত ছিল।

২৯। সুভদ্র ও কটিসহ নামে দুইজন অগ্র উপস্থায়ক, সালিয়া ও বলিয়া নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩০। সো পি বুদ্ধো অসমসমো অসীতি হত্থমুগ্গতো,
অতিরোচতি তেজেন দসসহস্সিম্হি ধাতুয়া। ৮৪২ ॥

৩১। সুফুল্লো সালরাজা'ব বিজ্জু'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে চ সুরিয়ো এবং সো উপসোভথ। ৮৪৩ ॥

৩২। তস্সাপি অতুল তেজস্স সমকং আসি জীবিতং,
বস্স সত সহস্সানি লোকে অট্‌ঠাসি চক্খুমা। ৮৪৪ ॥

৩৩। ওভাসং দস্সয়িত্বান বিমলং কত্বান সাসনং,
রবি চন্দো'ব গগনে নিব্বুতো সো সসাবকো। ৮৪৫॥

৩৪। ধম্মদস্সী মহাবীরো কেসারামম্হি নিব্বুতো,
তত্থেব সো থূপবরো তিয়োজন সমুগ্গতো। ৮৪৬ ॥

---

৩০। সেই অসামান্য বুদ্ধ অশীতি হস্ত উচ্চ ছিলেন। দশ সহস্র চক্রবাল পূর্ণ লোক ধাতুতে স্বীয় বুদ্ধ তেজে বিরোচিত হইতেন।

৩১। সুপুষ্পিত শালরাজ বৃক্ষ, আকাশস্থ বিদ্যুৎ এবং মধ্যাহ্নকালীন সূর্য্য যেমন শোভনীয় হয়, তিনিও তেমন শোভিত হইতেন।

৩২। সেই অতুল তেজস্বী বুদ্ধের আয়ু সাধারণ মানুষের সমান ছিল। চক্ষুষ্মান বুদ্ধ লক্ষ বৎসর পর্য্যন্ত জীবিত ছিলেন।

৩৩। গগনে চন্দ্র-সূর্য্য যেমন উদ্ভাসিত হয়, সেরূপ তিনিও জগদ্বাসীকে জ্ঞানালোক দেখাইয়া শাসন বিশুদ্ধ করত শ্রাবকগণ সহ নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৪। মহাবীর ধর্ম্মদর্শী কেসারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তুপ নির্ম্মিত হইয়াছিল।

# সিদ্ধাত্থ বুদ্ধ-বংসো (১৬)

১। ধম্মদস্সিস্স অপরেন সিদ্ধত্থো নাম নায়কো,
* নিহন্ত্বান তমং সব্বং † সুরিয়ো অব্ভুগ্গতো য়থা। ৮৪৭॥

২। সো পি পত্বান ‡ সম্বোধিং সন্তারেন্তো সদেবকং,
অভিবস্সি ধম্মমেঘেন নিব্বাপেন্তো সদেবকং। ৮৪৮॥

৩। তস্সাপি অতুল তেজস্স অহেসুং অভিসময়াতয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৮৪৯॥

---

১। ধর্ম্মদর্শী বুদ্ধের তিরোধানের পর জগতের সমস্ত তমোরাশি বিনাশ করিয়া সূর্য্যোদয়ের ন্যায় লোকনায়ক সিদ্ধার্থ বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ করিয়া দেবমনুষ্যদিগকে ত্রাণ করত জগদ্বাসীকে শীতলত্ব প্রদান করিবার জন্য ধর্ম্মবারি বর্ষণ করিয়াছিলেন।

৩। অতুল তেজীয়ান সেই সিদ্ধার্থ বুদ্ধের তিনটা ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

---

* "নীহরিত্বা"

† "সুরিয়োবব্ভুগ্গতো তদা"

‡ "সম্বুদ্ধং সন্তারেন্তো"

৪। পুনাপরং ভীমরথে * য়দা অহনি দুন্দুভিং,
তদা নবুতি কোটীনং দুতিয়াভিসময়ো অহু। ৮৫০ ॥

৫। য়দা বুদ্ধো ধম্মং দেসেসি বেভারে সো পুরুত্তমে,
তদা নবুতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৮৫১ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তস্মিম্পি দিপদুত্তমে,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮৫২ ॥

৭। কোটি সতানং নবুতীনং অসীতিয়া চ কোটীনং,
এতে আসুং তয়ো ঠানা বিমলানং সমাগমে। ৮৫৩ ॥

৮। অহং তেন সময়েন মঙ্গলো নাম তাপসো,
উগ্গতেজো দুপ্পসহো অভিঞ্ঞা বল সমাহিতো। ৮৫৪ ॥

---

৪। তারপর যে সময় তিনি ভীমরথ নগরে ধর্ম্মভেরী নিনাদিত করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৫। সেই পুরুষোত্তম বুদ্ধ বেভার পুরে যখন ধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। সেই দ্বিপদোত্তম সিদ্ধার্থ বুদ্ধেরও সমদর্শী, শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব অরহতগণের তিন বার সমাগম হইয়াছিল।

৭। প্রথম সভায় শত কোটি, দ্বিতীয় সভায় নব্বই কোটি এবং তৃতীয় সভায় আশী কোটি অরহতের সমাগমে তিনটি সভা আহূত হইয়াছিল।

৮। আমি তখন মহাতেজীয়ান, ক্ষমতাপন্ন, অভিজ্ঞাবল সম্পন্ন ও সমাহিত মঙ্গল নামক তাপস ছিলাম।

---

* "ভীমরটঠে"

৯। জম্বুতো ফলমানেত্বা * সিদ্ধত্থস্স অদাসহং,
পটিগ্গহেত্বা সম্বুদ্ধো ইদং বচনমব্রুবী। ৮৫৫॥

১০। পস্সথ ইমং তাপসং জটিলং উগ্গতাপনং,
চতুনবুতে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৮৫৬॥

২১। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্‌ঠাসিং দস পারমি পূরিয়া। ৮৬৭॥

২২। বেভারং নাম নগরং উদেনো নাম খত্তিয়ো,
সুফস্সা নাম জনিকা সিদ্ধত্থস্স মহেসিনো। ৮৬৮॥

২৩। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
কোকাসুপ্পল কোকনদা তয়ো পাসাদমুত্তমা। ৮৬৯॥

---

৯। আমি জম্বুবৃক্ষ হইতে ফল আনিয়া সিদ্ধার্থ বুদ্ধকে পূজা করিয়াছিলাম। সম্বুদ্ধ তাহা গ্রহণ করিয়া জনতাকে এই কথা বলিয়াছিলেন।

১০। ওহে, তোমরা দৃঢ়ভাবে তপস্যাকারী এই তাপসকে দেখ। "ইনি এই হইতে চুরানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন।"

১১। ৮৫৭, ১২। ৮৫৮, ১৩। ৮৫৯, ১৪। ৮৬০, ১৫। ৮৬১, ১৬। ৮৬২, ১৭। ৮৬৩, ১৮। ৮৬৪, ১৯। ৮৬৫, ২০। ৮৬৬ পূর্ব্ববৎ।

২১। সিদ্ধার্থ বুদ্ধেরও বাণী শুনিয়া চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর বিশেষভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২২। মহর্ষি সিদ্ধার্থ বুদ্ধের জন্মস্থান বেভার নগর, পিতা উদেন নামক ক্ষত্রিয়, মাতা সুফস্‌সা নাম্নী ক্ষত্রিয় রমণী।

২৩। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। কোকাস, উৎপল ও কোকনদ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "ফলমাহত্বা"

২৪। তিসোল্‌স সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুমনা নাম সা নারী অনুপমো নাম অত্রজো। ৮৭০ ॥

২৫। নিমিত্তে চতুরো দিস্বা সিবিকায়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৮৭১ ॥

২৬। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সিদ্ধত্থো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে পুরুত্তমে। ৮৭২ ॥

২৭। সম্বলো চ সুমিত্তো চ অহেসুং অগ্গসাবকা,
রেবতো নামুপট্ঠাকো সিদ্ধত্থস্স মহেসিনো। ৮৭৩ ॥

২৮। সিবলা চ সুরামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো কণিকারোতি বুচ্চতি। ৮৭৪ ॥

২৯। সুপ্পিয়ো চ সমুদ্দো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
রম্মা চেব সুরম্মা চ অহেসুং অগ্গুপট্‌ঠিকা। ৮৭৫ ॥

---

২৪। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা আট চল্লিশ হাজার পরিচারিকা, সুমনা নাম্নী প্রধানা স্ত্রী এবং অনুপম নামক পুত্র সন্তান ছিল।

২৫। তিনি চারি প্রকার নিমিত্ত দেখিয়া শিবিকা আরোহণে নিষ্ক্রান্ত হওত অন্যূন দশমাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৬। লোকনায়ক মহাবীর সিদ্ধার্থ বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া পুরশ্রেষ্ঠ মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৭। মহর্ষি সিদ্ধার্থ বুদ্ধের সম্বল ও সুমিত্র নামে দুইজন অগ্র শ্রাবক এবং রেবত নামক ভিক্ষু তাঁহার সেবক ছিল।

২৮। সিবলা ও সুরমা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল, তাঁহার বোধিদ্রুম কর্ণিকার (স্বর্ণালু) বৃক্ষ বলিয়া খ্যাত ছিল।

২৯। সুপ্রিয় ও সমুদ্র অগ্র উপস্থায়ক, রম্মা এবং সুরম্মা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩০। সোপি বুদ্ধো সট্ঠি রতনং অহোসি নভমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দস সহস্সি বিরোচথ। ৮৭৬॥

৩১। সো পি বুদ্ধো অসমসমো অতুলো অপ্পটিপুগ্গলো,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৮৭৭॥

৩২। বিমলং পভং দস্সয়িত্বা পুপ্ফাপেত্বান সাবকে,
বিলাসেত্বা সমাপত্যা * নিব্বুতো সো সসাবকো। ৮৭৮॥

৩৩। সিদ্ধত্থো মুনিবরো বুদ্ধো অনোমারামম্হি নিব্বুতো,
তত্থেব সো থূপবরো চতুয়োজন মুগ্গতো। ৮৭৯॥

---

৩০। তিনি ষাটি হস্ত পরিমিত উচ্চ শরীর ধারী ছিলেন। তাঁহার কাঞ্চন তুল্য শরীরপ্রভায় দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩১। অসামান্য অতুলনীয়, অসদৃশ পুরুষ সেই চক্ষুষ্মান বুদ্ধ এক লক্ষ বৎসরকাল জগতে স্থিত ছিলেন।

৩২। সেই সিদ্ধার্থ বুদ্ধ বিমল প্রভা দেখাইয়া শিষ্যগণের জ্ঞানপুষ্প বিকশিত করত সমাপত্তি সুখে স-শ্রাবক পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৩। মুনিবর সিদ্ধার্থ অনোম আরামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় নির্ম্মিত শ্রেষ্ঠ ধাতু চৈত্য চারি যোজন উচ্চ ছিল।

---

* "সমাপত্তিয়া" কোন কোন গ্রন্থে।

# তিস্স বুদ্ধ-বংসো (১৭)

১। সিদ্ধত্থস্স অপরেন অসমো অপ্পটিপুগ্গলো,
অনন্ত তেজো অমিতয়সো তিস্সো লোকগ্গনায়কো। ৮৮০ ॥

২। তমন্ধকারং বিধমেত্বা ওভাসেত্বা সদেবকং,
অনুকম্পকো মহাবীরো লোকে উপ্পজ্জি চক্খুমা। ৮৮১ ॥

৩। তস্সাপি অতুলা ইদ্ধি অতুলং সীলং সমাধি চ,
সব্বত্থ পারমিং গন্ত্বা ধম্মচক্কং পবত্তয়ি। ৮৮২ ॥

৪। সো বুদ্ধো দস সহস্সিম্হি বিঞ্ঞাপেসি গিরং সুচিং,
কোটিসতানি অভিসমিংসু পঠমে ধম্মদেসনে,। ৮৮৩ ॥

---

১। ভগবান সিদ্ধার্থ বুদ্ধের তিরোধানের পর অনন্ত তেজীয়ান, অসাধারণ জ্ঞানী, অদ্বিতীয় পুরুষ, মহাযশঃ, জগতের অগ্রণীয় নায়ক তিষ্য বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। অনুকম্পাকারী, চক্ষুষ্মান, মহাবীর বুদ্ধ অজ্ঞান অন্ধকার বিদূরীত করত দেবমানবদিগকে জ্ঞানালোকে উদ্ভাসিত করিবার জন্য আবির্ভূত হইয়াছিলেন।

৩। তাঁহারও অতুলনীয় ঋদ্ধি এবং অসাধারণ শীল-সমাধিগুণ ছিল। তিনি সর্ব্ববিষয়ে পারদর্শী হইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। সেই তিষ্য বুদ্ধ দশ সহস্র চক্রবালে পবিত্র ধর্ম্ম বাক্য প্রচার করিয়াছিলেন। তাঁহার প্রথম ধর্ম্ম দেশনায় শত কোটি প্রাণীর ক্লেশ উপশম হইয়াছিল।

৫। দুতিয়ো নবুতি কোটিয়ো ততিয়ো সট্ঠি কোটিয়ো,
বন্ধনাতো পমোচেসি সম্পত্তে নরমরু তদা। ৮৮৪ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তিস্সে লোকগ্গনায়কে,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮৮৫ ॥

৭। খীণাসব * সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
নবুতি সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৮৮৬ ॥

৮। অসীতি সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং পুপ্ফিতানং বিমুত্তিয়া। ৮৮৭ ॥

৯। অহং তেন সময়েন সুজাতো নাম খত্তিয়ো,
মহাভোগং ছড্ডয়িত্বা পব্বজিং ইসি পব্বজং। ৮৮৮ ॥

---

৫। তিনি দ্বিতীয় বারের ধর্ম্ম দেশনায় নব্বই কোটি এবং তৃতীয় বারের দেশনায় সমাগত ষাট কোটি দেবমানবকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়াছিলেন।

৬। লোকনায়ক তিস্স বুদ্ধের সমদর্শী, নির্ম্মল ও শান্তচিত্ত অরহৎ শিষ্যগণের তিনবার সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম বারে এক লক্ষ ক্ষীণাশ্রব অরহৎ এবং দ্বিতীয় বারে নব্বই লক্ষ অরহৎ সমাগত হইয়াছিল।

৮। বিমুক্তি জ্ঞানের দ্বারা বিকশিত আশী লক্ষ নির্ম্মল ক্ষীণাশ্রব অরহৎ লইয়া তৃতীয় সমাগম আহূত হইয়াছিল।

৯। তখন আমি সুজাত নামক ক্ষত্রিয় রাজা ছিলাম। প্রচুর ভোগ সম্পত্তি ত্যাগ করিয়া ঋষি প্রব্রজ্যায় প্রব্রজিত হইয়াছিলাম।

---

* "সহস্সানং"

১০। ময়ি পব্বজিতে সন্তে উপ্পজ্জি লোকনায়কো,
'বুদ্ধো'তি সদ্দং সুত্বান পীতি মে উপপজ্জথ। ৮৮৯ ॥

১১। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পরিচ্ছত্তকং,
উভো হত্থেহি পগ্গয়্হ ধূনমানো উপাগমিং। ৮৯০ ॥

১২। চতুবণ্ণ পরিবুতং তিস্সং লোকগ্গ নায়কং,
তমহং পুপ্ফং গহেত্বান মথকে ধারয়িং জিনং। ৮৯১ ॥

১৩। সো পি মং তদা ব্যাকাসি জনমজ্ঝে নিসীদিয়,
দ্বে নবুতে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৮৯২ ॥

২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৯০৩ ॥

---

১০। আমি প্রব্রজিত হইলে লোকনায়ক বুদ্ধের আবির্ভাব হইয়াছিল। "বুদ্ধ" এই অশ্রুত পূর্ব্ব বাক্য শুনিয়া আমার প্রীতির সঞ্চার হইয়াছিল।

১১। আমি দিব্য মন্দার, পদ্ম ও পারিজাত পুষ্প করজোড়ে গ্রহণ করত বল্কল চীবর ঝাড়িয়া উপনীত হইয়াছিলাম।

১২। চতুর্বর্ণ পরিষদ পরিবৃত লোকনায়ক তিষ্য বুদ্ধের নিকট গিয়া, সেই পুষ্পমঞ্জরী জিনের মস্তকোপরি ধারণ করিয়াছিলাম।

১৩। তখন সেই তিষ্য বুদ্ধও জনসভায় বসিয়া "এই ঋষি এখন হইতে বিরানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৪। ৮৯৩, ১৫। ৮৯৪, ১৬। ৮৯৫, ১৭। ৮৯৬, ১৮। ৮৯৭, ১৯। ৮৯৮, ২০। ৮৯৯, ২১। ৯০০, ২২। ৯০১, ২৩। ৯০২ পূর্ব্ববৎ।

২৪। আমি তাঁহারও বাক্য শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৫। খেমকং নাম নগরং জনসন্ধো নাম খত্তিয়ো,
পদুমা নাম জনিকা তিস্সস্স চ মহেসিনো। ৯০৪ ॥

২৬। সত্তবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
গুহাসেল নারি নিসভা তয়ো পাসাদমুত্তমা। ৯০৫ ॥

২৭। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুভদ্দা নাম সা নারী আনন্দো নাম অত্রজো। ৯০৬ ॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ৯০৭ ॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো তিস্স লোকগ্গ নায়কো,
বত্তিচক্কং মহাবীরো য়সবত্তিয় মুত্তমে। ৯০৮ ॥

---

২৫। মহর্ষি তিষ্য বুদ্ধের জন্মস্থান ক্ষেমনগর, পিতা জনসন্ধ নামক ক্ষত্রিয়, মাতা পদুমা নাম্না ক্ষাত্রিয়ানী।

২৬। তিনি সাত সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। গুহাসেল, নারি ও নিসভ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৭। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা ত্রিশ হাজার পরিচারিকা, সুভদ্রা নাম্নী প্রধানা স্ত্রী এবং আনন্দ নামক পুত্র ছিল।

২৮। তিনি চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া অশ্ব যানারোহণে নিষ্ক্রান্ত হওত অন্যূন আট মাস পর্য্যন্ত ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৯। লোকনায়ক মহাবীর তিষ্য বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় যশবতী উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। ব্রহ্মদেবো চ উদয়ো চ অহেসুং অগ্গসাবকা,
সুমঙ্গলো * নামুপট্ঠাকো তিস্সস্স চ মহেসিনো। ৯০৯ ॥

৩১। ফুস্সাচেব সুদত্তা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো অসনোতি পবুচ্চতি। ৯১০ ॥

৩২। সম্বলো চ সিরী চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
কিসা গোতমী উপসেনা অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯১১ ॥

৩৩। সো বুদ্ধো সট্ঠিরতনো অহু উচ্চত্তনে জিনো,
অনূপমো অসদিসো হিমবা বিয় দিস্সতি। ৯১২ ॥

৩৪। তস্সাপি অতুল তেজস্স আয়ু আসি অনুত্তরো,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৯১৩ ॥

---

৩০। মহর্ষি তিষ্য বুদ্ধের ব্রহ্মদেব ও উদয় দুইজন অগ্র শ্রাবক আর সুমঙ্গল নামক ভিক্ষু সেবক ছিল।

৩১। ফুস্সা ও সুদত্তা অগ্র শ্রাবিকা আর তাঁহার বোধিদ্রুম অসন বৃক্ষ (পীত শাল বৃক্ষ) নামে খ্যাত।

৩২। সম্বল ও সিরী নামে দুইজন অগ্র উপস্থায়ক, কিসা গোতমী এবং উপসেনা উভয়ে অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। তিনি ষাট হাত উচ্চ দেহধারী ছিলেন। জিন তিষ্য বুদ্ধ হিমালয় পর্ব্বত সমতুল অনুপম, অসদৃশ দেখা যাইতেন।

৩৪। অতুল তেজীয়ান সেই বুদ্ধের অনুত্তর পরমায়ু ছিল। চক্ষুষ্মান লক্ষ বৎসর পর্য্যন্ত জীবজগতের উদ্ধারের জন্য জীবিত ছিলেন।

---

* "সমহো" লঃ অর্থকথা।

৩৫। উত্তমং পবরং সেট্ঠং অনুভোত্বা মহাযসং,
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব নিব্বুতো সো সসাবকো। ৯১৪ ॥

৩৬। বলাহকো'ব অনিলেন সুরিয়েন বিয় উস্সবো,
অন্ধকারো'ব দীপেন নিব্বুতো সো সসাবকো। ৯১৫ ॥

৩৭। তিস্সো জিনবরো বুদ্ধো নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো তীনি য়োজন মুস্সিতো। ৯১৬ ॥

---

৩৫। তিনি উত্তম প্রবর এবং শ্রেষ্ঠ মহাযশোরাশি উপভোগ করিয়া প্রজ্বলিত অগ্নিস্কন্ধ তুল্য সশ্রাবক নির্ব্বাপিত হইয়াছেন।

৩৬। বাতাসের দ্বারা মেঘ, সূর্য্যরশ্মির দ্বারা শিশির বিন্দু এবং প্রদীপের দ্বারা অন্ধকার যেমন অপসারিত হয়, সেরূপ তিনিও সশ্রাবক নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। পঞ্চমারজিৎ জিনবর বুদ্ধ নন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তিন যোজন প্রমাণ সমুন্নত বুদ্ধ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# ফুস্‌স বুদ্ধ-বংসো (১৮)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি অহূ সত্থা অনুত্তরো,
অনুপমো অসদিসো ফুস্সো লোকগ্গ নায়কো। ৯১৭

২। সোপি সব্বং তমং হন্ত্বা বিজটেত্বা মহাজটং,
সদেবকং তপ্পয়ন্তো অভিবস্সি * অমতম্বুনা। ৯১৮॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে † ফুস্সে নক্খত্তমঙ্গলে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৯১৯॥

৪। নবুতি সত সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ,
অসীতি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ৯২০॥

---

১। সেই মণ্ডকল্পে দেবমানবদিগের শাস্তা অনুত্তর, অনুপম, অসামান্য লোকনায়ক ফুস্স সম্যকসম্বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি সমস্ত মোহান্ধকার বিনাশ এবং সকল তৃষ্ণা জটাকে নির্জ্জটা করিয়া দেব-মানবদিগকে তৃপ্ত করিবার জন্য ধর্ম্মামৃত বারি বর্ষণ করিয়াছিলেন।

৩। ফুস্‌স বুদ্ধ নক্ষত্র মঙ্গল উৎসবের সময় ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে লক্ষ কোটি প্রাণীর প্রথম বারে ধর্ম্মাববোধ হইয়াছিল।

৪। তাঁহার দেশনায় দ্বিতীয় বারে নব্বই লক্ষ, তৃতীয় বারে আশী লক্ষ প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

---

* "অমতম্বুয়া"

† "পবত্তেন্তো"

৫। সন্নিপাতা তয়ো আসুং ফুস্সস্সাপি মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং, ৯২১ ॥

৬। সট্ঠি সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
পঞ্ঞাস সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯২২ ॥

৭। চত্তারীস সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপাদা বিমুত্তানং বোচ্ছিন্ন পটিসন্ধিনং। ৯২৩ ॥

৮। অহং তেন সময়েন বিজিতাবী নাম খত্তিয়ো,
ছড্ডয়িত্বা মহারজ্জং পব্বজিং তস্স সন্তিকে। ৯২৪ ॥

৯। সো মং বুদ্ধো ব্যাকাসি ফুস্সো লোকগ্গ নায়কো,
ইতো দ্বানবুতে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯২৫ ॥

---

৫। মহর্ষি ফুস্স বুদ্ধের শান্ত চিত্ত, বিমল, ক্ষীণাসব অরহৎ ভিক্ষু শিষ্যগণের তিন বার ধর্ম্ম সমাগম হইয়াছিল।

৬। প্রথম অধিবেশনে ষাট লক্ষ, দ্বিতীয় অধিবেশনে পঞ্চাশ লক্ষ অরহৎ ভিক্ষু সমাগত হইয়াছিল।

৭। অনুপাদান, বিমুক্ত, জন্ম বন্ধন ছিন্ন চল্লিশ লক্ষ অরহৎ ভিক্ষু তৃতীয় বারে সমাগত হইয়াছিল।

৮। তখন আমি বিজিতাবী নামক ক্ষত্রিয় ছিলাম। মহারাজ্য পরিত্যাগ করিয়া বুদ্ধের নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

৯। জগতের শ্রেষ্ঠ নায়ক ফুস্স বুদ্ধও এই হইতে বিরানব্বই কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে প্রকাশ করিয়াছিলেন।

১০। ৯২৬, ১১। ৯২৭, ১২। ৯২৮, ১৩। ৯২৯, ১৪। ৯৩০, ১৫। ৯৩১, ১৬। ৯৩২, ১৭। ৯৩৩, ১৮। ৯৩৪, ১৯। ৯৩৫ পূর্ব্ববৎ।

২০। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৯৩৬ ॥

২১। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থুসাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৯৩৭ ॥

২২। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৯৩৮ ॥

২৩। কাসিকং নাম নগরং জয়সেনো নাম খত্তিয়ো,
সিরিমা নাম জনিকা ফুস্সস্স চ মহেসিনো। ৯৩৯ ॥

২৪। ছব্বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
গরুল্ হংস সুবণ্ণভরা তয়ো পাসাদ মুত্তমা। ৯৪০ ॥

২৫। তেবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
কিসা গোতমী নাম নারী আনন্দো নাম অত্রজো। ৯৪১ ॥

---

২০। আমি তাঁহারও ভবিষ্যদ্বাণী শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২১। সূত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত পরিপূর্ণ ভাবে শিক্ষা করিয়া জিন শাসন পরিশোভিত করিয়াছিলাম।

২২। আমি সেই বুদ্ধ শাসনে অপ্রমত্ত ভাবে অবস্থান করত ব্রহ্ম-বিহার ভাবনার দ্বারা পঞ্চ অভিজ্ঞা লাভ করিয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৩। মহর্ষি ফুস্স বুদ্ধের জন্মস্থান কাসিক নগর, পিতা জয়সেন নামক ক্ষত্রিয়, মাতা সিরিমা নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি ছয় হাজার বৎসর ব্যাপী গৃহবাসে ছিলেন। গরুড়, হংস ও সুবর্ণভরা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৫। সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, কিসা গোতমী নাম্নী প্রাধানা স্ত্রী ও আনন্দ নামক পুত্র ছিল।

২৬। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
ছমাসং পধানচারং অচরী পুরিসুত্তমো। ৯৪২ ॥

২৭। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ফুস্সো লোকগ্গ নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৯৪৩ ॥

২৮। সুখিতো ধম্মসেনো চ অহেসুং অগ্গসাবকা,
সভিয়ো নামুপট্ঠাকো ফুস্সস্স চ মহেসিনো। ৯৪৪ ॥

২৯। সালা চ উপসালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো আমণ্ডোতি পবুচ্চতি। ৯৪৫ ॥

৩০। ধনঞ্জয়ো বিসাখো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
পদুমা চেব নাগা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯৪৬ ॥

৩১। অট্ঠপঞ্ঞাস রতনং সোপি অচ্চুগ্গতো মুনি,
সোভতি সতরংসী'ব উলুরাজা'ব পূরিতো। ৯৪৭ ॥

---

২৬। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দর্শন করিয়া হস্তী যানারোহণে অভিনিষ্ক্রমণ করত ছয়মাস যাবৎ ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। নরোত্তম, লোকনায়ক, মহাবীর ফুস্‌স বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। মহর্ষি ফুস্‌স বুদ্ধের সুখিত ও ধর্ম্মসেন নামে দুইজন অগ্র শ্রাবক আর সভিয় নামক ভিক্ষু সেবক ছিল।

২৯। সেই ভগবানের সালা ও উপসালা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা আর বোধিদ্রুম আমলকী বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩০। ধনঞ্জয় ও বিসাখ অগ্র উপস্থায়ক আর পদুমা ও নাগা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩১। সেই ফুস্‌স মুনি আটান্ন হস্ত পরিমাণ উচ্চ দেহধারী ছিলেন। স্বীয় রশ্মির দ্বারা সূর্য্য ও পূর্ণ চন্দ্র তুল্য শোভিত হইতেন।

৩২। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৯৪৮॥

৩৩। ওবদিত্বা বহু সত্তে সন্তারেত্বা মহাজনে,
সো পি সত্থা অতুল য়সো নিব্বুতো'ব সসাবকো। ৯৪৯॥

৩৪। ফুস্সো জিনবরো সত্থা সোনারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৯৫০॥

---

৩২। তখন নব্বই সহস্র বৎসর বুদ্ধের পরমায়ু ছিল। তিনিও তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ভবার্ণব হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৩। অতুল যশস্বী শাস্তা বহুতর প্রাণীকে উপদেশ দিয়াছিলেন এবং মহাজনকে ত্রাণ করিয়া সশ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৩৪। জিনবর ফুস্‌স শাস্তা সোন আরামে নির্ব্বাণ লাভ করিয়াছেন। তাঁহার শরীর-ধাতু পূজার্থ নানা প্রদেশে স্থাপিত হইয়াছে।

# বিপস্‌সী বুদ্ধ-বংসো । ১৯

১ । ফুস্সস্স চ অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
বিপস্সী নাম নামেন লোকে উপ্পজ্জি চক্খুমা *। ৯৫১ ॥

২ । অবিজ্জং সব্বং পদালেত্বা পত্তো সম্বোধি মুত্তমং,
ধম্মচক্কং পবত্তেতুং পক্কামি বন্ধুমতী পুরং। ৯৫২ ॥

৩ । ধম্মচক্কং পবত্তেত্বা উভো বোধেসি নায়কো,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহু। ৯৫৩ ॥

৪ । পুনাপরং অমিতয়সো তত্থ সচ্চং পকাসয়ী,
চতুরাসীতি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৯৫৪ ॥

---

১ । ফুস্‌স বুদ্ধের তিরোধানের পর, দ্বিপদোত্তম, চক্ষুষ্মান্‌ বিপস্‌সী নামক সর্ব্বজ্ঞ বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

২ । সমস্ত অবিদ্যারাশি পদদলিত করিয়া, সম্বোধি লাভ করত ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিবার জন্য বন্ধুমতী পুরে গিয়াছিলেন।

৩ । লোকনায়ক বিপস্‌সী ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়া উভয়কে ( কনিষ্ঠ ভ্রাতা রাজ-পুত্র খণ্ড ও পুরোহিত পুত্র তিষ্য ) চতুরার্য্য সত্য বোধগম্য করাইয়াছিলেন। প্রথমবারে গণনাতীত দেব-মানব ধর্ম্মাববোধ করিয়াছিল।

৪ । পুনর্ব্বারও অমিত যশঃ বুদ্ধ, সেই বন্ধুমতী নগরে সত্যধর্ম্ম প্রকাশ করিয়াছিলেন। সেই দ্বিতীয় দেশনায় চুরাশী হাজার প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

---

* "নায়কো"

৫। চতুরাসীতি সহস্সানি সম্বুদ্ধং অনুপব্বজুং,
তেসমারামপ্পত্তানং ধম্মং দেসেসি চক্খুমা। ৯৫৫॥

৬। সব্বাকারেন ভাসতো সুত্বা † উপনিসাদিনো,
তেপি ধম্মবরং গন্ত্বা ততিয়াভিসময়ো অহু। ৯৫৬॥

৭। সন্নিপাতা তয়ো আসুং বিপস্সিস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৯৫৭॥

৮। অট্ঠসট্ঠি সহস্সানং পঠমো আসি সমাগমো,
ভিক্খু সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯৫৮॥

৯। অসীতি ভিক্খু সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
তত্থ ভিক্খুগণ-মজ্ঝে সম্বুদ্ধো অতিরোচতি। ৯৫৯॥

---

৫। বুদ্ধের পর, অনুক্রমে চুরাশী হাজার ব্যক্তি প্রব্রজিত হইয়াছিল। তাহারা আরামে আসিলে, চক্ষুষ্মান তাহাদিগকে ধর্ম্মদেশনা করিয়াছিলেন।

৬। বুদ্ধ নানা প্রকারে ধর্ম্ম ভাষণ করিতে তাহারা শুনিয়াছিল। সেই উত্তম ধর্ম্ম শুনিয়া তাহারাও ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল। তাহা তৃতীয় বারের ধর্ম্মাভিসময়।

৭। মহর্ষি বিপস্সী বুদ্ধের, বিমল শান্তচিত্ত ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যগণের তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল।

৮। প্রথম সমাগমে আটষট্টি হাজার আর দ্বিতীয় সমাগমে একলক্ষ পর্য্যন্ত ভিক্ষু সমাগত হইয়াছিল।

৯। তৃতীয় সমাগমে অশীতি সহস্র ভিক্ষু সমাগত হইয়াছিল। ভগবান তথায় ভিক্ষুগণের মধ্যে অত্যন্ত শোভনীয় হইয়াছিলেন।

---

† "উপনিস্স জিনে" লঃ

১০। অহং তেন সময়েন নাগরাজা মহিদ্ধিকো,
অতুলো নাম নামেন পুঞ্ঞবন্তো জুতিন্ধরো। ৯৬০ ॥
১১। নেকানং নাগকোটীনং পরিবারেত্বা নং তদা,
বজ্জেন্তো দিব্বতুরিয়েহি লোকজেট্‌ঠং উপাগমি। ৯৬১ ॥
১২। উপসঙ্কমিত্বা সম্বুদ্ধং বিপস্সিং লোকনায়কং,
মণিমুত্ত রতন খচিতং সব্বাভরণ ভূসিতং,
নিমন্তেত্বা ধম্মরাজস্স সোণ্ণপীঠমদাসহং। ৯৬২ ॥
১৩। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সংঘমজ্ঝে নিসীদিয়,
একনবুতে ইতোকপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯৬৩ ॥
১৪। অহূ কপিলবহ্বয়ে রম্মে নিক্খমিত্বা তথাগতো,
পধানং পদহিত্বান কত্বা দুক্করকারিকং। ৯৬৪ ॥

---

১০। তখন আমি মহাঋদ্ধি সম্পন্ন, পুণ্যবান ও জ্যোতিষ্মান অতুল নামক নাগরাজা হইয়াছিলাম।

১১। সেই সময় আমি অনেক কোটি নাগ পরিবৃত হইয়া দিব্যতূর্য্য নিনাদ করিতে করিতে লোকজ্যেষ্ঠ বুদ্ধের নিকট উপনীত হইয়াছিলাম।

১২। লোকনায়ক বুদ্ধের নিকট উপস্থিত হইয়া ধর্ম্মরাজকে নিমন্ত্রণ করত মণি-মুক্তা-রত্ন খচিত, সর্ব্বাভরণ ভূষিত, স্বুবর্ণ-পীঠ দান করিয়াছিলাম।

১৩। সেই বিপস্‌সী বুদ্ধ সংঘমধ্যে বসিয়া আমাকে বলিয়াছিলেন— "এই নাগরাজা একানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন"—

১৪। তথাগত গোতম বুদ্ধ রমণীয় কপিলবাস্তু নগব হইতে বাহির হইয়া ধ্যানচর্য্যায় রত হওত দুষ্করক্রিয়া করিবেন।

১৫। অজপাল রুক্খমূলম্হি নিসীদিত্বা তথাগতো,
তত্থ পায়সমগ্গযহ নেরঞ্জরমুপেহিতি। ৯৬৫ ॥

১৬। নেরঞ্জরায় তীরম্হি পায়সং অসতী জিনো,
পটিয়ত্ত বরমগ্গেন বোধিমূলং উপেহিতি। ৯৬৬ ॥

১৭। ততো পদক্খিণং কত্বা বোধিমণ্ডং অনুত্তরং,
অস্সত্থমূলে সম্বোধিং বুজ্ঝিস্সতি মহায়সো। ৯৬৭ ॥

১৮। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো। ৯৬৮ ॥

১৯। অনাসবা বীতমলা * সন্তচিত্তা সমাহিতা,
কোলিতো উপতিস্সো চ অগ্গাহেস্সন্তি সাবকা। ৯৬৯ ॥

---

১৫। তথাগত অজপাল ন্যাগ্রোধমূলে উপবেশন পূর্ব্বক, তথায় সুজাতা প্রদত্ত পায়সান্ন গ্রহণ করিয়া নৈরঞ্জনাতে যাইবেন।

১৬। জিন নৈরঞ্জনা তীরে পায়স ভোজন করিবেন, এবং সুসজ্জিত শ্রেষ্ঠমার্গে বোধিমণ্ডপে উপনীত হইবেন।

১৭। তারপর মহাযশঃ গৌতম বোধিসত্ত্ব অনুত্তর বোধিমণ্ডপ প্রদক্ষিণ করিয়া অশ্বত্থ বৃক্ষমূলে সম্বোধি লাভ করিবেন।

১৮। ইঁহার জনয়িত্রী মাতা মহামায়া নাম্নী দেবী, পিতা রাজা শুদ্ধোদন এবং তাঁহার নাম গৌতম হইবে।

১৯। অনাসব, বিগতমল, শান্তচিত্ত, সমাহিত কৌলিত ও উপতিষ্য তাঁহার অগ্রশ্রাবক হইবে।

---

* "বীতরাগা" লঃ অঃ

২০। আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং,
খেমা উপ্পলবণ্ণা চ অগ্গাহেস্সন্তি সাবিকা। ৯৭০॥

২১। অনাসবা বীতমলা সন্তচিত্তা সমাহিতা,
বোধিতস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি। ৯৭১।

২২। তস্সাহং বচনং সুত্বা ভীয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৯৭২॥

২৩। নগরং বন্ধুমতী নাম বন্ধুমা নাম খত্তিয়ো,
মাতা বন্ধুমতী নাম বিপস্সিস্স মহেসিনো। ৯৭৩॥

২৪। অট্ঠবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নন্দো সুনন্দো সিরিমা তয়ো পাসাদমুত্তমা। ৯৭৪॥

২৫। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুতনা নাম সা নারী সমবত্তক্খন্ধো নাম অত্রজো। ৯৭৫॥

---

২০।২১। আনন্দ নামক সেবক ভিক্ষু সেই গৌতম জিনকে সেবা করিবে। অনাসব, বিগতমল, শান্তচিত্ত ও সমাহিত ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা হইবে। সেই ভগবানের বোধি অশ্বত্থ বৃক্ষ নামে খ্যাত হইবে।

২২। আমি তাঁহার বাক্য শ্রবণে বিশেষভাবে প্রসন্ন হইয়া, দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৩। মহর্ষি বিপস্সী বুদ্ধের জন্মস্থান বন্ধুমতী নগর, পিতা বন্ধুমা নামক ক্ষত্রিয়, মাতা বন্ধুমতী নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি আট হাজার বৎসর গৃহবাসে ছিলেন। নন্দ সুনন্দ ও সিরিমা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৫। তাঁহার সর্ব্বাভরণ প্রতিমণ্ডিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, সুতনা নাম্নী প্রধানা স্ত্রী এবং সমবত্তখন্ধ নামক পুত্র ছিল।

২৬। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূন অট্ঠমাসানি পধানং পদহী জিনো। ৯৭৬॥

২৭। ব্রহ্মুণা যাচিতো সন্তো বিপস্সী লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৯৭৭॥

২৮। * খন্ধো চ তিস্সনামো চ অহেসুং অগ্গসাবকা,
অসোকো নামুপট্ঠাকো বিপস্সিস্স মহেসিনো। ৯৭৮॥

২৯। চন্দা চ চন্দমিত্তা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পাটলীতি পবুচ্চতি। ৯৭৯॥

৩০। পুনব্বসুমিত্তো নাগো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা উত্তরা চেব অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯৮০॥

---

২৬। জিন চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া রথারোহণে অভি-নিষ্ক্রমণ করত অন্যূন আটমাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। নরশ্রেষ্ঠ, মহাবীর লোকনায়ক বিপস্সী বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। মহর্ষি বিপস্সী বুদ্ধের খন্ধ ও তিষ্য নামে দুইজন অগ্র শ্রাবক ও অশোক নামক ভিক্ষু সেবক ছিল।

২৯। চন্দ্রা ও চন্দ্রমিত্তা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল, সেই ভগবানের বোধিদ্রুম পাটলি (পারুল) বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩০। পুণর্বসুমিত্র ও নাগ অগ্রউপস্থায়ক ছিল, আর সিরিমা ও উত্তরা অগ্রউপস্থায়িকা ছিল।

---

* "খণ্ডো" নঃ

৩১। অসীতি হত্থমুব্বেধো বিপস্সী লোকনায়কো,
পভা নিদ্ধাবতী তস্স সমন্তা সত্তয়োজনে। ৯৮১ ॥

৩২। অসীতি বস্স সহস্সানি আয়ুবুদ্ধস্স তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৯৮২ ॥

৩৩। বহূদেব মনুস্সানং বন্ধনা পরিমোচয়ি,
মগ্গামগ্গঞ্চ আচিক্খি অবসেস পুথুজ্জনে। ৯৮৩ ॥

৩৪। অলোকং দস্সয়িত্বান দেসেত্বা অমতং পদং,
জলিত্বা অগ্গিখন্ধোব নিব্বুতো সো সসাবকো। ৯৮৪ ॥

৩৫। ইদ্ধিবরং পুঞ্ঞবরং লক্খণঞ্চ কুসুমিতং *,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্বসঙ্খারা। ৯৮৫ ॥

---

৩১। লোকনায়ক বিপস্সী বুদ্ধ অশীতি হস্ত উচ্চ দেহধারী ছিলেন। তাঁহার শরীর-প্রভা চারিদিকে সাত যোজন পর্য্যন্ত বিস্তৃত হইত।

৩২। তখন বুদ্ধের পরমায়ু আশী হাজার বৎসর ছিল। তিনি তত-কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৩। তিনি বহু দেব-মানবকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়া, অন্যান্য পৃথগ্‌জনদিগকে মোক্ষমার্গ ও মোক্ষ লাভের অন্তরায় জনক অমার্গ বলিয়াগিয়াছেন।

৩৪। বিপস্সী বুদ্ধ জ্ঞানালোক দেখাইয়া, অমৃতপদ নির্দ্দেশ পূর্ব্বক অগ্নিস্কন্ধের ন্যায় প্রদীপ্ত হওত সশ্রাবক পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৩৫। উত্তম ঋদ্ধি, পবিত্র পুণ্য-সম্পদ এবং বিকশিত চক্রলক্ষণাদি সমস্তই অন্তর্হিত হইয়াছে। সমস্ত সংস্কার ধর্ম্ম রিক্ত নহে কি?

---

* "চতুসুপিতং" "চতুভুমকং" লঃ

৩৬। বিপস্সী জিনবরো ধীরো সুমিত্তারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো সত্তয়োজন মুস্সিতো। ৯৮৬॥

---

৩৬। ধৃতিমান জিনবর বিপস্সী সুমিত্রারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় সাত যোজন সমুন্নত বুদ্ধস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# সিখী বুদ্ধ-বংসো । ২০

১ । বিপস্সিস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
* সিখিবহয়ো আসি জিনো অসমো অপ্পটিপুগ্গলো । ৯৮৭ ॥

২ । মারসেনং পমদ্দিত্বা পত্তো সম্বোধি মুত্তমং,
ধম্মচক্কং পবত্তেসি অনুকম্পায় পাণিনং । ৯৮৮ ॥

৩ । ধম্মচক্কং পবত্তেন্তে সিখিম্হি † মুনি পুঙ্গবে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ । ৯৮৯ ॥

৪ । অপরম্পি ধম্মং দেসেন্তে গণসেট্ঠে নরুত্তমে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ । ৯৯০ ॥

---

১ । বিপস্সী বুদ্ধের তিরোধানের পর দ্বিপদোত্তম, অসামান্য ও অসদৃশ পুরুষ সিখী নামক জিন আবির্ভূত হইয়াছিলেন।

২ । তিনি মারসৈন্য পরাজয় করিয়া, উত্তম সম্বোধি প্রাপ্ত হওত প্রাণীদের প্রতি অনুকম্পা করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩ । মুনিপুঙ্গব সিখী বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথমবারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৪ । নরোত্তম, গণশ্রেষ্ঠ, বুদ্ধ অপর ধর্ম্মদেশনা করিবার সময়, দ্বিতীয়বারে নব্বই হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

---

* "নামজিনো"

† "জিনপুঙ্গবে" লঃ

৫। যমকং পাটি হীরঞ্চ দস্সয়ন্তে সদেবকে,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ৯৯১ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং সিখিস্সাপি মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৯৯২ ॥

৭। ভিক্খু সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
অসীতি ভিক্খু সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯৯৩ ॥

৮ সত্ততি ভিক্খু সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপলিত্তো পদুমং'ব তোয়ম্হি সম্পবড্ঢিতো। ৯৯৪ ॥

৯। অহং তেন সময়েন অরিন্দমো নাম খত্তিয়ো,
সম্বুদ্ধপমুখং সঙ্ঘং অন্নপানেন তপ্পয়িং। ৯৯৫ ॥

১০। বহুং দুস্সবরং দত্বা দুস্সকোটিং অনপ্পকং,
অলঙ্কতং হত্থিয়ানং সম্বুদ্ধস্স অদাসহং। ৯৯৬ ॥

---

৫। দেব-মানবদিগকে যমক প্রাতিহার্য্য ঋদ্ধি প্রদর্শনের সময়, তৃতীয় বারে আশী হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। মহর্ষি সিখী বুদ্ধের সমদর্শী বিমল ও শান্তচিত্ত ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনটা ধর্ম্ম সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম সম্মিলনে একলক্ষ ভিক্ষু ও দ্বিতীয় সম্মিলনে আশী হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৮। জলে বর্দ্ধিত পদ্ম যেমন জলের সঙ্গে নির্লিপ্ত থাকে, সেরূপ অষ্টবিধ লোকধর্ম্মে অসংবদ্ধ, সত্তর হাজার অরহৎ ভিক্ষু তৃতীয় সমাগমে সম্মিলিত হইয়াছিল।

৯। সেই সময় আমি অরিন্দম নামক ক্ষত্রিয় নরপতি হইয়াছিলাম; সম্বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে মধুর অন্ন-পানীয় দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১০। আমি আরো অনল্পকোটি শ্রেষ্ঠ বস্ত্র দান দিয়া অলঙ্কৃত হস্তীযান প্রদানে সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।

১১। হত্থিয়ানং নিম্মিনিত্বা কপ্পিয়ং উপনাময়িং,
পূরয়িং মানসং ময়্হং নিচ্চং দল্হমুপট্ঠিতং। ৯৯৭॥

১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সিখী লোকগ্গনায়কো,
এক তিংসে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯৯৮॥

২৭। তস্সাহং বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ১০১৩॥

২৮। নগর অরুণবতী নাম অরুণো নাম খত্তিয়ো,
পভাবতী নাম জনিকা সিখিস্স চ মহেসিনো। ১০১৪॥

২৯। সত্তবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সুচন্দো গিরি বহনো তয়ো পাসাদ মুত্তমা। ১০১৫॥

---

১১। হস্তীযান নির্ম্মাণ করত কপ্পিয় বস্তু পূর্ণ করিয়া পূজা করিয়াছিলাম এবং আমার নিত্য দৃঢ়ভাবে উৎপন্ন দান চেতনা পূর্ণ করিয়াছিলাম।

১২। জগতে অগ্রণী নায়ক সিখী বুদ্ধ—"এই হইতে একত্রিশ কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যৎ বাণী কহিয়াছিলেন।

১৩। ৯৯৯, ১৪। ১০০০, ১৫। ১০০১, ১৬। ১০০২, ১৭। ১০০৩, ১৮। ১০০৪, ১৯। ১০০৫, ২০। ১০০৬, ২১। ১০০৭, ২২। ১০০৮, ২৩। ১০০৯, ২৪। ১০১০, ২৫। ১০১১, ২৬। ১০১২, এস্থলে ১৩ হইতে ১৬ নম্বর গাথা বিপস্সী বুদ্ধের ১৪ হইতে ১৭ নম্বর গাথার তুল্য। অবশিষ্টগুলি পূর্ব্ব পূর্ব্ব গাথার তুল্য দ্রষ্টব্য।

২৭। আমি তাঁহার অব্যর্থবাণী শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করিয়াছিলাম এবং দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৮। মহর্ষি সিখী বুদ্ধের জন্মস্থান অরুণবতী নগর, পিতা অরুণ নামক ক্ষত্রিয়, মাতা প্রভাবতী নাম্নী ক্ষত্রিয়ানী।

২৯। তিনি সাত হাজার বৎসর গৃহবাসে ছিলেন। সুচন্দ্র, গিরি ও বহন নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩০। চতুবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সব্বকামা নাম সা নারী অতুলো নাম অত্রজো। ১০১৬॥

৩১। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অদ্ধমাসং পধানচারং অচরী পুরিসোত্তমো। ১০১৭॥

৩২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সিখী লোকগনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১০১৮॥

৩৩। অভিভূ সম্ভবো নাম অহেসুং অগ্গসাবকো,
খেমঙ্করো উপট্ঠাকো সিখিস্সাপি মহেসিনো। ১০১৯॥

৩৪। অখিলা চেব পদুমা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পুণ্ডরীকোতি পবুচ্চতি। ১০২০॥

৩৫। সিরিবড্ঢো চ চন্দো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
চিত্তা চেব সুগুত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১০২১॥

---

৩০। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা চব্বিশ হাজার পরিচারিকা, সর্ব্বকামা নাম্নী প্রধানা স্ত্রী এবং অতুল নামক পুত্র ছিল।

৩১। পুরুষোত্তম সিখী বোধিসত্ত্ব চতুর্ব্বিধ নিমিত্ত দেখিয়া, হস্তী যানারোহণে নিষ্ক্রমণ করত অর্দ্ধমাস ধ্যানচর্য্যায় রতছিলেন।

৩২। জগতের শ্রেষ্ঠ নায়ক, নরোত্তম মহাবীর সিখী বুদ্ধ, মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, মিগদায়ে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৩। মহর্ষি সিখী বুদ্ধের অভিভূ ও সম্ভব নামে দুইজন অগ্র শ্রাবক আর ক্ষেমঙ্কর নামক ভিক্ষু সেবক ছিল।

৩৪। অখিলা ও পদুমা অগ্র শ্রাবিকা ছিল, আর তাঁহার বোধিদ্রুম পুণ্ডরীক বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৫। তাঁহার শ্রীবর্দ্ধ ও চন্দ্র নামে দুইজন অগ্র উপস্থায়ক আর চিত্রা ও সুগুপ্তা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৬। উচ্চত্তনেন সো বুদ্ধো সত্ততি হৎথমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দ্বত্তিংস বরলক্খণো। ১০২২॥

৩৭। তস্স ব্যামপ্পভা কায়া রত্তিন্দিবমতন্দিতা *,
দিসোদিসং নিচ্ছরন্তি তীনি যোজনসো পভা। ১০২৩॥

৩৮। সত্ততিবস্স সহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১০২৪॥

৩৯। ধম্মমেঘং পবস্সেত্বা তেমযিত্বা সদেবকং,
খেমন্তং † পাপয়িত্বান নিব্বুতো সো সসাবকো। ১০২৫॥

৪০। অনুব্যঞ্জন সম্পন্নং দ্বত্তিংস বরলক্খণং,
সব্বং সমন্তরহিতং নন্নুরিত্তা সব্ব সংখারা। ১০২৬॥

---

৩৬। উচ্চতানুসারে সিখী বুদ্ধ সত্তর হস্ত উচ্চ ছিলেন। তাঁহার দেহ বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত ও কাঞ্চন প্রভার তুল্য ছিল।

৩৭। তাঁহারও ব্যাম-প্রভামণ্ডিত দেহ হইতে তিন যোজন পর্য্যন্ত দিগ্বিদিক অবিরাম রশ্মি নিঃসৃত হইত।

৩৮। সেই মহর্ষি সিখী বুদ্ধের সত্তর হাজার বৎসর পরমায়ু ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। তিনি ধর্ম্মবারি বর্ষণ পূর্ব্বক দেব-মানবদিগের মন ভিজাইয়াছিলেন এবং তাহাদিগকে নির্ব্বাণ প্রাপ্ত করাইয়া, স-শ্রাবক পরিনির্ব্বাপিত হইয়াছেন।

৪০। অশীতি অনুব্যঞ্জন সম্পন্ন বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি?

---

* "দিবারত্তিং নিরন্তরং"

† "খেমত্তং"

৪১। সিখী মুনিবরো বুদ্ধো দুস্সারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো তীনি যোজন মুগ্গতো। ১০২৭॥

---

৪১। মুনিবর সিখী বুদ্ধ দুস্সআরামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার তিন যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তূপ নির্ম্মিত হইয়াছে।

# বেস্‌সভূ বুদ্ধ-বংসো। ২১

১। তথেব মণ্ডকপ্পম্হি অসমো অপ্পটিপুগ্গলো,
বেস্সভূ নাম নামেন লোকে উপ্পজ্জি * নায়কো। ১০২৮॥

২। † আদিত্তং তিচ রাগগ্গি তণ্হানং বিজিতং তদা,
নাগো'ব বন্ধনং ছেত্বা পত্তো সম্বোধি মুত্তমং। ১০২৯॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে বেস্সভূ লোকনায়কে,
অসীতি কোটি সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ১০৩০॥

৪। পক্কন্তে চারিকং রট্ঠে লোকজেট্ঠে ‡ নরাসভে,
সত্ততি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ। ১০৩১॥

---

১। সেই মণ্ডকল্পে, অসামান্য ও অসদৃশ পুরুষ লোকনায়ক বেস্‌সভূ নামক বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

২। তিনি রাগাগ্নির দ্বারা প্রজ্জ্বলিত তৃষ্ণাকে জয় করিয়া, হস্তীর ন্যায় তৃষ্ণার বাঁধন ছেদন করিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছিলেন।

৩। লোকনায়ক বেস্‌সভূ বুদ্ধ ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথম বারে অশীতি সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৪। লোক জ্যেষ্ঠ, নরার্ষভ বুদ্ধ রাষ্ট্র বিচরণের জন্য প্রস্থান করিলে, সত্তর হাজার কোটি প্রাণীর দ্বিতীয়বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

---

* "সো জিন" † "আসিত্তমিব" ‡ "লোক সেট্ঠে"

৫। মহা দিট্‌ঠিং বিনোদেন্তো পাটিহীরং করোতি সো,
সমাগতা নরমরূ দসসহস্সী সদেবকে। ১০৩২॥

৬। মহা অচ্ছরিয়ং দিস্বা অব্ভুতং লোম হংসনং,
দেবা চেব মনুস্সা চ বুজ্ঝরে সট্‌ঠিকোটিয়ো। ১০৩৩॥

৭। সন্নিপাতা তয়ো আসুং বেস্সভূস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ১০৩৪॥

৮। অসীতি ভিক্খু সহস্সানং পঠমো আসি সমাগমো,
† সত্ততিংস সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ১০৩৫॥

৯। সট্‌ঠি ভিক্খু সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
* জরাদি ভয়াতীতানং ওরসানং মহেসিনো। ১০৩৬॥

---

৫। তিনি বলবতী মিথ্যাদৃষ্টি বিনোদনের জন্য ঋদ্ধি দেখাইয়াছিলেন; সে ঋদ্ধি দর্শনের জন্য দশ সহস্র চক্রবালবাসী দেবমানব সমাগত হইয়াছিল।

৬। মহা আশ্চর্য্য, অদ্ভুত ও রোমাঞ্চকর সেই ঋদ্ধি দেখিয়া ষাট কোটি দেবমানব সত্যধর্ম্ম অবগত হইয়াছিল।

৭। মহর্ষি বেস্‌সভূ বুদ্ধের সমদর্শী, শান্তমন, বিমল, ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনটা সম্মিলন হইয়াছিল।

৮। প্রথম সমাগমে আশী হাজার, দ্বিতীয় সমাগমে সত্তর হাজার অরহৎ ভিক্ষু সম্মিলিত হইয়াছিল।

৯। মহর্ষি বুদ্ধের ধর্ম্ম ঔরস জাত, জন্ম-জরাদি ভয়াতীত, ষাট হাজার ভিক্ষু তৃতীয় সমাগমে সম্মিলিত হইয়াছিল।

---

† "সত্ততি"

* "জরাদি ভয়ভীতানং" অথবা, "জরাদি ভয় চিন্তানং ওরসানং মহেসিনং"

১০। তস্স বুদ্ধস্স অসমস্স চক্কং বত্তিতমুত্তমং,
সুত্বান পণীতং ধম্মং পব্বজ্জমভিরোচয়িং। ১০৩৭॥

১১। অহং তেন সময়েন সুদস্সনো নাম খত্তিয়ো,
অন্নপানেন বত্থেন সসঙ্ঘং জিনমপূজয়িং। ১০৩৮॥

১২। মহাদানং পবত্তেত্বা রত্তিংদিবমতন্দিতো,
পব্বজ্জং গুণসম্পন্নং পব্বজিং জিন সন্তিকে। ১০৩৯॥

১৩। আচারগুণ সম্পন্নো বত্তসীলসমাহিতো,
সব্বঞ্ঞূতং গবেসন্তো রমামি জিন সাসনে। ১০৪০॥

১৪। সদ্ধাপীতিমুপাগন্ত্বা পাদে বন্দামি সত্থরি,
পীতি উপ্পজ্জতী ময়্হং বোধিয়া যেব কারণা। ১০৪১॥

১৫। অনিবত্তি মানসং ঞত্বা সম্বুদ্ধো এতদব্রবি,
একতিংসে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১০৪২॥

---

১০। অসামান্য সেই বেস্সভূ বুদ্ধের প্রণীত ও উত্তম ধর্ম্মচক্র দেশনা শুনিয়া প্রব্রজ্যায় অভিরুচি উৎপাদন করিয়াছিলাম।

১১। আমি তখন সুদর্শন নামক ক্ষত্রিয় নরপতিরূপে জন্মগ্রহণ করিয়া, স-শিষ্য বুদ্ধকে মধুর অন্ন পানীয় ও বস্ত্রের দ্বারা পূজা করিয়াছিলাম।

১২। নিরালস্য ভাবে অহোরাত্র মহাদানের অনুষ্ঠান করিয়া, ভগবানের নিকট গুণ-সম্পন্ন প্রব্রজ্যায় প্রব্রজিত হইয়াছিলাম।

১৩। আমি সর্ব্বজ্ঞতা জ্ঞানের সন্ধান করিতে করিতে, আচারগুণ সম্পন্ন ব্রতশীলে একাগ্রচিত্ত হইয়া জিন শাসনে রমিত হইয়াছিলাম।

১৪। আমি শ্রদ্ধাপ্রীতি প্রণোদিত হইয়া শাস্তার পদবন্দনা করিতেছিলাম। বোধিজ্ঞান লাভের জন্য আমার বলবতী প্রীতি উৎপন্ন হইত।

১৫। সম্বুদ্ধ আমার মনের দৃঢ়তা জানিয়া—"ইনি এই হইতে একত্রিশ কল্পান্তরে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

৩০। তস্সাহং বচনং সুত্বাভিয়্যো চিত্তং পসাদয়িং
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ১০৫৭॥

৩১। * অনোমং নাম নগরং সুপ্পতীতো নাম খত্তিয়ো,
মাতা যসবতী নাম বেস্সভুস্স মহেসিনো। ১০৫৮॥

৩২। ছব্বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
রুচি সুরুচি বড্ঢমানা তয়ো পাসাদ মুত্তমা। ১০৫৯॥

৩৩। অনূন তিংসসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুচিত্তা নাম সা নারী সুপ্পবুদ্ধো নাম অত্রজো। ১০৬০॥

---

১৬। ১০৪৩, ১৭। ১০৪৪, ১৮। ১০৪৫, ১৯। ১০৪৬, ২০। ১০৪৭, ২১। ১০৪৮, ২২। ১০৪৯, ২৩। ১০৫০, ২৪। ১০৫১, ২৫। ১০৫২, ২৬। ১০৫৩, ২৭। ১০৫৪, ২৮। ১০৫৫, ২৯। ১০৫৬, এই গাথাগুলিও পূর্ব্ববত।

৩০। আমি তাঁহার বাক্য শুনিয়া, বিশেষভাবে চিত্ত প্রসন্ন করিয়াছিলাম, এবং দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

৩১। মহর্ষি বেস্সভূ বুদ্ধের জন্মস্থান অনোম নামক নগর, পিতা সুপতীত নামক ক্ষত্রিয়, মাতা যশবতী নাম্নী ক্ষত্রিয়ানী।

৩২। তিনি ছয় হাজার বৎসর কাল গৃহবাসে ছিলেন। তাঁহার রুচি, সুরুচি ও বড্ঢমান নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩৩। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা অন্যূন ত্রিশ হাজার পরিচারিকা, সুচিত্তা নাম্নী প্রধানা ভার্য্যা ও সুপ্রবুদ্ধ নামক পুত্র ছিল।

---

* "অনুপমং"

৩৪। নিমিত্তে চতুরো দিস্বা † সিবিকায়াভিনিক্খমি,
ছ মাসং পধান-চারং অচরী পুরিসুত্তমো। ১০৬১ ॥

৩৫। ব্রহ্মুনা যাচিতো সন্তো বেস্সভূ লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো অরুণারামে নরুত্তমো। ১০৬২ ॥

৩৬। সোণো চ উত্তরো চেব অহেসুং অগ্গসাবকা,
উপসন্তো নামুপট্ঠাকো বেস্সভূস্স মহেসিনো। ১০৬৩ ॥

৩৭। দামাচেব সমালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো § সালো ইতি পবুচ্চতি। ১০৬৪ ॥

৩৮। সোত্থিকো চেব রম্মো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
* গোতমী চ সিরীমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১০৬৫ ॥

---

৩৪। পুরুষোত্তম বোধিসত্ত্ব, চারি প্রকার নিমিত্ত দেখিয়া, শিবিকা-রোহণে নিষ্ক্রমণ করতঃ ছয়মাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন

৩৫। মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মহাবীর নরোত্তম লোকনায়ক বেস্সভুবুদ্ধ অরুণারামে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৬। মহর্ষি বেস্সভু বুদ্ধের সোণ ও উত্তর নামে দুইজন অগ্রশ্রাবক আর উপশান্ত নামক ভিক্ষু সেবক ছিল।

৩৭। দামা ও সমালা অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধি-দ্রুম শাল বৃক্ষ নামে কথিত আছে।

৩৮। সোত্থিকো ও রম্মো নামে দুইজন অগ্রউপস্থায়ক এবং গোতমী ও সিরীমা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

† "সিবিকায়ানাভিকখমি" § "মহাসালোতি" * "কালগোতমী সিরিমা"

৩৯। সট্ঠি রতনমুব্বেধো হেমযূপসমূপমো,
কায়া নিচ্ছরতী রংসী রত্তিংব পব্বতে সিখী। ১০৬৬॥

৪০। সট্ঠিবস্স সহস্সানি আয়ুবিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠ মানো সো তারেসি জনতং বহুং। ১০৬৭॥

৪১। ধম্মং বিত্থারিকং কত্বা বিভজিত্বা মহাজনং,
ধম্মনাবং ঠপেত্বান নিব্বুতো সো সসাবকো। ১০৬৮॥

৪২। দস্সনেয়্যং সব্বজনং বিহারঞ্চিরিয়াপথং,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা। ১০৬৯॥

৪৩। বেস্সভূ জিনবরো সত্থা খেমারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ১০৭০॥

---

৩৯। তাঁহার দেহ ষাটহস্ত উচ্চ ছিল। স্বর্ণস্তম্ভ ও রাত্রিতে পর্ব্বত-স্থিত অগ্নির ন্যায় তাঁহার কায়া হইতে রশ্মি নিসৃতঃ হইত।

৪০। তখন বুদ্ধের পরমায়ু ষাট্ হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনকে ত্রাণ করিয়াছিলেন।

৪১। তিনি নিজের সয়ম্ভূ-জ্ঞানলব্ধ সদ্ধর্ম্ম প্রচার করিয়া, প্রাণীদিগকে জ্ঞান ভেদে বিভাগ করতঃ ধর্ম্ম-নৌকায় আরোহণ করাইয়া দিয়া, সশিষ্য নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪২। দর্শনীয় সশ্রাবক বুদ্ধ, বিহার ও ঈর্য্যাপথ, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার রাশি তুচ্ছ নহে কি!

৪৩। জিনবর বেস্সভূ-শাস্তা ক্ষেমারামে নির্ব্বাণ লাভ করিয়াছিলেন। তাঁহার শারীরিক ধাতু নানাস্থানে স্থাপিত হইয়াছিল।

# ককুসন্ধ বুদ্ধ বংসো। ২২

১। বেস্সভূস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,

ককুসন্ধো নাম নামেন, অপ্পমেয়্যো দুরাসদো। ১০৭১ ॥

২। উগ্ঘাটেত্বা সব্বভবং চরিয়ায় পারমিং গতো,

সীহো'ব পঞ্জরং ভেত্বা পত্তো সম্বোধিমুত্তমং। ১০৭২ ॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে ককুসন্ধে লোকনায়কে,

চত্তালীস কোটি সহস্সানং পঠমাভি সময়ো অহূ। ১০৭৩ ॥

৪। অন্তলিক্খমিহ আকাসে যমকং কত্বা বিকুব্বণং,

তিংস কোটি সহস্সানং বোধেসি দেবমানুসে। ১০৭৪ ॥

---

১। বেস্সভু বুদ্ধের তিরোধানের পর অপ্রমাণ গুণযুক্ত অলঙ্ঘনীয়, দ্বিপদোত্তম ককুসন্ধ নামক সম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। পারমী পূরণের দ্বারা পূর্ণতা লাভ করিয়া, সিংহ যেমন পঞ্জর ভেদ করিয়া বাহির হয়, সেরূপ তিনিও সংসারে উৎপত্তির হেতু উদ্ঘাটন পূর্ব্বক উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন।

৩। লোক নায়ক ককুসন্ধ বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথমবারে চল্লিশ হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৪। তিনি আকাশের শূন্যপথে "যমক বিকুব্বন" ঋদ্ধি প্রদর্শন করাইয়া ত্রিশ হাজার কোটি দেব মানবকে সত্য ধর্ম্মে প্রবুদ্ধ করিয়াছিলেন।

৫। নর দেবস্স যক্খস্স চতু সচ্চপ্পকাসনে,
ধম্মাভিসময়ো তস্স গণনাতো অসংখিয়ো। ১০৭৫ ॥
৬। ককুসন্ধস্স ভগবতো একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ১০৭৬ ॥
৭। চত্তালীস সহস্সানং তদা আসি সমাগমো,
দন্তভূমিমনুপ্পত্তানং * আসবারি গণক্খয়া ১০৭৭ ॥
৮। অহং তেন সময়েন × খেমো নামাসিং খত্তিয়ো,
তথাগতে জিনপুত্তে চ দানং দত্বা অনপ্পকং। ১০৭৮ ॥
৯। পত্তঞ্চ চীবরং দত্বা অঞ্জনং মধুলট্ঠিকং,
ইমেতং পত্থিতং সব্বং পটিয়াদেমি + বরং বরং। ১০৭৯ ॥

---

৫। নরদেব নামক যক্ষকে চারি আর্য্যসত্য দেশনা করিবার সময়, যেই সমাগম হইয়াছিল, তাহা সংখ্যানুসারে গণনাতীত।

৬। ভগবান ককুসন্ধ বুদ্ধের সমদর্শী, শান্তচিত্ত, বিমল ক্ষীণাশ্রব শিষ্য দিগের একবার মাত্র ধর্ম্মসমাগম হইয়াছিল।

৭। সেই সমাগমে তৃষ্ণা-অরি বিনাশকারী, দান্ত স্বভাবযুক্ত চল্লিশ-সহস্র অর্হৎ সমাগত হইয়াছিল।

৮। তখন আমি ক্ষেম নামক ক্ষত্রিয় নরপতি ছিলাম এবং তথাগত ও জিন-পুত্রদিগকে যথেষ্ট পরিমাণ দান দিয়াছিলাম।

৯। আমি পাত্র, চীবর, অঞ্জন ও মধুযষ্টি ইত্যাদি উত্তম উত্তম সমস্ত প্রার্থিত বস্তু সম্পাদন করিয়া দিয়াছিলাম।

---

* "আসবাদি গণকৃথয়া" × "খেমো নাম খত্তিয়ো" + "পটিয়াদেত্বা"

১০। সোপি মং মুনি ব্যাকাসি ককুসন্ধো * বিনায়কো,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১০৮০ ॥

২৬। তস্সাহং বচনং সুত্বা ভিয্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত্তমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১০৯৬ ॥

২৭। নগরং খেমবতী নাম খেমো নামাসহং তদা,
সব্বঞ্ঞুতং গবেসন্তো পব্বজিং তস্স সন্তিকে। ১০৯৭ ॥

২৮। ব্রাহ্মণো অগ্গিদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
বিসাখা নাম জনিকা ককুসন্ধস্স মহেসিনো। ১০৯৮ ॥

---

১০। বিনায়ক ককুসন্ধ মুনিও "ইনি এই ভদ্র কল্পে, বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে অব্যর্থ ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন।

১১। ১০৮১, ১২। ১০৮২, ১৩। ১০৮৩, ১৪। ১০৮৪, ১৫। ১০৮৫, ১৬। ১০৮৬, ১৭। ১০৮৭, ১৮। ১০৮৮, ১৯। ১০৮৯, ২০। ১০৯০, ২১। ১০৯১, ২২। ১০৯২, ২৩। ১০৯৩, ২৪। ১০৯৪, ২৫। ১০৯৫, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৬। আমি তাঁহার বাক্য শুনিয়া, বিশেষভাবে চিত্ত প্রসন্ন করতঃ দশ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। তখন আমি ক্ষেমবতী নগরে, ক্ষেম নামে পরিচিত ছিলাম। সর্ব্বজ্ঞতা অনুসন্ধান করিতে করিতে তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৮। মহর্ষি ককুসন্ধ বুদ্ধের পিতা সেই অগ্নিদত্ত ব্রাহ্মণও মাতা বিশাখা নাম্নী ব্রাহ্মণী ছিল।

---

* "লোকনায়কো"

২৯। * বসতি তত্থ খেমপুরে সম্বুদ্ধস্স মহাকুলং,
নরানং পবরং সেট্ঠং জাতিমন্তং মহাযসং। ১০৯৯॥

৩০। চতুবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
রুচি সুরুচি বড্ঢমানা তয়ো পাসাদমুত্তমা। ১১০০॥

৩১। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিরোচমানা নাম নারী উত্তরো নাম অত্রজো। ১১০১॥

৩২। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ১১০২॥

৩৩। ব্রহ্মুনা যাচিতো সন্তো ককুসন্ধো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১০৩॥

---

২৯। সেই ক্ষেম নগরে নরদিগের প্রবর ও শ্রেষ্ঠ, উচ্চ কুলীন, মহাযশস্বী তাঁহার জ্ঞাতিকুল বাস করিত।

৩০। তিনি চারি হাজার বৎসর গৃহবাসে ছিলেন। রুচি, সুরুচি ও বড্ঢমান নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩১। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা ত্রিশ হাজার পরিচারিকা, বিরোচমানা নাম্নী প্রধানা স্ত্রী ও উত্তর নামক পুত্র ছিল।

৩২। চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া, রথারোহণে অভিনিষ্ক্রমণ করত অন্যূন আটমাস পর্য্যন্ত ধ্যান চর্য্যায় রত ছিলেন।

৩৩। নরোত্তম, লোকনায়ক, মহাবীর ককুসন্ধ বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

---

* "বসী"

৩৪। বিধুরো * সঞ্জিব নামোচ অহেসুং অগ্গসাবকা,
+ বুদ্ধিজো নামুপট্ঠাকো ককুসন্ধস্স সত্থুনো। ১১০৪ ॥

৩৫। সামা চ চম্পানামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো সিরীসোতি পবুচ্চতি। ১১০৫ ॥

৩৬। অচ্চুতো চ সুমনো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নন্দা চেব সুনন্দা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১০৬ ॥

৩৭। চত্তালীস রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
কনকপ্পভা নিচ্ছরতি সমন্তা দ্বাদস যোজনং। ১১০৭ ॥

৩৮। চত্তালীস বস্সসহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১০৮ ॥

---

৩৪। ককুসন্ধ শাস্তার বিধুর ও সঞ্জীব নামে দুইজন অগ্রশ্রাবক আর বুদ্ধিজ নামক ভিক্ষু সেবক ছিল।

৩৫। সামা ও চম্পনামা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিবৃক্ষ শিরিস বৃক্ষ নামে কথিত হয়।

৩৬। অচ্চুত ও সুমন অগ্রউপস্থায়ক ছিল, আর নন্দা ও সুনন্দা নাম্নী দুইজন অগ্রউপস্থায়িকা ছিল।

৩৭। মহামুনি ককুসন্ধ বুদ্ধ, চল্লিশ হাত পরিমাণ উচ্চ ছিলেন। তাঁহার শরীর হইতে কনক প্রভার তুল্য রশ্মি চারিদিকে দ্বাদশ যোজন পর্য্যন্ত নিঃসৃত হইত।

৩৮। সেই মহর্ষি ককুসন্ধের চল্লিশ হাজার বৎসর পরমায়ু ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

---

* "সঞ্জীবো নামচ" + "ভদ্দিজো"

৩৯। ধম্মাপণং পসারিত্বা নরনারিনং সদেবকে,
নদিত্বা সীহনাদঞ্চ নিব্বুতো সো সসাবকো। ১১০৯ ॥

৪০। অট্ঠঙ্গবচনসম্পন্নো অচ্ছিদ্দানি নিরন্তরং,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্বসংখারা। ১১১০ ॥

৪১। ককুসন্ধো জিনবরো খেমারামাম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো গাবুত নভমুগ্গতো। ১১১১ ॥

---

৩৯। তিনি সিংহনাদে ধর্ম্মদেশনা করতঃ দেব-মানব নরনারীদের জন্য ধর্ম্মের দোকান খুলিয়া দিয়া, সশিষ্য পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪০। অষ্টাঙ্গ মধুরস্বর বিশিষ্ট বুদ্ধও নিরন্তর তৃষ্ণাছিদ্র বিরহিত শ্রাবক-গণ, সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো, সমস্ত সংস্কারধর্ম্ম তুচ্ছ অসার নহে কি!

৪১। জিনবর ককুসন্ধ বুদ্ধ ক্ষেমারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন, তথায় তাঁহার উদ্দেশ্যে গব্যুত প্রমাণ সমুন্নত স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# কোনাগমন বুদ্ধ বংসো। ২৩

১। ককুসন্ধস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
কোনাগমনো নাম জিনো লোকজেট্‌ঠো নরাসভো। ১১১২॥

২। দসধম্মে পূরয়িত্বান কন্তারং সমতিক্কমি,
পবাহিয় মলং সব্বং পত্তো সম্বোধিমুত্তমং। ১১১৩॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে কোনাগমন নায়কে,
তিংসকোটি সহস্সানং পঠমাভিসময়ো অহু। ১১১৪॥

৪। পাটিহীরং করোন্তেচ পরবাদপ্পমদ্দনে,
বীসতিকোটি সহস্সানং দুতিয়াভি সময়ো অহূ। ১১১৫॥

৫। ততো বিকুব্বণং কত্বা জিনো দেবপুরং গতো,
বসতি তত্থ সম্বুদ্ধো সিলায়ং পণ্ডুকম্বলে। ১১১৬॥

---

১। ককুসন্ধ বুদ্ধের পরে, দ্বিপদোত্তম, লোক জ্যেষ্ঠ, নরার্ষভ সম্বুদ্ধ কোনাগমন জিন, জগতে অবতীর্ণ হইয়াছিলেন।

২। তিনি দশবিধ পারমী পূর্ণ করিয়া, জন্ম-কান্তার অতিক্রম ও কাম-রাগাদি সমস্ত পাপমল বিদূরীত করিয়া উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন।

৩। লোক নায়ক কোনাগমন বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে ত্রিশ হাজার কোটি প্রাণী প্রথম বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৪। পরপ্রবাদ মর্দ্দন করিবার জন্য যখন প্রাতিহার্য্য দেখাইয়াছিলেন, তখন বিশ হাজার কোটি প্রাণী দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৫। তারপর কোনাগমন জিন "বিকুব্বণ" ঋদ্ধি দেখাইয়া দেবপুরে গিয়াছিলেন। তথায় পাণ্ডুকম্বল শিলাসনে বাস করিতেন।

৬। পকরণে সত্ত দেসেন্তো বস্সং বসতি সো মুনি,
দসকোটি সহস্সানং ততিয়াভি সময়ো অহূ। ১১১৭ ॥

৭। তস্সাপি দেবদেবস্স একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ১১১৮ ॥

৮। তিংস ভিক্খু সহস্সানং তদা আসি সমাগমো,
* ওঘানমতিক্কন্তানং ভিজ্জিতানং চ মচ্চুয়া। ১১১৯ ॥

৯। অহংতেন সময়েন পব্বতো নাম খত্তিয়ো,
মিত্তামচ্চেহি সম্পন্নো † অনন্ত বলবাহনো। ১১২০ ॥

১০। সম্বুদ্ধ দস্সনং গন্ত্বা সুত্বা ধম্মং অনুত্তরং,
নিমন্তেত্বা সজিনং সঙ্ঘং দানং দত্বা + যদিচ্ছকং। ১১২১ ॥

---

৬। কোনাগমন মুনি দেবপরিষদে সপ্ত প্রকরণ অভিধর্ম্ম দেশনা করিতে করিতে, তথায় বর্ষাযাপন করিয়াছিলেন। তখন দশ হাজার কোটি প্রাণী তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৭। সেই দেবাতিদেব কোনাগমন বুদ্ধের সমদর্শী, শান্তমন ও নির্ম্মল ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যদের একবার মাত্র সমাগম হইয়াছিল।

৮। তখন কাম-ভব-দৃষ্টি ও অবিদ্যা এই চারি সংসার স্রোত অতিক্রান্ত ও মরণ-ভয়-বিমুক্ত ত্রিশ হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৯। তখন আমি মিত্র অমাত্যাদির দ্বারা পরিবৃত অনন্ত বলবাহনযুক্ত পব্বত নামক ক্ষত্রিয় রাজা ছিলাম।

১০। বুদ্ধদর্শনের জন্য যাইয়া, অনুত্তর ধর্ম্মশ্রবণ করিয়াছিলাম, এবং নিমন্ত্রণ করিয়া বুদ্ধ সহিত সঙ্ঘকে যথেচ্ছা দান দিয়াছিলাম।

---

* "অতিক্কন্ত চতুরোঘানং" † "বলবাহনমনপ্পকং" + "যথিচ্ছিকং"

১১। পত্তুণ্ণং চীনপট্টঞ্চ কোসেয়্যং কম্বলম্পিচ,
সোবণ্ণ পাদুকঞ্চেব অদাসিং সত্থু সাবকে। ১১২২ ॥

১২। সো পি মং মুনি ব্যাকাসি সঙ্ঘমজ্ঝে নিসীদিয়,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১১২৩ ॥

২৭। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১১৩৮ ॥

২৮। সব্বঞ্ঞুতং গবেসন্তো দানং দত্বা নরুত্তমে,
* ওহায়াহং মহারজ্জং পব্বজিং জিনসন্তিকে। ১১৩৯ ॥

---

১১। পত্তুর্ণ বস্ত্র, চীন বস্ত্র, পট্টবস্ত্র, কৌসেয়্য, কম্বল এবং সুবর্ণ পাদুকা বুদ্ধের শিষ্যগণকে দান করিয়াছিলাম।

১২। সেই কোনাগমন মুনি সংঘমধ্যে বসিয়া—"ইনি এই ভদ্র কল্পে বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যৎ বাণী ব্যক্ত করিয়াছিলেন।

১৩। ১১২৪, ১৪। ১১২৫, ১৫। ১১২৬, ১৬। ১১২৭, ১৭। ১১২৮, ১৮। ১১২৯, ১৯। ১১৩০, ২০। ১১৩১, ২১। ১১৩২, ২২। ১১৩৩, ২৩। ১১৩৪, ২৪। ১১৩৫, ২৫। ১১৩৬, ২৬। ১১৩৭, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৭। আমি তাঁহারো ভবিষ্যৎবাণী শুনিয়া, বিশেষ ভাবে চিত্ত প্রসন্ন করত, দশবিধ পারমী পরিপূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৮। সর্ব্বজ্ঞ জ্ঞানমার্গ অন্বেষণ মানসে নরোত্তম বুদ্ধকে দান দিয়া মহারাজ্য পরিত্যাগ পূর্ব্বক তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

---

* "ওহায়িমং"

২৯। নগরং সোভবতী নাম সোভো নামাসি খত্তিয়ো,
বসতী তত্থ নগরে সম্বুদ্ধস্স মহাকুলং। ১১৪০ ॥

৩০। ব্রাহ্মণো যঞ্ঞদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
উত্তরা নাম জনিকা কোনাগমনস্স সত্থুনো। ১১৪১ ॥

৩১। তীণি বস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
তুসিত, সন্তুসিত, সন্তুট্ঠা তয়ো পাসাদমুত্তমা। ১১৪২ ॥

৩২। অনূন সোলস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
রুচিগত্তা নাম নারী সত্থবাহো নাম অত্রজো। ১১৪৩ ॥

৩৩। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
ছ মাসং পধান চারং অচরী পুরিসুত্তমো। ১১৪৪ ॥

৩৪। ব্রহ্মুনা যাচিতো সন্তো কোনাগমনো নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১৪৫ ॥

---

২৯। তাঁহার জন্মস্থান সোভবতী নগর, তথায় সোভ নামক ক্ষত্রিয় রাজা রাজত্ব করিতেন, সেই নগরে সম্বুদ্ধের মহাজ্ঞাতিকুল বাস করিতেন।

৩০। শাস্তা কোনাগমন বুদ্ধের পিতা যজ্ঞদত্ত নামক ব্রাহ্মণ এবং উত্তরা নাম্নী ব্রাহ্মণী মাতা ছিল।

৩১। তিনি তিন সহস্র বৎসর গৃহবাসে ছিলেন, তাঁহার তুষিত, সন্তুষিত, ও সন্তুষ্টা নামে তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

৩২। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা অন্যূন ষোড়শ সহস্র পরিচারিকা ও রুচিগত্তা নাম্নী প্রধানা স্ত্রী ও সত্থবাহ নামক পুত্র ছিল।

৩৩। পুরুষোত্তম বোধিসত্ত্ব চারি প্রকার নিমিত্ত দেখিয়া হস্তী যানারোহণে নিষ্ক্রমণ করতঃ ছয়মাস যাবৎ ধ্যান চর্য্যায় রতছিলেন।

৩৪। নরোত্তম, মহাবীর, নায়ক কোনাগমন বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৫। * ভীয়্যসো উত্তরো নাম অহেসুং অগ্গসাবকা,
† সোত্থিজো নামুপট্ঠাকো কোনাগমনস্স সত্থুনো। ১১৪৬ ॥

৩৬। সমুদ্দা চ উত্তরা চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবন্তো উদুম্বরোতি পবুচ্চতি। ১১৪৭ ॥

৩৭। উগ্গোচ সোমদেবো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সীবলা চেব সামাচ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১৪৮ ॥

৩৮। উচ্চত্তনেন সো বুদ্ধো তিংস হত্থ সমুগ্গতো,
উক্কামুখে যথাকম্বু এবং রংসীহি মণ্ডিতো। ১১৪৯ ॥

৩৯। তিংস বস্স সহস্সানি আয়ু বুদ্ধস্স তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১৫০ ॥

---

৩৫। শাস্তা কোনাগমন বুদ্ধের ভীয়্যস ও উত্তর নামে দুইজন অগ্রশ্রাবক এবং সোত্থিজ নামক ভিক্ষু উপস্থায়ক ছিল।

৩৬। সমুদ্দা ও উত্তরা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম উদুম্বর (ডমুর) বৃক্ষ বলিয়া কথিত আছে।

৩৭। উগ্গো ও সোমদেব নামে দুইজন অগ্র দায়ক এবং সীবল ও সামা নাম্নী দুইজন অগ্রদায়িকা ছিল।

৩৮। উচ্চতা অনুসারে সেই বুদ্ধ ত্রিশ হাত উচ্চ ছিলেন। স্বর্ণকারের ইন্ধন দগ্ধ স্বর্ণ যেমন জ্যোতিষ্মান্ হয়, সেরূপ তাঁহার শরীরও বুদ্ধরশ্মি প্রতিমণ্ডিত ছিল।

৩৯। তখন বুদ্ধের পরমায়ু ত্রিশ হাজার বৎসর ছিল। তিনি ততকাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

---

* "ভীয়্যোসো" † "সোট্ঠিজো "সেট্ঠিজো" কোন কোন গ্রন্থে।

৪০। ধম্মচেতি সমুস্সিত্বা ধম্মদুস্স বিভূসিতং,
ধম্মপুপ্ফগুলং কত্বা নিব্বুতো সো সসাবকো। ১১৫১॥

৪১। মহা বিলাসো তস্স জনো সিরিধম্মপ্পকাসনো,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্ব সংখারা। ১১৫২॥

৪২। কোনাগমনো সম্বুদ্ধো পব্বতারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ১১৫৩॥

---

৪০। তিনি সপ্তত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্মচৈত্য প্রতিষ্ঠিত করতঃ চারিআর্য্য সত্য পতাকায় ভূষিত করিয়াছিলেন। ধর্ম্মপুষ্পের মালা গাঁথিয়া সশ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪১। তাঁহার লোকোত্তর শ্রীধর্ম্ম প্রকাশক, ঋদ্ধি-বিলাস সম্পন্ন শ্রাবক-গণ সকলেই অন্তর্হিত হইয়াছে। অহো! সংস্কার সমূহ রিক্ত নহে কি!

৪২। কোনাগমন সম্বুদ্ধ পর্ব্বতারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে বিস্তার লাভ করিয়াছে।

# কস্সপ বুদ্ধ-বংসো। ২৪

১। কোনাগমনস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
কস্সপো নাম নামেন ধম্মরাজা পভঙ্করো। ১১৫৪ ॥

২। সঞ্চড্ডিতং কুলমূলং বহুং চ পান ভোজনং,
দত্বান যাচকে দানং পূরয়িত্বান মানসং,
উসভো'ব আলকং ভেত্বা পত্তো সম্বোধিমুত্তমং। ১১৫৫ ॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে কস্সপে লোকনায়কে,
বীসতি কোটি সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ১১৫৬ ॥

৪। চতুমাসং যদা বুদ্ধো লোকে চরতি চারিকং,
দসকোটি সহস্সানং দুতিয়াভি সময়ো অহূ। ১১৫৭ ॥

---

১। কোনাগমন বুদ্ধের পরে, দ্বিপদোত্তম, প্রভঙ্কর, ধর্ম্মরাজ কশ্যপ নামক সম্বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন।

২। বহু অন্ন পানীয় সম্পন্ন গৃহবাস ত্যাগ করতঃ যাচক দিগকে দান দিয়া মনস্কাম পূর্ণ করিয়াছিলেন এবং বৃষভ তুল্য গোষ্ঠভেদ করিয়া উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন।

৩। জগতের ত্রাণ কর্ত্তা কশ্যপ বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে, বিংশতি সহস্র কোটি প্রাণীর প্রথম বারে, ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৪। বুদ্ধ যখন চারিমাস যাবৎ লোকে বিচরণ করিয়াছিলেন, তখন দ্বিতীয় বারে দশ সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৫। যমকং বিকুব্বণং কত্বা * ঞাণধাতুং পকাসয়ি,
পঞ্চকোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ১১৫৮ ॥

৬। সুধম্মদেবপুরে রম্মে তত্থ ধম্মং পকাসয়ি,
তীনি কোটি সহস্সানং দেবানং বোধয়ী জিনো। ১১৫৯ ॥

৭। নরদেবস্স যক্খস্স অপরে ধম্মদেসনে,
এতেসানং অভিসময়া গণনাতো অসঙ্খিয়া। ১১৬০ ॥

৮। তস্সাপি দেবদেবস্স একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সান্তচিত্তান তাদিনং। ১১৬১ ॥

৯। বীসতি ভিক্খু সহস্সানং তদা আসি সমাগমো,
† অতিক্কন্তরাগবন্তানং হিরিসীলেন তাদিনং। ১১৬২ ॥

---

৫। যমক প্রাতিহার্য্য দেখাইয়া সর্ব্বজ্ঞতা জ্ঞান প্রকাশ করিবার সময়, তৃতীয় বারে পাঁচ সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। মারজিৎ জিন, রমণীয় দেব পুরের সুধর্ম্ম সভায় অভিধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তথায় তিন সহস্র কোটি দেবতাকে ধর্ম্মজ্ঞানে প্রবুদ্ধ করিয়াছিলেন।

৭। নরদেব নামক যক্ষের দমনার্থ ধর্ম্মদেশনা ও অপর দেশনার সময়, ধর্ম্মাববোধ কারী প্রাণী গণনানুসারে সংখ্যাতীত ছিল।

৮। সেই দেবাতিদেব কশ্যপ বুদ্ধের সমদর্শী, বিমল, শান্তচিত্ত ক্ষীণাশ্রব দিগের একবার মাত্র সমাগম হইয়াছিল।

৯। সেই সমাগমে লজ্জা, শীল ও সমভাব সম্পন্ন ভবরাগ অতিক্রান্ত বিংশতি সহস্র ভিক্ষু সমাগত হইয়াছিল।

---

* "ঞাণ ধাতুপ্পকিত্তয়ী" † "অতিক্কন্ত ভবত্তানং" "অতিক্কন্ত ভবকন্তানং"

১০। + অহং তেন সময়েন জ্যোতিপালোতি বিস্সুতো,
অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগু। ১১৬৩॥

১১। লক্খণে ইতিহাসে চ সধম্মে পারমিং গতো,
ভূম্মন্তলিক্খে কুসলো কতবিজ্জো ‡ অনাময়ো। ১১৬৪॥

১২। কস্সপস্স ভগবতো ঘটীকারো নামুপট্ঠাকো,
সগারবো সপ্পতিস্সো নিব্বুতো ততিয়ে ফলে। ১১৬৫॥

১৩। আদায় মং ঘটীকারো উপগঞ্ছি কস্সপং জিনং,
তস্স ধম্মং সুণিত্বান পব্বজিং তস্স সন্তিকে। ১১৬৬॥

১৪। আরদ্ধবিরিয়ো হুত্বা বত্তাবত্তেসু কোবিদো,
† নক্কচি পরিহায়ামি পূরেমি জিন সাসনং। ১১৬৭॥

---

১০। ১১। আমি তখন অধ্যাপক, মন্ত্রধারী, ত্রিবেদ পারদর্শী, মহাপুরুষ-লক্ষণ, ইতিহাস শাস্ত্র, স্বকীয় ব্রাহ্মণ-ধর্ম্ম, ভূতত্ত্ব ও জ্যোতিষ শাস্ত্রে সুনিপুণ কৃতবিদ্য জ্যোতিপাল ব্রাহ্মণ নামে বিখ্যাত ছিলাম।

১২। বুদ্ধ গৌরবকারী বিনীত ও অনাগামী ফল প্রাপ্ত ঘটীকার নামক ব্যক্তি কশ্যপ বুদ্ধের সেবক ছিল।

১৩। ঘটীকার আমাকে সঙ্গে লইয়া কশ্যপজিনের নিকট উপনীত হইয়াছিল। তাঁহার ধর্ম্ম শুনিয়া, আমি তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

১৪। তখন আমি আরব্ধবীর্য্য, ছোট বড় ব্রত সম্পাদনে সুদক্ষ ছিলাম। শীল সমাধি ইত্যাদি, কোনটার পরিহানি না করিয়া জিনশাসন পূর্ণ করিতাম।

---

+ "অহং তদা মাণবকো" ‡ "অনাবয়ো" † "ন কচি পরিভায়ামি"

১৫। যাবতা বুদ্ধ ভণিতং নবঙ্গং জিন সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ১১৬৮॥
১৬। মম অচ্ছরিয়ং দিস্বা সো পি বুদ্ধো বিয়াকরি,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১১৬৯॥
৩৩। তস্সাপি বচনং সুত্বা * ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১১৮৬॥
৩৪। এবমহং সংসরিত্বা পরিবজ্জেন্তো অনাচারং,
দুক্করঞ্চ কতং মযহং বোধিয়া যেব কারণা। ১১৮৭॥

---

১৫। বুদ্ধভাষিত নবাঙ্গ শাস্তা-শাসন যে পর্য্যন্ত ছিল, তৎসমুদয় ভালরূপে শিক্ষা করিয়া জিন-শাসন পরিশোভিত করিয়াছিলাম।

১৬। সেই কশ্যপ বুদ্ধও আমার আশ্চর্য্য কর্ম্মকুশলতা এবং অসাধারণ প্রতিপত্তি দেখিয়া—"ইনি এই ভদ্র কল্পে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৭। ১১৭০, ১৮। ১১৭১, ১৯। ১১৭২, ২০। ১১৭৩, ২১। ১১৭৪, ২২। ১১৭৫, ২৩। ১১৭৬, ২৪। ১১৭৭, ২৫। ১১৭৮, ২৬। ১১৭৯, ২৭। ১১৮০, ২৮। ১১৮১, ২৯। ১১৮২, ৩০। ১১৮৩, ৩১। ১১৮৪, ৩২। ১১৮৫, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

৩৩। তাঁহারও বাক্য শুনিয়া, বিশেষ ভাবে চিত্ত প্রসন্ন করতঃ দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

৩৪। আমি এইভাবে জন্মান্তর গ্রহণ করিতে করিতে অনাচার পরিবর্জ্জন করিয়া, আমার বোধিজ্ঞান লাভের জন্য অনেক দুষ্কর ক্রিয়া করিয়াছিলাম।

---

* "হট্ঠো সংবিগ্গমানসো" লঃখ

৩৫। নগরং বারাণসী নাম কিকী নামাসি খত্তিয়ো,
বসতি তত্থ নগরে সম্বুদ্ধস্স মহাকুলং। ১১৮৮॥

৩৬। ব্রাহ্মণো ব্রহ্মদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
মাতা ধনবত্তী নাম কস্সপস্স মহেসিনো। ১১৮৯॥

৩৭। দুবেবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
হংসো যসো সিরিনন্দো তয়ো পাসাদমুত্তমা। ১১৯০॥

৩৮। তিসোল্‌স সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুনন্দা নাম সা নারী বিজিতসেনো নাম অত্রজো। ১১৯১॥

৩৯। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমি,
সত্তাহং পধান চারং অচরী পুরিসুত্তমো। ১১৯২॥

৪০। ব্রহ্মুনা যাচিতো সন্তো কস্সপো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১৯৩॥

---

৩৫। বুদ্ধের জন্মস্থান বারাণসী নগর, সেখানে কিকী নামক ক্ষত্রিয় রাজা রাজত্ব করিত। তথায় সম্বুদ্ধের মহাজ্ঞাতিকুল বাস করিত।

৩৬। মহর্ষি কশ্যপ বুদ্ধের পিতা ব্রহ্মদত্ত নামক ব্রাহ্মণ, মাতা ধনবতী নাম্নী ব্রাহ্মণী ছিল।

৩৭। তিনি দুই হাজার বৎসর গৃহবাসে ছিলেন। হংস, যশ ও সিরিনন্দ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩৮। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা আটচল্লিশ হাজার পরিচারিকা, সুনন্দা নাম্নী প্রধানা স্ত্রী ও বিজিত সেন নামক পুত্র ছিল।

৩৯। পুরুষোত্তম বোধিসত্ত্ব চারিপ্রকার নিমিত্ত দেখিয়া পদব্রজে নিষ্ক্রমণ করতঃ অন্যূন সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

৪০। নরোত্তম লোক নায়ক মহাবীর কশ্যপ বুদ্ধ, মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪১। তিস্সো চ ভারদ্বাজো চ অহেসুং অগ্গসাবকা,
সব্বমিত্তো উপট্ঠাকো কস্সপস্স মহেসিনো। ১১৯৪॥

৪২। অনুলা চ উরুবেলা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো নিগ্রোধোতি পবুচ্চতি। ১১৯৫॥

৪৩। সুমঙ্গলো ঘটীকারো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
বিজিত সেনা চ ভদ্দা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১৯৬॥

৪৪। উচ্চত্তনেন সো বুদ্ধো বীসতি রতনমুগ্গতো,
বিজ্জুল্লট্ঠীব আকাসে চন্দো'ব গহ পূরিতো। ১১৯৭॥

৪৫। বীসতি বস্স সহস্সানি আয়ুতস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১৮৮॥

৪৬। ধম্মতলাকং মাপেত্বা সীলং দত্বা বিলেপনং,
ধম্মদুস্সং নিবাসেত্বা ধম্মমালং * বিভজ্জিয়। ১১৯৯॥

---

৪১। মহর্ষি কশ্যপ বুদ্ধের তিষ্য ও ভারদ্বাজ নামে দুইজন অগ্রশ্রাবক, সর্ব্বমিত্র নামক ভিক্ষু সেবক ছিল।

৪২। অনুলা ও উরুবেলা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম ন্যাগ্রোধ বৃক্ষ নামে প্রসিদ্ধ ছিল।

৪৩। তাঁহার সুমঙ্গল ও ঘটীকার অগ্রউপস্থায়ক, বিজিত সেনা ও ভদ্রা নাম্নী দুইজন অগ্রউপস্থায়িকা ছিল।

৪৪। উচ্চতানুসারে তিনি বিশহাত উচ্চ ছিলেন। তিনি আকাশের বিদ্যুৎ ও নক্ষত্র পরিবেষ্টিত পূর্ণচন্দ্রের ন্যায় শোভিত ছিলেন।

৪৫। মহর্ষি কশ্যপ বুদ্ধের পরমায়ু বিশ সহস্র বৎসর ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৪৬। ধর্ম্মতড়াগ নির্ম্মাণ করিয়া, শীলের লেপন দিয়া, ধর্ম্মবস্ত্র পরিধান পূর্ব্বক, ধর্ম্মপুষ্পের মালা রচনা করিয়াছিলেন।

---

* "বিরাজিয়"

৪৭। ধম্ম বিমলমাদাসং ঠপয়িত্বা মহাজনে,
কেচি নিব্বাণং পত্থেন্তা পস্সন্তু মে অলঙ্করং। ১২০০ ॥

৪৮। সীলকঞ্চুকং দত্বান + ঝানকবচ বম্মিতং,
ধম্মচম্মং পারুপিত্বা দত্বা সন্নাহমুত্তমং। ১২০১ ॥

৪৯। সতিফলকং দত্বান তিখিণং ঞাণ কুন্তিমং,
ধম্মখগ্গবরং দত্বা সীলং সংসগ্গ মদ্দনং। ১২০২ ॥

৫০। তেবিজ্জ ভূসণং দত্বা আবেলং চতুরো ফলে,
ছলভিঞ্ঞাভরণং দত্বা ধম্মপুপ্ফ পিলন্ধনং। ১২০৩ ॥

৫১। সদ্ধম্মপণ্ডরং ছত্তং দত্বা পাপ নিবারণং,
* মাপয়িত্বাভয়ং পুপ্ফং নিব্বুতো সো সসাবকো। ১২০৪ ॥

---

৪৭। তৎপর ধর্ম্মরূপ নির্ম্মল আয়না, জনসাধারণের সম্মুখে রাখিয়া বলিয়াছিলেন— কেহ নির্ব্বাণ প্রার্থনা করিলে, আমার ধর্ম্মালঙ্কার দর্শন করুক।

৪৮। তিনি শীল কঞ্চুক দিয়া, ধ্যান কবচ বন্ধন পূর্ব্বক, ধর্ম্মচর্ম্ম পরিধান করাইয়া উত্তম উৎসাহ অস্ত্র প্রদান করিয়াছিলেন।

৪৯। তিনি লোকোত্তর ক্লেশ নিবারণের জন্য, স্মৃতি ফলক, সুতীক্ষ্ণ জ্ঞান খন্তা ও মার্গ প্রজ্ঞারূপ উত্তম খড়্গ প্রদান করিয়াছিলেন।

৫০। তিনি ত্রিবিদ্যা-ভূষণ, চারি শ্রামণ্যফল-হস্ত বলয়, ষড়াভিজ্ঞা আভরণ ও ধর্ম্ম পুষ্পালঙ্কার দিয়া—

৫১। পাপ নিবারক বিশুদ্ধ শ্বেত সদ্ধর্ম্মছত্র দিয়াছিলেন। অতঃপর নির্ব্বাণ-পুরগামী অভয় আর্য্য মার্গ-পুষ্প নির্ম্মাণ করতঃ সশ্রাবক নির্ব্বাণ লাভ করিয়াছেন।

---

+ "ঝান কবচ ধম্মিকং" * "মাপেত্বা অভয়ং পুপ্ফং।"

৫২। এসো হি সম্মাসম্বুদ্ধো অপ্পমেয়্যো দুরাসদো,
এসো হি ধম্মরতনো স্বাক্খাতো এহি পস্সিকো। ১২০৫॥

৫৩। এসো হি সঙ্ঘরতনো সুপ্পটিপন্নো অনুত্তরো,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্বসঙ্খারা। ১২০৬॥

৫৪। মহাকস্সপো জিনবরো সত্থা সেতব্যারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো যোজনুব্বেধ মুগ্গতো। ১২০৭॥

---

৫২। অপ্রমেয়-অলঙ্ঘনীয় এই সম্যক সম্বুদ্ধ, সু-ব্যাখ্যাত ও স্বয়ং প্রত্যক্ষিতব্য এই ধর্ম্মরত্ন—

৫৩। সুপ্রতিপন্ন অনুত্তর পুণ্যক্ষেত্র এই সঙ্ঘ রত্ন সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৫৪। মারজিৎ জিন, মহাকশ্যপ শাস্তা সেতব্য আরামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায়ই তাঁহার যোজন প্রমাণ উচ্চ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

# গোতম বুদ্ধ-বংসো। ২৫

১। অহমেতরহি সম্বুদ্ধো গোতমো * সক্যবদ্ধনো,
পধানং পদহিত্বান পত্বা সম্বোধিমুত্তমং। ১২০৮॥

২। ব্রহ্মুনা যাচিতো সন্তো ধম্মচক্কং পবত্তয়িং,
অট্ঠারসন্নং কোটীনং পঠমাভিসময়ো অহূ। ১২০৯॥

৩। ততো পরঞ্চ দেসেন্তে † নরমরূনং সমাগমে,
গণনায় ন বত্তব্বো দুতিয়াভিসময়ো অহূ। ১২১০॥

৪। ইধেবাহং এতরহি ‡ ওবদিস্সামি অত্রজং,
গণনায় ন বত্তব্বো ততিয়াভিসময়ো অহূ। ১২১১॥

---

১। বর্ত্তমান আমি শাক্যকুলবর্দ্ধন গৌতম বুদ্ধ, ধ্যান চর্য্যায় রত থাকিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছি।

২। আমি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলাম। তখন আঠার কোটি প্রাণীর প্রথমবারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৩। তারপরও দেবমানবের সমাগমে, ধর্ম্মদেশনা করিবার সময়, যত সব প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল, তাহা গণনাতীত।

৪। বর্ত্তমানও আমি আমার পুত্রকে উপদেশ দিতেছি। এই তৃতীয় বারেও যে সকল প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছে, তাহা গণনাতীত।

---

* "সক্যপুঙ্গবো" † "নরদেব" ‡ "ওবদিং"

৫। একোসি সন্নিপাতো মে সাবকানং মহেসিনং,
অড্ঢতেলস সতানং ভিক্খূনাসি সমাগমো। ১২১২॥

৬। বিরোচমানো বিমলো ভিক্খুসঙ্ঘস্স (ক) মজ্ঝগো,
দদামি পত্থিতং সব্বং মণীব সব্বকামদো। ১২১৩॥

৭। ফলমাকঙ্খমানানং ভবচ্ছন্দ জহেসিনং,
চতুসচ্চ (খ) পকাসেমি অনুকম্পায় পাণিনং। ১২১৪॥

৮। দসবীস সহস্সানং ধম্মাভিসময়ো অহূ,
একদ্বিন্নং অভিসময়ো গণনাতো অসংখিয়ো। ১২১৫॥

৯। বিত্থারিকং বহূ জঞ্ঞং ইদ্ধং ফীতং সুফুল্লিতং,
ইধ মযহং সক্যমুনিনো সাসনং সুবিসোধিতং। ১২১৬॥

---

৫। আমার মহর্ষি শিষ্যগণের একবার মাত্র সম্মিলন হইয়াছিল। তথায় সাড়ে বারশত ভিক্ষু সমাগত হইয়াছিল।

৬। বুদ্ধশ্রীর দ্বারা শোভমান, নির্ম্মল আমি, ভিক্ষু সংঘের মধ্যে সর্ব্ব কামদ চিন্তা মণির তুল্য সমস্ত প্রার্থিত বস্তু বিতরণ করিব।

৭। অর্হৎফল আকাঙ্ক্ষাকারী, ভবতৃষ্ণা ত্যাগ অন্বেষী প্রাণীদের প্রতি অনুকম্পা করিয়া চারি আর্য্যসত্য প্রকাশ করিয়াছি।

৮। একসঙ্গে দশ সহস্র, বিশ সহস্র প্রাণীরও ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছে। দুই এক জন করিয়া ধর্ম্মজ্ঞান লাভী গণনানুসারে অসংখ্য।

৯। সম্প্রতি আমি শাক্যমুনি, আমার শাসন বিস্তৃত, সার্ব্বজনীন, সমৃদ্ধ, প্রকাশিত এবং সুন্দর রূপে বিশোধিত হইয়াছে।

---

(ক) "মজ্ঝতো" (খ) "পকাসেসিং"

১০। অনাসবা বীতরাগা সন্তচিত্তা সমাহিতা,
ভিক্খূ'নেকসতা সব্বে পরিবারেন্তি মং সদা। ১২১৭ ॥

১১। ইদানি যে এতরহি জহন্তি মানুসং ভবং,
অপ্পত্তমানসা সেখা তে ভিক্খূ বিঞ্ঞূ গরহিতা। ১২১৮ ॥

১২। অরিয়ঞ্জসং থোমযন্তা সদা ধম্মরতা জনা,
বুজ্ঝিস্সতি সতিমন্তো সংসার সরিতা নরা। ১২১৯ ॥

১৩। নগরং কপিল বত্থু মে রাজা সুদ্ধোদনো পিতা,
মযহং জনেত্তিকা মাতা মায়াদেবীতি বুচ্চতি। ১২২০ ॥

১৪। একূন তিংস বস্সানি অগারং অজ্ঝহং বসিং,
* রম্মো সুরম্মো সুভকো তয়ো পাসাদমুত্তমা। ১২২১ ॥

---

১০। সমস্ত তৃষ্ণা বিরহিত, রাগবিগত, শান্তচিত্ত ও সমাহিত অনেক শত ভিক্ষু সর্ব্বদা আমাকে আশ্রয় করিয়া বাস করিতেছে।

১১। বর্ত্তমান সময় আমার শাসনে কেহ যদি অর্হত্ব লাভ না করিয়া পৃথুজ্জন অবস্থায় মানবজন্ম ত্যাগ করে অর্থাৎ মরিয়া যায়, তবে সে পণ্ডিত মণ্ডলীর মধ্যে অতিশয় নিন্দিত হইবে।

১২। সর্ব্বদা সদ্ধর্ম্ম-নিরত আর্য্য মার্গের প্রশংসাকারী, জনগণ ও সংসার সাগর উত্তরণের অভিলাষী, স্মৃতিমান নরেরা চতুরার্য্য সত্য বুঝিতে পারিবে।

১৩। আমার জন্মভূমি কপিলবস্তু নগর, পিতা শুদ্ধোদন নামক মহা-রাজা, আমার জননী মায়াদেবী বলিয়া খ্যাতা।

১৪। আমি ঊনত্রিশ বৎসর গৃহবাসে ছিলাম। রম্মো, সুরম্মো ও সুভকো নামে আমার তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "সুচন্দক, কোকনদ, কোঞ্চায়ো" অন্যত্র

১৫। চত্তালীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
+ যসোধরা নাম নারী রাহুলো নাম অত্রজো। ১২২২ ॥

১৬। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমিং,
ছব্বস্সং পধান চারং অচরিং দুক্করং অহং। ১২২৩ ॥

১৭। বারাণসিয়ং ইসিপতনে চক্কং পবত্তিতং ময়া,
অহং গোতমো সম্বুদ্ধো সরণং সব্বপাণিনং। ১২২৪ ॥

১৮। কোলিতো উপতিস্সো চ দ্বে ভিক্খূ অগ্গসাবকা,
আনন্দো নামুপট্ঠাকো সন্তিকাবচরো মম। ১২২৫ ॥

১৯। খেমা উপ্পলবণ্ণা চ ভিক্খুনী অগ্গসাবিকা,
চিত্তো চ হত্থালবকো পগ্গুপট্ঠাকুপাসকা। ১২২৬ ॥

---

১৫। আমার অলঙ্কার বিভূষিতা চল্লিশ হাজার পরিচারিকা, যশোধরা নাম্নী প্রধানা স্ত্রী ও রাহুল নামক পুত্র ছিল।

১৬। আমি চারি প্রকার নিমিত্ত দেখিয়া, অশ্বারোহণে নিষ্ক্রমণ করতঃ ছয় বৎসর দুষ্কর তপস্যাব্রত পালন করিয়াছিলাম।

১৭। বারাণসীর ঋষিপত্তন মৃগদায় নামক স্থানে, আমার দ্বারা ধর্ম্মচক্র প্রবর্ত্তিত হইয়াছে। আমি সকল প্রাণীর শরণ গৌতম সম্বুদ্ধ।

১৮। কৌলিত ও উপতিষ্য দুইজন ভিক্ষু অগ্রশ্রাবক, আনন্দ নামক ভিক্ষু আমার সহচর সেবক।

১৯। ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন ভিক্ষুণী অগ্রশ্রাবিকা, চিত্ত ও হত্থালবক নামে দুইজন আমার অগ্র উপস্থায়ক।

---

+ "ভদ্দ কচ্চানা"

২০। নন্দমাতা চ উত্তরা অগ্গুপট্ঠিকুপাসিকা,
অহং অস্সত্থমূলম্হি পত্তো সম্বোধি মুত্তমং। ১২২৭॥

২১। ব্যামপ্পভা সদা মযহং সোল্স হত্থমুগ্গতো,
অপ্পং বস্সসতং আয়ু ইদানেতরহি বিজ্জতি। ১২২৮॥

২২। তাবতা তিট্ঠমানো'হং তারেমি জনতং বহুং,
ঠপয়িত্বান ধম্মুক্কং পচ্ছিমং জনবোধনং। ১২২৯॥

২৩। অহম্পি ন চিরস্সেব সদ্ধিং সাবক সংঘতো,
ইধেব পরিণিব্বিস্সং অগ্গিবাহার সঙ্খয়া ১২৩০॥

২৪। তানি চ অতুল তেজানি ইমানি চ দসবলানি,
অয়ং গুণবরং দেহো ছত্তিংস লক্খণাচিতো। ১২৩১॥

২৫। দসদিসা পভাসেত্বা সতরংসী'ব ছপ্পভা,
সব্বা সমন্তরহেস্সন্তি ননুরিত্তা সব্বসংখারাতি। ১২৩২॥

---

২০। উপাসিকা নন্দমাতা ও উত্তরা আমার অগ্র উপস্থায়িকা। আমি অশ্বত্থ বৃক্ষমূলে উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছি।

২১। আমার ব্যামপ্রভা সর্ব্বদা ষোড়শ হস্ত পরিমাণ উদ্গত হয়। আমার পরমায়ু বর্ত্তমান শতবর্ষ হইতে কম চলিতেছে।

২২। আমি তাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিব। অন্তিম ভক্তবৃন্দের প্রবুদ্ধ করণ মানসে ধর্ম্ম-মশাল প্রজ্জলিত করিয়া—

২৩। আমি ও শ্রাবক সংঘ সহ উপাদান বিহীন অগ্নীর ন্যায়, অচিরে এখানেই পরিনির্ব্বাণ প্রাপ্ত হইব।

২৪। অতুল তেজীয়ান অগ্রশ্রাবক যুগল, দশবিধ শারীরিক বল, বত্রিশ প্রকার মহাপুরুষ গুণ বিমণ্ডিত এই দেহ—

২৫। ষড় বর্ণের রশ্মি, দিবাকরের ন্যায় দিগন্ত উদ্ভাসিত করিয়া, সমস্ত অন্তর্হিত হইবে। সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি!

# বুদ্ধ পকিণ্ণক কণ্ডং

১। অপরিমেয়্যে ইতো কপ্পে চতুরো আসুং বিনায়কা,
তণ্হঙ্করো মেধঙ্করো অথোপি সরণঙ্করো,
দীপঙ্করো চ সম্বুদ্ধো এককপ্পম্হি তে জিনা। ১২৩৩॥

২। দীপঙ্করস্স অপরেন কোণ্ডঞ্ঞো নাম নায়কো,
একো'ব এককপ্পম্হি তারেসি জনতং বহুং। ১২৩৪॥

৩। দীপঙ্করস্স ভগবতো কোণ্ডঞ্ঞস্স চ সত্থুনো,
এতেসং অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৫॥

৪। কোণ্ডঞ্ঞস্স অপরেন মঙ্গলো নাম নায়কো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৬॥

---

১। এই ভদ্র কল্প হইতে অসংখ্য কল্প অতীতে তণ্‌হঙ্কর, মেধঙ্কর, শরণঙ্কর ও দীপঙ্কর সম্যক্ সম্বুদ্ধ নামে এক কল্পের মধ্যে সেই চারিজন বিনায়ক জিন, আবির্ভূত হইয়াছিলেন।

২। দীপঙ্কর বুদ্ধের তিরোধানের পর, এক কল্পের মধ্যে কৌণ্ডিণ্য নামক একজন বুদ্ধ উৎপন্ন হইয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩। ভগবান দীপঙ্কর ও শাস্তা কৌণ্ডিণ্য এই দুইজন বুদ্ধের মধ্যবর্ত্তী অবুদ্ধ কল্প গণনায় অসংখ্য।

৪। কৌণ্ডিণ্য বুদ্ধের পরে, মঙ্গল নামক লোকনায়ক আবির্ভূত হইয়াছিলেন, তাঁহাদের মধ্যবর্ত্তী অবুদ্ধ কাল অসংখ্য কল্প।

F—28

৫। মঙ্গলো চ সুমনো চ রেবতো সোভিতো মুনি,
তেপি বুদ্ধা এককপ্পে চক্খুমন্তা পভঙ্করা। ১২৩৭॥

৬। সোভিতস্স অপরেন অনোমদস্সী মহায়সো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৮॥

৭। অনোমদস্সী পদুমো নারদো চাপি নায়কো,
তেপি বুদ্ধা এককপ্পে তমন্তকারকা মুনি। ১২৩৯॥

৮। নারদস্স অপরেন পদুমুত্তরো নাম নায়কো,
এককপ্পম্হি উপ্পন্নো তারেসি জনতং বহুং। ১২৪০॥

৯। নারদস্স ভগবতো পদুমুত্তরস্স সত্থুনো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসঙ্খিয়া। ১২৪১॥

১০। কপ্পসত সহস্সম্হি একো আসি মহামুনি,
পদুমুত্তরো লোকবিদূ আহুতীনং পটিগ্গহো। ১২৪২॥

---

৫। চক্ষুষ্মান্ প্রভঙ্কর মঙ্গল, সুমন, রেবত ও সোভিত এই চারিজন বুদ্ধ এক কল্পে অবতীর্ণ হইয়াছিলেন।

৬। সোভিত বুদ্ধের পর, মহাযশস্বী অনোমদর্শী বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন। তাঁহাদেরও মধ্যবর্ত্তী অবুদ্ধকাল অসংখ্য কল্প।

৭। মোহান্ধকার বিনাশকারী লোকনায়ক মুনি, অনোমদর্শী ও নারদ বুদ্ধ এক কল্পে লোকে অবতীর্ণ হইয়াছিলেন।

৮। নারদ বুদ্ধের পর, পদুমুত্তর বুদ্ধ এক কল্পে অবতীর্ণ হইয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৯। সেই নারদ ভগবান ও পদুমুত্তর শাস্তার মধ্যবর্ত্তী অবুদ্ধ কাল গণনানুসারে অসংখ্য কল্প।

১০। লক্ষ কল্পের মধ্যে, আহুতি প্রতিগ্রাহক, লোক বিদ্, মহামুনি একমাত্র পদুমুত্তর বুদ্ধ লোকে অবতীর্ণ হইয়াছিলেন।

১১। তিংস কপ্প সহস্সম্হি দুবে * আসুং বিনায়কা,
সুমেধো চ সুজাতো চ ওরসো + পদুমুত্তরা। ১২৪৩॥

১২। ‡ অট্‌ঠারসে কপ্পসতে তয়ো আসুং বিনায়কা,
পিয়দস্সী অত্থদস্সী ধম্মদস্সী চ নায়কা। ১২৪৪॥

১৩। ওরসো চ সুজাতস্স সম্বুদ্ধা দ্বিপদুত্তমা,
এককপ্পম্হি সম্বুদ্ধা লোকে অপ্পটিপুগ্গলা। ১২৪৫॥

১৪। চতুনবুতে ইতো কপ্পে একো আসি মহামুনি,
সিদ্ধত্থো সো লোকবিদূ সল্লকত্তো অনুত্তরো। ১২৪৬॥

১৫। দ্বেনবুতে ইতো কপ্পে দুবে আসুং বিনায়কা,
তিস্সো ফুস্সো চ সম্বুদ্ধা অসমা অপ্পটিপুগ্গলা। ১১৪৭॥

---

১১। পদুমুত্তর বুদ্ধের পরে, ত্রিশ হাজার কল্পের মধ্যে সুমেধ ও সুজাত নামে দুইজন বিনায়ক বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

১২। আঠার শত কল্প পরে প্রিয়দর্শী, অর্থদর্শী ও ধর্ম্মদর্শী নামে তিনজন বিনায়ক উৎপন্ন হইয়াছিলেন।

১৩। সুজাত বুদ্ধের অন্তর্দ্ধানের পরে দ্বিপদোত্তম অপ্রতি পুদ্গল সম্বুদ্ধ গণ এক কল্পের মধ্যে আবির্ভূত হইয়াছিলেন।

১৪। এই হইতে চুরান্নব্বই কল্প অতীতে ক্লেশ ব্রণের শল্য চিকিৎসক অনুত্তর লোকবিদ্ সিদ্ধার্থ নামে একজন মাত্র মহামুনি উৎপন্ন হইয়াছিলেন।

১৫। এই হইতে বিরান্নব্বই কল্প পূর্ব্বে, অসামান্য অসদৃশ সম্যক্ সম্বুদ্ধ তিস্য ও ফুস্স নামে, দুইজন বিনায়ক, জগতে উৎপন্ন হইয়াছিলেন।

---

* "আসুংসু নায়কা" + "পদুমুত্তরো" ‡ "অট্‌ঠারসে ইতো কপ্পে"

১৬। একনবুতে ইতো কপ্পে বিপস্সী নাম নায়কো
সোপি বুদ্ধো কারুণিকো সত্তে মোচেসি বন্ধনা। ১২৪৮॥

১৭। একতিংসে ইতো কপ্পে দুবে আসুং বিনায়কা,
সিখী চ বেস্সভূ চেব অসমা অপ্পটিপুগ্গলা। ১২৪৯।

১৮। ইমম্হি ভদ্দকে কপ্পে তয়ো আসুং বিনায়কা,
ককুসন্ধো কোণাগমনো কস্সপো চাপি নায়কো। ১২৫০॥

১৯। অহমেতরহি সম্বুদ্ধো মেত্তেয়্যো চাপি হেস্সতি,
এতেপি পঞ্চ বুদ্ধা ধীরা লোকস্স অনুকম্পকা। ১২৫১॥

২০। এতেসং ধম্মরাজূনং অঞ্ঞেসং নেক কোটিনং,
আচিক্খিত্বান তং মগ্গং নিব্বুতা তে সসাবকা। ১২৫২॥

---

১৬। এই হইতে একানব্বই কল্প পূর্ব্বে মহামুনি বিপস্সী বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন। সেই কারুণিক বুদ্ধ প্রাণীদিগকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়াছিলেন।

১৭। এই হইতে একত্রিশ কল্প পূর্ব্বে অসম অপ্রতিপুদ্গল সিখী ও বেস্সভূ নামে দুইজন লোকনায়ক উৎপন্ন হইয়াছিলেন।

১৮। এই ভদ্রকল্পে ককুসন্ধ, কোনাগমন ও কশ্যপ নায়কসহ তিনজন লোক বিনয়নকারী বুদ্ধ অতীত হইয়া গিয়াছেন।

১৯।২০। বর্ত্তমান সময় আমি সম্যক্সম্বুদ্ধ হইয়াছি। ভবিষ্যতে আর্য্যমিত্র বুদ্ধ উৎপন্ন হইবেন। এই কল্পে লোকানুকম্পাকারী এই পাঁচজন বুদ্ধ। এই ধর্ম্মরাজ বুদ্ধগণ, আরো অনেক কোটি বুদ্ধ, সেই আর্য্যমার্গ নির্দ্দেশ করিয়া স-শ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

# ধাতু ভাজনিয় কথা

১ । মহা গোতমো জিনবরো কুসিনারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো । ১২৫৩ ॥

২ । একো অজাতসত্তুস্স একো বেসালিয়া পুরে,
একো কপিল বত্থুম্হি একো চ অল্লকপ্পকে । ১২৫৪ ॥

৩ । একো চ রামগামম্হি একো চ বেঠদীপকে,
একো পাবেয়্যকে মল্লে একো চ কোসিনারকে । ১২৫৫ ॥

৪ । কুম্ভস্স থূপং কারেসি ব্রাহ্মণো দোণ সব্হয়ো,
অঙ্গার থূপং কারেস্থুং মোরিয়া তুট্ঠমানসা । ১২৫৬ ॥

৫ । অট্ঠ সারীরিকা থূপা নবমো কুম্ভ চেতিয়ো,
অঙ্গার থূপো দসমো তদা য়েব পতিট্ঠিতো । ১২৫৭ ॥

---

১ । জিনবর মহাগৌতম সম্বুদ্ধ কুশীনগরে মল্লদিগের শালোদ্যানে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন । তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে বিস্তৃত হইয়াছে ।

২ । রাজা অজাতশত্রু একভাগ, বৈশালী নগরে একভাগ, কপিলবস্তু নগরে একভাগ, আর একভাগ অল্লকপ্পক নামক স্থানে,—

৩ । আবার রামগ্রামে একভাগ, একভাগ বেঠদীপকে, একভাগ কুশী নগরে, আর একভাগ মল্লরাজাদের পাবা নগরে নীত হইয়াছে ।

৪ । দ্রোণ নামক ব্রাহ্মণ কুম্ভস্তূপ নির্ম্মাণ করিয়াছিলেন । মৌর্য্য বংশীয়েরা সন্তুষ্ট চিত্ত হইয়া চিতাভস্মের উপর চৈত্য নির্ম্মাণ করিয়াছিলেন ।

৫ । শারীরিক ধাতুচৈত্য আটটী, নবম কুম্ভচৈত্য ও দশম অঙ্গার চৈত্য তখনকার সময়ে প্রতিষ্ঠাপিত করা হইয়াছিল ।

৬। * একা দাঠা তিদসপুরে একা নাগপুরে অহূ,
একা গন্ধার বিসয়ে একা কালিঙ্গ রাজিনো। ১২৫৮ ॥

৭। চত্তালীস সমাদন্তা কেসা লোমা চ সব্বসো,
দেবা হরিংসু একেকং চক্কবাল পরম্পরা। ১২৫৯ ॥

৮। + মধুরায়ং ভগবতো পত্তো দণ্ডঞ্চ চীবরং,
নিবাসনং † কুসঘরে পচ্চত্থরণং কপিলব্হয়ে। ১২৬০ ॥

---

৬। বুদ্ধের চল্লিশটি দন্তের মধ্যে একটি ত্রিদশ স্বর্গে, একটি নাগ-লোকে, একটি গান্ধার রাজ্যে, আর একটি কলিঙ্গ রাজার নিকট আছে।

৭। চল্লিশটি দন্ত, কেশ ও লোমাদি সমস্ত দেবতারা চক্রবাল পরম্পরা একেকটি লইয়া গিয়াছেন। (ক)

৮। ভগবানের ভিক্ষাপাত্র, যষ্টি ও পারুপণের চীবর মাধুরাপুরে, পরিধেয় চীবর কুসঘরে, প্রত্যাস্তরণ কপিল পুরে—

---

* (ক) উণ্হীসং চতুরো দাঠা অক্খকা দ্বে চ ধাতুয়ো,
অসম্ভিন্না ইমা সত্ত সেসা ভিন্নাব ধাতুয়ো।
(খ) মহন্তা মুগ্গমত্তা চ মঝ্জিমা ভিন্ন তণ্ডুলা,
খুদ্দকা সাসপমত্তা নানা বণ্ণা চ ধাতুয়ো।
(গ) মহন্তা সুবণ্ণ বণ্ণা চ মুত্তা বণ্ণা চ মঝ্জিমা,
খুদ্দকা মকুল বণ্ণা চ সোলস দোণিমত্তিকা।
(ঘ) মহন্তা পঞ্চ নালিয়ো নালিয়ো পঞ্চ মঝ্জিমা,
খুদ্দকা চ ছনালী চ এতা সব্বাপি ধাতুয়ো।
(ঙ) উণ্হীসং সীহলে দীপে ব্রহ্মলোকে চ বামকং,
সীহলে দক্খিণক্খঞ্চ সব্বা পেতা পতিট্ঠিতা।

\+ "বজিরায়ং„

† "মকুট পুরে„

(ক) এই বিষয় অর্থকথাতে দৃষ্ট হয় না। অপরাপর গ্রন্থে দেখা যায়। অথচ চিরকাল ইহা সাধারণের মধ্যে সমাদ্রিত হইয়াছে বলিয়া মনে হয়।

৯। পাটলিপুত্ত নগরে করকং কায়বন্ধনং,
চম্পায়মুদকসাটিকা উণ্ণলোমঞ্চ কোসলে। ১২৬১ ॥

১০। কাসাবঞ্চ ব্রহ্মলোকে বেঠনং তিদসে পুরে,
পাসাণকে পদং সেট্ঠং যঞ্চাপি অচ্চুতিপ্পদং ;
নিসীদনং অবন্তিপুরে রট্ঠে অত্থরণং তদা। ১২৬২ ॥

১১। অরণি চ মিথিলায়ং বিদেহে পরিস্সাবনং,
বাসি সূচিঘরঞ্চাপি ইন্দপত্তে পুরে তদা। ১২৬৩ ॥

১২। পরিক্খারং অবসেসং জনপদে অপরন্তকে,
পরিভুত্তঞ্চ মুনিনা অকংসু মনুজা তদা। ১২৬৪ ॥

১৩। ধাতু বিত্থারিকং আসি গোতমস্স মহেসিনো,
পাণীনং অনুকম্পায় আহু পোরাণিকা তদাতি। ১২৬৫ ॥

---

৯। জল ছাকনি ও কটিবন্ধনী পাটলিপুত্ত নগরে ( পাটনা ) স্নানবস্ত্র চম্পানগরে, উর্ণালোমীয় বস্ত্র কোশল রাজ্যে—

১০। কাষায় বস্ত্র ব্রহ্মলোকে, শির বেষ্টনী ত্রিদশস্বর্গে, যাহা অচ্চুতিপদ বলিয়া কথিত, সেই শ্রেষ্ঠ-পদ-চিহ্ন পাষাণের উপর, বসিবার আস্তরণ, অবন্তী-পুরে, সাধারণ আস্তরণ কুরুরাজ্যে স্থাপন করা হইয়াছে।

১১। অরণি ( আগুন তুলিবার দণ্ড ) মিথিলায়, জল ছাকিবার কাপড় বিদেহ নগরে, বাসি ও সূচিঘর ইন্দপত্ত পুরে আছে।

১২। মুনীন্দ্র গৌতম বুদ্ধের ব্যবহার্য্য বস্ত সমূহের মধ্যে অবশিষ্ট সমস্ত অপরন্তক জনপদবাসী মানুষেরা পূজা করিতেছে।

১৩। তখন প্রাণীদের প্রতি অনুগ্রহ করিয়া, মহর্ষি গৌতমের ধাতু সমূহ নানাস্থানে স্থাপন করা হইয়াছে, বলিয়া পৌরাণিকগণ নির্দ্দেশ করিয়া গিয়াছেন।

* গঙ্গায়া নর্মদায়াঃ সিত পুলিনতটে যদ্ধৃতং পাদ চিহ্নং
শৈলে যত্ তুঙ্গ শৃঙ্গে সুমন সুরপতের্ যদ্গিরৌ সত্যবন্ধে,
যত্ প্রালেয়াদ্রিরাজ্ঞঃ শিরসি সুবিলসত্যত্ পুরে যাবনেস্থং।
বন্দে তচ্ছুদ্ধ ভক্ত্যা সুরনরমহিতং শাস্তৃ পাদাঙ্ক মগ্র্যম্।

আরব দেশের নর্ম্মদা নদীর তীরে একটি, লঙ্কাদ্বীপে সমন্তকূট পর্ব্বতোপরি একটি, তিব্বতের সমীপবর্ত্তী হিমালয় পর্ব্বতে একটি ব্রহ্মদেশের নিকটবর্ত্তী সত্যবর্দ্ধ পর্ব্বতে একটি ও শ্যাম দেশের সমীপবর্ত্তী যবন রাষ্ট্রে একটি উক্ত পাঁচটি স্থানে বুদ্ধের শ্রীপদচিহ্ন আছে বলিয়া উক্ত শ্লোকের দ্বারা জানা যায়।

**সমাপ্ত।**

# প্রবেশিকা

শিক্ষা মাত্রেই ধর্ম্ম ভিত্তিতে প্রতিষ্ঠিত হওয়া একান্ত বাঞ্ছনীয়। যে শিক্ষা ধর্ম্ম ও নীতির উপর প্রতিষ্ঠিত নয়, সে শিক্ষা প্রকৃত কল্যাণ-কর হইয়া শিক্ষা নামে অভিহিত হওয়ার যোগ্য হইতে পারে না। সুপবিত্র ভারত ভূমি—আর্য্যাবর্ত্ত যোগী, ঋষি, দার্শনিক, ধার্ম্মিক ও জগদ্‌গুরুদের চির প্রসূতি। যুগে যুগে ভারতে জগদ্‌গুরুরা আবির্ভূত হন বলিয়া সমগ্র পৃথিবীর নিকট এই ভারত ভূমি চির আদৃত, গৌরবান্বিত ও পূজ্য। ত্রিলোকগুরু ভগবান সম্যক্ সম্বুদ্ধ ভারত সন্তান। অর্হৎ, সম্যক্ সম্বুদ্ধ, বিদ্যাচরণ সম্পন্ন, সুগত, লোক বিদূ, অনুত্তর পুরুষ দম্য সারথী, দেব মনুষ্যের শাস্তা, বুদ্ধ, ভগবান ইত্যাদি শব্দ মোটামোটি ভাবে অনন্ত গুণাধার শ্রীশ্রী অমিতাভের গুণ প্রকাশক বিশেষণ মাত্র।

জ্ঞান ও কর্ম্মবাদের পরম হোতা শ্রীশ্রীভগবান সম্যক্ সম্বুদ্ধের শ্রীমুখ নিঃসৃত বাণী সাধারণতঃ তিন ভাগে বিভক্ত হইয়া ত্রিপিটক নামে অভিহিত হয়; যথা—সূত্র, বিনয় ও অভিধর্ম্ম। জন-শিক্ষা, লোক-হিতৈষণা, বিমুক্তিজ্ঞান ত্রিপিটক গ্রন্থের প্রত্যেক ছত্রেই আছে। ত্রিপিটকশাস্ত্র পরম জ্ঞানের আধার ও মুক্তি পারাবার। এই গ্রন্থ সমূহ অবশ্য পাঠ্য নিত্য প্রতি-পাল্য বিষয়ে ভরপূর। ভোগী, ত্যাগী, যোগী, ঋষি, সাধু, সজ্জন, গৃহী, প্রব্রজিত, স্ত্রী পুরুষ নির্ব্বিশেষে প্রত্যেক ব্যক্তিরই অবশ্য জ্ঞাতব্য বিষয় গুলিতে পূর্ণ। ত্রিপিটক শাস্ত্র পাঠ করা মানব মাত্রেরই কর্ত্তব্য। লোক-হিতকর নানা উপদেশ পূর্ণ অনুপম অমূল্য রত্ন স্বরূপ ত্রিপিটক গ্রন্থ মাগধী ভাষায় লিখিত। ইউরোপ ও এসিয়ার প্রায় সব জাতির ভাষাতে বুদ্ধ বাণী ত্রিপিটক শাস্ত্র অনূদিত হইয়াছে। ইউরোপের মহা মহা সাহিত্য রথী, ভাষাবিদ্ পণ্ডিতগণ পালি গ্রন্থ অনুবাদের ভার নিয়া কার্য্য করিতেছেন। ভারতের কোন প্রদেশে কোন ভাষাতেই ইহার অনুবাদ এ যাবৎ হয় নাই।

বঙ্গের গৌরব মহা মনীষী স্বর্গীয় আশুতোষ মুখোপাধ্যায় শাস্ত্র বাচস্পতি সম্বুদ্ধাগম চক্রবর্ত্তী মহোদয়ের শুভেচ্ছায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পালি ভাষা শিক্ষার প্রবর্ত্তন হয়। পরিতাপের বিষয় এই যে ভারতের অন্য কোন প্রদেশে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে পালি ভাষা শিক্ষার প্রচলন এখন হয় নাই ! শুধু বারাণসীর হিন্দু বিশ্ববিদ্যালয়ে বৎসর পনর ষোল পূর্ব্বে জনৈক সিংহলী ভিক্ষুর সাহায্যে পালি ভাষা শিক্ষাদান করা হইতেছিল বলিয়া আমি তীর্থ ভ্রমণে গিয়া জানিয়া আসিয়াছিলাম। যাক্ সে সব বিষয় সবিস্তারে বলা নিষ্প্রয়োজন।

ভারতের প্রত্যেক প্রদেশের ভাষায় ত্রিপিটক গ্রন্থ অনূদিত হইয়া প্রচারিত হওয়া বাঞ্ছনীয়। সে দিন কবে আস্‌বে তারই আশায় আমরা চেয়ে আছি। সমগ্র ভারতে "বঙ্গবাণী" একটা সমৃদ্ধি শালিনী ভাষা বলিয়া পরিচিত। সমগ্র ব্রিটিশ সাম্রাজ্যে বাঙ্গালা ইংরেজী ভাষার পরেই স্থান লাভ করে। জাতীয় ভাষা সমৃদ্ধ হওয়া জাতীয় উন্নতির একটা প্রধান লক্ষণ। বঙ্গ-ভাষায় যেমন নানা বিষয়িণী জ্ঞান ও শিক্ষার বিষয় সংগৃহীত, অনূদিত ও জ্ঞান ভাণ্ডার রাশিকৃত করা হইয়াছে। তেমনি সমগ্র ত্রিপিটক শাস্ত্র বুদ্ধবাণীর অনু-বাদ করিয়া আমার সাধের মাতৃবাণীকে ততোধিক সম্পদ শালিনী দেখিতে পাইলে আমি অত্যন্ত পুলকিত হইব।

অত্যন্ত সুখের বিষয় এই যে বঙ্গীয় বৌদ্ধদের সামান্য—চেষ্টায় ও পূজ্যপাদ শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবিরের প্রাণপাত পরিশ্রমে একটি ক্ষুদ্র মুদ্রাযন্ত্র ব্রহ্ম দেশের রাজধানী রেঙ্গুনে প্রতিষ্ঠিত হইয়াছে, ইহাতে শিক্ষিত বাঙ্গালী বৌদ্ধ ভিক্ষুগণ যোগ দান করিয়া দেশ দেশান্তর হইতে বুদ্ধ বাক্য শিক্ষালাভ করিয়া নিজদের মাতৃ ভাষা বাঙ্গালায় পালি গ্রন্থ সমূহের অনুবাদ করিতে কৃত সংকল্প হইয়াছেন। পূজ্যপাদ শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবিরের আশা সফল হউক ইহাই কামনা।

ত্রিপিটক শাস্ত্রের বঙ্গানুবাদের জন্য শিক্ষিত সমর্থ ও ভাষাবিদ, পণ্ডিত, বহু উৎসাহী লোকের প্রয়োজন।

আজ ত্রিপিটক শাস্ত্রের অন্তর্গত সূত্র পিটকের ক্ষুদ্রক নিকায় পর্য্যায় ভুক্ত "উদান" গ্রন্থ বঙ্গাক্ষরে মুদ্রিত মূল ও অনুবাদ দেখিয়া আমি বড়ই সন্তুষ্ট

হইয়াছি, মাননীয় শ্রীমৎ জ্যোতিপাল ভিক্ষু মহোদয় মূলসহ এই গ্রন্থের বঙ্গানুবাদ করিয়াছেন।

ভিক্ষু মহোদয় বিদ্যোৎসাহী ও অক্লান্ত কর্ম্মী, তাঁহার প্রথম চেষ্টা অনেকাংশে সফল হইয়াছে। উদান অর্থাৎ শ্রীবুদ্ধমুখ নিঃসৃত উল্লাসধ্বনি অতি সুন্দর জ্ঞান পূর্ণ গ্রন্থ।

লৌকিক ও লোকোত্তর ধর্ম্ম সমূহের যথাযথ অনুভূতি, প্রত্যক্ষীকরণ, সত্য আবিষ্কার, মনন চিন্তন অনুধ্যাষণ ইত্যাদি দ্বারা পবিত্র অন্তরে যে প্রীতির যে উল্লাস জন্মে, তাহাই হৃদি উপকূলে উচ্ছ্বসিত হইয়া উঠে, এই উদান গ্রন্থ তাহাই, অর্থাৎ হৃদি পারাবারের জ্ঞান সমুদ্রের দৃষ্ট, শ্রুত, পরিকল্পিত অনুমিত ও প্রত্যক্ষী ভূত সত্য ও ধর্ম্ম সমুচ্ছ্বসিত উল্লাস-বাণীই এই উদান গ্রন্থ। উল্লাস, বিবেক, প্রীতি ও বিরাগ বিষয় চতুষ্টয়ের মধ্যেই গ্রন্থ খানি প্রতিষ্ঠিত, জগতে যতকিছু আবিষ্কার আছে তার মধ্যে মনস্তত্বের আবিষ্কারই সবের সেরা আবিষ্কার। বৈজ্ঞানিকের বস্তু জগতের নিতুনৰ আবিষ্ক্রিয়া যেমন অত্যন্ত আশ্চর্য্য জনক ও চমকপ্রদ তেম্নি মনস্তত্বের আবিষ্ক্রিয়া, মনো জগতের ভাব নির্দ্দেশ ও ধর্ম্ম নির্দ্দেশ অত্যন্ত কৌতুকাবহ ও পরম আশ্চর্য্য।

সংসার চক্রের আবর্ত্তনে জন্ম জন্মান্তের পারমিতা পূর্ণ করিয়া জীব-জগত ধর্ম্ম-জগত ও মনোজগতের সর্ব্বোপরি আত্মিক শক্তির শরণ ধারণ ও অনুশীলন সম্প্রসারণ, বাহুলী করণ ভাবরাজ্য মনোজগতের পরম উন্নতি ও চরম নিদর্শন। জন্ম জন্মান্তরের সাধনার দ্বারা মন-মুকুর সম্প্রসারিত ও বিশুদ্ধিকৃত করিয়া বিশ্ব ব্রহ্মাণ্ডের—জীবজগতের সমগ্র ভাব মনের আবর্ত্তন বিবর্ত্তন সংবর্ত্তন ইত্যাদি কে স্বীয় মানস মুকুরে প্রতিভাত, প্রতিফলিত করিয়া দর্শন মনন ও ধারণ করিবার অমিত জ্ঞান, অপূর্ব্ব ধ্যান তথাগত ভগবান সম্যক্ সম্বুদ্ধ লাভ করিয়াছিলেন। ইহাই মনোবিজ্ঞানের পরম আশ্চর্য্য, অত্যন্ত অদ্ভূত চরম শিক্ষা ও পরম জ্ঞান।

যথাভূত ভাবে কার্য্য-কারণ নীতির, সংসারচক্রের, জন্মান্তর রহস্যের, জীব-জগতের, ভাবজগতের যথাযথ ভাবে প্রত্যক্ষীকরণ সাক্ষাৎকার তথাগত ভগবান সম্যকসম্বুদ্ধের লোকোত্তর গুণের অন্তর্গত ও বিষয়ীভূত।

চিত্তনিরূপণ ধর্ম্মনিরূপণ জীবজগতের রহস্যোদ্ভেদ মনোরাজ্যের আবর্ত্তন

বিবর্ত্তন, নিবর্ত্তন, সঙ্কোচন, প্রসারণ সম্বন্ধে বিশেষ বিচার অবধারণ তত্ত্ব-নিরূপণ ইত্যাদি তথাগত সম্যকসম্বুদ্ধের জ্ঞানগোচর বিষয়। সর্ব্বোপরি দুঃখ, দুঃখসমুদয়, দুঃখনিরোধ এবং দুঃখনিরোধের উপায় এই বিষয় চতুষ্টয় সমগ্র বৌদ্ধধর্ম্ম ও বৌদ্ধ দর্শনের মুখ্য প্রতিপাদ্য বিষয়।

আমরা ক্ষুদ্র জ্ঞানে স্বল্পবুদ্ধিতে এই ধর্ম্মের পঠনে পাঠনে ধরণে ধারণে চিন্তায় গবেষণায় ও যথাযথ প্রত্যক্ষীকরণে অসমর্থ হইয়াই এ হেন অমূল্য ধর্ম্মরত্নের মর্য্যাদা বুঝিতে অক্ষম হইয়া পড়িয়াছি। ইহা পবিত্র ভারত-ভূমির আর্য্য সনাতন ধর্ম্ম, ভারতবাসী মাত্রেরই গৌরবের বিষয়, আর্য্য জাতির শ্রেষ্ঠ অলঙ্কার ধর্ম্ম আভরণ।

সোজা সরল কথায় বলি তথাগত ভগবান সম্যকসম্বুদ্ধ দেশিত ও তৎপ্রবর্ত্তিত ধর্ম্ম সার্ব্বজনীন ও মানব সমাজের চিরভূষণ। অতি সংক্ষেপে অত্যন্ত সাধারণ ও সহজ প্রতিপাল্য একটী উদাহরণ দিয়া আমাদের কথার সত্যতা প্রমাণ করিতে চাই। শ্রীশ্রীভগবান সম্যকসম্বুদ্ধ উপদিষ্ট পঞ্চনীতি মানব মাত্রেরই নিত্য রক্ষণীয় অঙ্গের ভূষণস্বরূপ। এমন কি লজ্জা নিবারণের জন্য মানব মাত্রই যেমন অন্ততপক্ষে কটি থেকে জানু পর্য্যন্ত নিত্য আচ্ছাদিত করিয়া রাখে, তেমন ভগবান বুদ্ধ উপদিষ্ট পঞ্চনীতি মানব মাত্রেরই অবশ্য প্রতিপাল্য নিত্য রক্ষিতব্য কটি আচ্ছাদন বস্ত্র সদৃশ। তৎপ্রতিষ্ঠিত আর্য্য অষ্টাঙ্গিক নীতি, দশাঙ্গ-নীতি প্রভৃতিও মানব মাত্রেরই অঙ্গের শোভা ও গৌরব বর্দ্ধনকারী মহামূল্য ভূষণ তুল্য। যে মানব পঞ্চনীতি রক্ষা করে না, সে জনসমাজে ভদ্রনামে পরিচিত হইবার যোগ্য হইতে পারে না।

জগতে অসভ্য বর্ব্বর নামে পরিচিত পৃথিবীর আদিম অধিবাসীরা বস্ত্র পরিধান না করিয়া নগ্ন ও অর্দ্ধ নগ্ন অবস্থায় থাকিত। জগতে সভ্যতা আবিষ্কারের সঙ্গে সঙ্গে মানবেরা কাপড় বুনে তাদের লজ্জা নিবারণ করবার উপায় করে নেয় এবং নিজেদের অনাবৃত দেহ বস্ত্রাচ্ছাদিত করিয়া সভ্য নামে পরিচয় প্রদান করে, ইহাই ইতিহাসের কথা। আমি বলি কি তিনটী মুখ্য কারণে মানবেরা বস্ত্র পরিধান করিয়া থাকেন। প্রথম কারণ—লজ্জা নিবারণ, দ্বিতীয় কারণ শীতাতপ নিবারণ. তৃতীয় কারণ অঙ্গের সৌন্দর্য্য বৃদ্ধি। আজকাল সভ্যজগতের সৌখীন লোকেরা নিত্য নব নব সুন্দর সুন্দর বস্ত্র ও অঙ্গভরণের

আবিষ্কার করিয়া নিজেদের বুদ্ধিমত্তা ও সৌন্দর্য্য সৃষ্টির পরাকাষ্ঠা প্রদর্শন করিতেছেন। যিনি যাহাই করুন সমস্ত প্রচেষ্টার প্রথম উদ্দেশ্য লজ্জা-নিবারণ। তেম্‌নি মানব মাত্রেরই নীতি-ধর্ম্ম প্রতিপালন দেহ ও মনের প্রধান ভূষণ, রক্ষা কবচ ও মহা বর্ম্ম স্বরূপ। নীতিহীন ও ধর্ম্মহীন হ'লে কেহই প্রকৃত মানব নামের যোগ্য হইতে পারে না।

কোন গ্রন্থ বিশেষের প্রবেশিকা বিস্তৃত আলোচনার প্রকৃষ্ট স্থল নহে। যেই গ্রন্থের প্রবেশিকা লিখিতে আমি অনুরুদ্ধ হইয়াছি সেই গ্রন্থ সম্বন্ধে স্থূলভাবে আর গুটীকয়েক কথা বলিয়া আমার বক্তব্যের উপসংহার করিব।

সুবিস্তৃত সুগভীর মহাসমুদ্রের জল যে স্থান থেকেই সংগৃহীত হইয়া আস্বাদিত হউক না কেন তাতে একমাত্র লোণা রসই অনুভূত হবে—তার অন্যথা নেই। তেম্‌নি সুবিস্তৃত সুগভীর বৌদ্ধধর্ম্ম ও বৌদ্ধ দর্শনের অর্থাৎ ত্রিপিটক শাস্ত্রের যে স্থান থেকে রস গ্রহণ করা হউক না কেন, তাহা একমাত্র বিমুক্তি রসেই ভরপূর। তথাগত সম্যকসম্বুদ্ধের উদান-বাণী—আনন্দ ধ্বনি ধর্ম্ম ও জ্ঞানের যথাভূত সাক্ষাৎকারের পুলকগীতি—পাঠে বঙ্গীয় পাঠক পাঠিকা-গণ পুলকিত আনন্দাভিভূত ও বিমুক্তি রসাভিষিক্ত হউন। শ্রীমৎ জ্যোতিপাল নবীন যতি তথাগত অমিতাভের অমিত জ্ঞানজ্যোতি বঙ্গবাণীর মধ্যে প্রকাশ করিয়া ধন্য ও কৃতার্থ হউন। মুক্তিমশালের দিগন্ত উচ্ছ্বসিত প্রভায় নিজে প্রভান্বিত হইয়া পরকে ও প্রভাদানে সমর্থ হউন। মহাস্থবির শ্রীমৎ প্রজ্ঞালোক নানা বিষয়িণী প্রজ্ঞাদান কার্য্যে চিরব্যাপৃত থাকিয়া উৎসর্গীকৃত জীবনকে সার্থক করুন, ইহাই কামনা।

ইতি—

রেঙ্গুন
শুক্লাদশমী
১৪ই অগ্রহায়ণ
১৩৩৭সাল

শ্রীগিরীশ চন্দ্র বিদ্যাবিনোদ।

উদানগাথার

# বর্ণানুক্রমিক সূচি।


| | | | |
|---|---|---|---|
| অচ্ছিজ্জি বট্টং | ... | ... | ১৯০ |
| অত্থি ভিক্খবে | ... | ... | ২০১ |
| অধিচেতসো অপ্পমজ্জতো | ... | ... | ১০৯ |
| অনঞ্ঞপোসিং অঞ্ঞাতং | ... | ... | ১২ |
| অনূপবাদো অনূপঘাতো | ... | ... | ১০৮ |
| অভেদি কায়ো | ... | ... | ২২৭ |
| অয়ং লোকো | ... | ... | ৮২ |
| অয়ো ঘন হতস্সেব | ... | ... | ২২৮ |
| অরক্খিতেন কায়েন | ... | ... | ৯৬ |
| অসাতং সাতরূপেন | ... | ... | ৪৬ |
| অসিপ্পজীবি | ... | ... | ৮১ |
| অহঙ্কারপসুতা অয়ং | ... | ... | ১৮২ |
| অহু পুব্বে | ... | ... | ১৭২ |
| আয়ন্তিং নাভিনন্দন্তি | — | — | ১৬ |
| ইমেসু কির সজ্জন্তি | — | — | ১৭৮ |
| উদ্ধং অধো | — | — | ১৯০ |
| উপসন্ত সন্তচিত্তস্স | — | — | ১১৮ |
| এতং নাগস্স | — | — | ১০৭ |
| ওভাসতি তাব | — | — | ১৮৮ |
| কামন্ধা জাল সঞ্ছন্না | — | — | ১৯২ |
| কামেসু সত্তা | — | — | ১৯২ |
| কিং কয়িরা | — | — | ১৯৯ |
| খুদ্দা বিতক্কা | — | — | ৯৪ |

| | | | |
|---|---|---|---|
| গামে অরঞ্ঞে | — | — | ৩৩ |
| চক্খুমা বিসমানি'ব | — | — | ১২৮ |
| ছন্নমতি বস্সতি | — | — | ১৪৪ |
| ঠিতেন কায়েন | — | — | ১৫৭ |
| তুদন্তি বাচায় | — | — | ১১৫ |
| তুলমতুলঞ্চ | — | — | ১৬৬ |
| দদতো পুঞ্ঞং | — | — | ২১২ |
| দিসো দিসং | — | — | ৯৯ |
| দিস্বা আদীনবং | — | — | ১৫২ |
| দুদ্দসং অনত্তং | — | — | ২০২ |
| ন উদকেন | — | — | ১৭ |
| ন বায়মেয্য | — | — | ১৭১ |
| নিস্সিতোচ | — | — | ২০৪ |
| নেলঙ্গো সেতপচ্ছাদো | — | — | ১৯৪ |
| পরিমুট্ঠা পণ্ডিতা | — | — | ১৫৬ |
| পিণ্ডপাতিকস্স ভিক্খুনো | — | — | ৫ |
| পিয়রূপ সাতগধিতাসে | — | — | ৩৮ |
| বাহিত্বা পাপকে | — | — | ১১ |
| মোহ সম্বন্ধনো | — | — | ২০০ |
| যঞ্চ- কাম সুখং | — | — | ২৯ |
| য়ং জীবিতং | — | — | ১১৭ |
| য়ত্থ আপো | — | — | ২৪ |
| য়থাপি পব্বতো | — | — | ৬৮ |
| য়দা সকেসু | — | — | ১৪ |
| য়দা হবে | — | — | ৩,৫,৭ |

| | | | |
|---|---|---|---|
| য়ম্হি ন মায়া | ... | ... | ৭১ |
| য়স্স অন্তরতো | ... | ... | ৫১ |
| য়স্স জিতো | ... | ... | ৬৭ |
| য়স্স নিত্তিণ্নো | ... | ... | ৬০ |
| য়স্স পপঞ্চ | ... | ... | ১৯৫ |
| য়স্স মূলং | ... | ... | ১৯৫ |
| য়স্সসিয়া | ... | ... | ১৯৬ |
| য়স্সসেলুপমং | ... | ... | ১০৩ |
| য়া কাচি কঙ্খা | ... | ... | ১৫৩ |
| য়েকেচি ভূতা | ... | ... | ১২২ |
| য়ে কেচি সোকা | ... | ... | ২২৬ |
| য়ে তরন্তি | ... | ... | ২২২ |
| য়ো ব্রাহ্মণো | ... | ... | ৯ |
| সচে ভায়সি দুক্খস্স | ... | ... | ১২৯ |
| সতি কায়গতা | ... | ... | ৬৯ |
| সদ্ধিং চরমেকতো | ... | ... | ২২৪ |
| সব্ব কম্ম জহস্স | ... | ... | ৫৩ |
| সব্বং পরবসং | ... | ... | ৪৭ |
| সব্বা দিসা | ... | ... | ১২০ |
| সুকরং সাধুনা | ... | ... | ১৫৫ |
| সুখং বত | ... | ... | ৩৪ |
| সুখিনো বত | ... | ... | ৩৬ |
| সুখো বিবেক | ... | ... | ২৬ |



আসনে উপবিষ্ট—বামদিক্ হইতে ক্রমান্বয়ে ১। শ্রীমৎ অতুলসেন থেরো। ২। শ্রীমৎ ইন্দগুপ্ত থেরো। ৩। মহামান্য দ্বিতীয় আচার্য্য শ্রীমৎ বুদ্ধদত্ত মহাথেরো।

(খুদ্দক নিকায়ো)

# উদানং

নমো তস্‌স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্‌স।

## বোধিবগ্‌গো পঠমো

### বোধি-সুত্তং।১

এবং মে সুতং—একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে বোধিরুক্খমূলে পঠমাভিসম্বুদ্ধো।

তেন খো পন সময়েন ভগবা সত্তাহং এক পল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তি-সুখ[১] পটিসংবেদী।

## উদান।

### বোধি-সূত্র।১

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান বুদ্ধত্ব লাভ করিয়া প্রথমত উরুবেলায় ( মহা বালুকা স্তূপের উপরে ) নেরঞ্জরা নদীর তীরস্থিত বোধিবৃক্ষ-মূলে বাস করেন। তৎকালে তিনি বিমুক্তি সুখ ভোগ করিতে করিতে সপ্তাহ কাল এক ধ্যানাসনে বসিয়া থাকেন।

১। ইং, ব্রঃ, সুখং পটিসংবেদী।

অথ খো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্ঠ-হিত্বা রত্তিয়া পঠমং[১] য়ামং পটিচ্চসমুপ্পাদং অনুলোমং সাধুকং মনসাকাসি ঃ—

ইতি ইমস্মিং সতি ইদং হোতি, ইমস্সুপ্পাদা ইদং উপ্পজ্জতি, য়দিদং অবিজ্জাপচ্চয়া সঙ্খারা, সঙ্খারপচ্চয়া বিঞ্ঞাণং, বিঞ্ঞাণ-পচ্চয়া নামরূপং, নামরূপপচ্চয়া সলায়তনং, সলায়তনপচ্চয়া ফস্সো, ফস্সপচ্চয়া বেদনা, বেদনাপচ্চয়া তণ্হা, তণ্হাপচ্চয়া উপাদানং, উপাদানপচ্চয়া ভবো, ভবপচ্চয়া জাতি, জাতিপচ্চয়া জরামরণং সোক-পরিদেব-দুক্খদোমনস্সুপায়াসা সম্ভবন্তি, এবমেতস্স কেবলস্স দুক্খক্খন্ধস্স সমুদয়ো হোতীতি।

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

সেই সপ্তাহ গত হইলে ভগবান ধ্যান হইতে উঠিয়া রাত্রির প্রথম যামে পটিচ্চ সমুপ্পাদে বা কারণ-ফল ধর্ম্মে প্রথম হইতে শেষ পর্য্যন্ত অনুলোম ভাবনা-ক্রমে সুন্দর রূপে মনোনিবেশ করিলেন ঃ—

“যদি এই কারণটী থাকে তবে এই ফলটী হয়। এইটীর সৃষ্টি হইলে এইটীও সৃষ্ট হয় ; যথা ঃ—অবিদ্যার কারণে সংস্কার, * সংস্কারের কারণে বিজ্ঞান, বিজ্ঞানের কারণে নামরূপ, নামরূপের কারণে ষড়ায়তন, ষড়ায়তনের কারণে স্পর্শ, স্পর্শের কারণে বেদনা, বেদনার কারণে তৃষ্ণা, তৃষ্ণার কারণে উপাদান, উপাদানের কারণে ভব, ভবের কারণে জন্ম, জন্মের কারণে জরা, মৃত্যু, শোক. বিলাপ দুঃখ দুশ্চিন্তা ও হাহুতাশ উৎপন্ন হয়। এই প্রকারে সম্পূর্ণ দুঃখরাশির সৃষ্টি হইয়া থাকে।

দুঃখ যে এইরূপেই উৎপন্ন হইয়া থাকে, ভগবান এই সত্যার্থ জানিয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

---

১। ব্রঃ, পথমং। *ব্যাখ্যা পরিশিষ্টে দ্রষ্টব্য।

যদা হবে পাতুভবন্তি ধম্মা
আতাপিনো ঝায়তো ব্রাহ্মণস্স,
অথস্স কঙ্খা বপয়ন্তি সব্বা
য়তো পজানাতি সহেতু ধম্মন্তি। ॥১॥

---

# বোধিসুত্তং ।২

এবং মে সুতং একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে বোধিরুক্খমূলে পঠমাভিসম্বুদ্ধো। তেন খো পন সময়েন ভগবা সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তি সুখ পটিসংবেদী। অথখো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তমহা সমাধিমহা বুট্ঠহিত্বা রত্তিয়া মজ্ঝিমং য়ামং পটিচ্চসমুপ্পাদং পটিলোমং সাধুকং মনসাকাসিঃ—

---

শ্রদ্ধা আদি বোধি-পক্ষীয় ধরম
প্রকাশ্যে যখন হয় সমাগম,
ধ্যানী, বীর্য্যবান ব্রাহ্মণের হয়
সকল সংশয় তখন লয়—
এই দুঃখ রাশি কোন্ হেতু আসে.
যবে হয় সেই জ্ঞানের উদয় ॥১॥

(ব্যাখ্যা পরিশিষ্টে দ্রষ্টব্য)

---

## বোধি-সূত্র ।২

উরুবেলা নিদান—

তৎকালে ভগবান রাত্রির মধ্যমযামে পটিচ্চসমুপ্পাদে বা কারণ-ফল ধর্ম্মে শেষ হইতে প্রথম পর্য্যন্ত প্রতিলোম ভাবনাক্রমে সুন্দর রূপে মনোনিবেশ করিলেন ঃ—

ইতি ইমস্মিং অসতি ইদং ন হোতি, ইমস্স নিরোধা ইদং নিরুজ্ঝতি, য়দিদং অবিজ্জানিরোধা সঙ্খার নিরোধো, সঙ্খার-নিরোধা বিঞ্ঞাণনিরোধো, বিঞ্ঞাণনিরোধা নামরূপনিরোধো, নামরূপনিরোধা সলায়তননিরোধো. সলায়তননিরোধা ফস্সনিরোধো, ফস্সনিরোধা বেদনানিরোধো, বেদনানিরোধা তণ্হানিরোধো, তণ্হা-নিরোধা উপাদাননিরোধো, উপাদাননিরোধা ভবনিরোধো, ভবনিরোধা জাতিনিরোধো, জাতিনিরোধা জরা মরণং[১] সোক-পরিদেব দুক্খ-দোমনস্সুপায়াসা নিরুজ্ঝন্তি, এবমেতস্স কেবলস্স দুক্খক্খন্ধস্স নিরোধো হোতীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি[২] ঃ—

---

"যদি এই কারণ না থাকে তাহা হইলে এই ফল হয় না। ইহার নিরোধে ইহার নিরোধ হয়। যথা ঃ— * অবিদ্যার নিরোধে সংস্কারের নিরোধ, সংস্কারের নিরোধে বিজ্ঞানের নিরোধ, বিজ্ঞানের নিরোধে নাম-রূপের নিরোধ, নামরূপের নিরোধে ষড়ায়তনের নিরোধ, ষড়ায়তনের নিরোধে স্পর্শের নিরোধ, স্পর্শের নিরোধে, বেদনার নিরোধ, বেদনার নিরোধে তৃষ্ণার নিরোধ, তৃষ্ণার নিরোধে উপাদানের নিরোধ, উপাদানের নিরোধে ভবের নিরোধ, ভবের নিরোধে জন্মের নিরোধ, জন্মের নিরোধে জরা, মৃত্যু, শোক, বিলাপ, দুঃখ দুশ্চিন্তা ও হাহুতাশের নিরোধ হয়। এইরূপেই সম্পূর্ণ দুঃখ রাশির নিরোধ হইয়া থাকে। এই সত্যার্থ জানিয়া, ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

---

১। ব্রঃ, জরা মরণ

২। বিনয় মহা বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সূত্র এই পুস্তকের প্রথম হইতে চতুর্থ সূত্রের অনুরূপ।

৩। বিঃ মঃ, তেন সময়েন।

* সরল অর্থ পরিশিষ্টে দ্রষ্টব্য।

যদা হবে পাতুভবন্তি ধম্মা
আতাপিনো ঝায়তো ব্রাহ্মণস্স,
অথস্স কঙ্খা বপয়ন্তি সব্বা
যতো খয়ং পচ্চয়ানং অবেদীতি ॥২॥

---

# বোধি সুত্তং ।৩

এবং মে সুতং একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে বোধিরুক্খমূলে পঠমাভিসম্বুদ্ধো। তেন খো পন সময়েন ভগবা সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তি সুখ পটিসংবেদী।

অথ খো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্‌ঠহিত্বা রত্তিয়া পচ্ছিমং য়ামং পটিচ্চসমুপ্পাদং অনুলোম পটিলোমং সাধুকং মনসাকাসিঃ—

---

শ্রদ্ধা আদি বোধি-পক্ষীয় ধরম
প্রকাশে যখন হয় সমাগম,
ধ্যানী, বীর্য্যবান ব্রাহ্মণের হয়
সকল সংশয় তখন লয়—
দুঃখের কারণ কিসে ধ্বংস হয়
যবে হয় সেই জ্ঞানের উদয় ॥২॥

---

## বোধি-সূত্র। ৩

উরুবেলা নিদান—

তখন ভগবান রাত্রির শেষ যামে কারণ-ফল (পটিচ্চ সমুপ্পাদ) ধর্ম্মে সুন্দর রূপে অনুলোম ও প্রতিলোম ভাবনানুক্রমে মনোনিবেশ করিলেন ঃ—

ইতি ইমস্মিং সতি ইদং হোতি, ইমস্সুপ্পাদা ইদং উপ্পজ্জতি; ইমস্মিং অসতি ইদং ন হোতি, ইমস্স নিরোধা ইদং নিরুজ্ঝতি; য়দিদং অবিজ্জাপচ্চয়া সঙ্খারা, সঙ্খারপচ্চয়া বিঞ্ঞাণং, বিঞ্ঞাণ-পচ্চয়া নামরূপং, নামরূপপচ্চয়া সলায়তনং, সলায়তনপচ্চয়া ফস্সো, ফস্সপচ্চয়া বেদনা, বেদনাপচ্চয়া তণ্হা, তণ্হাপচ্চয়া উপাদানং, উপাদানপচ্চয়া ভবো, ভবপচ্চয়া জাতি, জাতিপচ্চয়া জরামরণং সোকপরিদেব দুক্খদোমনস্সুপায়াসা সম্ভবন্তি। এবমে-তস্স কেবলস্স দুক্খক্খন্ধস্স সমুদয়ো হোতি। অবিজ্জায়ত্বেব অসেস বিরাগনিরোধা সঙ্খারনিরোধো, সঙ্খারনিরাধা বিঞ্ঞাণ-নিরোধো, বিঞ্ঞাণনিরোধা নামরূপনিরোধো, নামরূপনিরোধা সলায়তননিরোধো, সলায়তননিরোধা ফস্সনিরোধো, ফস্সনিরোধা বেদনানিরোধো, বেদনানিরোধা তণ্হানিরোধো, তণ্হানিরোধা

---

যদি ইহা থাকে তবে ইহা হয়, ইহার উৎপত্তিতে ইহার উৎপত্তি হয়। যদি ইহা না থাকে তবে ইহাও হয় না, ইহার নিরোধে ইহারও নিরোধ হয়। যথা :—

অবিদ্যার কারণে সংস্কার, সংস্কারের কারণে বিজ্ঞান, বিজ্ঞানের কারণে নামরূপ, নামরূপের কারণে ষড়ায়তন, ষড়ায়তনের কারণে স্পর্শ, স্পর্শের কারণে বেদনা, বেদনার কারণে তৃষ্ণা, তৃষ্ণার কারণে উপাদান. উপাদানের কারণে ভব, ভবের কারণে জন্ম, জন্মের কারণে জরা, মৃত্যু, শোক, বিলাপ, দুঃখ, দুশ্চিন্তা ও হাহুতাশের উৎপত্তি হয়। এইরূপেই এই সম্পূর্ণ দুঃখরাশির সমুদয় হইয়া থাকে।

অবিদ্যারই অশেষ বিরাগ ও নিরোধে সংস্কারের নিরোধ, সংস্কারের নিরোধে বিজ্ঞানের নিরোধ, বিজ্ঞানের নিরোধে নামরূপের নিরোধ. নামরূপের নিরোধে ষড়ায়তনের নিরোধ, ষড়ায়তনের নিরোধে স্পর্শের নিরোধ. স্পর্শের নিরোধে বেদনার নিরোধ. বেদনার নিরোধে তৃষ্ণার নিরোধ. তৃষ্ণার

উপাদাননিরোধো, উপাদাননিরোধা ভবনিরোধো, ভবনিরোধা জাতিনিরোধো, জাতিনিরোধা জরামরণং সোকপরিদেব দুক্খ-দোমনস্সুপায়াসা নিরুজ্ঝন্তি, এবমেতস্স কেবলস্স দুক্খক্খন্ধস্স নিরোধো হোতীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

য়দা হবে পাতুভবন্তি ধম্মা
আতাপিনো ঝায়তো ব্রাহ্মণস্স,
বিধূপয়ং তিট্ঠতি মারসেনং
সুরিয়োব ওভাসয়মন্তলিক্খন্তি ॥৩॥

———

---

নিরোধে উপাদানের নিরোধ, উপাদানের নিরোধে ভবের নিরোধ, ভবের নিরোধে জন্মের নিরোধ, জন্মের নিরোধে জরা, মরণ, শোক, বিলাপ, দুঃখ, দুশ্চিন্তা ও হাহুতাশের নিরোধ হয়। এইরূপেই সেই সম্পূর্ণ দুঃখরাশি নিরুদ্ধ হইয়া যায়। এই সত্যার্থ জানিয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

শ্রদ্ধা আদি বোধি-পক্ষীয় ধরম
প্রকাশ্যে যখন হয় সমাগম,
ধ্যানী বীর্য্যবান ব্রাহ্মণের হয়
ধরম সংগ্রামে তখন জয়—
তপন আকাশে যথা অবভাসে
বিনাশে মারের সৈন্যচয় ॥৩॥

———

# নিগ্রোধ সুত্তং। (৪)

এবং মে সুতং একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে অজপাল নিগ্রোধে[১] পঠমাভিসম্বুদ্ধো, তেন খো পন সময়েন ভগবা সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তি-সুখপটিসংবেদী। অথ খো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্‌ঠাসি। অথ খো অঞ্ঞতরো হুহুংক[২] জাতিকো ব্রাহ্মণো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবতা সদ্ধিং সম্মোদি; সম্মোদনীয়ং কথং সারণীয়ং বীতিসারেত্বা একমন্তং অট্‌ঠাসি, একমন্তং ঠিতো খো সো ব্রাহ্মণো ভগবন্তং এতদবোচ :— কিত্তাবতা নুখো ভো গোতম ব্রাহ্মণো হোতি, কতমে চ পন ব্রাহ্মণ-কারকা[৩] ধম্মাতি।

---

### ন্যগ্রোধ-সূত্র। ৪

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান বুদ্ধত্ব লাভের পর প্রথম উরুবেলায় নেরঞ্জরা নদী তীরে অজপাল-ন্যগ্রোধ-মূলে বাস করেন। তৎকালে ভগবান বিমুক্তি-সুখ অনুভব করিতে করিতে সপ্তাহকাল এক-ধ্যানাসনে বসিয়া থাকেন।

অতঃপর সেই সপ্তাহ অতীত হইলে ভগবান সেই সমাধি হইতে উঠিলেন। তখন মান ও ক্রোধ স্বভাব সম্পন্ন এক ব্রাহ্মণ ভগবানের নিকট আসিয়া সাদর সম্ভাষণ ও সদালাপ শেষ করিয়া এক পাশে দাঁড়াইল। এক পাশে দাঁড়াইয়া সেই ব্রাহ্মণ ভগবানকে জিজ্ঞাসা করিল :—

"হে গোতম, ব্রাহ্মণের স্বরূপ কি? কোন্ কোন্ ধর্ম্ম আচরণ করিলে ব্রাহ্মণ হওয়া যায়?

---

১। বিঃ, মঃ, নিগ্রোধ মূলে। ২। ব্রঃ, হুংহুঙ্ক।
৩। লঃ, ব্রঃ, করণা।

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যো ব্রাহ্মণো বাহিত পাপধম্মো
নিহুহুংককো নিক্কসাবো যতত্তো
বেদন্তগূ বুসিত ব্রহ্মচরিয়ো
ধম্মেন সো ব্রহ্মবাদং বদেয্য
য়স্সুস্সদা নত্থি কুহিঞ্চি লোকেতি ॥৪॥

---

## থের-সুত্তং। ৫

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন

---

বিদিত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

ব্রাহ্মণ—যিনি বাহিত পাপ,
মান-ক্রোধ-হীন বিরাগী,
সংযত চিত, নির্ব্বাণ গত,
বিদ্বেষ মোহ তেয়াগী ;
ব্রহ্মচর্য্যবাস হয়েছে যাঁহার
পাপ বৃদ্ধি কোথা নাহি ভবে,
ধর্ম্মতঃ ব্রাহ্মণ বলিয়া তখন
কহিতে পারেন তিনি তবে ॥৪॥

---

### স্থবির-সূত্র। ৫

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিক-শ্রেষ্ঠী-নির্ম্মিত জেতবন-বিহারে বাস করেন। তৎকালে (একদিন) আয়ুষ্মান

আয়স্মা সারিপুত্তো, আয়স্মা চ মহামোগ্গল্লানো, আয়স্মা চ মহাকস্সপো, আয়স্মা চ মহাকচ্চায়নো, আয়স্মা চ মহাকোট্ঠিতো,[১] আয়স্মা চ মহাকপ্পিনো, আয়স্মা চ মহাচুন্দো, আয়স্মা চ অনুরুদ্ধো আয়স্মা চ রেবতো, আয়স্মা চ নন্দো[২] আয়স্মা চ আনন্দো য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। অদ্দসা খো ভগবা তে আয়স্মন্তে দূরতোব আগচ্ছন্তে, দিস্বান ভিক্খূ আমন্তেসি ঃ—এতে ভিক্খবে ব্রাহ্মণা আগচ্ছন্তি, এতে ভিক্খবে ব্রাহ্মণা আগচ্ছন্তি! এবং বুত্তে অঞ্ঞতরো ব্রাহ্মণজাতিকো ভিক্খু ভগবন্তং এতদবোচঃ—কিত্তাবতা নু খো ভন্তে ব্রাহ্মণো হোতি, কতমে চ পন ব্রাহ্মণকারকা ধম্মাতি ?

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

সারিপুত্ত, মহা মোগ্গল্লান, মহা কস্সপ, মহা কচ্চায়ন, মহা কোট্ঠিত, মহা কপ্পিন, মহা চুন্দ, অনুরুদ্ধ, রেবত, নন্দ, ও আয়ুষ্মান আনন্দ ভগবানের নিকট আসিতেছিলেন। তাঁহাদিগকে দূর হইতেই আসিতে দেখিয়া ভগবান ভিক্ষুদিগকে বলিলেন ঃ—

"ভিক্ষুগণ, ঐ দেখ ব্রাহ্মণেরা আসিতেছে।"

ভগবান উহা বলিলে একজন ব্রাহ্মণ-জাতীয় ভিক্ষু ভগবানকে বলিলেন ঃ—

"ভন্তে, কিরূপে ব্রাহ্মণ হওয়া যায়? ব্রাহ্মণ-করণ ধর্ম্ম কি কি?"

ভগবান উক্ত প্রশ্নের এইরূপ সম্পূর্ণ সত্যার্থ অবগত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

---

১। ব্রঃ, মহাকোট্ঠিকো। ২। পল ষ্টেনষ্টল সম্পাদিত উদানে "নন্দের" স্থলে "দেবদত্ত" হইয়াছে, উহা খুব বড় ভুল।

বাহিত্বা পাপকে ধম্মে—যে চরন্তি সদা সতা,
খীণসংযোজনা[1] বুদ্ধা—তেবে[2] লোকস্মিং ব্রাহ্মণাতি ॥ ৫ ॥

---

# কস্‌সপ-সুত্তং। ৬

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দকনিবাপে। তেন খো পন সময়েন আয়স্মা মহাকস্সপো পিপ্পলি[3] গুহায়ং বিহরতি আবাধিকো দুক্খিতো বাল্‌হগিলানো; অথ খো আয়স্মা মহাকস্সপো অপরেন সময়েন তম্হা আবাধা বুট্ঠাসি। অথ খো আয়স্মতো মহাকস্সপস্স তম্হা আবাধা

---

বাহিত করিয়া পাপ
স্মৃতিযোগে করে বিচরণ.
ক্ষীণ-সংযোজন-বুদ্ধ
তাহারাই লোকেতে ব্রাহ্মণ ॥ ৫ ॥

---

## কস্‌সপ-সূত্র। ৬

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান রাজগৃহ নগরে কলন্দক-নিবাপে বেণুবন-বিহারে বাস করিতেছিলেন। তৎকালে আয়ুষ্মান মহাকস্‌সপ পিপ্পলীগুহায় পীড়িতাবস্থায় অত্যন্ত দুঃখবেদনাগ্রস্ত ও বিষম ব্যাধিগ্রস্ত হইয়া বাস করিতেছিলেন। সেই রোগ হইতে মুক্তি লাভ

---

১। ব্রঃ, লঃ, ইং, মুদ্রিত পুস্তকে খীণসংযোজনা। ব্রঃ, লঃ, হস্তলিখিত পুস্তকে খীণা সংযোজনা।

২। লঃ, তেচ।

৩। কোন কোন পুস্তকে পিপ্‌ফলি।

বুট্‌ঠিতস্স এতদহোসি "যন্নূনাহং রাজগহং পিণ্ডায় পবিসেয়্যন্তি।" তেন খো পন সময়েন পঞ্চমত্তানি দেবতাসতানি উস্সুক্কং আপন্নানি হোন্তি আয়স্মতো মহাকস্সপস্স পিণ্ডপাতপটিলাভায়। অথ খো আয়স্মা মহাকস্সপো তানি পঞ্চমত্তানি দেবতাসতানি পটিক্খিপিত্বা পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় রাজগহং পিণ্ডায় পাবিসি য়েন দলিদ্দবিসিখা কপণবিসিখা পেসকারবিসিখা। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং মহাকস্সপং রাজগহং পিণ্ডায় চরন্তং য়েন দলিদ্দ-বিসিখা কপণবিসিখা পেসকারবিসিখা। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অনঞ্ঞপোসিং অঞ্ঞাতং—দন্তং সারে পতিট্‌ঠিতং,
খীণা-সবং বন্ত-দোসং—তমহং ব্রূমি ব্রাহ্মণন্তি ॥ ৬॥

---

করিলে তিনি রাজগৃহে ভিক্ষা করিতে মনস্থ করিলেন। সেই সময় পাঁচশত দেবতা আয়ুষ্মান মহাকস্সপকে পিণ্ডদান করিবার ইচ্ছা প্রকাশ করিল কিন্তু আয়ুষ্মান মহাকস্সপ সেই পাঁচশত দেবতার পিণ্ড না লইয়া পূর্ব্বাহ্ণ সময়ে চীবর পরিধান পূর্ব্বক পাত্রচীবর লইয়া রাজগৃহে গরীব তাঁতীদিগের বস্তীতে ভিক্ষার্থ গমন করিলেন। ভগবান দিব্যচক্ষে দেখিলেন যে—আয়ুষ্মান মহাকস্সপ দরিদ্র তাঁতিদিগের বস্তীতে ভিক্ষার জন্য যাইতেছেন। ভগবান তাঁহার 'মধুর রস আস্বাদনের লালসাবিহীনতা' ও 'গরীবের প্রতি দয়া' এই মাহাত্ম্যদ্বয় বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেনঃ—

অজ্ঞাত যে, অ-পর-পোষক
দান্ত চিত্ত, প্রতিষ্ঠিত সারে,
ক্ষীণাশ্রব উদ্গীরিত দ্বেষ
কহি আমি ব্রাহ্মণ তাহারে ॥ ৬॥

# পাবা-সুত্তং । ৭

এবং মে সুতং একং সময়ং ভগবা পাবায়ং[১] বিহরতি অজকলাপকে চেতিয়ে অজকলাপকস্স যক্খস্স ভবনে। তেন খো পন সময়েন ভগবা রত্তন্ধকার-তিমিসায়ং অব্ভোকাসে নিসিন্নো হোতি, দেবো চ একমেকং ফুসায়তি। অথ খো অজকলাপকো যক্খো ভগবতো ভয়ং ছম্ভিতত্তং লোমহংসং উপ্পাদেতুকামো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবতো অবিদূরে তিক্খত্তুং অক্কুলো পক্কুলোতি[২] অক্কুল পক্কুলিকং অকাসি, এসো তে সমণ পিসাচোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

## পাবা-সূত্র । ৭

আমি এইরূপ শুনিয়াছি ;—একসময় ভগবান পাবা গ্রামে অজকলাপক চৈত্যে অজকলাপক যক্ষের ঘরে বাস করেন। তৎকালে ভগবান রাত্রির গভীর অন্ধকারে বিমুক্ত স্থানে বসিয়াছিলেন। তখন অল্প অল্প বৃষ্টি পড়িতেছিল। সেই সময় অজকলাপক যক্ষ ভগবানের ভয় স্তব্ধতা ও রোমাঞ্চ উৎপাদনের ইচ্ছায় তাঁহার নিকটে উপস্থিত হইল এবং কাছে থাকিয়া তিনবার 'অক্কুল' 'পক্কুল' বলিয়া বিকট ধ্বনি করিল। সে বিকট পিশাচরূপ ধরিয়া 'হে শ্রমণ, এই তোমার উপর পিশাচ পড়িল' বলিয়া ভয় দেখাইতে লাগিল।

যক্ষের সেই বিকৃতির দ্বারা ভগবানের কেশাগ্র মাত্র টলাইতে পারিবে না এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

১। লং, ইং, পাটলিয়ং। ব্রঃ, লং, অত্থকথা, পাবায়ং।
২। ভারত অফিসের হস্তলিখিত পুস্তকে—অক্কুলো বক্কুলো। ব্রঃ, অক্কুল, পক্কুল।

য়দা সকেসু ধম্মেসু — পারগূ হোতি ব্রাহ্মণো,
অথ এতং পিসাচঞ্চ — পক্কুলঞ্চাতিবত্ততি[১] ॥৭॥

---

## সঙ্গামজী-সুত্তং । ৮

এবং মে সুতং একং সময়ং ভগবা সাৰত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা সঙ্গামজী সাবত্থিং অনুপ্পত্তো হোতি ভগবন্তং দস্সনায়। অস্সোসি খো আয়স্মতো সঙ্গামজিস্স পুরাণদুতিয়িকা—অয়্যো কির সঙ্গামজী সাবত্থিং অনুপ্পত্তোতি। সা দারকং আদায় জেতবনং অগমাসি। তেন খো পন সময়েন আয়স্মা সঙ্গামজী অঞ্ঞতরস্মিং রুক্খমূলে দিবাবিহারং নিসিন্নো হোতি। অথ খো আয়স্মতো সঙ্গামজিস্স পুরাণ-দুতিয়িকা যেন আয়স্মা সঙ্গামজী তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং সঙ্গামজিং এতদবোচ ঃ—

---

ব্রাহ্মণ স্বধর্ম্ম সবে যবে হয় পারগত
পিশাচ, পৈশাচী রব তদা হয় পরাহত।
("অক্কুল পক্কুল"—পিশাচের শব্দ)

---

### সঙ্গামজী-সূত্র । ৮

আমি এইরূপ শুনিয়াছি;—এক সময় ভগবান শ্রাবস্তী নগরে অনাথপিণ্ডিক শ্রেষ্ঠী-নির্ম্মিত জেতবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে একদিন আয়ুষ্মান সঙ্গামজী ভগবানকে দেখিবার জন্য শ্রাবস্তীতে গমন করিলেন। তাঁহার পুরাণা স্ত্রী, স্বামী শ্রাবস্তীতে আসিয়াছেন শুনিয়া ছেলে সহ জেতবনে আসিল। যখন আয়ুষ্মান সঙ্গামজী কোন এক বৃক্ষ মূলে দিবা বিহারে বসিয়াছিলেন, সেই সময় তাঁহার পুরাণা স্ত্রী (ভূতপূর্ব্বা ভার্য্যা) তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিল ঃ—

---

১। হং, পক্কুলক্ক বীতিবত্ততি।

"খুদ্দ পুত্তামিহ[১] সমণ, পোস মন্তি।" এবং বুত্তে আয়স্মা সঙ্গামজী তুণ্হী অহোসি। দুতিয়ম্পি খো আয়স্মতো সঙ্গামজিস্স পুরাণ-দুতিয়িকা আয়স্মন্তং সঙ্গামজিং এতদবোচঃ—"খুদ্দ পুত্তামিহ সমণ, পোস মংতি।" এবং বুত্তে আয়স্মা সঙ্গামজী তুণ্হী অহোসি। ততিয়ম্পি—পে—অহোসি।অথ খো আয়স্মতো সঙ্গামজিস্স পুরাণ দুতিয়িকা তং দারকং আয়স্মতো সঙ্গামজিস্স পুরতো নিক্খিপিত্বা পক্কামি এসো তে সমণ পুত্তো পোস নস্তি। অথখো আয়স্মা সঙ্গামজী তং দারকং নেব ওলোকেসি নপি আলপি। অথ খো আয়স্মতো সঙ্গাম-জিস্স পুরাণদুতিয়িকা অবিদূরে গন্ত্বা অপলোকেন্তী অদ্দস আয়স্মন্তং সঙ্গামজিং তং দারকং নেব ওলোকেন্তং, নপি আলপন্তং।

---

হে শ্রমণ! আমার পুত্র এখন শিশু, আমাকে পালন কর।" আয়ুষ্মান সঙ্গামজী উহা শুনিলেন কিন্তু নীরব রহিলেন। পুনরায় আয়ুষ্মান সঙ্গামজীর পুরাণা স্ত্রী তাঁহাকে বলিল "হে শ্রমণ! আমার পুত্র এখন শিশু, আমাকে পালন কর।" দ্বিতীয়বারেও আয়ুষ্মান সঙ্গামজী নীরব রহিলেন। আবার আয়ুষ্মান সঙ্গামজীর পুরাণা স্ত্রী তাঁহাকে বলিল "হে শ্রমণ, আমার পুত্র এখন শিশু, আমাকে পালন কর," তৃতীয়বারেও আয়ুষ্মান সঙ্গামজী নীরব রহিলেন।

অতঃপর আয়ুষ্মান সঙ্গামজীর পুরাণা স্ত্রী ছেলেটীকে তাঁহার সম্মুখে ফেলিয়া "হে শ্রমণ! এইটী তোমার ছেলে, ইহাকে পোষণ কর" বলিয়া চলিয়া গেল, কিন্তু, আয়ুষ্মান সঙ্গামজী ছেলেটীকে ফিরিয়াও দেখিলেননা, কোন কথাও বলিলেন না। আয়ুষ্মান সঙ্গামজীর পুরাণা স্ত্রী চলিয়া যাইতে যাইতে তিনি কিরূপ করিতেছেন তাহা জানিবার জন্য পশ্চাৎ ফিরিয়া দেখিতে লাগিল। যখন সে দেখিল যে তিনি ছেলেটির দিকে ফিরিয়াও চাহিতেছেন না, কোন কথাও কহিতেছেন না।

---

১। কোন কোন পুস্তকে পুত্তম্হি।

দিস্বানঞ্ঞা এতদহেসি ঃ— "ন চাযং সমণো পুত্তেনপি অত্থিকোতি" ততো পটিনিবত্তিত্বা দারকং আদায় পক্কমি। অদ্দসা খো ভগবা দিব্বেন চক্খুনা বিসুদ্ধেন অতিক্কন্ত-মানুসকেন আয়স্মতো সঙ্গামজিস্স পুরাণ-দুতিয়িকায় এবরূপং বিপ্পকারং, অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

আয়ন্তিং নাভিনন্দতি — পক্কমন্তিং ন সোচতি,
সঙ্গা সঙ্গামজিং মুত্তং — তমহং ব্রূমি ব্রাহ্মণন্তি ॥৮॥

---

# জটিল-সুত্তং। ৯

এবং মে সুতং একং সময়ং ভগবা গয়ায়ং বিহরতি গয়াসীসে।

---

তখন সে "এই শ্রমণ আর পুত্রও চায় না" ভাবিয়া পুনরায় গমন-পথ হইতে ফিরিয়া আসিয়া ছেলেটিকে লইয়া চলিয়া গেল।

ভগবান মনুষ্য-চক্ষুর অতীত বিশুদ্ধ দিব্য-চক্ষুর-দ্বারা আয়ুষ্মান সঙ্গামজীর পুরাণা স্ত্রীকে এই ভাবে অপদস্থ হইতে দেখিয়া এবং আয়ুষ্মান সঙ্গামজী যে স্ত্রী পুত্রের প্রতি তৃষ্ণাহীন, তাহা অবগত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

আসিলে আনন্দ নাহি
গতে নহে শোকাতুর মন,
সঙ্গমুক্ত সঙ্গামজী—
কহি আমি তাহারে ব্রাহ্মণ।

---

## জটিল-সূত্র। ৯

আমি এইরূপ শুনিয়াছি ঃ—এক সময় ভগবান গয়াতীর্থে, গয়াশীর্ষ নামক পাষাণের উপর বাস করিতেছিলেন।

তেন খো পন সময়েন সম্বহুলা জটিলা সীতাসু হেমন্তিকাসু রত্তীসু অন্তরট্ঠকে হিমপাত সময়ে গয়ায়ং উম্মুজ্জন্তিপি নিমুজ্জন্তিপি উম্মুজ্জ নিম্মুজ্জম্পি করোন্তি ওসিঞ্চন্তিপি অগ্গিম্পি জুহন্তে ইমিনা সুদ্ধী'তি। অদ্দসা খো ভগবা তে সম্বহুলে জটিলে সীতাসু হেমন্তিকাসু রত্তীসু অন্তরট্ঠকে হিমপাত সময়ে গয়ায়ং উম্মুজ্জন্তেপি নিমুজ্জন্তেপি উম্মুজ্জ নিম্মুজ্জং করোন্তেপি, ওসিঞ্চন্তেপি অগ্গিম্পি জুহন্তে ইমিনা সুদ্ধীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

ন উদকেন সুচী হোতি বহেত্থ নহায়তি জনো,
য়ম্হি সচ্চঞ্চ ধম্মো চ সো সুচী সো চ ব্রাহ্মণো'তি। ॥৯॥

---

তৎকালে অনেকজন জটাধারী তাপস হেমন্ত-রাত্রে মাঘমাসের শেষ চারিদিনে ও ফাল্গুনমাসের প্রথম চারিদিনে, গয়ানদীতে ও গয়াপুকুরে একবার ডুবে আবার উঠে, কেহ ডুবে কেহ উঠে, কেহ জলসেচন করে, কেহবা অগ্নি-পরিচর্য্যা করে। ঐ আটদিন মধ্যদেশে হিমপাত হইত এত শীত হইলেও তাহাদের ঐরূপ করার কারণ, তাহাদের বিশ্বাস. তদ্রূপ .অধিক শীতে স্নানকরিলে শুদ্ধি লাভ হয়।

ভগবান দিব্যচক্ষে উহা দেখিলেন এবং জলে স্নান করিলে শুদ্ধি হয় বলিয়া যে বিশ্বাস উহা কুমার্গ, উহাতে শুদ্ধি লাভ হয় না, আর্য্য অষ্টাঙ্গিক মার্গ এবং কারণ-ফলে জ্ঞানই শুদ্ধির উপায়, ভগবান উহা যথাযথ বুঝিয়াছেন, তাঁহা সম্পূর্ণ অবগত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন :—

যদিও অনেক বার — স্নানকরে জলে কোন জন,
তথাপি সে উদকেতে — শুচি নাহি হয় তার মন;
সত্য আর ধর্ম্ম যাঁর আছে — তিনি শুচি তিনিই ব্রাহ্মণ।

# বাহিয় সুত্তং । ১০

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো সময়েন বাহিয়ো দারু-চীরিয়ো[১] সুপ্পারকে[২] পটিবসতি সমুদ্দতীরে; সক্কতো হোতি গরুকতো মানিতো পূজিতো অপচিতো, লাভী চীবর পিণ্ডপাত সেনাসন গিলান পচ্চয় ভেসজ্জ পরিক্খারানং। অথ খো বাহিয়স্স দারু-চীরিয়স্স রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি:—

যে চ খো কেচি[৩] লোকে অরহন্তো বা অরহত্তমগ্গং বা সমাপন্না অহং তেসং অঞ্ঞতরোতি। অথ খো বাহিয়স্স দারুচীরিয়স্স

---

## বাহিয় সূত্র। ১০

আমি এইরূপ শুনিয়াছি:—এক সময় ভগবান শ্রাবস্তী নগরে অনাথ-পিণ্ডিক শ্রেষ্ঠী-নির্ম্মিত জেতবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে বাহিয় দারুচীরিয় নামে এক তাপস সমুদ্রতীরে সুপ্পারক নামক স্থানে বাস করিতেছিলেন। তিনি তথায় বহুলোকের গৌরব সৎকার, পূজা-সম্মান ও সেবা শুশ্রূষা লাভ করিতেছিলেন; এবং যথেষ্ট চীবর, পিণ্ডপাত, শয়নাসন ও ঔষধ পথ্যাদি পাইতেছিলেন। তৎকালে একদিন বাহিয় দারু-চীরিয় নির্জ্জনে বসিয়া ধ্যান করিবার সময় মনে মনে এইরূপ ভাবিতে লাগিলেন:—"লোকে যদি কোন অর্হৎ বা অর্হৎ মার্গ লাভী ব্যক্তি থাকেন, আমি তাঁহাদেরই একজন।"

তখন বাহিয় দারুচীরিয়ের প্রতি অনুকম্পাকারিণী, হিতৈষিণী পুরাণা

---

১। ব্রঃ দারুচীরিয়ো। ২। ব্রঃ কোচি।

৩। ব্রঃ সুপ্পাদকে।

পুরাণ সালোহিতা দেবতা অনুকম্পিকা অত্থকামা বাহিয়স্স দারুচীরিয়স্স চেতসা চেতো পরিবিতক্কমঞ্ঞায় যেন বাহিয়ো দারুচীরিয়ো তেনুপসংকমি, উপসঙ্কমিত্বা বাহিয়ং দারুচীরিয়ং এতদবোচ :—

"নেব খো ত্বং বাহিয়, অরহা, নাপি অরহত্ত মগ্গং বা সমাপন্নো, সাপি তে পটিপদা নত্থি য়ায় ত্বং অরহা বা অস্স, [১] অরহত্তমগ্গং বা সমাপন্নো'তি।"

"অথ কো চরহি দেবতে [১] লোকে অরহন্তো বা অরহত্ত মগ্গং বা সমাপন্নো'তি?"

"অত্থি বাহিয়, উত্তরেসু জনপদেসু সাবত্থি নাম নগরং, তত্থ সো ভগবা এতরহি বিহরতি অরহং সম্মাসম্বুদ্ধো। সো হি বাহিয়, ভগবা অরহা চেব, অরহত্তায় চ ধম্মং দেসেতী'তি।"

---

জ্ঞাতি-দেবতা চিত্তেরদ্বারা তাঁহার চিত্ত-বিতর্ক জানিয়া তাঁহার নিকটে আসিয়া বলিলেন :—

"হে বাহিয়, তুমি অর্হৎও নও এবং অর্হৎ মার্গ লাভীও নও। তোমার এমন উপায়ও (প্রতিপদা বা মার্গ) নাই যে, তুমি অর্হৎ হইতে পার কিংবা অর্হৎ মার্গ লাভী হইতে পার।"

তাহা শুনিয়া বাহিয় দারুচীরিয় দেবতাকে জিজ্ঞাসা করিলন :—"হে দেবতে, তবে এমন কে আছেন যিনি অর্হৎ বা অর্হৎমার্গ-লাভী?"

দেবতা—"হে বাহিয়, উত্তর জনপদে শ্রাবস্তী নামে এক নগর আছে, তথায় ভগবান অর্হৎ সম্যক্‌সম্বুদ্ধ এখন বাস করিতেছেন। হে বাহিয়, সেই ভগবানই অর্হৎ এবং অর্হত্ব-লাভের জন্যই তাঁহার ধর্ম্ম-দেশনা।"

---

১। ব্রঃ, অস্‌স সি, লঃ, সিরি অস্‌সা।

অথ খো বাহিয়ো দারুচীরিয়ো তায় দেবতায় সংবেজিতো তাবদেব সুপ্পারকা[১] পক্কমি সব্বত্থ একরত্তি পরিবাসেন, য়েন ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্স আরামে তেনুপসঙ্কমি। তেন খো পন সময়েন সম্বহুলা ভিক্খূ অব্ভো-কাসে চঙ্কমন্তি। অথ খো বাহিয়ো দারুচিরীয়ো যেন তে ভিক্খূ তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা তে ভিক্খূ এতদবোচঃ— "কহন্নু খো ভন্তে এতরহি সো ভগবা বিহরতি অরহং সম্মাসম্বুদ্ধো? দস্সন কামমহা ময়ং তং ভগবন্তং অরহন্তং সম্মাসম্বুদ্ধন্তি।"

"অন্তর-ঘরং পবিট্ঠো খো বাহিয় ভগবা পিণ্ডয়াতি।" অথ খো বাহিয়ো দারুচীরিয়ো তরমানরূপো জেতবনা নিক্খমিত্বা সাবত্থিয়ং পবিসিত্বা অদ্দস ভগবন্তং সাবত্থিয়ং পিণ্ডায় চরন্তং পাসাদিকং

---

এইরূপে বাহিয় দারুচীরিয় ঐ দেবতার কথায় সংবেগ প্রাপ্ত হইয়া সেইদিনই সুপ্পারক হইতে শ্রাবস্তীর দিকে যাত্রা করিলেন। সর্ব্বত্র কেবল এক রাত্রি থাকিয়া শ্রাবস্তী নগরে অনাথপিণ্ডিক শ্রেষ্ঠীর জেতবন বিহারে যথায় ভগবান বিহার করেন, তথায় উপস্থিত হইলেন। তৎকালে অনেকজন ভিক্ষু বাহিরে চঙ্ক্রমণ (পায়চারী) করিতেছিলেন। তখন বাহিয় দারুচীরিয় সেই ভিক্ষুগণের নিকট উপস্থিত হইয়া তাঁহাদিগকে বলিলেন ঃ—

"ভন্তে! এখন ভগবান অর্হৎ সম্যক্ সম্বুদ্ধ কোথায় বাস করিতেছেন? আমি সেই ভগবান অর্হৎ সম্যক্সম্বুদ্ধকে দেখিতে ইচ্ছা করি।"

ভিক্ষুগণ বলিলেন ঃ—"হে বাহিয়, ভগবান পিণ্ডাচরণের জন্য গ্রামে প্রবেশ করিয়াছেন।"

উহা শুনিয়া বাহিয় দারুচীরিয় তাড়াতাড়ি জেতবন হইতে বাহির হইয়া শ্রাবস্তীতে প্রবেশ করিলেন, দেখিলেন—প্রশান্ত বদন সেই ভগবান,

---

১। ব্রঃ, সুপ্পারকম্হা।

পসাদনীয়ং সন্তিন্দ্রিয়ং সন্তমানসং উত্তম দমথ সমথ মনুপত্তং, দন্তং, গুত্তং, য়তিন্দ্রিয়ং, নাগং দিস্বান য়েন ভগবা তেনুপসঙ্কমি. উপসঙ্কমিত্বা ভগবতো পাদে সিরসা নিপতিত্বা ভগবন্তং এতদবোচঃ—

"দেসেতু মে ভন্তে ভগবা ধম্মং, দেসেতু সুগতো ধম্মং, য়ং মমস্স দীঘরত্তং হিতায় সুখায়াতি। এবং বুত্তে ভগবা বাহিয়ং দারুচীরিয়ং ভগবা এতদবোচ, অকালো খো তাব বাহিয়, অন্তর-ঘরং পবিট্‌ঠম্হা পিণ্ডায়াতি। দুতিয়ম্পি খো বাহিয়ো দারুচীরিয়ো ভগবন্তং এতদবোচঃ—"দুজ্জানং খো পনেতং ভন্তে, ভগবতো বা জীবিতন্তরায়ানং ময়্হং বা জীবিতন্তরায়ানং, দেসেতু মে ভন্তে ভগবা ধম্মং, দেসেতু সুগতো ধম্মং, য়ং মমস্স দীঘরত্তং হিতায় সুখায়া"তি। দুতিয়ম্পি খো ভগবা—পে—পিণ্ডায়াতি ততিয়ম্পি খো বাহিয়ো দারুচীরিয়ো ভগবন্তং এতদবোচঃ—

---

লোকের প্রসন্নতা উৎপাদন করিতে করিতে মহাপথে চলিয়াছেন, শান্ত তাঁহার মন, শান্ত ও সংযত তাঁহার ইন্দ্রিয়, তিনি শম ও দম গুণে উত্তমরূপে বিভূষিত, তাঁহার চিত্ত সুরক্ষিত, তিনি সংযতেন্দ্রিয় ও সর্ব্বপ্রকার পাপ হইতে বিমুক্ত;—দেখিয়া যেখানে ভগবান তথায় উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া ভগবানের শ্রীচরণে শির স্থাপন পূর্ব্বক বলিলেন:—

"ভন্তে ভগবান, আমাকে ধর্ম্ম দেশনা করুন, হে সুগত, আমাকে ধর্ম্ম দেশনা করুন — যাহাতে আমার দীর্ঘকাল ধরিয়া হিত-সুখ সাধিত হয়। বাহিয় এইরূপ কহিলে ভগবান বলিলেন:—

"বাহিয়, পিণ্ডাচরণের জন্য গ্রামে প্রবেশ করিয়াছি, এখন অসময়"। দ্বিতীয়বার বাহিয় দারুচীরিয় ভগবানের নিকট প্রার্থনা করিলেন:-"ভন্তে, ভগবানের জীবনান্তরায় হয় বা আমার জীবনান্তরায় হয়, উহা জানা দুষ্কর। হে ভগবান, আমাকে ধর্ম্ম দেশনা করুন, হে সুগত আমাকে ধর্ম্ম দেশনা করুন।" এইরূপ তিনবার প্রার্থনা করিলেন।

"দুজ্জানং খো পনেতং, ভন্তে, ভগবতো বা জীবিতন্তরায়ানং মযহং বা জীবিতন্তরায়ানং, দেসেতু মে ভন্তে ভগবা ধম্মং, দেসেতু সুগতো ধম্মং, য়ং মমস্স দীঘরত্তং হিতায় সুখায়া"তি।

"তস্মা তিহ তে বাহিয় এবং সিক্খিতব্বং ঃ—দিট্ঠে দিট্ঠমত্তং ভবিস্সতি, সুতে সুতমত্তং ভবিস্সতি, মুতে মুতমত্তং ভবিস্সতি, বিঞ্ঞাতে বিঞ্ঞাতমত্তং ভবিস্সতি। এবং হি তে বাহিয় সিক্খিতব্বং য়তো খো তে বাহিয় দিট্ঠে দিট্ঠমত্তং ভবিস্সতি, সুতে সুতমত্তং ভবিস্সতি, মুতে মুতমত্তং ভবিস্সতি, বিঞ্ঞাতে বিঞ্ঞাতমত্তং ভবিস্সতি, ততো ত্বং বাহিয় ন তেন; য়তো ত্বং বাহিয় ন তেন, ততো ত্বং বাহিয় ন তত্থ, য়তো ত্বং বাহিয় ন তত্থ ততো ত্বং বাহিয় নেবিধ ন হুরং ন উভয়মন্তরেন, এসেবন্তো দুক্খস্সা"তি।

অথ খো বাহিয়স্স দারুচীরিয়স্স ভগবতো ইমায় সঙ্খিত্তায় ধম্ম দেসনায় তাবদেব অনুপাদায় আসবেহি চিত্তং বিমুচ্চি।

---

তখন ভগবান বলিলেনঃ— "হে বাহিয় তাহাহইলে এইরূপ শিক্ষা করিবে "দৃষ্টে দৃষ্ট মাত্র, শ্রুতে শ্রুত মাত্র, অনুমিতে অনুমিত মাত্র ও বিজ্ঞাতে বিজ্ঞাত মাত্র থাকিবে।" অর্থাৎ হে বাহিয়, তুমি বিষয় দেখিলে দেখিতে পার; শুনিলে শুনিতে পার এবং অবশিষ্টদ্বারে অনুমান করিলে করিতে পার কিন্তু তাহাতে আসক্ত হইও না। "হে বাহিয়,—যখন তোমার দৃষ্টে দৃষ্ট মাত্র শ্রুতে শ্রুত মাত্র, অনুমিতে অনুমিত মাত্র ও বিজ্ঞাতে বিজ্ঞাত মাত্র থাকিবে তাহাহইলে তুমি তাহাদের দ্বারা কষ্ট পাইবে না; যখন তুমি তাহাদের দ্বারা ক্লিষ্ট হইবে না, তখন তোমার মন সেখানে থাকিবে না। যখন তোমার মন সেখানে থাকিবে না, তখন তুমি ইহলোকে ও নও, পরলোকেও নও এবং ইহপর উভয়ের মধ্যেও নও, ইহাই দুঃখের অন্ত।"

ঐ সংক্ষিপ্ত ধর্ম্ম দেশনা শুনিয়াই বাহিয় দারু-চীরিয়ের চিত্ত আশ্রব মুক্ত হইল।

অথ খো ভগবা বাহিয়ং দারুচীরিয়ং ইমিনা সঙ্খিত্তেন ওবাদেন ওবদিত্বা পক্কামি। অথ খো অচিরপক্কন্তস্স ভগবতো বাহিয়ং দারুচীরিয়ং গাবী তরুণবচ্ছা অধিপতিত্বা জীবিতা বোরোপেসি। অথ খো ভগবা সাবত্থিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তো সম্বহুলেহি ভিক্খূহি সদ্ধিং নগরম্হা নিক্খমিত্বা অদ্দস বাহিয়ং দারুচীরিয়ং কালকতং, দিস্বান ভিক্খূ আমন্তেসিঃ—গণ্হথ ভিক্খবে বাহিয়স্স দারুচীরিয়স্স সরীরকং মঞ্চকং আরোপেত্বা নীহরিত্বা ঝাপেথ, থূপঞ্চস্স করোথ, সব্রহ্মচারী বো ভিক্খবে কালকতোতি। এবংভন্তেতি খো তে ভিক্খূ ভগবতো পটিস্সুত্বা বাহিয়স্স দারুচীরিয়স্স সরীরকং মঞ্চকং আরোপেত্বা নীহরিত্বা ঝাপেত্বা থূপঞ্চস্স করিত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু।

---

তখন এই সংক্ষিপ্ত দেশনায় ভগবান বাহিয় দারুচীরিয়কে উপদেশ দিয়া সেই স্থান হইতে প্রস্থান করিলেন। ভগবানের গমনের অল্পক্ষণ পরেই একটি তরুণবৎসা গাভী বাহিয় দারুচীরিয়কে শৃঙ্গাঘাতে মারিয়া ফেলিল। অনন্তর ভগবান শ্রাবস্তীতে পিণ্ডাচরণ করিয়া ভোজনান্তে ফিরিয়া বহু ভিক্ষু সমভিব্যাহারে নগর হইতে নিষ্ক্রান্ত হইয়া বাহিয় দারুচীরিয়কে মৃত অবস্থায় দেখিলেন। দেখিয়া ভিক্ষুগণকে আহ্বান করিয়া বলিলেনঃ— "হে ভিক্ষুগণ, বাহিয় দারুচীরিয়ের শরীর লইয়া মঞ্চে করিয়া দগ্ধ কর এবং স্তুপ নির্ম্মাণ কর। হে ভিক্ষুগণ! তোমাদের সব্রহ্মচারী মৃত। হাঁ ভন্তে, বলিয়া সেই ভিক্ষুগণ ভগবানের বাক্যে স্বীকৃত হইয়া, বাহিয় দারুচীরিয়ের শরীর মঞ্চে করিয়া বাহির করিলেন এবং দগ্ধ করিয়া স্তুপ নির্ম্মাণকরিলেন। তৎপর ভগবানেরা নিকট উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদন করিলেন, অভিবাদন করিয়া তাঁহারা কএপ্রান্তে উপবেশন

একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—

"দড্ঢং ভন্তে বাহিয়স্স দারুচীরিয়স্স সরীরং, থূপোচস্স কতো, তস্স কা গতি, কো অভিসম্পরায়োতি ?" "পণ্ডিতো খো ভিক্খবে বাহিয়ো দারুচীরিয়ো পচ্চপাদী ধম্মস্সানুধম্মং, ন চ মং ধম্মাধিকরণং বিহেসেসি। পরিনিব্বুতো ভিক্খবে বাহিয়ো দারুচীরিয়ো"তি অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যত্থ আপো চ পঠবী তেজো বায়ো ন গাধতি,
ন তত্থ সুক্কা জোতন্তি আদিচ্চো নপ্পকাসতি।
ন তত্থ চন্দিমা ভাতি তমো তত্থ ন বিজ্জতি
যদা চ অত্তনা বেদী মুনি মোনেন ব্রাহ্মণো
অথ রূপা অরূপা চ সুখ দুক্খা পমুচ্চতী'তি।

অয়ম্পি উদানো বুত্তো ভগবতা ইতিমে সুতন্তি ॥১০॥

বোধিবগ্গো পঠমো নিট্ঠিতো।

তস্সুদ্দানং — তয়ো চ বোধি নিগ্রোধো তে থেরা কস্সপেন চ
পাবা সঙ্গামজী জটিলা বাহিয়েন তে দসাতি।

---

করিলেন। একপ্রান্তে উপবেশন করিয়া সেই ভিক্ষুগণ ভগবানকে বলিলেন ঃ— "ভন্তে, বাহিয় দারুচীরিয়ের শরীর দাহ করা হইয়াছে তাঁহার জন্য স্তুপ ও নির্ম্মাণ করা হইয়াছে, তাঁহার কি গতি হইয়াছে ? পরলোকে তিনি কোথায় উৎপন্ন হইয়াছেন ?"

"হে ভিক্ষুগণ, বাহিয় দারুচীরিয় পণ্ডিত ধর্ম্মানুধর্ম্ম প্রতিপন্ন হইয়াছিল, আমাকেও ধর্ম্ম দেশনার জন্য কষ্ট প্রদান করে নাই, হে ভিক্ষুগণ, বাহিয় দারুচীরিয় পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে।" অতপর ভগবান সেই সময় এই অর্থ বিদিত হইয়া এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

মৃত্তিকা সলিল, অনল অনিল, নাহিক যাহার মাঝে,
শুভ্র গ্রহ তারা, শতরশ্মি ধারা, সেথায় নাহিক রাজে;
নাকরে চন্দ্রমা, কৌমুদী প্রকাশ, আঁধার তথায় নাই,
মৌনেতে যখন, সুমুনি ব্রাহ্মণ. আপনি জানেন তাই ;
তখন তাঁহার, রূপারূপে আর, মানস নিবদ্ধ নয়,
সুখ দুঃখ আদি, বেদনা হইতে, হৃদয় বিমুক্ত হয় ॥ ১০॥

# মুচলিন্দ বগ্গো দুতিয়ো।

## মুচলিন্দ-সুত্তং। ১

এবং মে সুতং একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে মুচলিন্দ-মূলে পঠমাভিসম্বুদ্ধো। তেন খো পন সময়েন ভগবা সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তিসুখ পটিসংবেদী। তেন খো পন সময়েন মহা অকালমেঘো উদপাদি, সত্তাহবদ্দলিকা সীতবাতদুদ্দিনী। অথ খো মুচলিন্দো নাগরাজা সকভবনা নিক্খমিত্বা ভগবতো কায়ং সত্তক্খত্তুং ভোগেহি পরিক্খিপিত্বা উপরি মুদ্ধনি মহন্তং ফণং বিহচ্চ অট্ঠাসিঃ—মা ভগবন্তং, সীতং মা ভগবন্তং উণ্হং, মা ভগবন্তং ডংস মকস বাতাতপ সিরিংসপ সম্ফস্সো'তি।

---

### মুচলিন্দ-সূত্র। ১

আমি এইরূপ শুনিয়াছি :— এক সময় ভগবান বুদ্ধত্ব লাভ করিয়া প্রথমত উরুবেলায় নেরঞ্জরা নদীতীরে মুচলিন্দ নামক বৃক্ষ মূলে বাস করেন। তৎকালে তিনি বিমুক্তিসুখ অনুভব করিতে করিতে সপ্তাহকাল একাসনে বসিয়া থাকেন। সেই সময় অকাল মেঘ উঠিয়া এক সপ্তাহ যাবৎ খুব বৃষ্টি হইয়াছিল এবং শীতল বাতাস বহিয়া দুর্দ্দিন উৎপাদন করিয়াছিল। তখন মুচলিন্দ নাগরাজা স্বগৃহ হইতে বাহির হইয়া তাহার ভোগের দ্বারা ভগবানের শরীর সাতবার বেড়াইয়া তাঁহার শিরের উপর মহাফণা বিস্তার করিয়া দাঁড়াইয়াছিল যেন ভগবানকে শীত, গ্রীষ্ম, দংশ, মশক, বায়ু ও উত্তাপ স্পর্শ করিতে না পারে।

অথখো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্ঠাসি। অথখো মুচলিন্দো নাগরাজা বিদ্ধং বিগত-বলাহকং দেবং বিদিত্বা, ভগবতো কায়া ভোগে বিনিবেঠেত্বা সকবণ্ণং পটিসংহরিত্বা মাণবকবণ্ণং অভিনিম্মিণিত্বা ভগবতো পুরতো অট্ঠাসি পঞ্জলিকেন ভগবন্তং নমস্সমানো, অথখো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি।

সুখো বিবেকো তুট্ঠস্স সুত ধম্মস্স পস্সতো,
অব্যাপজ্জং[১] সুখং লোকে পাণভূতেসু সংয়মো।
সুখা বিরাগতা লোকে কামানং সমতিক্কমো,
অস্মিমানস্স যো বিনয়ো এতং বে পরমং সুখং ॥১১॥

---

অনন্তর সেই সপ্তাহ অতীত হইলে ভগবান সেই সমাধি হইতে উঠিলেন। তখন মেঘ চলিয়া গিয়াছে। মুচলিন্দ নাগরাজা ভগবানের শরীর ছাড়িয়া স্বীয়রূপ পরিত্যাগ করত কুমাররূপ ধরিল; এবং ভগবানের সম্মুখে আসিয়া করজোড়ে দাঁড়াইয়া রহিল। ভগবান তৎকালে বিবেক সুখের এই প্রকার সত্যার্থ অবগত হইয়া এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন:—

বিবেক তুষ্টের সুখ শ্রুতির দর্শনে,
অনসূয়া সুখ লোকে দয়া প্রাণিগণে;
সংসারে বৈরাগ্য সুখ কাম অতিক্রম.
অস্মি-মান পরিত্যাগ এ'সুখ পরম।

---

১। দ্রঃ  ২। অব্যাপজ্ঝং — কোন কোন পুস্তকে।

# রাজ-সুত্তং । ২

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলানং ভিক্খূনং পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তানং উপট্ঠান সালায়ং সন্নি-সিন্নানং সন্নিপতিতানং অয়মন্তরা কথা উদপাদি। কো নু খো আবুসো ইমেসং দ্বিন্নং রাজূনং মহদ্ধনতরো বা মহাভোগতরো বা মহাকোসতরো বা মহাবিজিততরো বা মহাবাহনতরো বা মহব্বল-তরো বা মহিদ্ধিকতরো বা মহানুভাবতরো বা রাজা বা মাগধো সেনিয়ো বিম্বিসারো রাজা বা পসেনদি কোসলোতি। অয়ঞ্চরহি তেসং ভিক্খূনং অন্তরা কথা হোতি বিপ্পকতা। অথ খো ভগবা সায়ণ্হ সময়ং পটিসল্লানা বুট্ঠিতো যেনুপট্ঠানসালা তেনুপসঙ্কমি।

---

## রাজ-সূত্র। ২

আমি এইরূপ শুনিয়াছি ঃ— এক সময় ভগবান শ্রাবস্তী নগরে অনাথ পিণ্ডিক শ্রেষ্ঠী-নির্ম্মিত জেতবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে অনেকজন ভিক্ষু ভিক্ষা হইতে ফিরিয়া আসিয়া অতিথি শালায় বসিয়া এইরূপ কথাবার্ত্তা বলিতে লাগিলেন "বন্ধুগণ, বহু সৈন্যাধীশ্বর মগধরাজ বিম্বিসার ও কোশলরাজ পসেনদি এই দুই রাজার মধ্যে কাহার ধন সম্পত্তি বেশী, কাহার ভোগ সম্পত্তি বেশী, কাহার ধনভাণ্ডার মহৎ, কাহার রাজ্য ও বল বাহন বেশী, কাহার ঋদ্ধি শক্তি বেশী এবং কাহার প্রভাব বেশী?" তাঁহাদের মধ্যে উক্ত প্রকারের কথা হইতেছিল, এমন সময় ভগবান সায়ংকালীন্ ধ্যান হইতে উঠিয়া অতিথিশালার দিকে গমন করিলেন। (ভগবান বুদ্ধের জীবিতাবস্থায় প্রায় সর্ব্বত্র বুদ্ধাসন পাতা থাকিত)

উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। নিসজ্জ খো ভগবা ভিক্খূ আমন্তেসি ঃ—

"কায়নুত্থ ভিক্খবে এতরহি কথায় সন্নিসিন্না সন্নিপতিতা, কাচ পন বো অন্তরা কথা বিপ্পকতা"তি। ইধ ভন্তে অম্হাকম্পি পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তানং উপট্ঠানসালায়ং সন্নিসিন্নানং সন্নিপতিতানং অয়মন্তরাকথা উদপাদি ঃ—"কো নু খো আবুসো ইমেসং দ্বিন্নং রাজূনং মহদ্ধনতরো বা মহাভোগতরো বা মহাকোস-তরো বা মহাবিজিততরো বা মহাবাহনতরো বা মহব্বলতরো বা মহিদ্ধিকতরো বা মহানুভাবতরো বা রাজা বা মাগধো সেনিয়ো বিম্বিসারো, রাজা বা পসেনদি কোসলোতি। অয়ং খো নো ভন্তে অন্তরাকথা বিপ্পকতা। অথ খো ভগবা অনুপ্পত্তো''তি।

নখ্বেতং ভিক্খবে তুম্হাকং পতিরূপং কুলপুত্তানং, সদ্ধা অগারস্মা অনগারিয়ং পব্বজিতানং য়ং তুম্হে এবরূপিং কথং কথেয়্যাথ।

---

এবং অতিথিশালায় যেই বুদ্ধাসন পাতিয়া রাখা হইত উহাতে বসিলেন, বসিয়া ভগবান ভিক্ষুগণকে সম্বোধন করিয়া বলিলেন,

"ভিক্ষুগণ, এখন একত্রে বসিয়া তোমরা কোন্ কথা বলিতেছ ? তোমাদের মধ্যে কোন কথা অসমাপ্ত রহিল ? "ভন্তে আমরা ভিক্ষা হইতে ফিরিয়া আসিয়া অতিথিশালায় বসিলে আমাদের মধ্যে এইরূপ কথাবার্ত্তা হইতেছিল "বন্ধুগণ, বহু সৈন্যাধীশ্বর মগধরাজ বিম্বিসার বা কোশলরাজ পসেনদী এই দুই রাজার মধ্যে কাহার ধন সম্পত্তি বেশী, কাহার ভোগ সম্পত্তি বেশী, কাহার ধন ভাণ্ডার মহৎ, কাহার রাজ্য ও বল বাহন বেশী, কাহার ঋদ্ধি শক্তি বেশী, কাহার প্রভাব বেশী ? আমাদের মধ্যে এইরূপ কথাবার্ত্তা হইতেছিল, এমন সময় ভগবান আসিলেন।"

"হে ভিক্ষুগণ, তোমরা দুঃখ হইতে মুক্ত হইবার জন্য শ্রদ্ধার সহিত প্রব্রজিত হইয়াছ। তোমাদের ন্যায় কুলপুত্রগণের গৃহ হইতে অনাগারে প্রব্রজিত হইয়া গৃহীজনোচিৎ তিরচ্ছান কথা (তীর্য্যগ কথা) বলা অনুচিৎ।"

সন্নিপাতিতানং বো ভিক্খবে দ্বয়ং করণীয়ং, ধম্মী বা[1] কথা অরিয়ো বা তুণ্হী ভাবো'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি:—

যঞ্চ কাম-সুখং লোকে, যঞ্চাপি দিবিয়ং সুখং,
তণ্হা-ক্খয়-সুখস্সেতং কলং নাগ্ঘতি সোল্‌সিন্তি ॥ ১২ ॥

---

# দণ্ড-সুত্তং। ৩

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলা কুমারকা অন্তরা চ সাবত্থিং অন্তরা চ জেতবনং অহিং দণ্ডেন হনন্তি। অথ খো ভগবা পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায়

---

"হে ভিক্ষুগণ! তোমরা একত্রিত হইলে তোমাদের দুইটী কর্ত্তব্য, হয়তঃ ধর্ম্মকথা কহিবে, না হয় আর্য্য বা শুদ্ধ পুরুষবৎ ধ্যানে মৌন থাকিবে।" অতঃপর ভগবান সেই ভিক্ষুগণের কথোপকথন হইতে ধ্যানাদি সম্পত্তি অনেক গুণে শ্রেষ্ঠ, এই অর্থ সর্ব্বতোভাবে অবগত হইয়া তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন:—

সকল তৃষ্ণার ক্ষয়ে, এত সুখ অনন্ত অপার,
কাম আর স্বর্গ সুখ নহে ভবে ষোড়শাংশ তার।

---

## দণ্ড-সূত্র। ৩

শ্রাবস্তী নিদান:—

তৎকালে অনেকজন ছেলে শ্রাবস্তী ও জেতবনের মধ্যবর্ত্তী স্থানে লাঠির দ্বারা সাপ মারিতেছিল। ভগবান পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান করিয়া পাত্র-চীবর গ্রহণ পূর্ব্বক শ্রাবস্তীতে পিণ্ডপাতে প্রবেশ করিলেন।

১। ব্রঃ, ধম্মীকথা

সাবত্থিং পিণ্ডায় পাবিসি। অদ্দসা খো ভগবা সম্বহুলে কুমারকে অন্তরা চ সাবত্থিং অন্তরা চ জেতবনং অহিং দণ্ডেন হনন্তে। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

সুখকামানি ভূতানি য়ো দণ্ডেন বিহিংসতি
অত্তনো সুখমেসানো পেচ্চ সো ন লভতে সুখং।
সুখকামানি ভূতানি য়ো দণ্ডেন ন হিংসতি,
অত্তনো সুখমেসানো পেচ্চ সো লভতে সুখন্তি ॥১৩॥

---

## সক্কার-সুত্তং। ৪

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন ভগবা সক্কতো হোতি গরুকতো মানিতো পূজিতো অপচিতো,

---

তিনি দেখিলেন যে অনেকজন ছেলে উক্ত স্থানে লাঠির দ্বারা সাপ মারিতেছে। ভগবান জীবহিংসার দোষ ও প্রাণীহত্যা-বিরতির গুণ চিন্তা করিয়া সর্ব্বতোভাবে তদর্থ অবগত হইলেন এবং তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন ঃ—

সুখ কামী এই জীবগণ, জীবগণে করিয়া প্রহার,
সুখ কেহ করিলে সন্ধান, হইবেনা সুখ লাভ তার।
সুখ কামী এই জীবগণ, জীবগণে না করি প্রহার,
সুখ কেহ করিলে সন্ধান, সুখ লাভ হইবে তাহার ॥ ১৩॥

---

**সৎকার-সূত্র। ৪**

শ্রাবস্তী নিদান ঃ— ভক্তগণ তৎকালে ভগবানের খুব পূজা-সৎকার, গৌরব সম্মান ও সেবা শুশ্রূষা করিতেছিল। তাঁহাকে যথেষ্ট

লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, ভিক্খুসঙ্ঘো'পি সক্কতো হোতি গরুকতো মানিতে পূজিতো অপচিতো, লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, অঞ্ঞতিত্থিয়া[১] পন পরিব্বাজকা অসক্কতা হোন্তি অগরুকতা অমানিতা অপূজিতা অনপচিতা, ন লাভিনো চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, অথ খো তে অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা ভগবতো সক্কারং অসহমানা ভিক্খুসঙ্ঘস্স চ, গামে চ অরঞ্ঞে চ ভিক্খূ দিস্বা অসব্ভাহি ফরুসাহি বাচাহি অক্কোসন্তি পরিভাসন্তি রোসেন্তি বিহেসেন্তি। অথ খো সম্বহুলা ভিক্খূ য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু, একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুংঃ—

---

চীবর, পিণ্ডপাত, শয়নাসন ও ঔষধ পথ্যাদি দান করিতেছিল। ভিক্ষুসঙ্ঘেরও খুব পূজা সৎকার, গৌরব সম্মান ও সেবা শুশ্রূষা করিতেছিল এবং প্রচুর চীবর, পিণ্ডপাত, শয়নাসন ও ঔষধ পথ্যাদি তাঁহাদিগকে দান করিতেছিল। অন্যতির্থিয় পরিব্রাজকগণ পূজা সৎকার, গৌরব সম্মান ও সেবা শুশ্রূষা হারা হইয়াছিল। তাহারা চীবর পিণ্ডপাত. শয়নাসন ও ঔষধ পথ্যাদি পাইতেছিলনা। তখন তাহারা ভগবান ও ভিক্ষু-সঙ্ঘের পূজা সৎকার সহ্য করিতে না পারিয়া গ্রামে অথবা বনে ভিক্ষু দেখিলে অসভ্য-জনোচিৎ কর্কশ বাক্যে আক্রোশ, গালাগালি, হিংসা ও দুঃখ প্রদান করিতে লাগিল। তৎকালে অনেকজন ভিক্ষু ভগবানের কাছে গিয়া অভিবাদন পূর্ব্বক একপার্শ্বে বসিয়া বলিলেনঃ—

---

১। বিধর্ম্মী দিগকে পালিতে অঞ্ঞতিত্থিয়া বলা হইয়াছে।

এতরহি ভন্তে ভগবা সক্কতো গরুকতো মানিতো পূজিতো অপচিতো, লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, ভিক্খুসঙ্ঘো'পি সক্কতো গরুকতো মানিতে পূজিতো অপচিতো, লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, অঞ্ঞতিত্থিয়া পন পরিব্বাজকা অসক্কতা অগরুকতা অমানিতা অপূজিতা অনপচিতা, ন লাভিনো চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং, অথ খো তে ভন্তে অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা ভগবতো সক্কারং অসহমানা ভিক্খুসঙ্ঘস্স চ, গামে চ অরঞ্ঞে চ ভিক্খু দিস্বা অসব্ভাহি ফরুসাহি বাচাহি অক্কোসন্তি পরিভাসন্তি রোসন্তি বিহেসেন্তী'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

---

"ভন্তে ভগবান আপনি এখন খুব পূজা সৎকার, গৌরব সম্মান, ও সেবা শুশ্রূষা পাইতেছেন চীবর পিণ্ডপাত, শয়নাসন ও ঔষধ পথ্যাদি ও যথেষ্ট লাভ করিতেছেন। ভিক্ষু-সঙ্ঘও খুব পূজা সৎকার, গৌরব সম্মান ও সেবা শুশ্রূষা পাইতেছেন। চীবর পিণ্ডপাত, শয়নাসন ও ঔষধ পথ্যাদিও যথেষ্ট লাভ করিতেছেন। অন্যতির্থিয় পরিব্রাজকগণ পূজা সৎকার, গৌরব সম্মান ও সেবা শুশ্রূষা সকল হারাইয়াছে। চীবর পিণ্ডপাত শয়নাসন এবং ঔষধ পথ্যাদিও পাইতেছেনা। ভন্তে, অন্যতির্থিয় পরিব্রাজকেরা ভগবানের ও ভিক্ষু-সঙ্ঘের পূজা সৎকার সহিতে না পারিয়া গ্রামে কিংবা বনে ভিক্ষু দেখিলে অসভ্যের ন্যায় কর্কশ বাক্যের দ্বারা আক্রোশ, গালাগালি, হিংসা ও দুঃখ প্রদান করিতে আরম্ভ করিয়াছে। ঈর্ষা-প্রকৃতি তির্থিয়দিগের এইরূপ দুরাচার বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন ঃ—

গামে অরঞ্ঞে সুখদুক্খ ফুট্ঠো
নেবত্ততো নো পরতো দহেথ,
ফুসন্তি ফস্সা উপধিং পটিচ্চ—
নিরুপধিং কেন ফুসয্যুং ফস্সা'তি॥ ১৪॥

## উপাসক-সুত্তং ।৫

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন অঞ্ঞতরো ইচ্ছানঙ্গলকো উপাসকো সাবত্থিং অনুপ্পত্তো হোতি কেনচিদেব করণীয়েন। অথ খো সো উপাসকো সাবত্থিয়ং তং করণীয়ং তীরেত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো তং উপাসকং ভগবা এতদবোচঃ— "চিরস্সং খো ত্বং উপাসক ইমং পরিয়ায়মকাসি য়দিদং ইধাগমনায়া"তি "চিরপটিকাহং ভন্তে,

---

গ্রামে কিংবা অরণ্যে, সুখ দুঃখ লভিয়া,
না ভাবিও স্বকৃত বা, পরকৃত বলিয়া।
সুখ দুঃখ স্পর্শ— স্কন্ধের কারণে,
নিরুপধি জনে তাহা পরশিবে কেমনে?

### উপাসক-সূত্র। ৫

শ্রাবস্তী নিদান ঃ—

তৎকালে ইচ্ছানঙ্গল গ্রামের একজন উপাসক কোনও কার্য্য উপলক্ষে শ্রাবস্তীতে উপস্থিত হইয়াছিল। সে তথায় স্বীয় কর্ত্তব্য শেষ করিয়া ভগবানের নিকট উপস্থিত হইল এবং তাঁহাকে বন্দনা করিয়া একপ্রান্তে বসিল। তখন ভগবান তাহাকে বলিলেন, "উপাসক, অনেক দিনের পর আসিলে যে?" উপাসক বলিল—" ভন্তে, আমি বহুদিন হইতে ভগবানকে

ভগবন্তং দস্সনায় উপসঙ্কমিতুকামো, অপিচাহং কেহিচি কেহিচি কিচ্চ-করণীয়েহি ব্যাবটো এবাহং নাসক্খিং ভগবন্তং দস্সনায় উপসঙ্কমিতুন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

সুখং বত তস্স ন হোতি কিঞ্চি
সঙ্খাত-ধম্মস্স বহু-স্সুতস্স —
সকিঞ্চনং পস্স বিহঞ্ঞমানং
জনো জনস্মিং পটিবদ্ধরূপো'তি ॥ ১৫॥

---

## গব্ভিনি-সুত্তং। ৬

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন

---

দর্শন করিবার জন্য ইচ্ছা পোষণ করিতেছিলাম, কিন্তু কোন না কোন কর্ত্তব্য কর্ম্মে বিব্রত থাকায় ভগবানকে দর্শন করিবার জন্য আসিতে পারি নাই। দুর্লভ বুদ্ধ উৎপত্তিকালে দুর্লভ মনুষ্য জন্ম লাভ করিয়াও কামনা বহুলতার জন্য কামুকেরা বুদ্ধ পূজা ধর্ম্ম শ্রবণাদি পুণ্যকার্য্যের অবসর পায় না, কিন্তু নিষ্কাম ব্যক্তিরা নিত্যই ঐ সকল সৎকার্য্যে সুযোগ পাইয়া থাকেন. এই অর্থ ভগবান সর্ব্বতোভাবে অবগত হইয়া তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিলেনঃ—

কোন বিষয়ের প্রতি তৃষ্ণা যাঁর নাহি ভব মাঝে—
একান্তই সুখী তিনি, বহুশ্রুত, কৃতকার্য্য কাযে।
তৃষ্ণা-বৃত লোক দেখ, এক জন অপরের প্রতি
হইয়া আসক্ত চিত্ত দুঃখভোগ করিতেছে অতি ॥ ১৫॥

অঞ্ঞতরস্স পরিব্বাজকস্স দহরা মানবিকা পজাপতি হোতি গব্ভিনী উপবিজঞ্ঞা। অথ খো সা পরিব্বাজিকা তং পরিব্বাজকং এতদবোচঃ—"গচ্ছ ত্বং ব্রাহ্মণ, তেলং আহর, য়ং মে বিজাতায় ভবিস্সতী"তি। এবং বুত্তে সো পরিব্বাজকো তং পরিব্বাজিকং এতদবোচ ঃ— কুতো পনাহং ভোতি, তেলং আহরামী'তি? দুতিয়ম্পি খো সা পরিব্বাজিকা—পে—ভবিস্সতী"তি। দুতিয়ম্পি খো সো পরিব্বাজকো তং পরিব্বাজিকং এতদবোচ, ঃ—"কুতো পনাহং ভোতি, তেলং আহরামী"তি। ততিয়ম্পি খো সা পরিব্বাজিকা তং পরিব্বাজকং এতদবোচ,"গচ্ছ —পে—ভবিস্সতী"তি।

তেন খো পন সময়েন রঞ্ঞো পসেনদিস্স কোসলস্স কোট্ঠাগারে সমণস্স বা ব্রাহ্মণস্স বা সপ্পিস্স বা তেলস্স বা য়াবদত্থং পাতুং দীয়্যতি নো নীহরিতুং। অথ খো তস্স পরিব্বাজকস্স এতদহোসি, "রঞ্ঞো খো পন পসেনদিস্স কোসলস্স কোট্ঠাগারে সমণস্স বা ব্রাহ্মণস্স বা সপ্পিস্স বা তেলস্স বা য়াবদত্থং পাতুং

---

## গর্ভিণী-সূত্র। ৬

শ্রাবস্তী-নিদান ঃ—

তৎকালে এক পরিব্রাজকের তরুণী ভার্য্যা গর্ভিণী হইয়াছিল। প্রসবের সময় আসন্ন হইলে সেই পরিব্রাজিকা পরিব্রাজককে বলিল ঃ— "হে ব্রাহ্মণ, তৈল লইয়া আস, যাহাতে আমার সন্তান প্রসব হইলে উপকার হইবে।" এইরূপ বলিলে সেই পরিব্রাজক ঐ পরিব্রাজিকাকে বলিল ভদ্রে, আমি তৈল কোথায় পাইব?" পরিব্রাজিকা তথাপি পুনঃ পুনঃ তৈল আনিতে বলিল। তৎকালে রাজা পসেনদিকোসল তাঁহার খাদ্য ভাণ্ডার।হইতে শ্রমণ ব্রাহ্মণগণকে যথেচ্ছা ঘৃত ও তৈল পান করিতে দিতেন কিন্তু লইয়া যাইতে দিতেন না। সেই পরিব্রাজক ভাবিলঃ— 'রাজা পসেনদিকোসল তাঁহার খাদ্যভাণ্ডার হইতে ঘৃত ও তৈল যথেচ্ছা পান করিতে দেন কিন্তু আনিতে দেন না। রাজা

দীয়্যতি নো নীহরিতুং, য়ন্নূনাহং রঞ্ঞো পসেনদিস্স কোসলস্স কোট্ঠাগারং গন্ত্বা তেলস্স য়াবদত্থং পিবিত্বা ঘরং আগন্ত্বা উগ্গিরিত্বান[১] দদেয়্যং, য়ং ইমিস্সা বিজাতায় ভবিস্সতী”তি। অথ খো সো পরিব্বাজকো রঞ্ঞো পসেনদিস্স কোট্ঠাগারং গন্ত্বা তেলস্স য়াবদত্থং পিবিত্বা ঘরং আগন্ত্বা নেব সক্কোতি উদ্ধং কাতুং ন পন অধো, সো দুক্খাহি তিব্বাহি খরাহি কটুকাহি বেদনাহি ফুট্ঠো আবট্টতি পরিবট্টতি। অথ খো ভগবা পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সাবত্থিং পিণ্ডায় পাবিসি। অদ্দসা খো ভগবা তং পরিব্বাজকং দুক্খাহি তিব্বাহি খরাহি কটুকাহি বেদনাহি ফুট্ঠং আবট্টমানং পরিবট্টমানং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

সুখিনো বত য়ে জনা অকিঞ্চনা, বেদগুনো হি জনা অকিঞ্চনা;
সকিঞ্চনং পস্স বিহঞ্ঞমানং, জনো জনস্মিং পটিবদ্ধ চিত্তো’তি॥১৬

---

পসেনদি কোসলের ভাণ্ডার ঘরে যাইয়া বহুপরিমাণে তৈল পান করিব ও ঘরে আসিয়া উহা বমি করিয়া দিব। তাহা প্রসবান্তে ইহার কাজে লাগিবে।” অনন্তর সেই পরিব্রাজক রাজা পসেনদিকোসলের ভাণ্ডার ঘরে প্রচুর পরিমাণে তৈল পান করিল, কিন্তু গৃহে ফিরিয়া আসিয়া বমনও করিতে পারিল না, বিরেচনও করিতে পারিল না। সে তীব্র কঠোর ও বিষম দুঃখ পাইতে লাগিল। সে দুঃখে অধীর হইয়া এপাশ ওপাশ উলটপুলট করিতে লাগিল। ভগবান পূর্ব্বাহ্নে অন্তর্বাস পরিধান পূর্ব্বক পাত্র-চীবর লইয়া শ্রাবস্তীতে ভিক্ষা করিবার সময় তাহার ঐ দুর্দ্দশা দেখিলেন। কামুকের ভোজনে অজ্ঞতা হেতু দুঃখ হয়, কিন্তু নিষ্কামের হয় না, ভগবান এতদর্থ সম্পূর্ণ অবগত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন।

কোন বিষয়ের প্রতি তৃষ্ণা নাই যাহাদের ভবে.
একান্তই সুখী তারা আর্য্য-মার্গবেদজ্ঞান লভে।
তৃষ্ণা যুক্ত লোক-দেখ একজন অপরের প্রতি—
হইয়া আসক্ত চিত্ত,দুঃখ ভোগ করিতেছে অতি।

# একপুত্ত-সুত্তং । ৭

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন অঞ্ঞতরস্স উপাসকস্স একপুত্তকো পিয়ো মনাপো কালকতো হোতি। অথ খো সম্বহুলা উপাসকা অল্লবত্থা অল্লকেসা দিবা দিবস্স য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্নে খো তে উপাসকে ভগবা এতদবোচঃ— কিন্নু খো তুম্হে উপাসকা অল্লবত্থা অল্লকেসা ইধূপসঙ্কমন্তা দিবা দিবস্সা'তি। এবং বুত্তে সো উপাসকো ভগবন্তং এতদবোচঃ— "মযহং খো ভন্তে একপুত্তকোসি পিয়ো মনাপো কালকতো, তেন ময়ং অল্লবত্থা অল্লকেসা ইধূ-

---

## একপুত্র সূত্র। ৭

শ্রাবস্তীনিদান—

তৎকালে কোন এক উপাসকের একমাত্র প্রিয় মনোজ্ঞ পুত্র মৃত্যু-মুখে পতিত হয়। তখন বহু উপাসক ভিজা কাপড়ে ভিজা চুলে দিন-দুপুরে ভগবানের নিকট উপস্থিত হইয়াছিল। তাহারা ভগবানকে বন্দনা করিয়া এক পার্শ্বে বসিলে ভগবান তাহাদিগকে বলিলেন— "হে উপাসকগণ তোমরা ভিজা কাপড়ে ভিজা চুলে দিন-দুপুরে কেন এখানে আসিয়াছ?" তখন সেই উপাসক ভগবানকে বলিল; ভন্তে, আমার একমাত্র প্রিয়মনোজ্ঞ পুত্রের মৃত্যু হইয়াছে. তাই আমরা ভিজা কাপড়ে ভিজা চুলে দিন-দুপুরে এখানে আসিয়াছি। প্রিয়বস্তুর প্রতি মনের যে টান তাহাই দুঃখ, কেন না সেই প্রিয়ের সহিত যখন বিচ্ছেদ হইতে হয়, তখন তাহা প্রাণে আর সহ্য হয় না; কিন্তু যাহারা সংসারে প্রিয় বস্তুর প্রতি আসক্তি বিহীন, তাহাদের প্রিয় বিচ্ছেদে

পসঙ্কমন্তা দিবাদিবস্সা'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

পিয়রূপ সাতগধিতাসে দেবকায়া, পুথু মনুস্সা চ,
অঘাবিনো পরিজুন্না মচ্চু রাজস্স বসং গচ্ছন্তি।
য়ে বে দিবা চ রত্তো চ অপ্পমত্তা জহন্তি পিয়রূপং,
তে বে খণন্তি অঘমূলং মচ্চুনো আমিসং দুরতিবত্তন্তি॥১৭॥

## সুপ্পবাসা-সুত্তং। ৮

এবং মে সুতং — একং সময়ং ভগবা কুণ্ডিয়ায়ং বিহরতি কুণ্ডধানবনে। তেন খো পন সময়েন সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তবস্সানি গব্ভং ধারেতি সত্তাহং মূল্‌হগব্ভা, সা দুক্খাহি তিব্বাহি খরাহি কটুকাহি বেদনাহি ফুট্‌ঠা তীহি বিতক্কেহি অধিবাসেতি 'সম্মাসম্বুদ্ধো বত সো ভগবা য়ো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায়

---

দুঃখ বোধ হয় না, তদর্থ ভগবান সর্ব্বপ্রকারে বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন।

ক্ষণিক-মধুর মনোরমে গ্রথিত মানব দেববহু.
দুঃখিত নিহীন হয়ে তারা যেতেছে মরণ রাজ বশে।
দিবস রজনী স্মৃতি যোগে ত্যজিছে মধুর কাম যারা,
তাহারা দুস্তর যম-ভোগ, করিছে খনন দুঃখ-মূল॥১৭॥

### সুপ্পবাসা-সূত্র। ৮

আমি এইরূপ শুনিয়াছি এক সময় ভগবান কুণ্ডিয়াতে কুণ্ডধান বনে বাস করিতেছিলেন। তৎকালে কোলীয় কন্যা সুপ্পবাসা সাত বৎসর গর্ভ ধারণ করিয়া, সপ্তাহ ধরিয়া যন্ত্রণায় অস্থির ছিল। সে তীব্র কঠোর দুঃসহ বেদনায় পীড়িতা হইয়া তিন প্রকারের বিতর্ক করিতে করিতে তাহা সহ্য করিতেছিল। "একান্তই সেই ভগবান সম্যক সম্বুদ্ধ যিনি এইরূপ দুঃখ পরিত্যাগের জন্য ধর্ম্ম-দেশনা করেন। একান্তই সুপথ-গামী

ধম্মং দেসেতি, সুপটিপন্নো বত তস্স ভগবতো সাবকসঙ্ঘো যো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায় পটিপন্নো, সুসুখং বত তং নিব্বানং যত্থিদং এবরূপং দুক্খং ন সংবিজ্জতী'তি। অথ খো সুপ্পবাসা কোলিয় ধীতা সামিকং আমন্তেসি, এহি ত্বং অয্যপুত্ত, য়েন ভগবা তেনুপসঙ্কম উপসঙ্কমিত্বা মম বচনেন ভগবতো পাদে সিরসা বন্দাহি, অপ্পা-বাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছ, "সুপ্পবাসা ভন্তে কোলিয়-ধীতা ভগবতো পাদে সিরসা বন্দতি অপ্পাবাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছতী"তি। এবঞ্চ বদেহি, "সুপ্পবাসা ভন্তে কোলিয়-ধীতা সত্তবস্সানি গব্ভং ধারেতি সত্তাহং মূল্‌হ-গব্ভা। সা দুক্খাহি তিব্বাহি খরাহি কটুকাহি বেদনাহি ফুট্ঠা তীহি বিতক্কেহি অধিবাসেতিঃ— "সম্মাসম্বুদ্ধো বত সো ভগবা যো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায় ধম্মং দেসেতি, সুপটিপন্নো বত তস্স ভগবতো সাবকসঙ্ঘো যো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায় পটিপন্নো; সুসুখং বত তং নিব্বানং যত্থিদং

---

তাঁহার শিষ্য-ভিক্ষুগণ যাঁহারা এইরূপ দুঃখ পরিত্যাগের জন্য যথাধর্ম্ম আচরণ করিতেছেন। একান্তই সুখের সেই নির্ব্বাণ যাহাতে এইরূপ দুঃখ নাই। অনন্তর সুপ্পবাসা কোলিয়কন্যা স্বামীকে সম্বোধন করিয়া বলিল, আর্য্যপুত্র! আপনি ভগবানের কাছে যাইয়া (আমার হইয়া) আমি বন্দনা করিতেছি বলিয়া অবনতশিরে ভগবানের পদে বন্দনা করুন, তিনি সুখে আছেন কিনা, তাঁহার রোগাদি ভয় নাই কিনা, সুস্থ শরীরে সুখে স্বচ্ছন্দে কাল যাপন করিতেছেন কিনা, জিজ্ঞাসা করুন এবং বলুন ঃ— "ভন্তে, কোলিয়ধীতা সুপ্পবাসা সাত বৎসর ব্যাপিয়া গর্ভ ধারণকরিতেছে। সে এক সপ্তাহ পর্য্যন্ত যন্ত্রণায় অস্থির হইয়াছে। সে তীব্র কঠোর বিষম দুঃখে পীড়িতা হইয়া রত্ন ত্রয়ের গুণ বিতর্ক করিতে করিতে তাহা সহ্য করিতেছে ···(পূর্ব্ববৎ)। "আচ্ছা" বলিয়া সেই কোলিয়পুত্র সুপ্পবাসা

এবরূপং দুক্খং ন সংবিজ্জতী'তি। 'পরমন্তি' খো সো কোলিয়-পুত্তো সুপ্পবাসায় কোলিয়ধীতায় পটিস্সুণিত্বা য়েন ভগবা তেনুপ-সঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো সো কোলিয়-পুত্তো ভগবন্তং এতদবোচ, "সুপ্পবাসা ভন্তে, কোলিয়ধীতা ভগবতো পাদে সিরসা বন্দতি। অপ্পাবাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছতি। এবঞ্চ বদেতিঃ— সুপ্পবাসা ভন্তে কোলিয় ধীতা সত্তবস্সানি গব্ভং ধারেতি সত্তাহং মূলহগব্ভা। সা দুক্খাহি তিব্বাহি খরাহি কটুকাহি বেদনাহি ফুট্ঠা তীহি বিতক্কেহি অধিবাসেতি, "সম্মাসম্বুদ্ধো বত সো ভগবা য়ো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায় ধম্মং দেসেতি। সুপটি-পন্নো বত তস্স ভগবতো সাবকসঙ্ঘো য়ো ইমস্স এবরূপস্স দুক্খস্স পহানায় পটিপন্নো। সুসুখং বত তং নিব্বানং য়ত্থিদং এবরূপং দুক্খং ন সংবিজ্জতী"তি। "সুখিনী হোতু সুপ্পবাসা কোলিয়-

---

কোলিয় কন্যার কাছে স্বীকার করিয়া ভগবানের নিকট উপস্থিত হইল। তৎপর ভগবানকে বন্দনা করিয়া একপাশে বসিয়া, বলিতে লাগিলঃ— ভন্তে, সুপ্পবাসা কোলীয়কন্যা ভগবানের শ্রীচরণে অবনত শিরে বন্দনা করিতেছে। সে ভগবানের আরোগ্য, নির্ভয়তা ও সুখ-স্বচ্ছন্দতা জিজ্ঞাসা করিতেছে এবং বলিতেছেঃ—ভন্তে, সুপ্পবাসা কোলীয় কন্যা সাত বৎসর গর্ভ ধারণ করিয়া, সাত দিন যন্ত্রনায় অস্থির ছিল, এখন অত্যন্ত তীব্র কঠোর বিষম দুঃখে পীড়িতা হইয়া তিন প্রকারের বিতর্কের দ্বারা তাহা সহ্য করিতেছেঃ—একান্তই সেই ভগবান, সম্যকসম্বুদ্ধ যিনি এইরূপ (গর্ভবেদনা) দুঃখ পরিত্যাগের জন্য ধর্ম্ম দেশনা করিতেছেন। একান্তই ভগবানের ভিক্ষুসঙ্ঘ সুপথগামী, যাঁহারা এইরূপ দুঃখ পরিত্যাগের জন্য যথাধর্ম্ম আচরণ করিতেছে। সেই নির্ব্বাণ একান্তই সুখময় যাহাতে এই প্রকারের দুঃখ নাই।" "সুপ্পবাসা কোলীয়ধীতা সুখিনী নীরোগিনী

ধীতা অরোগা, অরোগং পুত্তং বিজায়তূ” তি। সহবচনা চ পন ভগবতো সুপ্পবাসা কোলিয়ধীতা সুখিনী অরোগা অরোগং পুত্তং বিজায়ি। এবম্ভন্তে’তি খো সো কোলিয়-পুত্তো ভগবতো ভাসিতং অভিনন্দিত্বা অনুমোদিত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা য়েন সকং ঘরং পচ্চায়াসি।

অদ্দসা খো কোলিয়-পুত্তো সুপ্পবাসং কোলিয়ধীতরং সুখিনিং অরোগং অরোগং পুত্তং বিজাতং। দিস্বানস্স এতদহোসি ঃ— “অচ্ছরিয়ং বত ভো! অব্ভুতং বত ভো! তথাগতস্স মহিদ্ধিকতা মহানুভাবতা, য়ত্র হি নামায়ং সুপ্পবাসা কোলিয় ধীতা সহ বচনা চ পন ভগবতো সুখিনি অরোগা অরোগং পুত্তং বিজায়িস্সতী”তি। অত্তমনো পমোদিতো পীতি সোমনস্স জাতো অহোসি অথ খো সুপ্পবাসা কোলিয় ধীতা সামিকং আমন্তেসিঃ— “এহি ত্বং অয়্য-পুত্ত, য়েন ভগবা তেনুপসঙ্কম, উপসঙ্কমিত্বা মম বচনেন ভগবতো

---

হইয়া নীরোগী পুত্র প্রসব করুক,” বলিয়া আশীর্ব্বাদ করিবামাত্র সে সুখিনী নিরোগিনী হইয়া নিরোগী পুত্র প্রসব করিল। “সাধু ভন্তে,” বলিয়া সেই কোলীয়পুত্র ভগবানের আশীর্ব্বাদ অভিনন্দন ও অনুমোদন করিয়া আসন হইতে উঠিয়া ভগবানকে অভিবাদন পূর্ব্বক প্রদক্ষিণ করিয়া স্বীয় গৃহে ফিরিয়া আসিল।

কোলীয়পুত্র সুপ্পবাসা কোলীয়কন্যা নীরোগিনী হইয়া নীরোগী পুত্র প্রসব করিয়াছে দেখিয়া সে ভাবিল অহো, কতই আশ্চর্য্য তথাগতের মহা ঋদ্ধিমন্ততা ও মহাশক্তিমন্ততা! এমন কি সুপ্পবাসা কোলীয় ধীতা সুখিনী হউক, বলা মাত্রই সুখিনী নীরোগিনী হইয়া নীরোগী পুত্র প্রসব করিয়াছে।” উহা ভাবিয়া সে সন্তুষ্ট, আনন্দিত ও প্রীতি-প্রফুল্ল-চিত্ত হইল। অনন্তর সুপ্পবাসা কোলীয়ধীতা স্বামীকে ডাকিয়া বলিল, “হে আর্য্যপুত্র আপনি ভগবানের নিকট গমন করুন, যাইয়া আমার

পাদে সিরসা বন্দাহি, 'সুপ্পবাসা ভন্তে কোলিয় ধীতা ভগবতো পাদে সিরসা বন্দতী'তি। এবঞ্চ বদেহি :— সুপ্পবাসা ভন্তে কোলিয় ধীতা সত্তবস্সানি গব্ভং ধারেতি সত্তাহং মূল্হগব্ভা। সা এতরহি সুখিনী অরোগা অরোগং পুত্তং বিজাতা। সা সত্তাহং বুদ্ধ পমুখং ভিক্খু সঙ্ঘং ভত্তেন নিমন্তেতি। অধিবাসেতু কির ভন্তে ভগবা সুপ্পবাসায় কোলিয় ধীতায় সত্ত ভত্তানি সদ্ধিং ভিক্খু সঙ্ঘেনা'তি। পরমন্তি খো সো কোলিয় পুত্তো সুপ্পবাসায় কোলিয় ধীতায় পটিস্সুণিত্বা য়েন ভগবা তেনুপ-সঙ্কমি। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো সো কোলিয়পুত্তো ভগবন্তং এতদবোচ :— সুপ্পবাসা ভন্তে কোলিয়ধীতা ভগবতো পাদে সিরসা বন্দতী' তি। এবঞ্চ বদেতি,"সুপ্পবাসা ভন্তে কোলিয়ধীতা সত্তবস্সানি গব্ভং ধারেতি সত্তাহং মূল্হগব্ভা। সা এতরহি সুখিনী আরোগা অরোগং পুত্তং বিজাতা। সা সত্তাহং বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং ভত্তেন নিমন্তেতি অধিবাসেতু কির ভন্তে ভগবা সুপ্পবাসায় কোলিয় ধীতায় সত্ত-ভত্তানি সদ্ধিং ভিক্খুসঙ্ঘেনা"তি।

---

কথায় ভগবানের শ্রীচরণে বন্দনা করিবেন এবং বলিবেন, ভন্তে, সুপ্পবাসা কোলীয়-কন্যা সাত বৎসর গর্ভ ধারণ করিয়া এক সপ্তাহ যন্ত্রণায় অস্থির ছিল, সে এখন সুখিনী নীরোগিনী হইয়া নীরোগী পুত্র প্রসব করিয়াছে। সে সপ্তাহকাল বুদ্ধপ্রমুখ ভিক্ষুসংঘকে পিণ্ডদান করিতে চায়। ভন্তে ভগবান ভিক্ষুসংঘের সহিত সুপ্পবাসা কোলিয়কন্যার সাত দিনের নিমন্ত্রণ গ্রহণ করুন।" সে বেশ ভাল বলিয়া স্বীকৃত হইয়া ভগবানের নিকট গমন পূর্ব্বক বন্দনা করিল ও উপরে কথিত মতে ভগবানকে নিমন্ত্রণ করিল।

তেন খো পন সময়েন অঞ্ঞতরেন উপাসকেন বুদ্ধপমুখো ভিক্খুসঙ্ঘো স্বায়তনায় ভত্তেন নিমন্তিতো হোতি। সো চ উপাসকো আয়স্মতো মহা-মোগ্গল্লানস্স উপট্ঠাকো হোতি। অথ খো ভগবা আয়স্মন্তং মহামোগ্গল্লানং আমন্তেসি:— "এহি ত্বং মোগ্গল্লান, য়েন সো উপাসকো তেনুপসঙ্কম, উপসঙ্কমিত্বা তং উপাসকং এবং বদেহি—সুপ্পবাসা আবুসো কোলিয়ধীতা সত্ত বস্সানি গব্ভং ধারেসি সত্তাহং মূল্হগব্ভা। সা এতরহি সুখিনী অরোগা অরোগং পুত্তং বিজাতা, সত্তাহং বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং ভত্তেন নিমন্তেতি। করোতু সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তভত্তানি, পচ্ছা সো করিস্সতি, তুয্হেসো উপট্ঠাকো"তি। এবং ভন্তে'তি খো আয়স্মা মহামোগল্লানো ভগবতো পটিস্সুণিত্বা য়েন সো উপাসকো তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা তং উপাসকং এতদবোচ:— "সুপ্পবাসা আবুসো কোলিয়ধীতা সত্ত বস্সানি গব্ভং ধারেসি। সত্তাহং মূল্হগব্ভা। সা এতরহি সুখিনী অরোগা অরোগং

---

অপর একজন উপাসক সেই সময় বুদ্ধপ্রমুখ ভিক্ষুসঙ্ঘকে নিমন্ত্রণ করিয়াছিল। সেই উপাসকটী আয়ুষ্মান মহামোগ্গল্লানের দায়ক। ভগবান আয়ুষ্মান মহামোগ্গাল্লানকে বলিলেন, হে মোগ্গল্লান, সেই উপাসকের কাছে যাইয়া এইরূপ বল, সুপ্পবাসা কোলিয়কন্যা সাত বৎসর গর্ভিতাবস্থায় থাকিয়া সাত দিন যন্ত্রণায় অস্থির হইয়াছিল। সে এখন সুখিনী নীরোগিনী হইয়া নীরোগী পুত্র প্রসবকরিয়াছে, তাহাকে বুদ্ধ-প্রমুখ ভিক্ষুসংঘকে পিণ্ড দান করিবার সুযোগ প্রদান করা হউক, তোমার সেই উপাসক শেষে পিণ্ডদান করিবে। "হা ভন্তে!" বলিয়া আয়ুষ্মান মহামোগ্গল্লান ভগবানকে প্রত্যুত্তর দিয়া সেই উপাসকের বাড়ীতে গমন করিলেন, গিয়া উপাসককে বলিলেন :— হে উপাসক, সুপ্পবাসা কোলিয় কন্যা সাত বৎসর গর্ভিনী থাকিয়া সপ্তাহকাল যন্ত্রণায় অস্থির ছিল। সে এখন

পুত্তং বিজাতা সত্তাহং বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং ভত্তেন নিমন্তেতি করোতু সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তভত্তানি। পচ্ছা ত্বং করিস্সসী"তি। "সচে মে ভন্তে অয়্যো মহামোগ্গল্লানো তিণ্ণং ধম্মানং পাটিভোগো ভোগানঞ্চ, জীবিতস্স, চ সদ্ধায় চ, করোতু সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তভত্তানি। পচ্ছা অহং করিস্সামী"তি। "দ্বিন্নং খো তে অহং আবুসো ধম্মানং পাটিভোগো ভোগানঞ্চ জীবিতস্স চ, সদ্ধায় পন ত্বং য়েব পাটিভোগো"তি। "সচে মে ভন্তে অয়্যো মহামোগ্গল্লানো দ্বিন্নং ধম্মানং পাটিভোগো ভোগানঞ্চ, জীবিতস্স চ, করোতু সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তভত্তানি। পচ্ছা অহং করিস্সামী"তি।

অথ খো আয়স্মা মহামোগ্গল্লানো তং উপাসকং সঞ্ঞা-

---

সুখিনী নীরোগিনী হইয়া নীরোগী পুত্র প্রসব করিয়া সপ্তাহ কাল বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে পিণ্ডদান করিতে নিমন্ত্রণ করিয়াছে। তাহার সাত দিনের নিমন্ত্রণ গৃহীত হউক তুমি শেষে পিণ্ডদান করিতে পারিবে। "যদি আর্য্য মহা মোগ্‌গল্লান আমার ভোগ-সম্পত্তি, জীবন ও শ্রদ্ধা এই তিনটী বিষয়ের প্রতিভূ ( জামিন্ ) হন, তবে সুপ্পবাসা কোলীয়কন্যা এখন পিণ্ডদান করুক। আমি পিছে করিব ; সেই তিনটী কি কি ?

( ১ ) আমার ভোগ সম্পত্তির যেন কোন অন্তরায় না হয়।

( ২ ) আমার জীবনের যেন কোন অন্তরায় না ঘটে।

( ৩ ) আমার শ্রদ্ধা যেন হ্রাস না পায়।

"হে উপাসক, আমি তোমার জীবন ও ভোগ সম্পত্তির প্রতিভূ হইলাম। শ্রদ্ধার জন্য তুমিই দায়ী। "যদি ভন্তে মহামোগ্‌গল্লান আপনি সম্পত্তি ও জীবন এই দুইটী বিষয়ের জন্য দায়ী হন, তবে সুপ্পবাসা কোলীয়কন্যা সপ্তাহকাল পিণ্ডদান করুক। আমি পিছে করিব।

অতপর আয়ুষ্মান মহামোগ্‌গাল্লান উপাসকের সহিত এই কথা স্থির

পেত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং এতদবোচ, "সঞ্ঞত্তো ভন্তে সো উপাসকো ময়া, করোতু সুপ্পবাসা কোলিয়-ধীতা সত্তভত্তানি পচ্ছা সো কারিস্সতী' তি। অথ খো সুপ্পবাসা কোলিয়ধীতা সত্তাহং বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সন্তপ্পেসি সম্পবারেসি। তঞ্চ দারকং ভগবন্তং বন্দাপেসি। সব্বঞ্চ ভিক্খুসঙ্ঘং। অথ খোআয়স্মা সারিপুত্তো তং দারকং এতদবোচ ঃ—"কচ্চি তে দারক খমনীয়ং কচ্চি যাপনীয়ং কচ্চি ন কিঞ্চি দুক্খন্তি।" কুতো মে ভন্তে সারিপুত্ত খমনীয়ং কুতো য়াপনীয়ং, সত্ত বস্সানি মে লোহিত-কুম্ভিয়ং বুত্থানী' তি।

অথ খো সুপ্পবাসা কোলিয়ধীতা, 'পুত্তো মে ধম্মসেনা-পতিনা সদ্ধিং মন্তেতী' তি অত্তমনা পমুদিতা পীতি সোমনস্সজাতা অহোসি। অথ খো ভগবা সুপ্পবাসং কোলিয়ধীতরং অত্তমনং পমুদিতং পীতি সোমনস্সজাতং দিস্বা সুপ্পবাসং কোলিয়ধীতরং

---

করিয়া ভগবানের নিকট আসিলেন এবং তাঁহাকে বলিলেন, ভন্তে! উপাসককে বলিয়াছি, সুপ্পবাসা সাত দিন পিণ্ডদান করুক, সেই উপাসক শেষে দিবে। নির্দ্দিষ্ট দিনে সুপ্পবাসা কোলীয়-কন্যা যাবৎ "আর না, আর না" বলিয়া নিষেধ করিলনা তাবৎ স্বহস্তে বুদ্ধপ্রমুখ ভিক্ষু-সঙ্ঘকে পরিবেশন ও পরিতুষ্ট করিল এবং ছেলেরদ্বারা ভগবান ও ভিক্ষু সঙ্ঘকে বন্দনা করাইল। আয়ুষ্মান সারিপুত্ত ছেলেটিকে জিজ্ঞাসা করি-লেন;—"বৎস; তোমার গর্ভ বাস সহ্য হইয়াছিল কি ? "তুমি গর্ভে সুখে যাপন করিতে পারিয়াছিলে কি ? তোমার কোন দুঃখ হয় নাই ত ?" ছেলে বলিল—"ভন্তে, আমার কিরূপে সহ্য হইবে! সাত বৎসর ধরিয়া আমার রক্তকুম্ভে বাস হইয়াছে।" তখন সুপ্পবাসা কোলীয়কন্যা "আমার পুত্র ধর্ম্ম-সেনাপতির সহিত আলাপ করিতেছে" এই ভাবিয়া প্রীত ও হৃষ্টতুষ্ট হইল। ভগবান তাহাকে হৃষ্টতুষ্ট হইতে দেখিয়া জিজ্ঞাসা করি-

এতদবোচঃ—ইচ্ছেয়্যাসি ত্বং সুপ্পবাসে অঞ্ঞম্পি এবরূপং পুত্তন্তি? 'ইচ্ছেয়্যামহং ভন্তে অঞ্ঞম্পি এবরূপানি সত্ত পুত্তানী'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি,

অসাতং সাতরূপেন—পিয়রূপেন অপ্পিয়ং,
দুক্খং সুখস্স রূপেন পমত্তমতিবত্ততী' তি ॥ ১৮ ॥

## বিসাখা-সুত্তং। ৯

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি পুব্বারামে মিগার মাতু-পাসাদে। তেন খো পন সময়েন বিসাখায় মিগার-মাতুয়া কোচিদেব অত্থো রঞ্ঞে পসেনদিম্হি কোসলে পটিবদ্ধো হোতি। তং রাজা পসেনদি কোসলো ন য়থাধিপ্পায়ং তীরেতি। অথ খো বিসাখা মিগার-মাতা দিবা দিবস্স য়েন

---

লেন;—"সুপ্পবাসে, তুমি এইরূপ পুত্র আরও চাও কি?" ভন্তে ভগবন্, আমি এইরূপ আরও সাতপুত্র চাই।" পুত্রের কথা শুনিয়া সাত বৎসর সাতদিনের গর্ভবেদনাজনিত বিষম দুঃখ একদিনে পুত্র-লোলতায় ভুলিয়া গেল; এই লোলতাই তৃষ্ণা, যাহারদ্বারা দুঃখময় সংসারকেও প্রমত্ত ব্যক্তিরা জড়াইয়া ধরিতেছে, এই সত্যার্থ অবগত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেনঃ—

অমধুর মধুর-রূপে—শত্রু মিত্র-রূপ ধরিয়া,
দুঃখ এসে সুখেরি বেশে মত্তজনে যায় দলিয়া॥ ১৮॥

### বিসাখা-সূত্র। ৯

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান শ্রাবস্তীনগরে বিসাখা মিগার-মাতাকর্ত্তৃক নির্ম্মিত পূর্ব্বারাম প্রাসাদে বাস করিতেছিলেন। তৎকালে রাজা পসেনদিকোসলের নিকট বিসাখা মিগারমাতার কোন ও প্রয়োজন ছিল। রাজা পসেনদিকোসল তাহা অভিপ্রেত সময়ে সম্পন্ন করেন না, তখন একদিন বিসাখা মিগারমাতা দিন-দুপুরে ভগবানের

ভগবা তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা এক-মন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো বিসাখং মিগার মাতরং ভগবা এতদবোচঃ— হন্দ কুতো নু ত্বং বিসাখে আগচ্ছসি দিবা-দিবস্সা' তি। ইধ মে ভন্তে কোচিদেব অত্থো রঞ্ঞে পসেনদিম্হি কোসলে পটিবন্ধো[১] হোতি। তং রাজা পসেনদি কোসলো ন য়থাধিপ্পায়ং তীরেতী' তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

সব্বং পরবসং দুক্খং সব্বং ইস্সরিয়ং সুখং,
সাধারণে বিহঞ্ঞন্তি য়োগা হি দূরতিক্কমা তি ॥১৯॥

---

নিকট গিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক একপাশে বসিল। ভগবান তাহাকে জিজ্ঞাসা করিলেনঃ— "বিসাখে, তুমি এমন দিন-দুপুরে কোথা হইতে আসিতেছ?" "ভন্তে, রাজা পসেনদিকোসলের নিকট আমার এক প্রয়োজন ছিল; তাহা রাজা পসেনদিকোসল ইচ্ছিত সময়ে সম্পন্ন করি-তেছেন না।" ভগবান তখন পরাধীনতার দোষ ও স্বাধীনতার গুণ অবগত হইয়া এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেনঃ—

সকল প্রকারে পর অধীনতা দুখ,
সকল প্রকারে স্বীয় স্বাধীনতা সুখ;
সাধারণে দুঃখভোগ করে বহুতর—
চারি যোগ অতিক্রম বড়ই দুষ্কর ॥ ১৯॥

---

১। ব্রঃ, পটিবন্ধো।

# ভদ্দিয়-সুত্তং । ১০

এবং মে সুতং একং সময়ং ভগবা অনুপিয়ায়ং বিহরতি অম্ববনে। তেন খো পন সময়েন আয়স্মা ভদ্দিয়ো কালিগোধায় পুত্তো অরঞ্ঞগতোপি রুক্খমূলগতোপি সুঞ্ঞাগারগতোপি অভিক্খণং উদানং উদানেতি, "অহোসুখং অহোসুখন্তি" অস্সোসুং খো সম্বহুলা ভিক্খূ আয়স্মতো ভদ্দিয়স্স, কালিগোধায় পুত্তস্স, অরঞ্ঞগতস্সপি রুক্খমূলগতস্সপি, সুঞ্ঞাগার গতস্সপি অভিক্খণং উদানং উদানেন্তস্স "অহোসুখং অহোসুখন্তি"। সুত্বান তেসং এতদহোসি নিস্সংসয়ং খো আবুসো, আয়স্মা ভদ্দিয়ো কালিগোধায় পুত্তো অনভিরতো ব্রহ্মচরিয়ং চরতি; য়ং স পুব্বে অগারিয় ভূতস্স রজ্জসুখং, সো তমনুস্সরমানো অরঞ্ঞ-গতোপি রুক্খমূল-গতোপি সুঞ্ঞাগারগতোপি অভিক্খণং উদানং উদানেতি "অহোসুখং অহোসুখন্তি"। অথ খো সম্বহুলা ভিক্খূ য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং

---

## ভদ্রিয়-সূত্র । ১০

আমি এইরূপ শুনিয়াছি— একসময় ভগবান অনুপ্রিয়ায় আমবনে বাস করিতেছিলেন। তৎকালে কালি গোধার পুত্র আয়ুষ্মান ভদ্দিয় অরণ্যে, বৃক্ষমূলে বা নির্জ্জনগৃহে যাইয়া সর্ব্বদা "অহো সুখ অহো সুখ" বলিয়া আনন্দধ্বনি করিতেন। বহুভিক্ষু উহা শুনিয়া ভাবিতে লাগিলেন, বন্ধুগণ, কালিগোধার পুত্র আয়ুষ্মান ভদ্দিয় যে অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য আচরণ করিতেছেন তাহাতে আর কোন সন্দেহ নাই। পূর্ব্বে গৃহবাস কালে তিনি যে রাজ্য-সুখ ভোগ করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া করিয়া অরণ্যে, বৃক্ষমূলে কিংবা শূন্যগৃহে প্রবেশ পূর্ব্বক "অহো সুখ অহো সুখ" বলিয়া নিত্য আনন্দ ধ্বনি করিতেছেন। অতঃপর অনেকজন ভিক্ষু ভগবানের

নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ— "আয়স্মা ভন্তে, ভদ্দিয়ো কালিগোধায় পুত্তো অরঞ্ঞগতোপি রুক্খমূল-গতোপি সুঞ্ঞাগারগতোপি অভিক্খণং উদানং উদানেতি "অহো সুখং অহোসুখ"ন্তি। নিস্সংসয়ং খো ভন্তে ,আয়স্মা ভদ্দিয়ো কালি-গোধায়পুত্তো অনভিরতো ব্রহ্মচরিয়ং চরতি, য়ংস পুব্বে অগা-রিয়ভূতস্স রজ্জসুখং সো তমনুস্সরমানো অরঞ্ঞগতোপি রুক্খমূল গতোপি সুঞ্ঞাগারগতোপি অভিক্খণং উদানং উদানেতি" অহো-সুখং অহোসুখন্তি"। অথখো ভগবা অঞ্ঞতরং ভিক্খুং আমন্তেসি এহি ত্বং ভিক্খু মম বচনেন ভদ্দিয়ং ভিক্খুং আমন্তেহি, সত্থা তং আবুসো ভদ্দিয় আমন্তেতী'তি। এবম্ভন্তে'তি খো সো ভিক্খু ভগবতো পটিস্সুত্বা য়েন আয়স্মা ভদ্দিয়ো কালিগোধায় পুত্তো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং ভদ্দিয়ং কালিগোধায় পুত্তং এতদবোচ ঃ— "সত্থা তং আবুসো ভদ্দিয় আমন্তেতী"তি।

---

নিকট গমন পূর্ব্বক তাঁহাকে অভিবাদন করিয়া একপাশে বসিয়া নিবেদন করিলেন ঃ— ভন্তে, কালিগোধারপুত্র আয়ুষ্মান ভদ্দিয় অরণ্যে, বৃক্ষমূলে বা শূন্যগৃহে প্রবেশ করিয়া নিত্য "অহো সুখ অহো সুখ" বলিয়া আনন্দধ্বনি করেন। ভন্তে, নিশ্চয়ই আয়ুষ্মান ভদ্দিয় অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য রক্ষা করিতেছেন, গৃহবাসকালে তিনি যে রাজ্যসুখ ভোগ করিয়াছিলেন তাহা স্মরণ করিয়া করিয়া অরণ্যে, বৃক্ষমূলে বা শূন্যগৃহে প্রবেশ পূর্ব্বক 'অহো সুখ অহো সুখ' বলিয়া নিত্য আনন্দধ্বনি করেন। তখন ভগবান এক জন ভিক্ষুকে বলিলেন ঃ— "ভিক্ষু, তুমি যাও ভদ্দিয় ভিক্ষুকে আমি ডাকিতেছি বলিয়া বল।" "আচ্ছা ভন্তে" বলিয়া সেই ভিক্ষু ভগবানের নিকট প্রতিশ্রুত হইয়া ভদ্দিয় কালিগোধার পুত্রের কাছে গমন করিলেন, গিয়া তাঁহাকে বলিলেন, 'বন্ধো, শাস্তা আপনাকে ডাকিতেছে' আচ্ছা

এবমাবুসো তি খো আয়স্মা ভদ্দিয় কালিগোধায় পুত্তো তস্স ভিক্খুনো পটিস্সুত্বা, য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো আয়স্মন্তং ভদ্দিয়ং কালিগোধায় পুত্তং ভগবা এতদবোচঃ— সচ্চং কির ত্বং ভদ্দিয় অরঞ্ঞ গতোপি রুক্খ মূল গতোপি সুঞ্ঞাগার গতোপি অভিক্খণং উদানং উদানেসি "অহোসুখং অহোসুখন্তি"? 'এবম্ভন্তে তি' "কিম্পন ত্বং ভদ্দিয় অত্থবসং সম্পস্সমানো অরঞ্ঞগতোপি রুক্খমূল গতোপি সুঞ্ঞাগার গতোপি অভিক্খণং উদানং উদানেসি "অহো সুখং অহো সুখন্তি"। পুব্বে মে ভন্তে, অগারিয় ভূতস্স রজ্জং করোন্তস্স অন্তোপি অন্তোপুরে রক্খা সুসংবিহিতা অহোসি, বহিপি অন্তোপুরে রক্খা সুসংবিহিতা অহোসি। অন্তোপি নগরে রক্খা সুসং বিহিতা অহোসি বহিপি নগরে রক্খা সুসং-বিহিতা অহোসি। অন্তোপি জনপদে রক্খা সুসংবিহিতা অহোসি বহিপি জনপদে রক্খা সুসং বিহিতা অহোসি। সো খো অহং ভন্তে এবং রক্খিতো গোপিতো সন্তো ভীতো উব্বিগ্গো

---

বন্ধো, আসিতেছি বলিয়া কালিগোধারপুত্র আয়ুষ্মান ভদ্দিয় সেই ভিক্ষুকে প্রত্যুত্তর দিয়া শাস্তার নিকট গমন পূর্ব্বক তাঁহাকে বন্দনা করিয়া এক পাশে বসিলেন, একপাশে উপবিষ্ট ভদ্দিয়কে তখন ভগবান বলিলেন ঃ— হে ভদ্দিয়, তুমি কি সত্যসত্যই অরণ্যে, বৃক্ষমূলে ও শূন্যগৃহে প্রবেশপূর্ব্বক 'অহো সুখ অহো সুখ' বলিয়া আনন্দধ্বনি কর? "হাঁ ভন্তে" হে ভদ্দিয়, তুমি কোন্ লাভ দেখিয়া অরণ্যে, বৃক্ষমূলে বা শূন্যগৃহে প্রবেশ পূর্ব্বক ঐরূপ আনন্দধ্বনি কর? "ভন্তে, পূর্ব্বে গৃহী অবস্থায় রাজত্ব করিবার সময় আমাকে রক্ষা করিবার জন্য অন্তঃপুরের ভিতরে ও বাহিরে, নগরের জনপদের ভিতরে ও বাহিরে সুন্দররূপে বন্দোবস্ত করা হইয়াছিল। ভন্তে, আমি তখন সেইভাবে রক্ষিত ও গোপিত হইয়া ভীত উদ্বিগ্ন ও উৎশঙ্কিত

উস্সঙ্কী উত্রাসী, বিহাসিং। এতরহি খো পনাহং ভন্তে অরঞ্ঞ-গতোপি রুক্খমূল গতোপি সুঞ্ঞাগার গতোপি একো অভীতো অনুব্বিগ্নো অনুস্সঙ্কী অনুত্রাসী অপ্পোস্সুক্কো, পন্নলোমো পরবুত্তো মিগভূতেন চেতসা বিহরামি। ইদং খো অহং ভন্তে অত্থবসং সম্পস্সমানো অরঞ্ঞ গতোপি, রুক্খমূল গতোপি সুঞ্ঞাগার গতোপি অভিক্খণং উদানং উদানেসিং, "অহো সুখং অহো-সুখন্তি"। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

যস্সন্তরতো ন সন্তি কোপা — ইতি ভবাভবতঞ্চ বীতিবত্তো,
তং বিগতভয়ং সুখিং অসোকং দেবা নানুভবন্তি দস্সনায় ॥২০॥

---

হইয়া বিচরণ করিতাম। ভন্তে, এখন আমি অরণ্যে, বৃক্ষমূলে কিংবা শূন্যগৃহে প্রবেশ করিয়া একাকী অভীত অনুদ্বিগ্ন অনুৎশঙ্কিত ভাবে বিহার করিতেছি। এখন আমি অনুৎত্রাসী, অনুৎসুক ও লোমহর্ষণ বিরহিত হইয়াছি এবং পরদত্ত বৃত্তিরদ্বারা নির্লিপ্ত-মৃগসদৃশ মুক্তমনে স্বাধীনভাবে বিহার করিতেছি। প্রভো! আমি এই লাভ দেখিয়া অরণ্যে, বৃক্ষমূলে কিংবা শূন্য গৃহে যাইয়া "অহোসুখ! অহোসুখ! বলিয়া আনন্দ-ধ্বনি করিতেছি। পৃথগ্জন ব্যক্তিরা যে সুখ ভোগ করিতে পারে না। ভদ্দিয় ভিক্ষু সেই বিবেক সুখ ভোগ করিয়া "অহোসুখ! অহোসুখ! বলিয়া আনন্দ-ধ্বনি করিতেছে ইহা ভগবান সর্ব্বপ্রকারে বিদিত হইয়া তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিয়াছিলেনঃ—

অন্তর যার কোপ বিহীন, ভবাভব যার হয়েছে ক্ষয়—
দেবগণ ও তার নাহি জানে মন, শোক নাহি যার নাহিক ভয় ॥২০॥

তস্সুদ্দানং — মুচলিন্দো নাগ দণ্ডেন সক্কারো উপাসকেন চ,
গব্ভিনী একপুত্তো চ সুপ্পবাসা বিসাখা চ, কালিগোধায়ভদ্দিয়োতি।

---

# নন্দবগ্‌গো ততিয়ো

## কম্ম-সুত্তং । ৩

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেত-বনে অনাথ পিণ্ডিকস্স আরামে । তেন খো পন সময়েন অঞ্ঞতরো ভিক্খু ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় পুরাণ-কম্ম-বিপাকজং দুক্খং তিব্বং খরং কটুকং বেদনং অধিবাসেন্তো সতো সম্পজানো অবিহঞ্ঞমানো। অদ্দসা খো ভগবা তং ভিক্খুং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় পুরাণ-কম্ম-বিপাকজং দুক্খং তিব্বং খরং কটুকং বেদনং অধিবাসেন্তং সতং সম্পজানং অবিহঞ্ঞমানং, অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

আমি এইরূপ শুনিয়াছি ;—এক সময় ভগবান শ্রাবস্তী নগরে অনাথপিণ্ডিক শ্রেষ্ঠী-নির্ম্মিত জেতবনবিহারে বাস করিতেছিলেন। তৎকালে একজন ভিক্ষু ভগবানের অনতিদূরে সোজা দেহে যোগাসনে বসিয়া পুরাণ কর্ম্মের তীব্র কঠিন ও কটুবেদনা স্মৃতি ও জ্ঞান যোগে দুঃখিত না হইয়া সহ্য করিতেছিলেন । ভগবান সেই ভিক্ষুকে তাঁহার কাছে সেই ভাবে বসিয়া থাকিতে দেখিলেন এবং ক্ষীণাশ্রব ভিক্ষু অসহ্য রোগ-দুঃখে বৈন্য তালাস আদি করেন না সুখ দুঃখাদি লোকধর্ম্মে অবিচলিত থাকেন, এই অর্থ অবগত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন ঃ—

সব্ব কম্ম জহস্স ভিক্খুনো ধুনমানস্স পুরেকতং রজং
অমমস্স ঠিতস্স তাদিনো অত্থো নত্থি জনং লপেতবে'তি ॥২১॥

---

## নন্দসুত্তং । ২

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা নন্দো ভগবতো ভাতা মাতুচ্ছা-পুত্তো সম্বহুলানং ভিক্খূনং এবমারোচেতি :— অনভিরতো অহং আবুসো ব্রহ্মচরিয়ং চরামি, ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী'তি। অথখো অঞ্ঞতরো ভিক্খু যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি । একমন্তং নিসিন্নো খো সো ভিক্খু ভগবন্তং এতদবোচ:— আয়স্মা ভন্তে নন্দো ভগবতো ভাতা মাতুচ্ছাপুত্তো সম্বহুলানং ভিক্খূনং এবমা-

---

নিরত যে ভিক্ষু সকল করম বরজনে
সুরত যেজন পূর্ব্বকৃত মল বিধুননে,
শূন্য মমকার, স্থির, নির্ব্বিকার ; — জন সনে
নাহিক তাঁহার কোন প্রয়োজন আলপনে ॥ ২১॥

---

### নন্দ-সূত্র । ২

শ্রাবস্তী নিদান — তৎকালে ভগবান বুদ্ধের ভ্রাতা মাসীমার পুত্র আয়ুষ্মান নন্দ অনেক জন ভিক্ষুকে বলিলেন, "বন্ধুগণ আমি অনিচ্ছার সহিতই ব্রহ্মচর্য্য আচরণ করিতেছি, ব্রহ্মচর্য্য পালন করিতে পারিতেছি না। আমি (শীলাদি) শিক্ষা (ত্রয়) ত্যাগ করিয়া গৃহী হইব। উহা শুনিয়া একজন ভিক্ষু ভগবানের নিকট যাইয়া তাঁহাকে বন্দনা করত এক পাশে বসিয়া বলিলেন:— ভন্তে, ভগবানের মাসতুত ভাই

রোচেতি ঃ— 'অনভিরতো অহং আবুসো ব্রহ্মচরিয়ং চরামি ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী'-তি। অথ খো ভগবা অঞ্ঞতরং ভিক্খুং আমন্তেসি ঃ—এহি ত্বং ভিক্খু মম বচনেন নন্দং ভিক্খুং আমন্তেহি, সত্থা তং আবুসো নন্দ আমন্তেতী'তি। 'এবভন্তে'তি খো সো ভিক্খু ভগবতো পটিস্সুত্বা য়েনায়স্মা নন্দো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং নন্দং এতদবোচ ঃ— সত্থা তং আবুসো নন্দ আমন্তেতি। 'এবমাবুসো'তি খো আয়স্মা নন্দো তস্স ভিক্খুনো পটিস্সুত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো আয়স্মন্তং নন্দং ভগবা এতদবোচ ঃ— "সচ্চং কির ত্বং নন্দ, সম্বহুলানং ভিক্খূনং এবমারোচেসি, অনভিরতো অহং আবুসো ব্রহ্মচরিয়ং চরামি, ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী"তি ? 'এবম্ভন্তে'তি।

---

আয়ুষ্মান নন্দ ভিক্ষুদিগকে বলিতেছেন যে তিনি অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য আচরণ করিতেছেন, ব্রহ্মচর্য্য রক্ষা করিতে পারিতেছেননা, শিক্ষা ত্যাগ করিয়া গৃহী হইবেন। তখন ভগবান অন্য একজন ভিক্ষুকে বলিলেন—ভিক্ষু, তুমি যাও, নন্দভিক্ষুকে আমি ডাকিতেছি বলিয়া বল । আচ্ছা ভন্তে, বলিয়া সেই ভিক্ষু ভগবানকে প্রতিশ্রুতি দিয়া আয়ুষ্মান নন্দের নিকট গমন করিলেন এবং তাঁহাকে বলিলেন;—বন্ধো ! আসুন, আপনাকে শাস্তা ডাকিতেছেন । আচ্ছা বন্ধু, বলিয়া আয়ুষ্মান নন্দ সেই ভিক্ষুকে প্রত্যুত্তর দিয়া ভগবানের কাছে উপস্থিত হইলেন এবং ভগবানকে অভিবাদন করিয়া একপাশে বসিলেন । তখন ভগবান তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ;— হে নন্দ, তুমি কি সত্য সত্যই ভিক্ষুগণকে এইরূপ বলিতেছ যে তুমি অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য আচরণ করিতেছ, ব্রহ্মচর্য্য পালন করিতে পারিতেছনা, শিক্ষা ত্যাগ করিয়া (ভিক্ষু হইতে) হীন স্থানীয় গৃহী হইবে ? 'হাঁ ভন্তে।'

"কিস্স পন ত্বং নন্দ, অনভিরতো ব্রহ্মচরিয়ং চরসি, ন সক্কোসি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়বত্তিস্সসী"তি ? 'সাকিয়ানী মং ভন্তে জনপদকল্যাণী ঘরা নিক্খমন্তস্স উপড্ঢুল্লিখিতেহি কেসেহি অপলোকেত্বা মং এতদবোচ :— তুবটং খো অয়্যপুত্ত, আগচ্ছেয়্যাসী"তি। সো খো অহং ভন্তে, তমনুস্সরমানো অনভিরতো ব্রহ্মচরিয়ং চরামি, ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী'তি।

অথ খো ভগবা আয়স্মন্তং নন্দং বাহায় গহেত্বা সেয়্যথাপি নাম বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা বাহং পসারেয়্য, পসারিতং বা বাহং সম্মিঞ্জেয়্য, এবমেব জেতবনে অন্তরহিতো দেবেসু তাবতিংসেসু পাতুরহোসি। তেন খো পন সময়েন পঞ্চমত্তানি অচ্ছরাসতানি সক্কস্স দেবানমিন্দস্স উপট্ঠানং আগতানি হোন্তি ককুট-পাদানি। অথ খো ভগবা আয়স্মন্তং নন্দং আমন্তেসি;—

---

"হে নন্দ, তুমি কেন অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য আচরণ করিতেছ? কেনই বা ব্রহ্মচর্য্য রক্ষা করিতে পারিতেছনা? কেন শিক্ষা ত্যাগ করিয়া গৃহী হইবে? "ভন্তে! শাক্যকুমারী জনপদ-কল্যাণী চুল আধা আঁচড়াইয়া আমি চলিয়া আসিবার সময় আমাকে অনুরোধ করিল, 'হে আর্য্যপুত্র! মুহূর্ত্তের মধ্যে ফিরিয়া আসিবেন। ভন্তে, আমি সেই কথা মনে করিয়া অনিচ্ছার সহিত ব্রহ্মচর্য্য আচরণ করিতেছি, ব্রহ্মচর্য্য রক্ষা করিতে পারিতেছিনা। তাই শিক্ষা ত্যাগ করিয়া হীন গৃহী-ধর্ম্ম অবলম্বন করিব।,,

নন্দের কথা শুনিয়া, বলবান পুরুষ যেমন ভাবে কুড়ান বাহু মেলে অথবা মেলা বাহু কুড়ায় এমন ভাবে ভগবান নন্দের বাহু ধরিয়া জেতবন হইতে অন্তর্দ্ধান হইয়া ত্রয়স্ত্রিংশ স্বর্গে উপস্থিত হইলেন। কপোতের পায়ের ন্যায় রাঙ্গা-চরণা পাঁচশত অপ্সরা তখন দেবরাজ ইন্দ্রের সেবা করিত আসিয়াছিল। তৎকালে ভগবান আয়ুষ্মান নন্দকে সম্বোধন করিয়া বলিলেন

"পস্সসি নো ত্বং নন্দ, ইমানি পঞ্চ অচ্ছরাসতানি ককুটপাদা-নী"তি ? "এবং ভন্তে"তি । "তং কিং মঞ্ঞসি নন্দ, কতমা নু খো অভিরূপতরা চ দস্সনীয়তরা চ পাসাদিকতরা চ সাকিয়ানী বা জনপদকল্যাণী ইমানি বা পঞ্চ অচ্ছরাসতানি ককুটপাদানীতি" ? 'সেয়্যথাপি ভন্তে পলুট্ঠমক্কটি কণ্ণনাসচ্ছিন্না, এবমেব খো ভন্তে সাকিয়ানী জনপদকল্যাণী ইমেসং পঞ্চন্নং অচ্ছরাসতানং উপনিধায় সঙ্খম্পি ন উপেতি কলম্পি ন উপেতি কলভাগম্পি ন উপেতি উপনিধিম্পি ন উপেতি অথ খো ইমানি পঞ্চ অচ্ছরাসতানি অভিরূপতরানি চেব দস্সনীয়তরানিচ পাসাদিকতরানিচা'তি। 'অভিরম নন্দ, অভিরম নন্দ, অহং তে পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীন'ন্তি । 'সচে মে ভন্তে ভগবা পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনং, অভিরমিস্সামহং ভন্তে ভগবতি ব্রহ্মচরিয়ে'তি। অথ খো ভগবা আয়স্মন্তং নন্দং বাহায় গহেত্বা সেয়্যথাপি নাম বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা

---

"হে নন্দ, তুমি ঐ কপোতের পদের ন্যায় পদ বিশিষ্টা অপ্সরা সকল দেখিতেছ কি ?" "হাঁ ভন্তে" "হে নন্দ, শাক্যকুমারী জনপদ কল্যাণী বেশী সুন্দরী, না এই কপোত চরণা অপ্সরা পাঁচশত বেশী সুন্দরী ? "ভন্তে; এই অপ্সরাগণের তুলনায় জনপদ কল্যাণী যেন নাক কান কাটা একটি আধপোড়া বানরী, উহাদের কাছে সে নগণ্যা, তুলনার অযোগ্যা, এমনকি কলা প্রমাণ বা কলাংশ প্রমাণ ( যোল ভাগের এক ভাগ ) ও সুন্দরী হইবে না। ইহারাই অধিকতর সুন্দরী দর্শন যোগ্যা এবং আনন্দ দায়িনী।" ভগবান—"হে নন্দ! প্রব্রজ্যায় তুমি বিশেষ ভাবে রমিত হও, রমিত হও, তুমি ঐরূপ পাঁচশত অপ্সরা পাইবার জন্য আমি জামিন্ রহিলাম।" নন্দ—"ভন্তে ভগবন্ ! আপনি যদি আমার ঐরূপ পাঁচশত অপ্সরা লাভের জামিন্ হন, তবে আমি ভগবানের ব্রহ্মচর্য্য ধর্ম্মে বিশেষ ভাবে রমিত হইব ।" তৎপর বলবান পুরুষের সঙ্কোচিত বাহু প্রসারণের ন্যায় বা

বাহং পসারেয্য পসারিতং বা বাহং সম্মিঞ্জেয্য এবমেব দেবেসু তাবতিংসেসু অন্তরহিতো জেতবনে পাতুরহোসি। অস্সোসুং খো ভিক্খূ আয়স্মা কির নন্দো ভগবতো ভাতা মাতুচ্ছাপুত্তো অচ্ছরানং হেতু ব্রহ্মচরিয়ং চরতি; ভগবা কিরস্স পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনন্তি। অথ খো আয়স্মতো নন্দস্স সহায়কা ভিক্খূ আয়স্মন্তং নন্দং ভতকবাদেন চ উপক্কিতক-বাদেন চ সমুদাচরন্তিঃ—ভতকো কিরায়স্মা নন্দো, উপক্কিতকো কিরায়স্মা নন্দো, অচ্ছরানং হেতু ব্রহ্মচরিয়ং চরতি, ভগবা কিরস্স পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুট পাদীনন্তি। অথ খো আয়স্মা নন্দো সহায়কানং ভিক্খূনং ভতক-বাদেন চ উপক্কিতকবাদেন চ অট্টিয়মানো হরায়মানো জিগুচ্ছমানো একো বূপকট্ঠো অপ্পমত্তো আতাপী পহিতত্তো বিহরন্তো ন চিরস্সেব যস্সত্থায় কুলপুত্তা সম্মদেব অগারস্মা অনগারিয়ং পব্বজন্তি তদনুত্তরং ব্রহ্মচরিয়পরিয়োসানং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা

---

প্রসারিত বাহু সঙ্কোচনের ন্যায় ভগবান নন্দের বাহুতে ধরিয়া ত্রয়োস্ত্রিংশৎ স্বর্গে অন্তর্ধান হইয়া জেতবনে উপস্থিত হইলেন। ভিক্ষুগণ শুনিলেন, ভগবানের মাসতুত ভ্রাতা আয়ুষ্মান নন্দ অপ্সরা লাভের জন্য ব্রহ্মচর্য্য পালন করিতেছেন। ভগবান নাকি ইঁহার জন্য পাঁচশত অপ্সরা লাভের জামিন্ হইয়াছেন। তারপর হইতে আয়ুষ্মান নন্দের বন্ধু ভিক্ষুগণ আয়ুষ্মান নন্দকে ভৃত্য ও উপক্রেতা বলিয়া ডাকিতে লাগিলেন। আয়ুষ্মান নন্দ নাকি চাকর, উপক্রেতা, তিনি অপ্সরা লাভের জন্য ব্রহ্মচর্য্যাচরণ করিতেছেন, তখন আয়ুষ্মান নন্দ বন্ধু ভিক্ষুগণের ভৃত্য ও উপক্রেতাবাদকে অত্যন্ত ঘৃণা করিয়া বিবেক স্থানে একাকী অপ্রমত্ত উৎসাহশীল, সমাধিস্থ ও নির্ব্বাণ গত চিত্ত হইয়া বাস করিতে করিতে অচিরে সেই ব্রহ্মচর্য্যের অবসানভূত অর্হত্ব স্বীয় অভিজ্ঞাদ্বারা লাভ করিয়াছিলেন, যাহারজন্য কুলপুত্রগণ গৃহ হইতে

সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহাসি, খীণা জাতি বুসিতং ব্রহ্মচরিয়ং কতং করণীয়ং নাপরং ইত্থত্তায়া'তি অব্ভঞ্ঞাসি, অঞ্ঞতরো চ খো পনায়স্মা নন্দো অরহতং অহোসি।

অথ খো অঞ্ঞতরা দেবতা অভিক্কন্তায় রত্তিয়া অভিক্কন্তবণ্ণা কেবলকপ্পং জেতবনং ওভাসেত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং অট্ঠাসি, একমন্তং ঠিতা খো সা দেবতা ভগবন্তং এতদবোচঃ— আয়স্মা ভন্তে নন্দো ভগবতো ভাতা মাতুচ্ছাপুত্তো আসবানং খয়া অনাসবং চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেবধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী'তি। ভগবতোপি খো ঞাণং উদপাদিঃ— নন্দো আসবানং খয়া অনাসবং চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেবধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী'তি। অথ খো আয়স্মা নন্দো তস্সা রত্তিয়া অচ্চয়েন য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং

---

অনাগারে প্রব্রজিত হন। তাঁহার কর্ত্তব্য শেষ হইল, এবং এই লোকে আর আসিবেন না বলিয়া জানিলেন, অর্থাৎ আয়ুষ্মান নন্দ একজন অর্হৎ হইলেন।

সেই রাত্রির শেষ ভাগে কোন এক দেবতা জেতবন আলোকিত করিয়া ভগবানের নিকট আসিলেন, এবং ভগবানকে অভিবাদন করিয়া এক পার্শ্বে দাঁড়াইলেন। দাঁড়াইয়া সেই দেবতা ভগবানকে বলিলেন;— ভন্তে, ভগবানের মাসীমার পুত্র আয়ুষ্মান নন্দ ইহলোকেই আসক্তিক্ষয় করিয়া অনাশ্রব চিত্ত-বিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি স্বয়ং অভিজ্ঞা বলে লাভ করিয়া বিহার করিতেছেন। ভগবান ও (দিব্যজ্ঞানে) জানিতে পারিলেন যে নন্দ ইহলোকেই আশ্রবক্ষয় হেতু অনাশ্রব চিত্তবিমুক্তি প্রজ্ঞাবিমুক্তি স্বয়ং অভিজ্ঞা দ্বারা লাভ করিয়া বিহার করিতেছে। অনন্তর

নিসিন্নো খো আয়স্মা নন্দো ভগবন্তং এতদবোচ :— য়ং মে ভন্তে ভগবা পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুট-পাদীনং, মুঞ্চামহং ভন্তে ভগবন্তং এতস্মা পটিস্সবাতি। ময়াপি খো তে নন্দ চেতসা চেতো পরিচ্চ বিদিতো, নন্দো আসবানং খয়া অনাসবং চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী'তি। দেবতাপি মে এতমত্থং আরোচেসি, আয়স্মা ভন্তে নন্দো ভগবতো ভাতা মা-তুচ্ছাপুত্তো আসবানং খয়া অনাসবং চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী'তি। য়দেব খো তে নন্দ অনুপাদায় আসবেহি চিত্তং বিমুত্তং, অথাহং মুত্তো এতস্মা পটিস্সবা'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

---

আয়ুষ্মান নন্দ সেই রাত্রি গত হইলে ভগবানের নিকট আসিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক বলিলেন :— ভন্তে, আমার পাঁচশত অপ্সরা লাভের জন্য ভগবান যে জামিন্ হইয়াছিলেন, এখন আমি ভগবানকে ঐ জামিন্ হইতে মুক্ত করিতেছি।" ভগবান বলিলেন, "হে নন্দ! আমিও চিত্তের দ্বারা চিত্ত অবগত হইয়া জানিতে পারিয়াছি যে, তুমি আশ্রব সকল ক্ষয় করিয়া ক্ষীণাশ্রব হইয়াছ এবং ইহজন্মেই অভিজ্ঞাদ্বারা চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি লাভ করিয়া বিহার করিতেছ। একজন দেবতাও রাত্রে আমাকে ঐ কথা বলিয়াছে। যেই হইতে তুমি আসক্তি হীন হইয়া আশ্রব ক্ষয় হেতু ক্ষীণাশ্রব হইয়াছ, যখন হইতে তোমার চিত্ত পাপ হইতে মুক্ত হইয়াছে, তখন হইতেই আমি সেই জামিন হইতে মুক্ত হইয়াছি। আয়ুষ্মান নন্দের বিষয় সর্ব্বতোভাবে অবগত হইয়া ভগবান তখন এই প্রীতিগাথা উচ্চারণ করিয়াছিলেন :—

য়স্স নিত্তিণ্ণো পঙ্কো চ
মদ্দিতো কামকণ্টকো,
মোহক্খয়ং অনুপ্পত্তো
সুখদুক্খেসু নবেধতি সভিক্খূ 'তি ॥২২॥

## য়সোজ-সুত্তং । ৩

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন য়সোজ পমুখানি পঞ্চমত্তানি ভিক্খুসতানি সাবত্থিং অনুপ্পত্তানি হোন্তি ভগবন্তং দস্সনায়। তে'ধ আগন্তুকা ভিক্খূ নেবাসিকেহি ভিক্খূহি সদ্ধিং পটিসম্মোদমানা সেনাসনানি পঞ্ঞাপয়মানা পত্তচীবরানি পটিসাময়মানা উচ্চাসদ্দা মহাসদ্দা অহেসুং।

---

আর্য্য মার্গ সেতু দিয়ে
ভবপঙ্ক হয়েছে যে পার,
সেই জ্ঞান দণ্ডাঘাতে
কাম কাঁটা মর্দ্দিত যাঁহার,
অবিদ্যার ক্ষয় জ্ঞান
যে ভিক্ষুর হয়েছে উদয়,
সুখে দুঃখে লোক-ধর্ম্মে
সেই ভিক্ষু কম্পিত না হয় ॥ ২২ ॥

## যসোজ-সূত্র । ৩

শ্রাবস্তী-নিদান ——

তৎকালে যসোজপ্রমুখ পাঁচশত ভিক্ষু ভগবানকে দর্শন করিবার জন্য শ্রাবস্তীতে আসিলে তাঁহারা বিহারবাসী ভিক্ষুদের সহিত আনন্দজনক আলাপ সালাপ করিতে, (তাঁহাদের জন্য) শয়নাসন সজ্জিত করিতে ও পাত্রচীবর সামলাইয়া রাখিতে উচ্চশব্দ মহাশব্দ হইয়াছিল। তখন ভগবান আয়ু-

অথ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি ঃ— কে পনেতে আনন্দ উচ্চাসদ্দা মহাসদ্দা কেবট্টা মঞ্ঞে মচ্ছবিলোপে'তি? এতানি ভন্তে য়সোজপমুখানি পঞ্চমত্তানি ভিক্খুসতানি সাবত্থিং অনুপ্পত্তানি ভগবন্তং দস্সনায়। তেতে আগন্তুকা-পে-পটিসাময়মানা উচ্চাসদ্দা মহাসদ্দাতি। তেনহানন্দ মম বচনেন তে ভিক্খূ আমন্তেহি সত্থা আয়স্মন্তে আমন্তেতী'তি। এবম্ভন্তেতি খো আয়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা য়েন তে ভিক্খূ তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা তে ভিক্খূ এতদবোচ ঃ— সত্থা আয়স্মন্তে আমন্তেতী'তি। এব-মাবুসো"তি খো তে ভিক্খূ আয়স্মতো আনন্দস্স পটিস্সুত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা এক মন্তং নিসীদিংসু, একমন্তং নিসিন্নে খো তে ভিক্খূ ভগবা এতদ বোচ ঃ—"কিন্নু তুম্হে ভিক্খবে, উচ্চাসদ্দা মহাসদ্দা[১] কেবট্টা মঞ্ঞে

---

স্মান আনন্দকে বলিলেন;—"হে আনন্দ, কাহারা এইরূপ উচ্চশব্দ মহাশব্দ করিতেছে? জালিয়ারা যেন মাছ লুটিতেছে।" "ভন্তে, যসোজপ্রমুখ পাঁচ শত ভিক্ষু ভগবানকে দেখিবার জন্য শ্রাবস্তীতে আসিয়াছেন। তাঁহারা বিহারবাসী ভিক্ষুদের সহিত প্রীতিজনক আলাপ সালাপ করিতে, তাঁহাদের জন্য বিছানা করিতেও পাত্র চীবর সামলাইতে এইরূপ উচ্চশব্দ মহাশব্দ উঠিয়াছে"। "আনন্দ তবে সেই ভিক্ষুদিগকে শাস্তা ডাকিতেছেন বলিয়া বল।" "যে আজ্ঞা, ভন্তে" বলিয়া আয়ুষ্মান আনন্দ ভগবানকে প্রত্যুত্তর দিয়া সেই ভিক্ষুগণের নিকট গমন করিলেন এবং তাঁহাদিগকে বলিলেন, "হে আয়ু-স্মানগণ, শাস্তা আপনাদিগকে ডাকিতেছেন।" তাঁহারা আচ্ছা বলিয় আয়ু-স্মান আনন্দকে প্রত্যুত্তর দিয়া ভগবানের কাছে আসিলেন। আসিয়া ভগবানকে বন্দনা করিয়া একপাশে বসিলে ভগবান তাহাদিগকে বলিলেন ঃ— ভিক্ষুগণ, জালিয়াদের মহাশব্দে মাছ ধরণের ন্যায় তোমরা এত গোলমাল করিতেছ কেন?

---

১। ব্রঃ, উচ্চাসদ্দামহাসদ্দা,

মচ্ছবিলোপে"তি ? এবং বুত্তে আয়স্মা য়সোজো ভগবন্তং এতদ-বোচঃ —ইমানি ভন্তে পঞ্চমত্তানি ভিক্খুসতানি সাবত্থিং অনুপ্পত্তানি ভগবন্তং দস্সনায়, তেমে আগন্তুকা ভিক্খূ নেবাসিকেহি ভিক্খূহি সদ্ধিং পটিসম্মোদমানা সেনাসনানি পঞ্ঞাপয়মানা পত্ত-চীবরানি পটিসাময়মানা উচ্চাসদ্দা মহাসদ্দা"তি। "গচ্ছথ ভিক্খবে, বো পণামেমি, ন বো মম সন্তিকে বথব্ব"ন্তি। "এবং ভন্তে"তি খো তে ভিক্খূ ভগবতো পটিস্সুত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা সেনাসনং সংসামেত্বা পত্তচীবরমাদায় য়েন বজ্জী তেন চারিকং পক্কমিংসু, বজ্জীসু অনুপুব্বেন চারিকং চরমানা য়েন বগ্গুমুদা নদী, তেনুপসঙ্কমিংসু উপসঙ্কমিত্বা বগ্গুমুদায় নদিয়া তীরে পণ্ণকুটিয়ো করিত্বা বস্সং উপগচ্ছিংসু। অথখো আয়স্মা য়সোজো বস্সূপগতো ভিক্খূ আমন্তেসিঃ—"ভগবতা ময়ং আবুসো পণামিতা অত্থকামেন হিতেসিনা অনুকম্পকেন অনুকম্পং উপাদায়, হন্দ

---

ভগবান ইহা জিজ্ঞাসা করিলে আয়ুষ্মান যসোজ বলিলেন, "ভন্তে, ভগবানকে দর্শন করিবার জন্য এই পাঁচশত ভিক্ষু শ্রাবস্তিতে আসিয়াছেন। সেই আগন্তুক ভিক্ষুগণ আবাসবাসী ভিক্ষুদের সহিত প্রীতিজনক আলাপ সালাপ করিতে, বিছানা করিতে ও পাত্র চীবর সামলাইতে এই গোলমাল হইতেছে। ভগবান — "ভিক্ষুগণ ! যাও, তোমাদিগকে বাহির করিয়া দিতেছি। তোমরা আমার কাছে থাকিও না।" "যে আজ্ঞা ভন্তে" বলিয়া তাঁহারা ভগবানকে প্রতিশ্রুতি দিয়া আসন হইতে উত্থান পূর্ব্বক ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করিলেন এবং শয়নাসন (বিছানা-পত্রাদি) সাম্‌লাইয়া রাখিয়া পাত্র চীবর লইয়া বৃজিদেশে যাত্রা করিলেন। বৃজিদেশে ভ্রমণ করিতে করিতে বর্গমুদা নাম্নী নদীর তীরে উপস্থিত হইলেন, এবং তথায় পর্ণ কুটীর নির্ম্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। বর্ষাবাস আরম্ভ হইলে আয়ুষ্মান যশোজ ভিক্ষুগণকে বলিলেন "বন্ধুগণ, আমাদের অর্থ-হিত-কামী ভগবান কর্ত্তৃক আমরা বহিষ্কৃত হইয়াছি। তাহা ও তিনি আমাদিগকে দয়া করিয়াই

ময়ং আবুসো, তথা বিহারং কপ্পেম য়থা নো বিহারতং ভগবা অত্তমনো অস্সা''তি। 'এবমাবুসো'তি খো তে ভিক্খূ আয়স্মতো য়সোজস্স পচ্চস্সোস্সুং, অথ খো তে ভিক্খূ বূপকট্‌ঠা অপ্পমত্তা আতাপিনো পহিতত্তা বিহরন্তা তেনেবন্তরবস্সেন সব্বেব তিস্সো বিজ্জা সচ্ছাকংসু। অথ খো ভগবা সাবত্থিয়ং য়থাভিরন্তং বিহরিত্বা য়েন বেসালী তদবসরি, তত্রসুদং ভগবা বেসালিয়ং বিহরতি মহাবনে কূটাগারসালায়ং। অথ খো ভগবা বগ্গুমুদাতীরিয়ানং ভিক্খূনং চেতসা চেতো পরিচ্চ মনসি করিত্বা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, "আলোকজাতা বিয় মে আনন্দন এসা দিসা, ওভাসজাতা বিয় মে আনন্দন এসা দিসা, য়স্সং দিসায়ং বগ্গুমুদাতীরিয়া ভিক্খূ বিহরন্তি, গন্তুং অপ্পটিকুলাসি মে মনসি কাতুং, পহিণেয়্যাসি ত্বং আনন্দ বগ্গমুদাতীরিয়ানং ভিক্খূনং সন্তিকে দূতং, সত্থা আয়স্মন্তে আমন্তে

---

করিয়াছেন। অতএব বন্ধুগণ, চল আমরা এমন ভাবে বিহার করি, যাহাতে ভগবান আমাদের প্রতি সন্তুষ্ট হন।" "আচ্ছা, বন্ধো" বলিয়া সেই ভিক্ষুগণ আয়ুষ্মান যশোজের বাক্যে প্রতিশ্রুতি দিলেন। অনন্তর সেই ভিক্ষুগণ অলগ্ন, নির্ভুল, দৃঢ় উৎসাহী ও নির্ব্বাণগতপ্রাণ হইয়া বাস করিতে করিতে সেই বর্ষার মধ্যেই ত্রিবিদ্যা লাভ করিলেন। তৎপর ভগরান শ্রাবস্তীতে যথারুচি বিহার করিয়া বৈশালীর দিকে যাত্রা করিলেন এবং ক্রমান্বয়ে পর্য্যটন করিতে করিতে বৈশালীতে প্রবেশ করিলেন। তথায় ভগবান বৈশালীর মহাবনস্থ কূটাগারশালায় বাস করিতে লাগিলেন, তৎপর ভগবান চিত্তের-দ্বারা 'বর্গমুদানদীতীরবাসী ভিক্ষুগণের চিত্তচার এক একটী পৃথক পৃথক ভাবে অবগত হইয়া আয়ুষ্মান আনন্দকে বলিলেন ঃ— " হে আনন্দ, যেই দিকে বর্গমুদা নদীতীরবাসী ভিক্ষুগণ বাস করিতেছে, সেই দিক্ আমার নিকট আলোকময় ও অবভাসময় বোধ হইতেছে; সেই দিগের কথা স্মরণ করিতে ও তথায় গমন করিতে আমার মনোনীত হইতেছে। ' হে আনন্দ, তুমি বর্গমুদা, নদীতীরস্থ ভিক্ষুগণের নিকট তাহাদিগকে

তি সত্থা আয়স্মন্তানং দস্সনকামো'তি।" 'এবং ভন্তে'তি খো আয়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা য়েন অঞ্ঞতরো ভিক্খু তেনু-পসঙ্কমি, উপসঙ্কমিত্বা তং ভিক্খুং এতদবোচঃ—এহি ত্বং আবুসো য়েন বগ্গুমুদাতীরিয়া ভিক্খূ তেনুপসঙ্কম, উপসঙ্কমিত্বা বগ্গুমুদাতীরিয়ে ভিক্খূ এবং বদেহি 'সত্থা আয়স্মন্তে আমন্তেতি, সত্থা আয়স্মন্তানং দস্সনকামো''তি। 'এবমাবুসো'তি খো সো ভিক্খু আয়স্মতো আনন্দস্স পটিস্সুত্বা সেয়্যথাপি নাম বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা বাহং পসা-রেয়্য পসারিতং বা বাহং সম্মিঞ্জেয়্য এবমেব মহাবনে কূটাগার-সালায়ং অন্তরহিতো বগ্গুমুদায় নদিয়া তীরে তেসং ভিক্খূনং পুরতো পাতুরহোসি। অথ খো সো ভিক্খু বগ্গুমুদাতীরিয়ে ভিক্খূ এতদবোচঃ-- "সত্থা আয়স্মন্তে আমন্তেতি, সত্থা আয়স্মন্তানং দস্সনকামো"তি। 'এবমাবুসো'তি খো তে ভিক্খূ তস্স ভিক্খুনো পটিস্সুত্বা সেনাসনং সংসামেত্বা পত্তচীবরমাদায় সেয়্যথাপি নাম বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা বাহং পসারেয়্য, পসারিতং বা বাহং সম্মিঞ্জেয়্য এবমেব বগ্গু-

---

'আমি ডাকিতেছি' বলিয়া জানাইতে দূত পাঠাইয়া দাও, আমি তাহাদিগকে দেখিতে চাই"। "আচ্ছা ভন্তে" বলিয়া আয়ুষ্মান আনন্দ ভগবানকে প্রতিশ্রুতি দিয়া একজন ভিক্ষুকে বলিলেন,—"বন্ধু, আসুন আপনি বর্গমুদা নদী তীর বাসী ভিক্ষুগণের নিকট গিয়া বলুন যে, ভগবান তাঁহা-দিগকে ডাকিতেছেন। "আচ্ছা বন্ধো" বলিয়া, সেই ভিক্ষু আয়ুষ্মান আনন্দকে প্রতিশ্রুতি দিয়া, বলিষ্ঠ ব্যক্তির সঙ্কোচিত বাহু প্রসারণের বা প্রসারিত বাহু সঙ্কোচনের ন্যায় সেই চূড়া-শোভিত বিহারে অন্তর্হিত হইয়া বর্গমুদা নদী-তীরে ঐ ভিক্ষুগণের নিকট আবির্ভূত হইলেন এবং তাঁহাদিগকে বলিলেন. "বন্ধুগণ! শাস্তা আপনাদিগকে ডাকিতেছেন, তিনি আপনাদের দর্শনকামী"। "আচ্ছা বন্ধু" বলিয়া তাঁহারা সেই ভিক্ষুকে প্রত্যুত্তর দিয়া বলবানের সঙ্কোচিত বাহু প্রসারণের বা প্রসারিত

মুদায় নদিয়া তীরে অন্তরহিতা মহাবনে কূটাগার-সালায়ং ভগবতো সম্মুখে পাতুরহেসুং। তেন খো পন সময়েন ভগবা আনঞ্জেন সমাধিনা নিসিন্নো হোতি। অথ খো তেসং ভিক্খূনং এতদহোসি:—"কতমেন মু খো বিহারেন এতরহি ভগবা বিহরতী'তি! সব্বেব আনেঞ্জেন সমাধিনা নিসীদিংসু। অথ খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে পঠমে য়ামে উট্ঠায়াসনা একংসং চীবরং করিত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচ:—"অভিক্কন্তা ভন্তে রত্তি, নিক্খন্তো পঠমো য়ামো, চিরনিসিন্না আগন্তুকা ভিক্খূ, পটিসম্মোদতু ভন্তে ভগবা আগন্তুকেহি ভিক্খূহী'তি"। এবং বুত্তে ভগবা তুণ্হী অহোসি। দুতিয়ম্পি খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে মজ্ঝিমে য়ামে উট্ঠায়াসনা একংসং চীবরং করিত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচ:— "অভিক্কন্তা ভন্তে রত্তি, নিক্খন্তো

---

বাহু সঙ্কোচনের ন্যায় বর্গমুদা নদীর তীরে অন্তর্হিত হইয়া মহাবনে চূড়াশোভিত বিহারে উপস্থিত হইয়া ভগবানের নিকট গমন করিলেন। তখন ভগবান আনেঞ্জ-সমাহিতে (চারি অরূপাবচর ধ্যানে) সমাহিত (সমাধিস্থ) ছিলেন। ভগবান এখন কোন্ ধ্যানে আছেন ভাবিয়া দিব্যজ্ঞানে তখন জানিতে পারিলেন যে, ভগবান আনেঞ্জ সমাধিতে উপবিষ্ট আছেন। তখন তাঁহারা ও আনেঞ্জ-সমাধিতে উপবিষ্ট হইলেন। তৎপর আয়ুষ্মান আনন্দ রাত্রির প্রথম যাম বিগত হইলে মধ্যম যামে আসন হইতে উঠিয়া চীবর একাংসে করিয়া ভগবানের দিকে করজোড় হইয়া বলিলেন; "ভন্তে, রাত্রি অধিক হইয়াছে, আগন্তুক ভিক্ষুগণ অনেকক্ষণ পর্য্যন্ত বসিয়া আছেন; এখন তাঁহাদের সহিত সাদর আলাপ করুন"। তিনি ঐরূপ বলিলে ও ভগবান নীরব রহিলেন। রাত্রির দ্বিতীয় যাম অতীত হইলে আয়ুষ্মান আনন্দ দ্বিতীয়বার আসন হইতে উঠিয়া চীবর একাংসে করিয়া করজোড়ে বলিলেন; ভন্তে! রাত্রি অধিক হইয়াছে। দ্বিতীয় যাম অতীত

মজ্ঝিমো য়ামো, চিরনিসিন্নো আগন্তুকা ভিক্খূ, পটিসম্মোদতু ভন্তে ভগবা আগন্তুকেহি ভিক্খূহী'তি। দুতিয়ম্পি খো ভগবা তুণ্হী অহোসি। ততিয়ম্পি খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে পচ্ছিমে য়ামে উট্ঠন্তে অরুণে নন্দিমুখিয়া রত্তিয়া উট্ঠা-য়াসনা একংসং চীবরং করিত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচঃ— অভিক্কন্তা ভন্তে, রত্তি নিক্খন্তো পচ্ছিমো য়ামো, উগ্গতো অরুণো, নন্দিমুখী রত্তি, চিরনিসিন্না আগন্তুকা ভিক্খূ পটিসম্মোদতু ভন্তে ভগবা আগন্তুকেহি ভিক্খূহীতি। অথ খো ভগবা তম্হা সমাধিম্হা বুট্ঠহিত্বা আয়স্মন্তং আনন্দং আম-ন্তেসিঃ— সচে খো ত্বং আনন্দ জানেয়্যাসি, এত্তকম্পি তে নপ্পটিভাসেয়্য। অহঞ্চ আনন্দ ইমানিচ পঞ্চ ভিক্খুসতানি সব্বেব

---

হইয়াছে, আগন্তুক ভিক্ষুগণ অনেকক্ষণ পর্য্যন্ত বসিয়া আছেন, এখন তাঁহাদের সহিত সাদর আলাপ করুন। তিনি দ্বিতীয়বার ও নীরব রহিলেন। অবশেষে রাত শেষ হইয়া আসিল। অন্তিম যাম ও চলিয়া গেল। অরুণ বা ঈষৎ রক্তিম আভা পূর্ব্ব গগনে দেখা দিল; সেই নন্দমুখী ( বা জীবগণের প্রভাত সময়ে মন আনন্দিত হয় বলিয়া আনন্দ দায়িণী ) রাত্রিতে আয়ুষ্মান আনন্দ উঠিয়া চীবর একাংসে করিয়া ভগবানকে কৃতাঞ্জলি পুটে বন্দনা করিয়া বলিলেন, "ভন্তে, রাত শেষ হইয়াছে, শেষ যাম ও চলিয়া গিয়াছে, এখন অরুণ উঠিতেছ. রাত্রি আনন্দমুখী। অনেকক্ষণ পর্য্যন্ত ভিক্ষুসংঘ বসিয়া আছেন। ভন্তে ভগবন! আপনি আগন্তুক ভিক্ষুগণের সহিত সাদর আলাপ করুন। অনন্তর ভগবান সেই সমাধি হইতে উঠিয়া আয়ুষ্মান আনন্দকে বলিলেনঃ—'হে আনন্দ, যদি তুমি জানিতে যে, আমরা আর্য্য লোকোত্তর ন্যায় ধ্যানযোগে পরস্পরের কর্ত্তব্য সম্পাদন করিতেছি, তবে তুমি এত কথা বলিতেনা। "হে আনন্দ, আমি ও এই পাঁচশত ভিক্ষু সকলেই আনেঞ্জ সমাধিতে উপবিষ্ট হইয়াছিলাম।" তৎপর ভগবান আনেঞ্জ সমাধির

আনেঞ্জসমাধিনা নিসীদিম্হাতি। অথ খো ভগবা এথমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

যস্স জিতো কাম-কণ্টকো,
অক্কোসো চ বধো চ বন্ধনঞ্চ,
পব্বতো বিয় সো ঠিতো অনেজো
সুখদুক্খেসু নবেধতি সভিক্খূ'তি ॥২৩॥

---

# সারিপুত্ত-সুত্তং। ৪

এবম্মে সুত্তং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা সারি-পুত্তো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় পরিমুখং সতিং উপট্ঠপেত্বা; অদ্দসা খো ভগবা আয়স্মন্তং

---

অর্থ সর্ব্বতোভাবে বিদিত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন :—

কাম-ক্লেশ-কণ্টক ক্রোধ বধ বন্ধন,
যেই জন করিয়াছে জয়,
স্থির যথা পর্ব্বত সেই ভিক্ষু কম্পিত,
সুখে দুখে কভু নাহি হয় ॥২৩॥

---

## সারিপুত্ত-সূত্র। ৪

শ্রাবস্তী-নিদান —— সেই সময় আয়ুষ্মান সারিপুত্ত ভগবানের অনতি-দূরে ধ্যানাসন করিয়া সোজা শরীরে ধ্যানালম্বনমুখে স্মৃতি স্থাপন পূর্ব্বক বসিয়াছিলেন। ভগবান দেখিলেন যে আয়ুষ্মান সারিপুত্ত তাঁহার অনতিদূরে

সারিপুত্তং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় পরিমুখং সতিং উপটঠপেত্বা। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

যথাপি পব্বতো সেলো অচলো সুপ্পতিট্ঠিতো
এবং মোহক্খয়া ভিক্খু পব্বতোব ন বেধতী'তি ॥ ২৪ ॥

---

## কোলিত-সুত্তং । ৫

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা মহামোগ্গল্লানো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় কায়গতায় সতিয়া অজ্ঝত্তং সুপতিট্ঠিতায়। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং মহামোগ্গল্লানং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় কায়গতায় সতিয়া অজ্ঝত্তং

---

ধ্যানাসন করিয়া সোজা শরীরে ধ্যানালম্বনমুখে স্মৃতি স্থাপন পূর্ব্বক বসিয়া আছেন। তখন ভগবান অচঞ্চলতার গুণ বুঝাইতে এই অর্থ অবধারণ করিয়া (বিদিত হইয়া) এই প্রীতিগাথা উচ্চারণ করিলেনঃ——

শিলাময় পর্ব্বত যেমন, অচল উত্তম-প্রতিষ্ঠিত;
তথা মোহ ক্ষয়েতে শ্রমণ, গিরিসম না হয় কম্পিত।

---

### কোলিত-সূত্র। ৫

শ্রাবস্তীনিদান —— তৎকালে আয়ুষ্মান মহামোগ্গল্লায়ন ভগবানের অনতিদূরে সোজা শরীরে কায়গত স্মৃতিতে স্বীয় চিত্ত সুপ্রতিষ্ঠিত করিয়া ধ্যানাসনে উপবিষ্ট হইয়াছিলেন। ভগবান তাঁহাকে সেইরূপ ধ্যানাবস্থায়

সুপতিট্‌ঠিতায়। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

সতিকায়গতা উপট্‌ঠিতা ছসু ফস্সায়তনেসু সংবুতা,
সততং ভিক্খু সমাহিতো জঞ্ঞা নিব্‌বাণমত্তনো'তি ॥ ২৫॥

---

## পিলিন্দিসুত্তং।

এবম্মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কালন্দকনিবাপে। তেন খোপন সময়েন আয়স্মা পিলিন্দিবচ্ছো ভিক্খু বসলবাদেন সমুদাচরতি। অথ খো সম্বহুলা ভিক্খু যেন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো তে ভিক্খু ভগবন্তং এতদবোচুং ঃ— আয়স্মা ভন্তে পিলিন্দিবচ্ছো ভিক্খু বসলবাদেন

---

দর্শন পূর্ব্বক তখন এই অর্থ বিদিত হইয়া এই প্রীতিগাথা উচ্চারণ করিয়াছিলেন ঃ—

কায়গতা স্মৃতি করিয়া স্মরণ চক্ষু কর্ণ আদি করি' সংবরণ
ছয় স্পর্শ আয়তনে
সতত শ্রমণ সমাধিপ্রবণ জানিও লভেছ নির্ব্বাণ আপন
সর্ব্ব কৃত্য সমাপনে।

---

### পিলিন্দি-সূত্র

আমি এইরূপ শুনিয়াছি— একসময় ভগবান রাজগৃহ নগরের অন্তর্গত 'কলন্দক নিবাপ' নামক স্থানে বেণুবন বিহারে বাস করেন। সেই সময় আয়ুষ্মান 'পিলিন্দিবচ্ছ' ভিক্ষুগণকে বৃষল (বা চণ্ডাল) শব্দে সম্বোধন করিতেন। তখন অনেক জন ভিক্ষু ভগবানের কাছে

সমুদাচরতীতি। অথ খো ভগবা অঞ্ঞতরং ভিক্খুং আমন্তেসি ঃ— এহি ত্বং ভিক্খু মমবচনেন পিলিন্দিবচ্ছং ভিক্খুং আমন্তেহি " সত্থা তং আবুসো পিলিন্দিবচ্ছ আমন্তেতীতি।" 'এবং ভন্তে'তি খো সো ভিক্খু ভগবতো পটিস্সুত্বা য়েনায়স্মা পিলিন্দিবচ্ছো তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং পিলিন্দিবচ্ছং এতদবোচ ঃ— সত্থা তং আবুসো আমন্তেতী'তি। এবমাবুসোতি খো আয়স্মা পিলিন্দিবচ্ছো তস্স ভিক্খুনো পটিস্সুত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো আয়স্মন্তং পিলিন্দিবচ্ছং ভগবা এতদবোচ ঃ—'সচ্চং কির ত্বং বচ্ছ ভিক্খূ বসলবাদেন সমুদাচরসী'তি। 'এবং ভন্তে'তি। অথ খো ভগবা আয়স্মতো পিলিন্দিবচ্ছস্স পুব্বেনিবাসং মনসি করিত্বা ভিক্খূ আমন্তেসি ঃ—"মা খো তুম্হে ভিক্খবে বচ্ছস্স ভিক্খুনো উজ্ঝায়িত্থ;

---

গিয়া তাঁহাকে বন্দনা করিয়া বলিলেন; —" ভন্তে, আয়ুষ্মান পিলিন্দিবচ্ছ ভিক্ষুগণকে চণ্ডাল বলিয়া ডাকেন। তাহা শুনিয়া ভগবান একজন ভিক্ষুকে বলিলেন; — " ভিক্ষু যাও, পিলিন্দিবচ্ছ ভিক্ষুকে ' শাস্তা ডাকিতেছেন বলিয়া ডাকিয়া লইয়া আস "। " আচ্ছা ভন্তে " বলিয়া সেই ভিক্ষু ভগবানকে প্রত্যুত্তর দিয়া আয়ুষ্মান পিলিন্দিবচ্ছের নিকট গমন পূর্ব্বক বলিলেন ঃ— " বন্ধু, আপনাকে শাস্তা ডাকিতেছেন " " আচ্ছা বন্ধো " বলিয়া আয়ুষ্মান পিলিন্দিবচ্ছ সেই ভিক্ষুকে প্রত্যুত্তর দিয়া ভগবানের নিকট আসিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক এক পাশে বসিলেন। এক পাশে বসিলে আয়ুষ্মান পিলিন্দিবচ্ছকে ভগবান বলিলেন, — " সত্যই কিহে ভিক্ষু! তুমি ভিক্ষুগণকে চণ্ডাল বলিয়া ডাক?" " হাঁ ভন্তে" তখন ভগবান আয়ুষ্মান পিলিন্দিবচ্ছের পূর্ব্বনিবাস অনুস্মরণ করিয়া ভিক্ষুগণকে বলিলেন ঃ— " ভিক্ষুগণ! তোমরা আয়ুষ্মান বচ্ছ ভিক্ষুকে নিন্দা করিওনা, সে রাগ করিয়া ভিক্ষুগণকে চণ্ডাল বলিয়া ডাকে না। " হে ভিক্ষুগণ,

"ন ভিক্খবে বচ্ছো দোসন্তরেন ভিক্খূ বসলবাদেন সমুদাচরতি। বচ্ছস্স ভিক্খবে ভিক্খুনো পঞ্চ-জাতি-সতানি অব্বোকিণ্ণানি ব্রাহ্মণ-কুলে পচ্চাজাতানি। সো তস্স বসল-বাদো দীঘরত্তং সমুদাচিণ্ণো। তেনায়ং বচ্ছো ভিক্খূ বসল-বাদেন সমুদাচরতী"তি।

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

য়ম্হি ন মায়া বসতি ন মানো
য়ো বীত-লোভো অমমো নিরাসো,
পনুন্ন-কোধো অভি-নিব্বুত-ত্তো
সো ব্রাহ্মণো সো সমণো সভিক্খূ"তি।

—✻✻—

---

এই পিলিন্দিবচ্ছ ভিক্ষু পূর্ব্বে পাঁচশত জন্ম ক্রমান্বয়ে সর্ব্বদা ব্রাহ্মণ কুলে জন্মগ্রহণ করিয়াছিল। ( ব্রাহ্মণেরা অপর নীচ জাতিকে ও চাকর প্রভৃতিকে প্রায়ই চণ্ডাল বলিয়া ডাকিত ) বহুকালাবধি সে চণ্ডাল বলিয়া ডাকিয়া আসিয়াছে। তজ্জন্য এই পিলিন্দিবচ্ছ ভিক্ষু ভিক্ষুগণকে 'বসল' বলিয়া ডাকে।" আয়ুষ্মান পিলিন্দিবচ্ছ যদি ও 'বসল' বলিয়া ভিক্ষুগণকে সম্বোধন করিতেছে তথাপি উহা ক্রোধচিত্তে নহে, অভ্যাস বশতঃ; তদর্থ ভগবান অবগত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

মায়া-হীন, হীন-অভিমান
ক্ষীণলোভ, অমামক, নিরাশ জন
ক্রোধ-হীন, নির্ব্বাপিত মন,
সেই ব্রহ্ম, সেই ভিক্ষু, সে-ইত শ্রমণ।

# কস্‌সপ-সুত্তং ৭।

এবম্মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলু-বনে কলন্দক-নিবাপে। তেন খো পন সময়েন আয়স্মা মহা-কস্সপো পিপ্পলিগুহায়ং বিহরতি; সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি অঞ্ঞতরং সমাধিং সমাপজ্জিত্বা। অথ খো আয়স্মা মহা-কস্সপো তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্ঠাসি। অথ খো আয়স্মতো মহাকস্সপস্স তম্হা সমাধিম্হা বুট্‌ঠিতস্স এতদহোসি;—"য়ন্নূনাহং রাজগহং পিণ্ডায় পবিসেয়্য"ন্তি। তেন খো পন সময়েন পঞ্চমত্তানি দেবতাসতানি উস্সুক্কং আপন্নানি হোন্তি আয়স্মতো মহাকস্সপস্স পিণ্ডপাতপটিলাভায়। অথ খো আয়স্মা মহাকস্সপো তানি পঞ্চমত্তানি দেবতাসতানি পটিক্খিপিত্বা পুব্বণ্হসময়ং নিবা-সেত্বা পত্তচীবরমাদায় রাজগহং পিণ্ডায় পাবিসি। তেন খো পন সময়েন সক্কো দেবানমিন্দো আয়স্মতো মহাকস্সপস্স পিণ্ডপাতং

---

## কস্‌সপ-সূত্র। ৭

রাজগৃহে কালন্দকনিবাপ-নিদান।

তৎকালে আয়ুষ্মান মহা কস্‌সপ পিপ্পলী গুহায় সপ্তাহকাল একাসনে একধ্যানে ধ্যানমগ্ন হইয়াছিলেন। সেই সপ্তাহ অতীত হইলে আয়ুষ্মান মহাকস্‌সপ সমাধি হইতে উঠিয়া ভাবিলেন;—"আমি রাজগৃহে ভিক্ষায় গেলে ভাল হইবে কি!" সেই সময়ে পাঁচশত দেবতা আয়ু ান মহা-কস্‌সপকে ভিক্ষা দিতে চেষ্টা করেন কিন্তু আয়ুষ্মান মহাকস্‌সপ সেই পাঁচশত দেবতার পিণ্ডপাত ফেরৎ দিয়া পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান পূর্ব্বক পাত্রচীবর লইয়া রাজগৃহে ভিক্ষা করিতে গমন করেন। দেবরাজ ইন্দ্র ও সেই সময়ে মহাকস্‌সপকে পিণ্ডপাত প্রদান করিতে ইচ্ছুক হন। তিনি তাঁতিরবেশ ধারণ করিয়া কাপড় বুনিতে লাগিলেন ও তাঁহার স্ত্রী অসুর-

দাতুকামো হোতি। পেসকারবণ্ণং অভিনিম্মিণিত্বা তন্তং বিনাতি। সুজাতা অসুরকঞ্ঞা তসরং পূরেতি। অথ খো আয়স্মা মহাকস্সপো রাজগহে সপদানং পিণ্ডায় চরমানো য়েন সক্কস্স দবানমিন্দস্স নিবেসনং তেনুপসঙ্কমি, অদ্দসা খো সক্কো দেবানমিন্দো আয়স্মন্তং মহাকস্সপং দূরতোব আগচ্ছন্তং, দিস্বান ঘরা নিক্খমিত্বা পচ্চুগন্ত্বা হত্থতো পত্তং গহেত্বা ঘরং পবিসিত্বা ঘটিয়া ওদনং উদ্ধরিত্বা পত্তং পূরেত্বা আয়স্মতো মহাকস্সপস্স পাদাসি। সো অহোসি পিণ্ডপাতো অনেকসূপো অনেব্যঞ্জনো অনেকসূপরসব্যঞ্জনো অথ খো আয়স্মতো মহাকস্সপস্স এতদহোসি, "কোন্নু খো অয়ং সত্তো, য়স্সায়ং এবরূপো ইদ্ধানুভাবো" তি। অথ খো আয়স্মতো মহাকস্সপস্স এতদহোসি'সক্কো খো অয়ং দেবানমিন্দো"তি। ইতি বিদিত্বা সক্কং দেবানমিন্দং এতদ-বোচঃ— "কতং খো তে ইদং কোসিয়, মাস্সু পুনপি এবরূপমকা

---

কন্যা সুজাতা সুতা নাটাই করিতে লগিলেন। আয়ুষ্মান মহাকস্সপ রাজগৃহে অনুক্রমে ভিক্ষা করিতে করিতে ছদ্মবেশী দেবরাজ ইন্দ্রের ঘরের দরজায় উপস্থিত হইলেন। দেবরাজ দূর হইতে তাঁহাকে আসিতে দেখিয়া উঠিয়া আসিলেন এবং আয়ুষ্মান মহা কস্সপের পাত্রটী লইয়া ঘরে ঢুকিয়া ডেক্ কড়াই হইতে ভাত তরকারী পাত্রপূর্ণ করিয়া আনিয়া তাঁহাকে দান করিলেন। সেই পিণ্ডপাতে দেবরাজ বহুপ্রকার ডাল, ঝোল, তরকারী দিয়াছিলেন। উহাতে আয়ুষ্মান মহাকস্সপ ভাবিলেন;—"এই মহাশক্তিমান মহাঋদ্ধিমান লোকটী কে? (যে দিব্য ভোজ্য সদৃশ পিণ্ডদান করিল?) তারপরে জ্ঞানচক্ষে দেখিতে পাইলেন যে তিনি শক্র— দেবরাজ ইন্দ্র। ইহা জানিয়া তিনি দেবরাজকে বলিলেন. "তুমি এ কাজ করিলে! [কেন না আয়ুষ্মান মহাকস্সপের ইচ্ছা ছিল দরিদ্রদিগের পিণ্ড লইয়া তাহা-দিগকে মহাপুণ্যবান ও সর্ব্বসুখের ভাগী করিতে, কারণ, দেবরাজেরা সুখেই আছেন। ] এমন কাজ আর করিও না"। দেবরাজ— "ভন্তে মহাকস্সপ!

সী”তি। “অম্হাকম্পি ভন্তে কস্সপ, পুঞ্ঞেন অত্থো, অম্হাকম্পি পুঞ্ঞেন করণীয়”ন্তি। অথ খো সক্কো দেবানমিন্দো আয়স্মন্তং মহাকস্সপং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা বেহাসং অব্ভুগ্গন্ত্বা আকাসে অন্তলিক্খে তিক্খত্তুং উদানং উদানেসিঃ— “অহো দানং পরমদানং কস্সপে সুপ্পতিট্ঠিতং, অহোদানং পরমদানং কস্সপে সুপ্পতিট্ঠিত”ন্তি। অস্সোসি খো ভগবা দিব্বায় সোতধাতুয়া বিসুদ্ধায় অতিক্কন্তমানুসিকায় সক্কস্স দেবনামিন্দস্স বেহাসং অব্ভুগ্গন্ত্বা আকাসে অন্তলিক্খে তিক্খত্তুং উদানং উদানেন্তস্স “অহো দানং পরমদানং কস্সপে সুপ্পতিট্ঠিতং, অহোদানং পরমদানং কস্সপে সুপ্পতিট্ঠিত”ন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

---

আমাদের ও পুণ্যের প্রয়োজন আছে, আমাদের ও পুণ্য করা কর্ত্তব্য। ইহা বলিয়া দেবরাজ ইন্দ্র আয়ুষ্মান মহাকস্‌সপকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া আকাশে উঠিলেন এবং ঃ—

“ অহো দান, পরম দান কস্‌সপে সুপ্রতিষ্ঠিত
অহো দান, পরম দান কস্‌সপে সুপ্রতিষ্ঠিত !
অহো দান, পরম দান কস্‌সপে সুপ্রতিষ্ঠিত !”

এই বলিয়া তিন বার আনন্দ-ধ্বনি করিলেন। ভগবান তাহা বিশুদ্ধ মনুষ্য কর্ণের অতীত দিব্যকর্ণে শুনিলেন যে, দেবরাজ ইন্দ্র আকাশে উঠিয়া ( অহো দান, পরম দান কস্‌সপে সুপ্রতিষ্ঠিত ··· এই বলিয়া তিনবার আনন্দ ধ্বনি করিতেছে। উহার কারণাদি সকল জানিলেন, এবং “শীলবান ব্যক্তি দেবমনুষ্য সকলেরই আদরণীয় হয়— ” এই অর্থ সর্ব্বাকারে জানিয়া তৎসঙ্গে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

"পিণ্ডপাতিকস্স ভিক্খুনো
অত্তভরস্স অনঞ্ঞপোসিনো,
দেবা পিহয়ন্তি তাদিনো
উপসন্তস্স সদা সতীমতো'তি ॥ ৭ ॥

---

## পিণ্ড-সুত্তং । ৮

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলানং ভিক্খূনং পচ্ছাভত্তং পিণ্ডপাত-পটিক্কন্তানং করেরি-মণ্ডলমালে সন্নিসিন্নানং সন্নিপতিতানং অয়মন্তরাকথা উদপাদিঃ—পিণ্ডপাতিকো আবুসো, ভিক্খু পিণ্ডায় চরন্তো লভতি কালেন কালং মনাপিকে চক্খুনা রূপে পস্সিতুং, লভতি কালেন কালং মনাপিকে সোতেন সদ্দে

---

ভিক্ষাজীবী আপনারে করেন পালন,
না করেন যেই ভিক্ষু অপরে পোষণ,
উপশান্ত চিত্ত যিনি সদা স্মৃতিমান
দেবগণও সে ভিক্ষুর হয় প্রার্থীয়ান।

---

### পিণ্ড-সূত্র । ৮

শ্রাবস্তী-নিদান ঃ—

তৎকালে অনেকজন ভিক্ষু পিণ্ডাচরণ হইতে ফিরিয়া আসিয়া খাওয়া-দাওয়া (ভোজন কৃত্য) শেষ হইলে বরুণগাছের তলায় মণ্ডলমালে বা তৃণপর্ণাচ্ছাদিত বৈঠকখানায় বসিয়া এইরূপ কথাবার্ত্তা বলিতে লাগিল ঃ—"বন্ধুগণ! পিণ্ডাচারী ভিক্ষু সময় সময় সুন্দর সুন্দর (রূপবান রূপবতীগণের রূপ দেখিতে, গীতাদি মধুর শব্দ শুনিতে, মধুর গন্ধের

সোতুং, লভতি কালেন কালং মনাপিকে জিব্হায় রসে সায়িতুং, লভতি কালেন কালং মনাপিকে কায়েন ফোট্ঠব্বে ফুসিতুং, পিণ্ড-পাতিকো আবুসো, ভিক্খু সক্কতো গরুকতো মানিতো পূজিতো অপচিতো পিণ্ডায় চরতি। হন্দ আবুসো, ময়ম্পি পিণ্ডপাতিকা হোম, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে চক্খুনা রূপে পস্সিতুং, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে সোতেন সদ্দে সোতুং, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে ঘাণেন গন্ধে ঘায়িতুং, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে জিব্হায় রসে সায়িতুং, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে কায়েন ফোট্ঠব্বে ফুসিতুং, ময়ম্পি সক্কতা গরুকতা মানিতা পূজিতা অপচিতা পিণ্ডায় চরিস্সামা'তি। অয়ঞ্চরহি তেসং ভিক্খূনং অন্তরা কথা হোতি বিপ্পকতা। অথ খো ভগবা সায়ণ্হসময়ং পতিসল্লানা বুট্ঠিতো য়েন করেরি-মণ্ডলমালো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি নিসজ্জ খো ভগবা ভিক্খূ আমন্তেসিঃ— "কায়ন্নুত্থ ভিক্খবে এতরহি কথায় সন্নিসিন্না কা চ পন বো অন্তরা

---

ঘ্রাণ লইতে মধুর রস ভোগ করিতে এবং সময়ে সময়ে স্পর্শসুখ ভোগকরিতে পান। "বন্ধুগণ! ভিক্ষাজীবী ভিক্ষু লোকের গৌরব সৎকার মানসম্মান ও পূজা অর্চ্চনা লাভী হইয়া ভিক্ষা করেন। চল বন্ধুগণ! আমরা ও ভিক্ষাজীবী হই। তাহা হইলে, আমরা ও সময়ে সময়ে এইরূপ রূপদর্শনাদি সুখ ভোগ করিতে পারিব। এইরূপে লোকের গৌরব সৎকারাদি লাভ করিয়া ভিক্ষা করিতে পারিব"। এখন তাঁহাদের কাযের মাঝা মাঝি এই কথা শেষ হয় নাই, এমন সময় ভগবান সায়ংকালে ধ্যান হইতে উঠিয়া করেরি-মণ্ডলমালে বা বরুণ বৃক্ষের নিম্নস্থিত বৈঠকখানায় সজ্জিত বুদ্ধাসনে গিয়া বসিলেন, বসিয়া ভিক্ষুগণকে সম্বোধন করিয়া বলিলেন ;— "হে ভিক্ষুগণ! তোমাদের মধ্যে এখন কোন্ কোন্ কথা হইয়াছিল?"

কথা বিপ্পকতা"তি। ইধ ভন্তে অম্হাকং পচ্ছাভত্তং পিণ্ডপাত-পটিক্কন্তানং করেরিমণ্ডলমালে সন্নিসিন্নানং সন্নিপতিতানং অয়মন্তরা কথা উদপাদি:—"পিণ্ডপাতিকো আবুসো ভিক্খু পিণ্ডায় চরন্তো লভতি কালেন কালং মনাপিকে চক্খুনা রূপে পস্সিতুং, লভতি কালেন কালং মনাপিকে সোতেন সদ্দে সোতুং, লভতি কালেন কালং মনাপিকে ঘাণেন গন্ধে ঘায়িতুং, লভতি কালেনকালং মনাপিকে জিব্হায় রসে সায়িতুং, লভতি কালেন কালং মনাপিকে কায়েন ফোট্ঠব্বে ফুসিতুং, পিণ্ডপাতিকো আবুসো ভিক্খু সক্কতো গরুকতো মানিতো পূজিতো অপচিতো পিণ্ডায় চরতি। হন্দ আবুসো ময়ম্পি পিণ্ডপাতিকা হোম, ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে চক্খুনা রূপে পস্সিতুং—পে—ময়ম্পি লচ্ছাম কালেন কালং মনাপিকে কায়েন ফোট্ঠব্বে ফুসিতুং, ময়ম্পি সক্কতা গরুকতা মানিতা পূজিতা অপচিতা পিণ্ডায় চরিস্সামা"তি। অয়ং খো নো ভন্তে অন্তরা কথা হোতি বিপ্পকতা, অথ খো ভগবা অনুপ্পত্তোতি। নখ্বেতং ভিক্খবে তুম্হাকং পতিরূপং কুলপুত্তানং সদ্ধা অগারস্মা অনগারিয়ং পব্বজিতানং, য়ং তুম্হে এবরূপিং কথং কথেয়্যাথ। "সন্নিপতিতানং বো ভিক্খবে দ্বয়ং করণীয়ং, ধম্মী বা কথা অরিয়ো বা তুণ্হী-

---

তাঁহারা বলিলেন;— ভন্তে! আমরা ভিক্ষা হইতে ফিরিয়া আসিলে যখন ভোজনকৃত্য শেষ হইল, তখন করেরীমণ্ডলমালায় (বৈঠকখানায়) একত্রিত হইয়া বসিয়া এইরূপ কথাবার্ত্তা বলিতেছিলাম;— "বন্ধুগণ! পিণ্ডাচারী ভিক্ষু সময় সময় সুন্দর সুন্দর রূপ দেখিতে পান (ইত্যাদি পূর্ব্বোক্তানুরূপ সমস্তই বলিলেন), তারপর ভগবান আসিলেন। তাহা শুনিয়া ভগবান বলিলেন:— "হে ভিক্ষুগণ! তোমাদের মত শ্রদ্ধার সহিত গৃহ হইতে অনাগারে প্রব্রজিত কুলপুত্রগণের ঐ সকল কথা বলা শোভা পায় না। "হে ভিক্ষুগণ! একত্রিত ভিক্ষুগণের দুইটী কর্ত্তব্য:— হয়ত ধর্ম্মকথা বলিবে, নতুবা আর্য্য-

ভাবো”তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

পিণ্ডপাতিকস্স ভিক্খুনো
অত্তভরস্স অনঞ্ঞপোসিনো,
দেবা পিহয়ন্তি তাদিনো
নো চে সদ্দসিলোকনিস্সিতো’তি ॥২৮॥

## সিপ্প-সুত্তং

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলানং ভিক্খূনং পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তানং মণ্ডলমালে সন্নিসিন্নানং সন্নিপতিতানং অয়মন্তরা কথা উদপাদি ঃ—“কো নু খো আবুসো সিপ্পং জানাতি, কো কিং সিপ্পং সিক্খি, কতরং

---

তুষ্ণী-ভাব অবলম্বন করিবে”। তৎপর ভগবান প্রজ্ঞা, শীল, ধূতাঙ্গ, অল্পেচ্ছতা ও সন্তুষ্টিতাদি গুণে ভিক্ষাজীবী ভিক্ষু দেবগণেরও স্নেহ লাভ করেন এই বিষয় বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা বলিলেন ঃ—

পিণ্ডপাতে আপনারে করেন পালন, না করেন যেই ভিক্ষু অপরে পোষণ
নাই যার পরস্তুতি শুনিবার আশা, সেইভিক্ষু দেবতারো পায় ভালবাসা ॥২৮॥

### শিল্প-সূত্র

শ্রাবস্তীনিদান — তৎকালে অনেকজন ভিক্ষু ভিক্ষাহইতে ফিরিয়া আসিয়া আহারকৃত্য সমাপনান্তে করেরিমণ্ডলমালে উপবিষ্ট হইলে তাঁহাদের মধ্যে শিক্ষা ও ভাবনার মাঝখানে এই প্রকারের কথা উঠিয়া স্থগিত রহিল ঃ— কেহ প্রশ্ন করিল “বন্ধুগণ, আপনাদের মধ্যে কে কোন্ শিল্প জানেন? কে কোন্ শিল্প শিখিয়াছেন? কোন্ শিল্প শিল্প সকলের শ্রেষ্ঠ? কেহ কেহ

সিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। তথেকচ্চে এবমাহংসু ঃ—"হত্থি সিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসুঃ—"অস্সসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসু ঃ—"রথসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসু ঃ—"ধনুসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসুঃ—"থরুসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসু; "মুদ্দাসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসুঃ—"গণনসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসু ঃ—"সঙ্খানসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। একচ্চে এবমাহংসুঃ—'লেখাসিপ্পং সিপ্পানং অগ্গ'ন্তি। একচ্চে এবমাহংসুঃ—'কাবেয্যসিপ্পং সিপ্পানং অগ্গ'ন্তি। একচ্চে এবমাহংসু ঃ—'লোকায়তসিপ্পং সিপ্পানং অগ্গ'ন্তি। একচ্চে এবমাহংসুঃ—"খত্তবিজ্জসিপ্পং সিপ্পানং অগ্গ"ন্তি। অয়ঞ্চরহি তেসং ভিক্খূনং অন্তরা কথা হোতি বিপ্পকতা; অথ খো ভগবা সায়ণ্হসময়ং পতিসল্লানা বুট্ঠিতো য়েন মণ্ডলমালো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। নিসজ্জ খো ভগবা ভিক্খূ আমন্তেসিঃ—'কায়নুত্থ ভিক্খবে এতরহি কথায় সন্নিসিন্না, কা চ পন বো অন্তরা কথা বিপ্পকতা'তি? ইধ ভন্তে অম্হাকং পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তানং মণ্ডলমালে সন্নিসিন্নানং সন্নিপতিতানং অয়-

---

বলিলেন, অশ্ব-শিল্প, কেহ রথ-শিল্প, ধনুশিল্প, অন্যান্য অস্ত্রশিল্প, মুদ্রা-শিল্প, গণনা, সঙ্কলন, লেখা, কবিত্ব, কুটতর্কশাস্ত্র, আর কেহ কেহ কৃষিশিল্প সকলের শ্রেষ্ঠ বলিয়া বলিলেন। শিক্ষা ও ভাবনা ছাড়িয়া মধ্যে এই কথা তাঁহারা তুলিয়াছিলেন। সেই সায়াহ্নে ভগবান ধ্যান হইতে উঠিয়া মণ্ডলমালে গমন করিলেন। গিয়া সজ্জিত বুদ্ধাসনে বসিলেন। বসিয়া ভগবান ভিক্ষুদিগকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন ঃ—ভিক্ষুগণ, তোমরা এখন কোন্ আলাপ করিতেছিলে? ইত্যবসরে তোমাদেরমধ্যে কোন্ কথা উঠিয়া স্থগিত রহিল? ভিক্ষুগণ পূর্ব্ববৎ যথাযথ বলিলেন।

মন্তরা কথা উদপাদিঃ—"কো নু খো আবুসো সিপ্পং জানাতি, কো কিং সিপ্পং সিক্খি, কতরং সিপ্পং সিপ্পানং অগ্গন্তি; তত্থেকচ্চে এবমাহংসু 'হত্থিসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'অস্সসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'রথসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'ধনুসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'থরুসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'মুদ্দাসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'গণনসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'সঙ্খানসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'লেখা-সিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু কাবেয্যসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'লোকায়তসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' একচ্চে এবমাহংসু 'খত্তবিজ্জাসিপ্পং সিপ্পানং অগ্গন্তি' অয়ং খো নো ভন্তে অন্তরা কথা হোতি বিপ্পকতা, অথ খো ভগবা অনুপ্পত্তো"তি। "নখ্বেতং ভিক্খবে তুম্হাকং পতিরূপং কুলপুত্তানং সদ্ধা অগারস্মা অনগারিয়ং পব্বজিতানং, য়ং তুম্হে এবরূপং কথং কথেয়্যাথ। সন্নিপতিতানং বো ভিক্খবে দ্বয়ং করণীয়ং, ধম্মী বা কথা অরিয়ো বা তুণ্হীভাবো"তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

— "তোমাদের ঐ সকল কথা বলা শোভা পায় না, একত্রিত হইলে তোমাদের দুইটি কর্ত্তব্য, হয়ত ধর্ম্মকথা বলিবে, নতুবা আর্য্য জনোচিত ধ্যানালম্বনে তুষ্ণীভাব অবলম্বন করিবে"। শিল্পাদি সংসারাবর্ত্ত দুঃখহইতে মুক্ত হইবার জন্য নহে। কেবল জীবিকা নির্ব্বাহের জন্য, কিন্তু শীলাদি পরিপূরণ করাই সংসারাবর্ত্ত দুঃখ হইতে মুক্তি লাভের জন্য। প্রকৃত ভিক্ষু তাঁহারা, যাঁহারা ভগবানের আদেশ অনুযায়ী শীলাদি পূর্ণ করেন, এই সকল অর্থ সম্পূর্ণরূপে বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা বলিয়াছিলেন ঃ—

অসিপ্পজীবি লহু অত্থকামো,
যতিন্দ্রিয়ো সব্বধি বিপ্পমুত্তো;
অনোকসারী অমমো নিরাসো
হিত্বা মানং একচরো সভিক্খূ'তি ॥ ২৯॥

## লোকসুত্তং। ১০

এবং মে সুতং একং সময়ং ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা নেরঞ্জরায় তীরে বোধিরুক্খমূলে পঠমাভিসম্বুদ্ধো। তেন খো পন সময়েন ভগবা সত্তাহং একপল্লঙ্কেন নিসিন্নো হোতি বিমুত্তিসুখ-পটিসংবেদী অথ খো ভগবা তস্স সত্তাহস্স অচ্চয়েন তম্হা সমাধিম্হা বুট্ঠহিত্বা বুদ্ধচক্খুনা লোকং বোলোকেসি। অদ্দসা খো ভগবা

---

নহে শিল্প জীবিকা যাহার,
অল্পলাভে তুষ্ট যেই জন—
সংযত ইন্দ্রিয়, মুক্ত সর্ব্ব-সংযোজন হ'তে,
তৃষ্ণার অভাব হেতু হীন অহঙ্কার;
ছিন্ন আশা শূন্য মমকার,
মানচ্ছেদ করি' একা করে বিচরণ,
ধর্ম্মতৃপ্ত, ভিক্ষু সেইজন॥ ২৯॥

## লোক-সূত্র। ১০

আমি এই রূপ শুনিয়াছি, একসময় ভগবান নিরঞ্জনা নদীর তীরে প্রথম বুদ্ধত্ব লাভের পর বোধিবৃক্ষমূলে বিহার করেন। তৎকালে বিমুক্তি সুখ অনুভব করিতে করিতে ভগবান সপ্তাহকাল একাসনে বসিয়া থাকেন। তৎপর সেই সপ্তাহ অতীত হইলে ভগবান বুদ্ধচক্ষে ত্রিলোক অবলোকন

বুদ্ধচক্খুনা লোকং বোলোকেন্তো সত্তে অনেকেহি সন্তাপেহি সন্তপ্পমানে অনেকেহি পরিলাহেহি পরিডয্হমানে রাগজেহিপি, দোস-জেহিপি মোহজেহিপী'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

অয়ং লোকো সন্তাপো জাতো, ফস্সপরেতো রোগং বদতি অত্ততো,
য়েন য়েন হি মঞ্ঞতি ততো তং হোতি অঞ্ঞথা।
অঞ্ঞথাভাবী ভবসত্তো লোকো ভবপরেতো ভবমেবাভিনন্দতি,
য়দভিনন্দতি তং ভয়ং, য়স্স ভায়তি তং দুক্খং ;
ভববিপ্পহানায় খো পনিদং ব্রহ্মচরিয়ং বুস্সতি ।

য়েহি কেচি সমণা বা ব্রাহ্মণা বা ভবেন ভবস্স বিপ্পমোক্খ-মাহংসু সব্বে তে অবিপ্পমুত্তা ভবস্মা'তি বদামি। য়ে বা পন

---

করিলেন — দেখিলেন, প্রাণিগণ অনেক প্রকারে লোভ-দ্বেষ-মোহ জনিত সন্তাপে সন্তাপিত ও পরিদাহে পরিদগ্ধ হইতেছে। অনন্তর এই বিষয় জানিয়া সেই সময় ভগবান এই প্রীতিগাথা উচ্চারণ করিলেনঃ—

জ্বলিতেছে এই জীবলোক;—
স্পর্শ-বিমর্দ্দিত হয়ে, দুঃখ ত্রয়ে নিত্য নিপীড়িত;
স্কন্ধ-রোগে বলিতেছে 'আত্মা' আপনার
মনে ভাবে যাহা যাহা, তদন্যথা হইতেছে তাহা,
অন্যথা ভাবী ভবাসক্ত ভব-প্রপীড়িত লোক,
ভবকেই করে অভিনন্দন তবু,
যারে অভিনন্দন করে, তাই ভয়,
ভয় করে যারে, তাই দুঃখ।
ভবত্যাগ হেতু এই ব্রহ্মচর্য্য-বাস।

যেই সকল শ্রমণ বা ব্রাহ্মণ বলে যে নিত্য শাশ্বত কোন ভব-সুখ ভোগের দ্বারা ভবহইতে মুক্ত হওয়া যায়, তাহারা সকলেই মুক্ত হয় নাই

কেচি সমণা বা ব্রাহ্মণা বা বিভবেন ভবস্স নিস্সরণমাহংসু সব্বে তে অনিস্সটা ভবস্মা'তি বদামি ।

উপধি হি পটিচ্চ দুক্খমিদং সম্ভোতি, সব্বুপাদানক্খয়া নত্থি দুক্খস্স সম্ভবো। লোকমিমং পস্স পুথু, অবিজ্জায় পরেতা ভূতা ভূতরতা বা অপরিমুত্তা। য়ে হি কেচি ভবা সব্বধি সব্বত্থতায় সব্বে তে ভবা অনিচ্চা দুক্খা বিপরিণামধম্মা'তি ।

এবমেতং য়থাভূতং সম্মপ্পঞ্ঞায় পস্সতো
ভবতণ্হা পহীয়তি, বিভবং নাভিনন্দতি ।

সব্বসো তণ্হানং খয়া অসেসবিরাগা নিরোধো নিব্বানং;

---

বলিয়া বলিতেছি। অথবা যে সকল শ্রমণ ব্রাহ্মণ বলে যে আত্মা ও লোক উচ্ছিন্ন বিধ্বংস হইয়া গেলেই ভবহইতে নিষ্কৃতি লাভ হয়, তাহারা সকলেই ভবহইতে নিষ্ক্রান্ত হয় নাই বলিয়া বলিতেছি । উপাধির বা পঞ্চ উপাদান স্কন্ধের হেতু এই দুঃখ। সকল উপাদানের ক্ষয়ে আর দুঃখ উৎপন্ন হয় না। এই দেখ সত্বলোক, সংস্কার লোক প্রভৃতি লোকধাতু বহু, বিবিধ প্রকার; জীবগণ অবিদ্যার দ্বারা উপদ্রুত; একে অন্যের প্রতি সখ্য বাৎসল্যাদি প্রেমের দ্বারা বদ্ধ হইয়া ভব হইতে মুক্ত হইতে পারিতেছেনা। পূর্ব্ব পশ্চিম দিকাদি সর্ব্বত্র স্বর্গ নরকাদি যত জগৎ আছে, সকল জগৎ অনিত্য দুঃখ ও বিপরিণামশীল।

এইরূপে যথাযথ পূর্ণজ্ঞানে করিলে দর্শন
ভব-তৃষ্ণা দূর হয় বিভবেতে হৃষ্ট নহে মন।

সকল তৃষ্ণার ক্ষয়, অশেষ বিরাগতারদ্বারা নিরোধ লাভই নির্ব্বাণ। অথবা সম্যক্ প্রকারে তৃষ্ণার ক্ষয়, সম্পূর্ণ আসক্তিশূন্যতা এবং পুনর্জ্জন্ম নিরোধই নির্ব্বাণ।

তস্স নিব্বুতস্স ভিক্খুনো
অনুপাদা পুনব্ভবো ন হোতি
অভিভূতো মারো বিজিত সঙ্গামো,
উপচ্চগা সব্বভবানি তাদী'তি ॥ ৩০ ॥

## নন্দবগ্গো নিট্‌ঠিতো।

তস্সুদ্দানং :—

কম্মং নন্দো য়সোজো চ সারিপুত্তো চ কোলিতো,
পিলিন্দি কস্সপো পিণ্ডো সিপ্পং লোকেন তে দসা'তি।

—৺*৺—

নির্ব্বাপিত সে ভিক্ষুর—
উপাদান ক্ষয় হেতু জন্ম পুনঃ নয়,
পরাজিত মার, রণে লভেছে সে জয়।
অরহত নির্ব্বিকার সে ভিক্ষু পরম
সর্ব্বভব করে অতিক্রম ॥ ৩০ ॥

নন্দ-বর্গ সমাপ্ত

# মেঘিয় বগ্‌গো চতুত্থো

## মেঘিয়-সুত্তং । ১

এবম্মে সুতং একং সময়ং ভগবা চালিকায়ং বিহরতি চালিকে পব্বতে। তেন খো পন সময়েন আয়স্মা মেঘিয়ো ভগবতো উপট্ঠাকো হোতি। অথ খো আয়স্মা মেঘিয়ো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং অট্ঠাসি, একমন্তং ঠিতো খো আয়স্মা মেঘিয়ো ভগবন্তং এতদবোচ ঃ— "ইচ্ছামহং ভন্তে জন্তুগামং পিণ্ডায় পবিসিতুন্তি।" "য়স্স দানি ত্বং মেঘিয় কালং মঞ্ঞসীতি"। অথ খো আয়স্মা মেঘিয়ো পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় জন্তুগামং পিণ্ডায় পাবিসি, জন্তু গামে পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তো য়েন কিমি-

---

# মেঘিয় বর্গ চতুর্থ

## মেঘিয়-সূত্র । ১

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান চালিকা নগরের অবিদূরে চালিকা পর্ব্বতে বাস করেন। তৎকালে আয়ুষ্মাণ মেঘিয় ভগবানের সেবা করিতেন। একদিন তিনি ভগবানের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে বন্দনা করিয়া এক পাশে দাঁড়াইলেন। তারপর ভগবানকে বলিলেন, "ভন্তে, আমি জন্তুগ্রামে ভিক্ষায় যাইতে ইচ্ছা করি" ভগবান তথাস্তু বলিয়া অনুমতি দিলেন। অনন্তর আয়ুষ্মাণ মেঘিয় পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান পূর্ব্বক পাত্রচীবর লইয়া জন্তুগ্রামে ভিক্ষায় প্রবেশ করিলেন। তথায় ভিক্ষা করিয়া ফিরিয়া আসিয়া ভোজনান্তে ক্রিমিকালানদীর তীরে গিয়া পুনঃ পুনঃ চঙ্ক্রমণ ও পরিভ্রমণ করিতে

কালায় নদিয়া তীরং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা কিমিকালায় নদিয়া তীরে জঙ্ঘা বিহারং অনুচঙ্কমমানো অনুবিচরমানো অদ্দসা খো অম্ব-বনং পাসাদিকং রমণীয়ং, দিস্বানস্স এতদহোসি ঃ—পাসাদিকং বতিদং অম্ববনং রমণীয়ং, অলং বতিদং কুলপুত্তস্স পধানত্থিকস্স পধানায়, সচে মং ভগবা অনুজানেয্য আগচ্ছেয্যাহং ইমং অম্ববনং পধানায়াতি। অথ খো আয়স্মা মেঘিয়ো য়েন ভগবা তেনুপসঙ্কমি. উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা মেঘিয়ো ভগবন্তং এতদবোচ ঃ—"ইধাহং ভন্তে পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় জন্তুগামং পিণ্ডায় পাবিসিং, জন্তুগামে পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তো য়েন কিমিকালায় নদিয়া তীরং তেনুপসঙ্কমিং, উপসঙ্কমিত্বা কিমিকালায় নদিয়া তীরে জঙ্ঘাবিহারং অনুচঙ্কমমানো অনুবিচরমানো অদ্দসং অম্ববনং পাসাদিকং রমণীয়ং, দিস্বান মে এতদহোসি ঃ—পাসাদিকং বতিদং অম্ববনং রমণীয়ং, অলং বতিদং কুলপুত্তস্স পধানত্থিকস্স পধানায়, সচে মং ভগবা অনুজানেয্য আগচ্ছেয্যাহং ইমং অম্ববনং

---

করিতে দেখিলেন—প্রসাদ জননী রমণীয়া এক আম্রকানন—দেখিয়া ভাবিলেন "এই আম্রকানন কতই প্রসাদ জননী কতই রমণীয়া ! যেই কুলপুত্র ধ্যান লাভের চেষ্টা করিতেছেন তাঁহার ধ্যানের নিমিত্ত ইহাই উপযুক্ত স্থান; ভগবান আমাকে অনুমতি দিলে আমি এই আম্রবনে ধ্যানার্থ আসিব। তৎপর আয়ুষ্মাণ মেঘিয় ভগবানের নিকট গিয়া তাঁহাকে বন্দনা করিলেন এবং একপাশে বসিয়া বলিলেনঃ—"ভন্তে, আমি পূর্ব্বাহ্ন সময়ে পাত্রচীবর লইয়া জন্তুগ্রামে ভিক্ষায় প্রবেশ করিয়াছিলাম। তথায় ভিক্ষা করিয়া ভোজনান্তে ফিরিবার সময় ক্রিমিকালানদীর তীরে গমন করিলাম। সেখানে পদব্রজে পুনঃ পুনঃ চঙ্ক্রমণ করিতে করিতে দেখিলাম "প্রসাদ জননী ...... আসিব" ভন্তে ভগবান যদি

পধানায়া'তি। সচে মং ভন্তে ভগবা অনুজানাতি, গচ্ছেয়্যাহং তং অম্ববনং পধানায়া'তি। এবং বুত্তে ভগবা আয়স্মন্তং মেঘিয়ং এতদবোচ ঃ—"আগমেহি তাব মেঘিয় এককম্হা তাব য়াব অঞ্ঞো পি কোচি ভিক্খু আগচ্ছতীতি। দুতিয়ম্পি খো আয়স্মা মেঘিয়ো ভগবন্তং এতদবোচ 'ভগবতো ভন্তে নত্থি কিঞ্চি উত্তরিং করণীয়ং নত্থি কতস্স বা পতিচয়ো, মযহং খো পন ভন্তে অত্থি উত্তরিং করণীয়ং, অত্থি কতস্স পতিচয়ো। সচে মং ভন্তে ভগবা অনুজানাতি, গচ্ছেয়্যাহং তং অম্ববনং পধানায়া'তি। দুতিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং মেঘিয়ং এতদবোচ ঃ—আগমেহি তাব মেঘিয় এককম্হা তাব য়াব অঞ্ঞো'পি কোচি ভিক্খু আগচ্ছতীতি। ততিয়ম্পি খো আয়স্মা মেঘিয়ো ভগবন্তং এতদবোচ ঃ—ভগবতো ভন্তে নত্থি কিঞ্চি উত্তরিং করণীয়ং নত্থি কতস্স বা পতিচয়ো, মযহং খো পন ভন্তে অত্থি উত্তরিং করণীয়ং অত্থি কতস্স পতিচয়ো, সচে মং ভন্তে ভগবা অনুজানাতি, গচ্ছেয়্যাহং

---

আমাকে অনুমতি দেন তবে আমি এই আম্রবনে ধ্যানের জন্য যাই। আয়ুষ্মাণ মেঘিয় এইরূপ বলিলে ভগবান তাঁহাকে কহিলেন, "হে মেঘিয়, এখন আমি একাকী, অন্য কোন ভিক্ষুর আগমন পর্য্যন্ত অপেক্ষা কর. আয়ুষ্মাণ মেঘিয় পুনরায় ভগবানকে বলিলেন, ভন্তে ভগবন্ আপনার অধিক কিছু করণীয় নাই, যাহা করিয়াছেন তাহারও পরিহানি নাই; আমার কিন্তু ভন্তে, আরও করণীয় রহিয়াছে, যাহা করিয়াছি তাহারও পরিহানি আছে ভগবান যদি আমাকে অনুমতি দেন, আমি সেই আম বাগানে যোগ সাধনের জন্য যাই। (এই) দ্বিতীয় বারেও ভগবান আয়ুষ্মাণ মেঘিয়কে বলিলেন ঃ—হে মেঘিয় ! আমি একাকী, অপর কোনও ভিক্ষুর আগমন পর্য্যন্ত তুমি অপেক্ষা কর। তৃতীয় বারও আয়ুষ্মাণ মেঘিয় ভগবানকে পূর্ব্ব-বৎ "ভন্তে ভগবন্! আপনার অধিক কিছু করণীয় নাই......ইত্যাদি বলিয়া যোগ সাধনের জন্য যাইতে প্রার্থনা করিলেন। তৃতীয় বারে

তং অম্ববনং পধানায়াতি। পধানন্তি খো মেঘিয় বদমানং কিন্তি বদেয়্যাম, য়স্স দানি ত্বং মেঘিয় কালং মঞ্ঞসীতি। অথ খো আয়স্মা মেঘিয়ো উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা য়েন তং অম্ববনং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তং অম্ববনং অজ্ঝোগহেত্বা অঞ্ঞত-রস্মিং রুক্খমূলে দিবাবিহারং নিসীদি। অথ খো আয়স্মতো মেঘিয়স্স তস্মিং অম্ববনে বিহরন্তস্স য়েভুয্যেন তয়ো পাপকা অকুসলা বিতক্কা সমুদাচরন্তি, সেয়্যথীদং কামবিতক্কো ব্যাপাদবিতক্কো বিহিংসা-বিতক্কোতি। অথ খো আয়স্মতো মেঘিয়স্স এতদহোসি, "অচ্ছরিয়ং বত ভো! অব্ভুতং বত ভো! সদ্ধায় চ বতম্হি অগারস্মা অনগারিয়ং পব্বজিতো, অথচ পনিমেহি পাপকেহি অকুসলেহি বিতক্কেহি অন্বাসত্তো সেয়্যথীদং কামবিতক্কেন ব্যাপাদবিতক্কেন বিহিংসাবিতক্কেনাতি। অথ খো আয়স্মা মেঘিয়ো সায়ণ্হ সময়ং পতিসল্লাণা বুট্ঠিতো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা এক-

---

ভগবান বলিলেনঃ—'হে মেঘিয়! যখন ধ্যানার্থ যাইতে চাহিতেছ। তখন আর কি বলিব।' যদি সময় মনে কর, তবে তাই কর। অনন্তর আয়ুষ্মাণ মেঘিয় আসন হইতে উঠিয়া ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ সেই আম বাগানের দিকে অগ্রসর হইলেন। তথায় গিয়া আম বাগানে প্রবেশ পূর্ব্বক এক বৃক্ষমূলে দিবাধ্যানে বসিলেন। সেই আম বাগানে ধ্যান করিবার সময় তাঁহার কাম-চিন্তা ক্রোধ-চিন্তা ও হিংসা-চিন্তা বার বার বেশীভাবে মনে উঠিতে লাগিল। তখন আয়ুষ্মাণ মেঘিয় ভাবিলেনঃ— কি আশ্চর্য্য! কি অদ্ভুত! আমি শ্রদ্ধা করিয়া গৃহ হইতে অনাগারে প্রব্রজিত হইয়াছি, অথচ কাম-বিতর্ক, ব্যাপাদ-বিতর্ক ও বিহিংসা-বিতর্ক এই তিন পাপজনক অকুশল বিতর্কের দ্বারা পুনঃ পুনঃ আবদ্ধ হইতেছি। তৎপর সায়ংকালে আয়ুষ্মাণ মেঘিয় ধ্যান হইতে উঠিয়া ভগ-বানের নিকট গমন করিলেন। গিয়া ভগবানকে বন্দনা করিয়া একপাশে

মন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা মেঘিয়ো ভগবন্তং এতদবোচ :—"ইধ ময়হং ভন্তে তস্মিং অম্ববনে বিহরন্তস্স য়েভু-য়্যেন তয়ো পাপকা অকুসলা বিতক্কা সমুদাচরন্তি, সেয়্যথীদং, কামবিতক্কো ব্যাপাদবিতক্কো বিহিংসাবিতক্কো'তি। তস্স ময়হং ভন্তে এতদহোসি :—অচ্ছরিয়ং বত ভো অব্ভুতং বত ভো, সদ্ধায় চ বতম্হি অগারস্মা অনগারিয়ং পব্বজিতো, অথচ পনিমেহি তীহি পাপকেহি অকুসলেহি বিতক্কেহি অন্বাসত্তো সেয়্যথীদং, কামবিতক্কেন ব্যাপাদবিতক্কেন বিহিংসাবিতক্কেনা'তি।

অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া পঞ্চধম্মা পরিপাকায় সংবত্তন্তি। কতমে পঞ্চ? ইধ মেঘিয় ভিক্খু কল্যাণমিত্তো হোতি কল্যাণসহায়ো কল্যাণসম্পবঙ্কো, অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া অয়ং পঠমো ধম্মো পরিপাকায় সংবত্ততি। পুন চ পরং মেঘিয়

---

বসিলেন এবং বলিলেন :—"ভন্তে, আমার সেই আম বাগানে বিহার করিবার সময় কাম-বিতর্কাদি তিনটি পাপজনক অকুশল বিতর্ক বহুল পরিমাণে মনে উঠিতে লাগিল। তখন আমি ভাবিলাম :— কি আশ্চর্য্য! কি অদ্ভুত! আমি শ্রদ্ধার সহিত গৃহ হইতে অনাগারে প্রব্রজিত হইয়াছি। অথচ কাম-বিতর্কাদি এই তিন পাপজনক অকুশল বিতর্কের দ্বারা পুনঃ পুনঃ আসক্ত হইতেছি। [তখন ভগবান আয়ুষ্মাণ মেঘিয়কে উপদেশ দিতে লাগিলেন :— ]

"হে মেঘিয়! চিত্ত-বিমুক্তি বা অর্হত্ব-ফল-সমাধি অপূর্ণ থাকিলে পাঁচটী ধর্ম্ম দ্বারা সম্পূর্ণ হয়। সেই পাঁচটী ধর্ম্ম কি কি? হে মেঘিয়! এই বুদ্ধ শাসনে যখন চিত্ত সম্পূর্ণ বিমুক্তি লাভ করিতে পারে না তখন কল্যাণ-মিত্র বা সংগুরুর আশ্রয় লইতে হয়, কল্যাণ-মিত্রের সাহায্য লইতে হয় ও তিনি যাহা বলেন কায়মনে তদনুযায়ী আচরণকারী হইতে হয়। হে মেঘিয়! অমুক্ত-চিত্ত ব্যক্তির সম্পূর্ণ চিত্ত বিমুক্তি-লাভ করিবার জন্য প্রথম উপায় এই কল্যাণ-মিত্রতা।

ভিক্খু সীলবা হোতি পাতিমোক্খসংবরসংবুতো বিহরতি আচার-গোচরসম্পন্নো অনুমত্তেসু বজ্জেসু ভয়দস্সাবী সমাদায় সিক্খতি সিক্খাপদেসু, অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া অয়ং দুতিয়ো ধম্মো পরিপাকায় সংবত্ততি। পুনচপরং মেঘিয় ভিক্খু য়ায়ং কথা অভিসল্লেখিকা চেতো বিবরণসপ্পায়া একন্ত নিব্বিদায় বিরাগায় নিরোধায় উপসমায় অভিঞ্ঞায় সম্বোধায় নিব্বানায় সংবত্ততি, সেয়্যথীদং, অপ্পিচ্ছকথা সন্তুট্ঠিকথা পবিবেককথা অসংসগ্গকথা

---

২। "হে মেঘিয়! দ্বিতীয়তঃ ভিক্ষুকে শীলবান হইতে হয়, বিনয়-শীলে প্রতিষ্ঠিত থাকিতে হয়। চলাফেরা আচার-গোচর সুন্দর করিতে হয় ও অল্পমাত্র পাপেও ভীত হইতে হয় এবং শিক্ষাপদ সকল গ্রহণ করিয়া তদনুযায়ী আচরণ শিক্ষা করিতে হয়। হে মেঘিয়! অনর্হতের অর্হৎ হইবার জন্য এইটী দ্বিতীয় ধর্ম্ম।

৩। "হে মেঘিয়! তৃতীয়তঃ এমন সকল আলাপ করিতে হয় যাহাতে মন নিষ্পাপ ও উন্মুক্ত হয়, সংসার দুঃখে একান্ত উৎকণ্ঠিত হয় এবং সংসারে অভিরতি ও আসক্তি হীন হয় এবং যাহা চিত্তের নিরোধ ও উপশম আনয়ন করে আর যাহা বিশেষ জ্ঞান, সম্বোধি ও নির্ব্বাণ প্রদান করে। উক্ত প্রকারের বাক্যালাপ ইচ্ছামতে সহজে বেশীভাবে লাভ করিতে পারিলে চিত্ত পাপ হইতে মুক্ত হয়। চিত্ত বিমুক্তি লাভের উপায় স্বরূপ ইহা তৃতীয় ধর্ম্ম। এই প্রকারের কথাবার্ত্তা বলা উচিত, যথা ঃ—

(ক) অপ্পিচ্ছকথা—তৃষ্ণা বহুল না হওয়ার জন্য পরস্পর আলাপ করিবে, পরস্পর পরস্পরকে উপদেশ দিবে।

(খ) সন্তুট্ঠিকথা—ধর্ম্মতঃ যাহা উপার্জ্জন কর তাহাতে সন্তুষ্ট থাকিবার জন্য বাক্যালাপ করিবে।

(গ) পবিবেককথা—বিবেকে বা নির্জ্জনে থাকা—কায় বিবেক, কাম-চিন্তা ত্যাগ করিয়া চিত্তকে ধ্যানস্থ করা—চিত্ত বিবেক ও পঞ্চ-স্কন্ধের কোনটিকেই আমি বা আমার বলিয়া মনে না করিয়া ঐ সকল

বিরিয়ারম্ভকথা সীলকথা সমাধিকথা পঞ্ঞাকথা বিমুত্তিকথা বিমুত্তিঞ্ঞাণদস্সন কথা, এবরূপিয়া কথায় নিকামলাভী হোতি অকিচ্ছলাভী অকসির লাভী। অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া অয়ং ততিয়ো ধম্মো পরিপাকায় সংবত্ততি। পুনচপরং মেঘিয় ভিক্খু আরদ্ধবিরিয়ো বিহরতি অকুসলানং ধম্মানং পহানায় কুসলা-নং ধম্মানং উপসম্পদায় থামবা দল্হপরক্কমো অনিক্খিত্তধুরো কুসলেসু ধম্মেসু, অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া অয়ং চতুত্থো ধম্মো পরিপাকায় সংবত্ততি। পুনচপরং মেঘিয় ভিক্খু পঞ্ঞবা হোতি উদয়ত্থগামিনিয়া পঞ্ঞায় সমন্নাগতো অরিয়ায় নিব্বেধিকায় সম্মা দুক্খক্খয়গামিনিয়া অপরিপক্কায় মেঘিয় চেতোবিমুত্তিয়া অয়ং

---

হইতে পৃথক হওয়া—উপাধিবিবেক, এই তিন বিবেকের কথা কহিবে।

(ঘ) স্ত্রী সংসর্গ না করার কথা বলিবে।

(ঙ) ধর্ম্মবীর্য্য উৎপাদক কথা কহিবে।

(চ) শীলকথা কহিবে।

(ছ) সমাধি কথা কহিবে।

(জ) জ্ঞানের আলোচনা করিবে।

(ঝ) অর্হত্ব ফল ও নির্ব্বাণ বিষয়ক কথা বলিবে।

(ঞ) এবং সকল লব্ধ ধর্ম্ম পুনরায় পর্য্যবেক্ষণ করিবে।

৪। হে মেঘিয়! পুনঃ ভিক্ষুকে পাপ পরিত্যাগের ও পুণ্য লাভের জন্য উৎসাহী শক্তিমান ও দৃঢ় পরাক্রমশালী হইয়া বিচরণ করিতে হয় এবং কুশল ধর্ম্মে ধুরবান বা সর্ব্বদা নিষ্পাপ ধর্ম্ম-পরায়ণ হইতে হয়। ইহা অনর্হতের অর্হত্ব ফল লাভের চতুর্থ উপায়।

৫। হে মেঘিয়! পুনঃ ভিক্ষুকে জ্ঞানবান হইতে হয়, স্কন্ধসমূহের উৎপত্তি ও বিলয় জ্ঞানদায়িনী প্রজ্ঞা সম্পন্ন হইতে হয়, যেই জ্ঞানের দ্বারা নির্ব্বাণ সম্মুখীভূত হয়, সাংসারিক আনন্দ নাশ হয় ও সম্যকরূপে দুঃখের

পঞ্চমো ধম্মো পরিপাকায় সংবত্ততি। অপরিপক্কায় মেঘিয় চেতো-বিমুত্তিয়া ইমে পঞ্চধম্মা পরিপাকায় সংবত্তন্তি।

কল্যাণমিত্তস্সেতং মেঘিয় ভিক্খুনো পাটিকঙ্খা কল্যাণসহায়স্স কল্যাণসম্পবঙ্কস্স য়ং সীলবা ভবিস্সতি পাতিমোক্খসংবরসংবুতো বিহরিস্সতি, আচারগোচরসম্পন্নো অনুমত্তেসু বজ্জেসু ভয়দস্সাবী সমাদায় সিক্খিস্সতি সিক্খাপদেসু। কল্যাণমিত্তস্সেতং মেঘিয় ভিক্খুনো পাটিকঙ্খা কল্যাণসহায়স্স কল্যণসম্পবঙ্কস্স, য়ং সীলবা ভবিস্সতি পাতিমোক্খসংবরসংবুতো—পে—য়ায়ং কথা অভিসল্লেখিকা চেতো-বিবরণসপ্পায়া একন্ত নিব্বিদায় বিরাগায় নিরোধায় উপসমায় অভিঞ্ঞায় সম্বোধায় নিব্বানায় সংবত্তিস্সতি, সেয়্যথীদং অপ্পিচ্ছকথা

---

ক্ষয় সাধন হয় সেইরূপ জ্ঞান লাভ করিতে হয়। হে মেঘিয়! অনর্হতের অর্হত্ব লাভের এইটী পঞ্চম উপায়।

৬। হে মেঘিয়! যে ভিক্ষু সৎগুরু সেবা করে, কল্যাণমিত্রের সাহায্য গ্রহণ করে, সৎগুরুর প্রতি যাহার বেশী টান, সে-ই আশা করিতে পারে যে সে শীলবান হইতে পারিবে। যেই প্রকার আচরণ করিলে চতুরপায় ও সংসারাবর্ত্ত দুঃখ হইতে মুক্তি পায়, সেই প্রাতিমোক্ষ সংযমে সংযত, আচার গোচর সম্পন্ন এবং অল্পমাত্র পাপেও ভয় সম্পন্ন হইয়া বিচরণ করিতে পারিবে বলিয়া সৎগুরু সম্পন্ন ভিক্ষুই আশা করিতে পারে। হে মেঘিয়! কল্যাণ-মিত্র, কল্যাণ-সহায়, সৎগুরু সম্পন্ন ভিক্ষুই আশা করিতে পারে যে সে শীলবান, প্রাতিমোক্ষ সংবর সংযত, আচার-গোচর সম্পন্ন পাপভীরু হইবে, শীল গ্রহণ করিয়া পালন করিবে, মনের পবিত্রতা সাধক চিত্তের বিকাসক একান্ত নিষ্কৃতি, বিরাগ, নিরোধ ও শান্তির আবাহক অভিজ্ঞা, সম্বোধি ও নির্ব্বাণ দায়ক দশবিধ কথামার্গ ইচ্ছামত সহজে বহুল পরিমাণে লাভ করিতে পারিবে। সেই দশবিধ কথামার্গ এই যথাঃ—

(ক) অনিচ্ছা কথা ভোগ বিলাসে অনিচ্ছা, ধুতাঙ্গধারী জনোচিত অনিচ্ছা, অপরকে নিজের পাণ্ডিত্য জানাইতে অনিচ্ছা, অলৌকিক গুণধর্ম্ম

সন্তুট্‌ঠিকথা পবিবেককথা অসংসগ্গকথা বিরিয়ারম্ভকথা সীলকথা সমাধিকথা পঞ্‌ঞাকথা বিমুত্তিকথা বিমুত্তিঞ্‌ঞাণদস্সনকথা এবরূপিয়া কথায় নিকামলাভী ভবিস্সতি অকিচ্ছলাভী অকসিরলাভী।

কল্যাণমিত্তস্সেতং মেঘিয় ভিক্খুনো পাটিকঙ্খা কল্যাণসহায়স্স কল্যাণসম্পবঙ্কস্স, য়ং আরদ্ধবিরিয়ো ভবিস্সতি অকুসলানং ধম্মানং পহানায় কুসলানং ধম্মানং উপসম্পদায় থামবা দল্‌হপরক্কমো অনিক্খিত্তধুরো কুসলেসু ধম্মেসু। কল্যাণমিত্তস্সেতং মেঘিয় ভিক্খুনো পাটিকঙ্খা কল্যাণসহায়স্স কল্যাণসম্পবঙ্কস্স, য়ং পঞ্‌ঞবা ভবিস্সতি উদয়ত্থগামিনিয়া পঞ্‌ঞায় সমন্নাগতো অরিয়ায় নিব্বেধিকায় সম্মা দুক্খক্খয় গামিনিয়া। তেন চ পন মেঘিয় ভিক্খুনা ইমেসু পঞ্চসু ধম্মেসু পতিট্‌ঠায় চত্তারো ধম্মা উত্তরিং ভাবেতব্বা, অসুভা ভাবেতব্বা

---

লাভ হইলেও উহা অপরকে জানাইবার অনিচ্ছা এই চারি প্রকারের অনিচ্ছা। পালিতে আছে 'অপ্পিচ্ছা" বা অল্প ইচ্ছা এস্থলে 'অল্প' অভাবার্থে অতএব অনিচ্ছা, (খ) সন্তুষ্টিকথা, (গ) বিবেককথা, (ঘ) অসংসর্গকথা (ভাবার্থ পূর্ব্বে বুঝাইয়া বলা হইয়াছে) (ঙ) উদ্যোগারম্ভকথা. (চ) শীল-কথা, (ছ) সমাধিকথা, (জ) প্রজ্ঞাকথা, (ঝ) বিমুক্তিকথা ও (ঞ) বিমুক্তি জ্ঞান দর্শনকথা।

হে মেঘিয়! কল্যাণ-মিত্র-সেবী কল্যাণ-সহায় ও কল্যাণ-মিত্রের প্রতি চিত্তাকর্ষণ সম্পন্ন ভিক্ষুই আশা করিতে পারে যে সে পাপ ত্যাগ ও পুণ্য বৃদ্ধির জন্য উৎসাহ উদ্যোগ সম্পন্ন হইবে, শক্তিমান ও দৃঢ় পরাক্রম শালী হইবে, কুশল ধর্ম্ম লাভে ধুর ত্যাগ করিবে না। হে মেঘিয়! কল্যাণ-মিত্র-সেবী কল্যাণ-সহায় কল্যাণ-মিত্রের প্রতি চিত্তাকর্ষণ সম্পন্ন ভিক্ষুই আশা করিতে পারে যে যেই জ্ঞানের দ্বারা উদয় অস্ত সম্বন্ধে জানা যায়, আর্য্য নির্ব্বাণ লাভও সম্যক্ দুঃখের ক্ষয় করা যায় সেই জ্ঞানে জ্ঞানবান হইবে। হে মেঘিয়! সেই ভিক্ষুর এই পঞ্চ ধর্ম্মে প্রতিষ্ঠিত হইয়া আর চারিটী ধর্ম্ম ভাবনা করা প্রয়োজন।

রাগস্স পহানায়, মেত্তা ভাবেতব্বা ব্যাপাদস্স পহানায়, আনাপানসতি ভাবেতব্বা বিতক্কুপচ্ছেদায়, অনিচ্চসঞ্ঞা ভাবেতব্বা অস্মিমানসমুগ্ঘাতায়। অনিচ্চসঞ্ঞীনো হি মেঘিয় অনত্তসঞ্ঞা সণ্ঠাতি, অনত্তসঞ্ঞী অস্মিমানসমুগ্ঘাতং পাপুনাতি দিট্ঠেবধম্মে নিব্বাণন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

খুদ্দা বিতক্কা সুখুমা বিতক্কা অনুগতা মনসো উব্বিলাপা।
এতে অবিদ্বা মনসো বিতক্কে হুরাহুরং ধাবতি ভন্তচিত্তো।

---

১। কামাসক্তি ত্যাগের জন্য অশুভ ভাবনা বা শরীরের অশুচির বিষয় ভাবনা করা প্রয়োজন।

২। ক্রোধ পরিত্যাগের জন্য মৈত্রী ভাবনা করা আবশ্যক।

৩। বিতর্কচ্ছেদ করিবার জন্য আনাপানস্মৃতি ভাবনা করিতে হইবে।

৪। আমিত্বমান সমুদ্ঘাটন বা পরিত্যাগ করিবার জন্য অনিত্য-সংজ্ঞা ভাবনা করা কর্ত্তব্য। হে মেঘিয়! যে অনিত্য-সংজ্ঞা ভাবনা করে তাহার অনাত্মা-সংজ্ঞা সুন্দররূপে স্থিত থাকে। অনাত্মা-সংজ্ঞা সম্পন্ন ভিক্ষুর আমিত্বমান উচ্ছিন্ন হয়। ইহাই ইহলোকে প্রত্যক্ষ নির্ব্বাণ। মিথ্যা বিতর্ক বা দুশ্চিন্তারূপ চোরগণ আয়ুষ্মাণ মেঘিয়ের ধর্ম্ম-ধন হরণ করিতেছে এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা বলিয়াছিলেন ঃ—

ক্ষুদ্র—হীন কাম-তর্ক গণ,
উপজি অস্থির করে মানবের মন।
সূক্ষ্ম—দেশ জ্ঞাতির চিন্তায়,
হৃদয় উদ্বেল স্থৈর্য্য হীন হয়ে যায়।
পরিজ্ঞাত নহে তাহা নরে,
ভ্রান্ত চিত্ত ভ্রমে সদা ভব ভবান্তরে।

এতে চ বিদ্বা মনসো বিতক্কে আতাপিয়ো সংবরতি সতীমা,
অনুগতে মনসো উব্বিলাপে অসেসমেতে পজহাসি বুদ্ধোতি ॥ ৩১॥

## উদ্ধত-সুত্তং । ২

এবম্মে সুতং একং সময়ং ভগবা কুসিনারায়ং বিহরতি উপবত্তনে মল্লানং সালবনে। তেন খো পন সময়েন সম্বহুলা ভিক্খূ ভগবতো অবিদূরে অরঞ্ঞকুটিকায়ং বিহরন্তি উদ্ধতা হোন্তি উন্নলা চপলা মুখরা বিকিণ্ণবাচা মুট্ঠস্সতিনো অসম্পজানা অসমাহিতা বিব্ভন্তচিত্তা পাকতিন্দ্রিয়া। অদ্দসা খো ভগবা তে সম্বহুলে ভিক্খূ অবিদূরে অরঞ্ঞকুটিকায়ং বিহরন্তে উদ্ধতে উন্নলে চপলে মুখরে বিকিণ্ণবাচে মুট্ঠস্সতিনো অসম্পজানে অসমাহিতে বিব্ভন্তচিত্তে

---

স্মৃতিমান বীর যেই জন,
সেই কুবিতর্ক জেনে করে সংবরণ।
চিত্ত ধ্বংসি উহা না জন্মিতে,
করেছেন ত্যাগ বুদ্ধ অশেষ রূপেতে ॥৩১॥

### উদ্ধতসূত্র। ২

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান কুশীনগরে মল্লদিগের শালবনে সেই অংশে বিহার করিতেছিলেন, যেখানে শালতরুরাজি বক্রভাবে সারি বাঁধিয়া তিন দিক জুড়িয়া উঠিয়াছিল। তৎকালে অনেকজন ভিক্ষু ভগবানের কাছাকাছি এক বনবিহারে বাস করিতেছিল। তাহারা অশান্ত, অহঙ্কারী, চঞ্চল, মুখর. বৃথা বাগাড়ম্বরকারী স্মৃতিহীন, জ্ঞান ও ধ্যানশূন্য, ভ্রান্তচিত্ত এবং অসংযতেন্দ্রিয়। ভগবান সেই অশান্ত...... অসংযতেন্দ্রিয়

পাকতিন্দ্রিয়ে। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অরক্খিতেন কায়েন মিচ্ছাদিট্‌ঠি গতেন চ
থিন মিদ্ধাভিভূতেন বসং মারস্স গচ্ছতি।

তস্মা রক্খিতচিত্তস্স সম্মাসঙ্কপ্পগোচরো,
সম্মাদিট্‌ঠি পুরেক্খারো ঞত্বান উদয়ব্বয়ং,
থিনমিদ্ধাভিভূ ভিক্খু সব্ব দুগ্গতিয়ো জহে ॥৩২॥

---

ভিক্ষুদিগকে তাঁহার কাছে এক বনবিহারে বাস করিতে দেখিলেন। ভগবান ঐ বিষয় জানিতে পারিয়া তৎকালে এই উদান-গাথা উচ্চারণ করিলেন ঃ—

অসংযত কায় আর মিথ্যাদৃষ্টি যুক্ত যেই জন,
তন্দ্রালস্যে অভিভূত, মার বশে করে সে গমন!

কর তাই চিত্ত সংরক্ষণ,
সম্যক্ সংকল্প সদা কর আলম্বন;
সম্মুখে সম্যক্ দৃষ্টি নিয়ে,
উদয় বিলয় পঞ্চ স্কন্ধের জানিয়ে,
তন্দ্রালস্য পরাভব করি
সকল দুর্গতি ভিক্ষু, যাও পরিহরি ॥৩২॥

# গোপাল-সুত্তং । ৩

এবং মে সুত্তং একং সময়ং ভগবা কোসলেসু চারিকং চরতি মহতা ভিক্খু সঙ্ঘেন সদ্ধিং। অথ খো ভগবা মগ্গা ওক্কম্ম য়েন অঞ্ঞতরং রুক্খমূলং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। অথ খো অঞ্ঞতরো গোপালকো য়েন ভগবা তেনুপ-সঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, এক-মন্তং নিসিন্নং খো তং গোপালকং ভগবা ধম্মিয়া কথায় সন্দস্সেসি সমাদপেসি সমুত্তেজেসি সম্পহংসেসি। অথ খো সো গোপালকো ভগবতা ধম্মিয়া কথায় সন্দস্সিতো সমাদপিতো সমুত্তেজিতো সম্প-হংসিতো ভগবন্তং এতদবোচ ঃ—"অধিবাসেতু মে ভন্তে ভগবা স্বায়তনায় ভত্তং সদ্ধিং ভিক্খু সঙ্ঘেনা"তি। অধিবাসেসি ভগবা

---

## গোপাল-সূত্র । ৩

আমি এইরূপ শুনিয়াছি :—একসময় ভগবান কোশল দেশে ভ্রমণ করিতেছিলেন। তাঁহার সঙ্গে অনেক ভিক্ষু ছিলেন। অনেক দূর পথ ভ্রমণের পর তিনি রাস্তা হইতে নামিয়া এক গাছের তলায় গিয়া এক সজ্জিত আসনে বসিলেন। তৎকালে এক গোপাল ভগবানের কাছে গিয়া তাঁহাকে বন্দনা করিয়া এক পার্শ্বে বসিল। পার্শ্বে উপবিষ্ট সেই গোগালকে ভগবান ধর্ম্মকথায় কর্ত্তব্যাকর্ত্তব্য দেখাইয়া তাহার ধর্ম্ম কর্ম্মে ইচ্ছা জন্মাইলেন এবং এই বিষয়ে তাহাকে খুব উত্তেজিত ও অতি আনন্দিত করিলেন। সে ভগবানের উপদেশে কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞাত হইয়া পুণ্য করিতে ইচ্ছুক হইল। ধর্ম্মাচরণে অতি উত্তেজিত ও হৃষ্টচিত্ত হইয়া গোপাল ভগবানকে বলিল ঃ—"ভগবান, ভিক্ষুসঙ্ঘের সহিত আমার নিমন্ত্রণ গ্রহণ করুন।"

তুণ্হীভাবেন। অথ খো সো গোপালকো ভগবতো অধিবাসনং বিদিত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা পক্কামি। অথ খো সো গোপালকো তস্সা রত্তিয়া অচ্চয়েন সকে নিবেসনে পহূতং অপ্পোদকপায়াসং পটিয়াদাপেত্বা নবঞ্চ সপ্পিং ভগবতো কালং আরোচেসি :—কালো ভন্তে, নিট্ঠিতং ভত্তন্তি। অথ খো ভগবা পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সদ্ধিং ভিক্খুসঙ্ঘেন য়েন তস্স গোপালকস্স নিবেসনং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। অথ খো সো গোপালকো বুদ্ধপমুখং ভিক্খু-সঙ্ঘং অপ্পোদক পায়াসেন চ নবেন চ সপ্পিনা সহত্থা সন্তপ্পেসি সম্পবারেসি। অথ খো সো গোপালকো ভগবন্তং ভুত্তাবীং ওনীত পত্তপানিং অঞ্ঞতরং নীচং আসনং গহেত্বা একমন্তং নিসীদি, এক-মন্তং নিসিন্নং খো তং গোপালকং ভগবা ধম্মিয়া কথায় সন্দস্সেত্বা সমাদপেত্বা সমুত্তেজেত্বা সম্পহংসেত্বা উট্ঠায়াসনা পক্কামি। অথ

---

ভগবান মৌনভাবে তাহাতে সম্মতি জানাইলেন। তৎপর ভগবান নিমন্ত্রণ গ্রহণ করিয়াছেন দেখিয়া সেই গোপাল আসন হইতে উঠিল এবং ভগবানকে বন্দনা ও প্রদক্ষিণ করিয়া চলিয়া গেল।

পরদিন প্রাতে সেই গোপাল বহু পরিমাণে জল বিহীন পায়স ও নূতন ঘৃত প্রস্তুত করাইয়া ভগবানকে নিবেদন করিল "ভন্তে, সময় হইয়াছে, আহার প্রস্তুত হইয়াছে।" অনন্তর ভগবান প্রাতঃকালে চীবর পরিধান করিয়া পাত্রচীবর লইয়া ভিক্ষুসঙ্ঘের সহিত গোপালের বাড়ীর দিকে যাত্রা করিলেন। তথায় পৌঁছিয়া তিনি সজ্জিত আসনে বসিলেন। তখন গোপাল বুদ্ধ প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে সেই জল বিহীন পায়স ও নূতন ঘৃত স্বহস্তে উৎসর্গ ও পরিবেশন করিল। ভোজন শেষ হইলে ভগবান মুখ হাত ধুইয়া যখন বসিলেন, তখন গোপাল একখানি নীচ আসন লইয়া ভগবানের পাশে বসিল। ভগবান তখন তাহাকে ধর্ম্ম কথায় কর্ম্ম ও কর্ম্মফলাদি

খো অচির পক্কন্তস্স ভগবতো তং গোপালকং অঞ্ঞতরো পুরিসো সীমন্তরিকায় জীবিতা বোরোপেসি। অথ খো সম্বহুলা ভিক্খূ য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু, একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—য়েন ভন্তে গোপালকেন অজ্জ বুদ্ধ পমুখো ভিক্খুসঙ্ঘো অপ্পোদকপায়াসেন নবেন চ সপ্পিনা সহত্থা সন্তপ্পিতো সম্পবারিতো, সো কির ভন্তে গোপালকো অঞ্ঞতরেন পুরিসেন সীমন্তরিকায় জীবিতা বোরোপিতো'তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

দিসো দিসং য়ন্তং কয়িরা বেরি বা পন বেরিনং,
মিচ্ছাপণিহিতং চিত্তং পাপিয়ো নং ততো করে'তি ॥ ৩৩॥

---

দেখাইলেন, জ্ঞান ও সুমতি জন্মাইলেন, ধর্ম্ম কর্ম্মে আলস্য বিহীন হইবার জন্য উত্তেজিত করিলেন এবং ত্রিরত্ন গুণ প্রভাবে তৎকৃত পুণ্যবলে ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমানের অনন্ত দুঃখ সকল ধ্বংস হইয়া যাইবে বলিয়া তাহাকে আশ্বস্ত ও সন্তুষ্ট করিলেন। তৎপর গোপাল ভগবানকে আগুবাড়াইয়া দিল। ভগবান চলিয়া গেলে গোপালের কোন এক শত্রু তাহাকে ফিরিবার পথে দুই গ্রামের মধ্য সীমায় মারিয়া ফেলিল। তাহা শুনিয়া কয়েকজন ভিক্ষু ভগবানের নিকট উপস্থিত হইলেন, এবং ভগবানকে অভিবাদন পূর্ব্বক একপাশে বসিয়া বলিলেন, ভন্তে! যেই গোপাল, বুদ্ধ প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে জল বিহীন পায়স ও নূতন ঘৃত স্বহস্তে পরিবেশন করিয়াছিল তাহাকে দুই গ্রামের মধ্য সীমায় কোন এক ব্যক্তি মারিয়া ফেলিয়াছে। শত্রু ইহজন্মের দেহ মাত্র পাত করিতে পারে কিন্তু মিথ্যাদৃষ্টি মিথ্যা সঙ্কল্প ইত্যাদি অকুশল কর্ম্ম বার বার নরকে ফেলিয়া মহা দুঃখানলে দগ্ধ করে; ভগবান এই অর্থ বিদিত হইয়া তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

বিদ্রোহীর দ্রোহী, বৈরীদের বৈরী, করে ক্ষতি যা বিনাশ,
মিথ্যায় স্থাপিত চিত্ত তার চেয়ে বেশী করে সর্ব্বনাশ ॥৩৩॥

# জুণ্হা-সুত্তং

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দক নিবাপে। তেন খো পন সময়েন আয়স্মা চ সারিপুত্তো আয়স্মা চ মহামোগল্লানো কপোতকন্দরায়ং বিহরন্তি। তেন খো পন সময়েন আয়স্মা সারিপুত্তো জুণ্হায় রত্তিয়া নব বোরোপিতেহি কেসেহি অব্ভোকাসে নিসিন্নো হোতি অঞ্ঞতরং সমাধিং সমাপজ্জিত্বা, তেন খো পন সময়েন দ্বে যক্খসহায়কা উত্তরায় দিসায় দক্খিণং দিসং গচ্ছন্তি কেনচিদেব করণীয়েন। অদ্দসংসু খো তে যক্খা আয়স্মন্তং সারিপুত্তং জুণ্হায় রত্তিয়া নবোরোপিতেহি কেসেহি অব্ভোকাসে নিসিন্নং, দিস্বান একো যক্খো দুতিয়ং যক্খং এতদবোচ, 'পটিভাতি মং সম্ম ইমস্স সমণস্স সীসে পহারং দাতুন্তি।' এবং বুত্তে

---

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান যেখানে রাজগৃহ নগর, যেখানে কাট বিড়াল পরিপূর্ণ বাঁশবন, তত্রস্থ বেলুবন-আরাম নামক বিহারে বাস করিতেছিলেন। তৎকালে আয়ুষ্মাণ সারিপুত্ত ও আয়ুষ্মাণ মহামোগ্গল্লান 'কপোতকন্দর' নামক স্থানে বাস করিতেছিলেন। একদিন আয়ুষ্মাণ সারিপুত্ত জ্যোৎস্না রাত্রিতে খোলা জায়গায় কেশ ছেদনের অল্প পরে বসিয়া কোনও এক সমাধিতে নিমগ্ন হইলেন। সেই সময় দুই জন যক্ষ বন্ধু উত্তর দিক হইতে কোন কার্য্যোপলক্ষে দক্ষিণ দিকে যাইতেছিল। যক্ষ বন্ধুদ্বয় দেখিল—আয়ুষ্মাণ সারিপুত্ত সেদিন মাত্র মাথার চুল কামাইয়া জ্যোৎস্না রাত্রে খোলা স্থানে বসিয়া আছেন। তাঁহাকে দেখাইয়া একজন যক্ষ দ্বিতীয় যক্ষকে বলিল "শ্রমণের মাথায় প্রহার করিতে আমার ইচ্ছা হয়?" দ্বিতীয় যক্ষ বলিল না, না, উনিকে প্রহার করিও না, উনি শীলাদি গুণে অতি গুণবান, মহা ঋদ্ধিমান ও মহা প্রভাবশালী। প্রথম যক্ষটী দুই তিনবার সেইরূপ প্রহার করণের কথা বলিল, দ্বিতীয়

সো য়ক্খো তং য়ক্খং এতদবোচ ঃ—অলং সম্ম মা সমণং আসাদেসি, উলারো সো সম্ম সমণো মহিদ্ধিকো মহানুভাবো'তি। দুতিয়ম্পি —পে—ততিয়ম্পি খো সো য়ক্খো তং য়ক্খং এতদবোচ ঃ—পটিভাতি —পে— দাতুন্তি। ততিয়ম্পি খো সো য়ক্খো তং য়ক্খং এতদবোচ, অলং সম্ম, মা সমণং আসাদেসি, উলারো সো সম্ম সমণো মহিদ্ধিকো মহানুভাবোতি। অথ খো সো য়ক্খো তং য়ক্খং অনাদিয়িত্বা আয়স্মতো সারিপুত্তত্থেরস্স সীসে পহারং অদাসি, তাব মহা পহারো অহোসি, অপি তেন পহারেন সত্তরতনং বা অড্ডট্ঠরতনং বা নাগং ওসারেয়্য, মহন্তং বা পব্বতকূটং পদালেয়্য। অথচ পন সো য়ক্খো ডযহামি ডযহামী'তি বত্বা তত্থেব মহানিরয়ং অপতাসি। অদ্দসা খো আয়স্মা মহামোগ্গল্লানো দিব্বেন চক্খুনা বিসুদ্ধেন অতিক্কন্ত মানুসকেন তেন য়ক্খেন আয়স্মতো সারিপুত্তত্থেরস্স সীসে পহারং দিয়মানং, দিস্বান য়েন আয়স্মা সারিপুত্তো তেনুপসঙ্কমি উপসঙ্কমিত্বা আয়স্মন্তং সারিপুত্তং এতদবোচ ঃ—"কচ্চি তে আবুসো খমনীয়ং কচ্চি য়াপনীয়ং কচ্চি ন কিঞ্চি দুক্খন্তি" "খমনীয়ং মে আবুসো মোগ্গল্লান, য়াপনীয়ং মে আবুসো মোগ্গল্লান, অপিচ মে সীসে

---

যক্ষটীও দুই তিনবার তাহাকে উক্ত প্রকারে বারণ করিল। তৃতীয় বারেও তাহার নিষেধ না মানিয়া সে আয়ুষ্মান সারিপুত্তের মাথায় প্রহার করিল। আঘাতটী এত গুরুতর হইল যে উহাতে সাত হাত বা সাড়ে সাত হাত হাতীও মাটীতে ঢুকিয়া যাইত, মহা পর্ব্বতও চূর্ণ বিচূর্ণ হইয়া যাইত। তখনই সেই যক্ষটী "জ্বলিতেছি জ্বলিতেছি" বলিতে বলিতে মাটি ফাটিয়া অবীচি মহানরকে পড়িয়া গেল। আয়ুষ্মাণ মহামোগ্‌গল্লান দিব্যচক্ষে উহা দেখিয়া আয়ুষ্মাণ সারিপুত্তের নিকট গিয়া তাঁহাকে বলিলেন, বন্ধো, আপনি ভাল আছেন কি? আয়ুষ্মাণ সারিপুত্ত বলিলেন হাঁ বন্ধু, ভাল

থোকং দুক্খন্তি” অচ্ছরিয়ং আবুসো সারিপুত্ত অব্ভুতং আবুসো সারিপুত্ত, য়ং ত্বং মহিদ্ধিকো আয়স্মা সারিপুত্তো মহানুভাবো, ইধ তে আবুসো সারিপুত্ত অঞ্ঞতরো য়ক্খো সীসে পহারং অদাসি, তাব মহা পহারো অহোসি, অপি তেন পহারেন সত্তরতনং বা অড্ঢট্ঠরতনং বা নাগং ওসারেয়্য, মহন্তং বা পব্বতকূটং পদালেয়্য, অথচ পনায়স্মা সারিপুত্তো এবমাহ, খমনীয়ং মে আবুসো মোগ্গল্লান য়াপনীয়ং মে আবুসো মোগ্গল্লান অপিচ মে সীসে থোকং দুক্খন্তি। “অচ্ছরিয়ং আবুসো মোগ্গল্লান ! অব্ভুতং আবুসো মোগ্গল্লান ! য়াব মহিদ্ধিকো আয়স্মা মহামোগ্গল্লানো মহানুভাবো, য়ত্রহি নাম য়ক্খম্পি পস্সিস্সতি; ময়ং পনেতরহি পাংসুপিসাচকম্পি ন পস্সামাতি।” অস্সোসি খো ভগবা দিব্বায় সোত ধাতুয়া বিসুদ্ধায় অতিক্কন্ত-মানুসকায় তেসং উভিন্নং মহানাগানং ইমং এবরূপং কথা সল্লাপং, অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

আছি, তবে মাথায় একটু ব্যাথা পাইয়াছি।” ‘কি আশ্চর্য্য ! কি অদ্ভুত ! যে আপনি এতই মহাঋদ্ধিমান, মহাশক্তিশালী। বন্ধু সারিপুত্ত, এক যক্ষ আপনার মাথায় এত গুরুতর একটা আঘাত করিয়াছিল যে সাত হাত বা সাড়ে সাত হাত হাতীও ঐ আঘাতে মাটিতে ঢুকিয়া যাইবে, মহা পর্ব্বতও চূর্ণ বিচূর্ণ হইয়া যাইবে, অথচ আপনি ভাল আছেন, মাথায় সামান্য ব্যথা পাইয়াছেন বলিয়া বলিতেছেন।’ তখন আয়ুষ্মাণ সারিপুত্ত বলিলেন—“বন্ধু মোগ্গল্লান ! কি আশ্চর্য্য ! কি অদ্ভুত ! আপনি এত মহা ঋদ্ধিমান মহাশক্তিশালী যে যক্ষ পর্য্যন্ত দেখিতেছেন, আমি এখন পাংশু পিশাচও দেখিতেছি না।” দূর হইতেই ভগবান উভয় মহাক্ষীণাশ্রবের আলাপ শুনিলেন। আয়ুষ্মাণ সারিপুত্ত সমাধি বহুলতা হেতু এত ঋদ্ধি মহত্ততা লাভ করিয়াছিলেন, ভগবান এই অর্থ বিদিত হইয়া তৎকালে এই

য়স্স সেলুপমং চিত্তং ঠিতং নানুপকম্পতি,
বিরত্তং রজনীয়েসু কোপনীয়ে ন কুপ্পতি,
য়স্সেবং ভাবিতং চিত্তং কুতো তং দুক্খমেস্সতীতি ॥৩৪॥

## নাগ-সুত্তং ।৫

এবম্মে সুতং একং সময়ং ভগবা কোসম্বিয়ং বিহরতি ঘোসিতারামে। তেন খো পন সময়েন ভগবা আকিণ্ণো বিহরতি ভিক্খূহি ভিক্খুনীহি উপাসকেহি উপাসিকাহি রাজুহি রাজ-মহামত্তেহি তিত্থিয়েহি তিত্থিয়সাবকেহি আকিণ্ণো দুক্খং ন ফাসু বিহরতি। অথ খো ভগবতো এতদহোসি :—অহং খো এতরহি আকিণ্ণো বিহরামি ভিক্খূহি ভিক্খুনীহি উপাসকেহি উপাসিকাহি রাজুহি রাজ-মহা-মত্তেহি তিত্থিয়েহি তিত্থিয়সাবকেহি আকিণ্ণো

---

প্রীতি-গাথা উচ্চারণ করিয়াছিলেন :—

কম্পিত নহে চিত্ত যাহার শৈলের মত স্থির,
রঞ্জিত নহে রাগের স্থানে, ক্রোধের স্থানে ধীর ;
কোথা দুঃখ যার ভাবিত এমন চিত্ত সুগম্ভীর !

### নাগ-সুত্তং ।৫

আমি এইরূপ শুনিয়াছি :—এক সময় ভগবান কৌশাম্বীতে ঘোষিতারামে বাস করিতেছিলেন। তখন ভগবানকে ভিক্ষু ভিক্ষুণী, উপাসক উপাসিকা, রাজা, রাজ-মহা-মন্ত্রী, তীর্থীয় (নানা মত, নানা দৃষ্টির প্রচারক) ও তীর্থীয় শ্রাবকেরা পরিবেষ্টন করিয়া থাকিত। ইহাতে তাঁহার দুঃখ ও অসুবিধা হইল। তখন ভগবান চিন্তা করিলেন ;—"আমি এখন ভিক্ষু ভিক্ষুণী, উপাসক, উপাসিকা, রাজা, রাজ-মহা-মন্ত্রী তীর্থীয় ও তীর্থীয় শ্রাবকগণ

দুক্খং ন ফাসু বিহরামি, য়ন্নূনাহং একো গণম্হা বূপকট্ঠো বিহরেয়্যন্তি। অথ খো ভগবা পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবর-মাদায় কোসম্বিয়ং পিণ্ডায় পাবিসি। কোসম্বিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তো সামং সেনাসনং সংসামেত্বা পত্তচীবর-মাদায় অনামন্তেত্বা উপট্ঠাকং অনপলোকেত্বা ভিক্খুসঙ্ঘং একো অদুতিয়ো য়েন পারিলেয়্যকং তেন চারিকং পক্কামি, অনুপুব্বেন চারিকং চরমানো য়েন পারিলেয়্যকং তদবসরি। তত্রসুদং ভগবা পারিলেয়্যকে বিহরতি রক্খিতবনসণ্ডে ভদ্দসাল মূলে। অঞ্ঞতরো পি খো হত্থিনাগো আকিণ্ণো বিহরতি হত্থীহি হত্থিনীহি হত্থিকলভেহি হত্থিচ্ছাপেহি, ছিন্নগ্গানি চেব তিণানি খাদতি, ওভগ্গোভগ্গঞ্চস্স সাখাভঙ্গং খাদন্তি, আবিলানি চ পানীয়ানি পিবতি, ওগাহাচস্স উত্তিণ্ণস্স হত্থিনিয়ো কায়ং উপনিঘংসন্তিয়ো গচ্ছন্তি, আকিণ্ণো দুক্খং ন ফাসু বিহরতি। অথ খো তস্স হত্থিনাগস্স এতদহোসি ঃ—

---

কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া দুঃখে ও অসুবিধায় আছি। আমি এই জনমণ্ডলী হইতে পৃথক হইয়া একাকী বাস করিব।" অনন্তর ভগবান পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান করিয়া, পাত্রচীবর লইয়া কৌশাম্বীতে পিণ্ডাচরণে প্রবেশ করিলেন। তথা হইতে ফিরিয়া আসিয়া আহার কার্য্য শেষ হইলে স্বয়ং বিছানা ও আসনাদি তুলিয়া রাখিয়া, সেবক আনন্দকেও না ডাকিয়া, ভিক্ষু সঙ্ঘকেও না বলিয়া, সঙ্গেও কাহাকে না লইয়া পারিলেয় বনে যাত্রা করিলেন। ক্রমাগত পর্য্যটন করিতে করিতে তিনি পারিলেয় বনে উপস্থিত হইলেন। এখন ভগবান পারিলেয় বনে রক্ষিত বন নামক ঘন বনাংশে ভদ্রশাল বৃক্ষের মূলে বাস করিতেছেন। অন্য একটি বড় হস্তীও হস্তী, হস্তিনী, হস্তীবালক ও হস্তীশিশু সকল কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া বাস করিতেছিল, ছিন্নাগ্র তৃণ খাইতে হইত, তাহার ভাঙ্গা ডাল পালা পরে খাইয়া ফেলিত, ঘোলা জল পান করিতে হইত। স্নান করিয়া উঠিলে হস্তিনীসকল গা

অহং খো এতরহি আকিণ্ণো বিহরামি হত্থীহি, হত্থিনীহি, হত্থি কলভেহি হত্থিচ্ছাপেহি ছিন্নগ্গানি চেব তিণানি খাদামি, ওভগ্গোভগ্গং চ মে সাখাভঙ্গং খাদন্তি, আবিলানি চ পানীয়ানি পিবামি, ওগাহা চমে উত্তিণ্ণস্স হত্থিনীয়ো কায়ং উপনিঘং সন্তিয়ো গচ্ছন্তি। আকিণ্ণো দুক্খং ন ফাসু বিহরামি, যন্নূনাহং একগণম্হা বুপকট্ঠো বিহরেয়্যন্তি। অথ খো সো হত্থিনাগো যূথা অপক্কম্ম য়েন পারিলেয়্যকং রক্খিত বনসণ্ডং ভদ্দসালমূলং, য়েন ভগবা তেনুপসঙ্কমি। তত্রসুদং সো হত্থিনাগো য়স্মিং পদেসে ভগবা বিহরতি তং পদেসং অপ্পহরিতঞ্চ করোতি, সোণ্ডায় ভগবতো পানীয়ং পরিভোজনীয়ং উপট্ঠাপেতি। অথ খো ভগবতো রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ—অহং খো পুব্বে আকিণ্ণো বিহাসিং ভিক্খূহি ভিক্খুনীহি উপাসকেহি উপাসিকাহি রাজুহি রাজমহামত্তেহি তিত্থিয়েহি তিত্থিয়-সাবকেহি আকিণ্ণো দুক্খং ন ফাসু বিহাসিং। সোম্হি এতরহি

---

ঘেঁসিয়া চলিয়া যাইত। সেও তজ্জন্য দুঃখে ও অসুবিধায় কাল কাটাইতেছিল। সেই হস্তীও ভাবিল "আমি এখন হস্তী, হস্তিনী, হস্তীবালক ও হস্তীশিশু সকলের দ্বারা পরিবেষ্টিত হইয়া বড় দুঃখ ও অসুবিধা ভোগ করিতেছি। ছিন্নাগ্র তৃণ খাইতে হইতেছে ও ঘোলা জল পান করিতে হইতেছে। স্নান করিয়া উঠিলেও হস্তিনী সকল গা ঘেঁসিয়া চলিয়া যাইতেছে। এইরূপে হস্তী পরিবেষ্টিত হইয়া আমি বড় দুঃখেও অসুবিধায় কাল কাটা-ইতেছি।" অনন্তর সেই হস্তীনাগও দল হইতে বাহির হইয়া পারিলেয় বনে রক্ষিত গহণের দিকে গমন করিল। সেই হস্তী রক্ষিত বনে ভগবানের সাক্ষাৎ পাইয়া তাঁহার সেবা শুশ্রূষা করিতে লাগিল। সে ভগবানের বাসস্থান তৃণ বিহীন করিত. পানীয় ও ভোগ্য জল স্থাপন করিত। একদিন বিজনে ধ্যান করিবার সময় ভগবান ভাবিলেন ঃ—"আমি ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকা, রাজা, রাজ মহা-মাত্যগণ কর্তৃক পরিবেষ্টিত

অনাকিণ্ণো বিহরামি ভিক্খূহি, ভিক্খুনীহি, উপাসকেহি, উপাসিকাহি, রাজূহি, রাজমহামত্তেহি, তিত্থিয়েহি তিত্থিয়সাবকেহি অনাকিণ্ণো সুখং ফাসু বিহরামীতি। তস্স পি খো হত্থিনাগস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ—অহং খো পুব্বে আকিণ্ণো বিহাসিং হত্থীহি, হত্থিনীহি, হত্থিকলভেহি, হত্থিচ্ছাপেহি ছিন্নগ্গানি চেব তিণানি খাদিং, ওভগ্গোভগ্গঞ্চ মে সাখাভঙ্গং খাদিংসু, আবিলানি চ পানীয়ানি পিবেসিং, ওগাহা চ মে উত্তিণ্ণস্স হত্থিনিয়ো কায়ং উপনিঘংসন্তিয়ো অগমংসু, আকিণ্ণো দুক্খং ন ফাসু বিহাসিং। সোম্হি এতরহি অনাকিণ্ণো বিহরামি, হত্থীহি হত্থিনীহিং, হত্থিকলভেহি হত্থিচ্ছাপেহি, অচ্ছিন্নগ্গানি চেব তিণানি খাদামি, ওভগ্গোভগ্গঞ্চ মে সাখাভঙ্গং ন খাদন্তি, অনাবিলানি চ পানীয়ানি পিবামি ওগাহা চ মে উত্তিণ্ণস্স হত্থিনিয়ো ন কায়ং উপনিঘংসন্তিয়ো গচ্ছন্তি, অনাকিণ্ণো সুখং ফাসু বিহরামী'তি। অথ খো ভগবা অত্তনো চ পবিবেকং বিদিত্বা তস্স চ হত্থিনাগস্স চেতসা চেতো পরিবিতক্কমঞ্ঞায় তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

দুঃখ ও অসুবিধা ভোগ করিতেছিলাম ; এখন তাহাদের নিকট হইতে পৃথক হইয়া সুখে ও নিরাপদে বাস করিতেছি।” সেই হস্তীটিও ভাবিল ঃ—“আমি পূর্ব্বে হস্তী, হস্তিনী, হস্তীবালক ও হস্তীশিশু কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া দুঃখ ও অসুবিধা ভোগ করিতেছিলাম, এখন তাহাদের নিকট হইতে পৃথক হইয়া সুখে বিচরণ করিতেছি; নূতন তৃণ খাইতেছি, ভগ্ন ডালপালা পরে খাইতেছেনা, নির্ম্মল জল পান করিতেছি। স্নানান্তে হস্তিনী সকলও আর গা ঘেঁসিয়া যাইতেছে না। তখন ভগবান স্বীয় বিবেক প্রিয়তা এবং সেই হস্তী নাগের ও বিবেক প্রিয়তা বিদিত হইয়া এই প্রীতি-গাথা উচ্চারণ করিয়াছিলেন ঃ—

এতং নাগস্স নাগেন ঈসাদন্তস্স হত্থিনো,
সমেতি চিত্তং চিত্তেন য়দেকো রমতী বনেতি ॥৩৫॥

## পিণ্ডোল-সুত্তং । ৬

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্স আরামে তেন খো পন সময়েন আয়স্মা পিণ্ডোল ভারদ্বাজো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অরঞ্ঞকো পিণ্ডপাতিকো পংসুকূলিকো তেচীবরিকো অপ্পিচ্ছো সন্তুটেঠা, পবিবিত্তো. অসংসটেঠা আরদ্ধ বিরিয়ো ধুতবাদো অধিচিত্তং অনুয়ুত্তো । অদ্দসা খো ভগবা আয়স্মন্তং পিণ্ডোল ভারদ্বাজং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং

---

নাগ জিন-সনে এই ঈষাদন্ত মাতঙ্গের চিত,
মিলিতেছে পরস্পর বনে হয়ে একাকী রমিত ॥৩৫॥

### পিণ্ডোল-সূত্র । ৬

আমি এইরূপ শুনিয়াছি ঃ—এক সময় ভগবান শ্রাবস্তিতে অনাথ পিণ্ডিক শ্রেষ্ঠী নির্ম্মিত জেতবন-বিহারে বাস করেন । তৎকালে একদিন আয়ুষ্মাণ পিণ্ডোল ভারদ্বাজ শরীর সোজা করিয়া পর্য্যঙ্ক বন্ধন পূর্ব্বক ভগবানের অনতিদূরে বসিয়াছিলেন। তিনি অরণ্যবাসী, ভিক্ষাজীবি, পাংশুকূল বস্ত্রধারী, ত্রিচীবরধারী বিতৃষ্ণ, সন্তুষ্ট. বিবেকস্থ, সঙ্গহীন, ধর্ম্মবীর্য্য সম্পন্ন ও অর্হৎ ফল সমাপত্তি নিরত। ভগবান দেখিলেন যে আয়ুষ্মাণ পিণ্ডোল ভারদ্বাজ অরণ্যবাসী, ভিক্ষাজীবী, পাংশুকূল বস্ত্রধারী, বিতৃষ্ণ, সন্তুষ্ট, বিবেকস্থ, সঙ্গহীন, ধর্ম্মবীর্য্য সম্পন্ন ও অর্হৎ ফল সমাপত্তি নিরত হইয়া ভগবানের অনতিদূরে

পণিধায় অরঞ্ঞকং পিণ্ডপাতিকং পংসু কূলিকং তেচীবরিকং অপ্পিচ্ছং সন্তুট্ঠং পবিবিত্তং অসংসট্ঠং আরদ্ধবিরিয়ং ধুতবাদং অধিচিত্তং অনুযুত্তং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অনূপবাদো অনূপঘাতো পাতিমোক্খে চ সংবরো
মত্তঞ্ঞুতা চ ভত্তস্মিং পন্তঞ্চ সয়নাসনং
অধিচিত্তে চ আয়োগো এতং বুদ্ধান সাসনন্তি ॥৩৬॥

## সারিপুত্ত-সুত্তং। ৭

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা সারিপুত্তো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অপ্পিচ্ছো সন্তুট্ঠো পবিবিত্তো অসংসট্ঠো

---

শরীর সোজা করতঃ পর্য্যঙ্ক বন্ধন করিয়া বসিয়া আছেন। তাহা দেখিয়া তৎকালে ভগবান এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

অনিন্দন, অঘাতন, প্রাতিমোক্ষে সংবরণ,
ভোজনের মাত্রা জ্ঞান, ভজন বিবেকাসন,
অধিচিত্তে অনুযোগ, বুদ্ধদের এ' শাসন ॥ ৩৬।

### সারিপুত্র-সূত্র। ৭

আমি এইরূপ শুনিয়াছি ঃ—এক সময় ভগবান শ্রাবস্তিতে অনাথ পিণ্ডিক শ্রেষ্ঠী নির্ম্মিত জেতবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে আয়ুষ্মাণ সারিপুত্ত ভগবানের অনতিদূরে সোজা শরীরে পর্য্যঙ্কাসনে উপবিষ্ট ছিলেন। তিনি অল্পেচ্ছুক, সন্তুষ্ট, বিবেকস্থ, সংশ্রব-শূন্য, দৃঢ়বীর্য্য ও অর্হৎ

আরদ্ধবিরিয়ো অধিচিত্তমনুযুত্তো। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং সারিপুত্তং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অপ্পিচ্ছং সন্তুট্ঠং পবিবিত্তং অসংসট্ঠং আরদ্ধ বিরিয়ং অধিচিত্ত-মনুযুত্তং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অধিচেতসো অপ্পমজ্জতো মুনিনো মোনপথেসু সিক্খতো,
সোকা ন ভবন্তি তাদিনো উপসন্তস্স সদা সতীমতোতি ॥৩৭॥

## সুন্দরী-সুত্তং। ৮

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন ভগবা সক্কতো হোতি গরুকতো মানিতো পূজিতো অপচিতো লাভী চীবরপিণ্ডপাত-

---

ফল সমাপত্তিতে নিরত। ভগবান আয়ুষ্মান সারিপুত্তকে উক্ত প্রকারে তাঁহার কাছে উপবিষ্ট থাকিতে দেখিয়া তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

হেলা যিনি না করেন অধিচিত্ত-ধ্যানে,
যেই মুনি শিক্ষা রত আর্য্য-মার্গ-জ্ঞানে,
হেন শান্ত নির্ব্বিকার অর্হতের পাশে,
সদা স্মৃতিমানে সব শোক নাহি আসে ॥৩৭॥

### সুন্দরী-সূত্র। ৮

শ্রাবস্তি-নিদান—তখন ভগবানও ভিক্ষুসঙ্ঘ ভক্তগণের খুব গৌরব-সৎকার,পূজাসম্মান, ও সেবাশুশ্রূষা পাইতেছিলেন; চীবর, পিণ্ডপাত, শয়নাসন এবং ঔষধ পথ্যাদিও যথেষ্ট পরিমাণে পাইতে লাগিলেন। তীর্থীয় পরিব্রাজকদের

সেনাসনগিলানপচ্চয়ভেসজ্জপরিক্খারানং। ভিক্খুসঙ্ঘোপি-পে-পরিক্খারানং, অঞ্ঞতিত্থিয়া পন পরিব্বাজকা অসক্কতা হোন্তি অগরুকতা অমানিতা অপূজিতা অনপচিতা ন লাভিনো চীবর পিণ্ডপাত সেনাসন গিলান পচ্চয় ভেসজ্জপরিক্খারানং। অথ খো তে অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা ভগবতো সক্কারং অসহমানা ভিক্খুসংঘস্স চ য়েন সুন্দরী পরিব্বাজিকা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা সুন্দরীং পরিব্বাজিকং এতদবোচুং ঃ—"উস্সহসি ভগিনী ঞাতীনং অত্থং কাতুং'তি।" 'ক্যাহং অয়্যা করোমি কিং ময়া সক্কা কাতুং? জীবিতম্পি মে পরিচ্চত্তং ঞাতীনং অত্থায়াতি।' তেনহি ভগিনী অভিক্খণং জেতবনং গচ্ছাহী'তি। এবময়্যাতি খো সুন্দরী পরিব্বাজিকা তেসং অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকানং পটিস্সুত্বা অভিক্খণং জেতবনং অগমাসি। যদা তে অঞ্ঞিংসু অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা বহুজনেন অভিক্খণং জেতবনং আগচ্ছতীতি, অথ নং জীবিতা বোরোপেত্বা তত্থেব জেতবনস্স পরিখাকূপে নিখণিত্বা য়েন রাজা পসেনদিকোসলো তেনুপ-

---

গৌরব, সৎকার, পূজা, সম্মান ও সেবা শুশ্রূষা লাভ কমিয়া গেল। তখন সেই তীর্থীয় পরিব্রাজকেরা ভগবানের এবং ভিক্ষুসঙ্ঘের লাভ সৎকার সহ্য করিতে না পারিয়া সুন্দরী পরিব্রাজিকার নিকট গিয়া বলিল ঃ—ভগ্নি! তুমি জ্ঞাতিগণের একটি উপকার করিতে পারিবে কি? সুন্দরী ঃ—হে আর্য্যগণ! কি করিতে হইবে? আমি কি করিতে পারিব? জ্ঞাতিগণের জন্য আমি জীবনও দান করিয়াছি। পরিব্রাজকগণ ঃ—ভগ্নি! তাহা হইলে তুমি সর্ব্বদা জেতবনে গমন কর। "যে আজ্ঞা" বলিয়া সুন্দরী পরিব্রাজিকা তীর্থীয়গণকে প্রতিশ্রুতি দিল এবং তারপর হইতে সর্ব্বদা জেতবনে গমন করিতে লাগিল। যখন তাহারা জানিল যে অনেক লোক সুন্দরী পরিব্রাজিকাকে সর্ব্বদা জেতবনে গমন করিতে দেখিয়াছে; তখন তাহারা তাহাকে বধ করিয়া জেতবনে দীর্ঘ খাত খনন করিয়া তাহাতে পুতিয়া, রাজা

সঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা রাজানং পসেনদিং কোসলং এতদবোচুং ঃ— "যা সা মহারাজা সুন্দরী পরিব্বাজিকা সা নো ন দিস্সতীতি" — "কত্থ পন তুম্হে আসঙ্কথাতি" জেতবনে মহারাজা তি তেন হি জেতবনং বিচিনথা'তি। অথ খো তে অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা জেতবনং বিচিনিত্বা যথানিক্খিত্তং পরিখা কূপা উদ্ধরিত্বা মঞ্চকং আরোপেত্বা সাবত্থিয়ং পবেসেত্বা রথিয়া রথিয়ং সিঙ্ঘাটকেন সিঙ্ঘাটকং উপসঙ্কমিত্বা মনুস্সে উজ্ঝাপেসুং ঃ—পস্সথয্যা সক্যপুত্তিয়ানং কম্মং। অলজ্জিনো ইমে সমণা সক্যপুত্তিয়া মুসাবাদিনো অব্রহ্মচারিনো ইমেহি নাম ধম্মচারিনো সমচারিনো ব্রহ্মচারিনো সচ্চবাদিনো সীলবন্তো কল্যাণধম্মা পটিজানিস্সন্তি। নত্থি ইমেসং সামঞ্ঞং, নত্থি ইমেসং ব্রহ্মঞ্ঞং; নট্ঠং ইমেসং সামঞ্ঞং নট্ঠং ইমেসং ব্রহ্মঞ্ঞং; কুতো ইমেসং সামঞ্ঞং কুতো ইমেসং ব্রহ্মঞ্ঞং;

---

পসেনদি কোশলের কাছে গিয়া বলিল, "মহারাজ! সুন্দরী পরিব্রাজিকাকে দেখা যাইতেছে না।" রাজা ঃ—কোথায় আছে বলিয়া তোমাদের সন্দেহ হয়? পরিব্রাজক ঃ—মহারাজ, জেতবনে আছে বলিয়া মনে হয়। রাজা ঃ— তাহা হইলে জেতবনে অনুসন্ধান কর। অতঃপর সেই তীর্থীয় পরিব্রাজকেরা জেতবনে অনুসন্ধান করিতে করিতে যেই পরিখা কূপে পুতিয়াছিল, তাহা হইতে সুন্দরীর মৃতদেহ বাহির করিল এবং এক খাটে উহা রাখিয়া শ্রাবস্তিতে লইয়া গেল। তথায় তাহারা রাস্তা হইতে রাস্তায় তেমাথা রাস্তা হইতে তেমাথা রাস্তায় শবটি দেখাইয়া লোকদিগের কাছে ভিক্ষুসঙ্ঘের নিন্দা রটাইতে লাগিল। মহাশয়গণ! দেখুন শাক্যপুত্রগণের কর্ম্ম। এই সকল শ্রমণ শাক্য পুত্র নির্লজ্জ, দুঃশীল, পাপী, মিথ্যাবাদী ও অব্রহ্মচারী। তারাও নাকি আবার বলে যে, আমরা ধর্ম্মচারী, সংযতাচারী, ব্রহ্মচারী, সত্যবাদী, শীলবান ও কল্যাণধর্ম্মা। ইহাদের শ্রমণত্ব বা ব্রাহ্মণত্ব নাই। কোথায় ইহাদের শ্রামণ্য, কোথায় ইহাদের ব্রাহ্মণ্য? শ্রমণত্ব ব্রাহ্মণত্ব

অপগতা ইমে সামঞ্ঞা অপগতা ইমে ব্রহ্মঞ্ঞা। কথং হি নাম পুরিসো পুরিস কিচ্চং করিত্বা ইত্থিং জীবিতা বোরোপেস্সতীতি। তেন খো পন সময়েন মনুস্সা ভিক্খূ দিস্বা অসব্ভাহি ফরুসাহি বাচাহি অক্কোসন্তি, পরিভাসন্তি, রোসন্তি, বিহেসন্তি 'অলজ্জিনো ইমে সমণা সক্যপুত্তিয়া দুস্সীলা পাপধম্মা মুসাবাদিনো, অব্রহ্মচারিনো, ইমে হি নাম ধম্মচারিনো, সমচারিনো, ব্রহ্মচারিনো, সচ্চবাদিনো সীলবন্তো কল্যাণ-ধম্মা পটিজানিস্সন্তি। নত্থি ইমেসং সামঞ্ঞং, নত্থি ইমেসং ব্রহ্মঞ্ঞং। নট্ঠং ইমেসং সামঞ্ঞং, নট্ঠং ইমেসং ব্রহ্মঞ্ঞং, কুতো ইমেসং সামঞ্ঞং, কুতো ইমেসং ব্রহ্মঞ্ঞং। অপগতা ইমে সামঞ্ঞা, অপগতা ইমে ব্রহ্মঞ্ঞা। কথং হি নাম পুরিসো পুরিস কিচ্চং করিত্বা ইত্থিং জীবিতা বোরোপেস্সতীতি

অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবর-মাদায় সাবত্থিং পিণ্ডায় পবিসিংসু। সাবত্থিং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাত পটিক্কন্তা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা, একমন্তং নিসীদিংসু। একমন্তং

---

হইতে ইহারা স্খলিত। পুরুষ পুরুষের কার্য্য করিয়া স্ত্রীলোকটীকে প্রাণে মারিবে কেন?

অতঃপর লোকেরা শ্রাবস্তিতে ভিক্ষুগণকে দেখিলে উক্ত প্রকারে অসভ্য কথায় কর্কশ ভাবে আক্রোশ, গালাগালি, দ্বেষ ও বিদ্বেষ করিতে আরম্ভ করিল। তৎকালে অনেকজন ভিক্ষু পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান করিয়া পাত্রচীবর গ্রহণ পূর্ব্বক শ্রাবস্তিতে ভিক্ষায় প্রবেশ করিলেন। ভিক্ষা করা শেষ হইলে ফিরিয়া আসিয়া আহার-কৃত্য সমাপ্ত করিলেন। তৎপর তাঁহারা ভগবানের নিকট গমন করিয়া তাঁহাকে বন্দনা করতঃ বসিলেন। এবং এখন শ্রাবস্তিতে লোকেরা ভিক্ষু দেখিয়া যে কিরূপে

নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—এতরহি ভন্তে সাবত্থিয়ং মনুস্সা ভিক্খূ দিস্বা অসব্ভাহি ফরুসাহি বাচাহি অক্কোসন্তি, পরিভাসন্তি, রোসন্তি বিহেসন্তি ঃ—অলজ্জিনো ইমে সমণা সক্য পুত্তিয়া দুস্সীলা পাপধম্মা, মুসাবাদিনো, অব্রহ্মচারিনো, ইমে হি নাম ধম্মচারিনো সমচারিনো ব্রহ্মচারিনো সচ্চবাদিনো সীল বন্তো কল্যাণধম্মা পটিজানিস্সন্তি। নত্থি ইমেসং সামঞ্ঞং, নত্থি ইমেসং ব্রহ্মঞ্ঞং ; নট্ঠং ইমেসং সামঞ্ঞং নট্ঠং ইমেসং ব্রহ্মঞ্ঞং কুতো ইমেসং সামঞ্ঞং, কুতো ইমেসং ব্রহ্মঞ্ঞং ; অপগতা ইমে সমাঞ্ঞা অপগতা ইমে ব্রহ্মঞ্ঞা ; কথং হি নাম পুরিসো পুরিস কিচ্চং করিত্বা ইত্থিং জীবিতা বোরোপেস্সতী'তি।

নেসো ভিক্খবে সদ্দো চিরং ভবিস্সতি। সত্তাহমেব ভবি-স্সতি। সত্তাহস্স অচ্চয়েন অন্তরধায়িস্সতি। তেনহি ভিক্খবে য়ে মনুস্সা ভিক্খূ দিস্বা অসব্ভাহি ফরুসাহি বাচাহি অক্কোসন্তি পরিভাসন্তি, রোসন্তি বিহেসন্তি, তে ইমায় গাথায় পটিচোদেথ ঃ—

অভূত বাদী নিরয়ং উপেতি য়ো চাপি কত্বা ন করোমীতি চাহ,
উভোপি তে পেচ্চ সমা ভবন্তি নিহীনকম্মা মনুজা পরত্থা'তি।

---

অসভ্য কথায় কর্কশভাবে গালাগালি করিতেছে সেই সকল নিবেদন করিলেন। ভগবান বলিলেন—হে ভিক্ষুগণ ! এই অপবাদ দীর্ঘকাল থাকিবে না। সপ্তাহ মাত্র থাকিবে। সপ্তাহের পর চলিয়া যাইবে। ভিক্ষুগণ, তাহা হইলে যাহারা ভিক্ষু দেখিয়া অসভ্য কথায় কর্কশ বাক্যে আক্রোশ ও গালাগালি করে, রোষ ও বিদ্বেষ করে, তাহাদিগকে তোমরা এই গাথায় প্রত্যুত্তর দিও ঃ—

মিথ্যাবাদী লোক হয় নরকে পতিত, আর যে করিয়া 'বলে নহে মম কৃত'
এইরূপ হীন-কর্ম্মা মানব উভয় পরলোক গিয়া সম ফলভাগী হয়।

অথ খো তে ভিক্খূ ভগবতো সন্তিকে ইমং গাথং পরিয়াপুনিত্বা যে মনুস্সা ভিক্খূ দিস্বা অসব্ভাহি বাচাহি অক্কোসন্তি পরিভাসন্তি রোসন্তি বিহেসন্তি, তে ইমায় গাথায় পটিচোদেন্তি।ঃ—

অভূতবাদী নিরয়ং উপেতি,
যো চাপি কত্বা ন করোমীতি চাহ,
উভো পি তে পেচ্চ সমা ভবন্তি
নিহীন-কম্মা মনুজা পরত্থাতি।

মনুস্সানং এতদহোসিঃ—অকারকা ইমে সমণা সক্যপুত্তিয়া নচিমেহি কতং, সপন্তিমে সমণা সক্যপুত্তিয়াতি। নেব সো সদ্দো চিরং অহোসি; সত্তাহমেব সো সদ্দো অহোসি, সত্তাহস্স অচ্চয়েন অন্তরধায়ী। অথ খো সম্বহুলা ভিক্খূ যেন ভগবা তেনুপসঙ্কমিংসু উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং

---

অনন্তর ভিক্ষুগণ ভগবানের নিকট এই গাথা শিখিয়া ভিক্ষু আক্রোশ-কারী লোকদিগকে এই গাথায় প্রত্যুত্তর দিতে লাগিলেনঃ—

মিথ্যাবাদী লোক হয় নরকে পতিত,
আর যে করিয়া বলে নহে মম কৃত;
এইরূপ হীন-কর্ম্মা মানব উভয়
পরলোকে গিয়া সম ফলভাগী হয়।

তখন লোকদের মনে এই ভাব আসিলঃ—এই শ্রমণ শাক্যপুত্রগণ এইরূপ কর্ম্মকারী নহেন, এই কর্ম্ম ইহাঁরা করেন নাই বলিয়া শপথ করিতেছেন।” তখন সেই অকীর্ত্তি শব্দ আর রহিলনা, সপ্তাহ মাত্র ছিল তারপর চলিয়া গেল।

নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—অচ্ছরিয়ং ভন্তে অব্ভুতং ভন্তে য়াব সুভাসিতঞ্চিদং ভন্তে ভগবতা ঃ—"নেসো ভিক্খবে সদ্দো চিরং ভবিস্সতি; সত্তাহমেব ভবিস্সতি, সত্তাহস্স অচ্চয়েন অন্তরধায়িস্সতীতি; অন্তরহিতো সো ভন্তে সদ্দোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

তুদন্তি বাচায় জনা অসঞ্ঞতা
সরেহি সঙ্গামগতং ব কুঞ্জরং
সুত্বান বাক্যং ফরুসং উদীরিতং
অধিবাসয়ে ভিক্খু অদুট্ঠচিত্তোতি ॥৩৮॥

---

অনন্তর অনেকজন ভিক্ষু ভগবানের নিকট গিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক একপাশে দাঁড়াইলেন, এবং ভগবানকে বলিলেন, ভন্তে, কি আশ্চর্য্য! কি অদ্ভুত! ভগবান যে কহিয়াছিলেন" হে ভিক্ষুগণ। এই অপবাদ দীর্ঘকাল থাকিবেনা সপ্তাহ মাত্র থাকিবে তারপর চলিয়া যাইবে। তাহা খুব ঠিকই বলিয়াছেন। মূর্খ গণের মিথ্যা দোষারোপণ ধীর, পণ্ডিতগণ সকল সহ্য করিতে পারেন, এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

অসংযত জন করে বিদারণ পরুষ বচন বানে;
সংগ্রামে আগত মাতঙ্গে যেমত প্রতি-যোদ্ধা শর হানে।
শুনিয়া তেমন কর্কশ বচন বলিতে কোনও জনে,
ভিক্ষু ক্ষেমকামী সহিবে সে সব বিদ্বেষ বিহীন মনে। ॥৩৮॥

# উপসেন-সুত্তং। ৯

এবম্মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দক নিবাপে। অথ খো আয়স্মতো উপসেনস্স বঙ্গন্তপুত্তস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ—লাভা বত মে সুলদ্ধং বত মে সত্থা চ মে ভগবা অরহং সম্মাসম্বুদ্ধো, স্বক্খাতে চম্হি ধম্মবিনয়ে অগারস্মা অনগারিয়ং পব্বজিতো, সব্রহ্মচারিয়ো চ মে সীলবন্তো কল্যাণধম্মা, সীলেসু চম্হি পরিপূরকারী, সমাহিতো চম্হি একগ্গচিত্তো, অরহা চম্হি খীণাসবো, মহিদ্ধিকো চম্হি মহানুভাবো, ভদ্দকম্মে জীবিতং ভদ্দকম্মে মরণন্তি। অথ খো ভগবা আয়স্মতো উপসেনস্স বঙ্গন্তপুত্তস্স চেতসা চেতোপরিবিতক্কমঞ্ঞায় তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

আমি এইরূপ শুনিয়াছি ঃ—এক সময় ভগবান রাজগৃহের অন্তর্গত "কলন্দক নিবাপ" নামক স্থানে বেণুবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে একদিন বঙ্গান্ত ব্রাহ্মণের পুত্র আয়ুষ্মান উপসেনের মনে এইরূপ ভাবের উদয় হইল ঃ—কি ভাগ্য আমার! কত সৌভাগ্য আমার! যেহেতু আমার উপদেষ্টা শাস্তা স্বয়ং ভগবান অর্হৎ সম্যক্ সম্বুদ্ধ, এমন সুদেশিত ধর্ম্ম বিনয়ে আমি আগার হইতে অনাগারে প্রব্রজিত, আমার সঙ্গী ব্রহ্মচারীগণও শীলবান সদ্ধর্ম্ম পরায়ণ, আমিও শীল পালনকারী, সমাধিস্থ, একাগ্রচিত্ত, অর্হৎ, ক্ষীণাসব, মহাঋদ্ধি ও শক্তিসম্পন্ন, ধন্য আমার জীবন. ধন্য আমার মরণ। তখন ভগবান চিত্তের দ্বারা উপসেন বঙ্গান্ত তনয়ের চিত্ত জানিয়া এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

যং জীবিতং ন তপতি মরণন্তে ন সোচতি
স বে দিট্ঠপদো ধীরো সোকমজ্ঝে ন সোচতি।
উচ্ছিন্ন ভব-তণ্হস্স সন্তচিত্তস্স ভিক্খুনো
বিক্খীণো জাতি-সংসারো নত্থি তস্স পুনব্ভবোতি ॥৩৯॥

## সারিপুত্ত-সুত্তং । ১০

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা সারিপুত্তো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভূজিত্বা উজুং কায়ং পণিধায় অত্তনো উপসমং পচ্চবেক্খমানো। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং সারিপুত্তং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভূজিত্বা

---

জীবন যাহারে, নাহি দেয় তাপ, মরণেও শোক হয় না যার,
দেখেছে সে ধীর অমৃতের পদ— শোক মাঝে শোক হয় না তার।
উচ্ছিন্ন করেছে তৃষ্ণা ত্রিভবের হেন শান্ত চিত ভিক্ষুর আর
জন্ম নাহি হয়; সকল সংসারে পুনঃ আগমন রহিত তার ॥৩৯॥

## সারীপুত্র-সূত্র । ১০

সেই সময়ে একদিন আয়ুষ্মান সারিপুত্ত ভগবানের অল্পদূরে পর্য্যঙ্কাসনে ঋজুদেহে, তাঁহার ক্লেশ উপশমের বিষয় পুনরায় চিন্তা করিতে করিতে বসিয়াছিলেন। ভগবান আয়ুষ্মান সারিপুত্তকে এইভাবে উপশম লাভের বিষয় চিন্তা করিতে দেখিয়া, তৎকালে এই অর্থ বিদিত হইলেন যে তাঁহার অগ্রশ্রাবক সারিপুত্তের অপরিমিত পারমিতা জ্ঞান প্রভাবে সকল

উজুং কায়ং পণিধায় অত্তনো উপসমং পচ্চবেক্খমানং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

উপসন্ত সন্তচিত্তস্স নেত্তিচ্ছিন্নস্স ভিক্খুনো
বিক্খীণো জাতি সংসারো মুত্তো সো মারবন্ধনাতি ॥৪০॥

উদ্দানং ঃ—

মেঘিয়ো উদ্ধতা গোপালো জুণ্হা নাগেন পঞ্চমং,
পিণ্ডোলো সারিপুত্তো চ সুন্দরী ভবতি অট্ঠমং,
উপসেনো বঙ্গন্তপুত্তো সারিপুত্তো চ তে দসা'তি।

## মেঘিয় বগ্গো নিট্ঠিতো

---

ক্লেশ অর্হৎমার্গ-জ্ঞান লাভের সঙ্গে সঙ্গে সম্পূর্ণ পরিত্যক্ত হইয়াছে, উনি ঐ সকল গুণ প্রত্যবেক্ষণ বা পুনর্দর্শন করিতেছেন; এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

চিত্ত যার উপশান্ত তৃষ্ণা যার হয়েছে ছেদন,
ক্ষীণ তার জন্ম-ভব মুক্ত তিনি মারের বন্ধন ॥৪০॥

**[ইতি উদানে মেঘিয় বর্গ নামক চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত]**

# সোণত্থেরস্স-বগ্গো পঞ্চমো

## রাজসুত্তং । ১

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন রাজা পসেনদিকোসলো মল্লিকায় দেবিয়া সদ্ধিং উপরিপাসাদবরগতো হোতি। অথ খো রাজা পসেনদিকোসলো মল্লিকং দেবিং এতদবোচঃ— অত্থি নু খো তে মল্লিকে কোচঞ্ঞো অত্তনা পিয়তরোতি। নত্থি খো মে মহারাজ কোচঞ্ঞো অত্তনা পিয়তরো, তুম্হং পন মহারাজ অত্থঞ্ঞো কোচি অত্তনা পিয়তরোতি। মযহম্পি খো মল্লিকে নত্থঞ্ঞো কোচি অত্তনা পিয়তরোতি। অথ খো রাজা পসেনদি-কোসলো পাসাদা ওরোহিত্বা যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো রাজা পসেনদিকোসলো ভগবন্তং এতদবোচঃ—ইধাহং ভন্তে,

---

### রাজ-সূত্র । ১

শ্রাবস্তীনিদান—তৎকালে একদিন রাজা পসেনদীকোশল মল্লিকা দেবীর সহিত রাজপ্রাসাদের উপরিতলে উঠিয়া রাণীকে বলিল, হে মল্লিকে তোমার নিজের চেয়ে প্রিয় আর কেহ আছে কি? মল্লিকা।—মহারাজ, আমার নিজের চেয়ে প্রিয় আর কেহ নাই। আপনার নিজের চেয়ে প্রিয় কেহ আছে কি? রাজা।—মল্লিকে আমারও নিজের চেয়ে প্রিয় আর কেহ নাই। তৎপর কোশলরাজ প্রাসাদ হইতে নামিয়া ভগবানের নিকট গেল এবং ভগবানকে বন্দনা করিয়া একপাশে বসিল। এক পাশে বসিয়া কোশল-

মল্লিকায় দেবিয়া সদ্ধিং উপরিপাসাদবরগতো মল্লিকং দেবিং এতদ-বোচঃ— অত্থি নু খো তে মল্লিকে কোচঞ্ঞো অত্তনা পিয়তরোতি। এবং বুত্তে মল্লিকা দেবী মং এতদবোচঃ— নত্থি খো মে মহারাজ কোচঞ্ঞো অত্তনা পিয়তরো, তুযহং পন মহারাজ অত্থঞ্ঞো কোচি অত্তনা পিয়তরোতি। এবং বুত্তাহং ভন্তে মল্লিকং দেবিং এতদ-বোচঃ— মযহম্পি খো মল্লিকে নত্থঞ্ঞো কোচি অত্তনা পিয়তরোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

সব্বাদিসা অনুপরিগম্ম চেতসা
নেবজ্ঝগা পিয়তরমত্তনা ক্বচি,
এবম্পিয়ো পুথু অত্তা পরেসং
তস্মা ন হিংসে পরং অত্তকামোতি ॥৪১॥

---

রাজ ভগবানকে বলিল ভন্তে আমি মল্লিকা দেবীর সহিত প্রাসাদের উপরি-তলে উঠিয়া মল্লিকা দেবীকে বলিলাম ঃ—হে মল্লিকে তোমার নিজের চেয়ে প্রিয় আর কেহ আছে কি ? সে বলিল 'মহারাজ আমার নিজের চেয়ে প্রিয় আর কেহ নাই, আপনার নিজের চেয়ে প্রিয় কেহ আছে কি ?' আমি মল্লিকা দেবীকে বলিলাম মল্লিকে আমার নিজের চেয়ে প্রিয় আর কেহ নাই। তখন এই সংসারে জীবগণের যে আপন হইতে প্রিয় কেহ নাই এই অর্থ সর্ব্বতোভাবে বিদিত হইয়া ভগবান এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

সকল দিকেতে করিয়া সন্ধান মনে মনে,
কোথাও দেখি না আপনার চেয়ে প্রিয় জনে।
পরের বিভিন্ন আত্মা এই রূপ প্রিয় অতি,
আত্ম-কামী তাই হিংসা করিও না পর প্রতি। ॥৪১॥

# অপ্পায়ুক-সুত্তং । ২

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। অথ খো আয়স্মা আনন্দো সায়ণ্হসময়ং পতিসল্লানা বুট্‌ঠিতো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা আনন্দো ভগবন্তং এতদবোচঃ— অচ্ছরিয়ং ভন্তে, অব্ভুতং ভন্তে, য়াব অপ্পায়ুকা হি ভন্তে ভগবতো মাতা অহোসি, সত্তাহজাতে ভগবতি ভগবতো মাতা কালমকাসি তুসিতং কায়ং উপ্পজ্জী'তি। "এবমেতং আনন্দ, অপ্পায়ুকা হি বোধিসত্তমাতরো হোন্তি, সত্তাহ জাতেসু বোধিসত্তেসু বোধিসত্তমাতরো কালং করোন্তি, তুসিতং কায়ং উপ্পজ্জতী'তি।" অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

---

শ্রাবস্তীনিদান—তৎকালে আয়ুষ্মান আনন্দ একদিন বিকালে ধ্যান হইতে উঠিয়া ভগবানের নিকট গমন পূর্ব্বক তাঁহাকে বন্দনা করিয়া এক পাশে বসিলেন। এক পাশে বসিয়া তিনি ভগবানকে বলিলেন,—ভন্তে ভগবান! আপনার মাতা যে এত অল্পায়ু ছিলেন উহা বড়ই আশ্চর্য্য, বড়ই অদ্ভুত, ভগবানের জন্মের সপ্তাহ কাল পরেই ভগবানের মাতা দেহত্যাগ করিয়া তুষিত দেবলোকে উৎপন্ন হইলেন। ভগবান বলিলেন "হাঁ আনন্দ, বোধিসত্বগণের অল্পায়ুই হয়। তাঁহাদের জন্মের সপ্তাহ কাল পরেই দেহত্যাগ করিয়া তুষিত স্বর্গে জন্মগ্রহণ করে। সকল জীবেরই বিনাশ অবশ্যম্ভাবী, এই মরণানুস্মৃতি-রূপ অর্থ সম্পূর্ণ জ্ঞাত হইয়া ভগবান তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেনঃ—

যে কেচি ভূতা ভবিস্সন্তি
যে বাপি সব্বে গমিস্সন্তি পহায় দেহং,
তং সব্বং জানিং কুসলো বিদিত্বা
আতাপিয়ো ব্রহ্মচরিয়ং চরেয্যাতি ॥৪২॥

## কুট্ঠি-সুত্তং । ৩

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দকনিবাপে। তেন খো পন সময়েন রাজগহে সুপ্পবুদ্ধো নাম কুট্ঠি মনুস্সদলিদ্দো অহোসি মনুস্সকপণো মনুস্সবরাকো। তেন খো পন সময়েন ভগবা মহতিয়া পরিসায় পরিবুতো ধম্মং দেসেন্তো নিসিন্নো হোতি। অদ্দসা খো সুপ্পবুদ্ধো কুট্ঠি তং মহাজনকায়ং দূরতোব সন্নিপতিতং, দিস্বানস্স এতদ-

---

করিবে যে সব জীব জনম গ্রহণ,
আর যারা দেহ ত্যজি করিবে গমন,
সবি সে ভঙ্গুর বলে জানিয়া পণ্ডিত
বীর্য্যবান ব্রহ্মচর্য্য করিবে পালন ॥৪২॥

## কুষ্ঠী-সূত্র। ৩

আমি এইরূপ শুনিয়াছি।—এক সময় ভগবান রাজগৃহে কলন্দকনিবাপ নামক স্থানে বেণুবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে রাজগৃহে সুপ্রবুদ্ধ নামক এক কুষ্ঠ রোগী ছিল। সে গরীব, অতি দীন দরিদ্র। একদিন ভগবান ধর্ম্ম দেশনা করিতে করিতে বহু সংখ্যক লোক পরিবৃত হইয়া বসিয়াছিলেন। সুপ্রবুদ্ধ কুষ্ঠী সেই একত্রিত মহা জন-সঙ্ঘকে দূর হইতে দেখিল। দেখিয়া তাহার আশা হইল, নিঃসন্দেহ ওখানে কোন খাদ্য

হোসিঃ— নিস্সংসয়ং খো এত্থ কিঞ্চি খাদনীয়ং বা ভোজনীয়ং বা ভাজিয়তি, য়ন্নূনাহং য়েন সো মহাজনকায়ো তেনুপসঙ্কমেয়্যং, অপ্পেবনামেত্থ কিঞ্চি খাদনীয়ং বা ভোজনীয়ং বা লভেয়্যন্তি। অথ খো সুপ্পবুদ্ধো কুট্‌ঠি য়েন সো মহাজনকায়ো তেনুপসঙ্কমি। অদ্দসা খো সুপ্পবুদ্ধো কুট্‌ঠি ভগবন্তং মহতিয়া পরিসায় পরিবুতং ধম্মং দেসেন্তং নিসিন্নং, দিস্বানস্স এতদহোসিঃ—ন খো এত্থ কিঞ্চি খাদনীয়ং বা ভোজনীয়ং বা ভাজিয়তি, সমণো অয়ং গোতমো পরিসতিং ধম্মং দেসেতি য়ন্নূনাহম্পি ধম্মং সুণেয়্যন্তি, তত্থেব একমন্তং নিসীদি অহম্পি ধম্মং সোস্সামীতি। অথ খো ভগবা সব্বাবন্তং পরিসং চেতসা চেতো পরিচ্চ মনসাকাসিঃ— কো নু খো ইধ ভব্বো ধম্মং বিঞ্ঞাতুন্তি। অদ্দসা খো ভগবা সুপ্পবুদ্ধং কুট্‌ঠিং তস্সং পরিসায়ং নিসিন্নং, দিস্বানস্স এতদহোসিঃ— অয়ং খো ইধ ভব্বো ধম্মং বিঞ্ঞাতুন্তি। সুপ্পবুদ্ধং কুট্‌ঠিং আরব্ভ আনুপুব্বিকথং কথেসি, সেয়্যথীদংঃ— দানকথং সীলকথং সগ্গকথং কামানং আদি-

---

বণ্টন করা হইতেছে। আমিও সেই জনতার ভিতর যাইয়া কিছু খাদ্য ভোজ্য পাইতে পারিলে ভাল। অতঃপর সুপ্রবুদ্ধ কুষ্ঠী সেই মহা জনমণ্ডলীর নিকটবর্ত্তী হইল, দেখিল ভগবান সেই বিশাল জনতায় ধর্ম্মদেশনা করিতে করিতে উপবিষ্ট আছেন। তখন সুপ্রবুদ্ধ কুষ্ঠী ভাবিল এখানে কোন খাদ্য ভোজ্য বিতরিত হইতেছে না, এই শ্রমণ গৌতম পরিষদে ধর্ম্মদেশনা করিতেছেন, আমিও ধর্ম্ম শুনিব, এই ভাবিয়া সে সেইখানে একধারে বসিল। ভগবান সকলের মনের ভাব জানিবার জন্য মনোনিবেশ করিলেন। কে তাঁহার ধর্ম্ম বুঝিতে সমর্থ হইবে উহা দেখিতে লাগিলেন। তিনি জানিতে পারিলেন একমাত্র জনতায় উপবিষ্ট সুপ্রবুদ্ধ কুষ্ঠীই তাঁহার ধর্ম্ম লাভে সমর্থ হইবে। ভগবান তাহাকে উপলক্ষ্য করিয়া আনুক্রমিক উপদেশ দিতে লাগিলেন। যথাঃ—দান কথা, শীল কথা, স্বর্গ কথা, কাম ভোগের অপকারীতা

নবং ওকারং সঙ্কিলেসং নেক্খম্মে চ আনিসংসং পকাসেসি। য়দা ভগবা অঞ্ঞাসি সুপ্পবুদ্ধং কুট্ঠিং কল্লচিত্তং মুদুচিত্তং বিনীবরণ-চিত্তং উদগ্গচিত্তং পসন্নচিত্তং, অথ য়া বুদ্ধানং সামুক্কংসিকা ধম্ম-দেসনা তং পকাসেসি দুক্খং সমুদয়ং নিরোধং মগ্গং। সেয়্যথাপি নাম সুদ্ধং বত্থং অপগতকালকং সম্মদেব রজনং পতিগণ্হেয়্য, এব-মেব সুপ্পবুদ্ধস্স কুট্ঠিস্স তস্মিং য়েব আসনে বিরজং বীতমলং ধম্ম-চক্খুং উদপাদিঃ—য়ং কিঞ্চি সমুদয়ধম্মং, সব্বং তং নিরোধধম্মন্তি। অথ খো সুপ্পবুদ্ধো কুট্ঠি দিট্ঠধম্মো পত্তধম্মো বিদিতধম্মো পরিয়ো-গাল্হধম্মো তিণ্ণবিচিকিচ্ছো বিগত কথংকথো বেসারজ্জপ্পত্তো অপ-রপ্পচ্চয়ো সত্থুসাসনে উট্ঠায়াসনা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপ-সঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো

---

জঘন্যতা ও কষ্টের কথা বলিলেন এবং নৈষ্ক্রম্যের গুণ বর্ণনা করিলেন। যখন ভগবান দেখিলেন যে সুপ্রবুদ্ধকুষ্ঠীর মন সত্য বুঝিবার উপযুক্ত মৃদু. পঞ্চনীবরণ (কাম, ক্রোধ, তন্দ্রা, ঔদ্ধত্য ও সন্দেহ) বিহীন প্রসন্ন ও উৎফুল্ল হইয়াছে, তখন বুদ্ধগণের যাহা অসাধারণ ধর্ম্মদেশনা তাহা তিনি বাখ্যা-করিতে লাগিলেন। যেমন নির্ম্মল ধপ্ ধপে শাদা কাপড়ে রঙ দিলে উহাতে ভালরূপে রঙ লাগে, তদ্রূপ পঞ্চনীবরণ রূপ ময়লা বিহীন সুপ্রবুদ্ধ কুষ্ঠীর নির্ম্মল চিত্তেও ধর্ম্মের রঙ ধরিল। সেই আসনেই তাহার বিমল ধর্ম্ম-চক্ষু লাভ হইল। সে ধর্ম্ম দর্শন করিল, লাভ করিল, বুঝিল এবং ধর্ম্মতত্ত্বে প্রবেশ করিল, তাহার সকল সন্দেহ দূর হইল, ইহা কিরূপ জিজ্ঞাসা করিবার কিছুই রহিল না। তাহাতে সে বুঝিতে পারিল যে যাহা কিছু উৎপন্ন হয় তাহা সমস্তই বিনাশ হয়। সে কুশল ধর্ম্মে পূর্ণতা লাভ করিল এবং বুঝিল শাস্তার শাসন হইতে চ্যুত হইয়া এখন অপর শাস্তার আশ্রয় গ্রহণ করা তাহার পক্ষে অসম্ভব। সে আসন হইতে উঠিয়া শাস্তার নিকট গমন পূর্ব্বক তাঁহাকে বন্দনা করিয়া একপাশে বসিয়া বলিল,

খো সুপ্পবুদ্ধো কুট্ঠি ভগবন্তং এতদবোচঃ—অভিক্কন্তং ভন্তে! অভিক্কন্তং ভন্তে! সেয়্যথাপি ভন্তে নিক্কুজ্জিতং বা উক্কুজ্জেয়্য পটিচ্ছন্নং বা বিবরেয়্য মূল্হস্স বা মগ্গং আচিক্খেয়্য অন্ধকারে বা তেলপজ্জোতং ধারেয়্য চক্খুমন্তো রূপানি দক্খন্তী'তি, এবমেব ভগবতা অনেকপরিয়ায়েন ধম্মো পকাসিতো, এসাহং ভন্তে, ভগবন্তং সরণং গচ্ছামি, ধম্মঞ্চ ভিক্খুসঙ্ঘঞ্চ, উপাসকং মং ভগবা ধারেতু অজ্জতগ্গে পাণুপেতং সরণং গতন্তি। অথ খো সুপ্পবুদ্ধো কুট্ঠি ভগবতা ধম্মিয়া কথায় সন্দস্সিতো সমাদপিতো সমুত্তেজিতো সম্পহংসিতো ভগবতো ভাসিতং অভিনন্দিত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা পক্কামি। অথ খো সুপ্পবুদ্ধকুট্ঠিং গাবী তরুণবচ্ছা অধিপাতেত্বা জীবিতা বোরোপেসি। অথ খো সম্বহুলা ভিক্খূ যেন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবন্তং

---

ভন্তে, বড়ই সুন্দর! বড়ই সুন্দর! ভন্তে, আপনি যেন কোন অধোমুখ পাত্রকে উপরমুখ করিলেন, বা কোন ঢাকা জিনিষের যেন ঢাকনি খুলিয়া লইলেন বা পথভ্রষ্টকে যেন পথ দেখাইলেন কিংবা অন্ধকারে যেন তৈলের প্রদীপ ধারণ করিলেন, চক্ষুষ্মানেরা যেমন রূপ দেখে এইরূপেই ভগবান অনেক প্রকারে ধর্ম্ম প্রকাশ করিলেন; ভন্তে, আমি প্রাণের সহিত ভগবানের ধর্ম্মের, এবং ভিক্ষুসঙ্ঘের শরণ লইতেছি। অদ্য হইতে আমাকে আজীবন আপনার শরণাগত উপাসক বলিয়া ধারণা করুন। ভগবান সুপ্রবুদ্ধ কুষ্ঠীকে স্পষ্টভাবে ধর্ম্মকথা দেখাইলেন, ধর্ম্ম গ্রহণ করাইলেন, এবং সদ্ধর্ম্মপরায়ণ হইবার জন্য খুব উত্তেজিত এবং সন্তুষ্ট করিলেন। সুপ্রবুদ্ধ কুষ্ঠীও ভগবানের দেশনায় ধর্ম্মকথা অবগত হইয়া ধর্ম্ম গ্রহণ ও তৎ প্রতিপালনে সমুত্তেজিত হইলেন এবং অতি সন্তুষ্ট চিত্তে ভগবানের বাক্য অভিনন্দন ও অনুমোদন করিয়া আসন হইতে উত্থান পূর্ব্বক ভগবানকে বন্দনা ও প্রদক্ষিণ করিয়া চলিয়া গেল। যাইবার সময় এক নবপ্রসূতি গাভী সুপ্রবুদ্ধ কুষ্ঠীকে শৃঙ্গাঘাতে মারিয়া ফেলিল। অনন্তর অনেকজন ভিক্ষু ভগবানের নিকট উপস্থিত হইয়া

অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু, একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—য়ো সো ভন্তে সুপ্পবুদ্ধো নাম কুট্ঠি ভগবতা ধম্মিয়া কথায় সন্দস্সিতো সমাদপিতো সমুত্তেজিতো সম্পহংসিতো, সো কালকতো; তস্স কা গতি, কো অভিসম্পরায়োতি ? 'পণ্ডিতো ভিক্খবে সুপ্পবুদ্ধো কুট্ঠি, পচ্চপাদী ধম্মস্সানুধম্মং, ন চ মং ধম্মাধিকরণং বিহেসেসি; সুপ্পবুদ্ধো ভিক্খবে কুট্ঠি তিণ্ণং সংয়োজনানং পরিক্খয়া সোতাপন্নো অবিনিপাতধম্মো নিয়তো সম্বোধিপরায়নোতি।' এবং বুত্তে অঞ্ঞতরো ভিক্খু ভগবন্তং এতদবোচ ঃ—কো নু খো ভন্তে হেতু, কো পচ্চয়ো য়েন সুপ্পবুদ্ধো কুট্ঠি মনুস্সদলিদ্দো অহোসি, মনুস্সকপণো মনুস্সবরাকোতি ? ভূতপুব্বং ভিক্খবে সুপ্পবুদ্ধো কুট্ঠি ইমস্মিং য়েব রাজগহে সেট্ঠিপুত্তো অহোসি। সো উয়্যানভূমিং নিয়্যন্তো অদ্দসা তগরসিখিং

---

এবং তাঁহাকে অভিবাদন পূর্ব্বক একপাশে বসিয়া বলিলেন ঃ—ভন্তে, যেই সুপ্রবুদ্ধ কুষ্ঠী ভগবানের নিকট দেশনা শুনিয়া ধর্ম্ম গ্রহণ করিয়াছিল এবং সমুত্তেজিত ও সন্তুষ্ট হইয়া চলিয়া গিয়াছিল অদ্য তাহার মৃত্যু হইয়াছে। পরলোকে তাহার কি গতি হইয়াছে ? ভগবান।—হে ভিক্ষুগণ, সুপ্রবুদ্ধ কুষ্ঠী পণ্ডিত। সে যথাধর্ম্ম প্রতিপন্ন হইয়াছিল। তাহাকে আমার ধর্ম্ম লাভ করাইতে বিশেষ বেগ পাইতে হয় নাই। হে ভিক্ষুগণ, সুপ্রবুদ্ধ কুষ্ঠীর সৎকায়দৃষ্টি (পঞ্চস্কন্ধে নিত্য বলিয়া ধারণা) বিচিকিৎসা (সন্দেহ) ও শীলব্রত পরামর্ষণ (বুদ্ধ ব্যতীত অবুদ্ধগণের প্রচারিত রীতিনীতি আদি পালনে মুক্তি আছে মনে করত তাহা দৃঢ় গ্রহণ) এই তিনটি সংযোজন (বন্ধন) সম্পূর্ণ ছিন্ন হইয়াছে। আর তাহার অধঃপতন অসম্ভব, সে আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গ রূপ ধর্ম্ম যানের দ্বারা নীত হইতেছে। সকৃদাগামী, অনাগামী ও অর্হৎ সম্বোধি লাভের জন্য সে ভাবনায় রত। ভগবান এইরূপ বলিলে অন্য একজন ভিক্ষু বলিলেন, ভন্তে, সুপ্রবুদ্ধ কুষ্ঠী কেন এত কাঙ্গাল দীনদরিদ্র হইয়া জন্মগ্রহণ করিয়াছিল। ভগবান।—হে ভিক্ষুগণ. সুপ্রবুদ্ধ কুষ্ঠী পূর্ব্বে

পচ্চেকবুদ্ধং নগরং পিণ্ডায় পবিসন্তং, দিস্বানস্স এতদহোসি ঃ— ক্বায়ং কুট্‌ঠি বিচরতীতি নিট্‌ঠুভিত্বা অপসব্যামতো করিত্বা পক্কামি। সো তস্স কম্মস্স বিপাকেন বহূনি বস্সানি বহূনি বস্সসতানি বহূনি বস্সসহস্সানি বহূনি বস্সসতসহস্সানি নিরয়ে পচ্চিত্থ। তস্সেব কম্মস্স বিপাকাবসেসেন ইমস্মিং য়েব রাজগহে মনুস্সদলিদ্দো অহোসি মনুস্স কপণো, মনুস্সবরাকো। সো তথাগতপ্পবেদিতং ধম্মবিনয়ং আগম্ম সদ্ধং সমাদিয়ি, সীলং সমাদিয়ি সুতং সমাদিয়ি, চাগং সমাদিয়ি, পঞ্ঞং সমাদিয়ি। সো তথাগতপ্পবেদিতং ধম্মবিনয়ং আগম্ম সদ্ধং সমাদিয়িত্বা সীলং সমাদিয়িত্বা সুতং সমাদিয়িত্বা চাগং সমাদিয়িত্বা পঞ্ঞং সমাদিয়িত্বা কায়স্স ভেদা পরং মরণা সুগতিং সগ্গং লোকং উপ্পন্নো দেবানং তাবতিংসানং সহব্যতং, সো তত্থ অঞ্ঞে দেবে অতিরোচতি বণ্ণেন চেব য়সসা চাতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

এই রাজগৃহে এক শ্রেষ্ঠীপুত্র হইয়া জন্মগ্রহণ করিয়াছিল। সে বাগানে গমন কালে তগরশিখী প্রত্যেক-বুদ্ধকে দেখিয়া "কে এই কুষ্ঠীটা বিচরণ করিতেছে" এই বলিয়া তাহার গায়ে থুথু ত্যাগ পূর্ব্বক তুচ্ছ তাচ্ছিল্য করিয়া চলিয়া গিয়াছিল। সেই কর্ম্মের ফলে সেই শ্রেষ্ঠীপুত্র নরকে উৎপন্ন হইয়াছিল ও বহু শতসহস্র বৎসর নরকাগ্নিতে দগ্ধ হইয়াছিল। সেই কর্ম্মের অবশিষ্ট ফল হেতু সে এই রাজগৃহে অতি দীনদরিদ্র হইয়া জন্মগ্রহণ করিয়াছিল। সে তথাগতের ধর্ম্ম বিনয় অবগত হইয়া শ্রদ্ধা উৎপাদন ও শীল পালন করিয়াছিল। শ্রুত-ধর্ম্ম সম্যক্‌ গ্রহণ করিয়া সে ক্লেশ ত্যাগ পূর্ব্বক সোতাপত্তি ফল-জ্ঞান লাভ করিয়াছে এবং শরীর ভেদ হইলে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে ত্রয়োস্ত্রিংশ দেবগণের কাছে জন্মগ্রহণ করিয়াছে। সে স্থলে সে সৌন্দর্য্য ও সম্মানে অধিকতর বিরাজিত হইতেছে। এই পাপের শাস্তি ও পুণ্যের পুরস্কার সম্পূর্ণ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিয়াছিলেন ঃ—

চক্খুমা বিসমানীব বিজ্জমানে পরক্কমে,
পণ্ডিতো জীবলোকস্মিং পাপানি পরিবজ্জয়েতি ॥৪৩॥

## কুমারক-সুত্তং । ৪

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলা কুমারকা অন্তরা চ সাবত্থিং অন্তরা চ জেতবনং মচ্ছকে বাধেন্তি। অথ খো ভগবা পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সাবত্থিং পিণ্ডায় পাবিসি। অদ্দসা খো ভগবা তে সম্বহুলে কুমারকে অন্তরা চ সাবত্থিং অন্তরা চ জেতবনং মচ্ছকে বাধেন্তে, দিস্বান যেন তে কুমারকা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তে কুমারকে এতদবোচঃ—ভায়থ বো তুম্হে কুমারকা দুক্খস্স, অপ্পিয়ং বো দুক্খন্তি? এবং ভন্তে, ভায়াম ময়ং ভন্তে দুক্খস্স, অপ্পিয়ং নো

---

যথা সে কুপথ ত্যজে চক্ষুষ্মান শক্তি আছে যার,
তেমনি পণ্ডিত ভবে সর্ব্বপাপ কর পরিহার ॥৪৩॥

### কুমার-সূত্র । ৪

শ্রাবস্তী নিদান—তৎকালে একদিন অনেকজন বালক শ্রাবস্তী এবং জেতবনের মাঝখানে মাছ ধরিতেছিল। ভগবান পূর্ব্বাহ্ন সময়ে চীবর পরিধান করিয়া পাত্রচীবর গ্রহণ পূর্ব্বক শ্রাবস্তীতে পিণ্ডপাত করিতে প্রবেশ করিয়াছিলেন। ছেলেসকলকে মাছ ধরিতে দেখিয়া ভগবান সে স্থলে গমন করিলেন এবং তাহাদিগকে বলিলেন "হে বালক সকল, তোমরা কি দুঃখকে ভয় কর, দুঃখ কি তোমাদের অপ্রিয়?" ছেলেরা বলিল "হাঁ ভন্তে, আমরা দুঃখকে ভয় করি, দুঃখ আমাদের অপ্রিয়। এই বালকেরা

দুক্খন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

সচে ভায়থ দুক্খস্স সচে বো দুক্খং অপ্পিয়ং
মা কত্থ পাপকং কম্মং আবি বা য়দি বা রহো।
সচে চ পাপকং কম্মং করিস্সথ করোথ বা
ন বো দুক্খা পমুত্যত্থি উপেচ্চাপি পলায়তন্তি ॥৪৪॥

## উপোসথ-সুত্তং। ৫

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি পুব্বারামে মিগারমাতুপাসাদে। তেন খো পন সময়েন ভগবা তদহুপোসথে ভিক্খুসঙ্ঘপরিবুতো নিসিন্নো হোতি। অথ খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে পঠমে য়ামে উট্ঠায়াসনা

---

দুঃখ চাহেনা —কিন্তু যেন দুঃখ চাহিতেছে; কেননা যে কর্ম্ম দুঃখ দিবে তাহাই করিতেছে ; এই অর্থ ভগবান সর্ব্বতোভাবে বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন :—

তোমরা—দুঃখকে যদি ভয় করহে, না বাস দুঃখ ভাল,
তবে—প্রকাশ্যে কিম্বা গোপনে পাপ করো'না কোন কাল।
যদি—করিবে কিম্বা করিছ পাপ (কাঁদিবে 'ত্রাহি' 'ত্রাহি')
তখন—বাঁচিব আশে পলায়ে গেলে তবু মুকতি নাহি ॥৪৪॥

### উপোসথ-সূত্র। ৫

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান শ্রাবস্তীর অন্তর্গত পূর্ব্বারামে মিগারমাতা বিশাখার বিহারে বাস করেন। তৎকালে ভগবান এক উপোসথ দিবসে ভিক্ষু-সঙ্ঘ পরিবৃত হইয়া বসিয়াছিলেন। 'যখন রাত্রি অধিক হইল,

একংসং চীবরং কত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচঃ— অভিক্কন্তা ভন্তে রত্তি, নিক্খন্তো পঠমো য়ামো, চিরনিসিন্নো ভিক্খুসঙ্ঘো, উদ্দিসতু ভন্তে ভগবা ভিক্খূনং পাতিমোক্খন্তি। এবং বুত্তে ভগবা তুণ্হী অহোসি। দুতিয়ম্পি খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে মজ্ঝিমে য়ামে উট্ঠায়াসনা একংসং চীবরং কত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচঃ— অভিক্কন্তা ভন্তে রত্তি, নিক্খন্তো মজ্ঝিমো য়ামো, চিরনিসিন্নো ভিক্খুসঙ্ঘো, উদ্দিসতু ভন্তে ভগবা ভিক্খূনং পাতিমোক্খন্তি। দুতিয়ম্পি খো ভগবা তুণ্হী অহোসি। ততিয়ম্পি খো আয়স্মা আনন্দো অভিক্কন্তায় রত্তিয়া নিক্খন্তে পচ্ছিমে য়ামে উদ্ধতে অরুণে নন্দিমুখিয়া রত্তিয়া উট্ঠায়াসনা একংসং চীবরং কত্বা য়েন ভগবা তেনঞ্জলিং পণামেত্বা ভগবন্তং এতদবোচঃ— অভিক্কন্তা ভন্তে রত্তি, নিক্খন্তো পচ্ছিমো য়ামো উদ্ধতো

---

প্রথম যাম অতীত হইল, তখন আয়ুষ্মান আনন্দ উত্তরাসঙ্গ একাংশ করিয়া ভগবানের প্রতি করযোড় হইয়া বলিলেন, "ভন্তে, রাত বেশী হইয়াছে, প্রথম যাম গত হইয়াছে, ভিক্ষুসংঘ অনেকক্ষণ ধরিয়া বসিয়া আছেন। ভন্তে ভগবান, ভিক্ষুগণকে প্রাতিমোক্ষ দেশনা করুন। কিন্তু ভগবান নীরব রহিলেন। তারপর মধ্যম রাত্রি অতীত হইয়া গেল। আয়ুষ্মান আনন্দ আসন হইতে উঠিলেন এবং ~~একাংশ উত্তরাসঙ্গ করিয়া~~, ভগবানের প্রতি করযোড় হইয়া আবার প্রার্থনা করিলেন ভন্তে, রাত খুব বেশী হইয়াছে, মধ্যম যাম অতীত হইয়াছে। ভিক্ষুসঙ্ঘ অনেকক্ষণ ধরিয়া বসিয়া আছেন। হে ভগবান ভিক্ষুসঙ্ঘকে প্রাতিমোক্ষ দেশনা করুন। কিন্তু এই বারেও ভগবান নীরব রহিলেন। রাত্রি আরও অধিক হইল, শেষ যাম অতীত হইয়া গেল। অরুণ (সূর্য্যোদয়ের পূর্ব্বে আগতা রক্তিমাভা) উদিত হইল। আনন্দময়ী রজনী সমাগতা। তখন আয়ুষ্মান আনন্দ আসন হইতে উঠিয়া উত্তরাসঙ্গ একাংশ করিয়া ভগবানের প্রতি করযোড় হইয়া আবার বলিলেনঃ—ভন্তে, রাত খুব বেশী হইয়াছে, শেষ যাম

অরুণো, নন্দিমুখী রত্তি, চিরনিসিন্নো ভিক্খুসঙ্ঘো, উদ্দিসতু ভন্তে ভগবা ভিক্খূনং পাতিমোক্খন্তি। 'অপরিসুদ্ধা আনন্দ পরিসাতি।' অথ খো আয়স্মতো মহামোগ্গল্লানস্স এতদহোসি ঃ—কং নু খো ভগবা পুগ্গলং সন্ধায় এবমাহ 'অপরিসুদ্ধা আনন্দ পরিসাতি'। অথ খো আয়স্মা মহামোগ্গল্লানো সব্বাবন্তং ভিক্খুসঙ্ঘং চেতসা চেতো পরিচ্চ মনসাকাসি ঃ—অদ্দসা খো আয়স্মা মহামোগ্গল্লানো তং পুগ্গলং পাপধম্মং অসুচিসঙ্কস্সরসমাচারং পটিচ্ছন্নকম্মন্তং অস্স-মণং সমণপটিঞ্ঞং অব্রহ্মচারিং ব্রহ্মচারিপটিঞ্ঞং অন্তো পূতিং অবস্সুতং কসম্বুজাতং মজ্ঝে ভিক্খুসঙ্ঘস্স নিসিন্নং, দিস্বান উট্ঠায়াসনা য়েন সো পুগ্গলো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তং পুগ্গলং এতদ-বোচ ঃ—উট্ঠেহি আবুসো, দিট্ঠোসি ভগবতা, নত্থি তে ভিক্খূহি সদ্ধিং সংবাসোতি। অথ খো সো পুগ্গলো তুণ্হী অহোসি।

---

চলিয়া গিয়াছে, অরুণ উঠিয়াছে। প্রভাময়ী রাত্রি। ভিক্ষুসঙ্ঘ অনেকক্ষণ ধরিয়া বসিয়া আছেন। ভন্তে ভগবান ভিক্ষুসঙ্ঘকে প্রাতিমোক্ষ উদ্দেশ করুন। তখন ভগবান বলিলেন "হে আনন্দ পরিষদ অপরিশুদ্ধ।" তাহা শুনিয়া আয়ুষ্মান মহামোগ্গল্লান ভাবিলেন, "ভগবান কাহার জন্য বলিতেছেন যে 'হে আনন্দ, পরিষদ অপরিশুদ্ধ' অনন্তর আয়ুষ্মান মহামোগ্গল্লান সকল উপস্থিত ভিক্ষুসঙ্ঘের চিত্ত স্বীয় চিত্তের দ্বারা জানিবার জন্য মনোনিবেশ করিলেন; তিনি সেই দুঃশীল, পাপী, ভীত লোকটীকে দেখিলেন, যে শ্রমণ না হইয়াও শ্রমণ বলিয়া পরিচয় দিতেছিল, ব্রহ্মচারী না হইয়াও ব্রহ্মচারী বলিয়া পরিচয় দিতেছিল; সেই ভিতরে পঁচা, রাগযুক্ত, আবর্জ্জনা সদৃশ লোকটি ভিক্ষুসঙ্ঘের মধ্যে বসিয়াছিল। আয়ুষ্মান মহামোগ্গল্লান তাহাকে দেখিলেন; দেখিয়া আসনহইতে উঠিয়া তাহার নিকট গমন পূর্ব্বক বলিলেন—"বন্ধো তুমি উঠ, তোমাকে ভগবান দেখিয়াছেন। তোমার ভিক্ষুসঙ্ঘের সহিত বসিবার অধিকার নাই" কিন্তু লোকটি নীরবে বসিয়া রহিল। আয়ুষ্মান

দুতিয়ম্পি খো আয়স্মা মহামোগ্গল্লানো তং পুগ্গলং এতদবোচঃ— উট্ঠেহি আবুসো, দিট্ঠোসি ভগবতা, নত্থি তে ভিক্খূহি সদ্ধিং সংবাসোতি। দুতিয়ম্পি খো সো পুগ্গলো তুণ্হী অহোসি। ততিয়ম্পি খো আয়স্মা মহামোগ্গল্লানো তং পুগ্গলং এতদবোচঃ— উট্ঠেহি আবুসো, দিট্ঠোসি ভগবতা, নত্থি তে ভিক্খূহি সদ্ধিং সংবাসোতি। ততিয়ম্পি খো সো পুগ্গলো তুণ্হী অহোসি। অথ খো আয়স্মা মহামোগ্গল্লানো তং পুগ্গলং বাহায়ং গহেত্বা বহিদ্বারকোট্ঠকা নিক্খামেত্বা সূচিঘতিকং দত্বা যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং এতদবোচঃ—নিক্খামিতো ভন্তে সো পুগ্গলো ময়া, পরিসুদ্ধা পরিসা, উদ্দিসতু ভন্তে ভগবা ভিক্খূনং পাতিমোক্খন্তি। 'অচ্ছরিয়ং মোগ্গল্লান! অব্ভুতং মোগ্গল্লান! যাব বাহা গহনাপি নাম সো মোঘপুরিসো আগমিস্সতী'তি। অথ খো ভগবা ভিক্খূ আমন্তেসিঃ—নদানাহং ভিক্খবে ইতোপরং উপোসথং

---

মহামোগ্গল্লান পুনরায় বলিলেন, "বন্ধো, তুমি উঠ, ভগবান তোমাকে দেখিয়াছেন। তোমার ভিক্ষুসঙ্ঘের সহিত বাসের অধিকার নাই।" দ্বিতীয় বারেও সে নীরবে বসিয়া রহিল। তৃতীয় বার বলা সত্ত্বেও যখন সে নীরবে বসিয়া রহিল, উঠিয়া গেল না, তখন আয়ুষ্মান মহামোগ্গল্লান বাহুতে ধরিয়া তাহাকে বহির্দ্বার তোরণহইতে বাহির করিয়া তালা বন্ধ করিলেন। তৎপর তিনি ভগবানের নিকট গিয়া বলিলেন;—

ভন্তে, আমি তাহাকে বাহির করিয়া দিয়াছি। এখন পরিষদ পরিশুদ্ধ ভন্তে ভগবান, এখন ভিক্ষুদিগকে প্রাতিমোক্ষ উদ্দেশ করুন। ভগবান বলিলেন;—"হে মোগ্গল্লান কি আশ্চর্য্য! কি অদ্ভুত! শেষে বাহুতে ধরিয়া তাহাকে তুলিয়া দিতে হইল, সেই তুচ্ছ বা অন্তঃসার শূন্য লোকটী এতক্ষণ পর্য্যন্ত উঠিল না। অনন্তর ভিক্ষুসঙ্ঘকে সম্বোধন করিয়া ভগবান বলিলেনঃ—হে ভিক্ষুগণ, এই হইতে আমি আর উপোসথ করিব না,

করিস্সামি, পাতিমোক্খং উদ্দিসিস্সামি। তুম্হেব দানি ইতোপরং উপোসথং করেয্যাথ, পাতিমোক্খং উদ্দিসেয্যাথ। অট্ঠানমেতং ভিক্খবে অনবকাসো, যং তথাগতো অপরিসুদ্ধায় পরিসায় উপোসথং করেয্য পাতিমোক্খং উদ্দিসেয্য।

অট্ঠিমে ভিক্খবে মহাসমুদ্দে অচ্ছরিয়া অব্ভুতা ধম্মা, য়ে দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি। কতমে অট্ঠ? মহাসমুদ্দো ভিক্খবে অনুপুব্বনিন্নো অনুপুব্বপোণো অনুপুব্বপব্ভারো, নায়তকেনেব পপাতো। য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো অনুপুব্বনিন্নো অনুপুব্বপোণো অনুপুব্বপব্ভারো, নায়তকেনেব পপাতো, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে পঠমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, যং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে মহাসমুদ্দো ঠিতধম্মো বেলং নাতিবত্ততি।

---

প্রাতিমোক্ষ উদ্দেশ করিব না। ইহার পর হইতে তোমরাই উপোসথ করিবে এবং প্রাতিমোক্ষ উদ্দেশ করিবে।

ভিক্ষুগণ! তথাগত যে অপরিশুদ্ধ পরিষদে উপোসথ করিবেন বা প্রাতিমোক্ষ উদ্দেশ করিবেন, ইহা সম্পূর্ণ অসম্ভব।

ভিক্ষুগণ! মহাসমুদ্রের আটটী আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম আছে, যাহা চাহিয়া চাহিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয় সেই আটটী কি কি?

(১) ভিক্ষুগণ! মহাসমুদ্র ক্রমনিম্ন, ক্রমগভীর ক্রমশঃ অগাধ গম্ভীর,—জল প্রপাতের ন্যায় হঠাৎ অতি গম্ভীর নহে। হে ভিক্ষুগণ! মহাসমুদ্র যে ক্রমনিম্ন, ক্রমগভীর, ক্রমশঃ অগাধ গম্ভীর, জল প্রপাতের ন্যায় হঠাৎ অতি গভীর নহে, এইটী মহাসমুদ্রের প্রথম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(২) ভিক্ষুগণ! পুনঃ মহাসমুদ্র স্থির স্বভাব, উহা কখনও তীর

য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো ঠিতধম্মো বেলং নাতিবত্ততি, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে দুতিয়ো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে মহাসমুদ্দো ন মতেন কুণপেন সংবসতি, য়ং হোতি মহাসমুদ্দে মতং কুণপং তং খিপ্পঞ্ঞেব তীরং পাপেতি থলং উস্সাদেতি, য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো ন মতেন কুণপেন সংবসতি য়ং হোতি মহাসমুদ্দে মতং কুণপং তং খিপ্পঞ্ঞেব তীরং পাপেতি থলং উস্সাদেতি, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে ততিয়ো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে য়া কাচি মহানদিয়ো সেয়্যথীদং গঙ্গা য়মুনা অচিরবতী সরভূ মহী, তা মহাসমুদ্দং পত্তা জহন্তি পুরিমানি নামগোত্তানি, মহাসমুদ্দোত্বেব সঙ্খং গচ্ছন্তি। য়ম্পি ভিক্খবে

---

অতিক্রম করে না, ভিক্ষুগণ! ইহা ও মহাসমুদ্রে দ্বিতীয় আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(৩) ভিক্ষুগণ! পুনঃ মহাসমুদ্র মরা পঁচার সহিত বাস করে না, কোন মরা পঁচা মহাসমুদ্রে পড়িলে উহাকে শীঘ্রই তীরে লইয়া আসে, স্থলে তুলিয়া দেয়। মহাসমুদ্র যে মরা পঁচার সহিত বাস করে না, কোন মরা পঁচা পড়িলে শীঘ্র উহাকে তীরে লইয়া আসে, স্থলে তুলিয়া দেয়, ভিক্ষুগণ! ইহাও মহাসমুদ্রের তৃতীয় আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(৪) ভিক্ষুগণ! পুনঃ গঙ্গা, যমুনা, অচিরবতী সরভূ, মহী প্রভৃতি, মহানদী সকল মহাসমুদ্রে মিলিত হইয়া তাহাদের পূর্ব্বের নাম গোত্র ত্যাগ করে এবং মহাসমুদ্রে গণ্য হয়। এই যে গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী

য়া কাচি মহানদিয়ো সেয়্যথীদং গঙ্গা, য়মুনা, অচিরবতী, সরভূ মহী. তা মহাসমুদ্দং পত্তা জহন্তি পুরিমানি নামগোত্তানি, মহাসমুদ্দোত্বেব সঙ্খং গচ্ছন্তি, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে চতুত্থো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচরং ভিক্খবে য়া চ লোকে সবন্তিয়ো মহাসমুদ্দং অপ্পেন্তি, য়া চ অন্তলিক্খা ধারা পপতন্তি, ন তেন মহাসমুদ্দস্স উনত্তং বা পূরত্তং বা পঞ্ঞায়তি। য়ম্পি ভিক্খবে য়া চ লোকে সবন্তিয়ো মহাসমুদ্দং অপ্পেন্তি, য়া চ অন্তলিক্খা ধারা পপতন্তি ন তেন মহাসমুদ্দস্স উনত্তং বা পূরত্তং বা পঞ্ঞায়তি, অয়ম্পি ভিক্খবো মহাসমুদ্দে পঞ্চমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে মহাসমুদ্দো একরসো লোণরসো। য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো একরসো লোণরসো, অয়ম্পি ভিক্খবে মহা-

---

প্রভৃতি মহানদী সকল মহাসমুদ্রে আসিয়া পূর্ব্বের নাম গোত্র ত্যাগ করে, মহাসমুদ্র বলিয়াই পরিচিত হয়, ভিক্ষুগণ! ইহাও মহাসমুদ্রের চতুর্থ আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(৫) ভিক্ষুগণ! পুনঃ নদী সকল মহাসমুদ্রে যে জল লইয়া আসে, আর আকাশ হইতে যে বৃষ্টি পড়ে. তৎদ্বারা মহাসমুদ্রের উনতা বা পূর্ণতা দেখা যায় না। নদী সকল মহাসমুদ্রে যে জল লইয়া আসে, আর আকাশ হইতে যে বৃষ্টি পড়ে, তৎদ্বারা মহাসমুদ্রের উনতা বা পূর্ণতা দেখা যায় না, ভিক্ষুগণ! এইটীও মহাসমুদ্রের পঞ্চম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম; যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

৬) ভিক্ষুগণ! পুনঃ মহাসমুদ্রের সর্ব্বত্র এক রস—লবণ রস। মহা-

সমুদ্দে ছট্ঠো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে মহাসমুদ্দো বহুরতনো অনেকরতনো, তত্রিমানি রতনানি, সেয়্যথীদং মুত্তা, মণি, বেলুরিয়ো, সঙ্খো, সিলা, পবাল্ং, রজতং, জাতরূপং, লোহিতঙ্কো, মসারগল্লং। য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো বহুরতনো অনেকরতনো তত্রিমানি রতনানি সেয়্যথীদং মুত্তা মণি বেলুরিয়ো সঙ্খো সিলা পবাল্ং রজতং জাত-রূপং লোহিতঙ্কো মসারগল্লং, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে সত্তমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

পুনচপরং ভিক্খবে মহাসমুদ্দো মহতং ভূতানং আবাসো, তত্রিমে ভূতা, তিমি তিমিঙ্গলো তিমিরপিঙ্গলো অসুরা নাগা গন্ধব্বা, সন্তি মহাসমুদ্দে য়োজনসতিকাপি অত্তভাবা, দ্বিয়োজনসতিকাপি অত্ত-

---

সমুদ্রের যে সর্ব্বত্র এক রস—লবণ রস, ভিক্ষুগণ, এইটীও মহাসমুদ্রের ষষ্ঠ আশ্চর্য্য ও অদ্ভুত ধর্ম্ম যাহা চাহিয়া চাহিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(৭) ভিক্ষুগণ! পুনঃ মহাসমুদ্রে বহুবিধ রত্ন অনেক আছে। যথা:—মুক্তা, মণি, বৈদূর্য্য, শঙ্খ, শিলা, প্রবাল, রৌপ্য, সুবর্ণ, পদ্ম-রাগ-মণি ইন্দ্র-নীল-মণি: মহাসমুদ্রে যে বহুবিধ রত্ন আছে, যথা:—মুক্তা, মণি, বৈদূর্য্য, শঙ্খ, শিলা, প্রবাল, রৌপ্য, সুবর্ণ, পদ্ম-রাগ-মণি, ইন্দ্র-নীল-মণি, ভিক্ষুগণ! এইটীও মহাসমুদ্রের সপ্তম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

(৮) ভিক্ষুগণ! পুনঃ মহাসমুদ্র মহা মহা প্রাণিগণের বাসস্থান। সেই প্রাণীসকল যথা—তিমি মৎস্য, তিমিঙ্গল মৎস্য, তিমিরপিঙ্গল মৎস্য, অসুর, নাগ ও গন্ধর্ব্ব। মহাসমুদ্রে এক শত যোজন দীর্ঘ প্রাণীও আছে;

ভাবা তিয়োজনসতিকাপি অত্তভাবা, চতুয়োজনসতিকাপি অত্তভাবা, পঞ্চয়োজনসতিকাপি অত্তভাবা। য়ম্পি ভিক্খবে মহাসমুদ্দো মহতং ভূতানং আবাসো তত্রিমে ভূতা তিমি তিমিঙ্গলো তিমিরপিঙ্গলো অসুরা নাগা গন্ধব্বা, সন্তি মহাসমুদ্দে য়োজনসতিকাপি অত্তভাবা দ্বিয়োজনসতিকাপি অত্তভাবা তিয়োজনসতিকাপি অত্তভাবা চতুয়োজন-সতিকাপি অত্তভাবা পঞ্চয়োজনসতিকাপি অত্তভাবা, অয়ম্পি ভিক্খবে মহাসমুদ্দে অট্ঠমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি। ইমে খো ভিক্খবে মহাসমুদ্দে অট্ঠ অচ্ছরিয়া অব্ভুতা ধম্মা, য়ে দিস্বা দিস্বা অসুরা মহাসমুদ্দে অভিরমন্তি।

এবমেব খো ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে অট্ঠ অচ্ছরিয়া অব্ভুতা ধম্মা য়ে দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি। কতমে অট্ঠ, সেয়্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো অনুপুব্বনিন্নো অনু-পুব্বপোণো অনুপুব্বপব্ভারো নায়তকেনেব পপাতো, এবমেব

---

দুই শত, তিন শত, চারি শত, পাঁচ শত যোজন দীর্ঘ প্রাণীও আছে। ভিক্ষুগণ! মহাসমুদ্র যে মহা মহা প্রাণিগণের বাসস্থান, যথা—তিমি মাছ, তিমিঙ্গল, তিমিরপিঙ্গল, অসুর, নাগ ও গন্ধর্ব্ব, শত যোজন প্রাণী, দুই, তিন, চারি, পাঁচ শত যোজন দীর্ঘ প্রাণীরও বাসস্থান, এইটী মহাসমুদ্রের অষ্টম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া অসুরেরা মহাসমুদ্রে অভিরমিত হয়।

হে ভিক্ষুগণ! এই প্রকারই এই ধর্ম্ম বিনয়ে আটটী আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম আছে, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুরা এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়। সেই আটটী কি কি?

(১) ভিক্ষুগণ! মহাসমুদ্র যেমন ক্রমনিম্ন, ক্রমগভীর ক্রমশঃ অগাধ গম্ভীর, হঠাৎ প্রপাতের মত অতি গভীর নহে, সেই প্রকার এই ধর্ম্ম

খো ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে অনুপুব্বসিক্খা অনুপুব্বকিরিয়া অনুপুব্বপটিপদা নায়তকেনেব অঞ্ঞা পটিবেধো, য়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে অনুপুব্বসিক্খা অনুপুব্বকিরিয়া অনুপুব্বপটিপদা নায়তকেনেব অঞ্ঞা পটিবেধো, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে পঠমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয়্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো ঠিতধম্মো বেলং নাতিবত্ততি, এবমেব খো ভিক্খবে য়ং ময়া সাবকানং সিক্খাপদং পঞ্ঞত্তং, তং মম সাবকা জীবিতহেতুপি নাতিক্কমন্তি। য়ম্পি ভিক্খবে ময়া সাবকানং সিক্খাপদং পঞ্ঞত্তং তং মম সাবকা জীবিতহেতুপি নাতিক্কমন্তি, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে দুতিয়ো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

---

বিনয়েও ক্রমিক শিক্ষা, ক্রমিক কার্য্য, ক্রমিক আচরণ, (এই ধর্ম্ম বিনয়ের সহিত পরিচয় হইতে না হইতেই) হঠাৎ অরহত্ব লাভ হয় না। এই ধর্ম্ম বিনয়ে যে ক্রমিক শিক্ষা, ক্রমিক কার্য্য. ক্রমিক আচরণ, হঠাৎ অরহত্ব লাভ হয় না, ভিক্ষুগণ! এইটী এই ধর্ম্ম বিনয়ে প্রথম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত (বিশেষ ভাবে অনু-রক্ত) হয়।

(২) ভিক্ষুগণ! যেমন মহাসমুদ্র স্থির স্বভাৰ বিশিষ্ট, কখনও তীর অতিক্রম করে না, এইরূপ আমার (গৃহী বা ভিক্ষু শ্রাবকগণের জন্য আমি যেই শিক্ষাপদ নির্দ্দেশ করিয়াছি তাহা আমার শিষ্যগণ জীবনের জন্য ও লঙ্ঘন করে না। আমার শ্রাবকগণ যে আমার নির্দ্দিষ্ট শিক্ষাপদ জীবন রক্ষার জন্যও লঙ্ঘন করে না, এইটীও এই ধর্ম্ম বিনয়ে দ্বিতীয় আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভি-রমিত হয়।

সেয়্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো ন মতেন কুণপেন সংবসতি, য়ং হোতি মহাসমুদ্দে মতং কুণপং তং খিপ্পঞ্ঞেব তীরং পাপেতি থলং উস্সাদেতি, এবমেব খো ভিক্খবে য়ো সো পুগ্গলো দুস্সীলো পাপধম্মো অসুচিসঙ্কস্সরসমাচারো পটিচ্ছন্নকম্মন্তো অস্সমণো সমণ-পটিঞ্ঞো, অব্রহ্মচারী ব্রহ্মচারিপটিঞ্ঞো, অন্তো পূতি অবস্সুতো কসম্বুজাতো, ন তেন সঙ্ঘো সংবসতি, অথ খো নং খিপ্পঞ্ঞেব সন্নিপতিত্বা উক্খিপতি, কিঞ্চাপি সো হোতি মজ্ঝে ভিক্খুসঙ্ঘস্স নিসিন্নো, অথ খো সো আরকাব সঙ্ঘম্হা সঙ্ঘো চ তেন। য়ম্পি ভিক্খবে য়ো সো পুগ্গলো দুস্সীলো পাপধম্মো অসুচি-সঙ্কস্সর-সমাচারো পটিচ্ছন্নকম্মন্তো অস্সমণো সমণপটিঞ্ঞো, অব্রহ্মচারী ব্রহ্ম চারিপটিঞ্ঞো অন্তো পূতি অবস্সুতো কসম্বুজাতো ন তেন সঙ্ঘো সংবসতি, অথ খো নং খিপ্পঞ্ঞেব সন্নিপতিত্বা উক্খিপতি, কিঞ্চাপি সো হোতি মজ্ঝে ভিক্খুসঙ্ঘস্স নিসিন্নো অথ খো সো আরকাব সঙ্ঘম্হা সঙ্ঘো চ তেন, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে ততিয়ো

---

(৩) ভিক্ষুগণ! যেমন মহাসমুদ্র মরা পঁচার সহিত বাস করে না, কোন মরা পঁচা পড়িলে তাহাকে শীঘ্রই তীরে আনে, কুলের উপর তুলিয়া দেয়, ভিক্ষুগণ! এইরূপ যে ব্যক্তি দুঃশীল, পাপী, ভীত শঙ্কিত চিত্তে গমন-কারী, গোপনে পাপকর্ম্মরত, শ্রমণ না হইয়াও শ্রমণ বলিয়া পরিচয় প্রদান করিতেছে, ব্রহ্মচারী না হইয়াও ব্রহ্মচারী বলিয়া পরিচয় দিতেছে, ভিতরে পঁচা, রাগ (কামরাগ) যুক্ত, আবর্জ্জনা সদৃশ, তাহার সহিত সংঘ সহবাস করে না; পরন্তু একত্রিত হইয়া শীঘ্রই তাহাকে সঙ্ঘের বা (সমাজের) বাহির করিয়া রাখে, যদিও সে ভিক্ষু সঙ্ঘের মধ্যস্থলে বসে, তথাপি সে সঙ্ঘ হইতে দূরেই রহিয়াছে, সঙ্ঘও তাহার নিকট হইতে দূরে। ভিক্ষুগণ! এইটীও আমার ধর্ম্ম বিনয়ে তৃতীয় আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম যাহা দেখিয়া দেখিয়া

অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয়্যথাপি ভিক্খবে য়া কাচি মহানদিয়ো সেয়্যথীদং গঙ্গা য়মুনা অচিরবতী সরভূ মহী, তা মহাসমুদ্দং পত্তা জহন্তি পুরিমানি নামগোত্তানি মহাসমুদ্দোত্বেব সঙ্খং গচ্ছন্তি, এবমেব খো ভিক্খবে চত্তারোমে বণ্ণা খত্তিয়া ব্রাহ্মণা বেস্সা সুদ্দা, তে তথাগতপ্পবেদিতে ধম্মবিনয়ে অগারস্মা অনগারিয়ং পব্বজিতা জহন্তি পুরিমানি নাম-গোত্তানি, সমণা সক্যপুত্তিয়াত্বেব সঙ্খং গচ্ছন্তি। য়ম্পি ভিক্খবে চত্তারো—পে—গচ্ছন্তি, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে চতুত্থো অব্ভুতো অচ্ছরিয়ো ধম্মো য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয়্যথাপি ভিক্খবে য়া চ লোকে সবন্তিয়ো মহাসমুদ্দং অপ্পেন্তি, য়া চ অন্তলিক্খা ধারা পপতন্তি, ন তেন মহাসমুদ্দস্স

---

ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়।

(৪) ভিক্ষুগণ! যেমন গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী আদি মহানদীসকল মহাসমুদ্রে আসিয়া পূর্ব্বের নাম গোত্র পরিত্যাগ করে, মহা-সমুদ্রের মধ্যেই পরিগণিত হয়, তদ্রূপ ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য ও শূদ্র এই চারি জাতীয় লোক তথাগতের দেশিত ধর্ম্ম বিনয়ে আগার হইতে অনাগারে প্রব্রজিত হইয়া পূর্ব্বের নাম গোত্র ত্যাগ করে এবং শ্রমণ শাক্যপুত্র নামে পরিগণিত হয়; ভিক্ষুগণ! এইটী এই ধর্ম্ম বিনয়ে চতুর্থ আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়।

(৫) ভিক্ষুগণ! যেমন নদী সকল মহাসমুদ্রকে যে জল প্রদান করে, আর আকাশ হইতে যে বৃষ্টি পড়ে, তাহাতে মহাসমুদ্রের জল কমিতে

ঊনত্তং বা পূরত্তং বা পঞ্ঞায়তি, এবমেব খো ভিক্খবে বহূ চে পি ভিক্খূ অনুপাদিসেসায় নিব্বানধাতুয়া পরিনিব্বায়ন্তি, ন তেন নিব্বানধাতুয়া ঊনত্তং বা পূরত্তং বা পঞ্ঞায়তি। য়ম্পি ভিক্খবে বহূ চে পি—পে—পঞ্ঞায়তি, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে পঞ্চমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয়্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো একরসো লোণরসো এবমেব খো ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো একরসো বিমুত্তিরসো। য়ম্পি ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো একরসো বিমুত্তিরসো, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্ম-বিনয়ে ছট্ঠো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয়্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো বহুরতনো অনেকরতনো, তত্রিমানি রতনানি সেয়্যথীদং মুত্তা, মণি, বেলুরিয়ো, সঙ্খ, সিলা, পবালং, রজতং, জাতরূপং, লোহিতঙ্কো, মসারগল্লং, এবমেব খো

---

বা বাড়িতে দেখা যায় না; ভিক্ষুগণ, সেইরূপ বহু ভিক্ষু অনুপধি শেষ (উপধি অবশিষ্ট না রাখিয়া, পঞ্চ উপাদান স্কন্ধের কিছুই বিদ্যমান না রাখিয়া) নির্ব্বাণ ধাতুতে পরিনির্ব্বাপিত হইলেও তাহাতে নির্ব্বাণ ধাতুর ঊনতা বা পূর্ণতা দৃষ্ট হয় না, ভিক্ষুগণ! এইটী এই ধর্ম্মবিনয়ে পঞ্চম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্মবিনয়ে অভিরমিত হয়।

(৬) ভিক্ষুগণ মহাসমুদ্রের যেমন সর্ব্বত্র এক লোণা রস, এই ধর্ম্ম বিনয়েও সর্ব্বত্র এক বিমুক্তি রস। এই ধর্ম্ম বিনয়ে যে সর্ব্বত্র এক বিমুক্তি রস ইহাও এই ধর্ম্ম বিনয়ের আশ্চর্য্য ষষ্ঠ অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়।

(৭) ভিক্ষুগণ! মহাসমুদ্রে যেমন মুক্তা, মণি, শঙ্খ, শিলা, প্রবাল,

ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো বহুরতনো অনেকরতনো তত্রিমানি রতনানি সেয্যথীদং চত্তারো সতিপট্ঠানা চত্তারো সম্মপ্পধানা চত্তারো ইদ্ধিপাদা পঞ্চিন্দ্রিয়ানি পঞ্চবলানি সত্ত বোজ্ঝঙ্গানি অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো। য়ম্পি ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো বহুরতনো অনেকরতনো তত্রিমানি রতনানি সেয্যথীদং চত্তারো সতিপট্ঠানা চত্তারো সম্মপ্পধানা চত্তারো ইদ্ধিপাদা পঞ্চিন্দ্রিয়ানি পঞ্চবলানি সত্তবোজ্ঝঙ্গানি অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে সত্তমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো, য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

সেয্যথাপি ভিক্খবে মহাসমুদ্দো মহতং ভূতানং আবাসো, তত্রিমে ভূতা, তিমি তিমিঙ্গলো তিমিরপিঙ্গলো অসুরা নাগা গন্ধব্বা,

---

সোনা, রূপা, পদ্ম-রাগ-মণি ইন্দ্র নীল-মণি প্রভৃতি বহু রত্নের—অনেক রত্নের আকর, ভিক্ষুগণ, তদ্রূপ এই ধর্ম্মবিনয়ও বিবিধ রত্নের আকর। এই ধর্ম্ম বিনয়ে রত্ন সমূহ এই যথা :—

১। চত্তারো সতিপট্ঠানা—চারি প্রকার স্মৃত্যুপস্থান।
২। চত্তারো সম্মপ্পধানা—চারি সম্যক্‌প্রধান বা সম্যক্ চেষ্টা।
৩। চত্তারো ইদ্ধিপাদা—ঋদ্ধি লাভের চারিটী অঙ্গ।
৪। পঞ্চিন্দ্রিয়ানি—শ্রদ্ধা, বীর্য্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞেন্দ্রিয়।
৫। পঞ্চবলানি—শ্রদ্ধাদি পাঁচ প্রকার বল।
৬। সত্ত বোজ্ঝঙ্গানি—সম্বোধি লাভের সাতটী অঙ্গ।
৭। অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো—আর্য্য অষ্টাঙ্গিক মার্গ।

ভিক্ষুগণ! এই ধর্ম্ম বিনয় যে ঐ সকল বহু রত্নের—অনেক রত্নের আকর ইহাও এই ধর্ম্ম বিনয়ে সপ্তম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম, যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়।

৮। ভিক্ষুগণ, যেমন মহাসমুদ্র তিমি, তিমিঙ্গল, তিমিরপিঙ্গল, অসুর,

সন্তি মহাসমুদ্দে য়োজনসতিকাপি অত্তভাবা, দ্বিয়োজনসতিকাপি অত্তভাবা তিয়োজনসতিকাপি অত্তভাবা চতুয়োজনসতিকাপি অত্ত-ভাবা পঞ্চয়োজনসতিকাপি অত্তভাবা, এবমেব খো ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো মহতং ভূতানং আবাসো। তত্রিমে ভূতা, সোতাপন্নো সোতাপত্তিফলসচ্ছিকিরিয়ায় পটিপন্নো, সকদাগামী সকদাগামিফল-সচ্ছিকিরিয়ায় পটিপন্নো, অনাগামী অনাগামিফলসচ্ছিকিরিয়ায় পটিপন্নো, অরহা অরহত্তফল সচ্ছিকিরিয়ায় পটিপন্নো। য়ম্পি ভিক্খবে অয়ং ধম্মবিনয়ো মহতং ভূতানং আবাসো তত্রিমে ভূতা সোতাপন্নো সোতাপত্তিফলসচ্ছিকিরিয়ায় পটিপন্নো, সকদাগামী সকদাগামিফলসচ্ছিকিরিয়ায় পটিপন্নো, অনাগামী অনাগামিফল-সচ্ছিকিরিয়ায় পটিপন্নো, অরহা অরহত্তফলসচ্ছিকিরিয়ায় পটিপন্নো, অয়ম্পি ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে অট্ঠমো অচ্ছরিয়ো অব্ভুতো ধম্মো য়ং দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তি।

ইমে খো ভিক্খবে ইমস্মিং ধম্মবিনয়ে অট্ঠ অচ্ছরিয়া অব্ভুতা ধম্মা, য়ে দিস্বা দিস্বা ভিক্খূ ইমস্মিং ধম্মবিনয়ে অভিরমন্তীতি।

---

নাগ, গন্ধর্ব্বাদি একশত যোজন, দুইশত, তিনশত, চারিশত, পাঁচশত যোজন প্রমাণ প্রাণিগণের বাসস্থান। তদ্রূপ এই ধর্ম্ম-বিনয়ও মহা মহা প্রাণিগণের বাসস্থান। যথা:—স্রোতাপন্ন, স্রোতাপত্তি ফল লাভে নিরত, সকৃদাগামী, সকৃদাগামী ফল লাভে নিরত, অনাগামী, অনাগামী ফল লাভে নিরত, অর্হৎ ও অর্হৎ ফল লাভে নিরত। ভিক্ষুগণ! এই ধর্ম্ম বিনয় যে স্রোতা-পন্নাদি মহা মহা প্রাণিগণের বাসস্থান, ইহাও এই ধর্ম্মবিনয়ে অষ্টম আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম. যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্মবিনয়ে অভিরমিত হয়।

ভিক্ষুগণ, এই ধর্ম্মবিনয়ে এই আটটী আশ্চর্য্য অদ্ভুত ধর্ম্ম যাহা দেখিয়া দেখিয়া ভিক্ষুগণ এই ধর্ম্ম বিনয়ে অভিরমিত হয়। এই ধর্ম্ম-

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

ছন্নমতিবস্সতি বিবটং নাতিবস্সতি,
তস্মা ছন্নং বিবরেথ এবং তং নাতিবস্সতীতি। ৪৫॥

## সোণ-সুত্তং। ৬

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা মহাকচ্চানো অবন্তীসু বিহরতি কুররঘরে পপাতে পব্বতে। তেন খো পন সময়েন সোণো উপাসকো কুটিকণ্ণো আয়স্মতো মহা-কচ্চানস্স উপট্ঠাকো হোতি। অথ খো সোণস্স উপাসকস্স কুটিকণ্ণস্স

---

বিনয়ে মরা পঁচার ন্যায় দুঃশীল ব্যক্তির সহিত বাস করা হয়না, এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা বলিলেন ঃ—

ছাদন করিলে হয় অতি বরষণ,
খুলিয়া রাখিলে তত না হয় বর্ষণ ;
তাই সবে আচ্ছাদন কর উন্মোচন—
হবে না এরূপে তাহে অধিক বর্ষণ ।৪৫॥ *

### সোণ-সূত্র । ৬

শ্রাবস্তী নিদান—তৎকালে আয়ুষ্মান মহাকচ্চায়ন স্থবির অবন্তি দেশে কুরর ঘর নগরস্থ পর্ব্বত প্রপাতে বাস করিতেছিলেন। তখন আয়ুষ্মান মহাকচ্চায়নের দায়ক সোণকুটিকণ্ণ উপাসক তাঁহার সেবক ছিলেন। একদা

রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ— য়থা য়থা খো অয়্যো মহাকচ্চানো ধম্মং দেসেতি, নয়িদং সুকরং অগারং অজ্ঝাবসতা একন্তপরিপুণ্ণং একন্তপরিসুদ্ধং সঙ্খলিখিতং ব্রহ্মচরিয়ং চরিতুং য়ন্নূনাহং কেসমস্সুং ওহারেত্বা, কাসায়ানি বত্থানি অচ্ছাদেত্বা অগারস্মা অনগারিয়ং পব্বজেয়্যন্তি।

অথ খো সোণো উপাসকো কুটিকণ্ণো য়েনায়স্মা মহাকচ্চানো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং মহাকচ্চানং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো সোণো উপাসকো কুটিকণ্ণো আয়স্মন্তং মহাকচ্চানং এতদবোচ ঃ—ইধ মযহং ভন্তে রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি, য়থা য়থা খো অয়্যো মহাকচ্চানো ধম্মং দেসেতি, নয়িদং সুকরং অগারং অজ্ঝাবসতা একন্তপরিপুণ্ণং একন্তপরিসুদ্ধং সঙ্খলিখিতং ব্রহ্মচরিয়ং চরিতুং, য়ন্নূনাহং কেসমস্সুং ওহারেত্বা কাসায়ানি বত্থানি অচ্ছাদেত্বা

---

নির্জ্জনে বিশ্রাম করিবার সময় সোণকুটিকণ্ণের মনে মনে এইরূপ তর্ক উঠিল ;—"আর্য্য মহাকচ্চানের ধর্ম্ম দেশনা যেই প্রকার, তাহাতে দেখিতেছি ঘরে থাকিয়া এই একান্ত পরিপূর্ণ, একান্ত পরিশুদ্ধ, সুধৌত শঙ্খ সদৃশ ব্রহ্মচর্য্য পালন করা সহজ নহে। আমি কেশ শ্মশ্রু ছেদন করিয়া কাষায় বস্ত্র পরিধান পূর্ব্বক আগারহইতে অনাগারে প্রব্রজিত হই না কেন?

অনন্তর উপাসক সোণকুটিকণ্ণ আয়ুষ্মান মহাকচ্চানের নিকট গমন করিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক এক পাশে বসিলেন এবং বলিলেন, ভন্তে! নির্জ্জনে বসিয়া চিন্তা করিবার সময় আমার মনে মনে এইরূপ তর্ক উঠিল ;—'আর্য্য মহাকচ্চায়ন যেইরূপ ধর্ম্ম দেশনা করিতেছেন তাহাতে দেখিতেছি যে ঘরে থাকিয়া এই একান্ত পরিপূর্ণ পরিশুদ্ধ ধৌত শঙ্খ সদৃশ ব্রহ্মচর্য্য পালন সহজ নহে। আমি কেশ শ্মশ্রু ছেদন করিয়া কাষায় বস্ত্র গ্রহণপূর্ব্বক আগারহইতে অনাগারে প্রব্রজিত হই না কেন?"

অগারস্মা অনগারিয়ং পব্বজেয়্যন্তি। পব্বাজেতু মং ভন্তে অয়্যো মহাকচ্চানোতি।

এবং বুত্তে আয়স্মা মহাকচ্চানো সোণং উপাসকং কুটি-কণ্ণং এতদবোচ :—দুক্করং খো সোণ য়াবজীবং একভত্তং এক সেয়্যং ব্রহ্মচরিয়ং, ইঙ্ঘ ত্বং সোণ তত্থেব অগারিকভূতো সমানো বুদ্ধানং সাসনং অনুয়ুঞ্জ কালয়ুত্তং একভত্তং একসেয়্যং ব্রহ্মচরিয়ন্তি। অথ খো সোণস্স উপাসকস্স কুটিকণ্ণস্স য়ো অহোসি পব্বজ্জাভিসঙ্খারো সো পটিপ্পস্সম্ভি। দুতিয়ম্পি খো সোণস্স উপাসকস্স কুটিকণ্ণস্স রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি, য়থা য়থা খো অয়্যো মহাকচ্চানো ধম্মং দেসেতি নয়িদং সুকরং অগারং অজ্ঝাবসতা একন্তপরিপুণ্ণং একন্তপরিসুদ্ধং সঙ্খলিখিতং ব্রহ্মচরিয়ং চরিতুং, য়ন্নূনাহং কেসমস্সুং ওহারেত্বা কাসায়ানি বত্থানি অচ্ছাদেত্বা অগারস্মা অনগারিয়ং পব্বজেয়্যন্তি--পে--পব্বাজেতু মং ভন্তে অয়্যো মহাকচ্চানোতি। দুতিয়ম্পি খো আয়স্মা মহাকচ্চানো সোণং উপাসকং কুটিকণ্ণং এতদবোচ :—দুক্করং খো সোণ য়াবজীবং এক-ভত্তং একসেয়্যং ব্রহ্মচয়িয়ং ইঙ্ঘ ত্বং সোণ তত্থেব অগারিকভূতো সমানো বুদ্ধানং সাসনং অনুয়ুঞ্জ কালয়ুত্তং একভত্তং একসেয়্যং ব্রহ্মচরিয়ন্তি। দুতিয়ম্পি খো সোণস্স উপাসকস্স কুটিকণ্ণস্স য়ো অহোসি পব্বজ্জাভিসঙ্খারো সো পটিপ্পস্সম্ভি। ততিয়ম্পি খো

---

আর্য্য মহাকচ্চান! আমাকে প্রব্রজিত করুন।

আয়ুষ্মান মহাকচ্চান বলিলেন,—হে সোণ, যাবজ্জীবন একাহারী, একশায়ী হইয়া ব্রহ্মচর্য্য পালন দুষ্কর। তুমি স্বগৃহে গৃহীভাবে থাকিয়াই বুদ্ধ শাসনে যোগযুক্ত হও।" ঐ কথায় সোণ কুটিকণ্ণের প্রব্রজ্যার ইচ্ছা চলিয়া গেল। কিছুদিন পরে আবার তাহার সেই ইচ্ছা উৎপন্ন হইলে

সোণস্স উপাসকস্স কুটিকণ্ণস্স রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ—য়থা য়থা খো অয়্যো মহাকচ্চানো ধম্মং দেসেতি নয়িদং সুকরং অগারং অজ্ঝাবসতা একন্তপরিপুণ্ণং একন্ত পরিসুদ্ধং সঙ্খলিখিতং ব্রহ্মচরিয়ং চরিতুং, য়ন্নূনাহং কেসমস্সুং ওহারেত্বা কাসায়ানি বত্থানি অচ্ছাদেত্বা অগারস্মা অনগারিয়ং পব্বজেয়্যন্তি। ততিয়ম্পি খো সোণো উপাসকো কুটিকণ্ণো য়েনায়স্মা মহাকচ্চানো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং মহাকচ্চানং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো সোণো উপাসকো কুটিকণ্ণো আয়স্মন্তং মহাকচ্চানং এতদবোচ ঃ—ইধ মযহং ভন্তে রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ—য়থা য়থা খো অয়্যো মহাকচ্চানো ধম্মং দেসেতি নয়িদং সুকরং অগারং অজ্ঝাবসতা একন্তপরিপুণ্ণং একন্তপরিসুদ্ধং সঙ্খলিখিতং ব্রহ্মচরিয়ং চরিতুং, য়ন্নূনাহং কেসমস্সুং ওহারেত্বা কাসায়ানি বত্থানি অচ্ছাদেত্বা অগারস্মা অনগারিয়ং পব্বজেয়্যন্তি। পব্বাজেতু মং ভন্তে অয়্যো মহাকচ্চানোতি। অথ খো আয়স্মা মহাকচ্চানো সোণং উপাসকং কুটিকণ্ণং পব্বাজেসি।

তেন খো পন সময়েন অবন্তিদক্খিণাপথো অপ্পভিক্খুকো হোতি। অথ খো আয়স্মা মহাকচ্চানো তিণ্ণং বস্সানং অচ্চয়েন কিচ্ছেন কসিরেন ততো ততো দসবগ্গং ভিক্খুসঙ্ঘং সন্নিপাতেত্বা আয়স্মন্তং সোণং উপসম্পাদেসি। অথ খো আয়স্মতো সোণস্স বস্সং বুত্থস্স

---

পূর্ব্ববৎ আয়ুষ্মান মহাকচ্চানকে তাহা জানাইয়া প্রব্রজ্যা প্রার্থনা করিলেন। আয়ুষ্মান মহাকচ্চান পূর্ব্বের মত বলিলে সে বারেও তাহার প্রব্রজ্যার ইচ্ছা চলিয়া গেল। তৃতীয়বারও উপাসক সোণ কুটিকণ্ণ প্রব্রজ্যার ইচ্ছা জ্ঞাপন করিলে আয়ুষ্মান মহাকচ্চান তাঁহাকে প্রব্রজিত করিলেন।

রহোগতস্স পতিসল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ— ন খো মে সো ভগবা সম্মুখা দিট্ঠো অপিচ সুতো য়েব মে সো ভগবা ঈদিসো ঈদিসো চাতি। সচে মং উপজ্ঝায়ো অনুজানেয্য গচ্ছেয়্যা-হং তং ভগবন্তং দস্সনায় অরহন্তং সম্মাসম্বুদ্ধন্তি। অথ খো আয়স্মা সোণো সায়ণ্হসময়ং পতিসল্লানা বুট্ঠিতো য়েনায়স্মা মহাকচ্চানো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং মহাকচ্চানং অভিবাদেত্বা এক-মন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা সোণো আয়স্মন্তং মহাকচ্চানং এতদবোচ ঃ— ইধ মযহং ভন্তে রহোগতস্স পতি-সল্লীনস্স এবং চেতসো পরিবিতক্কো উদপাদি ঃ— ন খো মে সো ভগবা সম্মুখা দিট্ঠো অপিচ সুতো য়েব মে সো ভগবা ঈদিসো ঈদিসোচাতি। সচে মং উপজ্ঝায়ো অনুজানেয্য গচ্ছেয়্যাহং তং ভগবন্তং দস্সনায় অরহন্তং সম্মাসম্বুদ্ধন্তি।" "সাধু সাধু, সোণ গচ্ছ

---

তৎকালে অবন্তি দক্ষিণপথে অতি অল্প সংখ্যক ভিক্ষু ছিলেন। আয়ুষ্মান মহাকচ্চান তিন বৎসর পরে অতিকষ্টে নানাস্থান হইতে দশজন ভিক্ষু একত্রিত করিয়া আয়ুষ্মান সোণকে উপসম্পদা দিলেন। বর্ষাবাস শেষ হইলে নির্জ্জনে ধ্যান করিবার সময় আয়ুষ্মান সোণের মনে মনে এইরূপ বিতর্ক উপস্থিত হইল;—"ভগবান শাস্তাকে আমি সাক্ষাৎ ভাবে দেখি নাই, কেবল শুনিয়াছি তিনি এইরূপ এইরূপ। যদি উপাধ্যায় আমাকে অনুমতি দেন, তাহা হইলে আমি ভগবান অর্হৎ সম্যক সম্বুদ্ধকে দেখিতে যাইব। অনন্তর আয়ুষ্মান সোণ সায়ংকালে ধ্যান হইতে উঠিয়া আয়ুষ্মান মহাকচ্চানের নিকট গমন করিলেন এবং তাঁহাকে বন্দনা করিয়া এক পাশে উপবেশন পূর্ব্বক বলিলেন;—ভন্তে, নির্জ্জনে ধ্যানে বসিলে আমার মনে এইরূপ বিতর্ক উপস্থিত হইল "আমি ভগবান শাস্তাকে সাক্ষাৎ ভাবে দেখি নাই, কেবল শুনিয়াছি তিনি এইরূপ এইরূপ, যদি উপাধ্যায় আমাকে অনুমতি দেন তাহা হইলে সেই ভগবান অর্হৎ সম্যক সম্বুদ্ধকে

ত্বং সোণ তং ভগবন্তং দস্সনায় অরহন্তং সম্মাসম্বুদ্ধং, দক্খিস্সসি ত্বং সোণ তং ভগবন্তং পাসাদিকং পাসাদনীয়ং সন্তিন্দ্রিয়ং সন্ত-মানসং উত্তমং সমথদমথমনুপ্পত্তং দন্তং গুত্তং য়তিন্দ্রিয়ং নাগং, দিস্বান মম বচনেন ভগবতো পাদে সিরসা বন্দাহি, অপ্পাবাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছ ঃ—উপজ্ঝায়ো মে ভন্তে আয়স্মা মহাকচ্চানো ভগবতো পাদে সিরসা বন্দতি, অপ্পাবাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছতীতি। এবং ভন্তেতি খো আয়স্মা সোণো আয়স্মতো মহাকচ্চানস্স ভাসিতং অভিনন্দিত্বা অনুমোদিত্বা উট্ঠায়াসনা আয়স্মন্তং মহাকচ্চানং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা সেনাসনং সংসামেত্বা পত্তচীবরমাদায় য়েন সাবত্থি তেন চারিকং পক্কামি। অনুপুব্বেন চারিকং চরমানো য়েন সাবত্থি জেতবনং অনাথপিণ্ডিকস্স আরামো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্ক-

---

আমি দেখিতে যাইব।" আয়ুষ্মান মহাকচ্চান বলিলেন,—"সাধু! সাধু সোণ, তুমি সেই ভগবান অর্হৎ সম্যক সম্বুদ্ধকে দেখিতে যাও, দেখিবে সেই ভগবানের রূপ কতই মনোরম, কতই প্রসাদ জনক! ইন্দ্রিয় ও মন কতই শান্ত !! উত্তম শম দম গুণযুক্ত !!! দান্ত, গুপ্তেন্দ্রিয়, সংযতেন্দ্রিয়, যতি-রাজ, সেই নিষ্পাপ নাগকে দেখিয়া আমার হইয়া (আমার কথায়) তাঁহাকে বন্দনা করিবে এবং জিজ্ঞাসা করিবে তিনি ভাল আছেন কিনা, রোগা-তঙ্ক হীন হইয়া সুখে স্বচ্ছন্দে, সবল শরীরে নিরাপদবিহার করিতেছেন কিনা।" আচ্ছা ভন্তে, বলিয়া আয়ুষ্মান সোণ আয়ুষ্মান মহাকচ্চানের বাক্য অভিনন্দন ও অনুমোদন করিয়া আসন হইতে উত্থান পূর্ব্বক আয়ুষ্মান মহা-কচ্চানকে অভিবাদন ও প্রদক্ষিণ করিলেন এবং শয়নাসন তুলিয়া রাখিয়া শ্রাবস্তী যাত্রা করিলেন। হাঁটিতে হাঁটিতে অনুক্রমে শ্রাবস্তীর জেতবনে, অনাথপিণ্ডিক শ্রেষ্ঠীর বিহারে উপস্থিত হইয়া, যে বিহারে ভগবান

মিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা সোণো ভগবন্তং এতদবোচ :—উপজ্ঝায়ো মে ভন্তে আয়স্মা মহাকচ্চানো ভগবতো পাদে সিরসা বন্দতি অপ্পাবাধং অপ্পাতঙ্কং লহুট্ঠানং বলং ফাসুবিহারং পুচ্ছতীতি। 'কচ্চি ভিক্খু খমনীয়ং কচ্চি য়াপনীয়ং কচ্চিসি অপ্পকিলমথেন অদ্ধানং আগতো ন চ পিণ্ডকেন কিলন্তোসীতি।' খমনীয়ং ভগবা য়াপনীয়ং ভগবা অপ্পকিলমথেন চাহং ভন্তে অদ্ধানং আগতো, ন চ পিণ্ডকেন কিলন্তোম্হীতি।

অথ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :—ইমস্সানন্দ আগন্তুকস্স ভিক্খুনো সেনাসনং পঞ্ঞাপেহীতি।

অথ খো আয়স্মতো আনন্দস্স এতদহোসি—য়স্স খো মং ভগবা আণাপেতি ইমস্সানন্দ আগন্তুকস্স ভিক্খুনো সেনাসনং পঞ্ঞাপেহীতি ইচ্ছতি ভগবা তেন ভিক্খুনা সদ্ধিং একবিহারে বত্থুং। ইচ্ছতি

---

থাকিতেন তথায় গমন করিলেন। এবং ভগবানকে অভিবাদন করিয়া এক পাশে বসিয়া বলিলেন :—ভন্তে, আমার উপাধ্যায় আপনার শ্রীচরণে নতশিরে বন্দনা করিতেছেন এবং জিজ্ঞাসা করিতেছেন আপনি নীরোগ, নিরাতঙ্ক, সুস্থ ও সবল শরীরে নিরাপদে বিহার করিতেছেন কিনা। ভগবান জিজ্ঞাসা করিলেন,—

ভিক্ষু! তুমি এই দীর্ঘপথ অক্লেশে সুখে স্বচ্ছন্দে আসিয়াছ কি? খাওয়া দাওয়ার কষ্ট পাও নাই ত? আয়ুষ্মান সোণ বলিলেন ;—"ভন্তে! আমি আসিবার পথে অক্লেশে, নিরাপদে, সুখে স্বচ্ছন্দে আসিয়াছি, খাওয়া দাওয়ায়ও কোন কষ্ট পাই নাই।"

অনন্তর ভগবান আয়ুষ্মান আনন্দকে বলিলেন ;—"হে আনন্দ, এই আগন্তুক ভিক্ষুকে বিছানা করিয়া দাও।"

আয়ুষ্মান আনন্দ বুঝিতে পারিলেন—ভগবান স্বয়ং যেই ভিক্ষুকে বিছানা করিয়া দিতে বলেন, তিনি সেই ভিক্ষুর সহিত এক বিহারে বাস

ভগবা আয়স্মতা সোণেন সদ্ধিং একবিহারে বথ্থুন্তি য়স্মিং বিহারে ভগবা বিহরতি তস্মিং বিহারে আয়স্মতো সোণস্স সেনাসনং পঞ্ঞাপেসি। অথ খো ভগবা বহুদেব রত্তিং অব্ভোকাসে নিসজ্জায় বীতিনামেত্বা পাদে পক্খালেত্বা বিহারং পাবিসি। আয়স্মাপি খো সোণো বহুদেব রত্তিং অব্ভোকাসে নিসজ্জায় বীতিনামেত্বা পাদে পক্খালেত্বা বিহারং পাবিসি। অথ খো ভগবা রত্তিয়া পচ্চূস-সময়ং পচ্চুট্ঠায় আয়স্মন্তং সোণং অজ্ঝেসি ঃ—পটিভাতু তং ভিক্খু ধম্মো ভাসিতুন্তি। এবং ভন্তেতি খো আয়স্মা সোণো ভগবতো পটিস্সুত্বা সোলসঅট্ঠকবগ্গিকানি সব্বানেব সরেন অভণি। অথ খো ভগবা আয়স্মতো সোণস্স সরভঞ্ঞপরিয়োসানে অব্ভনুমোদি ঃ— সাধু সাধু ভিক্খু, সুগহীতানি সোলস অট্ঠকবগ্গিকানি সুমনসি-কতানি সূপধারিতানি কল্যাণিয়াসি বাচায় সমন্নাগতো বিস্সট্ঠায়

---

করিতে ইচ্ছা করেন। ভগবান আয়ুষ্মান সোণের সহিত এক বিহারে বাস করিতে ইচ্ছা করিতেছেন জানিয়া ভগবান যেই বিহারে বাস করেন সেই বিহারে আয়ুষ্মান সোণের বিছানা করিয়া দিলেন। ভগবান অনেকরাত্রি খোলা জায়গায় বসিয়া কাটাইয়া, পা ধুইয়া বিহারে প্রবেশ করিলেন; আয়ুষ্মান সোণও অনেক রাত্রি খোলা স্থানে বসিয়া কাটাইয়া পা ধুইয়া বিহারে প্রবেশ করিলেন। অনন্তর ভগবান প্রত্যুষে উঠিয়া আয়ুষ্মান সোণকে বলিলেন ঃ—ভিক্ষু , তুমি ধর্ম্ম ভাষণ কর।”

“আচ্ছা ভন্তে,” বলিয়া আয়ুষ্মান সোণ ভগবানকে প্রত্যুত্তর দিয়া আট গাথায় এক সূত্র সম্পন্ন কামসূত্রাদি ষোলটী সূত্র স্বর সংযোগে (অষ্টাঙ্গ সম্পন্ন ব্রহ্মস্বরে) ভাষণ করিলেন ।

গাথা ভাষণ শেষ হইলে ভগবান সেই পুণ্য অনুমোদন করিয়া বলিলেন ;—সাধু ! সাধু ! ভিক্ষু, তুমি অষ্টবর্গীয় সূত্র ষোলটী সুন্দররূপে শিখিয়াছ, ভালরূপে মনোনিবেশ করিয়া সুন্দরাকারে উপধারণ করিয়াছ।

অনেলগলায় অত্থস্স বিঞ্ঞাপনিয়া ; কতিবস্সোসি ত্বং ভিক্খূতি ? একবস্সো অহং ভগবাতি। কিস্স পন ত্বং ভিক্খু এবং চিরং অকাসীতি ? চিরদিট্‌ঠো মে ভন্তে কামেসু আদীনবো, অপি চ সম্বাধো ঘরাবাসো বহুকিচ্চো বহুককরণীয়োতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

দিস্বা আদীনবং লোকে ঞত্বা ধম্মং নিরূপধিং,
অরিয়ো ন রমতী পাপে পাপে ন রমতী সুচীতি। ৪৬॥

## রেবত সুত্তং। ৭

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো সময়েন আয়স্মা কঙ্খারেবতো

---

কল্যাণীর, সুনিঃসৃত, স্পষ্ট, তোমার উচ্চারণ উত্তমরূপে অর্থ প্রকাশ করে। ভিক্ষু, তোমার ভিক্ষু-বয়স কত হইয়াছে ?„

সোণ।—“ভন্তে, আমার ভিক্ষুবয়স এক বৎসর।”

ভগবান।—“কেন ভিক্ষু, তুমি এত বিলম্ব করিয়াছ ?”

সোণ। —“ভন্তে, আমি দীর্ঘদিন ধরিয়া কামের অপকারিতা দেখিয়া আসিয়াছি ; তথাপি গৃহীর অবকাশ নাই বলিলেও হয়, বড় বেশী কায ও বড় বেশী কর্ত্তব্য। অনন্তর ভগবান এই অর্থ অবধারণ করিয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন।

হেরি সংসারের অনিষ্টকারিতা
মোক্ষ ধর্ম্ম হয়ে বিদিত,
পাপে আনন্দিত না হয় সুজন
শুচি নহে পাপে রমিত ৪৬॥

ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং-পণিধায় অত্তনো কঙ্খাবিতরণবিসুদ্ধিং পচ্চবেক্খমানো। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং কঙ্খারেবতং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অত্তনো কঙ্খাবিতরণবিসুদ্ধিং পচ্চবেক্খমানং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

য়া কাচি কঙ্খা ইধ বা হুরং বা সকবেদিয়া বা পরবেদিয়া বা,
ঝায়িনো তা পজহন্তি সব্বা আতাপিনো ব্রহ্মচরিয়ং চরন্তাতি ।৪৭॥

## আনন্দ সুত্তং । ৮

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দক-নিবাপে। তেন খো পন সময়েন আয়স্মা আনন্দো তদহুপোসথে পুব্বণহসময়ং নিবাসেত্বা পত্তচীবর-

---

### রেবত-সূত্র । ৭

শ্রাবস্তী নিদান। তৎকালে আয়ুষ্মান কঙ্খারেবত ভগবানের অনতি-দূরে স্বীয় "কঙ্খা বিতরণ বিশুদ্ধি" (সন্দেহ উত্তীর্ণ হইয়া যে শুদ্ধি লাভ করিয়াছেন, উহা, পুনঃ পুনঃ চিন্তা করিতে করিতে ঋজুদেহে পদ্মাসনে উপবিষ্ট ছিলেন। ভগবান দেখিলেন, আয়ুষ্মান কঙ্খারেবত "কঙ্খা-বিতরণ-বিশুদ্ধি" প্রত্যবেক্ষণে (পুনঃ পুনঃ চিন্তায়) নিরত; দেখিয়া আর্য্য-মার্গ প্রভাবে যে সকল সন্দেহ দূর হয় এই অর্থ সম্পূর্ণ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

সন্দেহ কিছু যা আছে এইভবে কিংবা পর ভবে
উদ্দিত স্ব-পর মনে ধ্যানিগণ ত্যজে সেই সবে,
বীর্য্যভরে ব্রহ্মচর্য্য আচরণকারী হয় যবে।৪৭॥

মাদায় রাজগহং পিণ্ডায় পাবিসি। অদ্দসা খো দেবদত্তো আয়স্মন্তং আনন্দং রাজগহে পিণ্ডায় চরন্তং, দিস্বান য়েন আয়স্মা আনন্দো তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং আনন্দং এতদবোচ ঃ—অজ্জতগ্গে দানাহং আবুসো আনন্দ অঞ্ঞত্রেব ভগবতা অঞ্ঞত্র ভিক্খুসঙ্ঘা উপোসথং করিস্সামি সঙ্ঘকম্মানি চাতি। অথ খো আয়স্মা আনন্দো রাজগহে পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাত-পটিক্কন্তো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা আনন্দো ভগবন্তং এতদবোচ ,—ইধাহং ভন্তে পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্ত-চীবরমাদায় রাজগহং পিণ্ডায় পাবিসিং। অদ্দসা খো মং ভন্তে দেবদত্তো রাজগহং পিণ্ডায় চরন্তং, দিস্বান য়েনাহং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা মং এতদবোচ ঃ—অজ্জতগ্গে দানাহং আবুসো আনন্দ

---

## আনন্দ-সূত্র। ৮

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান রাজগৃহে কলন্দক নিবাপ নামক স্থানে বেণুবনারামে বাস করিতেছিলেন। তৎকালে আয়ুষ্মান আনন্দ এক উপোসথের দিন সকাল বেলায় চীবর পরিধান করিয়া পাত্র চীবর লইয়া রাজগৃহে পিণ্ডাচরণে প্রবেশ করেন। দেবদত্ত আয়ুষ্মান আনন্দকে পিণ্ডপাতে যাইতে দেখিয়া তাঁহার কাছে গমন পূর্ব্বক বলিল ঃ—বন্ধু আনন্দ, অদ্য হইতে আমি ভগবান ও ভিক্ষুসংঘ হইতে পৃথক ভাবে উপোসথ এবং সংঘ কর্ম্ম করিব। রাজগৃহে পিণ্ডপাত করা শেষ হইলে আয়ুষ্মান আনন্দ ফিরিয়া আসিয়া আহার কৃত্য শেষ করিলেন। তৎপর ভগবানের নিকট গিয়া তাঁহাকে বন্দনা করিয়া একপাশে উপবেশন পূর্ব্বক বলিলেন ঃ—ভন্তে, আমি পূর্ব্বাহ্ন সময় চীবর পরিধান করিয়া পাত্র চীবর লইয়া রাজগৃহে পিণ্ডপাতে গমন করিয়াছিলাম। আমাকে রাজগৃহে পিণ্ডপাতে প্রবেশ করিতে দেখিয়া দেবদত্ত আমার নিকট আগমন পূর্ব্বক বলিল ;—বন্ধু আনন্দ,

অঞ্ঞত্রেব ভগবতা অঞ্ঞত্র ভিক্খুসঙ্ঘা উপোসথং করিস্সামি সঙ্ঘকম্মানি চাতি। অজ্জ ভন্তে দেবদত্তো সঙ্ঘং ভিন্দিস্সতি, উপোসথং চ করিস্সতি সঙ্ঘকম্মানি চাতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

সুকরং সাধুনা সাধু সাধু পাপেন দুক্করং,
পাপং পাপেন সুকরং পাপমরিয়েহি দুক্করন্তি। ৪৮॥

## বধায়-সুত্তং। ৯

এবং মে সুতং একং সময়ং ভগবা কোসলেসু চারিকং চরতি মহতা ভিক্খুসঙ্ঘেন সদ্ধিং। তেন খো পন সময়েন সম্বহুলা মাণবকা ভগবতো অবিদূরে বধায়মানরূপা অতিক্কমন্তি। অদ্দসা

---

অদ্য হইতে আমি ভগবান ও ভিক্ষুসংঘ হইতে পৃথক ভাবে উপোসথ এবং সংঘ কর্ম্ম করিব।"

ভগবান তৎকালে নরকগামিনী সংঘভেদ ক্রিয়া যে পাপীরদ্বারাই সাধিত হয় ঐ সকল অর্থ সর্ব্বতোভাবে বিদিত হইয়া এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ; ঃ—

যত সব সাধুকর্ম্ম সাধুর সুকর. কিন্তু সেই সাধু কায পাপীর দুষ্কর—
যত সব পাপকর্ম্ম পাপীর সুকর, আর্য্যদের পাপকর্ম্ম সব সুদুষ্কর। ৪৮॥

---

### বধায়-সূত্র। ৯

আমি এইরূপ শুনিয়াছি ;—এক সময় ভগবান কোশল দেশে বহু ভিক্ষুসঙ্ঘের সহিত বিচরণ করিতেছিলেন। তৎকালে অনেক ব্রাহ্মণকুমার ভগবানের অনতিদূরে অতি অভদ্রোচিৎ উপহাস করিয়া করিয়া যাইতেছিল।

খো ভগবা সম্বহুলে মাণবকে অবিদূরে বধায়মানরূপে অতিক্কমন্তে। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

পরিমুট্ঠা পণ্ডিতা ভাসা বাচা গোচর ভাণিনো,
য়াবিচ্ছন্তি মুখায়ামং য়েন নীতা ন তং বিদূতি ।৪৯॥

## পন্থক-সুত্তং । ১০

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা চূলপন্থকো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং

---

ভগবান তাহাদিগকে অনতিদূরে এইরূপ উপহাস করিতে দেখিয়া (ধর্ম্ম সংবেগে) এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

বিজ্ঞ জনোচিৎ বাক্য গিয়াছে ভুলিয়া,
বচন বাগীশ যথা এই লোকগণ
অসংযত ; যত পারে মুখের ব্যাদন
করে, যাহে নীত তাহে, তাহা না জানিয়া। ৪৯॥

### পন্থক সূত্র। ১০

শ্রাবস্তী নিদান। তৎকালে একদিন আয়ুষ্মান চূলপন্থক ভগবানের অনতিদূরে মুখমণ্ডলে স্মৃতি স্থাপন করিয়া ঋজুদেহে পদ্মাসনে বসিয়াছিলেন।

ভগবান আয়ুষ্মান চূলপন্থককে ঐভাবে বসিয়া থাকিতে দেখিয়া এই অর্থ বিদিত হইলেন যে আয়ুষ্মান চূল পন্থকের কায় ও চিত্ত সম্যক্

পণিধায় পরিমুখং সতিং উপট্‌ঠপেত্বা। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং চূলপন্থকং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় পরিমুখং সতিং উপট্‌ঠপেত্বা। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

ঠিতেন কায়েন ঠিতেন চেতসা,
তিট্‌ঠং নিসিন্নো উদবা সয়ানো
এতং সতিং ভিক্খু অধিট্‌ঠহানো
লভেথ পুব্বাপরিয়ং বিসেসং;
লদ্ধান পুব্বাপরিয়ং বিসেসং—
অদস্সনং মচ্চুরাজস্স গচ্ছেতি। ৫০॥

তত্র উদ্দানং ঃ-
রাজা অপ্পায়ুকা কুট্‌ঠি কুমারকা চ উপোসথো
সোণো চ রেবতানন্দো বধায় পন্থকেনচাতি।

---

সমাধিস্থ হইয়াছে। উহা জ্ঞাত হইয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

সুরক্ষিত, সমাহিত কায়ে আর মনে,
দাঁড়ায়ে, বসিয়া, ভিক্ষু অথবা শয়নে,
করিয়া সর্ব্বদা এই স্মৃতি অধিষ্ঠান,
পূর্ব্বাপর বিশেষত্ব হও লাভবান।
পূর্ব্বাপর বিশেষত্ব করিয়া অর্জ্জন,
যম-দৃষ্টি অগোচরে করহ গমন। ৫০॥

# জচ্চন্ধ-বগ্গো ছট্ঠো

## আয়ুসুত্তং। ১

এবং মে সুতং একং সময়ং ভগবা বেসালিয়ং বিহরতি মহাবনে কূটাগারসালায়ং। অথ খো ভগবা পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় বেসালিয়ং পিণ্ডায় পাবিসি, বেসালিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তো আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, 'গণ্হাহি আনন্দ নিসীদনং, য়েন চাপালং চেতিয়ং তেনুপসঙ্কমিস্সামি দিবা বিহারায়াতি। এবং ভন্তেতি খো পনায়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা নিসীদনমাদায় ভগবন্তং পিট্ঠিতো পিট্ঠিতো অনুবন্ধি। অথ খো ভগবা য়েন চাপালং চেতিয়ং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। নিসজ্জ খো ভগবা আয়স্মন্তং আনন্দং

---

# জাত্যন্ধ-বর্গ ষষ্ঠ

## আয়ু সূত্র। ১

আমি এইরূপ শুনিয়াছি ঃ—এক সময় ভগবান বৈশালীর মহাবনে কূটাগার শালায় বিহার করিতেছিলেন। একদিন সকালে ভগবান অন্তর্বাস পরিধান করিয়া পাত্র চীবর গ্রহণ পূর্ব্বক বৈশালীতে পিণ্ডাচরণে প্রবেশ করিলেন। পিণ্ডপাত করা শেষ হইলে বিহারে আসিয়া আহারকৃত্য সমাপ্ত করিলেন। তৎপর আয়ুষ্মান আনন্দকে বলিলেন,—আনন্দ, বসিবার আসন লও; দিবা বিহারার্থ চাপাল চৈত্যে যাইব। "যে আজ্ঞা ভন্তে" বলিয়া আয়ুষ্মান আনন্দ ভগবানকে প্রত্যুত্তর দিয়া আসন গ্রহণ পূর্ব্বক ভগবানের পশ্চাৎ পশ্চাৎ গমন করিলেন। চাপালচৈত্যে উপস্থিত হইয়া ভগবান সজ্জিত আসনে বসিলেন, তৎপর আয়ুষ্মান আনন্দকে

আমন্তেসি ঃ— রমণীয়ানন্দ বেসালী, রমণীয়ং উদেনং চেতিয়ং, রমণীয়ং গোতমকং চেতিয়ং, রমণীয়ং সত্তম্বং চেতিয়ং, রমণীয়ং বহু-পুত্তং চেতিয়ং, রমণীয়ং সারন্দদং চেতিয়ং, রমণীয়ং চাপালং চেতিয়ং, য়স্স কস্সচি আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা য়ানিকতা বত্থুকতা অনুট্ঠিতা পরিচিতা সুসমারদ্ধা সো আকঙ্খমানো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বা, তথাগতস্স খো আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা য়ানিকতা বত্থুকতা অনুট্ঠিতা পরিচিতা সু-সমারদ্ধা, সো আকঙ্খমানো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বাতি। এবম্পি খো আয়স্মা আনন্দো ভগবতা ওলারিকে নিমিত্তে কয়িরমানে ওলারিকে ওভাসে কয়িরমানে নসক্খি পটিবিজ্ঝিতুং, ন ভগবন্তং য়াচি, তিট্ঠতু ভন্তে ভগবা কপ্পং, তিট্ঠতু সুগতো কপ্পং, বহুজনহিতায়

---

সম্বোধন করিয়া বলিলেন, হে আনন্দ! রমণীয় বৈশালী, রমণীয় উদেন চৈত্য, রমণীয় গৌতম চৈত্য, রমণীয় সত্তম্ব চৈত্য, রমণীয় বহুপুত্র চৈত্য, রমণীয় সারন্দদ চৈত্য, রমণীয় চাপাল চৈত্য। হে আনন্দ, যে কাহারও চারি ঋদ্ধিপাদ ভাবিত বা বৰ্দ্ধিত, বহুলীকৃত বা পুনঃপুনঃ কৃত, রথ-গতি সদৃশ অনৰ্গল অভ্যস্ত, বাস্তুভূমি সদৃশ সুপ্রতিষ্ঠিত, অধিষ্ঠিত; পরিচিত ও সম্যক্ নিষ্পাদিত হইয়াছে. সে ইচ্ছা করিলে এককল্প, অথবা কল্পহইতে কিছু কম বা বেশীদিন বাঁচিয়া থাকিতে পারে। হে আনন্দ, তথাগতের চারি ঋদ্ধিপাদ ভাবিত, বহুলীকৃত, রথগতি সদৃশ অনৰ্গল অভ্যস্ত, বাস্তুভূমি সদৃশ সুপ্রতিষ্ঠিত, অধিষ্ঠিত, পরিচিত ও সম্যক্ নিষ্পাদিত হইয়াছে। হে আনন্দ, তথাগত ইচ্ছা করিলে এক কল্প বা কল্পহইতে কম বা বেশী দিন থাকিতে পারেন। ভগবান বারংবার এইরূপ স্পষ্টভাবে প্রকাশ করিলেও আয়ুষ্মান আনন্দ ভগবানের নিকট প্রার্থনা করিলেন না যে, ভন্তে ভগবান, আপনি কল্পকাল অবস্থান করুন, হে সুগত! বহুজনের হিত সুখের জন্য জীব-

বহুজনসুখায় লোকানুকম্পায় অত্থায় হিতায় সুখায় দেবমনুস্সানন্তি য়থা তং মারেন পরিয়ুট্ঠিতচিত্তো। দুতিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :—রমণীয়া আনন্দ বেসালী, রমণীয়ং উদেনং চেতিয়ং, রমণীয়ং গোতমকং চেতিয়ং, রমণীয়ং সত্তম্বং চেতিয়ং, রমণীয়ং বহুপুত্তং চেতিয়ং, রমণীয়ং সারন্দদং চেতিয়ং, রমণীয়ং চাপালং চেতিয়ং। য়স্স কস্সচি আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা য়ানিকতা বত্থুকতা অনুট্ঠিতা পরিচিতা সুসমারদ্ধা, সো আকঙ্খমানো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বা। তথাগতস্স খো আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা য়ানিকতা বত্থুকতা অনুট্ঠিতা পরিচিতা সুসমারদ্ধা, আকঙ্খমানো আনন্দ তথাগতো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বাতি। এবম্পি খো আয়স্মা আনন্দো ভগবতা ওলারিকে নিমিত্তে কয়িরমানে ওলারিকে ওভাসে কয়িরমানে নাসক্খি পটিবিজ্ঝিতুং, ন ভগবন্তং য়াচি :—তিট্ঠতু ভন্তে ভগবা কপ্পং, তিট্ঠতু সুগতো কপ্পং বহুজনহিতায় বহুজনসুখায় লোকানুকম্পায় অত্থায় হিতায় সুখায় দেবমনুস্সানন্তি য়থা তং মারেন পরিয়ুট্ঠিত চিত্তো। ততিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :—রমণীয়া আনন্দ বেসালী, রমণীয়ং উদেনং চেতিয়ং, রমণীয়ং গোতমকং চেতিয়ং, রমণীয়ং সত্তম্বং চেতিয়ং, রমণীয়ং বহুপুত্তং চেতিয়ং, রমণীয়ং সারন্দদং চেতিয়ং, রমণীয়ং চাপালং চেতিয়ং, য়স্স কস্সচি আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা

---

গণের প্রতি অনুকম্পা প্রদর্শন পূর্ব্বক, দেব মনুষ্যগণের অর্থ-হিত-সুখার্থ কল্পকাল অবস্থান করুন।" কেন না মার ভীষণ আকার দেখাইয়া আয়ুষ্মান আনন্দকে ভগবানের কথার তাৎপর্য্য বুঝিবার অবকাশ দেয় নাই। ভগবান আবার উপরোক্ত প্রকারে বলিয়া বুঝাইলেন. তথাপি মারের

বহুলীকতা য়ানিকতা বথ্‌ুকতা অনুট্‌ঠিতা পরিচতা সুসমারদ্ধা, সো আকঙ্খমানো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বা। তথাগতস্স খো আনন্দ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা য়ানিকতা বথ্‌ুকতা অনুট্‌ঠিতা পরিচিতা সুসমারদ্ধা, আকঙ্খমানো আনন্দ তথাগতো কপ্পং বা তিট্ঠেয়্য কপ্পাবসেসং বাতি। এবম্পি খো আয়স্মা আনন্দো ভগবতা ওলারিকে নিমিত্তে কয়িরমানে ওলারিকে ওভাসে কয়িরমানে নাসক্খি পটিবিজ্ঝিতুং, ন ভগবন্তং য়াচি ঃ— তিট্ঠতু ভন্তে ভগবা কপ্পং তিট্ঠতু সুগতো কপ্পং বহুজনহিতায় বহুজন-সুখায় লোকানুকম্পায় অত্থায় হিতায় সুখায় দেবমনুস্সানন্তি য়থা তং মারেন পরিয়ুট্‌ঠিত চিত্তো। অথ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, —গচ্ছ ত্বং আনন্দ য়স্সদানি কালং মঞ্ঞসীতি। এবং ভন্তেতি খো আয়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা অবিদূরে অঞ্ঞতরস্মিং রুক্খ-মূলে নিসীদি।

অথ খো মারো পাপিমা অচিরপক্কন্তে আয়স্মন্তে আনন্দে য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা একমন্তং অট্ঠাসি। একমন্তং

---

দ্বারা অধিকৃত চিত্ত হওয়ায় আয়ুষ্মান আনন্দ ভগবানকে কল্পকাল থাকি-বার জন্য প্রার্থনা করিতে ভুলিয়া গেলেন। তখন ভগবান বলিলেন, আনন্দ! যথেচ্ছিত স্থানে যাও। তখন আয়ুষ্মান আনন্দ হাঁ ভন্তে, বলিয়া প্রত্যুত্তর দিয়া আসন হইতে উঠিলেন এবং ভগবানকে বন্দনা ও প্রদক্ষিণ করিয়া নিকটস্থিত এক বৃক্ষমূলে বসিলেন।

আয়ুষ্মান আনন্দের প্রস্থানের পরই পাপমতি মার ভগবানের নিকট উপস্থিত হইয়া এক পাশে দাঁড়াইল। এক পাশে দাঁড়াইয়া ভগবানকে

ঠিতো খো মারো পাপিমা ভগবন্তং এতদবোচ ঃ—পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো, পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতো। ভাসিতা খো পনেসা ভন্তে ভগবতা বাচা ঃ—ন তাবাহং পাপিম পরিনিব্বায়িস্সামি, য়াব মে ভিক্খূ ন সাবকা ভবিস্সন্তি বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না সামীচিপটিপন্না অনুধম্মচারিনো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খিস্সন্তি, দেসিস্সন্তি, পঞ্ঞপেস্সন্তি, পট্ঠপেস্সন্তি, বিবরিস্সন্তি বিভজিস্সন্তি উত্তানি করিস্সন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহ-ধম্মেন সুনিগ্গহিতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং ধম্মং দেসিস্সন্তীতি। সন্তি খো পন ভন্তে এতরহি ভিক্খূ ভগবতো সাবকা বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না সামীচি

---

বলিল,—ভন্তে ভগবান এখন আপনি পরিনির্ব্বাপিত হউন! হে সুগত! এখন আপনি পরিনির্ব্বাপিত হউন!! এখন প্রভু ভগবানের পরিনির্ব্বানের সময় হইয়াছে। ভগবন্! আপনি বলিয়াছিলেন "যাবৎ আমার ভিক্ষু শ্রাবকগণ আর্য্য মার্গ লাভ করিয়া নিপুণ, বিনীত, বিশারদ, ধ্যান-বশীত, বহুশ্রুত, ধর্ম্মধারী, ধর্ম্মাচারী, কর্ত্তব্য পরায়ণ ও যথাধর্ম্ম পালনকারী হইবে না, স্বীয় আচার্য্যের কাছে ধর্ম্ম শিক্ষা করিয়া জন সমাজে ধর্ম্ম প্রচার ধর্ম্ম দেশনা ও নানা প্রকারে অপরকে ধর্ম্ম জ্ঞাপন করিতে পারিবে না, যাবৎ অজ্ঞতারূপ ঢাকনা টানিয়া ধর্ম্ম খুলিয়া দিতে, ভাগ করিয়া দেখা-ইতে ও সরল করিয়া ব্যাখ্যা করিতে সমর্থ হইবে না, উৎপন্ন পরনিন্দার ধর্ম্মতঃ প্রতিবাদে ভালরূপে নিগ্রহ করিয়া, চিত্তাকর্ষক, পাপনাশক ও অধর্ম্ম ধ্বংসকারক ধর্ম্মদেশনা করিতে সমর্থ হইবে না, তাবৎ আমি পরি-নির্ব্বাপিত হইব না।" ভগবন্! এখন আপনার ভিক্ষু শ্রাবকগণ পটু, বিনীত, বিশারদ, ধ্যানপ্রাপ্ত, বহুশ্রুত. ধর্ম্মধারী, ধর্ম্মাচারী, কর্ত্তব্যপরায়ণ, যথাধর্ম্ম

পটিপন্না অনুধম্মচারিনো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খন্তি দেসেন্তি পঞ্ঞপেন্তি পট্ঠপেন্তি বিবরন্তি বিভজন্তি উত্তানি করোন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং ধম্মং দেসেন্তি। পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো, পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতো। ভাসিতা খো পনেসা ভন্তে ভগবতা বাচাঃ—ন তাবাহং পাপিম পরিনিব্বায়িস্সামি, য়াব মে ভিক্খুনিয়ো ন সাবিকা ভবিস্সন্তি—পে—বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না সামীচিপটিপন্না অনুধম্মচারিনিয়ো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খন্তি দেসেন্তি পঞ্ঞপেন্তি পট্ঠপেন্তি বিবরন্তি বিভজন্তি উত্তানি করোন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং ধম্মং দেসেন্তি। পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো, পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতো। ভাসিতা খো পনেসা ভন্তে ভগবতা বাচাঃ—ন তাবাহং পাপিম পরিনিব্বায়িস্সামি, য়াব মে উপাসকা ন সাবকা ভবিস্সন্তি বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না অনুধম্মচারিনো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খিস্সন্তি দেসিস্সন্তি পঞ্ঞপেস্সন্তি পট্ঠপেস্সন্তি বিবরিস্সন্তি বিভজিস্সন্তি উত্তানি করিস্সন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং ধম্মং দেসিস্সন্তীতি। এতরহি খো পন ভন্তে উপাসকা ভগবতো সাবকা বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না অনুধম্মচারিনো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচি-

---

পালনকারী হইয়াছেন। তাঁহারা এখন স্বীয় স্বীয় আচার্য্যের কাছে শিক্ষা করিয়া জন-সমাজে ধর্ম্ম-প্রচার, জ্ঞাপন, স্থাপন, উন্মোচন, বিভাগ এবং

ক্খন্তি দেসেন্তি পঞ্ঞপেন্তি পট্ঠপেন্তি বিবরন্তি বিভজন্তি উত্তানি করোন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটি-হারিয়ং ধম্মং দেসেন্তি। পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতো। ভাসিতা খো পনেসা ভন্তে ভগবতা বাচা ঃ—ন তাবাহং পাপিম পরিনিব্বায়িস্সামি য়াব মে উপাসিকা ন সাবিকা ভবিস্সন্তি বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্মপটিপন্না অনুধম্মচারিনিয়ো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খিস্সন্তি দেসিস্সন্তি পঞ্ঞপেস্সন্তি পট্ঠপেস্সন্তি বিবরিস্সন্তি বিভজিস্সন্তি উত্তানি করিস্সন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং ধম্মং দেসিস্সন্তীতি। এতরহি খো পন ভন্তে উপাসিকা ভগবতো সাবিকা বিয়ত্তা বিনীতা বিসারদপ্পত্তা য়োগক্খেমা বহুস্সুতা ধম্মধরা ধম্মানুধম্ম পটিপন্না অনুধম্মচারিনিয়ো সকং আচরিয়কং উগ্গহেত্বা আচিক্খন্তি দেসেন্তি পঞ্ঞপেন্তি পট্ঠপেন্তি বিবরন্তি বিভজন্তি উত্তানি করোন্তি উপ্পন্নং পরপ্পবাদং সহধম্মেন সুনিগ্গহীতং নিগ্গহেত্বা সপ্পাটিহারিয়ং

---

সরল ব্যাখ্যা করিতে সমর্থ, উৎপন্ন পর নিন্দাকে ধর্ম্মতঃ সুনিগ্রহ করিয়া পাপ বিতারক, পাপ ধ্বংশকারক ধর্ম্মদেশনা করিতে সামর্থ্য লাভ করিয়াছেন। ভন্তে, ভগবন! এখন আপনি পরিনির্ব্বাপিত হউন! হে সুগত এখন আপনি পরিনির্ব্বাপিত হউন!! এখন ভগবানের পরিনির্ব্বাণের সময় হইয়াছে। ভগবন! আপনি বলিয়াছিলেন, যাবৎ আমার ভিক্ষুণী শ্রাবিকাগণ... (পূর্ব্ববৎ), গৃহী উপাসকগণ...(পূর্ব্ববৎ), উপাসিকাগণ আর্য্য-মার্গ লাভ করিয়া নিপুণা, বিনীতা. বিশারদা, ধ্যানপ্রাপ্তা, বহুশ্রুতা, ধর্ম্মধারিণী, ধর্ম্ম-চারিণী, কর্ত্তব্যপরায়ণা ও যথাধর্ম্ম পালনকারিণী হইবে না, যাবৎ তাহারা স্বীয় গুরুর কাছে শিক্ষা করিয়া জন সমাজে ধর্ম্ম প্রচার, অধ্যাপন, স্থাপন,

ধম্মং দেসেস্তি। পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতো। ভাসিতা খো পনেসা ভন্তে ভগবতা বাচা ঃ—ন তাবাহং পাপিম পরিনিব্বায়িস্সামি, য়াব মে ইদং ব্রহ্মচরিয়ং ন ইদ্ধং চ ভবিস্সতি ফীতং চ বিত্থারিকং বহুজঞ্ঞং পুথুভূতং য়াবদেব মনুস্সেহি সুপ্পকাসিতন্তি। এতরহি খো পন ভন্তে ভগবতো ব্রহ্মচরিয়ং ইদ্ধং চ ফীতং চ বিত্থারিকং বহুজঞ্ঞং পুথুভূতং য়াবদেব মনুস্সেহি সুপ্পকাসিতং, পরিনিব্বাতু দানি ভন্তে ভগবা পরিনিব্বাতু সুগতো, পরিনিব্বানকালো দানি ভন্তে ভগবতোতি। এবং বুত্তে ভগবা মারং পাপিমন্তং এতদবোচ ঃ—অপ্পোস্সুক্কো ত্বং পাপিম হোহি, ন চিরং তথাগতস্স পরিনিব্বানং ভবিস্সতি, ইতো

---

উন্মোচন ও নানাপ্রকারে বিভাগ করিতে সমর্থ হইবে না, যাবৎ ধর্ম্ম সরল ব্যাখ্যা করিয়া বুঝাইতে সমর্থ হইবে না, বিধর্ম্মীরা যে যে মিথ্যা অপবাদ তুলিতেছে, সে সকল ধর্ম্মতঃ সুনিগ্রহ করিয়া পাপ প্রতিহারক ধর্ম্ম দেশনা করিতে সমর্থ হইবে না, হে পাপমতি মার! তাবৎ আমি পরিনির্ব্বাপিত হইব না।" ভন্তে ভগবন্! এখন আপনার ভিক্ষুণী শ্রাবিকা উপাসক ও উপাসিকাগণ, আর্য্য মার্গ লাভ করিয়া পটু, বিনীতা, বিশারদা, ধ্যানপ্রাপ্তা, বহুশ্রুতা, ধর্ম্মধারিণী, ধর্ম্মচারিণী, কর্ত্তব্যপরায়ণা ও যথাধর্ম্ম পালন কারিণী হইয়াছেন; এখন তাঁহারা স্বীয় আচার্য্যের কাছে ধর্ম্ম শিক্ষা করিয়া জনসমাজে প্রচার, অধ্যাপন, জ্ঞাপন, ও স্থাপন করিতে এবং উন্মোচন করিয়া দেখাইতে সমর্থ হইয়াছেন; এখন তাঁহারা ধর্ম্ম বিভাগ, সরল ও ব্যাখ্যা করিয়া বুঝাইতে দক্ষতা লাভ করিয়াছেন, এখন তাঁহারা বিধর্ম্মীদের মিথ্যা অপবাদ সকল ধর্ম্মতঃ নিগ্রহ করিয়া পাপ প্রতিহারক ধর্ম্ম দেশনা করিতে সমর্থতা লাভ করিয়াছেন। ভন্তে ভগবন্, এখন আপনি পরিনির্ব্বাপিত হউন! হে সুগত, এখন আপনি পরিনির্ব্বাপিত হউন!! এখন প্রভু ভগবানের পরিনির্ব্বাণের সময় হইয়াছে।" পাপমতি মার এইরূপ বলিলে ভগবান

তিণ্ণং মাসানং অচ্চয়েন তথাগতো পরিনিব্বায়িস্সতীতি। অথ খো ভগবা চাপালে চেতিয়ে সতো সম্পজানো আয়ুসঙ্খারং ওস্সজি, ওস্সট্ঠে চ ভগবতা আয়ুসঙ্খারে মহা ভূমিচালো অহোসি ভিংসনকো লোমহংসো দেবদুন্দুভিয়ো চ ফলিংসু। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

তুলমতুলং চ সম্ভবং ভবসঙ্খারমোস্সজি মুনী,
অজ্ঝত্তরতো সমাহিতো অভিন্দি কবচমিবত্তসম্ভবন্তি। ৫১॥

---

কহিলেন,—হে পাপমতি মার তুমি এখন নিশ্চেষ্ট হও। অচিরেই তথাগত পরিনির্ব্বাণ লাভ করিবেন। অনন্তর ভগবান স্মৃতি ও জ্ঞানযোগে চাপাল চৈত্যে আয়ু-সংস্কার বর্জ্জন করিলেন অর্থাৎ এইহইতে তিন মাসের পর বৈশাখী-পূর্ণিমা পর্য্যন্ত আমার প্রাণবায়ু চলিতে থাকুক, তারপর নিরুদ্ধ হউক বলিয়া অধিষ্ঠান করিলেন। ভগবান আয়ু-সংস্কার বর্জ্জন করিলে মহা ভূমিকম্প আরম্ভ হইল, জীবগণের ভয় ও লোমহর্ষণ হইতে লাগিল এবং দেবতাদের ঢোলগুলি ফাটিয়া গেল! সংস্কারের অনিত্যতা সূচক অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

সংসার নির্ব্বাণ তুলনা করি' মুনি—
ভব-সংস্কার করিলা বিসর্জ্জন,
ধ্যান, বিদর্শন ভাবনা রত চিতে—
বর্ম্ম-সম ক্লেশ করিলা বিদারণ। ৫১॥

## জটিল-সুত্তং । ২

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি পুব্বারামে মিগারমাতুপাসাদে। তেন খো পন সময়েন ভগবা সায়ণ্হসময়ং পতিসল্লাণা বুট্‌ঠিতো বহিদ্বারকোট্‌ঠকে নিসিন্নো হোতি। তেন খো পন সময়েন রাজা পসেনদিকোসলো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। তেন খো পন সময়েন সত্ত চ জটিলা সত্ত চ নিগণ্ঠা সত্ত চ অচেলকা সত্ত চ একসাটকা সত্ত চ পরিব্বাজকা পরূলহকচ্ছনখকেসলোমা খারিবিবিধমাদায় ভগবতো অবিদূরে অতিক্কমন্তি। অদ্দসা খো রাজা পসেনদিকোসলো তে সত্ত চ জটিলে সত্ত চ নিগণ্ঠে সত্ত চ অচেলকে সত্ত চ একসাটকে সত্ত চ পরিব্বাজকে পরূল্‌হকচ্ছনখকেসলোমে খারি বিবিধমাদায় ভগবতো অবিদূরে অতিক্কমন্তে, দিস্বান উট্‌ঠায়াসনা একংসং উত্তরা-

---

### জটিল-সূত্র । ২

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান শ্রাবস্তীর পূর্ব্বারামে মিগারমাতা বিশাখার প্রাসাদে বাস করিতেছিলেন। তৎকালে ভগবান একদিন বিকালে ধ্যানহইতে উঠিয়া পূর্ব্বতোরণের বহির্ভাগে বসিয়াছিলেন, এমন সময় কোসলরাজ পসেনদি ভগবানের নিকট উপস্থিত হইয়া অভিবাদনান্তে একপাশে বসিলেন। তখন সাতজন জটাধারী তাপস, সাতজন নিগ্রন্থসন্ন্যাসী সাতজন উলঙ্গসন্ন্যাসী সাতজন একবস্ত্রধারী সন্ন্যাসী ও সাতজন পরিব্রাজক ভগবানের নিকটদিয়া যাইতেছিল। তাহাদের কটিদেশ সুবদ্ধ, নখ ও লোম সুদীর্ঘ। তাহারা নানাপ্রকারের তাপসজনোচিত দ্রব্যসামগ্রী লইয়া যাইতেছিল। কোসলরাজ পসেনদি তাহাদিগকে উক্তপ্রকারে ভগবানের নিকটদিয়া যাইতে দেখিয়া আসনহইতে উঠিয়া গায়ের চাদর বামপার্শ্বে

সঙ্গং করিত্বা দক্খিণং জানুমণ্ডলং পঠবিয়ং নিহন্ত্বা যেন তে সত্ত চ জটিলা সত্ত চ নিগণ্ঠা সত্ত চ অচেলকা সত্ত চ একসাটকা সত্ত চ পরিব্বাজকা তেনঞ্জলিং পণামেত্বা তিক্খত্তুং নামং সাবেসি—রাজাহং ভন্তে পসেনদিকোসলো রাজাহং ভন্তে পসেনদিকোসলোতি।

অথ খো রাজা পসেনদিকোসলো অচিরপক্কন্তেসু তেসু সত্তসু চ জটিলেসু সত্তসু চ নিগণ্ঠেসু সত্তসু চ অচেলকেসু সত্তসু চ একসাটকেসু সত্তসু চ পরিব্বাজকেসু যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো রাজা পসেনদিকোসলো ভগবন্তং এতদবোচ ঃ—যে চ খো ভন্তে লোকে অরহন্তো বা অরহত্তমগ্গং বা সমাপন্না, এতে তেসং অঞ্ঞতরাতি। দুজ্জানং খো এতং মহারাজ তয়া গিহিনা কামভোগিনা পুত্তসম্বাধসয়নং অজ্ঝাবসন্তেন কাসিকচন্দনং পচ্চনুভোন্তেন মালাগন্ধবিলেপনং ধারয়ন্তেন জাতরূপরজতং সাদিয়ন্তেন, ইমে বা অরহন্তো ইমে বা অরহত্তমগ্গং সমাপন্নাতি। সংবাসেন খো মহারাজ

---

করতঃ মাটীতে জানু রাখিয়া বন্দনা করিল এবং তিনবার স্বীয় নাম উল্লেখ করিয়া পরিচয় প্রদান করিল ঃ—"প্রভুগণ! আমি কোসলরাজ পসেনদি, আমি কোসলরাজ পসেনদি।" তাপসগণ চলিয়া গেলে কোসলরাজ পসেনদি ভগবানের নিকট গমনপূর্ব্বক তাঁহাকে অভিবাদন করতঃ একপাশে বসিয়া বলিল ঃ—ভন্তে, লোকে যে সকল অরহত বা অরহত-মার্গলাভী আছেন, ঐ তাপসগণ তাঁহাদের অন্যতম। ভগবান বলিলেন,—মহারাজ! তোমার ন্যায় কামভোগী পুত্রবেষ্টিত হইয়া শয়নকারী, কাশীজাত সূক্ষ্মবস্ত্র ও চন্দন ধারণকারী, মালাগন্ধ বিলেপনকারী, এবং স্বর্ণরৌপ্য গ্রহণকারীর পক্ষে ইহা জানা দুষ্কর যে উহারা অরহত বা অরহত মার্গস্থ কিনা। মহারাজ! একত্র বাসের দ্বারা লোকের শীল জানিতে হয় অর্থাৎ লোকটি সুশীল কি দুঃশীল

সীলং বেদিতব্বং; তঞ্চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং, মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞাবতা নো দুপ্পঞ্ঞেন। সংবোহারেন খো মহারাজ সোচেয়্যং বেদিতব্বং; তঞ্চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসি করোতা নো অমনসিকারা, পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেন। আপদাসু খো মহারাজ থামো বেদিতব্বো; সো চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেন। সাকচ্ছায় খো মহারাজ পঞ্ঞা বেদিতব্বা, সা চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং, মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেনাতি।

অচ্ছরিয়ং ভন্তে অব্ভুতং ভন্তে, য়াব সুভাসিতমিদং ভগবতা ঃ—

---

তাহা জানিতে হয়; তজ্জন্য অনেকদিন ধরিয়া মনোযোগসহকারে পরীক্ষা করিতে হয়, বিনা মনোযোগে হঠাৎ লোক চেনা যায়না, জ্ঞানীব্যতীত অজ্ঞের দ্বারা ঐ কাজ সম্ভব হয়না। মহারাজ! কথাবার্ত্তায় লোকটি পবিত্র কি অপবিত্র জানিতে হয়। তাহাও অনেক দিন পরীক্ষার পর, অল্প দিনে নহে, সে বিষয়ে মনোযোগ থাকা চাই। জ্ঞানী ব্যক্তিই লোক চিনিতে পারে, অজ্ঞ ব্যক্তি পারে না। মহারাজ! বিপদ কালেই জ্ঞানবল কতদূর জানিতে হয়; তাহাও অনেক পরীক্ষার পর, অল্পদিনে নহে; মনোযোগের দ্বারাই সম্ভব হয়, তদভাবে হয় না; জ্ঞানবানই জানিতে সমর্থ, অজ্ঞের অসম্ভব। মহারাজ, ধর্ম্মালোচনায় জ্ঞানের পরীক্ষা করিবে, তাহাতে বহুদিন মনোযোগ দিতে হইবে, তদভাবে পারা যায় না, জ্ঞানবানই তাহা জানিতে পারে, অজ্ঞ জানিতে পারে না।

ইহা শুনিয়া কোসলরাজ পসেনদি ভগবানের সর্ব্বজ্ঞতাজ্ঞানে ও দেশনাবিলাসে প্রসন্ন হইয়া বলিয়া উঠিলেন ঃ—কি আশ্চর্য্য কি অদ্ভুত! ভন্তে, আপনি কি সুন্দর ভাবে বর্ণনা করিলেন যে ঃ—

দুজ্জানং খো এতং মহারাজ তয়া গিহিনা কামভোগিনা পুত্তসম্বাধ-সয়নং অজ্ঝাবসন্তেন কাসিকচন্দনং পচ্চনুভোন্তেন মালাগন্ধবিলেপনং ধারয়ন্তেন জাতরূপরজতং সাদিয়ন্তেন ইমে বা অরহন্তো ইমে বা অরহত্তমগ্গং সমাপন্নাতি। সংবাসেন খো মহারাজ সীলং বেদিতব্বং তঞ্চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেন; সংবোহারেন খো মহারাজ সোচেয্যং বেদিতব্বং তঞ্চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেন; আপদাসু খো মহারাজ থামো বেদিতব্বো সো চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসি করোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেন; সাকচ্ছায় খো মহারাজ পঞ্ঞা বেদিতব্বা; সা চ খো দীঘেন অদ্ধুনা ন ইত্তরং মনসিকরোতা নো অমনসিকারা পঞ্ঞবতা নো দুপ্পঞ্ঞেনাতি। এতে ভন্তে মম পুরিসা চোরা ওচরকা জনপদং ওচরিত্বা আগচ্ছন্তি। তেহি পঠমং ওতিন্নং, অহং পচ্ছা ওতরিস্সামি। ইদানি তে ভন্তে তং রজোজল্লং পবাহেত্বা সুনহাতা সুবিলিত্তা কপ্পিতকেসমস্সু ওদাতবথবসনা পঞ্চহি

---

১। দীর্ঘদিন অবধানতার সহিত একত্রবাসের দ্বারা লোকের স্বভাব জানিতে হয়।

২। উক্তপ্রকারে কথাবার্ত্তার দ্বারা পরিশুদ্ধতা জানিতে হয়।

৩। বিপদ কালে জ্ঞানবল জানিতে পারা যায়।

৪। আলোচনায় অভিজ্ঞতার পরীক্ষা হয়। ... ...ইত্যাদি।

ভন্তে ঐ সন্ন্যাসীরা আমারই লোক, উহারা ছদ্মবেশী গুপ্তচর, রাজ্যে গোয়েন্দার কাজ করিতেছে। প্রথমে তাহারা রাজ্য পরীক্ষা করিয়া আসিতেছে, পরে আমি পরিদর্শনার্থ যাইব। ভন্তে এখন তাহারা ছাই কালি ধুইয়া, সুন্দররূপে স্নান করিয়া, সুগন্ধি লেপন করিয়া ও চুল দাঁড়ি কাটিয়া শাদা কাপড়

কামগুণেহি সমপ্পিতা সমঙ্গিভূতা পরিচারিস্সন্তীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

ন বায়মেয়্য সব্বত্থ, নাঞ্ঞস্স পুরিসো সিয়া,
নাঞ্ঞং নিস্সায় জীবেয়্য ধম্মেন ন বণী চরেতি।৫২॥

## বেক্খণ-সুত্তং। ৩

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন ভগবা অত্তনো অনেকে পাপকে অকুসলে ধম্মে পহীণে পচ্চবেক্খমানো নিসিন্নো হোতি অনেকে চ কুসলে ধম্মে ভাবনায় পারিপূরিং কতে। অথ খো ভগবা অত্তনো অনেকে পাপকে অকুসলে ধম্মে পহীণে বিদিত্বা

---

পরিধান করিবে, পঞ্চকাম পরিভোগে মনপ্রাণ ঢালিয়া দিবে এবং পঞ্চকামে রত হইয়া ইন্দ্রিয়সকল পরিচালনা করিবে। ইন্দ্রিয়সুখের জন্য ও উদর পূরণের জন্য ছদ্মবেশ ধরিয়া কেহ কেহ ঐ রূপে জনসাধারণকে বঞ্চনা করিয়া থাকে, এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

না চেষ্টিবে সব কাযে না হইবে পরের চাকর,
না থাকিবে পরাশ্রয়ে জীবন যাপিতে কোন নর;
করিওনা কেহ ওরে ব্যবসায় ধর্ম্মের ভিতর।৫২

### অবেক্ষণ সূত্র। ৩

শ্রাবস্তী নিদান—তৎকালে ভগবান একসময় অনেক পাপের পরিত্যাগ ও অনেক সদ্ধর্ম্মের ভাবনায় পরিপূর্ণতা লাভ অনুদর্শন করিতে করিতে বসিয়াছিলেন। তিনি অনেক পাপ পরিত্যক্ত ও অনেক সদ্ধর্ম্ম ভাবিত

অনেকে চ কুসলে ধম্মে ভাবনায় পারিপূরিং কত্তে তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অহু পুব্বে তদা নাহু নাহু পুব্বে তদা অহু,
ন চাহু ন ভবিস্সতি ন চেতরহি বিজ্জতীতি ।৫৩॥

## ১ম তিত্থিয়-সুত্তং । ৪

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলা নানা তিত্থিয়া পরিব্বাজকা সাবত্থিং পিণ্ডায় পবিসন্তি নানাদিট্‌ঠিকা নানাখন্তিকা নানারুচিকা নানা দিট্‌ঠিনিস্সয়নিস্সিতা। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ—"সস্সতো লোকো, ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং

---

হইয়াছে দেখিয়া তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

পূরবে আছিল যাহা তদা নাহি তাহা,
তদা তাহা ছিল পূর্ব্বে নাহি ছিল যাহা;
ছিলনা হবেনা আর এবে নাই তাহা ।৫৩॥ *

### ১ম তিত্থিয়-সূত্র । ৪

শ্রাবস্তী নিদান ঃ—তৎকালে নানাধর্ম্মাবলম্বী বহু শ্রমণ, ব্রাহ্মণ ও পরিব্রাজক শ্রাবস্তীতে ভিক্ষা করিতে যাইত। নানাপ্রকার তাহাদের দৃষ্টি (মিথ্যাদৃষ্টি), নানামত নানারুচি। নানাপ্রকার মিথ্যাদৃষ্টিতে তাহারা আসক্ত। কোন কোন শ্রমণব্রাহ্মণ এইরূপ বাদী এইরূপ দর্শী ঃ—"আত্মা শ্বাশ্বত ( নিত্য ), ইহাই সত্য, অন্যটি অর্থাৎ আত্মা যে অশ্বাশ্বত বলা হয় সেইটি মিথ্যা।"

---

* সরলার্থ পরিশিষ্টে দ্রষ্টব্য।

বাদিনো এবং দিট্ঠিনো—"অসস্সতো লোকো ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি।" সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্ঠিনো—"অন্তবা লোকো ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি।" সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্ঠিনো—"অনন্তবা লোকো ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি।" সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্ঠিনো—তং জীবং তং সরীরং ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি" সন্তি পনেকে সমণব্রাহ্মণা—পে—অঞ্ঞং জীবং অঞ্ঞং সরীরং ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি।" সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো, এবং দিট্ঠিনো ঃ—"হোতি তথাগতো পরং মরণা, ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি।" সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্ঠিনো ঃ—ন হোতি তথাগতো পরং মরণা ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্ঠিনো ঃ—"হোতি চ, ন চ হোতি তথাগতো পরং মরণা ইদমেব সচ্চং মোঘ-

---

কোন কোন শ্রমণ ব্রাহ্মণ এইরূপ বাদী, এইরূপ দৃষ্টিসম্পন্ন—"আত্মা অশ্বাশ্বত ইহাই সত্য অন্যটি মিথ্যা।" কেহ কেহ এইরূপ বাদী, এইরূপ দৃষ্টিসম্পন্ন—আত্মা অন্তবিশিষ্ট, ইহাই সত্য অন্যটি মিথ্যা। কেহ কেহ এইরূপ বাদী, এইরূপ দৃষ্টিসম্পন্ন—"আত্মা অনন্ত ইহাই সত্য অন্যটি মিথ্যা। কোন কোন শ্রমণ ব্রাহ্মণের মতে শরীরই জীব, শরীর ও জীবের মধ্যে ভেদ নাই; এইটিই সত্য অপরটী মিথ্যা। আর কেহ কেহ বলে "শরীর ও জীব এক নহে বিভিন্ন, এইটিই সত্য অন্যটি মিথ্যা। কেহ কেহ এইরূপ বাদী, এইরূপ দৃষ্টিসম্পন্ন "আত্মা মৃত্যুর পর পুনর্জ্জন্ম গ্রহণ করে, ইহাই সত্য অন্যটি মিথ্যা আর কাহারও মতে আত্মা মৃত্যুর পর পুনর্জ্জন্ম গ্রহণ করে না, ইহাই সত্য অন্যটী মিথ্যা। কেহ বলে আত্মা পুনর্জ্জন্ম গ্রহণ করে, নাও করে, ইহাই সত্য অন্যটী মিথ্যা, কেহ বলে আত্মা যে মৃত্যুর পর পুনর্জ্জন্ম গ্রহণ করে এমনও নয়, আত্মা যে মৃত্যুর পর পুনর্জ্জন্ম গ্রহণ করে না এমনও নয়, ইহাই সত্য, অন্যটী মিথ্যা।

মঞ্ঞন্তি।” সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ—“নেব হোতি ন ন হোতি তথাগতো পরং মরণা ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। তে ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি ঃ—এদিসো ধম্মো নেদিসো ধম্মো, নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি।

অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সাবত্থিং পিণ্ডায় পবিসিংসু, সাবত্থিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু, একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—ইধ ভন্তে সম্বহুলা নানাতিত্থিয়া সমণব্রাহ্মণা পরিব্বাজকা সাবত্থিয়ং পটিবসন্তি নানাদিট্‌ঠিকা নানাখন্তিকা নানারুচিকা নানাদিট্‌ঠিনিস্সয়নিস্সিতা ঃ—“সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো, “সস্সতো—পে—ধম্মোতি” “অঞ্ঞতিত্থিয়া ভিক্খবে পরিব্বাজকা অন্ধা অচক্খুকা, অত্থং ন জানন্তি

---

তাহারা “ধর্ম্ম এইরূপ সেইরূপ নয়, ধর্ম্ম সেইরূপ নয় এইরূপ” ইত্যাদি বলিতে বলিতে তর্কবিতর্ক ও কলহবিবাদের সৃষ্টি করিয়া পরস্পর পরস্পরকে শক্তিশেলসদৃশ হৃদয়ভেদী বাক্য প্রয়োগ করিয়া বিচরণ করিত।

তৎকালে অনেকজন ভিক্ষু পূর্ব্বাহ্ন সময়ে অন্তর্বাস পরিধানপূর্ব্বক পাত্রচীবর লইয়া শ্রাবস্তীতে পিণ্ডপাতে প্রবেশ করিয়াছিলেন। তাঁহারা তথাহইতে ফিরিয়া আসিয়া আহারকৃত্য সমাপনপূর্ব্বক ভগবানের নিকট গমন করিলেন এবং ভগবানকে বন্দনা করতঃ একপাশে বসিয়া বলিলেন—“ভন্তে, অনেক জন ভিন্নমতাবলম্বী শ্রমণব্রাহ্মণ শ্রাবস্তীতে বাস করিতেছে। তাহাদের নানাপ্রকার মিথ্যাদৃষ্টি নানাপ্রকার মিথ্যাবিশ্বাস এবং বিবিধ বিভিন্নপ্রকার তাহাদের রুচি। তাহারা বহুবিধ মিথ্যাদৃষ্টি অবলম্বন করিয়া রহিয়াছে। যথা ঃ—কোন কোন শ্রমণব্রাহ্মণ এইরূপ বাদী এইরূপ দর্শী ...... পূর্ব্ববৎ।

অনত্থং ন জানন্তি, ধম্মং ন জানন্তি অধম্মং ন জানন্তি। তে অত্থং অজানন্তা অনত্থং অজানন্তা, ধম্মং অজানন্তা অধম্মং অজানন্তা, ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি ঃ—এদিসো ধম্মো নেদিসো ধম্মো, নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি।

ভূতপুব্বং ভিক্খবে ইমিস্সা য়েব সাবত্থিয়া অঞ্ঞতরো রাজা অহোসি। অথ খো ভিক্খবে সো রাজা অঞ্ঞতরং পুরিসং আমন্তেসি, এহি ত্বং অম্ভো পুরিস য়াবতিকা সাবত্থিয়ং জচ্চন্ধা, তে সব্বে একজ্ঝং সন্নিপাতেহীতি। এবং দেবাতি খো ভিক্খবে সো পুরিসো তস্স রঞ্ঞো পটিস্সুত্বা য়াবতিকা সাবত্থিয়ং জচ্চন্ধা তে সব্বে গহেত্বা য়েন সো রাজা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তং রাজানং এতদবোচ ঃ—সন্নিপাতিতা খো তে দেব য়াবতিকা সাবত্থিয়ং জচ্চন্ধাতি। তেন হি ভণে জচ্চন্ধানং হত্থিং দস্সেহীতি। এবং দেবাতি খো ভিক্খবে সো পুরিসো তস্স রঞ্ঞো পটিস্সুত্বা জচ্চন্ধানং হত্থিং দস্সেসি ঃ—এদিসো জচ্চন্ধা হত্থীতি। একচ্চানং জচ্চন্ধানং হত্থিস্স সীসং দস্সেসি, এদিসো জচ্চন্ধা হত্থীতি। একচ্চানং জচ্চন্ধানং হত্থিস্স কণ্ণং দস্সেসি

---

ভিক্ষুগণ পূর্ব্বে এই শ্রাবস্তীতে এক রাজা ছিল। সে একটি লোককে আদেশ করিল 'হে পুরুষ, এস, শ্রাবস্তীতে যত জন্মান্ধ আছে তুমি তাহাদের সমবেত কর। 'যে আজ্ঞা দেব, বলিয়া' সেই ব্যক্তি রাজাকে প্রতিশ্রুতি দিয়া শ্রাবস্তীর সকল অন্ধকে রাজার নিকট হাজির করিল। তৎপর রাজাকে বলিল, "দেব শ্রাবস্তীর সকল অন্ধকে একত্রিত করা হইয়াছে"। রাজা বলিল "বৎস, তাহা হইলে তুমি সেই জন্মান্ধ দিগকে হস্তী দেখাও অর্থাৎ হাতে ধরাইয়া চিনাইয়া দাও।" সে 'যে আজ্ঞা দেব' বলিয়া রাজাকে সম্মতি জ্ঞাপন করিল এবং জন্মান্ধদিগকে হস্তীশালায় নিয়া কোন কোন জন্মান্ধকে হস্তীর শির, কাহাকে কর্ণ, কাহাকে দন্ত, কাহাকে শুণ্ড, এবং

এদিসো জচ্চন্ধা হত্থীতি। একচ্চানং জচ্চন্ধানং হত্থিস্স দন্তং দস্সেসি, এদিসো জচ্চন্ধা হত্থীতি। একচ্চানং—পে—সোণ্ডং—পে—কায়ং পাদং—পে—পিট্‌ঠিং—পে—নঙ্গুট্‌ঠং—পে—বালধিং দস্সেসি ঃ— এদিসো জচ্চন্ধা হত্থীতি। অথ খো ভিক্খবে সো পুরিসো জচ্চন্ধানং হত্থিং দস্সেত্বা য়েন সো রাজা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তং রাজানং এতদবোচ ঃ—দিট্‌ঠো খো তেহি দেব জচ্চন্ধেহি হত্থী, য়স্স দানি কালং মঞ্ঞসীতি। অথ খো ভিক্খবে সো রাজা য়েন তে জচ্চন্ধা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা তে জচ্চন্ধে এতদবোচ ঃ— দিট্‌ঠো বো জচ্চন্ধা হত্থীতি? "এবং দেব, দিট্‌ঠো নো হত্থীতি।" বদেথ জচ্চন্ধা কীদিসো হত্থীতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স সীসং দিট্‌ঠং অহোসি তে এবমাহংসু ঃ—এদিসো দেব হত্থী সেয়্যথাপি কুম্ভোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স কণ্ণো দিট্‌ঠো অহোসি তে এবমাহংসু ঃ—এদিসো দেব হত্থী সেয়্যথাপি সুপ্পোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স দন্তো দিট্‌ঠো অহোসি তে এবমাহংসু,

---

কাহাকে বা শরীর দেখাইল। আর কোন কোন অন্ধকে হস্তীর পদ, কাহাকে পৃষ্ঠ, কাহাকে লেজ, ও কাহাকে লেজের অগ্রভাগ দেখাইয়া বলিল "হে অন্ধগণ, হাতী এই প্রকার"। ভিক্ষুগণ, সে জন্মান্ধদিগকে হস্তী দেখাইয়া রাজার নিকট গিয়া বলিল, দেব অন্ধদিগকে হস্তী দেখাইয়াছি। এখন মহারাজের যাহা ইচ্ছা। রাজা সেই জন্মান্ধগণের নিকট জিজ্ঞাসা করিল, হে জন্মান্ধগণ, হস্তী দেখিয়াছ কি? উত্তর হইল "হাঁ দেব দেখিয়াছি।" "আচ্ছা, বল দেখি হস্তী কি প্রকার?" ভগবান।—হে ভিক্ষুগণ, যাহারা হস্তীর শির ধরিয়াছিল তাহারা বলিল, 'দেব, হস্তী এইপ্রকার, যেমন নাকি একটি কলসী। যাহারা কান ধারিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী যেন একখানি কুলা। যাহারা দাঁত ধরিয়াছিল তাহারা বলিল, 'দেব, হস্তী যেন লাঙ্গলের

এদিসো দেব হত্থি সেয়্যথাপি ফালোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স সোণ্ডো দিট্ঠো অহোসি তে এবমাহংসু :—এদিসো দেব হত্থী সেয়্যথাপি নঙ্গলীসাতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স কায়ো দিট্ঠো অহোসি তে এবমাহংসু—এদিসো দেব হত্থী সেয়্যথাপি কোট্ঠোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স পাদো দিট্ঠো অহোসি তে এবমাহংসু :— এদিসো দেব হত্থী, সেয়্যথাপি থূনোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স পিট্ঠি দিট্ঠা অহোসি তে এবমাহংসু এদিসো দেব হত্থী সেয়্যথাপি উদুক্খলোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স নঙ্গুট্ঠং দিট্ঠং অহোসি তে এবমাহংসু :—এদিসো দেব হত্থী সেয়্যথাপি মুসলোতি। য়েহি ভিক্খবে জচ্চন্ধেহি হত্থিস্স বালধি দিট্ঠো অহোসি, তে এবমাহংসু :—এদিসো দেব হত্থী সেয়্যথাপি সম্মজ্জনীতি। তে এদিসো হত্থী নেদিসো হত্থী, নেদিসো হত্থী এদিসো হত্থীতি অঞ্ঞমঞ্ঞং মুট্ঠীহি সংযুজ্ঝিংসু। তেন চ ভিক্খবে সো রাজা অত্তমনো অহোসি। এবমেব খো ভিক্খবে অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা অন্ধা অচক্খুকা, অত্থং ন জানন্তি অনত্থং ন জানন্তি, ধম্মং ন জানন্তি

---

ফাল। যাহারা শুণ্ড ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী লাঙ্গলের ঈষের ন্যায়। যাহারা হস্তীর দেহ ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী যেন একটি ধানের গোলা। যাহারা হস্তীর পা ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী থামের ন্যায়। যাহারা পৃষ্ঠ ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী উদূখলের ন্যায়। যাহারা লেজ ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী মুষলের ন্যায়। যাহারা লেজের আগা ধরিয়াছিল তাহারা বলিল, দেব, হস্তী ঝাড়ুর ন্যায়। তাহারা পরস্পর বিবাদ করিতে লাগিল যে—"হস্তী এইরূপ নয়, সেইরূপ, সেইরূপ নয় এইরূপ।" এই লইয়া তাহাদের মধ্যে মুষ্টিযুদ্ধ আরম্ভ হইল। উহা দেখিয়া রাজা বেশ আমোদ পাইতে লাগিল। ভিক্ষুগণ, অন্য তীর্থীয় পরিব্রাজকেরা উক্ত জন্মান্ধদিগের ন্যায় জ্ঞান-চক্ষুহীন

অধম্মং ন জানন্তি, তে অত্থং অজানন্তা অনত্থং অজানন্তা ধম্মং অজানন্তা অধম্মং অজানন্তা ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি এদিসো ধম্মো নেদিসো ধম্মো নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

ইমেসু কির সজ্জন্তি একে সমণব্রাহ্মণা,
বিগ্গয্হ নং বিবদন্তি জনা একঙ্গ দস্সিনোতি। ৫৪॥

## ২য় তিত্থিয়-সুত্তং। ৫

এবম্মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন সম্বহুলা নানা তিত্থিয়া সমণব্রাহ্মণা পরিব্বাজকা সাবত্থিয়ং পটিবসন্তি নানাদিট্ঠিকা নানাখন্তিকা নানারুচিকা নানাদিট্ঠি নিস্সয় নিস্সিতা। সন্তেকে

---

অন্ধ। তাহারা অর্থ জানে না' অনর্থ জানে না, ধর্ম্ম জানে না, অধর্ম্ম জানে না। তাহারা অর্থানর্থ ধর্ম্মাধর্ম্ম না জানিয়া 'এরূপ ধর্ম্ম নয় সেরূপ ধর্ম্ম, সেরূপ ধর্ম্ম নয় এরূপ ধর্ম্ম' বলিয়া কলহবিবাদ করিতে থাকে এবং পরস্পর পরস্পরকে বাক্যবাণে বিদ্ধ করিয়া বাস করে। তীর্থীয়দের একাঙ্গদর্শনজনিত বিবাদের বিষয় অবগত হইয়া ভগবান তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন ঃ—

এইসব দৃষ্টি মাঝে বদ্ধ হয় মোহগ্রস্ত
কোন কোন শ্রমণ ব্রাহ্মণ,
লইয়া বিরুদ্ধ মত দ্বন্দ্ব করে পরস্পর
এক অঙ্গ করিয়া দর্শন। ৫৪॥

সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- সস্সতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ—অসস্সতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- সস্সতো অসস্সতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- নেব সস্সতো নাসস্সতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো সয়ং কতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- পরঙ্কতো অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো সয়ঙ্কতো চ পরঙ্কতো চ অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো অসয়ঙ্কারো চ অপরঙ্কারো চ অধিচ্চসমুপ্পন্নো অত্তা

---

শ্রাবস্তীনিদান — তৎকালে অনেকজন নানা মতাবলম্বী শ্রমণব্রাহ্মণ শ্রাবস্তীতে বাস করিত। তাহাদের নানাবিধ মিথ্যাদৃষ্টি নানা মতি নানা রুচি। কোন কোন শ্রমণব্রাহ্মণের এইরূপ বাদ এইরূপ দৃষ্টি ঃ—'আত্মা ও লোক শাশ্বত, ইহাই সত্য অন্যটি মিথ্যা।' কাহারও মতে 'আত্মা ও লোক অশাশ্বত ইহাই সত্য অন্যটী মিথ্যা।' কাহারও মতে আত্মা ও লোক শাশ্বত এবং অশাশ্বত, ইহাই সত্য, অন্যটী মিথ্যা। কাহারও মতে 'আত্মা ও লোক শাশ্বতও নয়, অশাশ্বতও নয়, ইহাই সত্য অন্যটি মিথ্যা। কেহ বলে আত্মা ও লোক স্বয়ংকৃত, কেহ বলে পরকৃত, কেহ বলে স্বয়ংকৃত এবং পরকৃত, কেহ বলে স্বয়ংকৃতও নয় পরকৃতও নয়, ইহাই সত্য অন্যটি মিথ্যা। কেহ বলে আত্মা ও লোক স্বীয় ইচ্ছায় উৎপন্ন হইয়াছে, ইহাই

চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো সস্সতং সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো অসস্সতং সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ—সস্সতঞ্চ অসস্সতঞ্চ সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি—পে—সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো সয়ং কতং সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- পরং কতং সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- সয়ঙ্কতঞ্চ পরঙ্কতঞ্চ সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। সন্তি পনেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবং দিট্‌ঠিনো ঃ- অসয়ঙ্কারং অপরঙ্কারং অধিচ্চসমুপ্পন্নং সুখদুখং অত্তা চ লোকো চ ইদমেব সচ্চং মোঘমঞ্ঞন্তি। তে ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি ঃ—এদিসো ধম্মো নেদিসো ধম্মো, নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি।

---

সত্য অন্যটি মিথ্যা। কাহারও মতে সুখদুখ আত্মা ও লোক শাশ্বত, কাহারও মতে অশাশ্বত। কাহারও মতে শাশ্বত এবং অশাশ্বত, আর কাহারও মতে শাশ্বতও নয় অশাশ্বতও নয়। কেহ বলে সুখদুখ আত্মা ও লোক স্বয়ং-কৃত, কেহ বলে পর-কৃত, কেহ বলে স্বয়ং-কৃত এবং পর-কৃত, আর কেহ বলে স্বয়ং-কৃতও নয় পর-কৃতও নয়, ইহা আপনাআপনি হেতুবিনা উৎপন্ন হইয়াছে, ইহাই সত্য অন্যটি মিথ্যা। তাহারা 'এরূপ ধর্ম্ম নয় সেরূপ ধর্ম্ম, সেরূপ ধর্ম্ম নয় এরূপ ধর্ম্ম' বলিয়া বিবাদ করিতে করিতে পরস্পর পরস্পরকে

অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবর-মাদায় সাবত্থিয়ং পিণ্ডায় পবিসিংসু। সাবত্থিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপ-সঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ- "ইধ ভন্তে সম্বহুলা নানাতিত্থিয়া সমণব্রাহ্মণা পরিব্বাজকা সাবত্থিয়ং পটিবসন্তি, নানা-দিট্ঠিকা নানা খন্তিকা নানা রুচিকা নানাদিট্ঠি-নিস্সয়-নিস্সিতা। সন্তেকে সমণব্রাহ্মণা এবং বাদিনো—পে—মোঘমঞ্ঞন্তি। তে ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি ঃ- এদিসো ধম্মো নেদিসো ধম্মো, নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি। অঞ্ঞতিত্থিয়া ভিক্খবে পরিব্বাজকা অন্ধা অচক্খুকা অত্থং ন জানন্তি অনত্থং ন জানন্তি ধম্মং ন জানন্তি অধম্মং ন জানন্তি। তে অত্থং অজানন্তা অনত্থং অজানন্তা ধম্মং অজানন্তা অধম্মং অজানন্তা··· অঞ্ঞমঞ্ঞং মুখসত্তীহি বিতুদন্তা বিহরন্তি ঃ- এদিসো ধম্মো নেদিসো ধম্মো, নেদিসো ধম্মো এদিসো ধম্মোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

বাক্যবাণে বিদ্ধ করিয়া বাস করে।

সেইসময় অনেকজন ভিক্ষু প্রাতে অন্তর্বাস পরিধান করিয়া পাত্র-চীবর গ্রহণ পূর্ব্বক পিণ্ডপাতার্থ শ্রাবস্তীতে প্রবেশ করিলেন। পিণ্ডপাত করা শেষ হইলে বিহারে আসিয়া আহার-কৃত্য সমাপ্ত করিলেন। তৎপর ভগবানের নিকট গমন করিয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক একপাশে বসিয়া পূর্ব্ববৎ সকল কথা বলিলেন। তখন ভগবান কহিলেন, ভিক্ষুগণ, অন্যতীর্থীয় পরিব্রাজকেরা অন্ধ, চক্ষুহীন। তাহারা অর্থ জানে না অনর্থ জানে না, ধর্ম্ম জানে না অধর্ম্ম জানে না, অর্থানর্থ ধর্ম্মাধর্ম্ম না জানিয়া কলহবিবাদ বাধাইতে থাকে, এবং ধর্ম্ম এইরূপ সেইরূপ নয়, সেইরূপ নয় এইরূপ বলিয়া পরস্পর পরস্পরকে বাক্যবাণে বিদ্ধ করিয়া বাস করিতে থাকে। অতঃপর এতদর্থ অবগত হইয়া ভগবান

এতেস্সু কির সজ্জন্তি একে সমণব্রাহ্মণা
অন্তরা চ বিসীদন্তি অপত্বাব তমোগধন্তি। ৫৫॥

# ৩য় তিত্থিয়-সুত্তং। ৬

সাবত্থিনিদানং—তেন খো পন সময়েন—পে—উদানং উদানেসি ঃ—

অহঙ্কারপসুতা অয়ং পজা পরঙ্কাররূপসংহিতা
এতদেকে নাব্ভঞ্ঞংসু ন নং সল্লন্তি অদ্দসুং।
এতঞ্চ সল্লং পটিগচ্চ পস্সতো
অহং করোমীতি ন তস্স হোতি,
পরো করোতীতি ন তস্স হোতি।
মানুপেতা অয়ং পজা মানগন্থা মানবিনিবন্ধা,
দিট্‌ঠীসু সারম্ভকথা সংসারং নাতিবত্তীতি। ৫৬॥

---

তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

এই সব দৃষ্টি মাঝে বদ্ধ হয় মোহ গ্রস্ত কোন কোন শ্রমণ ব্রাহ্মণ,
না পেয়ে তাহার অন্ত ডুবে যায় অর্দ্ধ পথে—দৃষ্টি-ওঘে হয় নিমগন। ৫৫॥

## ৩য় তীর্থীয় সূত্র। ৬

[ গদ্যাংশপূর্ব্ববৎ ] ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করেন ঃ—

'আত্ম-কৃত পর-কৃত'
এইরূপ দৃষ্টিযুত এই প্রজাগণ,
এই দৃষ্টিদ্বয়ে কেহ পারে নাই জানিবারে
শল্যবৎ করেনি দর্শন।
মার্গজ্ঞানপূর্ব্বে তাহা শল্যবৎ দ্রষ্টার আবার
"আমি করি, পরে করে" এই ভাব না হয় সঞ্চার।
মানগ্রস্ত এই প্রজাগণ, মানেতে গ্রথিত আর মানেতে নিবদ্ধ,
মিথ্যা দৃষ্টি সব নিয়ে করিছে বিরুদ্ধ তর্ক, সেই হেতু সংসারে আবদ্ধ। ৫৬॥

## সুভূতি-সুত্তং । ৭

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তেন খো পন সময়েন আয়স্মা সুভূতি ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অবিতক্কং সমাধিং সমাপজ্জিত্বা। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং সুভূতিং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় অবিতক্কং সমাধিং সমাপন্নং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যস্স বিতক্কা বিধূপিতা
অজ্ঝত্তং সুবিকপ্পিতা অসেসা
তং সঙ্গং অতিচ্চ অরূপ সঞ্ঞী
চতুয়োগাতিগতো ন জাতুমেতি ।৫৭॥

---

## সুভূতি সূত্র । ৭

শ্রাবস্তীনিদান—তৎকালে একদিন আয়ুষ্মান সুভূতি ভগবানের অনতি-দূরে অবিতর্কসমাধি সমাপন্ন হইয়া ঋজু দেহে পদ্মাসনে উপবিষ্ট ছিলেন। এতদর্থ অবধারণ করিয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করেন ঃ—

বিতর্ক যার সন্তাপিত
আধ্যাত্মিকে সমুচ্ছিন্ন পূর্ণভাবে যার চিত্তে,
সঙ্গহীন, অরূপ-জ্ঞানী,
চতুর্যোগ অতিক্রান্ত নাহি সে আসে জন্ম নিতে ।৫৭॥

## গণিকা সুত্তং । ৮

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দক নিবাপে। তেন খো পন সময়েন রাজগহে দ্বে পূগা অঞ্ঞ-তরিস্সা গণিকায় সারত্তা হোন্তি পটিবদ্ধচিত্তা ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং পাণীহিপি উপক্কমন্তি লেড্ডূহিপি উপক্কমন্তি দণ্ডেহিপি উপক্কমন্তি সত্থেহিপি উপক্কমন্তি। তে তত্থ মরণম্পি নিগচ্ছন্তি, মরণমত্তম্পি দুক্খং। অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হ সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় রাজগহং পিণ্ডায় পবিসিংসু রাজগহে পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তা য়েন ভগবা তেনুপ-সঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ- ইধ ভন্তে রাজগহে দ্বে পূগা অঞ্ঞতরিস্সা গণিকায় সারত্তা হোন্তি পটিবদ্ধচিত্তা ভণ্ডনজাতা কলহজাতা বিবাদাপন্না অঞ্ঞমঞ্ঞং পাণীহিপি উপক্কমন্তি লেড্ডূহিপি উপক্কমন্তি দণ্ডেহিপি উপক্কমন্তি সত্থেহিপি উপক্কমন্তি। তে তত্থ মরণম্পি নিগচ্ছন্তি, মরণমত্তম্পি দুক্খন্তি। অথ খো ভগবা

---

### গণিকা সূত্র । ৮

আমি এইরূপ শুনিয়াছি এক সময় ভগবান রাজগৃহের কলন্দকনিবাপ নামক স্থানে বেণুবন বিহারে বাস করিতেছিলেন। তৎকালে রাজগৃহে দুইদল ধূর্ত্ত পুরুষ এক বেশ্যার প্রতি আসক্ত হয়। তাহারা হাতাহাতি ঢিল মারামারি লাঠি মারামারি ও কাটাকাটি করিয়া কেহ কেহ প্রাণ হারাইল আর কেহ কেহ মরণতুল্য দুঃখ ভোগ করিল। তৎকালে অনেক জন ভিক্ষু অন্তর্বাস পরিধান করিয়া পাত্রচীবর গ্রহণপূর্ব্বক রাজগৃহে ভিক্ষায় প্রবেশ করেন, ভিক্ষা করা শেষ হইলে ভোজন কৃত্য সমাপ্ত করিলেন। তৎপর ভগবানের নিকট গমন করত তাঁহাকে অভিবাদনপূর্ব্বক একপাশে বসিয়া উক্ত ঘটনা

এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যঞ্চ পত্তং যঞ্চ পত্তব্বং উভয়মেতং রজানুকিণ্ণং,
আতুরস্সানুসিক্খতো য়েব সিক্খা সারা।
সীলব্বতং জীবিতং ব্রহ্মচরিয়ং উপট্ঠানসারো,
অয়মেকো অন্তো য়েব এবং বাদিনো,
নত্থি কামেসু দোসোতি অয়ং দুতিয়ো অন্তো।
ইচ্চেতে উভো অন্তা কটসি বড্ঢনা,
কটসিয়ো দিট্ঠী বড্ঢেন্তি,
এতে তে উভো অন্তে অনভিঞ্ঞায়
ওলিয়ন্তি একে, অতিধাবন্তি একে;
য়ে চ খো তে অভিঞ্ঞায়
তত্র চ নাহেসুং তেন চ অমঞ্ঞিংসু,
বট্টং তেসং নত্থি পঞ্ঞাপনায়াতি। ৫৮॥

---

বলিলেন। 'কামই সকল অনর্থের মূল' এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

বর্ত্তমানে যেই ভোগ্যবস্তু আদি পাওয়া গিয়াছে, আর ভবিষ্যতে যাহা পাওয়া যাইবে সেই সকল কাম, ক্রোধ ও মোহ মলে মলিন। মিথ্যাশীল, কৃচ্ছসাধন বিষ ভোজনাদি ব্রত, অধর্ম্মতঃ জীবন যাপন, কামতৃষ্ণা ত্যাগ না করিয়া কেবল মৈথুনবিরতি ব্রহ্মচর্য্য, কল্পিত দেবতার সেবা পূজা ইত্যাদি মিথ্যা শিক্ষায় সার মনে করিয়া যেই সকল কামাতুর, ক্রোধাতুর, মোহাতুর ও শোকাতুরেরা ঐ কার্য্য গুলির প্রশংসা করে, তাহা 'আত্মকিলমথানুয়োগ' নামক এক অন্ত। আর "কাম পরিভোগে কোন দোষ নাই" বলিয়া যে মত উহা দ্বিতীয় অন্ত। ঐ অন্তদ্বয়ের দ্বারা তৃষ্ণা ও অবিদ্যা বৃদ্ধি হয়। তাহাহইতে মিথ্যাদৃষ্টি বৃদ্ধি হয়। ঐ অন্তদ্বয় না জানিয়া যাহারা কামসুখে মত্ত, তাহারা মুক্তির চেষ্টা না করিয়া জ্ঞানেন্দ্রিয়সকল সঙ্কোচিত করে; আর

# উপাতি সুত্তং । ৯

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন ভগবা রত্তন্ধকার-তিমিসায়ং অব্ভোকাসে নিসিন্নো হোতি তেলপ্পদীপেসু ঝায়মানেসু। তেন খো পন সময়েন সম্বহুলা অধিপাতকা তেসু তেলপ্পদীপেসু আপাতপরিপাতং অনয়ং আপজ্জন্তি, ব্যসনং আপজ্জন্তি, অনয়ব্যসনং আপজ্জন্তি। অদ্দসা খো ভগবা তে সম্বহুলে অধিপাতকে তেসু তেলপ্পদীপেসু আপাতপরিপাতং অনয়ং আপজ্জন্তে ব্যসনং আপজ্জন্তে অনয়ব্যসনং আপজ্জন্তে। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

যাহারা আত্মনিপীড়ণে রত তাহারা অতিধাবিত হয়। যাহারা ঐ অন্তদ্বয় জানিয়া পরিত্যাগ করিয়াছে, কিন্তু তজ্জন্য অহঙ্কার করে না যে 'আমি অন্তদ্বয় ত্যাগ করিয়াছি' তাহাদের আর কর্ম্ম, বিপাক বা ক্লেশাবর্ত্তে পড়িতে হয় না। অর্থাৎ তাহাদের সকল সংসারাবর্ত্ত রুদ্ধ হইয়া যায়, দীপশিখার নির্ব্বাণের ন্যায় তাহারা এইরূপ অদৃশ্য হইয়া যায় যে সংসারে আর তাহাদের চিহ্ন মাত্রও দেখা যায় না।৫৮॥

## উপাতি সূত্র। ৯

শ্রাবস্তী-নিদান—তৎকালে গভীর অন্ধকার রাত্রিতে ভগবান অনাবৃত স্থানে বসিয়াছিলেন। তখন অনেকগুলি তৈলের প্রদীপ জ্বলিতেছিল, আর অনেক পতঙ্গ সেইসকল প্রদীপে পড়িয়া পড়িয়া অতি দুঃখ-দুর্দ্দশা ভোগ করিতেছিল। ভগবান তাহা দেখিয়া পাপীরা যে পাপানলে স্বীয় প্রাণ বিসর্জ্জন দেয়, তাই রূপে গানে মত্ত থাকে তদর্থ অবগত হইলেন এবং তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

উপাতিধাবন্তি ন সারমেন্তি নবং নবং বন্ধনং ব্রূহয়ন্তি.
পতন্তি পজ্জোতমিবাধিপাতা দিট্‌ঠে সুতে ইতিহেকে নিবিট্‌ঠাতি।৫৯॥

## উপ্পজ্জন্তি সুত্তং। ১০

সাবত্থি-নিদানং—অথ খো আয়স্মা আনন্দো য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো আয়স্মা আনন্দো ভগবন্তং এতদবোচ ঃ— য়াবকীবঞ্চ ভন্তে তথাগতা লোকে নুপ্পজ্জন্তি অরহন্তো সম্মাসম্বুদ্ধা, তাব অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা সক্কতা হোন্তি গরুকতা মানিতা পূজিতা অপচিতা লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়ভেসজ্জ পরিক্খারানং, য়তো চ খো ভন্তে তথাগতা লোকে উপ্পজ্জন্তি অরহন্তো সম্মাসম্বুদ্ধা, অথ খো অঞ্ঞতিত্থিয়া পরিব্বাজকা অসক্কতা হোন্তি অগরুকতা অমানিতা অপূজিতা অনপচিতা ন লাভী চীবর-

---

ধেয়ে যায় সত্বর নাহি পায় শুদ্ধি,
নব নব বন্ধন সদা হয় বৃদ্ধি;
পড়ে যথা প্রদ্যোত অনলে পতঙ্গ,
তথাসক্ত দুর্জ্জন দৃষ্ট-শ্রুত সঙ্গ।৫৯॥

### উৎপত্তি সূত্র। ১০

শ্রাবস্তীনিদান—তখন আয়ুষ্মান আনন্দ ভগবানের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক একপাশে বসিয়া বলিলেন—"ভন্তে, যাবৎ তথাগত বুদ্ধগণ সংসারে উৎপন্ন না হন তাবৎ অন্যতীর্থীয় পরিব্রাজকেরা পূজাসৎকার গৌরবসম্মান ও সেবাশুশ্রূষাদি লাভ করিয়া থাকে, তখন তাহারা চীবরপিণ্ডপাত শয়নাসন ও ঔষধপথ্যলাভী হয়। ভন্তে. আর যখন বুদ্ধগণ সংসারে জন্মগ্রহণ করেন তখনহইতে তীর্থীয় পরিব্রাজকগণের পূজাসৎকার গৌরবসম্মান ও সেবা

পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়-ভেসজ্জ-পরিক্খারানং; ভগবা য়েব দানি ভন্তে সক্কতো গরুকতো মানিতো পূজিতো অপচিতো লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানচ্চয়ভেসজ্জপরিক্খারানং ভিক্খুসঙ্ঘো চাতি। এবমেতং আনন্দ, য়াবকীবঞ্চ-পে-পরিক্খারানং, তথাগতোব দানি-পে-ভিক্খু সঙ্ঘোচাতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি:—

ওভাসতি তাব সো কিমি য়াব ন উন্নমতি পভঙ্করো,
বিরোচনম্হি উগ্গতে হতপ্পভো হোতি ন চাপি ভাসতি।
এবং ওভাসিতমেব তিত্থিয়ানং
য়াব সম্মাসম্বুদ্ধা লোকে নুপ্পজ্জন্তি,
ন তক্কিকা সুজ্ঝন্তি ন চাপি সাবকা
দুদ্দিট্‌ঠি ন দুক্খা পমুচ্চরেতি।৬০॥

তস্সুদ্দানং:—
আয়ু জটিলা বেক্‌খনা তয়ো চ তিত্থিয়া সুভূতি,
গণিকা উপাতি নবমো উপ্পজ্জন্তি চ তে দসাতি।

---

শুশ্রূষা লাভ কমিয়া যায় এবং চীবরপিণ্ডপাত শয়নাসন ও ঔষধ-পথ্য পায় না। এখন ভগবান ও ভিক্ষুসঙ্ঘই পূজাসৎকার পাইতেছেন, এবং মান সম্মান লাভ করিতেছেন। ভগবান বলিলেন, হে আনন্দ, তুমি ঠিকই বলিতেছ······পূর্ব্ববৎ। অনন্তর ঐ অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিয়াছিলেন:——

যতক্ষণ নাহি উঠে দেব প্রভঙ্কর ততক্ষণ খদ্যোতের জ্যোতি ধরাপর,
যখন উদিত হয় দেব বৈরোচন হতপ্রভ হয় যত খদ্যোত তখন;
সম্বুদ্ধ যাবৎ তথা না হন উদিত তাবৎ তীর্থীয়গণ হয় বিরোচিত,
শুদ্ধ নাহি হয় শিষ্য তার্কিকনিচয়, কুদৃষ্টি সম্পন্ন দুঃখ মুক্ত নাহি হয়।৬০॥

# চুল্-বগ্গো।

## ভদ্দিয়স্সুত্তং। ১

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন আয়স্মা সারিপুত্তো আয়স্মন্তং লকুণ্ঠকভদ্দিয়ং অনেক পরিয়ায়েন ধম্মিয়া কথায় সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি। অথ খো আয়স্মতো লকুণ্ঠক-ভদ্দিয়স্স আয়স্মতা সারিপুত্তেন অনেক পরিয়ায়েন ধম্মিয়া কথায় সন্দস্সিয়মানস্স সমাদপিয়মানস্স সমুত্তেজিয়মানস্স সম্পহংসিয়মানস্স অনুপাদায় আসবেহি চিত্তং বিমুচ্চি। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং লকুণ্ঠকভদ্দিয়ং আয়স্মতা সারিপুত্তেন অনেকপরিয়ায়েন ধম্মিয়া কথায় সন্দস্সিয়মানং সমাদপিয়মানং সমুত্তেজিয়মানং সম্পহংসিয়মানং অনুপাদায় আসবেহি চিত্তং বিমুত্তং। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

### ভদ্দিয় সূত্র। ১

শ্রাবস্তী-নিদান—তখন আয়ুষ্মান সারিপুত্ত আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয়কে অনেক প্রকারে অনিত্যাদি ধর্ম্ম প্রদর্শন করাইতেছিলেন, (লক্ষণ আরম্মণ) গ্রহণ করাইতেছিলেন, চিত্তবিশুদ্ধির জন্য উৎসাহিত ও ধর্ম্মরসাস্বাদনে সন্তুষ্ট করিতেছিলেন। ইহাতে আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয়ের চিত্ত আসবহইতে মুক্ত হইল। ভগবান বুদ্ধচক্ষে দেখিলেন—আয়ুষ্মান সারিপুত্ত আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয়কে অনেক প্রকারে ধর্ম্ম-দেশনা করিতেছেন, আর উহাতে তাঁহার চিত্ত আসবহইতে মুক্ত হইয়াছে। ঐ বিষয় জানিতে পারিয়া ভগবান তৎকলে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

উদ্ধং অধো চ সব্বধি বিপ্পমুত্তো
অয়মহমস্মীতি অনানুপস্সী,
এবং বিমুত্তো উদতারি ওঘং
অতিণ্ণপুব্বং অপুনব্ভবায়াতি ।৬১॥

## ২য় ভদ্দিয়-সুত্তং । ২

সাবত্থি-নিদানং—অথ খো আয়স্মা সারিপুত্তো আয়স্মন্তং লকুণ্ঠকভদ্দিয়ং সেখং মঞ্ঞমানো ভিয়্যোসোমত্তায় অনেকপরিয়ায়েন সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি । অদ্দসা খো ভগবা আয়স্মন্তং সারিপুত্তং আয়স্মন্তং লকুণ্ঠক ভদ্দিয়ং সেখং মঞ্ঞমানো ভিয়্যোসোমত্তায় অনেকপরিয়ায়েন ধম্মিয়া কথায় সন্দস্সেন্তং সমাদপেন্তং সমুত্তেজেন্তং সম্পহংসেন্তং । অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অচ্ছিজ্জি বট্টং ব্যাগা নিরাসং বিসুক্খা সরিতা ন সন্দতি,
ছিন্নং বট্টং ন বত্ততি এসেবন্তো দুক্খস্সাতি ।৬২॥

---

সুবিমুক্ত যিনি সর্ব্ব পাপ হ'তে উর্দ্ধে, অধে চারিভিতে,
এই আমি বলি না করি দর্শন এরূপে বিমুক্ত উত্তীর্ণ সেজন
মহা ওঘ যাহা তরেনি কখন পুনরায় না জন্মিতে ।৬১॥

## ২য় ভদ্দিয় সূত্র । ২

শ্রাবস্তীনিদান—তখন আয়ুষ্মান সারিপুত্ত আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয়কে শেখ মনে করিয়া বহুপ্রকারে ধর্ম্ম প্রদর্শন করিতে, গ্রহণ করাইতে, উৎসাহিত করিতে ও সন্তুষ্ট করিতে আরম্ভ করেন । আয়ুষ্মান সারিপুত্তকে তদ্রূপ ধর্ম্মদেশনা করিতে দেখিয়া ভগবান এতদর্থে তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন—

ভেঙেছে আবর্ত্ত প্রাপ্ত নিরবাণ শুষ্ক তৃষ্ণানদী—নাহি বহে,
ছিন্ন ঘুর্ণিপাক নাহি ঘুরে আর, যন্ত্রণার অন্ত তারে কহে ।৬২॥

## সত্তা-সুত্তং । ৩

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন সাবত্থিয়ং মনুস্সা য়েভুয়্যেন কামেসু অতিবেলং সত্তা হোন্তি রত্তা গিদ্ধা গথিতা মুচ্ছিতা অজ্ঝোপন্না সম্মত্তকজাতা কামেসু বিহরন্তি। অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সাবত্থিয়ং পিণ্ডায় পবিসিংসু, সাবত্থিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপ্পটিক্কন্তা য়েন ভগবা তেনুপ সঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং ঃ—ইধ ভন্তে সাবত্থিয়ং মনুস্সা য়েভুয়্যেন কামেসু অতিবেলং সত্তা হোন্তি রত্তা গিদ্ধা গথিতা মুচ্ছিতা অজ্ঝোপন্না সম্মত্তকজাতা কামেসু বিহরন্তীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

## আসক্তি সূত্র । ৩

শ্রাবস্তী-নিদান -- তৎকালে শ্রাবস্তীতে প্রায় লোকেরা অধিকক্ষণ কামাসক্ত, লুব্ধ, গ্রথিত, মূর্চ্ছিত ও কামকবলে পতিত হইয়া অতি প্রমত্তভাবে কাম পরিভোগ করিতে করিতে বিচরণ করিতেছিল। একদিন অনেকজন ভিক্ষু প্রাতঃকালে অন্তর্বাস পরিধান করিয়া পাত্র-চীবর গ্রহণপূর্ব্বক শ্রাবস্তীতে ভিক্ষায় প্রবেশ করিয়াছিলেন। পিণ্ডাচরণের পর বিহারে ফিরিয়া আসিয়া আহার-কৃত্য সমাপনপূর্ব্বক ভগবানের নিকট গমন করিলেন এবং তাঁহাকে বন্দনা করতঃ একপাশে বসিয়া বলিলেন ঃ—"ভন্তে, শ্রাবস্তীতে প্রায় লোকেরা অধিকক্ষণ কামাসক্ত···প্রমত্ত ভাবে কাম পরিভোগ করিতে করিতে বিচরণ করিতেছে। তাহা শুনিয়া ভগবান কামভোগের অপকারিতা বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

কামেসু সত্তা কামেসু সঙ্গা সংয়োজনে বজ্জমপস্সমানা
নহি জাতু সংয়োজনসঙ্গসত্তা ওঘং তরেয়্যুং বিপুলং মহন্তন্তি ।৬৩॥

## ২য় সত্তা-সুত্তং । ৪

সাবত্থি-নিদানং—তেন খো পন -পে- অজ্ঝোপন্না অন্ধিকতা সম্মত্তকজাতা কামেসু বিহরন্তি । অথ খো ভগবা পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সাবত্থিং পিণ্ডায় পাবিসি । অদ্দসা খো ভগবা সাবত্থিয়ং তে মনুস্সে য়েভুয়্যেন কামেসু সত্তে রত্তে গিদ্ধে গথিতে মুচ্ছিতে অজ্ঝোপন্নে অন্ধিকতে সম্মত্তকজাতে কামেসু বিহরন্তে. অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

কামন্ধা জালসঞ্ছন্না তণ্হা ছদনছাদিতা,
পমত্তবন্ধুনা বন্ধা মচ্ছাব কুমিনা মুখে,
জরামরণং গচ্ছন্তি বচ্ছো খীরপকোব মাতরন্তি ।৬৪॥

---

কামেতে আসক্ত কাম-সঙ্গরত দোষদর্শী নহে সংযোজনে,
তৃষ্ণাযুত জীব বিপুল বিশাল ওঘ অসমর্থ সন্তরণে ।৬৩॥

### ২য় আসক্তি সূত্র । ৪

শ্রাবস্তীনিদান—তৎকালে শ্রাবস্তীতে প্রায় লোকেরা কামে আসক্ত, যুক্ত, গৃধ্র, গ্রথিত, মূর্চ্ছিত কবলিত অন্ধ ও উন্মত্ত হইয়াছিল । ভগবান তাহা দেখিয়া তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

কামান্ধ মানবগণ পরিবৃত বাসনার জালে,
সমাচ্ছন্ন তৃষ্ণার ছাদনে,
আবদ্ধ নমুচি পাশে মৎস্য যথা কুমীন্ ভিতরে
ধায় জরা মরণ সদনে,
ক্ষীর পায়ী বৎস যথা যায় মাতৃ স্তনে ।৬৪॥

# লকুণ্ঠক-সুত্তং। ৫

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন আয়স্মা লকুণ্ঠক-ভদ্দিয়ো সম্বহুলানং ভিক্খূনং পিট্‌ঠিতো পিট্‌ঠিতো য়েন ভগবা তেনুপসঙ্কমি, অদ্দসা খো ভগবা আয়স্মন্তং লকুণ্ঠকভদ্দিয়ং দূরতোব সম্বহুলানং ভিক্খূনং পিট্‌ঠিতো পিট্‌ঠিতো আগচ্ছন্তং দুব্বণ্ণং দুদ্দসিকং ওকোটিমকং য়েভুয়্যেন ভিক্খূনং পরিভূতরূপং, দিস্বান ভিক্খূ আমন্তেসি ঃ—পস্সথ নো তুম্হে ভিক্খবে এতং ভিক্খুং দূরতোব সম্বহুলানং ভিক্খূনং পিট্‌ঠিতো পিট্‌ঠিতো আগচ্ছন্তং দুব্বণ্ণং দুদ্দসিকং ওকোটিমকং য়েভুয়্যেন ভিক্খূনং পরিভূতরূপন্তি ? 'এবং ভন্তেতি' এসো ভিক্খবে ভিক্খু মহিদ্ধিকো মহানুভাবো, ন চ সা সমাপত্তি সুলভরূপা য়া তেন ভিক্খুনা অসমাপন্নপুব্বা, য়স্স চত্থায় কুলপুত্তা সম্মদেব অগারস্মা অনগারিয়ং পব্বজন্তি, তদনুত্তরং ব্রহ্মচরিয়পরি-য়োসানং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ

---

## লকুণ্ঠক সূত্র। ৫

শ্রাবস্তী-নিদান—তৎকালে আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয় অনেকজন ভিক্ষুর পিছে পিছে আসিয়া ভগবানের সম্মুখে উপস্থিত হইলেন। ভগবান দুর্ব্বর্ণ, দুর্দ্দর্শ, বামন এবং প্রায় ভিক্ষুদের ঘৃণিত আয়ুষ্মান লকুণ্ঠকভদ্দিয়কে অনেক জন ভিক্ষুর পিছনে পিছনে আসিতে দেখিয়া ভিক্ষুগণকে সম্বোধন করিয়া বলিলেন ঃ—"ভিক্ষুগণ, তোমরা ঐ কুৎসিৎ, অদর্শনীয়, বামন, ঘৃণ্য ভিক্ষু-টিকে অনেকজন ভিক্ষুর পিছনে পিছনে আসিতে দেখিতেছ কি?" "হাঁ ভন্তে" "ভিক্ষুগণ এ' ভিক্ষুটি মহাঋদ্ধিমান ও মহাশক্তিশালী। সে পূর্ব্বে ধ্যান করে নাই এমন ধ্যান প্রায় পাওয়া যায় না। যাহার জন্য কুলপুত্রগণ আগার হইতে অনাগারে প্রব্রজিত হয়, ঐ ভিক্ষুটি সেই অনুত্তর ব্রহ্মচর্য্যের শেষ পদ ইহ জগতেই নিজে নিজে অভিজ্ঞান দ্বারা দর্শন ও লাভ করিয়া বিহার করিতেছে।"

বিহরতীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

নেলঙ্গো সেতপচ্ছাদো একারো বত্ততী রথো,
অনীঘং পস্স আয়ন্তং ছিন্নসোতং অবন্ধনন্তি। ৬৫॥

## তণ্হাখয়-সুত্তং। ৬

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন আয়স্মা অঞ্ঞ-কোণ্ডঞ্ঞো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় তণ্হাসঙ্খয়বিমুত্তিং পচ্চবেক্খমানো। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং অঞ্ঞকোণ্ডঞ্ঞং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় তণ্হাসঙ্খয়বিমুত্তিং পচ্চবেক্খমানং, অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

---

অতঃপর ভগবান তাহার গুণ বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন :—

পবিত্রতা অগ্রে করি' শুভ্র আবরণ পরি'
স্মৃতি রূপ এক গতি, রথ এক করে আগমন,
পাপহীন এক জন আসে কর দরশন,
ছিন্ন যার তৃষ্ণাস্রোত. বিমুক্ত যে সকল বন্ধন। ৬৫॥

### তৃষ্ণাক্ষয় সূত্র। ৬

শ্রাবস্তী-নিদান—তৎকালে ভগবান আয়ুষ্মান অঞ্ঞকোণ্ডঞ্ঞকে তাঁহার অনতিদূরে পদ্মাসনে সোজা শরীরে উপবেশনপূর্ব্বক তৃষ্ণাক্ষয়বিমুক্তি প্রত্যবেক্ষণ করিতে দেখিয়া এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন :—

যস্স মূলং ছমা নত্থি পণ্ণা নত্থি কুতো লতা
তং ধীরং বন্ধনা মুত্তং কো তং নিন্দিতুমরহতি,
দেবাপি নং পসংসন্তি ব্রহ্মুনপি পসংসিতোতি। ৬৬॥

## পপঞ্চখয়-সুত্তং। ৭

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন ভগবা অত্তনো পপঞ্চ-সঞ্ঞাসঙ্খাপহানং পচ্চবেক্খমানো নিসিন্নো হোতি। অথ খো ভগবা অত্তনো পপঞ্চ সঞ্ঞাসঙ্খা পহানং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

য়স্স পপঞ্চ ঠিতি চ নত্থি
বন্ধানং পলিঘঞ্চ বীতিবত্তো,
তং তং নিত্তণ্হং মুনিং চরন্তং
নাবজানাতি সদেবকোপি লোকোতি। ৬৭॥

---

মূল যার নাই, নাইক ধরা, পাতা নাই যার, কোথায় লতা
বন্ধন বিমুক্ত নিন্দিতে সে ধীরে কাহার আছে অত যোগ্যতা!
দেবগণও তাঁর করেন প্রশংসা, ব্রহ্মা ঘোষে তাঁর কীর্ত্তি-কথা। ৬৬॥

### প্রপঞ্চক্ষয় সূত্র। ৭

শ্রাবস্তীনিদান—তখন ভগবান স্বীয় পরিত্যক্ত প্রপঞ্চসংজ্ঞা প্রত্যবেক্ষণ করিতে করিতে উপবিষ্ট হইলেন, দেখিলেন, তাঁহার প্রপঞ্চ সংজ্ঞা পরিত্যক্ত হইয়াছে ভগবান সেই অর্থ বিদিত হইয়া তৎকালে এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন :—

প্রপঞ্চ বিহীন মুনি যেইজন স্থিতি নাহি যার সংসারে,
বন্ধন ছিঁড়িয়া প্রাচীর লঙ্ঘিয়া গিয়াছেন যিনি পরপারে,
এইরূপ মহা বিতৃষ্ণ মুনি জ্ঞান-ধ্যান- যোগে সঞ্চরে,
দেব ব্রহ্মা তাঁরে জানিতে না পারে, জানিবে তাঁহারে কোন্ নরে! ৬৭।

## কচ্চান-সুত্তং ।৮

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন আয়স্মা মহাকচ্চানো ভগবতো অবিদূরে নিসিন্নো হোতি পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় কায়গতায় সতিয়া অজ্ঝত্তং পরিমুখং সুপতিট্‌ঠিতায়। অদ্দসা খো ভগবা আয়স্মন্তং মহাকচ্চানং অবিদূরে নিসিন্নং পল্লঙ্কং আভুজিত্বা উজুং কায়ং পণিধায় কায়গতায় সতিয়া অজ্ঝত্তং পরিমুখং সুপতিট্‌ঠিতায়। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যস্স সিয়া সব্বদা সতি সততং কায়গতা উপট্‌ঠিতা,
নো চস্স নো চ মে সিয়া ন ভবিস্সতি ন চ মে ভবিস্সতি,
অনুপুব্ববিহারী তত্থ সো কালেনেব তরে বিসত্তিকন্তি।৬৮॥

## উদপান-সুত্তং ।৯

এবং মে সুতং একং সময়ং ভগবা মল্লেসু চারিকং চরমানো মহতা ভিক্খুসঙ্ঘেন সদ্ধিং য়েন থূনং নাম মল্লানং ব্রাহ্মণগামো তদ-

---

### কচ্চান সূত্র। ৮

শ্রাবস্তী-নিদান—তৎকালে আয়ুষ্মান মহাকচ্চান ভগবানের অনতিদূরে পদ্মাসনে সোজা শরীরে উপবেশনপূর্ব্বক আপনার দেহের উপর স্মৃতি রাখিয়া কর্ম্মস্থানে মনোনিবেশ করিলেন। ভগবান তাঁহাকে ঐ ভাবে বসিয়া থাকিতে দেখিলেন, এবং দেহের অপবিত্রতা ও বিশুদ্ধিলাভের সারবত্তাভূত অর্থ বিদিত হইয়া তখন এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

কায়ের বত্রিশ অশুচি বিষয় সদাই আছে ভাবনা যার,
"যদি না থাকিত তবে না হইত, যদি নাহি হবে হবে না আর"
সপ্ত বিদর্শন ক্রমে সে ভাবিয়া কালে হয় তৃষ্ণাসাগর পার।৬৮॥

### উদপান সূত্র। ৯

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান মল্লদেশে পরিভ্রমণ করিতে

বসরিং। অঞ্ঞোসুং খো থূনেয়্যকা ব্রাহ্মণগহপতিকা :- সমণো খলু ভো গোতমো সক্যপুত্তো সক্যকুলা পব্বজিতো মল্লেসু চারিকং চরমানো মহতা ভিক্খুসঙ্ঘেন সদ্ধিং থুনং অনুপ্পত্তোতি উদপানং তিণস্স ভুসস্স চ য়াব মুখতো পূরেসুং, মা তে মুণ্ডকা সমণকা পানীয়ং অপংসূতি। অথ খো ভগবা মগ্গা ওক্কম্ম য়েন অঞ্ঞতরং রুক্খমূলং তেনুপসঙ্কমি উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। নিসজ্জ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :—ইঙ্ঘ মে ত্বং আনন্দ এতম্হা উদপানা পানীয়ং আহরাতি। এবং বুত্তে আয়স্মা আনন্দো ভগবন্তং এতদবোচ :—ইদানি সো ভন্তে উদপানো থূনেয়্যকেহি ব্রাহ্মণগহপতিকেহি তিণস্স চ ভুসস্স চ য়াব মুখতো পূরিতো মা তে মুণ্ডকা সমণকা পানীয়ং অপংসূতি। দুতিয়ম্পি ততিয়ম্পি—পে—খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :—ইঙ্ঘ মে ত্বং আনন্দ এতম্হা উদপানা পানীয়ং আহরাতি। এবং ভন্তেতি খো আয়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা পত্তং গহেত্বা য়েন সো উদপানো তেনুপসঙ্কমি। অথ খো সো উদ-

---

করিতে বহু ভিক্ষুসঙ্ঘের সহিত থূন নামক মল্লদিগের ব্রাহ্মণগ্রামে উপস্থিত হন : থূনগ্রামের ব্রাহ্মণ ও গৃহস্থগণ শুনিলেন, শাক্যকুলহইতে প্রব্রজিত শ্রমণগোতম মল্লদেশে পরিভ্রমণ করিতে করিতে থূন গ্রামে পৌঁছিয়াছেন; তৎ শ্রবণে তাহারা 'সেই মুণ্ডক শ্রমণগণ জলপান না করুক' বলিয়া তৃণ ও ভূসির দ্বারা কূপের মুখ পর্য্যন্ত পূরাইয়া দিল। অনন্তর ভগবান রাস্তাহইতে নামিয়া সজ্জিত আসনে বসিলেন, তথায় বসিয়া আনন্দকে বলিলেন—"আনন্দ, ঐ কূপহইতে জল লইয়া আস। আনন্দ বলিলেন—ভন্তে, থূন গ্রামের ব্রাহ্মণ ও গৃহস্থগণ "মুণ্ডক শ্রমণেরা জল পান না করুক" বলিয়া তৃণ ও ভূসির দ্বারা সেই কূপের মুখ পর্য্যন্ত পূরাইয়া দিয়াছে। তথাপি ভগবান আরও দুইবার আনন্দকে তদ্রূপ আদেশ করিলেন। অবশেষে আনন্দ "আচ্ছা, ভন্তে" বলিয়া সম্মতি জানাইয়া পাত্র গ্রহণপূর্ব্বক সেই কূপের দিকে অগ্রসর হইলেন। আনন্দ কূপের দিকে আসিতে

পানো আয়স্মন্তে আনন্দে উপসঙ্কমন্তে সব্বং তং তিণঞ্চ ভুসঞ্চ মুখতো ওবমিত্বা অচ্ছস্স উদকস্স অনাবিলস্স বিপ্পসন্নস্স য়াব মুখতো পূরিতো বিস্সন্দন্তো মঞ্ঞে অট্ঠাসি। অথ খো আয়স্মতো আনন্দস্স এতদহোসি "অচ্ছরিয়ং বত ভো অব্ভুতং বত ভো তথাগতস্স মহিদ্ধিকতা মহানুভাবতা, অয়ং হি সো উদপানো ময়ি উপসঙ্কমন্তে সব্বং তং তিণঞ্চ ভুসঞ্চ মুখতো ওবমিত্বা অচ্ছস্স উদকস্স অনাবিলস্স বিপ্পসন্নস্স য়াব মুখতো পূরিতো বিস্সন্দন্তো মঞ্ঞে অট্ঠাসীতি পত্তেন পানীয়ং আদায় য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং এতদবোচঃ- অচ্ছরিয়ং ভন্তে অব্ভুতং ভন্তে তথাগতস্স মহিদ্ধিকতা মহানুভাবতা, অয়ং হি সো ভন্তে উদপানো ময়ি উপসঙ্কমন্তে সব্বং তং তিণঞ্চ ভুসঞ্চ মুখতো ওবমিত্বা অচ্ছস্স উদকস্স অনাবিলস্স বিপ্পসন্নস্স য়াব মুখতো পূরিতো বিস্সন্দন্তো মঞ্ঞে অট্ঠাসি, পিবতু ভগবা পানীয়ং পিবতু সুগতো পানীয়ন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসিঃ—

---

আসিতে সেই তৃণ ও ভূসি সকল মুখ বাহিয়া পড়িয়া গেল এবং স্বচ্ছ নির্ম্মল সু-পরিশুদ্ধ জলে কূপের মুখ পর্য্যন্ত পরিপূর্ণ হইয়া রহিল—যেন জল পার বাহিয়া পড়িবে। তাহা দেখিয়া আনন্দের মনে এইভাবের উদয় হইল,—কি আশ্চর্য্য! কি অদ্ভুত তথাগতের মহা ঋদ্ধি ও শক্তিমন্ততা !! আমি আসিতে আসিতে এই কূপটীর সকল তৃণ ও ভূসি মুখ বাহিয়া পড়িয়া গেল, আর উহা স্বচ্ছ নির্ম্মল সুপরিশুদ্ধ জলে মুখ পর্য্যন্ত এমনভাবে পরিপূর্ণ হইয়া রহিল—যেন পার বাহিয়া পড়িবে। তিনি পাত্র পূরাইয়া জল লইয়া ভগবানের নিকট গমন করিলেন। এবং ভগবানকে বলিলেন ঃ—ভন্তে কি আশ্চর্য্য! কি অদ্ভুত···ইত্যাদি (পূর্ব্ববৎ বর্ণনা করিয়া বলিলেন) হে ভগবন্, জলপান করুন! হে সুগত জলপান করুন। ভগবান এতদর্থ বিদিত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

কিং কয়িরা উদপানেন আপা চে সব্বদা সিয়ুং,
তণ্হায় মূলতো ছেত্বা কিস্স পরিয়েসনং চরেতি। ৬৯॥

---

## উদেন-সুত্তং। ১০

এবং মে সুতং একং সময়ং ভগবা কোসম্বিয়ং বিহরতি ঘোষিতা-রামে। তেন খো পন সময়েন রঞ্ঞো উদেনস্স উয্যানগতস্স অন্তেপুরং দড্ঢং হোতি, পঞ্চ ইত্থিসতানি কালঙ্কতানি হোন্তি সামাবতি পমুখানি। অথ খো সম্বহুলা ভিক্খূ পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরং আদায় কোসম্বিং পিণ্ডায় পবিসিংসু। কোসম্বিয়ং পিণ্ডায় চরিত্বা পচ্ছাভত্তং পিণ্ডপাতপটিক্কন্তা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো তে ভিক্খূ ভগবন্তং এতদবোচুং :—ইধ ভন্তে রঞ্ঞো

---

সর্ব্বত্র সতত পানীয় যাঁহার রয়েছে বিদ্যমান,
জলাশয়ে তাঁর কিবা প্রয়োজন?
করেছেন যিনি তৃষ্ণায় ছেদন
সমূলে, সেজন করিবেন আর কিবা অনুসন্ধান? ।৬৯॥

---

### উদেন সূত্র। ১০

আমি এইরূপ শুনিয়াছি, এক সময় ভগবান কৌশাম্বীতে ঘোষিতারামে বাস করিতেছিলেন। তৎকালে কৌশাম্বী-রাজ উদেন বাগানে গমন করিলে তাঁহার অন্তঃপুর আগুনে পুড়িয়া গিয়াছিল। উহাতে শ্যামাবতীপ্রমুখা পাঁচশত স্ত্রী পুড়িয়া মরিয়া গিয়াছিল। সেইদিন প্রাতে কতকগুলি ভিক্ষু পাত্র-চীবর গ্রহণ পূর্ব্বক কৌশাম্বীতে ভিক্ষায় প্রবেশ করিলেন। তথায় ভিক্ষা করা শেষ হইলে আহার-কৃত্য সমাপ্ত করিয়া তাঁহারা ভগবানের নিকট গমন করিলেন। তথায় গিয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক একপাশে বসিয়া বলিলেন :—"ভন্তে, রাজা

উদেনস্স উয্যানগতস্স অন্তেপুরং দড্ঢং, পঞ্চ ইত্থিসতানি কালঙ্কতানি সামাবতি পমুখানি, তাসং ভন্তে উপাসিকানং কা গতি কো অভিসম্পরায়োতি? সন্তেত্থ ভিক্খবে উপাসিকায়ো সোতাপন্না সন্তি সকদাগামিনিয়ো সন্তি অনাগামিনিয়ো। সব্বা তা ভিক্খবে উপাসিকায়ো অনিপ্ফলানি কালঙ্কতানীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

মোহ সম্বন্ধনো লোকো ভব্বরূপোব দিস্সতি,
উপধিসম্বন্ধনো বালো তমসা পরিবারিতো,
সস্সতি বিয় খায়তি পস্সতো নত্থি কিঞ্চনন্তি। ৭০॥

তস্সুদ্দানং ঃ—
দ্বে ভদ্দিয়া দ্বে চ সত্তা লকুণ্টক তণ্হাক্খয়ো,
পপঞ্চ-খয়ো চ কচ্চানো উদপানো উদেনোতি।

---

যখন বাগানে যায়, তখন তাঁহার অন্তপুর দগ্ধ হইয়া শ্যামাবতীপ্রমুখা পাঁচশত স্ত্রীলোকের মৃত্যু হয়। ভন্তে, সেই উপাসিকাগণের কি গতি হইয়াছে? তাহারা পরলোকে কোথায় জন্মগ্রহণ করিয়াছে? ভগবান বলিলেন ঃ— ভিক্ষুগণ, সেই উপাসিকাগণের মধ্যে কেহ কেহ স্রোতাপন্না, কেহ কেহ সকৃদাগামিণী, ও কেহ কেহ অনাগামিণী। ভিক্ষুগণ, সেই উপাসিকারা শ্রদ্ধাবতী। তাহাদের দেহত্যাগ নিষ্ফল হয় নাই। অনন্তর ভগবান এতদর্থ অবগত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

মোহযুক্ত এই জীবলোক, স্থায়ীরূপে হয় প্রকটিত;
স্কন্ধ-ক্লেশ-কামোপধি যোগে মূর্খ মোহ আঁধারে আবৃত।
নিত্য বলে বোধ হয় বটে, কিন্তু দেখ,—সকলি অনিত্য।৭০॥

# পাটলিগামিয় বগ্গো

## ১ম নিব্বান-সুত্তং । ১

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন ভগবা ভিক্খূ নিব্বান-পটিসঞ্ঞুত্তায় ধম্মিয়া কথায় সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি, তে চ ভিক্খূ অট্ঠিকত্বা মনসিকত্বা সব্বং চেতসো সমন্নাহরিত্বা ওহিতসোতা ধম্মং সুণন্তি অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অত্থি ভিক্খবে তদায়তনং, য়ত্থ নেব পঠবী ন আপো ন তেজো ন বায়ো ন আকাসানঞ্চায়তনং ন বিঞ্ঞাণঞ্চায়তনং ন আকিঞ্চঞ্ঞায়তনং ন নেবসঞ্ঞানাসঞ্ঞায়তনং নায়ং লোকো ন পরলোকো ন উভো

---

# পাটলিগ্রামীয় বর্গ

## ১ম নির্ব্বাণ সূত্র । ১

শ্রাবস্তী-নিদান—তখন ভগবান ভিক্ষুগণকে নির্ব্বাণ বিষয়ক ধর্ম্ম দেশনা করিতে, গ্রহণ করাইতে, ধর্ম্মাচরণের জন্য সম্যক ভাবে উত্তেজিত এবং অতি সন্তুষ্ট করিতেছিলেন। সেই ভিক্ষুগণও আগ্রহের সহিত মনোনিবেশপূর্ব্বক সর্ব্বান্তঃকরণে অবহিত হইতেছিলেন। নির্ব্বাণ-সংযুক্ত ধর্ম্মকথায় সেই ভিক্ষু-গণের আদর দেখিয়া ভগবান তৎকালে এই উদান উচ্চারণ করিলেন :—

আছে সেই ভিক্ষুগণ, হেন আয়তন
নাহি মাটি, জল, বায়ু, অগ্নি যার মাঝে,
আকাশ বিজ্ঞানাদি, ইহ পর লোক,

চন্দিমসূরিয়া, তত্রাপহং ভিক্খবে নেব আগতিং বদামি ন গতিং ন ঠিতিং ন উপ্পত্তিং, অপ্পতিট্‌ঠং অনারম্মণমেব তং, এসেবন্তো দুক্খস্‌সাতি। ৭১॥

## ২য় নিব্বান-সুত্তং। ২

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন ভগবা ভিক্খূ নিব্বান-পটিসঞ্ঞুত্তায় ধম্মিয়া কথায় সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি, তে চ ভিক্খূ অট্‌ঠিকত্বা মনসিকত্বা সব্বং চেতসো সমন্নাহরিত্বা ওহিতসোতা ধম্মং সুণন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

দুদ্দসং অনতং নাম নহি সচ্চং সুদস্সনং,
পটিবিদ্ধা তণ্হা জানতো পস্সতো নত্থি কিঞ্চনন্তি। ৭২॥

---

উভয় চন্দ্রমা সূর্য্য। ভিক্ষুগণ তায়
গমনাগমন নয়, নাই তাহা স্থিত
নাহি চ্যুতোৎপত্তি তার; অপ্রতিষ্ঠ তাহা
নিরালম্ব; দুঃখ হয় এখানেই শেষ। ৭১॥

### ২য় নির্ব্বাণ সূত্র। ২

[ গদ্যাংশ পূর্ব্ব সূত্রের ন্যায় ] তখন ভগবান এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

অনত নির্ব্বাণ সত্য, মানস নয়নে
দর্শন সহজ নহে, কষ্টে যায় দেখা,
ভেদ করি জ্ঞানে তৃষ্ণা ধ্যান বিদর্শনে
দূরীভূত হয় কাম কালিমার রেখা। ৭২॥

## ৩য় নিব্বান-সুত্তং । ৩

সাবত্থিনিদানং—তেন খো পন সময়েন ভগবা ভিক্খূ নিব্বান-পটিসঞ্ঞুত্তায় ধম্মিয়া কথায় সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি, তে চ ভিক্খূ অট্‌ঠিকত্বা মনসিকত্বা সব্বং চেতসো সমন্নাহরিত্বা ওহিতসোতা ধম্মং সুণন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অত্থি ভিক্খবে অজাতং অভূতং অকতং অসঙ্খতং, নোচেতং ভিক্খবে অভবিস্স অজাতং অভূতং অকতং অসঙ্খতং, নয়িদং জাতস্স ভূতস্স কতস্স সঙ্খতস্স নিস্সরণং পঞ্ঞায়েথ। যস্মা চ খো ভিক্খবে অত্থি অজাতং অভূতং অকতং অসঙ্খতং, তস্মা জাতস্স ভূতস্স কতস্স সঙ্খতস্স নিস্সরণং পঞ্ঞায়তীতি। ৭৩॥

## ৪র্থ নিব্বান সুত্তং । ৪

সাবত্থি-নিদানং—তেন খো পন সময়েন ভগবা ভিক্খূ নিব্বান-পটিসঞ্ঞুত্তায় ধম্মিয়া কথায় সন্দস্সেতি সমাদপেতি সমুত্তেজেতি সম্পহংসেতি, তে চ ভিক্খূ অট্‌ঠিকত্বা মনসিকত্বা সব্বং চেতসো সমন্নাহরিত্বা ওহিতসোতা ধম্মং সুণন্তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

---

### ৩য় নির্ব্বাণ সূত্র । ৩

[সূচনা প্রথম সূত্রের ন্যায়] তখন ভগবান এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন—

ভিক্ষুগণ, তেমন অমৃত আছে যাহা জন্ম, উৎপত্তি, সৃষ্টি এবং সংস্কারের অধীন নহে। যদি তেমন কিছু না থাকিত তবে এই জাত, উৎপন্ন, সৃষ্ট ও সংস্কৃত আত্মভাবের নিঃশরণ দৃষ্ট হইত না। জন্মাদি বিরহিত নির্ব্বাণ আছে বলিয়াই সঞ্জাত আত্মভাবের নিবৃত্তি দৃষ্ট হয়। ৭৩॥

নিস্সিতস্স চ চলিতং, অনিস্সিতস্স চলিতং নত্থি, চলিতে অসতি পস্সদ্ধি, পস্সদ্ধিয়া সতি রতি ন হোতি, রতিয়া অসতি আগতি গতি ন হোতি, আগতি গতিয়া অসতি চুতূপপাতো ন হোতি, চুতূপপাতে অসতি নেবিধ ন হুরং ন উভয়মন্তরে, এসেবন্তো দুক্খস্সাতি। ৭৪॥

## চুন্দ-সুত্তং। ৫

এবম্মে সুতং একং সময়ং ভগবা মল্লেসু চারিকং চর মানো মহতা ভিক্খুসঙ্ঘেন সদ্ধিং য়েন পাবা তদবসরি, তত্রসুদং ভগবা পাবায়ং বিহরতি চুন্দস্স কম্মারপুত্তস্স অম্ববনে। অস্সোসি খো

---

## ৪র্থ নির্ব্বাণ সূত্র। ৪

[ সূচনা প্রথম সূত্রের ন্যায় ] তখন ভগবান এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

তৃষ্ণা-দৃষ্টির অধীন ব্যক্তিরই চঞ্চলতা আসে। যিনি তৃষ্ণা ও মিথ্যাদৃষ্টি ত্যাগ করিয়াছেন কিছুতেই তাঁহার মনের চাঞ্চল্য উপস্থিত হয় না। চাঞ্চল্য না থাকিলে প্রশান্তি আসে। প্রশান্তি আসিলে কামরাগ দূরীভূত হয়। কামরাগ পরিত্যক্ত হইলে আর সংসারে আসিতে হয় না, তাই পুনপুনঃ জন্ম-মৃত্যু ও হয় না। যাহার জন্ম-মৃত্যু হইবে না সে ইহলোকেও নহে পরলোকেও নহে। এইরূপেই দুঃখের অবসান হয়। ৭৪॥

## চুন্দ সূত্র। ৫

আমি এইরূপ শুনিয়াছি—এক সময় ভগবান মল্লদেশে বহু ভিক্ষুসঙ্ঘের সহিত বিচরণ করিতে করিতে পাবা গ্রামের দিকে অগ্রসর হন। তথায় তিনি ‘চুন্দ’নামক স্বর্ণকার পুত্রের আম্রবনে বাস করেন। তাহা শুনিয়া চুন্দ ভগবানের

চুন্দো কম্মারপুত্তো ঃ— ভগবা কির মল্লেসু চারিকং চরমানো মহতা ভিক্খুসঙ্ঘেন সদ্ধিং পাবং অনুপ্পত্তো পাবায়ং বিহরতি মযহং অম্ববনেতি। অথ খো চুন্দো কম্মারপুত্তো য়েন ভগবা তেনুপসঙ্কমি উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নং খো চুন্দং কম্মারপুত্তং ভগবা ধম্মিয়া কথায় সন্দস্সেসি সমাদপেসি সমুত্তেজেসি সম্পহংসেসি। অথ খো চুন্দো কম্মারপুত্তো ভগবতা ধম্মিয়া কথায় সন্দস্সিতো সমাদপিতো সমুত্তেজিতো সম্পহংসিতো ভগবন্তং এতদবোচ ঃ-"অধিবাসেতু মে ভন্তে ভগবা স্বাতনায় ভত্তং সদ্ধিং ভিক্খুসঙ্ঘেনাতি"। অধিবাসেসি ভগবা তুণ্হীভাবেন। অথ খো চুন্দো কম্মারপুত্তো ভগবতো অধিবাসনং বিদিত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা পক্কামি। অথ খো চুন্দো কম্মারপুত্তো তস্সা রত্তিয়া অচ্চয়েন সকে নিবেসনে পণীতং খাদনীয়ং ভোজনীয়ং পটিয়াদাপেত্বা পহূতঞ্চ সূকরমদ্দবং ভগবতো কালং আরোচাপেসি ঃ- কালো ভন্তে নিট্ঠিতং ভত্তন্তি। অথ খো ভগবা পুব্বণ্হ-সময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদা সদ্ধিং ভিক্খুসঙ্ঘেন য়েন

---

নিকট আগমনপূর্ব্বক তাঁহাকে অভিবাদন করিয়াএকপাশে বসিল। একপাশে উপবিষ্ট স্বর্ণকারপুত্র চুন্দকে ভগবান সদ্ধর্ম্ম দান করিতে ও গ্রহণ করাইতে থাকেন এবং ধর্ম্মাচরণে তৎপর হইবার জন্য সমুত্তেজিত ও সন্তুষ্ট করেন। চুন্দ ধর্ম্ম বিদিত হইয়া সমুত্তেজিত ও সন্তুষ্ট চিত্তে ভগবানকে বলিল, ভন্তে ভগবন্, ভিক্ষুসঙ্ঘের সহিত আপনি আমার পুণ্যার্থ নিমন্ত্রণ গ্রহণ করুন।" ভগবান মৌনভাবে তাহার নিমন্ত্রণ গ্রহণ করিলেন। তদনন্তর ভগবান নিমন্ত্রণ গ্রহণ করিয়াছেন দেখিয়া চুন্দ আসন হইতে উঠিল এবং ভগবানকে বন্দনা ও প্রদক্ষিণ করিয়া চলিয়া গেল। সেই স্বর্ণকারপুত্র চুন্দ রাত্রি প্রভাত হইলে স্বীয় গৃহে উত্তম খাদ্য ভোজ্য ও প্রচুর 'সূকরমদ্দব' প্রস্তুত করিয়া ভগবানকে ভোজন-কাল জ্ঞাপনার্থ বলিল--'ভন্তে ভাত হইয়াছে, এখন আহারের সময় হইয়াছে।'

চুন্দস্স কম্মারপুত্তস্স নিবেসনং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি, নিসজ্জ খো ভগবা চুন্দং কম্মারপুত্তং আমন্তেসি ঃ— য়ং তে চুন্দ সূকরমদ্দবং পটিয়ত্তং, তেন মং পরিবিস, য়ং পনঞ্ঞং খাদনীয়ং ভোজনীয়ং পটিয়ত্তং তেন ভিক্খুসঙ্ঘং পরিবিসাতি। এবং ভন্তেতি খো চুন্দো কম্মারপুত্তো ভগবতো পটিস্সুত্বা য়ং অহোসি সূকরমদ্দবং পটিয়ত্তং তেন ভগবন্তং -পে- পরিবিসি। অথ খো ভগবা চুন্দং কম্মারপুত্তং আমন্তেসি ঃ- য়ং তে চুন্দ সূকরমদ্দবং অবসিট্ঠং তং সোব্ভে নিখণাহি। নাহং তং চুন্দ পস্সামি সদেবকে লোকে সমারকে সব্রহ্মকে সস্সমণব্রাহ্মণিয়া পজায় সদেবমনুস্সায়, য়স্স তং পরিভুত্তং সম্মা পরিণামং গচ্ছেয়্য অঞ্ঞত্র তথাগতেনাতি। এবং ভন্তেতি খো চুন্দো কম্মারপুত্তো ভগবতো পটিস্সুত্বা য়ং অহোসি সূকরমদ্দবং অবসিট্ঠং তং সোব্ভে নিখণিত্বা য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো চুন্দং কম্মার-

---

অনন্তর ভগবান পূর্ব্বাহ্ন সময়ে অন্তর্ব্বাস পরিধানপূর্ব্বক পাত্র-চীবর লইয়া ভিক্ষু সঙ্ঘের সহিত স্বর্ণকারপুত্র চুন্দের গৃহাভিমুখে গমন করিলেন। তথায় পৌঁছিয়া সজ্জিত আসনে উপবেশন পূর্ব্বক স্বর্ণকার-পুত্র চুন্দকে বলিলেন 'হে চুন্দ তুমি যে 'শূকরমদ্দব' প্রস্তুত করিয়াছ তাহা আমাকে পরিবেশন কর, আর অবশিষ্ট খাদ্য ভিক্ষুসঙ্ঘকে পরিবেশন কর। 'আচ্ছা ভন্তে' বলিয়া চুন্দ সজ্জিত 'শূকরমদ্দব' গুলি ভগবানকে পরিবেশন করিল এবং অবশিষ্ট খাদ্য-ভোজ্য ভিক্ষুসঙ্ঘকে পরিবেশন করিল। অনন্তর ভগবান বলিলেন "চুন্দ, অবশিষ্ট 'শূকরমদ্দব' গুলি গর্ত্তে পুতিয়া ফেল। শ্রমণ-ব্রাহ্মণ প্রজাবৃন্দ সহ সদেব-মার-ব্রহ্ম লোকে এমন আর কাহাকেও দেখিতেছি না, তথাগত ব্যতীত যে এই 'শূকরমদ্দব' খাইয়া জীর্ণ করিতে পারিবে।" "আচ্ছা ভন্তে" বলিয়া ভগবানের বাক্য প্রতিগ্রহণপূর্ব্বক চুন্দ অবশিষ্ট 'শূকরমদ্দব' গর্ত্তে পুতিয়া ফেলিল। তৎপর ভগবানের নিকট গিয়া তাঁহাকে বন্দনা করত এক পাশে বসিল। তখন একপার্শ্বে উপবিষ্ট স্বর্ণকার-

পুত্তং ভগবা ধম্মিয়া কথায় সন্দস্সেত্বা সমাদপেত্বা সমুত্তেজেত্বা সম্পহংসেত্বা উট্ঠায়াসনা পক্কামি। অথ খো ভগবতো চুন্দস্স কম্মার-পুত্তস্স ভত্তং ভুত্তাবিস্স খরো আবাধো উপ্পজ্জি লোহিতপক্খন্দিকা বাল্হা বেদনা বত্তন্তি মারণন্তিকা। তত্রসুদং ভগবা সতো সম্পজানো অধিবাসেসি অবিহঞ্ঞমানো। অথ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি ঃ— আয়ামানন্দ য়েন কুসিনারা তেনুপসঙ্কমিস্সামাতি। এবম্ভন্তেতি খো আয়স্মা আনন্দো ভগবতো পচ্চস্সোসি।

চুন্দস্স ভত্তং ভুঞ্জিত্বা কম্মারস্সাতি মে সুতং,
আবাধং সম্ফুসী ধীরো পবাল্হং মারণন্তিকং।
ভুত্তস্স চ সূকরমদ্দবেন ব্যাধি পবাল্হো উদপাদি সত্থুনো,
বিরিচ্চমানো ভগবা অবোচ গচ্ছামহং কুসিনারং নগরন্তি।

অথ খো ভগবা মগ্গা ওক্কম্ম য়েনঞ্ঞতরং রুক্খমূলং তেনুপসঙ্কমি উপসঙ্কমিত্বা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, ইঙ্ঘ ত্বং আনন্দ চতুগ্গুণং

---

পুত্র চুন্দকে ভগবান ধর্ম্মদেশনা করিলেন, উহা গ্রহণ করাইলেন এবং সমুত্তেজিত ও সন্তুষ্ট করিয়া আসনহইতে উত্থানপূর্ব্বক প্রস্থান করিলেন। চুন্দের অন্ন ভোজন করিয়া ভগবানের বিষম রোগ উৎপন্ন হইল। রক্তামাশয় হেতু এমন তীব্র পেটের বেদনা আরম্ভ হইল, যেন, কেবল মরণেই তাহার অবসান। ভগবান স্মৃতি ও জ্ঞানযোগে অনায়াসে উহা সহ্য করিতে লাগিলেন। তৎপর ভগবান আয়ুষ্মান আনন্দকে বলিলেন—এস আনন্দ, কুশীনারায় যাইব। "আচ্ছা ভন্তে" বলিয়া আয়ুষ্মান আনন্দ ভগবানের আদেশ প্রতিগ্রহণ করিলেন।

বেনে-সুত চুন্দ-অন্ন খাইয়া—শুনেছি আমি—
হয় ধীরে মহা রোগ বিষম, মরণগামী।
ভোজনে 'সূকর-মদ্দব' যোগে ব্যাধি সুভীষণ হইল শাস্তার,
ভেদ বারে বারে হইলে কহেন—'যাব কুশীনারা নগর মাঝার।'

অনন্তর ভগবান রাস্তাহইতে নামিয়া এক বৃক্ষমূলে গমন করিলেন এবং

সঙ্ঘাটিং পঞ্ঞাপেহি কিলন্তোস্মি নিসীদিস্সামীতি। এবম্ভন্তেতি খো আয়স্মা আনন্দো ভগবতো পটিস্সুত্বা চতুগ্গুণং সঙ্ঘাটিং পঞ্ঞাপেসি। নিসীদি ভগবা পঞ্ঞত্তে আসনে। নিসজ্জ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, ইঙ্ঘ মে আনন্দ পানীয়ং আহর, পিপাসিতোস্মি আনন্দ পিবিস্সামীতি। এবং বুত্তে আয়স্মা আনন্দো ভগবন্তং এতদবোচ ঃ- ইদানি ভন্তে পঞ্চমত্তানি সকটসতানি অতিক্কন্তানি, তং চক্কচ্ছিন্নং উদকং পরিত্তং লুলিতং আবিলং সন্দতি, অয়ং ভন্তে কুকুত্থা নদী অবিদূরে অচ্ছোদকা সাতোদকা সীতোদকা সেতকা সুপতিত্থা রমণীয়া এত্থ ভগবা পানীয়ঞ্চ পিবিস্সতি গত্তানি চ সীতিং করিস্সতীতি। দুতিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি ঃ- ইঙ্ঘ মে ত্বং আনন্দ পানীয়ং আহর, পিপাসিতোস্মি আনন্দ পিবিস্সামীতি। দুতিয়ম্পি -পে- সীতিং করিস্সতীতি। ততিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি ঃ— ইঙ্ঘ মে ত্বং আনন্দ পানীয়ং আহর, পিপাসিতোস্মি আনন্দ পিবিস্সামীতি। এবম্ভন্তেতি খো আয়স্মা

---

আয়ুষ্মান আনন্দকে বলিলেন—"আনন্দ, চারি ভাজ করিয়া সঙ্ঘাটি বিছাও"। "আচ্ছা ভন্তে" বলিয়া আয়ুষ্মান আনন্দ ভগবানের আদেশ গ্রহণ করিলেন এবং চারিভাজ করিয়া সঙ্ঘাটি বিছাইলেন। ভগবান উহাতে বসিয়া বলিলেন, "আনন্দ, আমার জন্য পানীয় জল আন। বড় পিপাসা হইয়াছে, একটু জল পান করিব" এইরূপ আদিষ্ট হইলে আয়ুষ্মান আনন্দ ভগবানকে বলিলেন, "ভন্তে, এখন পাঁচশত গাড়ী ঐ জলের উপর দিয়া গিয়াছে। সেই অল্প চক্রচ্ছিন্ন জল আলোলিত ও কর্দ্দমযুক্ত হইয়া বহিতেছে; ভন্তে, অনতিদূরে ঐ প্রসন্নসলিলা মধুরতোয়া শীতলোদকা কুকুত্থানদী — পঙ্কবিহীনা বিমল-বালুকা-ময়ী বলিয়া শ্বেতবর্ণবিশিষ্টা সুন্দর-তীর্থা ও রমণীয়া। তথায় ভগবান জল পান করিবেন এবং শরীর শীতল করিবেন।" কিন্তু পুনরায় ভগবান আয়ুষ্মান আনন্দকে সেই ক্ষুদ্র জলধারার জল আনিতে বলিলেন। তৃতীয়বারে আয়ুষ্মান আনন্দ 'আচ্ছা

আনন্দো ভগবতো পটিস্সুত্বা পত্তং গহেত্বা য়েন সা নদী তেনুপসঙ্কমি। অথ খো সা নদী চক্কচ্ছিন্না পরিত্তা লুলিতা সন্দমানা আয়স্মন্তে আনন্দে উপসঙ্কমন্তে অচ্ছা বিপ্পসন্না অনাবিলা সন্দতি। অথ খো আয়স্মতো আনন্দস্স এতদহোসি 'অচ্ছরিয়ং বত ভো অব্ভুতং বত ভো তথাগতস্স মহিদ্ধিকতা মহানুভাবতা, অয়ং হি সা নদী চক্কচ্ছিন্না পরিত্তা লুলিতা আবিলা সন্দমানা ময়ি উপসঙ্কমন্তে অচ্ছা বিপ্পসন্না অনাবিলা সন্দতীতি পত্তেন পানীয়ং আদায় য়েন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং এতদবোচ ঃ- অচ্ছরিয়ং ভন্তে অব্ভুতং ভন্তে তথাগতস্স মহিদ্ধিকতা মহানুভাবতা, অয়ং হি সা ভন্তে নদী চক্কচ্ছিন্না পরিত্তা লুলিতা সন্দমানা ময়ি উপসঙ্কমন্তে অচ্ছা বিপ্পসন্না অনাবিলা সন্দতি, পিবতু ভগবা পানীয়ং, পিবতু সুগতো পানীয়ন্তি। অথ খো ভগবা পানীয়ং অপায়ি।

অথ খো ভগবা মহতা ভিক্খুসংঘেন সদ্ধিং য়েন কুকুত্থা নদী তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা কুকুত্থং নদিং অজ্ঝোগহেত্বা নহাত্বা চ পিত্বা

---

ভন্তে' বলিয়া ভগবানের আদেশ শিরোধারণপূর্ব্বক পাত্রহস্তে সেই নদীর দিকে গমন করিলেন। তখন সেই চক্রচ্ছিন্না অল্পজলবিশিষ্টা আলোলিতা ময়লাযুক্ত হইয়া প্রবহমানা নদী আয়ুষ্মান আনন্দের আগমনের সঙ্গে সঙ্গে বিপ্রসন্না ও ময়লা হীনা হইয়া বহিতে লাগিল। তখন আয়ুষ্মান আনন্দ ভাবিলেন,—'কি আশ্চর্য্য! কি অদ্ভুত!! ভগবান তথাগতের কি মহতি ঋদ্ধি-শক্তি! এই সেই চক্রচ্ছিন্না অল্পজলবিশিষ্টা আলোলিতা ময়লাযুক্তহইয়া প্রবহমানা নদী আমার আগমনে স্বচ্ছ-বিমল-নির্ম্মল সলিলা হইয়া প্রবাহিত হইতেছে!' তিনি পাত্র পূরাইয়া জল লইলেন ও ভগবানের নিকট গিয়া পূর্ব্ববৎ ভগবানের গুণ বর্ণনা করিয়া বলিলেন—"ভগবন্, এখন আপনি জল পান করুন, হে সুগত, জল পান করুন।" অতঃপর ভগবান জল পান করিলেন।

অনন্তর ভগবান মহা ভিক্ষুসঙ্ঘের সহিত কুকুত্থনদীর দিকে গমন

চ পচ্চুত্তরিত্বা য়েন অম্বৰনং তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা আয়স্মন্তং চুন্দকং আমন্তেসি ঃ—ইঙ্ঘ মে ত্বং চুন্দক চতুগ্গুণং সঙ্ঘাটিং পঞ্ঞাপেহি, কিলন্তোস্মি চুন্দক নিপজ্জিস্সামীতি। এবং ভন্তেতি খো আয়স্মা চুন্দকো ভগবতো পটিস্সুত্বা চতুগ্গুণং সঙ্ঘাটিং পঞ্ঞাপেসি। অথ খো ভগবা দক্খিণেন পস্সেন সীহসেয়্যং কপ্পেসি পাদেন পাদং অচ্চাধায় সতো সম্পজানো উট্ঠানসঞ্ঞং মনসি করিত্বা। আয়স্মা পন চুন্দকো তত্থেব ভগবতো পুরতো নিসীদি।

গন্ত্বান বুদ্ধো নদিয়ং কুকুত্থং অচ্ছোদকং সাতোদকং বিপ্পসন্নং,
ওগাহি সত্থা সুকিলন্ত রূপো তথাগতো অপ্পটিমোধ লোকে !
নহাত্বা চ পীত্বা চুদতারি সত্থা পুরক্খতো ভিক্খুগণস্স মঙ্খে,
সত্থা পবত্তা ভগবাধ ধম্মে উপাগমি অম্বৰনং মহেসি।

---

করিলেন। তথায় পৌঁছিয়া ভগবান ঐ নদীতে অবতরণপূর্ব্বক স্নান ও জলপান করিলেন। তৎপর নদীহইতে উঠিয়া আমবাগানের দিকে গমন করিলেন। আমবাগানে আসিয়া আয়ুষ্মান চুন্দককে বলিলেন, চুন্দক, সঙ্ঘাটি ভাজ করিয়া আমাকে বিছাইয়া দাও, বড় ক্লান্ত হইয়াছি একটু শুইব। "আচ্ছা ভন্তে" বলিয়া আয়ুষ্মান চুন্দক ভগবানকে সম্মতি জানাইলেন এবং সঙ্ঘাটি চারিভাজ করিয়া বিছাইয়া দিলেন। তখন ভগবান পায়ের উপর পা রাখিয়া স্মৃতি-জ্ঞান যোগে দক্ষিণপার্শ্বে সিংহশর্য্যায় শয়ন করিলেন। আয়ুষ্মান চুন্দকও সেইস্থানে ভগবানের সম্মুখে বসিয়া রহিলেন।

যাইয়া সম্বুদ্ধ কুকুত্থ নদীতে—স্বচ্ছ বারি যার প্রসন্ন মধুর—
ক্লান্ত দেহে শাস্তা করিলেন স্নান তথাগত লোকে অপ্রতিম শূর।

স্নান পান করি' করি' আরোহণ
চলিলেন ভিক্ষুগণের সহিত,
ধর্ম্ম-প্রবর্ত্তক শাস্তা ভগবান
করেন মহর্ষি বনে আগমন।

আমন্তয়ি চুন্দকং নাম ভিক্খুং চতুগ্গুণং পত্থর মে নিপজ্জং,
সো চোদিতো ভাবিতত্তেন চুন্দো চতুগ্গুণং পত্থরি খিপ্পমেব,
নিপজ্জি সত্থা সুকিলন্তরূপো চুন্দোপি তত্থ পমুখে নিসীদীতি।

অথ খো ভগবা আয়স্মন্তং আনন্দং আমন্তেসি :- সিয়া খো পনানন্দ চুন্দস্স কম্মারপুত্তস্স কোচি বিপ্পটিসারং উপদহেয্য 'তস্স তে আবুসো চুন্দ অলাভা, তস্স তে আবুসো চুন্দ দুল্লদ্ধং, য়স্স তে তথাগতো পচ্ছিমং পিণ্ডপাতং ভুঞ্জিত্বা পরিনিব্বুতোতি।' চুন্দস্স আনন্দ কম্মার-পুত্তস্স এবং বিপ্পটিসারো পটিবিনোদেতব্বো :— তস্স তে আবুসো চুন্দ লাভা, তস্স তে সুলদ্ধং, য়স্স তে তথাগতো পচ্ছিমং পিণ্ডপাতং ভুঞ্জিত্বা পরিনিব্বুতো। সম্মুখা মেতং আবুসো চুন্দ ভগবতো সুতং সম্মুখা পটিগ্গহিতং, দ্বে মে পিণ্ডপাতা সমা সমফলা সমা সমবিপাকা অতিবিয় অঞ্ঞেহি পিণ্ডপাতেহি মহপ্ফলতরা চ মহানিসংসতরা চ। কতমে দ্বে? য়ঞ্চ পিণ্ডপাতং ভুঞ্জিত্বা

---

বলেন চুন্দক নামে শ্রমণেরে
—চারিভাজ করি' বিছাও সঙ্ঘাটি
শুইব,— আদেশে ভাবিত আত্মার
বিছাইল চুন্দ শীঘ্র ভাজ করে।
শুইলেন বুদ্ধ সুক্লান্ত শরীরে,
বসিলেন চুন্দ সম্মুখে শাস্তার।

অনন্তর ভগবান আয়ুষ্মান আনন্দকে বলিলেন—"হে আনন্দ, যদি কেহ চুন্দের অনুতাপ উৎপাদনের জন্য বলে—চুন্দ, তোমার কতই অলাভ, কতই কুক্ষণে তোমার জন্ম যে তথাগত সর্ব্বশেষে তোমার পিণ্ড ভোজন করিয়া পরিনির্ব্বাপিত হইয়াছেন—হে আনন্দ, তখন তুমি এই বলিয়া তাহার অনুতাপ দূর করিবে—বন্ধু চুন্দ, তোমার কত বড় লাভ। কি শুভ মুহূর্ত্তে তোমার এই মনুষ্য জন্ম লাভ হইয়াছে, যেহেতু তথাগত তোমারই শেষপিণ্ডপাত ভোজন করিয়া পরিনির্ব্বাপিত

তথাগতো অনুত্তরং সম্মাসম্বোধিং অভিসম্বুজ্ঝতি যঞ্চ পিণ্ডপাতং ভুঞ্জিত্বা তথাগতো অনুপাদিসেসায় পরিনিব্বান ধাতুয়া পরিনিব্বায়তি ইমে দ্বে পিণ্ডপাতা সমা সমফলা সমা সমবিপাকা অতিবিয় অঞ্ঞেহি পিণ্ডপাতেহি মহপ্ফলতরা চেব মহানিসংসতরা চ। আয়ুসংবত্তনিকং আয়স্মতা চুন্দেন কম্মারপুত্তেন কম্মং উপচিতং, বণ্ণসংবত্তনিকং পে- সগ্গসংবত্তনিকং—পে—সুখসংবত্তনিকং—পে— য়সসংবত্তনিকং— আধিপতেয্যসংবত্তনিকং আয়স্মতা চুন্দেন কম্মারপুত্তেন কম্মং উপচিতন্তি। চুন্দস্স আনন্দ কম্মারপুত্তস্স এবং বিপ্পটিসারো পটিবিনোদেতব্বোতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি :—

দদতো পুঞ্ঞং পবড্ঢতি সংয়মতো বেরং ন চীয়তি,
কুসলোব জহাতি পাপকং রাগদোসমোহক্খয়া পরিনিব্বুতো'তি।৭৫॥

---

হইয়াছেন। হে চুন্দ, আমি ভগবানের কাছে শুনিয়াছি তাঁহারি কাছে শিখিয়াছি যে দুইটী পিণ্ডপাতের ফল সমান, অপর পিণ্ডহইতে বেশী ফলপ্রদ—যাহার পিণ্ডপাত ভোজন করিয়া তথাগত অনুত্তর সম্যক্ সম্বোধি লাভ করেন এবং যাহার পিণ্ডপাত ভোজনান্তে তথাগত স্কন্ধোপধি নিঃশেষ করতঃ অনুপাদিশেষ পরিনির্ব্বাণ ধাতুতে পরিনির্ব্বাপিত হন। আয়ুষ্মান চুন্দ আয়ু-দায়ক কর্ম্ম সঞ্চয় করিয়াছ। সৌন্দর্য্য, সুখ, যশ ও স্বর্গদায়ক কর্ম্ম সঞ্চয় করিয়াছ—ঐরূপ বলিয়া স্বর্ণকারপুত্র চুন্দের অনুতাপ দূর করিবে। অনন্তর ভগবান দান-ফল শীল-গুণ এবং পূজালাভে তথাগতের যোগ্যতা এই ত্রিবিধ অর্থ অবগত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন :—

দাতা মানবের পুণ্য হয় প্রবর্দ্ধিত,
সংযমীর নহে কোন শত্রু উপচিত;
কৌশলী মানব ত্যজে যত অকুশল—
রাগ-দ্বেষ-মোহ ক্ষয়ে পরিনির্ব্বাপিত।৭৫॥

# পাটলি-সুত্তং । ৬

এবং মে সুতং একং সময়ং ভগবা মগধেসু চারিকং চরমানো য়েন পাটলিগামো তদবসরি। অস্সোস্সুং খো পাটলিগামিয়া উপাসকা ভগবা কির পাটলিগামং অনুপ্পত্তোতি। অথ খো পাটলিগামিয়া উপাসকা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদিংসু। একমন্তং নিসিন্না খো পাটলিগামিয়া উপাসকা ভগবন্তং এতদবোচুং:— অধিবাসেতু নো ভন্তে ভগবা আবসথাগারন্তি। অধিবাসেসি ভগবা তুণ্হীভাবেন। অথ খো পাটলিগামিয়া উপাসকা ভগবতো অধিবাসনং বিদিত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা য়েন আবসথাগারং তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা সব্বসন্থরিং আবসথাগারং সন্থরিত্বা আসনানি পঞ্ঞাপেত্বা উদকমণিকং পতিট্ঠাপেত্বা তেলপ্পদীপং আরোপেত্বা য়েন

---

আমি এইরূপ শুনিয়াছি — এক সময় ভগবান মগধরাজ্যে পর্য্যটন করিতে করিতে পাটলি গ্রামেরদিকে অগ্রসর হন পাটলিগ্রামের উপাসকেরা শুনিল যে তথায় ভগবান আসিয়াছেন। তখন তাহারা ভগবানের নিকট আসিয়া তাঁহাকে অভিবাদন করিল এবং একপার্শ্বে উপবেশনপূর্ব্বক নিবেদন করিল—ভগবন্, আপনি এই বাসগৃহ গ্রহণ করুন। ভগবান মৌনভাবে সম্মতি জানাইলেন। ভগবান সম্মত হইয়াছেন বুঝিতে পারিয়া তাহারা গাত্রোত্থান পূর্ব্বক ভগবানকে বন্দনা ও প্রদক্ষিণ করিল এবং ঐ বাসগৃহে গমনপূর্ব্বক উহার উপরে নীচে সর্ব্বত্র বিছানের চিত্র বিচিত্র চাটাই, সতরঞ্চ ও কোজবাদি লাগাইয়া ও বিছাইয়া দিল। মধ্যে মঙ্গলস্তম্ভের পার্শ্বে শ্রীমহা বুদ্ধাসন স্থাপন করিল। মধ্যস্থলের প্রাচীরের কাছে শ্রাবকগণের জন্য মহামূল্য আসন সজ্জিত করিয়া রাখিল। বড় বড় মণিময় কাচের জালা জলে পরিপূর্ণ করত ঐ সকলে সুগন্ধি ঢালিয়া দিল ও ফুল পল্লবের দ্বারা ঢাকিয়া স্থানে স্থানে সাজাইয়া রাখিল। স্থানে স্থানে তৈলের প্রদীপ জ্বালাইয়া দিল। তৎপর তাহারা

ভগবা তেনুপসঙ্কমিংসু, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং অট্‌ঠংসু। একমন্তং ঠিতা খো পাটলিগামিয়া উপাসকা ভগবন্তং এতদ-বোচুং ঃ- সব্বসন্থরিং সন্থতং ভন্তে আবসথাগারং আসনানি পঞ্ঞত্তানি উদকমণিকো পতিট্‌ঠাপিতো, তেলপ্পদীপো আরোপিতো, য়স্সদানি ভন্তে ভগবা কালং মঞ্ঞতীতি। অথ খো ভগবা নিবাসেত্বা পত্তচীবরং আদায় সদ্ধিং ভিক্খুসঙ্ঘেন য়েন আবসথাগারং তেনুপসঙ্কমি, উপ সঙ্কমিত্বা পাদে পক্খালেত্বা আবসথাগারং পবিসিত্বা মজ্ঝিমং থম্ভং নিস্সায় পুরত্থাভিমুখো নিসীদি। ভিক্খুসঙ্ঘোপি খো পাদে পক্খালেত্বা আবসথাগারং পবিসিত্বা মজ্ঝিমং থম্ভং নিস্সায় পুরত্থাভিমুখো নিসীদি ভগবন্তং য়েব পুরক্খত্বা। পাটলিগামিয়া পি খো উপাসকা পাদে পক্খালেত্বা আবসথাগারং পবিসিত্বা পুরত্থিমং ভিত্তিং নিস্সায় পচ্ছিমা-ভিমুখা নিসীদিংসু ভগবন্তং য়েব পুরক্খত্বা।

অথ খো ভগবা পাটলিগামিয়ে উপাসকে আমন্তেসি ঃ— পঞ্চিমে গহপতয়ো আদীনবা দুস্সীলস্স সীলবিপত্তিয়া, কতমে পঞ্চ?

---

ভগবানের নিকট গমন করতঃ তাঁহাকে অভিবাদন করিল এবং একপাশে দাঁড়াইয়া নিবেদন করিল-"ভন্তে, বাসগৃহে সর্ব্বত্র বিছানা ও আসন করা হইয়াছে, স্থানে স্থানে জল রাখা হইয়াছে, তৈল-প্রদীপ জ্বালান হইয়াছে। ভগবান যদি এখন তথায় আসিবার সময় হইয়াছে বলিয়া মনে করেন, তবে ভগবানের আগমন হউক।" অনন্তর ভগবান অন্তর্ব্বাস পরিধানপূর্ব্বক পাত্রচীবর লইয়া সেই বাসগৃহের দিকে যাত্রা করিলেন। তথায় পৌঁছিয়া পা ধুইয়া গৃহে প্রবেশ করিলেন। এবং মধ্যস্তম্ভের নিকটবর্ত্তী শ্রীমহা বুদ্ধাসনে পূর্ব্বমুখী হইয়া উপ-বেশন করিলেন। ভিক্ষুসঙ্ঘও পা ধুইয়া গৃহে প্রবেশ পূর্ব্বক ভগবানকে সম্মুখে রাখিয়া পূর্ব্ব প্রাচীরের পাশে পশ্চিমাভিমুখী হইয়া উপবেশন করিলেন। তদনন্তর ভগবান পাটলিগ্রামীয় উপাসকগণকে ধর্ম্ম দেশনা করিতে লাগিলেন ঃ-

গৃহপতিগণ, শীলবিপত্তি হেতু দুঃশীলের পাঁচটি অনর্থ ঘটে। সেই পাঁচটি কি কি?

ইধ গহপতয়ো দুস্সীলো সীলবিপন্নো পমাদাধিকরণং মহতিং ভোগ-জানিং নিগচ্ছতি, অয়ং পঠমো আদীনবো দুস্সীলস্স সীলবিপত্তিয়া। পুনচপরং গহপতয়ো দুস্সীলস্স সীলবিপন্নস্স পাপকো কিত্তিসদ্দো অব্ভু-গচ্ছতি, অয়ং দুতিয়ো আদীনবো দুস্সীলস্স সীলবিপত্তিয়া। পুনচপরং গহপতয়ো দুস্সীলো সীলবিপন্নো য়ঞ্ঞদেব পরিসং উপসঙ্কমতি য়দি খত্তিয়পরিসং য়দি ব্রাহ্মণপরিসং য়দি গহপতিপরিসং য়দি সমণপরিসং অবিসারদো উপসঙ্কমতি মঙ্কুভূতো, অয়ং ততিয়ো আদীনবো দুস্সীলস্স সীলবিপত্তিয়া। পুনচপরং গহপতয়ো দুস্সীলো সীলবিপন্নো সম্মুলেহো কালং করোতি, অয়ং চতুত্থো আদীনবো দুস্সীলস্স সীলবিপত্তিয়া। পুনচপরং গহপতয়ো দুস্সীলো সীলবিপন্নো কায়স্সভেদা পরংমরণা অপায়ং দুগ্গতিং বিনিপাতং নিরয়ং উপ্পজ্জতি অয়ং পঞ্চমো আদীনবো দুস্সীলস্স সীলবিপত্তিয়া। ইমে খো গহপতয়ো পঞ্চ আদীনবা দুস্সীলস্স সীলবিপত্তিয়া।

পঞ্চিমে গহপতয়ো আনিসংসা সীলবতো সীলসম্পদায়।

---

[১] হে গৃহপতিগণ, যে ব্যক্তি দুঃশীল, শীল ভগ্ন করে, প্রমাদ বশত তাহার ভোগ সম্পত্তি নাশ হইয়া যায়।

[২] দুঃশীলের অযশঃ অকীর্ত্তি চারিদিকে ছড়াইয়া পড়ে।

[৩] দুঃশীল ব্যক্তি ক্ষত্রিয়, ব্রাহ্মণ, গৃহপতি ও শ্রমণগণের সমিতি চতুষ্টয়ে মূকেরন্যায় অবিশারদ ভাবে গমন করে।

[৪] দুঃশীল ব্যক্তি মরণকালে মূর্চ্ছা যায়।

[৫] মরণের পর দুঃশীল সুখবিহীন দুর্গতিস্থানে ও নরকে জন্ম গ্রহণ করে।

হে গৃহপতিগণ, দুঃশীল শীল-সম্পত্তিশূন্য ব্যক্তির এই পাঁচটি অনর্থ ঘটিয়া থাকে।

হে গৃহপতিগণ, শীল পালন হেতু শীলবানের পাঁচটি ফল লাভ হইয়া

কতমে পঞ্চ ? ইধ গহপতয়ো সীলবা সীলসম্পন্নো অপ্পমাদাধিকরণং মহন্তং ভোগক্খন্ধং অধিগচ্ছন্তি, অয়ং পঠমো আনিসংসো সীলবতো সীল সম্পদায়। পুনচপরং গহপতয়ো সীলবতো সীলসম্পন্নস্স কল্যাণো কিত্তিসদ্দো অব্ভুগ্গচ্ছতি, অয়ং দুতিয়ো আনিসংসো সীলবতো সীলসম্পদায়। পুনচপরং গহপতয়ো সীলসম্পন্নো যঞ্ঞদেব পরিসং উপসঙ্কমতি যদি খত্তিয়পরিসং যদি ব্রাহ্মণপরিসং যদি গহপতি-পরিসং যদি সমণপরিসং বিসারদো উপসঙ্কমতি অমঙ্কুভূতো, অয়ং ততিয়ো আনিসংসো সীলবতো সীলসম্পদায়। পুনচপরং গহপতয়ো সীলবা সীলসম্পন্নো অসম্মুল্হো কালং করোতি, অয়ং চতুত্থো আনি-সংসো সীলবতো সীলসম্পদায়। পুনচপরং গহপতয়ো সীলবা সীল-সম্পন্নো কায়স্সভেদা পরম্মরণা সুগতিং সগ্গং লোকং উপ্পজ্জতি। অয়ং পঞ্চমো আনিসংসো সীলবতো সীলসম্পদায়। ইমে খো গহপতয়ো পঞ্চ আনিসংসা সীলবতো সীলসম্পদায়াতি।

---

থাকে। সেই পাঁচটি ফল কি কি ?

হে গৃহপতিগণ, শীলবানব্যক্তি অপ্রমত্ততার [বা কর্ত্তব্যে ভ্রমশূন্যতার] দ্বারা মহা ভোগ-সম্পত্তি লাভ করিয়া থাকে। ইহা শীলবানের শীল পালনের প্রথম পুরস্কার।

হে গৃহপতিগণ, পুনঃ শীলবান ব্যক্তি ক্ষত্রিয় ব্রাহ্মণাদি সমিতি চতুষ্টয়ে বাগ্মী ও বিশারদ হইয়া গমন করে। ইহা শীলবানের শীলপালনের দ্বিতীয় পুরস্কার।

হে গৃহপতিগণ, পুনঃ শীলবানের যশসুখ্যাতি সর্ব্বত্র ব্যাপ্ত হয়। ইহা শীলবানব্যক্তির শীলপালনের তৃতীয় পুরস্কার।

হে গৃহপতিগণ, পুনঃ শীলবানব্যক্তি সজ্ঞানে দেহত্যাগ করে। ইহা শীলবানব্যক্তির শীলপালনের চতুর্থ পুরস্কার।

অথ খো ভগবা পাটলিগামিয়ে উপাসকে বহুদেব রত্তিং ধম্মিয়া কথায় সন্দস্সেত্বা সমাদপেত্বা সমুত্তেজেত্বা সম্পহংসেত্বা উয্যোজেসি :— অভিক্কন্তা ভো গহপতয়ো রত্তি, যস্সদানি তুম্হে কালং মঞ্ঞথাতি। এবং ভন্তেতি খো পাটলিগামিয়া উপাসকা ভগবতো পটিস্সুত্বা উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা পক্কমিংসু। অথ খো ভগবা অচিরপক্কন্তেসু পাটলিগামিয়েসু উপাসকেসু সুঞ্ঞাগারং পাবিসি।

তেন খো পন সময়েন সুনীধবস্সকারা মগধমহামত্তা পাটলিগামে নগরং মাপেন্তি বজ্জীনং পটিবাহায়। তেন খো পন সময়েন সম্বহুলা দেবতা সহস্সেব পাটলিগামে বত্থূনি পরিগণ্হন্তি। যস্মিং পদেসে মহেসক্খা দেবতা বত্থূনি পরিগণ্হন্তি, মহেসক্খানং তত্থ রঞ্ঞং রাজমহামত্তানং চিত্তানি নমন্তি নিবেসনানি মাপেতুং। যস্মিং পদেসে মজ্ঝিমা দেবতা বত্থূনি পরিগণ্হন্তি মজ্ঝিমানং তত্থ রঞ্ঞং

---

হে গৃহপতিগণ, পুনঃ শীলবানব্যক্তি দেহত্যাগের পর স্বর্গে জন্ম গ্রহণ করে। ইহা শীলবানের শীলপালনের পঞ্চম পুরস্কার।

হে গৃহপতিগণ, শীলবানব্যক্তির শীলপালনহেতু এই পাঁচটি ফল লাভ হইয়া থাকে।

ভগবান উক্তপ্রকারে অনেক রাত্রি পর্য্যন্ত পাটলি গ্রামীয় উপাসকগণকে ধর্ম্মামৃত পান করাইলেন। এইরূপে তাহাদিগকে সমুত্তেজিত ও সন্তুষ্ট করিয়া বলিলেন :—হে গৃহপতিগণ রাত বেশী হইয়াছে, এখন তোমাদের যাইবার সময় হইয়াছে কিনা দেখ। পাটলিগ্রামীয় উপাসকগণ 'যে আজ্ঞা, ভন্তে' বলিয়া প্রত্যুত্তর দিল এবং আসনহইতে উঠিয়া ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া চলিয়া গেল। তাহারা চলিয়া গেলে ভগবান শূন্যাগারে প্রবেশ করিলেন।

তৎকালে মগধরাজের প্রধানমন্ত্রী সুনীধ এবং বস্সকার ব্রাহ্মণ বর্জ্জীদিগকে তাড়াইবার জন্য পাটলিগ্রামে নগর নির্ম্মাণ করিতেছিলেন। তখন

রাজমহামত্তানং চিত্তানি নমন্তি নিবেসনানি মাপেতুং। য়স্মিং পদেসে নীচা দেবতা বত্থূনি পরিগণ্হন্তি, নীচানং তত্থ রঞ্ঞং রাজমহামত্তানং চিত্তানি নমন্তি নিবেসনানি মাপেতুং। অদ্দসা খো ভগবা দিব্বেন চক্খুনা বিসুদ্ধেন অতিক্কন্তমানুসকেন তা দেবতায়ো সহস্সেব পাটলিগামে বত্থূনি পরিগণ্হন্তিয়ো। য়স্মিং পদেসে—পে—মাপেতুং। অথ খো ভগবা পচ্চূসসময়ে পচ্চুট্ঠায় আয়স্মন্তং আনন্দং আমন্তেসি, কে নুখো আনন্দ পাটলিগামে নগরং মাপেন্তীতি ? 'সুনীধ বস্সকারা ভন্তে মগধমহামত্তা পাটলিগামে নগরং মাপেন্তি' বজ্জীনং পটিবাহায়াতি।' সেয়্যথাপি আনন্দ দেবেহি তাবতিংসেহি সদ্ধিং মন্তেত্বা, এবমেব খো আনন্দ এবমেব খো আনন্দ সুনীধবস্সকারা মগধমহামত্তা পাটলিগামে নগরং মাপেন্তি বজ্জীনং পটিবাহায়। ইধাহং আনন্দ অদ্দসং দিব্বেন চক্খুনা -পে- মাপেতুং, য়াবতা আনন্দ আয়তনং য়াবতা বণিপ্পথো ইদং অগ্গনগরং ভবিস্সতি পাটলিপুত্তং পুটভেদনং। পাটলি

---

প্রতিদলে এক হাজার করিয়া দেবতা সীমা নির্দ্দেশ করিতেছিলেন। যেখানে মহাশক্তিশালী দেবগণ স্থান প্রদর্শন করিতেছিলেন রাজা ও রাজমহামন্ত্রীগণের সে স্থলে বাসগৃহ নির্ম্মাণ করিতে ইচ্ছা হইতেছিল। তদ্রূপ মধ্যম দেবগণের নির্দ্দেশিত স্থান মধ্যম মন্ত্রী ও রাজ কর্ম্মচারীগণের, হীন দেবগণের নির্দ্দেশিত স্থান নিম্নশ্রেণীর রাজমন্ত্রী ও রাজ কর্ম্মচারিগণের পছন্দ হইতেছিল। ভগবান মনুষ্যচক্ষুর অতীত বিশুদ্ধ দিব্যচক্ষে উহা দেখিলেন। রাত্রি প্রভাত হইলে প্রত্যুষকালে উঠিয়া ভগবান আয়ুষ্মান আনন্দকে বলিলেন :—হে আনন্দ, কে পাটলীগ্রামে নগর প্রস্তুত করিতেছে ? 'ভন্তে, সুনীধ বস্‌সকার ব্রাহ্মণ বজ্জী দিগকে তাড়াইবার জন্য নগর প্রস্তুত করিতেছে।' 'হে আনন্দ, আমি মনুষ্য চক্ষুর অতীত বিশুদ্ধ দিব্যচক্ষে দেখিতে পাইলাম প্রতি দলে এক হাজার করিয়া দেবতা গৃহের সীমা নির্দ্দেশ করিতেছে—যেন তাবতিংস দেবগণ তাহাদের পরামর্শ দাতা। তন্মধ্যে মহাশক্তিশালী ··· পছন্দ হইতেছিল। হে আনন্দ

পুত্তস্স খো আনন্দ তয়ো অন্তরায়া ভবিস্সন্তি অগ্গিতো বা উদকতো বা মিথুভেদতো বাতি।

অথ খো সুনীধবস্সকারা মগধমহামত্তা য়েন ভগবা তেনুপসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা ভগবতা সদ্ধিং সম্মোদিংসু, সম্মোদনীয়ং কথং সারাণীয়ং বীতিসারেত্বা একমন্তং অট্ঠংসু। একমন্তং ঠিতা খো সুনীধবস্সকারা মগধ মহামত্তা ভগবন্তং এতদবোচুং, 'অধিবাসেতু নো ভন্তে অজ্জতনায় ভত্তং সদ্ধিং ভিক্খুসঙ্ঘেনাতি।' অধিবাসেসি ভগবা তুণ্হীভাবেন। অথ খো সুনীধবস্সকারা মগধমহামত্তা ভগবতো অধিবাসনং বিদিত্বা য়েন সকো আবসথো তেনুসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা সকে আবসথে পনীতং খাদনীয়ং ভোজনীয়ং পটিয়াদাপেত্বা ভগবতো কালং আরোচাপেসুং 'কালো ভো গোতম নিট্ঠিতং ভত্তন্তি।' অথ খো ভগবা পুব্বণ্হসময়ং নিবাসেত্বা পত্তচীবরমাদায় সদ্ধিং ভিক্খু

---

পাটলিগ্রাম যেরূপ বিশাল এবং বানিজ্যের সুবিধাজনক স্থান দেখিতেছি— ভবিষ্যতে ইহা মহানগরে পরিণত হইবে। ইহার নাম হইবে পাটলিপুত্র। অন্যত্র দুর্লভ দ্রব্য সামগ্রীও এই স্থানে পাওয়া যাইবে। হে আনন্দ পাটলি পুত্রের তিনটি অন্তরায় হইবে। ইহার কতেকাংশ অগ্নির দ্বারা জ্বলিয়া যাইবে কতেকাংশ গঙ্গানদী ভাঙ্গিয়া লইয়া যাইবে, আর কতেকাংশ কলহবিবাদের দ্বারা বিনষ্ট হইবে।

অনন্তর মগধ-মহামাত্র সুনীধ ও বস্‌সকার ভগবানের সহিত সাদরসম্ভাষণ ও সদালাপ করতঃ এক প্রান্তে দাঁড়াইয়া বলিলেন ঃ—হে গৌতম আপনি ভিক্ষুসঙ্ঘের সহিত অদ্য আমাদের নিমন্ত্রণ গ্রহণ করুন। ভগবান মৌনভাবে সম্মতি জ্ঞাপন করিলেন। ভগবান নিমন্ত্রণ গ্রহণ করিয়াছেন দেখিয়া মগধ-মহামাত্র সুনীধ ও বস্‌সকার স্বগৃহাভিমুখে প্রস্থান করিলেন। তাঁহারা ঘরে যাইয়া উৎকৃষ্ট খাদ্য-ভোজ্য প্রস্তুত করাইলেন। তৎপর ভগবানকে বেলা জ্ঞাপনার্থ বলিলেন—হে গৌতম, রন্ধন শেষ হইয়াছে এখন আপনি আসিলে ভাল হয়। অতঃপর ভগবান পূর্ব্বাহ্নসময়ে অন্তর্ব্বাস পরিধান করতঃ পাত্র-চীবর

সঙ্ঘেন যেন সুনীধবস্সকারানং মগধমহামত্তানং আবসথো তেনুপসঙ্কমি উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি। অথ খো সুনীধবস্সকারা মগধমহামত্তা বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সহত্থা সন্তপ্পেসুং সম্পবারেসুং। অথ খো সুনীধবস্সকারা মগধমহামত্তা ভগবন্তং ভুত্তাবিং ওনীতপত্তপাণিং অঞ্ঞতরং নীচং আসনং গহেত্বা একমন্তং নিসীদিংসু, একমন্তে নিসিন্নে খো সুনীধবস্সকারে মগধ-মহামত্তে ভগবা ইমাহি গাথাহি অনুমোদি :—

যস্মিং পদেসে কপ্পেতি বাসং পণ্ডিতজাতিয়ো
সীলবন্তেত্থ ভোজেত্বা সঞ্ঞতে ব্রহ্মচারিয়ে,

যা তত্থ দেবতা আসুং তাসং দক্খিণমাদিসে
তা পূজিতা পূজয়ন্তি মানিতা মানয়ন্তি নং;

---

লইয়া ভিক্ষুসঙ্ঘের সহিত মগধ-মহামাত্র সুনীধ বস্‌সকারদের গৃহাভিমুখে অগ্রসর হইলেন। তথায় সজ্জিত আসনে বসিলেন। তৎপর মগধ-মহামাত্র সুনীধবস্‌সকারেরা বুদ্ধপ্রমুখ ভিক্ষুসঙ্ঘকে স্বহস্তে সন্তর্পিত ও সম্প্রবারিত করিলেন। ভোজনাবসানে ভগবান পাত্র রাখিয়া দিলে সুনীধবস্‌সকার অন্য একখানি নীচ আসন লইয়া ভগবানের কাছে একপার্শ্বে বসিলেন। তখন ভগবান তাঁহাদিগকে বলিলেন—

শীলবান সুসংযত ব্রহ্মচারিগণে
ভোজন প্রদানি' পুণ্য করে সম্প্রদান
পণ্ডিতজাতীয় নর গৃহ দেবতায়।
দেবগণ পুণ্য লভি' হইয়া পূজিত,
তারে ও পালন করে; হয়ে সম্মানিত
তাহারে সম্মান করে, করে অনুগ্রহ,
মাতা যথা গর্ভজাত সন্তানের প্রতি।

ততো নং অনুকম্পন্তি মাতা পুত্তংব ওরসং
দেবতানুকম্পিতো পোসো সদা ভদ্রানি পস্সতীতি।

অথ খো ভগবা সুনীধবস্সকারানং মগধমহামত্তানং ইমাহি গাথাহি অনুমোদিত্বা উট্ঠায়াসনা পক্কামি। তেন খো পন সময়েন সুনীধবস্সকারা মগধমহামত্তা ভগবন্তং পিট্ঠিতো পিট্ঠিতো অনুবদ্ধা হোন্তি 'য়েনজ্জ সমণো গোতমো দ্বারেন নিক্খমিস্সতি তং গোতমদ্বারং নাম ভবিস্সতি য়েন তিত্থেন গঙ্গং নদিং তরিস্সতি তং গোতমতিত্থং নাম ভবিস্সতীতি। অথ খো ভগবা য়েন দ্বারেন নিক্খমি তং গোতমদ্বারং নাম অহোসি. অথ খো ভগবা য়েন গঙ্গানদী তেনুপসঙ্কমি। তেন খো পন সময়েন গঙ্গানদী পূরা হোতি সমতিত্থিকা কাকপেয়্যা। অপ্পেকচ্চে মনুস্সা নাবং পরিয়েসন্তি, অপ্পেকচ্চে উলুম্পং পরিয়েসন্তি, অপ্পেকচ্চে কুল্লং বন্ধন্তি অপরাপারং গন্তুকামা। অথ খো ভগবা সেয়্যথাপি নাম

---

দেবতার অনুকম্পা পায় যেইজন,
সেই জন করে সদা মঙ্গল দর্শন।

ভগবান উক্ত গাথার দ্বারা মগধ-মহামাত্র সুনীধবস্সকারের দান অনু-মোদন করিয়া গাত্রোত্থান পূর্ব্বক প্রস্থান করিলেন। 'অদ্য যেই দ্বার দিয়া শ্রমণ গৌতম বাহির হইবেন উহার নাম গৌতমদ্বার রাখা হইবে, যেই স্থান দিয়া গঙ্গানদী পার হইবেন উহার নাম গৌতমতীর্থ রাখা হইবে' এই উদ্দেশ্যে মগধ মহামাত্র সুনীধবস্সকারও ভগবানের পশ্চাদনুসরণ করিতে লাগিলেন। তখন গঙ্গানদী জলে পরিপূর্ণ—এতই পরিপূর্ণ যে কাক তীরে বসিয়া অনায়াসে উহার জল পান করিতে পারে। নদী পার হইবার জন্য কেহ কেহ নৌকা অনুসন্ধান করিতে লাগিল, আর কেহ কেহ গাছের বা বাঁশের ভেলা প্রস্তুত করিতে লাগিল। কিন্তু ভগবান বলবান পুরুষের বাহুচালনার সময়ের মত অল্পসময়ের মধ্যে ভিক্ষুসঙ্ঘেরসহিত গঙ্গানদীর সেই তীরে অদৃশ্য হইয়া পরতীরে আবির্ভূত হইলেন। ভগবান দেখিলেন—মানুষেরা নদী পার হইবার জন্য কেহ কেহ নৌকা

বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা বাহং পসারেয্য পসারিতং বা বাহং সম্মিঞ্জেয্য এবমেবং গঙ্গায় নদিয়া ওরিমতীরে অন্তরহিতো পারিমতীরে পচ্চুট্ঠাসি সদ্ধিং ভিক্খুসঙ্ঘেন। অদ্দসা খো ভগবা তে মনুস্সে অপ্পেকচ্চে নাবং পরিয়েসন্তে, অপ্পেকচ্চে উলুম্পং পরিয়েসন্তে, অপ্পেকচ্চে কুল্লং বন্ধন্তে অপরাপারং গন্তুকামে। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যে তরন্তি অণ্ণবং সরং সেতুং কত্বান বিসজ্জ পল্ললানি,
কুল্লং হি জনো পবন্ধতি তিণ্ণা মেধাবিনো জনাতি। ৭৬॥

## দ্বিধাপথ-সুত্তং। ৭

এবং মে সুতং একং সময়ং ভগবা কোসলেসু অদ্ধানমগ্গপটিপন্নো হোতি আয়স্মতা নাগসমালেন পচ্ছাসমণেন। অদ্দসা খো আয়স্মা নাগসমালো অন্তরামগ্গে দ্বিধাপথং দিস্বান ভগবন্তং এতদবোচ 'অয়ং ভন্তে ভগবা পন্থো, ইমিনা গচ্ছামা'তি। এবং বুত্তে ভগবা

---

অনুসন্ধান করিতেছে ও কেহ কেহ গাছের বা বাঁশের ভেলা প্রস্তুত করিতেছে ভগবান তখন এতদর্থ বিদিত হইয়া এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গ সেতু যাঁরা করেন তৈয়ার,
স্পর্শ না করি তাঁরা শৈবাল পল্বল—
তরীবিনা পার হন তৃষ্ণা-সর ভব পারাবার;
লোকে মাত্র বাঁধে ভেলা, জ্ঞানীরাই হয়েছেন পার। ৭৬॥

---

### দ্বিধাপথসূত্র। ৭

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান আয়ুষ্মান নাগসমালকে অনুগামী করিয়া কোশলদেশে এক দীর্ঘপথ অতিক্রম কতিতেছিলেন। আয়ুষ্মান নাগসমাল দেখিলেন, পথিমধ্যে দুই রাস্তা দুইদিকহইতে আসিয়া একস্থানে মিলিত হইয়াছে। তখন ভগবানকে বলিলেন—'ভন্তে, এইপথে যাইতে হইবে।'

আয়স্মন্তং নাগসমালং এতদবোচ, 'অয়ং নাগসমাল পন্থো, ইমিনা গচ্ছামাতি। দুতিয়ম্পি খো -পে- ততিয়ম্পি খো আয়স্মা নাগসমালো ভগবন্তং এতদবোচ 'অয়ং ভন্তে পন্থো ইমিনা গচ্ছামাতি' ততিয়ম্পি খো ভগবা আয়স্মন্তং নাগসমালং এতদবোচ ঃ- 'অয়ং নাগসমাল পন্থো ইমিনা গচ্ছামাতি। অথ খো আয়স্মা নাগসমালো ভগবতো পত্তচীবরং তত্থেব ছমায় নিক্খিপিত্বা পক্কামি 'ইধ ভন্তে ভগবা পত্ত চীবরন্তি।' অথ খো আয়স্মতো নাগসমালস্স তেন পন্থেন গচ্ছন্তস্স অন্তরামগ্গে চোরা নিক্খমিত্বা হত্থেহি বা পাদেহি বা আকোটেসুং পত্তঞ্চ ভিন্দিংসু সঙ্ঘাটিঞ্চ বিপ্ফালেসুং। অথ খো আয়স্মা নাগ সমালো ভিন্নেন পত্তেন বিপ্ফালিতায় সঙ্ঘাটিয়া য়েন ভগবা তেনুপ-সঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি, একমন্তং নিসিন্নো খো আয়স্মা নাগসমালো ভগবন্তং এতদবোচ ঃ-ইধ মযহং ভন্তে তেন পন্থেন গচ্ছন্তস্স অন্তরামগ্গে চোরা নিক্খমিত্বা হত্থেহি চ পাদেহি চ আকোটেসুং পত্তঞ্চ ভিন্দিংসু সঙ্ঘাটিঞ্চ বিপ্ফালেসুন্তি।

---

ভগবান অপর রাস্তাটী দেখাইয়া বলিলেন—'নাগসমাল, এইটিই পথ, এই পথে যাইব। দুইবার—তিনবার তাঁহাদের মধ্যে এইরূপ বলাবলি হইল, শেষে আয়ুষ্মান নাগসমাল ভগবানের পাত্র-চীবর পথিমধ্যে রাখিয়া 'ভন্তে, পাত্র-চীবর এখানে রহিল' বলিয়া চলিয়া গেল। সেইপথে যাইবার সময় মধ্যপথে আয়ুষ্মান নাগসমালকে ডাকাতে আক্রমণ করিল। ডাকাতেরা আয়ুষ্মান নাগসমালের হাত পা ভাঙ্গিয়া দিল, পাত্রটি ভাঙ্গিয়া ফেলিল এবং সঙ্ঘাটী খানি ছিঁড়িয়া ফেলিল। তখন আয়ুষ্মান নাগসমাল ভাঙ্গা পাত্র ও ছেঁড়া চীবর লইয়া ভগবানের কাছে আসিলেন এবং তাঁহাকে বন্দনা করতঃ একপাশে বসিয়া বলিলেন ঃ— ভন্তে, সেই পথে যাইবার সময় গুপ্তস্থানহইতে ডাকাতে আক্রমণ করিয়া আমার হাত পা ভাঙ্গিয়া দিয়াছে. পাত্রটিও ভাঙ্গিয়া ফেলিয়াছে এবং সঙ্ঘাটীখানিও ছিঁড়িয়া দিয়াছে। অসতের সহিত মিশিলে ঐরূপ দুর্দ্দশা ভোগ করিতে হয়.

অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

সদ্ধিং চরমেকতো বসং মিস্সো অঞ্ঞজনেন বেদগূ,
বিদ্বা পজহাতি পাপকং কোঞ্চো খীরপকোব নিন্নগন্তি। ৭৭॥

## বিসাখা-সুত্তং

এবং মে সুতং একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি পুব্বারামে মিগারমাতু পাসাদে। তেন খো সময়েন বিসাখায় মিগারমাতুয়া নত্তা কালঙ্কতা হোতি পিয়া মনাপা। অথ খো বিসাখা মিগারমাতা অল্লবত্থা অল্লকেসা দিবা দিবস্স যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভি-বাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো বিসাখং মিগারমাতরং ভগবা এতদবোচ ঃ- হন্দ কুতোনু ত্বং বিসাখে আগচ্ছসি, অল্লবত্থা অল্লকেসা ইধূপসঙ্কন্তা দিবা দিবস্সাতি। নত্তা মে ভন্তে পিয়া মনাপা কালঙ্কতা,

---

কিন্তু পণ্ডিতসহবাসে কোন বিপদে পড়িতে হয়না, এই অর্থ বিদিত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

করিয়া মূর্খের সনে পণ্ডিত বিহার
জ্ঞানযোগে সর্ব্বপাপ করি' পরিহার
ক্রৌঞ্চ যথা নীর ত্যজি' ক্ষীর করে পান,
সেইরূপ পাপত্যাগ করেম বিদ্বান। ৭৭॥

আমি এইরূপ শুনিয়াছি—একসময় ভগবান শ্রাবস্তীর পূর্ব্বারামে মিগার-মাতা বিসাখার প্রাসাদে বাস করিতেছিলেন। তৎকালে মিগারমাতা বিসাখার এক অতি আদরের পৌত্রীর মৃত্যু হয়। সেই দিন বিসাখা দিনদুপুরে ভিজা কাপড়ে ভিজা চুলে ভগবানের কাছে উপস্থিত হইলেন। তিনি ভগবানকে বন্দনা করতঃ এক পাশে বসিলে ভগবান তাঁহাকে বলিলেন—বিসাখে তুমি

তেনাহং অল্লবথা অল্লকেসা ইধূপসঙ্কন্তা দিবা দিবস্সাতি। ইচ্ছেয়্যাসি ত্বং বিসাখে য়াবতিকা সাবত্থিয়া মনুস্সা তাবতিকে পুত্তে চ নত্তারো চাতি। ইচ্ছেয়্যাহং ভগবা য়াবতিকা সাবত্থিয়ং মনুস্সা তাবতিকে পুত্তে চ নত্তারোচাতি কীব বহুকা পন বিসাখে সাবত্থিয়া মনুস্সা দেবসিকং কালং করোন্তি। দসপি ভন্তে সাবত্থিয়া মনুস্সা দেবসিকং কালং করোন্তি, নবপি অট্ঠপি -পে- একোপি ভন্তে সাবত্থিয়া মনুস্সা দেবসিকং কালং করোন্তি, অবিবিত্তা ভন্তে সাবত্থিয়া মনুস্সেহি কালং করোন্তেহি। তং কিং মঞ্ঞসি বিসাখে অপিনু ত্বং কদাচি করহচি অনল্লবথা বা ভবেয়্যাসি অনল্লকেসা বাতি। নোহেতং ভন্তে, অলং মে ভন্তে তাব বহুকেহি পুত্তেহি চ নত্তারেহি চাতি। য়েসং খো বিসাখে সতং পিয়ানি সতং তেসং দুক্খানি। য়েসং নবুতি পিয়ানি -পে- য়েসং একং পিয়ং একং তেসং দুক্খং, য়েসং নত্থি পিয়ং

---

কোথাহইতে ভিজা কাপড়ে ভিজা চুলে দিনদুপুরে এখানে আসিয়াছ ?

বিসাখা।—ভন্তে, আমার অতি আদরের এক পৌত্রী মারা গিয়াছে। তাই আমি ভিজা কাপড়ে ভিজা চুলে দিনদুপুরে এখানে আসিয়াছি।

ভগবান।—বিসাখে, তুমি শ্রাবস্তীতে যত মনুষ্য আছে, ততটি পুত্র পৌত্র চাও কি ?

বিসাখা—হাঁ ভন্তে,শ্রাবস্তীতে যত মনুষ্য আছে আমি ততটি পুত্র পৌত্র চাই।

ভগবান।—বিসাখে, শ্রাবস্তীতে দৈনিক কত লোকের মৃত্যু হয় ?

বিসাখা—ভন্তে, শ্রাবস্তীতে দৈনিক দশজনও মরে নয়জনও মরে। আট সাত, ছয়, পাঁচ, চারি, তিন, দুইজনও মরে অন্ততঃ দৈনিক একজন হইলেও মরে। ভন্তে, শ্রাবস্তীতে লোক মরে না এমন দিন নাই।

ভগবান। বিসাখে, তবে তুমি কি আশা কর যে কখনও তুমি শুষ্ক বসনে শুষ্ক কেশে থাকিতে পারিবে ?

বিসাখা—ভন্তে, তত বেশী পুত্র পৌত্রে আমার প্রয়োজন নাই।

ভগবান।—বিসাখে, যাহাদের একশত প্রিয় বস্তু আছে তাহাদের একশত

নত্থি তেসং দুক্খং, অসোকা তে বিরজা অনুপায়াসাতি বদামীতি।
অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

যে কেচি সোকা পরিদেবিতা বা দুক্খা চ লোকস্মিং অনেকরূপা
পিয়ং পটিচ্চ ভবন্তি এতে পিয়ে অসন্তে ন ভবন্তি এতে।
তস্মা হি তে সুখিনো বীতসোকা যেসং পিয়ং নত্থি কুহিঞ্চি লোকে
তস্মা অসোকং বিরজং পত্থয়ানো পিয়ং নকয়িরাথ কুহিঞ্চি লোকে।৭৮॥

## ১ম দব্ব-সুত্তং। ৯

এবং মে সুতং একং সময়ং ভগবা রাজগহে বিহরতি বেলুবনে কলন্দকনিবাপে। অথ খো আয়স্মা দব্বো মল্লপুত্তো যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি একমন্তং নিসিন্না খো আয়স্মা দব্বো মল্লপুত্তো ভগবন্তং এতদবোচ ঃ- পরিনিব্বানকালো মে দানি সুগতাতি। 'যস্স ত্বং দানি দব্ব কালং

---

দুঃখ। ( উক্ত প্রকারে নব্বই আশি আদি করিয়া এক পর্য্যন্ত আনিতে হইবে। ) যাহাদের একটিও প্রিয়বস্তু নাই তাহাদের দুঃখও নাই। তাহারা অশোক নিষ্পাপ ও উপায়াস শূন্য বলিয়া আমার অভিমত। অনন্তর এই প্রিয়বিচ্ছেদদুঃখ জনিত অর্থ অবগত হইয়া ভগবান তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

যাহা কিছু শোক বিলাপ দুঃখ অনেক প্রকার অবনীতে
প্রিয় হেতু হয় সবি উদয় প্রিয়হীনে নারে জনমিতে।
তারা বীতশোক তাহারা সুখী যারা প্রিয়হীন ত্রিভুবনে,
তাই যদি চাও নির্ম্মল নির্ব্বাণ করিও না প্রেম কারো সনে।৭৮॥

### ১ম দব্বসূত্র। ৭৯

রাজগৃহ—বেণুবন-নিদান। তৎকালে মল্লপুত্র আয়ুষ্মান দব্ব ভগবানের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক একপাশে উপবেশন করতঃ বলিলেন—'হে সুগত, এখন আমার পরিনির্ব্বাপিত হওয়ার সময় হইয়াছে।'

মঞ্ঞসীতি। অথ খো আয়স্মা দব্বো মল্লপুত্তো উট্ঠায়াসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্খিণং কত্বা বেহাসং অব্ভুগন্ত্বা আকাসে অন্তলিক্খে পল্লঙ্কেন নিসীদিত্বা তেজোধাতুং সমাপজ্জিত্বা বুট্ঠহিত্বা পরিনিব্বায়ি। অথ খো আয়স্মতো দব্বস্স মল্লপুত্তস্স বেহাসং -পে- পরিনিব্বুতস্স সরীরস্স ঝায়মানস্স নেব ছারিকা পঞ্ঞায়িত্থ ন মসি। সেয়্যথাপি নাম সপ্পিস্স বা তেলস্স বা ঝায়মানস্স ডযহমানস্স নেব ছারিকা পঞ্ঞায়তি ন মসি এবমেব খো আয়স্মতো দব্বস্স মল্লপুত্তস্স -পে- ন মসীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অভেদি কায়ো নিরোধি সঞ্ঞা বেদনা বীতিরহিংসু সব্বা,
বূপসমিংসু সঙ্খারা বিঞ্ঞাণং অত্থমাগমাতি।৭৯॥

## ২য় দব্ব-সুত্তং। ১০

সাবত্থি-নিদানং—তত্র খো ভগবা ভিক্খূ আমন্তেসি ঃ ভিক্খবোতি, ভদন্তেতি তে ভিক্খূ ভগবতো পচ্চস্সোসুং, ভগবা

---

ভগবান তথাস্তু বলিয়া অনুমতি দিলেন। তখন আয়ুষ্মান দব্ব আসন হইতে উঠিয়া ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করিলেন। তৎপর আকাশে উঠিয়া শূন্যের উপর পদ্মাসনে বসিলেন এবং তেজকসিন ভাবনা করিয়া ধ্যানহইতে উত্থান পূর্ব্বক পরিনির্ব্বাপিত হইলেন। তখন তাঁহার শব-দেহ ধ্যানাগ্নিতে দগ্ধ হইতেছিল, কিন্তু আশ্চর্য্যের বিষয় উহার ছাই কিংবা মসী দেখা যাইতেছিল না। অনন্তর এতদর্থ বিদিত হইয়া ভগবান তখন এই প্রীতিগাথা উচ্চারণ করিলেন—

ভাঙিল শরীর, নিবিল সংজ্ঞা, বেদনা অন্তর্হত
সকলি, প্রশান্ত হল সংস্কার, বিজ্ঞান অস্তমিত।৭৯॥

**২য় দব্বসূত্র। ৮০**

শ্রাবস্তী-নিদান — তৎকালে ভগবান ভিক্ষুগণকে সম্বোধন করিয়া বলিলেন—ভিক্ষুগণ! 'ভদন্ত' বলিয়া তাঁহারা প্রত্যুত্তর দিলেন। ভগবান

এতদবোচ ঃ—দব্বস্স ভিক্খবে মল্লপুত্তস্স বেহাসং অব্ভুগন্ত্বা আকাসে অন্তলিক্খে পল্লঙ্কেন নিসীদিত্বা তেজোধাতুং সমাপজ্জিত্বা বুট্ঠহিত্বা পরিনিব্বুতস্স সরীরস্স ঝায়মানস্স ডযহমাস্স নেব ছারিকা পঞ্ঞায়িত্থ ন মসি, সেয়্যথাপি নাম সপ্পিস্স বা তেলস্স বা ঝায়মানস্স নেব ছারিকা পঞ্ঞায়তি ন মসি, এবমেব খো ভিক্খবে দব্বস্স মল্লপুত্তস্স -পে· ন মসীতি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি ঃ—

অয়োঘন হতস্সেব জলতো জাতবেদসো
অনুপুব্বূপসন্তস্স য়থা ন ঞ্ঞায়তে গতি,
এবং সম্মা বিমুত্তানং কামবন্ধোঘ তারিনং
পঞ্ঞাপেতুং গতি নত্থি পত্তানং অচলং সুখন্তি। ৮০ ॥

---

বলিতে লাগিলেন ঃ—মল্লপুত্র দব্ব যখন আকাশে পদ্মাসনে উপবেশনপূর্ব্বক 'তেজকসিন' ধ্যানইইতে উঠিয়া পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিল, তখন তাহার মৃতদেহ দগ্ধ হইবার সময় ভস্মও দেখা গিয়াছিল না মসীও দেখা গিয়াছিল না। ভিক্ষুগণ, যেমন ঘৃত কিংবা তৈল দগ্ধ হইবার সময় ভস্মও দেখা যায় না, মসীও দেখা যায় না, তদ্রূপ দব্ব মল্লপুত্রেরও আকাশে উঠিয়া পদ্মাসনে উপবেশনপূর্ব্বক তেজ কসিন ভাবনা করতঃ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইবার সময় তাহার জ্বলন্ত মৃত দেহের ভস্মও দেখা গিয়াছিল না, মসীও দেখা গিয়াছিল না। অনন্তর ভগবান এতদর্থ অবগত হইয়া তৎকালে এই প্রীতি-গাথা উচ্চারণ করিলেন ঃ—

তপ্ত অয়শাগ্নি যথা নিভে যায় মুদ্গার প্রহারে
ক্রমে ক্রমে, গেল কোথা নারে কেহ জানিতে উহারে;
সম্যক্ বিমুক্ত হেন তীর্ণ যাঁরা কাম বন্যাজল
নির্দ্দেশিতে নাই গতি, লাভীদের সুখ অচঞ্চল। ৮০॥

নিব্বানা চতুরো বুত্তা চুন্দো. পাটলিগামিয়া
দ্বিধা পথো বিসাখা চ দব্বেন সহ তে দসাতি

**সমাপ্ত**

# পরিশিষ্ট।

## উদানট্‌ঠকথাহইতে সংগৃহীত
## পরমার্থ প্রদীপ।

# বোধি-বর্গ।

১। **উদানং**—প্রীতিবেগ হইতে উত্থিত গদ্য বা পদ্যময়ী ভাব বিকাশ। **এবম্মেসুতং**—( ভগবান যাঁহাকে ধর্ম্ম-অর্থ ব্যাকরণাদিতে অভিজ্ঞ বলিয়া প্রশংসা করিয়াছেন সেই আয়ুষ্মান আনন্দস্থবির বলিতেছেন ) মৎকর্ত্তৃক এরূপ শ্রুত। পটিচ্চ সমুপ্পাদ—কারণ-ফল ধর্ম্ম। **অনুলোমং**—উৎপত্তি পরম্পরা। **অবিজ্জা**—মোহ, চতুরার্য্য সত্যে অজ্ঞতা। **সঙ্খারা**—লৌকিক কুশলাকুশল কর্ম্ম চেতনা। উহা তিন প্রকার, পুঞ্ঞাভিসঙ্খারা অপুঞ্ঞাভি সঙ্খারা আনেঞ্জাভি সঙ্খারা। **বিঞ্ঞাণং**—পুনর্জন্ম গ্রহণ কারী চিত্ত। **নামং**—বেদনা, সংজ্ঞাও সংস্কার স্কন্ধ। **রূপং**—মাটি জল অগ্নি ও বায়ু এবং উহাদের সংমিশ্রনে উৎপন্ন বস্তুর নাম রূপ। **ছলায়তনং**—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, কায় ও মন। **ফস্‌সো**—ছয় আয়তনের সহিত রূপ শব্দাদি ছয় বিষয়ের স্পর্শ। **বেদনা** সুখ দুঃখাদি অনুভূতি। **তণ্‌হা**—কামতৃষ্ণা, ভবতৃষ্ণা ও বিভবতৃষ্ণা ( বিনষ্ট হইবার ইচ্ছা )। **উপাদান**—তৃষ্ণার চরম পরিণতি, যখন মনে হয় আমি বাঞ্ছিত বিনা ভিন্ন নহি। উহা চারি প্রকার ১। কাম, ২। দৃষ্টি, ৩। শীলব্রত-গ্রহণ, ৪। আত্মবাদ। **শ্রদ্ধা আদি**—সন্দেহ পরিত্যাগের জন্য শ্রদ্ধা প্রথম উৎপন্ন হয়, তাই 'শ্রদ্ধা আদি…' এই ভাবে অনূদিত।

২। **পটিলোমং**—নিরোধ পরম্পরা।

৩। **মারসেনং**—কাম, অরতি, তন্দ্রালস্য তৃষ্ণা, সন্দেহ, ক্ষুধাপিপাসা, পরগুণ মর্দ্দনাভিলাষ ও মিথ্যালব্ধ যশাদি।

৪। **উস্‌সদা**—সর্ব্বদা পাপ স্রবিত হয় বলিয়া রাগ, দ্বেষ, মোহ, মান ও দৃষ্টি এই পাঁচটির নাম 'উৎসদা'।

৫। **সংয়োজন**—দশবিধ সংয়োজন যথা :—সক্কায়দিট্ঠি, বিচিকিচ্ছা, শীলব্বতপরামাসো, কামরাগো, পটিঘো ,রূপরাগো, অরূপরাগো, মানো, উদ্ধচ্চং অবিজ্জা।

৬। **অঞ্ঞাতং**—অভিঞ্ঞাতং, অভিজ্ঞাত অর্থাৎ অরহত। উহার অন্য অর্থ, যিনি লাভ সংকার পাইবার জন্য বিশ্বে পরিচিত হইতে চাহেন না, সেইরূপ অজ্ঞাত। **খীনাসবং**—ক্ষীণাশ্রব। আসব চারি প্রকার—কামাসব, ভবাসব, দৃষ্টাসব ও অবিদ্যাসব।

৭। **সকেসু ধম্মেসু**—স্বীয় আত্মভাব নামে আখ্যাত রূপাদি পঞ্চ উপাদান স্কন্ধে। **পারগু**—পরিজ্ঞান, ত্যাগ, সাক্ষাৎকার ও ভাবনার পরিপূর্ণতা প্রাপ্ত হইয়া পারগত।

৮। **সঙ্গা**—রাগ, দ্বেষ, মোহ, মান ও দৃষ্টি এই পাঁচটির দ্বারা জীবগণ একে অন্যের সহিত সঙ্গবদ্ধ হয় বলিয়া উহাদের নাম 'সঙ্গ'।

৯। **সচ্চং**—মিথ্যা বাক্য বিরতি—সত্য, চতুরার্য্য সত্য এবং পরমার্থ সত্য বা অভিধর্ম্ম। **ধম্মো**—আর্য্য মার্গ ও ফল।

১০। **তমো তথ নবিজ্জতি**—সাধারণ লোকেরা চন্দ্র সূর্য্যাদির অভাবে নির্ব্বাণ নিত্য অন্ধকার বলিয়া মনে করিবে এই আশঙ্কায় ভগবান বলিতেছেন যে নির্ব্বাণে অন্ধকারও নাই।

---

# মুচলিন্দ-বর্গ।

---

১। **বিবেক**—উপধি বিবেক বা নির্ব্বাণ। **তুট্ঠস্স**—স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী ও অরহত্বমার্গ সন্তোষের দ্বারা সন্তুষ্ট চিত্ত ব্যক্তির। কবিতায় "তুষ্টের বিবেক সুখ" এই ভাবে গদ্য করিয়া অর্থ গৃহীতব্য। **পস্সতো**—জ্ঞান চক্ষুর দ্বারা দর্শন কারীর। **অব্যাপজ্জং**—ক্রোধশূন্যতা।

২। **উপট্ঠান সালায়ং**—ধর্ম্ম সভা মণ্ডপে। **ধম্মী বা কথা**—চতুরার্য্য সত্য ধর্ম্মের অবহির্ভূত কথা। **অরিয়ো তুণ্হীভাবো**—একান্ত হিতাবহ,

বিশুদ্ধ, উত্তম আর্য্যতুষ্ণী ভাব। ধ্যানের দ্বারা মৌনভাবালম্বন। **দিবিয়ং সুখং**—দিব্য বিহার ভাবনারত ব্রহ্মা এবং রূপ সমাপত্তি সমাপন্ন মনুষ্য-গণের সুখ ও দিবিয়ং সুখং শব্দের অর্থে গৃহীতব্য।

৩। **বিহিংসতি**—দুঃখ প্রদান করে। **পেচ্চ**—পরলোকে। **সুখ মেসানো**—সুখান্বেষণ কালে।

৪। **পরতো দহেথ**—অমুকের দ্বারা আমার এইরূপ সুখ বা এতই দুঃখ উৎপন্ন হইল ইত্যাদি প্রকারে পরের ঘাড়ে চাপানও উচিত নয়। **উপধি**—রূপ বেদনাদি পঞ্চ স্কন্ধ।

৫। **ন হোন্তি**—নাই, তৃষ্ণার দ্বার আমার বলিয়া গৃহীত হয় নাই। **সঙ্খতধম্মস্স**—যাহার কর্ত্তব্য শেষ হইয়াছে। স্রোতাপত্তি মার্গে দুঃখের পরিজ্ঞা, সমুদয়ের পরিত্যাগ, নিরোধের সাক্ষাৎকার ও আর্য্য অষ্টাঙ্গিক মার্গ ভাবনা এই চারিটি কায, তদ্রূপ সকৃদাগামী, অনাগামী এবং অরহত্ত্ব মার্গেও চারি চারিটি করিয়া ১৬টি কর্ত্তব্য যাহার সমাপ্ত হইয়াছে।

৬। **বেদগুনো**—যে অরিয়মগ্গ ঞাণ সঙ্খাতং বেদং গতা অধিগতা তেন চ বেদেন নিব্বাণং গতাতি বেদগুনো। আর্য্য মার্গ জ্ঞান রূপ 'বেদ' বা সন্তুষ্টি যাঁহাদের অধিগত, এবং সেই সন্তোষের দ্বারা যাঁহারা পরিনির্ব্বাণ প্রাপ্ত তাঁহারাই বেদজ্ঞ।

৭। **মনাপো**—সচ্চরিত্র। **পিয়রূপ**—রূপাদি প্রিয় বস্তু। **অঘাবিনো**—কায়িক মানসিক দুঃখে দুঃখিত। **পরিজুন্না**—রোগ শোকাদির দ্বারা হীন অবস্থা প্রাপ্ত। **অঘ**—সংসারাবর্ত্ত দুঃখ। **আমিস**—আমর্শনীয় বা স্পর্শিতব্য বস্তু। মৃত্যুর দ্বারা বিনষ্ট হয় বলিয়া সকল জীবই মৃত্যুর আমিষ। অবিদ্যা ও তৃষ্ণারূপ উহাদের দুইটি মূল আর্য্য-মার্গ-জ্ঞান রূপ কোদালীর দ্বারা উহারা সমূলে উৎপাটিত হয়।

৮। মূল্হ গব্ভা— ব্যাকুলগর্ভা। গর্ভে সন্তান প্রথমত সোজাভাবে বসিয়া থাকে। প্রসব কালে কর্ম্মজ বায়ুর দ্বারা চালিত হইয়া ফিরিয়া যায়। ঐরূপে উর্দ্ধপদ অধোশির হইয়া বহি নিষ্ক্রমণ কালে কর্ম্মফল ভাল

না থাকিলে যোনিদ্বার বদ্ধ হইয়া যায় অথবা তীর্য্যগ ভাবে যোনিদ্বারে আসিয়া পড়ে। ঐ অবস্থায় "ব্যাকুলগর্ভা" বলিয়া কথিত হয়।

**সুপ্পবাসা**—কোলিয় রাজ-কুমারী। তিনি ভগবানের প্রধানা সেবিকা ও উৎকৃষ্ট ভোজ্যদায়িকাগণের অগ্রগণ্যা ছিলেন। সেই স্রোতাপন্না রাজকুমারীর গর্ভে পূরিত পারমী শ্রাবক বোধিসত্ত্ব সীবলি স্থবির জন্মগ্রহণ করেন। এই রূপ পুণ্যবান মহাপুরুষ এবং তাঁহার জননী কি কারণে সাত বৎসর ৭ দিন যাবৎ মহা কষ্ট ভোগ করিতেছেন তাহা দেখাইবার জন্য পরমার্থদীপনীতে এই আখ্যায়িকাটি কথিত হইয়াছে ঃ—

অতীত কালে বারাণসীর এক রাজাকে কোশলরাজ বহু সৈন্য-সামন্তের সহিত অবরোধ করতঃ নিহত করেন এবং বারাণসী রাজের প্রধানা মহেষীকে নিজের পাটরাণী করেন। বারাণসী রাজের পুত্র পিতার মৃত্যুকালে গুপ্তদ্বার দিয়া পলাইয়া গিয়া স্বীয় জ্ঞাতি-মিত্র বন্ধু-বান্ধবগণকে একত্রিত করতঃ বহু সৈন্য সামন্ত সংগৃহীত করেন। তিনি সসৈন্যে বারাণসীর অনতিদূরে প্রকাণ্ড শিবির স্থাপন পূর্ব্বক বারাণসী রাজকে পত্র দিলেন—রাজ্য কিংবা যুদ্ধ দেন। রাজকুমারের মাতা ঐ সংবাদ শুনিয়া পুত্রের কাছে পত্র দিলেন। "বৎস, যুদ্ধ করিয়া কাজ নাই—বারাণসী নগরীর চারিদিক এমনভাবে ঘিরিয়া ফেল যেন লোক বাহিরে যাইতে না পারে। তাহা হইলে জ্বালানি কাষ্ঠের অথবা ধান্যের অভাবে উৎকণ্ঠিত হইয়া মানুষেরা রাজাকে বধ করতঃ তোমার হস্তে সমর্পণ করিবে"। রাজপুত্র মাতার পত্র পাইয়া নগরীর চারি মহা-দরজা সাত বৎসর রুদ্ধ করিয়া রাখিয়াছিলেন। নাগরীকেরা ছোট দ্বার দিয়া কাষ্ঠ ও ধান্য সংগ্রহ করিত। রাণী উহা শুনিয়া পুত্রের কাছে গুপ্তচরের দ্বারা বলিয়া পাঠাইলেন—"বৎস, ছোট দরজা সকল ও বদ্ধ করিয়া ফেল" রাজপুত্র তাই করিলেন। তখন নাগরীকেরা কাষ্ঠ ও ধান্যের অভাবে উন্মত্ত প্রায় হইয়া সপ্তম দিবসে রাজাকে মারিয়া ফেলিল এবং তাহার শির লইয়া রাজ-কুমারের হস্তে সমর্পণ করিল। রাজ-কুমার নগরে গমন পূর্ব্বক সেই রাজ্যের অধীশ্বর হইলেন।

সেই রাজপুত্র বর্ত্তমানে সুপ্পবাসা কোলিয় কন্যার গর্ভে জন্মগ্রহণ করেন। শেষ কালে তিনিই লাভীগণের অগ্রগণ্য সীবলি মহাস্থবির রূপে খ্যাত হন।

সাত বৎসর নগর অবরোধের ফলে তাঁহাকে সাতবৎসর গর্ভবাস যন্ত্রণা ভোগ করিতে হয় এবং সাতদিন সকল দরজা বন্ধ করার দরুণ সাত দিন গর্ভ হইতে বহির্নিক্রমণের পথ না পাইয়া পড়িয়া থাকিতে হয়। মাতা উহার পরামর্শ দাতা বলিয়া তাঁহাকে দীর্ঘকাল গর্ভধারণ যন্ত্রণা ভোগ করিতে হইয়াছে।

**তথাগতস্‌স**—অট্‌ঠহি কারণেহি ভগবা তথাগতো। তথা আগতোতি তথাগতো, তথা গতোতি—তথাগতো, তথ লক্‌খণং আগতোতি—তথাগতো, তথধম্মে যথাবতো অভিসম্বুদ্ধোতি—তথাগতো, তথদস্‌সিতায় তথাগতো, তথ বাদিতায়—তথাগতো, তথ কারীতায়—তথাগতো, অভিভবনট্‌ঠেন তথাগতো।

তথা আগত বলিয়া তথাগত, উহার অর্থ কি? সর্ব্বলোক হিতসাধন মানসে পূর্ব্ব পূর্ব্ব বুদ্ধগণের ন্যায় অপরিমিত গুণ সমন্বিত হইয়া আগমন করিয়াছেন বলিয়া ভগবানের এক নাম তথাগত। যেমন পূর্ব্ব বুদ্ধগণ দান, শীল, নৈষ্ক্রম্য, প্রজ্ঞা, বীর্য্য, ক্ষান্তি, সত্য, অধিষ্ঠান, মৈত্রী ও উপেক্ষা এই দশপারমিতা দশ উপপারমিতা ও দশ পরমার্থ পারমিতা পরিপূর্ণ করিয়া বুদ্ধ ভাবে আগত হইয়াছেন, তদ্রূপ ভগবানও ত্রিংশ পারমিতা পূর্ণ করিয়া বুদ্ধ হন। পূর্ব্ব পূর্ব্ব বুদ্ধগণের ন্যায় ভগবান ধন পরিত্যাগ, স্ত্রী পরিত্যাগ, পুত্র পরিত্যাগ, অঙ্গ পরিত্যাগ ও জীবন পরিত্যাগ এই পঞ্চ মহাপরিত্যাগ করিয়া জ্ঞাতিহিত, লোকহিত এবং বুদ্ধির পরিপকতা সাধন করিয়া আসিয়াছেন। পূর্ব্ব বুদ্ধ গণের ন্যায় আমাদের ভগবানও সপ্তত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্ম ভাবনা করিয়া বুদ্ধত্ব লাভ করিয়াছেন, তাই শ্রীভগবানের নাম তথাগত।

তথা গত বলিয়া তথাগত—যেমন পূর্ব্ব পূর্ব্ব বুদ্ধগণ জন্ম মাত্রেই উত্তর দিকে সাত পা গমন করেন এবং "অগ্‌গোহমস্মি, সেট্‌ঠোহমস্মি" 'অগ্রত্ব শ্রেষ্ঠত্ব' লাভ করিয়াছি বলি বীরবাক্য ধ্বনিত করেন, ভগবান ও তদ্রূপ করিয়াছিলেন বলিয়া তথাগত। পূর্ব্ব বুদ্ধগণের ন্যায় ভগবান ও নৈষ্ক্রম্যের দ্বারা কাম ত্যাগ, অক্রোধের দ্বারা ক্রোধ ত্যাগ, আলোক সংজ্ঞার দ্বারা তন্দ্রালস্যের ত্যাগ, একাগ্রতার দ্বারা ঔদ্ধত্যানুশোচনা ত্যাগ, ধর্ম্ম বিচারের দ্বারা সন্দেহ ত্যাগ, এবং ধর্ম্মামোদের দ্বারা অরতি আদি বহুবিধ পাপ ত্যাগ করিয়া গিয়াছেন বলিয়া ভগবানের নাম তথাগত।

কিরূপে **"তথলক্ষণে"** আগত বলিয়া তথাগত ? পৃথিবী ধাতুর কর্কশ লক্ষণ. আপ ধাতুর দ্রবন লক্ষণ, তেজ ধাতুর উষ্ণতা লক্ষণ, বায়ু ধাতুর উপস্থম্ভন বা প্রবহণ লক্ষণ, আকাশ ধাতুর শূন্যতা লক্ষণ, রূপের রূপণ বা ভিন্ন ভাব ধারণ লক্ষণ, বেদনার অনুভবন লক্ষণ, সংজ্ঞার সঞ্জানন লক্ষণ, সংস্কারের অভিসংস্করণ লক্ষণ, বিজ্ঞানের বিজানন লক্ষণ, তদ্রূপ আয়তন, ধাতু, ইন্দ্রিয়, সত্য, পচ্চয়াকার (উপকারক ধর্ম্ম) স্মৃতি, বীর্য্য, ঋদ্ধি, বল বোধ্যঙ্গ, আর্য্য অষ্টাঙ্গিক মার্গ, সপ্ত বিশুদ্ধি আদি সকল ধর্ম্ম ও স্বভাবের যথাযথ লক্ষণ রস প্রত্যক্ষ করিয়াছেন বলিয়া ভগবানের নাম তথাগত ।

ভগবান যেই চতুরার্য্য সত্য আবিষ্কার করিয়াছেন উহা 'তথ' লক্ষণ যুক্ত অর্থাৎ তাদৃশ স্বভাব সম্পন্ন, উহার কখনও অন্যথা হয় না তাই কথিত হইয়াছে :—

তথানি সচানি সমন্ত চকখুনা
তথা ইদ প্পচ্চয়তা চ সব্বসো
অনঞ্ঞনেয্য নয়তো বিভাবিতা
তথাগাতো তেন জিনো তথাগতো,

তথাদর্শী বলিয়া---তথাগত, তথাবাদী বলিয়া তথাগত এবং তথাকারী বলিয়া তথাগত। সংক্ষেপে গাথায় শিক্ষনীয় :—

যতো চ ধম্মং তথমেব ভাসতি
করোতি বা তস্সানুরূপমত্তনো,
গুণেহি লোকং অভিভূয্যরীয়তি
তথাগতো তেনপি লোকনায়কো।

এই রূপে তথাগত শব্দের অর্থ অতি সংক্ষেপে সমাপ্ত করা হইল। পরমার্থ দীপনীতে এবং মধুরার্থ বিলসিনীতে সুবিস্তৃত অর্থ বর্ণিত আছে ।

৯। **স্বাতনায়**— স্বাতন পুণ্যের জন্য, অর্থাৎ আগামী কল্য দানময় পুণ্য লাভের জন্য। **পাটিভোগো**—প্রতিভূ বা জামিন্। **ন তীরেতি**— সমাপ্ত করেনা। **সাধারণে**—বহুবিধ দুঃখের কারণ যাহা জন সাধারণের কাছে সচরাচর উপস্থিত হইয়া থাকে ।

১০। **পন্নলোমো**— লোম যখন শিহরিয়া সোজা হইয়া উঠে না। **পরদত্তবুত্তো**—পর প্রদত্ত দ্রব্যের দ্বারা জীবন যাপন। **মিগভূতেন চেতসা** যদ্রূপ মৃগ অরণ্যে বিচরণ কালে সকল বস্তুর প্রতি অলগ্ন চিত্ত হইয়া যথা ইচ্ছা গমনাগমন ও শয়নাদি করে, তদ্রূপ মৃগ চিত্তবৎ চিত্তের দ্বারা।

---

# নন্দ বর্গ।

১। **অবিহঞ্ঞমানো**—চৈতসিক দুঃখ উৎপাদন না করিয়া পূর্ব্বকর্ম্মজ দুঃখকে স্থিরভাবে সহ্য করিতে করিতে অনাহত চিত্তে। **জনং লপেতবে**—আমার জন্য ঔষধ পথ্যাদি প্রস্তুত কর ইত্যাদি কাহাকেও বলিবার প্রয়োজন হয় না। কারণ ক্ষীনাশ্রব গণের ইচ্ছা—ধানের খোসার ন্যায় অথবা পাণ্ডু পলাসের ন্যায় এই দেহ স্বয়ং খুলিয়া পড়ুক, যথাঃ—

নাভিকঙ্খামি মরণং নাভিকঙ্খামি জীবিতং
কালঞ্চ পটিকঙ্খামি নিব্বিসং ভতকো য়থা।

২। **আবত্তিস্সামি**— ফিরিয়া যাইব। **অপ্পমত্তো**—স্মৃতি হইতে ভাবনার বিষয় (কর্ম্ম স্থান) ত্যাগ না করিলে তাহাকে অপ্রমত্ত বলে।

**বুপ-কট্ঠো**—বস্তুকাম এবং ক্লেশকাম হইতে কায় এবং চিত্তকে সংযত কারী। আতাপী—কায়িক এবং চৈতসিক বীর্য্যের দ্বারা তাপিত, তেজবন্ত। পাপের অপর নাম 'ক্লেশ' কেননা উহারা জীবগণকে ক্লেশ প্রদান করে। উহা দশ প্রকার, যথা :— লোভ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি, বিচিকিৎসা. থিন (কায়িক আলস্য), ঔদ্ধত্য, নির্লজ্জতা ও নির্ভয়তা। **পহিতত্তো**—শরীর এবং জীবনের মমতা ত্যাগ করিয়া সদ্ধর্ম্ম ও নির্ব্বাণগত চিত্ত।

**অভিজ্ঞা**—অভিজ্ঞা ছয় প্রকার :—পূর্ব্ব নিবাসে অভি (বিশেষরূপে) জ্ঞান, দিব্যচক্ষু অভিজ্ঞান. পরিচিত্তাচারে অভিজ্ঞান, বিবিধ ঋদ্ধি জ্ঞান, দিব্য শ্রুতিজ্ঞান ও আসবক্ষয় জ্ঞান। **পঙ্ক**—মিথ্যাদৃষ্টিকে দৃষ্টি পঙ্ক বলা হয়। পুনঃপুন যে কোন ভবে উৎপন্ন হইয়া জীবগণ ঐ স্থানের মায়া ছাড়িতে

চায় না, তাই পঙ্ক-পতিত লোকের ন্যায় হয় বলিয়া সকল সংসারকে ভব-পঙ্ক বলা হয়।

৩। **তিস্‌সো বিজ্জা**—পূর্ব্ব নিবাসানুস্মৃতি, দিব্য চক্ষু, ও আসবক্ষয় জ্ঞানকে ত্রিবিদ্যা বলে। **আলোক জাতা বিয়**—চন্দসহস্‌স সুরিয় সহস্‌সেহি ওভাসিত বিয়তি অথো! যসোজ প্রমুখ পঞ্চশত ভিক্ষু সর্ব্বতোভাবে অবিদ্যান্ধকার বিধমিত করিয়া আলোকময় অবভাসময় হইয়া বিচরণ করিতেছিলেন বলিয়া ভগবান তাঁহাদের প্রশংসা করিতেছেন।

৪। **পরিমুখং সতিং উট্‌ঠাপেত্বা**—আরম্মণাভিমুখং সতিং ট্‌ঠপিত্বা **স্থিত্বা**—"অয়ং সতি উপট্‌ঠিতা হোতি সুপট্‌ঠিতা নাসিকগ্‌গে বা মুখ নিমিত্তে বা" বিভঙ্গ। নাসিকাগ্রে বা মুখমণ্ডলে স্মৃতি স্থাপন করিয়া।

**মোহক্‌খয়**—চতুরার্য্যসত্যে অজ্ঞতারূপ মোহ বা অবিদ্যার বিনাশ এবং মোহমূলজাত যাবতীয় অকুশল ধর্ম্মের বিনাশ।

৫। **কায়গতায় সতিয়া**—এস্থলে কেশহইতে পুরিষ বা বিষ্ঠা পর্য্যন্ত শরীরাংশ পৃথিবী ধাতুর অংশ, পিত্ত হইতে মুত্র পর্য্যন্ত আপধাতু ইত্যাদি রূপে স্থবির কায়গতস্মৃতি ভাবনা করেন। **ফস্‌সায়তনেসু**— চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, কায় ও মন এই ছয়টিকে ছয় স্পর্শায়তন বলে। **ঞঞ্‌ঞা** — মার্গফল জ্ঞানের দ্বারা প্রতিবিদ্ধ বা লাভ করিবে, সাক্ষাৎকার বা প্রত্যক্ষ করিবে।

**বুট্‌ঠাসি**—উত্থিত হন, কিরূপে ধ্যান হইতে উত্থিত হওয়া যায়; নিরোধং সমাপন্নোহি অরহা চে অরহত্ত ফলস্‌স, অনাগামি চে অনাগামি ফলস্‌স উপ্পাদেন বুট্‌ঠিতো নাম হোতি। ফল চিত্তের উৎপত্তিতে ধ্যান হইতে উঠা হয়। **সক্কো**—দেবরাজ শক্র। ময়ুরের পদের ন্যায় পদবিশিষ্টা পাঁচশত সুন্দরী অপ্সরা দেবরাজ কর্তৃক প্রেরিত হইয়া অষ্ট সমাপত্তি নিরত ষড়াভি মহাপুরুষ মহা কস্‌সপকে দান-দিতে আসিয়াছিল। তিনি দান গ্রহণে অস্বীকৃত হইলে তাহারা দেবলোকে ফিরিয়া গিয়াছিল। সাতদিন নিরোধ সমাপত্তি ধ্যান হইতে উঠিয়া যখন আয়ুস্মান মহাকস্‌সপ পিণ্ডাচরণে প্রবিষ্ট হন, তখন ঐ অপ্সরাগণ দেব-রাজকে না বলিয়া আবার ভিক্ষা দিতে আসিল, কিন্তু তিনি এবারও তাহাদের

ভিক্ষা গ্রহণ করিলেন না, বলিলেন. দরিদ্র দিগেরই উপকার করিব, তাহাদেরই ভিক্ষা গ্রহণ করিব।" অপ্সরাগণ দেবলোকে ফিরিয়া গেলে দেবরাজ জিজ্ঞাসা করিয়া ঐ বিষয় অবগত হইলেন, তখন তিনি এক বৃদ্ধ তাঁতির বেশ ধরিয়া সুজা নাম্নি দেবরাণীকে বৃদ্ধা তাঁতির বেশে গৃহে রাখিয়া দিয়া খাদ্য ভোজ্যে ভাণ্ড পরিপূর্ণ করিলেন। আয়ুষ্মান মহাকস্সপ তাঁহাদের গৃহদ্বারে উপস্থিত হইলে তাঁহারা খাদ্য ভোজ্য দিয়া পাত্র পরিপূর্ণ করিয়া দিলেন। এই রূপে সঙ্ঘ দেবগণ কর্তৃকও পূজিত হইতেন। ৯। **ওক**—আয়তন। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা কায় ও মন এই ছয় আয়তনের দ্বারা ১০৮ প্রকার তৃষ্ণা ক্ষরিত হয় বলিয়া তৃষ্ণার অপর নাম ওকসারী, উহার অভাবে অনোকসারী। ১০৮ প্রকার তৃষ্ণা, যথাঃ— উক্ত চক্ষু আদি ছয় আয়তনের প্রত্যেকটিতে কাম-তৃষ্ণা, ভব-তৃষ্ণা এবং বিভব-তৃষ্ণা বা বিনষ্ট হইবার তৃষ্ণা এই তিনটি করিয়া মোট ১৮ প্রকার তৃষ্ণা প্রবিত হয়। তন্মধ্যে কামতৃষ্ণা বস্তু-কাম ও ক্লেশ-কাম ভেদে দ্বিবিধ, সুতরাং ৩৬ প্রকার তৃষ্ণা। প্রত্যেক তৃষ্ণা অতীতের তৃষ্ণা, বর্ত্তমানের তৃষ্ণা ও ভবিষ্যতের তৃষ্ণা ভেদে ত্রিবিধ, অতএব ( ৩৬ × ৩ ) = ১০৮ প্রকার তৃষ্ণা।

১০। **মার**— পঞ্চমার. ক্লেশমার, অভিসংস্কার বা ( ভোগ-চেতনা মার ) **( পুঞ্‌ঞাভিসঙ্খারা. অপুঞ্‌ঞাভিসঙ্খারাও আনেঞ্জাভিসঙ্খারা ),** বশবর্ত্তী স্বর্গ বাসী দেবপুত্র মার ( এই মার ত্রয় আর্য্য-মার্গের উৎপত্তি ক্ষণে পরাস্ত হয় ) স্কন্ধমার ও মৃত্যুমার ( এই মার দ্বয় পরিনির্ব্বাণ প্রাপ্তির সময় অন্তিম চিত্ত ক্ষণে অভিভূত বা পরাজিত হয়) এই পাঁচ প্রকার মারকে পঞ্চ মার বলে। **সব্ব ভবা**—সকল ভব বা সংসার—ধাতুভেদে ভব তিন প্রকার, কামভব, রূপভব ও অরূপভব। স্কন্ধভেদে ভব তিন প্রকার, একবোকার ( স্কন্ধ ) ভব, চতু বোকার ভব ও পঞ্চ বোকার ভব। সংজ্ঞাভেদে ভব তিন প্রকার, সংজ্ঞাভব অসংজ্ঞাভব ও নেবসংজ্ঞা না অসজ্ঞা ভব। সত্তাদি ভেদে ভব তিন প্রকার, সত্ত্বলোক বা জীবজগৎ, সংস্কার লোক বা বাহ্য জগৎ এবং অবকাশ লোক বা আকাশ ধাতু। উক্ত সর্ব্ব প্রকার ভবই উৎপত্তি বিলয়ের অধীন বলিয়া অনিত্য। উৎপত্তি বিনাশের সঙ্গে সঙ্গে ঐ সকল ভবে নিষ্পেষিত হইতে হয় বলিয়া দুঃখ, এবং উহারা সারশূন্য আর কাহারও ইচ্ছাবশে পরিচালিত হয় না বলিয়া অনাত্মা।

# মেঘিয় বর্গ।

১। **পধানায়**—ভাবনাদি শ্রমণ ধর্ম্ম করিবার জন্য। **অভিসল্লেখিকা**—ক্লেশনিচয়ের স্বল্পতা সাধিকা, পরিত্যাগ কারিণী। **চেতো বিবরণ সপ্পায়া**—চিত্তের অবরণ স্বরূপ ষড়নীবরণের পরিত্যাগে ও চিত্তের বিকাশক শমথ বিদর্শন ভাবনায় উপকারী! **নিব্বিদায় বিরাগায় নিরোধায়**—এই তিন পদের দ্বারা বিদর্শন দেশিত। **উপসমায় অভিঞ্‌ঞায়**—এই দুইপদের দ্বারা মার্গ দেশিত **সম্বোধায় নিব্বানায়**—এই দুই পদের দ্বারা ফল কথিত হইয়াছে। **অপ্পিচ্ছ কথায়**—অমুক কাম্য বস্তু লাভ হইলে তারপর হইতে ধর্ম্মকর্ম্মে মনোযোগ দিব এই ভাবে মহা ইচ্ছা সম্পন্ন ব্যক্তি মনকে প্রবোধ দিয়া থাকে কিন্তু আশা যখন সিদ্ধ হয় তখন আরও শত আশা আসিয়া তাহার মনকে কামে আবদ্ধ করে তাই কথিত হইয়াছেঃ——

"চতুব্ভি অট্‌ঠজ্‌ঝগমা অট্‌ঠাহিচ সোল্‌স
সোল্‌সহি চ বত্তিংস অত্রিচ্ছং চক্কমাসদে
ইচ্ছাহতস্স পোসস্স চক্কং ভমতি মথকে" তি।

ইচ্ছা বা তৃষ্ণার পরিত্যাগেই মুক্তি, ইত্যাদি অপ্পিচ্ছ কথ বলা উচিৎ। **বিবেক**— বাংলায় বিবেক শব্দের অর্থ জ্ঞান বুঝায়। কিন্তু যথার্থতঃ বিবেক শব্দের অর্থ তিন প্রকারঃ—কায় বিবেক, চিত্ত বিবেক ও উপধি বিবেক। একাকি বসা, উঠা, চলা, শয়ন করা এবং কাজকর্ম্মদি করার নাম কায় বিবেক। প্রথম ধ্যান আদি চারিটি ধ্যান ও চারি অরূপাবচর ধ্যান এই আট প্রকার সমাপত্তির নাম চিত্ত বিবেক। নির্ব্বাণের নাম উপধি বিবেক। **রাগস্‌স পহানায়**—কামরাগের পরিত্যাগের জন্য কায়গতস্মৃতি বা দশ অশুভ সংজ্ঞা ভাবনা করিতে হইবে। **উদাহরণঃ**—একজন লোক কাঁচি লইয়া ধান কাটিতে ছিল। তখন তাহার ক্ষেতের ঘেরা ভাঙ্গিয়া কতকগুলি গরু ধান খাইতে লাগিল। সে কাঁচি রাখিয়া লাঠি লইয়া গরু সকল তড়াইয়া দিল! এবং ঘেরা

খানি মেরামত করিয়া দিল। তারপর আবার কাঁচি লইয়া ধান কাটিতে লাগিল। এস্থলে ধান্যচ্ছেদনকারীর ন্যায় যোগাবচর, ধান্যক্ষেত্রের ন্যায় বুদ্ধ-শাসন, কাঁচির ন্যায় প্রজ্ঞা, ধান্যচ্ছেদনের ন্যায় বিদর্শন ভাবনা, লাঠীর ন্যায় অশুভ ভাবনা, ঘেরার ন্যায় ইন্দ্রিয় সংযম. ঘেরা ভাঙ্গিয়া গরু প্রবেশের ন্যায় প্রমাদ বশতঃ কামরাগের উৎপত্তি। গরু তাড়াইয়া ঘেরা মেরমেত করিয়া পুনঃ ধান্য ছেদনের ন্যায় অশুভ ভাবনার দ্বারা কামরাগ বিতাড়িত করিয়া অপ্রমত্ত ভাবে পুনঃ বিদর্শন ভাবনারত হওয়া। **দিট্ঠেবধম্মে নিব্বাণং**—অস্মিমান সমূলে ছিন্ন হইলে এই আত্মভাবেই নির্ব্বাণ লাভ হয়। এতই সুন্দর পরিপূর্ণ ভাবে ভগবান মুক্তির বিষয় দেশনা করিয়াছেন, এখন মুক্তি কামী ব্যক্তিরই বিশেষ প্রয়োজন। বৈরাগ্য সম্পন্ন পণ্ডিত সুশিক্ষিত লোকের চেষ্টা থাকিলে শুভ মুহূর্ত্ত আসিবে।

২। **এত্থান উদয়ব্বয়ং**—উদয় ব্যয় জ্ঞান জন্মিলে আশ্রবক্ষয় হয় বলিয়া অঙ্গুত্তর নিকায়ের চতুষ্ক নিপাতে কথিত হইয়াছে। প্রতি-সম্ভিদা মার্গে উদয় ব্যয় ভাবনার প্রণালী কথিত হইয়াছে। তন্মধ্যে প্রত্যেক স্কন্ধে উদয় বা উৎপত্তি দর্শন করিতে পাঁচটী লক্ষণ এবং ব্যয় বা বিলয় দর্শন করিতে পাঁচটী লক্ষণ দৃষ্ট হয়। উদয় ব্যয় দর্শনে মোট ৫০টী লক্ষণ দৃষ্ট হয়। যথাঃ—অবিদ্যা, তৃষ্ণা. কর্ম্মও আহারের উৎপত্তিতে রূপের উৎপত্তি, উহাদের নিরোধে রূপের নিরোধ। আবির্ভাব (নিব্বত্তি) লক্ষণের দ্বারা রূপের উৎপত্তি ও তিরোভাব (বিপরিণাম) লক্ষণের দ্বারা রূপের নিরোধ জ্ঞাতব্য। ইত্যাদি পরিপুর্ণ জানিলে আসবক্ষয় করিয়া দুঃখের অন্তসাধন করা হইবে। অতএব যথাযথ জানিবার জন্য প্রতিসম্ভিদা-মার্গ অধ্যয়ন নিতান্ত প্রয়োজন।

৩। **মিচ্ছা পণিহিতং চিত্তং**—হিংস্র জন্তু, প্রবল শত্রু, এমন কি নির্দ্দয় রাজা পর্য্যন্ত জীবের যে অনিষ্ট করিতে না পারে মিথ্যাদৃষ্টি, মিথ্যাসংকল্প প্রভৃতি অষ্ট মিথ্যা ধর্ম্ম তাহা অপেক্ষাও জীবের সর্ব্বনাশ সাধন করে, অতএব ঐ সকল বিষবৎ পরিত্যাগ করিয়া সম্যকদৃষ্টি সম্যকসংকল্পাদি আর্য্য অষ্টাঙ্গিক মার্গের স্মরণ; ধারণ ও বৃদ্ধির দ্বারা সুখের ভাগী হইতে চেষ্টা করা বুদ্ধিমান মানব মাত্রেরই কর্ত্তব্য।

৪। **রজনীয়েসু**—কামরাগ উৎপত্তির হেতুভূত ত্রিলোকের বিষয় সকলে। **কোপনেয্যে ন কুপ্পতি**—আমার অনিষ্ট করিল ইত্যাদি নববিধ

ক্রোধ উৎপত্তির কারণ বিদ্যমান থাকিলেও যিনি ক্রুদ্ধ হন না।

৫। **নাগ**—আগু শব্দের অর্থ পাপ। সেই আগু যিনি করেন না তিনিই নাগ বা নিষ্পাপ বুদ্ধ নাগ। অপর নাগ শব্দের অর্থ হস্তী। সর্পকেও নাগ বলা হয়। এখানে তাহা নহে।

৬। **পন্থঞ্চ সয়নাসনং**—সংসর্গ বিরহিত শর্য্যা ও আসন, সয়নের অনুবাদে কোন কোন স্থানে শয়নই রাখিয়া দেওয়া হইয়াছে, উহার অর্থ শর্য্যা বলিয়া গৃহিতব্য। **অধিচিত্তে চ আয়োগো**—অষ্ট-সমাপত্তি ভাবনা-তৎপরতা।

৭। **মোনপথেসু**—সপ্তত্রিংশ বোধি পক্ষীয় ধর্ম্ম এবং অধিশীল, অধিচিত্ত, ও অধিপ্রজ্ঞা শিক্ষা। সপ্তত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্ম, যথা:—চারি সতিপট্ঠানা, চারি সম্মপ্পধানা, চারি ইদ্ধিপাদা, পঞ্চ ইন্দ্রিয়ানি, পঞ্চ বলানি, সপ্ত বোজ্ঝাঙ্গানি এবং অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো (১৪২ পৃষ্ঠার অনুবাদে দ্রষ্টব্য।)

৮। **অধিবাসয়ে**—সহ্য করিবে। পরে শত অনিষ্ট সাধন করিলেও উহা নিজের পূর্ব্বকৃত কর্ম্মফল মনে করিয়া সহ্য করা উচিত। যিনি ত্রিংশ পারমিতা পূর্ণ করিতে সমুদ্রজলের অধিক রক্ত দান করিয়াছেন, নক্ষত্র রাজির চেয়ে বেশী চক্ষু দান করিয়াছেন, পর্ব্বত হইতেও বেশী মুকুট-শোভিত শির দান করিয়াছেন এইরূপ অনন্ত পুণ্যের আধার ভগবান সম্বুদ্ধকেও পূর্ব্বকৃত পাপ দুঃখ দিয়াছিল, আর সাধারণ লোকের কথাই বা কি?

ভগবান পূর্ব্বে এক পণ্ডিত ব্রাহ্মণ জন্মে পাঁচশত শিষ্যকে শিক্ষা দিতেন। ভীম নামক এক পঞ্চাভিজ্ঞা প্রাপ্ত ঋষি তথায় আসিলে বোধিসত্ত্ব তাঁহাকে কামভোগী বলিয়া নিন্দা করেন। তাঁহার শিষ্যেরাও ঐ কথায় সায় প্রদান করে। সেই পাপ কর্ম্মের ফলে সুন্দরী পরিব্রাজিকা ভগবানের ও পাঁচশত ভিক্ষুর বৃথা কুৎসা রটনা করিতে সমর্থা হয়। কর্ম্মফল ভোগ না হইলে কখনও খণ্ডণ হয় না। এমন কি ভগবান বুদ্ধত্ব লাভ করিয়াও উহা খণ্ডাইতে পারিলেন না। তাই অপাদানে উক্ত হইয়াছে:—"...... নহি কম্মং বিনস্সতি" কর্ম্ম কখনও বিনষ্ট হয় না। অতএব পাপকর্ম্ম বিষবৎ পরিত্যাজ্য।

# সোণ-স্থবির বর্গ।

**পুথু অত্তা**—পৃথক আত্মা। বৌদ্ধধর্ম্মে আত্মাশব্দের স্থলেই অন্য ধর্ম্মাবলম্বী লেখকগণ গোলমাল করিয়া বসেন। তাই কতেক পরমার্থ তত্ত্ব প্রকাশিত হইতেছে:—

ভগবান বুদ্ধ আত্মা স্বীকার করেন না, অথচ পূর্ব্বনিবাস এবং জন্মান্তর-বাদ প্রচার করিয়াছেন, স্থানে স্থানে ঐরূপ আত্মা শব্দেরও প্রয়োগ করিয়াছেন। ভগবান কোন্ প্রকারের আত্মা স্বীকার করেন না ? আত্ম-বাদীর মতে শাশ্বত, ধ্রুব চিরস্থায়ী আত্মা ও পরমাত্মা আছে, উহা অবিনশ্বর এমন কি জীব বধ করিলে ও ঐ আত্মাকে বধ করিতে পারা যায় না। ঐরূপ চিরস্থায়ী আত্মা (ego) ভগবান বুদ্ধ স্বীকার করেন না। কতক গুলি সত্য লৌকিক আর কতকগুলি সত্য লোকোত্তর। লৌকিক সত্য ভাববোধের জন্য ভগবান ব্যবহার করিয়াছেন বটে কিন্তু পরমার্থতঃ উহা সত্য বলিয়া প্রচার করেন নাই। যেমন গৃহ বলিতে লৌকিক বশে সত্য হইলেও আসলে গৃহ বলিয়া কোন একটি জিনিষ নাই, বাঁশ, কাঠ, মাটী, টিন, বেত, পেরেক ইত্যাদি পরস্পর সংযোগ করিয়া এক খণ্ড আকাশকে ঘিরিয়া দিলে উহা গৃহ নামে সর্ব্ব সম্মতিক্রমে ব্যবহৃত হয়, তদ্রূপ আত্মা বলিয়া কোন একটি স্থায়ী কিছু নাই, রূপ, বেদনা সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান এই পঞ্চ-স্কন্ধ ধারণ করিয়া লোকে 'আমি' 'তুমি' বলিয়া বলে, আমিত্বের অভিমান করে।

তন্মধ্যে আত্ম-বাদীদের কেহ কেহ রূপকে, কেহ কেহ বেদনাকে, কেহ সংজ্ঞাকে, কেহ সংস্কারকে এবং কেহ ও বা বিজ্ঞানকে আত্মা বলিয়া মনে করে। কিন্তু কেহই ঐ পঞ্চস্কন্ধকে স্ববশে পরিচালিত করিতে পারে না এবং কেহই তাহাতে কিছু সার জিনিষ পায় নাই অতএব উহা কাহার ও আত্মা নহে, লোকে ব্যবহারের সুবিধার্থ আত্মা নাম প্রদান করিয়াছে মাত্র।

এখন প্রশ্ন হইতে পারে পূর্ব্ব পূর্ব্ব জন্মে বোধিসত্ত্ব পারমিতা পূর্ণ করিলেন,

শেষ জন্মে বুদ্ধত্ব লাভ করিলেন। কোন্ বস্তুটী ঐরূপে জন্মান্তর গ্রহণ করিল ? তদুত্তরে—স্থায়ী কোন বস্ত জন্মান্তর গ্রহণ করে না এবং পূর্ব্বের হেতু বিনাও হয় না। যেমন একটী বৃক্ষহইতে ফল পড়িল, ঐ ফলের বীজহইতে আর এক বৃক্ষ উৎপন্ন হইল, এস্থলে পূর্ব্ববর্ত্তী বৃক্ষটী পরবর্ত্তী বৃক্ষরূপে আসে নাই, পূর্ব্ববর্ত্তী বৃক্ষের বীজের অভাবে পরবর্ত্তী বৃক্ষের উৎপত্তিও অসম্ভব হইত। তদ্রূপ কোন আত্মা বলিয়া শ্বাশ্বত বস্ত জন্মান্তর গ্রহণ করে না এবং পূর্ব্ববর্ত্তী কর্ম্ম-বীজের অভাবে পরবর্ত্তী জীবরূপী বৃক্ষের ও উদ্গম হয় না। যেমন ধ্বনি ও প্রতিধ্বনির পরস্পর সম্বন্ধ তদ্রূপ জীবের পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মের সহিত পর পর জন্মের সম্বন্ধ রহিয়াছে। তাই ব্যবহারিক বশে 'আমি অমুক জন্মে পারমিতা পূর্ণ করিয়াছি' বলিয়া ভগবান বলিয়াছেন। কারণ-ফলে জ্ঞান হইলেই আত্মদৃষ্টিরূপ মিথ্যা-দৃষ্টি দূরীভূত হয়। বস্তুতঃ কারণ-ফল ব্যতীত কোন দ্রব্যই নাই। যে প্রদীপটি দেখিতেছ উহার কারণ কি? দীপাধার তৈল বর্ত্তিকা ও অগ্নিসংযোগ উহার কারণ। কারণ চতুষ্টয়ের অভাবে প্রদীপ রূপী ফল দৃশ্যমান রূপে আত্ম-প্রকাশ করিবে না। সকলি তদ্রূপ জ্ঞাতব্য।

৩। **ধম্মচক্খু**—সোতাপত্তি মগ্গো। উহার একটি উপমা ঃ—বস্ত্র সদৃশ চিত্ত, বস্ত্র মলিন হওয়ার ন্যায় চিত্ত পাপ মলে মলিন হওয়া ; বস্ত্র ধৌত করিবার তক্তার ন্যায় দানশীলাদি আনুক্রমিক কথা ; জলের ন্যায় শ্রদ্ধা ; ক্ষারযোগে পুনঃপুন আছড়াইয়া বস্ত্র ধৌত করণের ন্যায় পাপ ত্যাগের ও সদ্ধর্ম্ম লাভের উৎসাহ। বস্ত্রের ময়লা পরিষ্কার হইয়া যাওয়ার ন্যায় পাপাপগমে চিত্তের প্রভাস্বর অবস্থা। বস্ত্রের নির্ম্মলতা প্রভাস্বরতা পরিচ্ছন্নতা সাবানাদি ক্ষারের দ্বারাই বিশেষ ভাবে সম্পাদিত হয়। ঐ ক্ষার সদৃশ স্রোতাপত্তি মার্গ। এই স্রোতাপত্তি মার্গ সহস্র ন্যায় মণ্ডিত, পরম দুর্লভ। উহা লাভ করিলে অপায় দুঃখের ভয় চিরতরে অপসারিত হইয়া যায়। অতএব মনুষ্য মাত্রেরই স্রোতাপত্তি মার্গ লাভের জন্য সকল শক্তি দিয়া চেষ্টা করা প্রয়োজন।

**অপ্পরপচ্চয়ো**—নাস্স পরো পচ্চয়ো, ন পরস্স সদ্ধায় এথ বত্ততীতি। রত্নত্রয়ের গুণ সম্বন্ধে, আর্য্য কান্ত শীল সম্বন্ধে বা আর্য্য ন্যায় পটিচ্চ-সমুপ্পাদ সম্বন্ধে বিশ্বাস জন্মাইবার জন্য যখন অপর কাহারও সাহায্যের প্রয়োজন হয়না, স্বীয়

চিত্তদ্বারাই স্বয়ং বুঝিয়া থাকেন তখন শাস্তা-শাসনে অপরপচ্চয়তা বা স্বয়ম্ভু-জ্ঞান উৎপন্ন হয়।

**সোতাপন্নো**— সোত সঙ্খাতং অরিয়মগ্গং আদিতো পন্নো— নির্ব্বাণগামিণী স্রোতরূপ আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গে প্রথম পতিত ব্যক্তি। **নিয়তো**—ধর্ম্ম নিয়মে নিয়মিত বা নিয়ত ;

৪। **উপেচ্চ**—চতুরপায়ে বা মনুষ্যলোকে এই পাপ আর আমাদের পশ্চাদানুসরণ করিবে না, এই স্থান হইতে পলাইয়া গেলে বাঁচিব এইরূপ আশা করিয়া।

৫। **সংকস্সর সমাচারো**—কোন অপবিত্র কাজ দেখিয়া "অমুক এই কাজ করিয়া থাকিবে" এইভাবে পরের আশঙ্কা জনক আচার, অথবা কেহ কোন মন্ত্রণা করিলে পাপীব্যক্তি শঙ্কা করে যে 'উহারা বোধ হয় আমার বিষয় আলোচনা করিতেছে' ঐরূপ আশঙ্কাজনক কর্ম্মকারী ব্যক্তি **'সংকস্সর সমাচারো'**; **চত্তারো সতিপট্ঠানা—(১) কায়ে কায়ানুপসসনা সতিপট্ঠানা**—দেহের প্রত্যেক অশুচি অংশ, শ্বাস প্রশ্বাস ও মৃতদেহের অবস্থা পুঙ্খাণুপুঙ্খরূপে পর্য্যবেক্ষণ। **(২) বেদনাসু বেদনানুপসসনা সতিপট্ঠানা**—সুখ, দুঃখ ও উপেক্ষাবেদনার উদয়ে—উহা কি কামের আমিষ হেতু হইল অথবা কি বৈরাগ্য হেতু হইল তাহা পুঙ্খাণুপুঙ্খরূপে পর্য্যবেক্ষণ। **(৩) চিত্তে চিত্তানুপসসনা সতিপট্ঠানা**—চিত্ত-রাগ-যুক্ত, দ্বেষযুক্ত, মোহযুক্ত হইলে অথবা বীতরাগ বীতদ্বেষ ও বীতমোহ হইলে তদ্বিষয়ও সম্যকভাবে জানা। চিত্তের মহাপ্রাণতা লাভ, চিত্তের সঙ্কীর্ণতা, লৌকিক অবস্থা লোকোত্তর অবস্থা, অবিমুক্ত অবস্থা এবং বিমুক্ত অবস্থা সম্বন্ধে সবিশেষ জ্ঞান। **(৪) ধম্মে ধম্মানুপসসনা সতিপট্ঠানা**—স্বীয় মানসে কামচ্ছন্দাদি নীবরণ থাকিল—আছে বলিয়া জানা, কিরূপে উহা ত্যাগ করা যায় ও পুনরোৎপত্তি না হয় মত করা যায় তদ্বিষয়ে যথাযথ জ্ঞান। পঞ্চস্কন্ধের উৎপত্তি বিলয় সম্বন্ধে জ্ঞান, চক্ষু কর্ণাদির সহিত রূপ শব্দাদির সমাগমে যে বন্ধন বা সংযোজনের সৃষ্টি হয় উহাদিগকে ছেদন করিবার উপায় জানা, সপ্ত বোধ্যঙ্গ ও আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গ ভাবনার

অভিজ্ঞতা লাভ, এই সকলকে "ধম্মেসু ধম্মানুপস্সনা সতিপট্ঠানা" বলে। সংক্ষেপে কয়েক গাথায়ঃ—

কায়ানুপস্সনা কায়ে বেদনা অনুপস্সনা,
চিত্তানুপস্সনা চিত্তে ধম্মে ধম্মানুপস্সনা।
আনাপান ইরিয়াপথং সম্পজঞ্ঞং পটিকূলং
ধাতু সিবথিকা নব চুদ্দসা কায়ানুপস্সনা।
সুখং দুক্খং তদঞ্ঞং বা সামিসং বা নিরামিসং
বেদনং বেদমানো, সো তদাকারং 'নুপস্সয়ে।
রাগ-দোস-মোহং চিত্তং মহগ্গতং চ উত্তরং,
সমাহিতং বিমুত্তন্তি চিত্তানুপস্সয়ে ভিক্খু।
নীবরণেসু খন্ধেসু আয়তনেসু বোজ্ঝঙ্গে
সচ্চেসু অজ্ঝত্ত বহিদ্ধা ধম্মানুপস্সয়ে য়তি।

**চত্তারো সম্মপ্পধানা**—অকৃতপূর্ব্ব কায়িক, বাচনিক ও মানসিক পাপ না করিবার জন্য প্রবল ইচ্ছা, বলবতী চেষ্টা, এবং মহা উদ্যোগ, কৃতপূর্ব্ব পাপ চিন্তা পরিত্যাগের জন্য প্রবল ইচ্ছা, বলবতী চেষ্টা এবং মহা উদ্যোগ। অজ্ঞাত সদ্ধর্ম্ম জানিবার জন্যও অকৃতপূর্ব্ব সৎকর্ম্ম করিবার জন্য প্রবল ইচ্ছা, বলবতী চেষ্টা এবং মহা উদ্যোগ। জ্ঞাত সদ্ধর্ম্ম না ভুলিবার জন্য, স্থিতি, বৃদ্ধি ও অপরিমিত অধিক করিবার জন্য প্রবল ইচ্ছা, বলবতী চেষ্টা এবং মহা উদ্যোগ।

**চত্তারো ইদ্ধিপাদা**—(প্রতিসম্ভিদা-মার্গ ও বিভঙ্গহইতে দেখিয়া লইবেন স্থানাভাব বশতঃ এস্থলে দিতে পারিলাম না)।

পঞ্চ ইন্দ্রিয় ও পঞ্চবল—(অনুবাদে দেখুন)।

**সত্ত বোজ্ঝঙ্গানি**—স্মৃতি, ধর্ম্মবিচার, বীর্য্য, প্রীতি, প্রশান্তি, সমাধি, ও উপেক্ষা।

**অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো**—সম্যক্‌দৃষ্টি, সম্যক্ সংকল্প, সম্যক বাক্য, সম্যক্ কর্ম্মান্ত, সম্যক্ আজীব, সম্যক্ স্মৃতি, ও সম্যক্ সমাধি। (সুচারু রূপে জানিবার জন্য পালি ভাষায় অভিজ্ঞতা লাভ অত্যুত্তম) ঐ সপ্ত ত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্মের নাম মাত্র জানিলে কায হইবেনা, যতই উহাদের অর্থ

গবেষণা এবং ভাবনা করা যাইবে ততই মানস রত্ন-কোষে "পরম দুল্লভো" সদ্ধর্ম্ম রত্ন সঞ্চিত হইবে।

গাথার অনুবাদে "ছাদন করিলে হয় অতি বরষণ" এই কথার তাৎপর্য্য এই—যে ব্যক্তি গোপনে পাপ করিয়া উহা কাহারও কাছে প্রকাশ করে না, সে অনবরত পাপ করিতে থাকে, যে ব্যক্তি একবার মাত্র পাপ করিলেও গুরু প্রভৃতি সৎলোকের নিকট উহা প্রকাশ করিয়া ঐ পাপকর্ম্ম হেতু বড়ই লজ্জিত ও অনুতপ্ত হয়, তাহার পাপ আর বাড়িতে পারে না। অতএব পাপ গোপন না করিয়া গুরুকে জ্ঞাপন পূর্ব্বক তাহার প্রতিকার করা শ্রেয়।

৯। **দিস্বা আদীনবং লোকে**—বরফ যেমন গলিয়া পড়িয়া নিত্য ক্ষয় পাইতে থাকে এবং পরিশেষে বরফের অস্তিত্ব পর্য্যন্ত লোপ পাইয়া থাকে এই জগতে জীবগণের শরীরও তদ্রূপ ক্ষয় প্রাপ্ত হইয়া অবশেষে ব্যক্তিত্বের ও অস্তিত্ব বিলুপ্ত হইয়া যায়, অতএব জগতে প্রত্যেক উৎপন্ন দ্রব্যই এক একটি দুঃখের অগ্নিশিখা সদৃশ। ঐরূপ দুঃখময় পদার্থ বুদ্ধিমান ব্যক্তি কখনও আমি বা আমার বলিবে না, অতএব সকল সৃষ্ট বস্তুই অনাত্মা। **ঞত্বা ধম্মং নিরুপধিং**—যাহা কখনও সৃষ্ট হয় নাই এমন অমৃতময়ের বিনাশও নাই, কাম-উপধি, ক্লেশ-উপধি এবং স্কন্ধ-উপধি হইতে উহা বিমুক্ত। তৈল যেমন জলে ঢালিয়া দিলেও উহা জলের সহিত মিশে না, তেমনি 'নির্ব্বাণ' রূপ অমৃতময় 'অসঙ্খত ধাতু' বিদ্যমান থাকিলেও উহা সৃষ্ট জগতের সহিত নির্লিপ্ত ভাবে অবস্থান করে। মলিন বস্ত্র খুলিয়া না রাখিলে যেমন নূতন বস্ত্র পরিধান করা হয় না তদ্রূপ সকল সাংসারিক বস্তুর মায়া ত্যাগ না করিলেও নির্ব্বাণামৃত লাভ করা যায় না। আর্য্যমার্গ ও ফলের দ্বারা সমুদয় বাসনার সমুচ্ছেদ করিয়া নির্ব্বাণ প্রত্যক্ষ করতঃ আয়ুষ্মান সোণ স্থবির প্রীতি-গাথা বলিতেছেন **"ঞত্বা ধম্মং নিরুপধিং"**।

১০। **পুব্বাপরিয়ং বিসেসং**—পূর্ব্বাপর বিশেষত্ব দুই প্রকারে লাভ হয়, সমথ (সমাধি বশে) ও বিদর্শন বশে। তন্মধ্যে ভাবনা 'নিমিত্তে'র উৎপত্তি হইতে নেবসঞ্ঞা নাসঞ্ঞায়তন পর্য্যন্ত সমথ বশে এবং রূপং 'অনিচ্চং' এইহইতে অরহত্ব লাভ পর্য্যন্ত ভাবনা বিদর্শন বশে সম্পাদিত হয়। এস্থলে বশে কেবল বিদর্শনের অর্থ গৃহীতব্য।

# জাত্যন্ধ বর্গ।

**তুলমতুলসম্ভবং**—(এইরূপ অর্থও হইতে পারে) যথা—**তুলং**=কামাবচর কর্ম্ম। **অতুলং**=অপর শ্রেষ্ঠ লৌকিক কর্ম্ম। অথবা **তুলং**=কামাবচর ও রূপাবচর কর্ম্ম। **অতুলং**=অরূপাবচর কর্ম্ম, অথবা **তুলং**=অল্প ফলপ্রদ কর্ম্ম। **অতুলং**=বহুফলপ্রদ কর্ম্ম। **সম্ভবং**—উৎপত্তিজনক। ঐ তুলনীয় কর্ম্ম বা অতুলনীয় কর্ম্ম সকল পুনর্জ্জন্ম প্রদান করে বলিয়া ভগবান সকল ভবসংস্কার—সকল লৌকিক কর্ম্ম চেতনা বিসর্জ্জন করিলেন।

৩। **অহু**—ছিল, অরহত্ব জ্ঞান উৎপত্তির পূর্ব্বে চিত্তে ক্লেশ সকল বিদ্যমান ছিল। **তদা নাহু**—অরহত্ব মার্গক্ষণে সেই সকল ক্লেশ ছিল না। **নাহু পূব্বে**—যে সকল অনবদ্য ধর্ম্ম এখন আমাতে বিদ্যমান, পূর্ব্বে উহা ছিল না। **তদা অহু**—যখন অগ্র-মার্গ-জ্ঞান উৎপন্ন হয় তখন সকল অনবদ্য ধর্ম্ম বিদ্যমান ছিল। **ন চাহু**......**বিজ্জতি**—বোধি মণ্ডপে উপবিষ্ট হইবার পূর্ব্বেও ছিল না, ভবিষ্যতেও হইবেনা এবং এখন ও নাই। আর্য্য-মার্গ একবার ব্যতীত দুইবার উৎপন্ন হয় না, তাই অরহত্ব মার্গ-জ্ঞান লাভের পরক্ষণেই নিরুদ্ধ হইয়া যায় সেইহইতে আর্য্য-মার্গ-চিত্ত বিদ্যমান নাই বলিয়া বলিতেছেন।

---

# চূল বর্গ।

**বট্টং**—ক্লেশাবর্ত্ত। **নিরাসং**—নির্ব্বাণ। **ব্যাগা**—বিসেসেন অগা—অগ্রমার্গ লব্ধ বলিয়া পুন অধিগমের কারণ নাই, সম্পূর্ণ অধিগত হইয়াছে এইরূপ অর্থ দ্রষ্টব্য। **বিসুক্খা**—সৃষ্টি ধ্বংসের সময় চতুর্থ সূর্য্যের উদয়ে যেমন মহানদী সকল বিশুষ্ক হইয়া যায় তদ্রূপ চতুর্থ মার্গ-জ্ঞানের উদয়েও তৃষ্ণানদী বিশুষ্ক হইয়া গিয়াছে।

**মূলং**--অবিদ্যা। **ছমা**—আসব নীবরণ ও মিথ্যা মনোনিবেশ (অয়োনিসো মনসিকারো) কে 'ছমা' বা ক্ষেত্র বলা হইয়াছে। **লতা**—মানাতিমানাদি শাখা প্রশাখাবৎ লতা। **পাতা**—মদ-প্রমাদ-মায়া শঠতাদি পাতা।

৭। যেই ভগবান বুদ্ধ প্রপঞ্চ বিহীন মুনি; সংসারে যাঁহার অস্তিত্ব অসম্ভব, যিনি তৃষ্ণার বন্ধন এবং অবিদ্যার প্রাচীর অতিক্রম করিয়াছেন, সেই তৃষ্ণা বিহীন মুনিকে দেবগণসহ সকল চক্রবালবাসী জীবগণ জানিতে পারে না। এই গাথার দ্বারা অজ্ঞ ব্যক্তিগণের যে, শ্রীভগবানের অলৌকিক গুণের কথা বর্ণনা করিতে সাহস কুলাইবে না তাহা বুঝা যাইতেছে। দেবগণও যাঁহাকে জানিতে পারে না অধ্যাত্ম ভাবনা শূন্য সাধারণ লেখকগণ কিরূপে শ্রীভগবানের স্বমুখে কথিত লোকোত্তর গুণ বর্ণনা করিতে পারিবে? ইহা যে ভাবনা পরায়ণ ভক্তগণের প্রত্যক্ষ করিবার বিষয়।

(অর উপসর্গের বিস্তারার্থ গ্রহণে) অব উপসর্গের পরিভব বা অসম্মান অর্থ গ্রহণ করিয়া অর্থকথায় লিখিত হইয়াছে...... **ন কদাচি অবজানাতি ন পারিভোতি অথ খো অয়মেব লোকে অগ্গো সেট্‌ঠো উত্তমো পবরোতি গরু করোন্তো সক্কচ্চং পূজা সক্কার নিরতো হোতীতি।** ভগবানকে সকল সত্ত্বগণ দেবগণ এবং ব্রহ্মগণ কখনও অবজ্ঞা করে না পরন্তু বিশ্ব ব্রহ্মাণ্ডের অগ্র, শ্রেষ্ঠ, উত্তম অতি উত্তম বলিয়া গৌরব করে এবং যত্নের সহিত তাঁহার পূজা সৎকার নিরত হয়।

৮। **নো চস্‌স**—অতীতকালে যদি কর্ম্ম ও ক্লেশ না থাকিত। **নো চ মে সিয়া**—বর্ত্তমান কালে এই আত্মভাব উৎপন্ন হইত না। অতীত জন্মে কর্ম্ম ও ক্লেশ আছে বলিয়াই বর্ত্তমানে আমার এই আত্মভাবের সৃষ্টি হইয়াছে। **ন ভবিস্‌সতি**—এই জন্মে যদি কর্ম্মক্লেশ উৎপন্ন না হয় তবে **ন চ মে ভবিস্‌সতি**—ভবিষ্যতেও আমার আত্মভাব আর প্রবর্ত্তিত হইবে না।

**পরিশিষ্ট সমাপ্ত।**

# সূচি পত্র

## প্রথম পরিচ্ছেদ।


| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| সম্যক্ সম্বুদ্ধাভি বাদন | ১ |
| চারি প্রকার পরমার্থ | ২ |
| চারি প্রকার চিত্ত | ৩ |
| আট প্রকার লোভ চিত্ত | ৩ |
| দুই প্রকার দোষ চিত্ত | ৬ |
| দুই প্রকার মোহ চিত্ত | ৭ |
| সাত প্রকার অকুশল বিপাক অহেতুক চিত্ত | ৯ |
| আট প্রকার কুশল বিপাক অহেতুক চিত্ত | ১৪ |
| তিন প্রকার ক্রিয়া অহেতুক চিত্ত | ১৬ |
| আট প্রকার শোভন কামাবচর কুশল চিত্ত | ১৮ |
| আট প্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত | ২১ |
| আট প্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত | ২৩ |
| পাঁচ প্রকার রূপাবচর ধ্যানের কুশল চিত্ত | ২৮ |
| পাঁচ প্রকার রূপাবচর ধ্যান বিপাক চিত্ত | ৩০ |
| পাঁচ প্রকার রূপাবচর ধ্যান ক্রিয়া চিত্ত | ৩২ |
| চারি প্রকার অরূপাবচর কুশল চিত্ত | ৩৫ |
| চারি প্রকার অরূপাবচর বিপাক চিত্ত | ৩৭ |
| চারি প্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত | ৩৮ |
| চারি প্রকার লোকোত্তর মার্গ চিত্ত | ৪০ |
| চারি প্রকার লোকোত্তর ফল চিত্ত | ৪১ |
| উননব্বই প্রকার চিত্ত | ৪৩ |
| কোন্ ভূমিতে কি প্রকার চিত্ত | ৪৪ |
| একশত একুশ প্রকার চিত্ত | ৪৫ |
| চল্লিশ প্রকার কাত্তর ধ্যান চিত্ত | ৪৫ |

## দ্বিতীয় পরিচ্ছেদ।


| | |
|---|---|
| চৈতসিক উৎপত্তি ও নিরোধ | ৫১ |
| সাত প্রকার সর্ব্ব চিত্ত-সাধারণ চৈতসিক | ৫১ |
| ছয় প্রকার প্রকীর্ণক চৈতসিক | ৫৩ |
| চৌদ্দ প্রকার অকুশল চৈতসিক | ৫৪ |
| উনিশ প্রকার শোভন সাধারণ চৈতসিক | ৫৭ |
| তিন প্রকার বিরতি চৈতসিক | ৬১ |
| দুই প্রকার অপ্রমাণ্য চৈতসিক | ৬২ |
| প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক | ৬২ |
| চিত্ত ও চৈতসিক সংযোগ ও বিয়োগ | ৬৪ |
| সর্ব্ব প্রকার চিত্ত ও চৈতসিক সংযোগ | ৬৪ |
| সর্ব্ব চিত্ত-সাধারণ চৈতসিক সংযোগ | ৬৫ |
| বিতর্ক চৈতসিক সংযোগ | ৬৬ |
| বিচার-চৈতসিক সংযোগ | ৬৭ |
| অধি মোক্ষ চৈতসিক সংযোগ | ৬৮ |
| বীর্য্য চৈতসিক সংযোগ | ৬৯ |
| প্রীতি চৈতসিক সংযোগ | ৭০ |
| ছন্দ চৈতসিক সংযোগ | ৭১ |
| প্রকীর্ণক চৈতসিকের বর্জ্জিত চিত্ত | ৭২ |
| প্রকীর্ণ চৈতসিকের সহিত চিত্ত উৎপত্তি | ৭২ |
| সর্ব্বা কুশল সাধারণ-চৈতসিক সংযোগ | ৭৩ |
| লোভ চৈতসিক সংযোগ | ৭৪ |
| মিথ্যা দৃষ্টি চৈতসিক সংযোগ | ৭৪ |
| মান চৈতসিক সংযোগ | ৭৫ |
| দোষ চৈতসিক সংযোগ | ৭৫ |
| অলসতা ও নিদ্রা চৈতসিক সংযোগ | ৭৬ |
| সন্দেহ চৈতসিক সংযোগ | ৭৬ |
| অকুশল চৈতসিক পাঁচ প্রকার সংযোগ | ৭৭ |
| শোভন সাধারণ চৈতসিক সংযোগ | ৭৮ |
| বিরতি চৈতসিক নিয়ত সংযোগ | ৭৯ |

| | |
|---|---|
| বিরতি চৈতসিক অনিয়ত সংযোগ | ৭৯ |
| অপ্রমাণ্য চৈতসিক সংযোগ | ৮০ |
| প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক সংযোগ | ৮২ |
| চারি প্রকার শোভন চৈতসিক সংযোগ | ৮৩ |
| অনিয়ত ও নিয়ত চৈতসিক সংযোগ | ৮৪ |
| লোকোত্তর ধ্যান চিত্তের সহিত চৈতসিক সংযোগ | ৮৭ |
| মহৎগত ধ্যান চিত্তের সহিত চৈতসিক সংযোগ | ৯০ |
| শোভন কামাবচর চিত্তের সহিত চৈতসিক সংযোগ | ৯৫ |
| অকুশল চিত্তের সহিত চৈতসিক সংযোগ | ১০৩ |
| অহেতুক চিত্তের সহিত চৈতসিক সংযোগ | ১১০ |


## তৃতীয় পরিচ্ছেদ।


| | |
|---|---|
| প্রকীর্ণক সংগ্রহ | ১১৫ |
| বেদনা সংগ্রহ | ১১৬ |
| চিত্ত বেদনা সংগ্রহের সংযোগ | ১১৬ |
| চিত্ত হেতু সংগ্রহের সংযোগ | ১২১ |
| কর্ম্ম সংগ্রহ | ১২৭ |
| স্থান | ১২৯ |
| দ্বার সংগ্রহ | ১৩৭ |
| অবলম্বন সংগ্রহ | ১৪৩ |
| বস্তু সংগ্রহ | ১৫১ |


## চতুর্থ পরিচ্ছেদ।


| | |
|---|---|
| বীথি সংগ্রহ | ১৫৭ |
| অতি মহৎ চিত্ত বীথি | ১৬০ |
| মহৎ চিত্ত বীথি | ১৬৬ |
| ক্ষুদ্র চিত্ত বীথি | ১৬৭ |
| অতি ক্ষুদ্র চিত্ত বীথি | ১৬৮ |
| মনোদ্বার চিত্ত বীথি | ১৭০ |
| অর্পণ জবন চিত্ত বীথি | ১৭২ |
| তদাবলম্বন চিত্ত বীথি | ১৭৯ |
| জবন চিত্তের বার | ১৮৩ |
| পুদ্গল প্রভেদ | ১৮৬ |

ভূমি বিভাগ ১৮৯

পঞ্চম পরিচ্ছেদ।

চারি প্রকার ভূমি ১৯৩

চারি প্রকার প্রতি সন্ধি ১৯৮

চারি প্রকার কর্ম্ম ২১০

চারি প্রকার মরণোৎপত্তি ২২২

ষষ্ঠ পরিচ্ছেদ।

পাঁচ প্রকার রূপ ২৩২

রূপ সমুদ্দেশ ২৩৩

রূপ বিভাগ ২৩৮

রূপ সমুত্থান ২৪২

রূপ কলাপ ২৪৮

রূপ প্রবৃত্তি ২৫৫

নির্ব্বাণ ২৬৪

সপ্তম পরিচ্ছেদ।

অকুশল সংগ্রহ ২৬৬

মিশ্রক সংগ্রহ ২৭৩

বোধি পাক্ষিক সংগ্রহ ২৮০

সর্ব্ব সংগ্রহ ২৮৮

অষ্টম পরিচ্ছেদ।

প্রতী সমুৎপত্তি নীতি ২৯৬

প্রস্থান নীতি ৩০৩

প্রজ্ঞপ্তি ৩১৯

নবম পরিচ্ছেদ।

সপ্রায়ঃ প্রভেদ ৩২৭

ভাবনা প্রভেদ ৩৪৪

গোচর প্রভেদ ৩৪৭

বিশুদ্ধি প্রভেদ ৩৫৭

বিমোক্ষ প্রভেদ ৩৭২

লোকোত্তর পুদগল প্রভেদ ৩৭৫

সমাপত্তি প্রভেদ ৩৭৮

পরিশিষ্ট (১)

# অভিধম্মত্থ সঙ্গহো

বা

# অভিধর্ম্মার্থ সংগ্রহ।

## প্রথম পরিচ্ছেদ।

### সম্যক্ সম্বুদ্ধাভিবাদন।

পালি।

নমো তস্‌স ভগবতো অরহতো সম্মা সম্বুদ্ধস্‌স। ৩।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই-ভগবান্ অর্হৎ সম্যক্ সম্বুদ্ধকে নমস্কার।

পালি।

সম্মা সম্বুদ্ধ মতুলং, সসদ্ধম্মগণুত্তমং।
অভিবাদিয়া ভাসিস্‌সং, অভিধম্মত্থ সঙ্গহং।

সান্বয়ার্থ।

(অহং) আমি (অতুলং) অতুল [সম্যক্ সম্বুদ্ধই অতুল, কারণ শীলের গুণ দ্বারা কেহই তাঁহার সদৃশ উন্নতি লাভ করে নাই] (সম্মা সম্বুদ্ধং) সম্যক্ সম্বুদ্ধ [যিনি অবর্ণিত ও বর্ণিত কর্ত্তৃক সর্ব্বপ্রকার ধর্ম্মের অবিকাশ ও অব্যয় স্বয়ম্ভু জ্ঞান দ্বারা "আমি" ও "স্বয়ম্ভুকে" জানিয়াছেন, অপর ব্যক্তিদিগকে "আমি" স্বয়ম্ভু বাসনার সহিত প্রবল রূপ মোহনিদ্রা হইতে সত্যে জাগ্রত করিয়াছেন, এবং সূর্য্যের জ্যোতিতে পদ্ম পুষ্প প্রকাশের ন্যায় অর্হৎ মার্গ জ্ঞানের সহিত সর্ব্বজ্ঞ জ্ঞান প্রাপ্তি কর্ত্তৃক "আমি কে" অতিক্রম দ্বারা স্বয়ম্ভু ভাব বিকাশ প্রাপ্ত হইয়াছেন, তিনি সম্যক্ সম্বুদ্ধ] ও (সসদ্ধম্ম গণুত্তমং) সদ্ধর্ম্মের সহিত সাধুগণকে [পরমার্থ কর্ত্তৃক দৃষ্টি গোচরত্ব ধর্ম্ম,

প্রশংসনীয় ধর্ম্ম, অবিদ্যা-উৎপাটন ধর্ম্ম, এবং দেবতা ও মনুষ্যের অন্তঃকরণের মধ্যে উত্তম আর্য্য পুদ্গলের ভাব উৎপত্তি ধর্ম্মকে ] ( অভিবাদিয়া ) অভিবাদন করিয়া ( অভিধম্মথ সঙ্গহং ) অভিধর্ম্মার্থ সংগ্রহ ( ভাসিস্সং ) ব্যাখ্যা করিতেছি।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

আমি অতুল সম্যক্ সম্বুদ্ধ ও সদ্ধর্ম্মের সহিত সাধুগণকে অভিবাদন করিয়া অভিধর্ম্মার্থ সংগ্রহ ব্যাখ্যা করিতেছি।

---

## চারিপ্রকার পরমার্থ।

পালি।

তথবুত্তাভিধম্মত্থা, চতুধা পরমত্থতো,
চিত্তং চেতসিকং রূপং, নিব্বানমিতি সব্বথা।

সান্বয়ার্থ।

( চিত্তং ) চিত্ত * [ বিজ্ঞান স্কন্ধ বা উননব্বই প্রকার চিত্ত ] ( চেতসিকং ) চৈতসিক [ বেদনা স্কন্ধ বা বেদনা চৈতসিক ও সংজ্ঞা স্কন্ধ বা সংজ্ঞা চৈতসিক বিনা অবশিষ্ট পঞ্চাশ প্রকার চৈতসিক সংস্কার স্কন্ধ ], ( রূপং ) রূপ [ রূপ স্কন্ধ অর্থাৎ ভূত রূপ ও উপাদান রূপ প্রভৃতি আটাশ প্রকার রূপ ] এবং ( নিব্বানং ) নির্ব্বাণ [ লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বনকারী, এই নির্ব্বাণ ধর্ম্ম অবর্ণিত ], ( ইতি ) এই ( চতুধা পরমত্থতো ) চারিপ্রকার পরমার্থ কর্ত্তৃক ( তথ ) সেই ( সব্বথা ) সর্ব্বপ্রকার প্রভেদ ( বুত্তাভিধম্মথা ) সপ্তখণ্ড অভিধর্ম্মে [ ধম্মসঙ্গণি, বিভঙ্গ, কথাবত্থু, পুগ্‌গল পঞ্‌ঞত্তি, ধাতু কথা, যমকং, এবং পট্‌ঠানং, এই সপ্তখণ্ড অভিধর্ম্মে ] উক্ত হইয়াছে।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

চিত্ত, চৈতসিক, রূপ ও নির্ব্বাণ এই চারিপ্রকার পরমার্থ কর্ত্তৃক সেই সর্ব্বপ্রকার প্রভেদ সপ্তখণ্ড অভিধর্ম্মে উক্ত হইয়াছে।

---

* ( চিন্তেতীতি চিত্তং, আরম্মণং বিজানাতীতি অত্থ ) যেই বিজ্ঞান দ্বারা শরীরের অভ্যন্তর ও বহির্দ্দেশের বিষয় জানিতে পারে, এবং অবলম্বন ও চিন্তা বা বিবেচনা করিয়া থাকে, এই ভাবার্থই চিত্ত বলিয়া বর্ণিত হয়।

# চারিপ্রকার চিত্ত।

## পালি।

তত্থ চিত্তং তাব চতুব্বিধং হোতি, কামাবচরং, রূপাবচরং, অরূপাবচরং, লোকুত্তরঞ্চেতি।

## সান্বয়ার্থ।

( কামাবচরং ) চুয়ান্নপ্রকার কামাবচর চিত্ত, ( রূপাবচরং ) পনরপ্রকার রূপাবচর চিত্ত, ( অরূপাবচরং ) দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত, ( লোকুত্তরঞ্চ ) এবং আটপ্রকার লোকোত্তর চিত্ত, (ইতি) এই ঊননব্বই প্রকার চিত্তের প্রভেদে ( তত্থ চিত্তং তাব চতুব্বিধং হোতি ) তৎসমুদয় চিত্ত এক্ষণে চারি প্রকারে বর্ণনা করা যাইতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কামাবচর চিত্ত, রূপাবচর চিত্ত, অরূপাবচর চিত্ত এবং লোকোত্তর চিত্ত এই সকল চিত্তের প্রভেদে তৎসমুদয় এক্ষণে চারিপ্রকারে বর্ণনা করা যাইতেছে।

---

# আটপ্রকার লোভ চিত্ত।

## পালি।

তত্থ কতমং কামাবচরং।

( ১+২ ) সোমনস্স সহগতং, দিঠ্‌ঠিগত সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

( ৩+৪ ) সোমনস্স সহগতং, দিঠ্‌ঠিগত বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

( ৫+৬ ) উপেখ্‌কা সহগতং, দিঠ্‌ঠিগত সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

( ৭+৮ ) উপেখ্‌কা সহগতং, দিঠ্‌ঠিগত বিপ্পয়ুত্তং

অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকন্তি
ইমানি অঠ্‌টপি লোভ সহগত চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

( তত্থ কতমং কামাবচরং ) সেই কামাবচর চিত্ত কতপ্রকার?

( ১+২ ) ( দিঠ্‌টিগত সম্পযুত্তং ) মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত [ চুরি *, লম্পটতা †, অভিধ্যা ‡, মিথ্যাদৃষ্টি §, মিথ্যাবাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য ¶, এই সাতপ্রকার মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত ] ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( সোমনস্স সহগতং ) সৌমনস্যের সহিত গমন করিতেছে।

---

* কোন ব্যক্তি অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্য কিম্বা আনন্দের সহিত অপরের দ্রব্য অপহরণ করিয়া যেই পাপ বা অপরাধ স্বীকার করে না, তাহাকে মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

কোন ব্যক্তি সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত অপরের বস্তু চুরি করতঃ যেই অপরাধ বা পাপ স্বীকার করে না, তাহা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া কথিত হয়।

কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা কিংবা মধ্যস্থ ভাবের সহিত অপরের দ্রব্য চুরি করিয়া যেই পাপ বা অপরাধ স্বীকার করে না, তাহা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব নামে উক্ত হয়।

† কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত লাম্পট্য বা পরস্ত্রী পরায়ণ হইয়া যেই পাপ বা অপরাধ স্বীকার করে না, তাহাকে মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব বলে।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অভিধ্যা বা পর দ্রব্য স্পৃহা জনিত কর্ম্ম করিয়া যেই পাপ মনে করে না, তাহাই মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব নামে অভিহিত হয়।

§ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি-কর্ম্ম করিয়া যেই পাপ স্বীকার করে না, তাহাকে মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব বলে।

¶ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত মিথ্যাবাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য বলিয়া যেই পাপ বা অপরাধ স্বীকার করে না, তাহাকে মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া থাকে।

(৩+৪) (দিঠ্‌ঠিগত বিপ্পযুত্তং) মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত [চুরি *, লম্পটতা †, অভিধ্যা ‡, মিথ্যাদৃষ্টি §, মিথ্যাবাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য ¶, এই সাতপ্রকার মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত] (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (সোমনস্‌স সহগতং) সৌমনস্যের সহিত গমন করিতেছে।

(৫+৬) (দিঠ্‌ঠিগত সম্পযুত্তং) মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (উপেখ্‌খা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে।

(৭+৮) (দিঠ্‌ঠিগত বিপ্পযুত্তং) মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (উপেখ্‌খা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে। (ইতি ইমানি অঠ্‌ঠপি লোভ সহগত চিত্তানি নাম) ইহা আটপ্রকার লোভ নামক চিত্তের সহিত গমন করিতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

## সেই কামাবচর চিত্ত কত প্রকার?

১। মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিতেছে।

---

* কোন ব্যক্তি অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অপরের বস্তু চুরি করতঃ যেই অপরাধ বা পাপ স্বীকার করে, তাহা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব বলিয়া বর্ণিত হয়।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত লম্পটতা কর্ম্ম করতঃ যেই পাপ বা দোষ স্বীকার করে, তাহা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব বলিয়া বর্ণিত হয়।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অভিধ্যা বা পর দ্রব্য স্পৃহা জনক কার্য্য করতঃ যেই পাপ মনে করে, তাহাই মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব নামে কথিত হইয়া থাকে।

§ যে কোন ব্যক্তি অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি-কর্ম্ম করতঃ যেই পাপ স্বীকার করে, তাহাই মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব নামে কথিত হয়।

¶ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত মিথ্যাবাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য বলিয়া যেই পাপ স্বীকার করে, তাহা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব নামে অভিহিত হয়।

২। মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্তের সহিত গমন করিতেছে।

৩। মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করিতেছে।

৪। মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করিতেছে।

৫। মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্থ কিংবা আনন্দের সহিত গমন করিতেছে।

৬। মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্থ বা আনন্দের সহিত গমন করিতেছে।

৭। মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করিতেছে।

৮। মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করিতেছে। ইহা আট প্রকার লোভ নামক চিত্তের সহিত গমন করিতেছে।

---

# দুইপ্রকার দোষ চিত্ত।

## পালি।

(১+২) দোমনস্‌স সহগতং, পটিঘ সম্পযুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকন্তি।
ইমানি দ্বেপি পটিঘ সম্পযুত্ত চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

(১+২) (পটিঘ সম্পযুত্তং) প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত [প্রাণীহত্যা * চুরি †, ব্যাপাদ ‡, মিথ্যাবাক্য, কর্কশবাক্য, পিশুনবাক্য এবং গল্পবাক্য §, এই সাতপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত] (অসঙ্খারিকমেকং) একপ্রকার

---

* যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্তের সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের ভাবে প্রাণীহত্যা করিয়া থাকে।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্তের সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের ভাবে চুরি করিতেছে।

অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( দোমনস্স সহগতং ) দৌর্ম্মনস্য বা দুষ্ট মনের সহিত গমন করিতেছে। ( ইতি ইমানি দ্বেপি পটিঘ সম্পযুত্ত চিত্তানি নাম ) ইহাই দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত নামক চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

১। প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা দৌর্ম্মনস্যের সহিত গমন করিতেছে।

২। প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা দৌর্ম্মনস্যের সহিত গমন করিতেছে, ইহাই দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত নামক চিত্ত।

# দুইপ্রকার মোহ চিত্ত।

## পালি।

**উপেখ্‌কা সহগতং বিচিকিচ্ছা সম্পযুত্তমেকং। উপেখ্‌কা সহগতং উদ্ধচ্চ সম্পযুত্তমেকন্তি। ইমানি দ্বেপি মোমূহ চিত্তানি নাম। ইচ্চেবং সব্বথাপি দ্বাদসাকুসল চিত্তানি সমত্তানি।**

## সান্বয়ার্থ।

( বিচিকিচ্ছা সম্পযুত্তমেকং ) একপ্রকার বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত। রূপ অবলম্বন *, শব্দাবলম্বন †, গন্ধাবলম্বন ‡, রসাবলম্বন §, স্পর্শাবলম্বন ¶, এবং

---

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্যের সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের ভাবে পরের অনিষ্ট চিন্তা করিয়া থাকে।

§ যে কোন ব্যক্তি একপ্রকার অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্যের সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের ভাবে মিথ্যাবাক্য, কর্কশবাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য বলিয়া থাকে।

* কোন ব্যক্তি পথে যাইবার সময়ে কিঞ্চিদ্দূর হইতে একটা সর্পরূপ দর্শন করিয়া উপেক্ষার সহিত সন্দেহপ্রাপ্ত হইল, ইহা সাপ কি না তাহার নিকট গমন করতঃ একটা রসি অবলোকন করিয়াছিল, ইহাকে বর্ত্তমান কালের রূপাবলম্বন বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

† যে কোন ব্যক্তি দূর হইতে শব্দ শ্রবণ করিয়া উপেক্ষার সহিত সন্দেহপ্রাপ্ত হইল, ইহা মৃদঙ্গের শব্দ কি ঢোলকের শব্দ, তাহার নিকট যাইয়া মৃদঙ্গের শব্দ শ্রবণ করিয়াছিল, ইহাকে বর্ত্তমান কালের শব্দাবলম্বন বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব বলে।

ধর্ম্মাবলম্বন *, এই ছয়প্রকার অবলম্বন বর্ত্তমান কাল, অতীত কাল ও অনাগত কাল. এই তিনপ্রকার কাল †, বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত ] ( উপেখ্কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করিতেছে। ( উদ্ধচ্চ সম্প-যুত্তমেকং ) একপ্রকার ঔদ্ধত্য সম্প্রযুক্ত চিত্ত ( উপেখ্কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করিতেছে। ( ইতি ইমানি দ্বেপি মোমুহ চিত্তানি নাম ) এই দুইপ্রকার মোহ মোহিত নামক চিত্ত।

( ইচ্চেবং সব্বথাপি দ্বাদসাকুসলচিত্তানি সমত্তানি ) এই সমস্ত দ্বাদশ প্রকার অকুশল নামক চিত্ত ‡ সমাপ্ত হইল।

---

‡ যে কোন ব্যক্তি তৈল আঘ্রাণ করিয়া উপেক্ষার সহিত সন্দেহপ্রাপ্ত হইল, ইহা তিলের তৈল কি সরিষার তৈল তাহা অপর ব্যক্তির নিকট সরিষার তৈল বলিয়া জানিয়াছিল, ইহাই বর্ত্তমান কালের গন্ধাবলম্বন বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া বর্ণিত হয়।

§ যে কোন ব্যক্তি তিক্তচূর্ণ রসাস্বাদ করতঃ উপেক্ষার সহিত সন্দেহপ্রাপ্ত হইল, ইহা চিরেতা চূর্ণ কি নিম্ব চূর্ণ, তাহা অপর ব্যক্তির নিকট নিম্ব চূর্ণ বলিয়া জানিতে পারিয়াছিল, ইহা বর্ত্তমান কালের রসাবলম্বন বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব নামে কথিত হয়।

¶ যে কোন ব্যক্তি শীতল জল স্পর্শ করিয়া উপেক্ষার সহিত সন্দেহপ্রাপ্ত হইল, ইহা কূপের জল কি পুকুরের জল, তাহা অপরের নিকট কূপের জল বলিয়া জানিয়া-ছিল, ইহাকে বর্ত্তমান কালের স্পর্শাবলম্বন বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

* যে কোন ব্যক্তি উপেক্ষার সহিত পরস্পর সংযোগ ধর্ম্মাবলম্বন সন্দেহ সংযুক্ত স্বভাবকে বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া থাকে।

† আমি কোন্ সালে কলিকাতা গিয়াছিলাম, তাহা উপেক্ষার সহিত সন্দেহ যুক্ত হওয়াতে হিসাব করিয়া দেখিলাম, তথায় ১২৬৩ মগিতে গমন করিয়াছিলাম, ইহা অতীত কালের বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব।

আমি কোন্ তারিখে ব্রহ্মদেশে যাইব, তাহা উপেক্ষার সহিত সন্দেহযুক্ত হই-লাম, তথায় ৫ তারিখে নিশ্চয় যাইব, ইহারই নাম অনাগত কালের বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্তের ভাব।

‡ দ্বাদশ প্রকার অকুশল চিত্তের মধ্যে ঔদ্ধত্য সম্প্রযুক্ত চিত্ত পরিত্যাগ করিয়া অবশিষ্ট একাদশ প্রকার অকুশল চিত্তের কর্ম্মফলে ও অহেতুক অকুশল বিপাক উপেক্ষার সহিত স্থির চিত্তের ভাবে নরকভূমি, তির্য্যকভূমি, প্রেতভূমি ও অসুর ভূমিতে প্রতিসন্ধি বা জন্ম হইয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

একপ্রকার বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত, উপেক্ষার সহিত গমন করিতেছে। একপ্রকার ঔদ্ধত্য সম্প্রযুক্ত চিত্ত উপেক্ষার সহিত গমন করিতেছে, এই দুই প্রকার মোহ মোহিত নামক চিত্ত। এই সমস্ত দ্বাদশ প্রকার অকুশল নামক চিত্ত সমাপ্ত হইল।

## পালি।

অঠ্‌ঠধা লোভ মূলানি, দোস মূলানিচ দ্বিধা,
মোহ মূলানিচ দ্বেতি, দ্বাদসা কুসলা সিয়্যু।

## সান্বয়ার্থ।

( অঠ্‌ঠধা লোভ মূলানি ) আটপ্রকার লোভ মূলক চিত্ত, ( দোস মূলানিচ দ্বিধা ) দুইপ্রকার দোষ মূলক চিত্ত, ( মোহ মূলানিচ দ্বেতি ) এবং দুইপ্রকার মোহ মূলক চিত্ত, ( দ্বাদসাকুসলা সিয়্যুং ) এই দ্বাদশপ্রকার অকুশল চিত্ত কথিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

আটপ্রকার লোভ মূলক চিত্ত, দুইপ্রকার দোষ মূলক চিত্ত, এবং দুই প্রকার মোহ মূলক চিত্ত, এই দ্বাদশপ্রকার অকুশল চিত্ত কথিত হইয়াছে।

---

## সাতপ্রকার অকুশল বিপাক অহেতুক চিত্ত।

## পালি।

উপেখ্‌কা সহগতং চখ্‌কু বিঞ্‌ঞাণং, তথা সোত বিঞ্‌ঞাণং, ঘান বিঞ্‌ঞাণং, জিহ্বা বিঞ্‌ঞাণং, দুখ্‌ক সহগতং কায় বিঞ্‌ঞাণং, উপেখ্‌কা সহগতং সম্পটিচ্ছন চিত্তং, উপেখ্‌কা সহগতং সন্তীরণ চিত্তঞ্চেতি ইমানি সত্তপি অকুশল বিপাক চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

(চক্খুবিঞ্ঞাণং) চক্ষুবিজ্ঞান বা চক্ষু চিত্ত * (উপেক্খা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে [চক্ষু বিজ্ঞান উপেক্ষার সহিত অনিচ্ছার অবলম্বন অহেতুক অকুশল বিপাক বা পাপফলের রূপ দর্শন করিতেছে],

---

* অক্ষি গহ্বর চক্ষুর অধঃপাতা দ্বারা ও চক্ষুর উপরের ভ্রূ ও পাতা দ্বারা আচ্ছাদিত হয়। এই উভয় অক্ষি কুঠীর হইতে অন্ত মস্তিষ্ক দ্বারা এবং অক্ষির বহির্ভাগ চক্ষুর পাতার লোম দ্বারা পরিচ্ছিন্ন বা সীমা বদ্ধ হয়, সেই অক্ষি গহ্বরে প্রতিষ্ঠিত চক্ষুপিণ্ডে বা অক্ষিগোলকে অনেক স্নায়ু, নাড়ি, শিরা, পেশী এবং সাতটা বন্ধনী প্রভৃতি দ্বারা মস্তিষ্কের সহিত আবদ্ধ রহিয়াছে। চক্ষুগোলকে পৃথিবীধাতু, আপধাতু, তেজধাতু, বায়ুধাতু, বর্ণ, গন্ধ, রস, সম্ভব, আকার, জীবিত, ভাব, কায়প্রসাদ, চক্ষুপ্রসাদ, এই সংগ্রহের দ্বারা চৌদ্দপ্রকার রূপ আছে। চক্ষুগোলকে পৃথিবীধাতু, আপধাতু, তেজধাতু, বায়ুধাতু, বর্ণ, গন্ধ, রস, ওজস, সম্ভব এবং আকার, এই দশপ্রকার কর্ম্মের রূপ, সে দশপ্রকার চিত্তের রূপ, ঐ দশপ্রকার ঋতুর রূপ, এবং সেই দশপ্রকার আহারের রূপ হয়, এই চল্লিশপ্রকার কারণে রূপোৎপত্তি হইয়া থাকে। চক্ষুগোলকে জীবিত, ভাব, কায়প্রসাদ এবং চক্ষুপ্রসাদ, এই চারিপ্রকার রূপ কর্ম্মের কারণে উৎপত্তি হয়। এই চুয়াল্লিশপ্রকার রূপ সংগ্রহ দ্বারা চক্ষুগোলক শ্বেতবর্ণ, কালবর্ণ এবং লালবর্ণ হইয়া থাকে। চক্ষুগোলকে সময়ে সময়ে পৃথিবীধাতু প্রবল হইলে কর্কশ অনুভব, আপধাতু প্রবল হইলে চক্ষুর ছিদ্র দিয়া অশ্রুপতন, তেজধাতু প্রবল হইলে উষ্ণ বোধ এবং বায়ুধাতু প্রবল হইলে চক্ষু সঞ্চালন অনুমান হইয়া থাকে। ইহাকেই সসম্ভার চক্ষু বলে। সসম্ভার চক্ষু গোলকের চতুর্দ্দিকে কার্পাস তুলার সদৃশ শ্বেতবর্ণ আবরণে বেষ্টিত আছে। অক্ষি গোলকের মধ্যে কাচের সদৃশ স্বচ্ছ দ্রব্য, একটা ছিদ্র এবং সাতটা আবরণ আছে। সেই চক্ষু গোলকের ঋতু, চিত্ত এবং আহারের সাহায্যে চারিপ্রকার ধাতুর উপকার দ্বারা শক্তিবিকাশ হয়। সসম্ভার চক্ষু গোলকের মধ্যে বর্ণ, গন্ধ, রসাদি দ্বারা সংলগ্ন উকুণের মস্তক সদৃশ চক্ষুপ্রসাদ রূপ আছে। চক্ষুপ্রসাদ রূপে একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং তদবলম্বন আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই চুয়াল্লিশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার চক্ষুবিজ্ঞান চিত্ত সংযোগ হইয়া থাকে। বাহ্য বস্তুর প্রতিবিম্ব চক্ষুপ্রসাদে পতিত হয়, তদ্বারা প্রথমতঃ বাহ্য বস্তুর বক্র ভাব দর্শনজ্ঞান জন্মায় তৎপর নির্দ্দিষ্ট রূপ ধারণ করে, ইহার পর চিত্তের সহিত মস্তিষ্কে দর্শন জ্ঞানের উৎপত্তি হইয়া থাকে। চক্ষু বিজ্ঞান বা চক্ষুর চিত্তের [দর্শন স্নায়ুর] সর্পের সদৃশ স্বভাব হইয়া থাকে, ইহাই চক্ষুপ্রসাদ। ইহার টীকাও অঠ্‌ঠসালিনী অঠ্‌ঠ কথাতে বর্ণিত হইয়াছে।

চিত্তং, সোমনস্‌স সহগতং সন্তীরণ চিত্তং, উপেখ্‌কা সহগতং সন্তীরণ চিত্তঞ্চেতি, ইমানি অঠ্‌ঠপি কুসল বিপাক অহেতুক চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

(চখ্‌খু বিঞ্‌ঞাণং) চক্ষু বিজ্ঞান বা চক্ষু চিত্ত (উপেখ্‌কা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে [চক্ষু বিজ্ঞান উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলের দর্শন করিতেছে], (সোত বিঞ্‌ঞাণং) শ্রবণ বিজ্ঞান (তথা) তদ্রূপ উপেক্ষার সহিত গমন করিয়া থাকে [শ্রবণ বিজ্ঞান বা শ্রবণ চিত্ত উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলের শব্দ শ্রবণ করিয়া থাকে], (ঘান বিঞ্‌ঞাণং) ঘ্রাণ বিজ্ঞান বা ঘ্রাণ চিত্ত উপেক্ষার সহিত গমন করে, [ঘ্রাণ বিজ্ঞান উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলের গন্ধ আঘ্রাণ করে], (জিহ্বা বিঞ্‌ঞাণং) জিহ্বা বিজ্ঞান বা জিহ্বা চিত্ত উপেক্ষার সহিত গমন করিতেছে [জিহ্বা বিজ্ঞান উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্য ফলের রস আস্বাদ করিতেছে], (কায় বিঞ্‌ঞাণং) কায় বিজ্ঞান বা কায় চিত্ত (সুখ সহগতং) সুখের সহিত গমন করে [কায় বিজ্ঞান সুখের সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলে বোবা, জন্মান্ধ, খঞ্জ, এবং রুগ্ন প্রভৃতি সুষ্ঠু দেহ বা অঙ্গহীন মনুষ্যদেহ প্রাপ্ত হয়], (সম্পটিচ্ছন চিত্তং) সম্প্রতীষ চিত্ত (উপেখ্‌কা সহগতং) উপেক্ষার সহিত গমন করে [সম্প্রতীষ চিত্ত উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলে রূপ ও শব্দ প্রভৃতি প্রতিগ্রহণ করে], (সন্তীরণ চিত্তং) স্থির চিত্ত (সোমনস্‌স সহগতং) সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে [স্থির চিত্ত সৌমনস্যের সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলের রূপ, শব্দ ও গন্ধ প্রভৃতি স্থির করিয়া থাকে] (চ) এবং (সন্তীরণ চিত্তং) স্থির চিত্ত *

---

* অহেতুক কুশল বিপাক স্থির চিত্ত উপেক্ষার সহিত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি লাভ করে এবং প্রবৃত্তির সময়ে আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের তাহা উৎপত্তি হয়। ইহা ত্রিপিটক থের: চুল নাগ বর্ণনা করিয়াছেন।

( উপেখ্‌কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করে [ স্থির চিত্ত উপেক্ষার সহিত ইচ্ছায় অবলম্বন কুশল বিপাক বা পুণ্যফলে রূপ, শব্দ ও গন্ধ প্রভৃতি স্থির করে ], ( ইতি ইমানি ) এই ( অঠ্‌ঠপি কুসল বিপাক অহেতুক চিত্তানি নাম ) আটপ্রকার চিত্তকে কুশল বিপাক নামক অহেতুক চিত্ত কহে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

চক্ষু জ্ঞানবিজ্ঞান উপেক্ষার সহিত কুশল বিপাক রূপ দর্শন করিতেছে, শ্রবণ বিজ্ঞান তদ্রূপ উপেক্ষার সহিত কুশল বিপাক শব্দ শ্রবণ করিয়া থাকে, ঘ্রাণ বিজ্ঞান উপেক্ষার সহিত কুশল বিপাক গন্ধ আঘ্রাণ করে, জিহ্বা বিজ্ঞান উপেক্ষার সহিত কুশল বিপাক রস আস্বাদ করে, কায় বিজ্ঞান সুখের সহিত কুশল বিপাক কায়া প্রাপ্ত হইয়া থাকে, সম্প্রতীষ চিত্ত উপেক্ষার সহিত কুশল বিপাক রূপ, শব্দ ও গন্ধ প্রভৃতি প্রতিগ্রহণ করে, স্থির চিত্ত সৌমনস্যের সহিত কুশল বিপাক রূপ ও শব্দ প্রভৃতি স্থির করিয়া থাকে, এবং স্থির চিত্ত উপেক্ষার সহিত কুশল বিপাকে রূপ, শব্দ ও গন্ধ প্রভৃতি স্থির করে, এই আটপ্রকার চিত্তকে কুশল বিপাক নামক অহেতুক চিত্ত কহে।

---

## তিনপ্রকার ক্রিয়া অহেতুক চিত্ত।

### পালি।

উপেখ্‌কা সহগতং পঞ্চদ্বারাবজ্জন চিত্তং, তথা মনোদ্বারাবজ্জন চিত্তং, সোমনস্‌স সহগতং হসিতুপ্পাদ চিত্তঞ্চেতি, ইমানি তীণিপি অহেতুক ক্রিয়া চিত্তানি নাম। ( ইচ্চেবং সব্বথাপি অঠারসাহেতুক চিত্তানি সমত্তানি।

### সান্বয়ার্থ।

( পঞ্চদ্বারাবজ্জন চিত্তং ) পঞ্চদ্বার অবর্জন চিত্ত বা পঞ্চদ্বারের বিবেচনা চিত্ত ( উপেখ্‌কা সহগতং, ) উপেক্ষার সহিত গমন করিতেছে, ( মনোদ্বারাবজ্জন চিত্তং ) মনোদ্বার অবর্জন চিত্ত বা মনোদ্বারের বিবেচনা চিত্ত ( তথা ) তদ্রূপ উপেক্ষার সহিত গমন করে, ( চ ) এবং ( হসিতুপ্পাদ চিত্ত )

( সোত বিঞ্ঞাণং ) শ্রবণ বিজ্ঞান বা শ্রবণ চিত্ত * ( তথা ) তদ্রূপ উপেক্ষার সহিত গমন করিতেছে [ শ্রবণ বিজ্ঞান উপেক্ষার সহিত অনিচ্ছায় অবলম্বন অহেতুক অকুশল বিপাক বা পাপফলের শব্দ শ্রবণ করিতেছে ], ( ঘানবিঞ্ঞাণং ) ঘ্রাণ বিজ্ঞান বা ঘ্রাণ চিত্ত † ( উপেখ্খা সহগাতং ) উপেক্ষার সহিত গমন করিতেছে [ ঘ্রাণ বিজ্ঞান উপেক্ষার সহিত অনিচ্ছায় অবলম্বন অহেতুক অকুশল বিপাক বা পাপফলের গন্ধ আঘ্রাণ করিতেছে ]

---

* কর্ণ গহ্বরের অভ্যন্তরের আকার অঙ্গুলির অঙ্গুরীয়কের ন্যায় গোল, ঐ প্রদেশে তাম্রবর্ণ লোম ব্যাপ্ত রহিয়াছে। ইহা অস্থি, বন্ধনী, পেশী, নাড়ি, শিরা এবং স্নায়ু প্রভৃতি দ্বারা নির্ম্মিত হইয়াছে। ইহাকে সসম্ভার শ্রবণ বলে। সেই শ্রবণে ঋতু, চিত্ত, এবং আহারের সাহায্যে এবং চারিপ্রকার ঋতুর উপকার শক্তি দ্বারা বর্ণ, গন্ধ এবং রসের উৎপত্তি হয়। তাহা দ্বারা শ্রবণ প্রসাদ রূপ উৎপন্ন ও রক্ষিত হইয়া থাকে। সেই শ্রবণ প্রসাদ রূপে একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং তদবলম্বন আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই চুয়াল্লিশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান চিত্ত সংযোগ হইয়া থাকে। শ্রবণপ্রসাদ রূপের শ্রবণ বিজ্ঞান বা শ্রবণ চিত্ত [ শ্রবণ স্নায়ু ] প্রথমতঃ শব্দ শ্রবণ কর্ম্মে নিযুক্ত হয়। তৎপর কিপ্রকার শব্দ অবলম্বন অনুভব করে, ইহা দ্বারা কর্ণ গহ্বরের উজ্জ্বল শক্তির উৎপত্তি হয়, সেই কিপ্রকার শব্দ অন্তঃকরণে বা মস্তিষ্কে বিবেচনা করিয়া থাকে, এই চারিপ্রকার কারণে শব্দ উৎপত্তি ও সংযোগ হয়। শ্রবণ বিজ্ঞান বা শ্রবণ চিত্তের [ শ্রবণ স্নায়ুর ] কুম্ভীরের সদৃশ স্বভাব হইয়া থাকে। শ্রবণ বিজ্ঞান ও শ্রবণ চিত্তের [ শ্রবণ স্নায়ুর ] কর্ণ গহ্বরের শব্দ শ্রবণ ইচ্ছা উৎপত্তি হয়। কর্ণ গহ্বর আকাশের ন্যায় শূন্য আছে। তাহা শূন্য থাকাতে শব্দ শ্রবণ করিয়া থাকে। কর্ণ গহ্বরের দ্বার বন্ধ থাকিলে শব্দ শ্রবণ করিতে পারে না। কর্ণ গহ্বরের দ্বার উন্মোচিত থাকিলে শ্রবণ প্রসাদ রূপে শব্দ পুনঃ পুনঃ আঘাত করে, তৎপর বহির্দ্দেশের বিষয় জানিতে পারে। অঠ্ট কথাও টীকাতে ইহার বিশেষ ব্যাখ্যা আছে।

† নাসিকা গহ্বরের অন্তপ্রদেশ অজপদের আকারের ন্যায় পৃথক হয়, ইহা অস্থি, বন্ধনী, পেশী, নাড়ি, শিরা এবং স্নায়ু প্রভৃতির দ্বারা নির্ম্মিত হইয়াছে। ইহা সসম্ভার নাসিকা বলিয়া বর্ণিত হয়। সে নাসিকাতে ঋতু, চিত্ত ও আহারের সাহায্যে এবং চারিপ্রকার ঋতুর উপকার শক্তি দ্বারা বর্ণ, গন্ধ এবং রসের উৎপত্তি হয়। ইহা দ্বারা ঘ্রাণ প্রসাদ রূপ উৎপন্ন ও রক্ষিত হয়। সে ঘ্রাণ প্রসাদ রূপে একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, ঊনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং তদবলম্বন আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই চুয়াল্লিশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান বা ঘ্রাণ চিত্ত

(জিহ্বা বিঞ্ঞাণং) জিহ্বা বিজ্ঞান বা জিহ্বা চিত্ত * (উপেখ্কা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে [জিহ্বা বিজ্ঞান উপেক্ষার সহিত অনিচ্ছার অবলম্বন অকুশল বিপাক বা পাপফলের রস আস্বাদ করিতেছে], (কায় বিঞ্ঞাণং) কায় বিজ্ঞান বা কায় চিত্ত † (দুখ্ক সহগতং)

---

সংযোগ হইয়া থাকে। সে ঘ্রাণ প্রসাদ রূপের ঘ্রাণ চিত্ত বা ঘ্রাণ বিজ্ঞান [ঘ্রাণ স্নায়ু] প্রথমতঃ গন্ধ আঘ্রাণ কর্ম্মে নিযুক্ত হয়, তৎপর কিপ্রকার গন্ধ অনুভব করে। ইহা দ্বারা নাসিকা গহ্বরের উজ্জ্বল শক্তি উৎপত্তি হয়। সেই কিপ্রকার গন্ধ অন্তঃকরণে বা মস্তিষ্কে বিবেচনা করিয়া থাকে। এই চারিপ্রকার কারণে গন্ধের আঘ্রাণ উৎপত্তি ও সংযোগ হয়। ঘ্রাণ বিজ্ঞান বা ঘ্রাণ চিত্তের [ঘ্রাণ স্নায়ুর] পক্ষীর সদৃশ স্বভাব হয়। নাসিকা গহ্বর আকাশের ন্যায় শূন্য আছে। সে গহ্বর হইতে আঘ্রাণ ইচ্ছায় উৎপত্তি হইয়া থাকে। গন্ধকে বায়ুতে অনুভব করে। গরু বৃষ্টি পতনের সময়ে মৃত্তিকার গন্ধের আঘ্রাণ প্রাপ্ত হয়। সেই গহ্বর সোজা, এই কারণে গরু সকল মৃত্তিকার গন্ধ গ্রহণ করিয়া থাকে। হস্তে চন্দন কাষ্ঠ বা শুঁঠ ধারণ করিলে নাসিকাতে গন্ধ পাওয়া যায়। গন্ধকে বায়ু বহন না করিলে আঘ্রাণ দ্বারা জানিতে পারা যাইত না, ইহা অঠ্‌ট কথাও টীকাতে বর্ণিত হইয়াছে।

* জিহ্বার মধ্যে উপর প্রদেশ পদ্মফুলের পাপ্‌ড়ির আকার হয়, ইহা পেশী, নাড়ি, শিরা ও স্নায়ু প্রভৃতি দ্বারা নির্ম্মিত হইয়াছে। ইহাকে সসম্ভার জিহ্বা কহে। সেই জিহ্বাতে চিত্ত, ঋতু, এবং আহারের সাহায্যে ও চারিপ্রকার ধাতুর উপকার শক্তি দ্বারা বর্ণ, গন্ধ এবং রসের উৎপত্তি হয়। ইহা দ্বারা জিহ্বা প্রসাদ রূপের উৎপত্তি ও রক্ষা হয়। সে জিহ্বা প্রসাদ রূপে একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং তদবলম্বন আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই চুয়াল্লিশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান বা জিহ্বা চিত্ত সংযোগ হইয়া থাকে। সে জিহ্বা প্রসাদ রূপে জিহ্বা বিজ্ঞান বা জিহ্বা চিত্ত [জিহ্বা স্নায়ু] প্রথমতঃ রস আস্বাদ কর্ম্মে নিযুক্ত হয়, তৎপর কিপ্রকার রস আস্বাদ অনুভব করে, ইহা দ্বারা জিহ্বা উজ্জ্বল শক্তি উৎপত্তি হয়। সেই কিপ্রকার রস অন্তঃকরণে বা মস্তিষ্কে বিবেচনা করিয়া থাকে। এই চারিপ্রকার কারণে রস আস্বাদের উৎপত্তি ও সংযোগ হয়। জিহ্বা বিজ্ঞান বা জিহ্বা চিত্তের (জিহ্বা স্নায়ুর) কুকুরের সদৃশ স্বভাব হয়। আপধাতুর ইচ্ছায় রস সংযোগ অবলম্বন করিয়া থাকে। ইহার অঠ্‌ট কথাও টীকাতে কথিত হইয়াছে।

† সর্ব্বসত্ত্বের দেহে কর্ম্মজ রূপ কার্পাস তুলার ন্যায় শ্বেতবর্ণ কায়প্রসাদ রূপ আছে। কায়প্রসাদ রূপে চিত্ত, ঋতু এবং আহারের সাহায্যে ও চারিপ্রকার ধাতুর উপকার দ্বারা বর্ণ, গন্ধ এবং রসের উৎপত্তি হয়। ইহা দ্বারা কায়প্রসাদ রূপ উৎপন্ন

দুঃখের সহিত গমন করিতেছে [কায় বিজ্ঞান দুঃখের সহিত অনিচ্ছায় অবলম্বন অকুশল বিপাক বা পাপফলে অপায় ভূমির কুৎসিৎ কায়া প্রাপ্ত হয়], (সম্পটিচ্ছন চিত্তং) সম্প্রতীষ চিত্ত * (উপেখ্কা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে [সম্প্রতীষ চিত্ত উপেক্ষার সহিত অনিচ্ছায় অবলম্বন অকুশল ফলের রূপ, শব্দ ও গন্ধ প্রভৃতি প্রতিগ্রহণ করিয়া থাকে] (চ) এবং (সন্তীরণ চিত্তং) স্থির চিত্ত † (উপেক্খা সহগতং) উপেক্ষার

---

ও রক্ষিত হয়। কায়প্রসাদ রূপে একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং তদবলম্বন আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই চুয়াল্লিশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার কায়বিজ্ঞান বা কায়চিত্তের সংযোগ হয়, সেই সকল চিত্ত সমস্ত দেহে, দ্বারে এবং হৃৎপিণ্ড বস্তুতে সংযোগ হইয়া থাকে। কায়প্রসাদ রূপের কায়বিজ্ঞান বা কায়চিত্ত (কায় স্নায়ু) প্রথমতঃ কায়ার স্পর্শ কর্ম্মে নিযুক্ত হয়, তৎপর কিপ্রকার পদার্থ অনুভব করে, ইহা দ্বারা কায়প্রসাদে উজ্জ্বল শক্তির উৎপত্তি হয়। সেই কিপ্রকার পদার্থ বা বিষয় অন্তঃকরণে বা মস্তিষ্কে বিবেচনা করিয়া থাকে, এই চারিপ্রকার কারণে স্পর্শ অনুভবের উৎপত্তি ও সংযোগ হয়। শরীরের অধঃ অংশে (নাভি হইতে পদ পর্য্যন্ত) দশপ্রকার কায়ার রূপ ও দশপ্রকার ভাবের রূপ আছে। সেই অধঃঅংশে ঋতু, চিত্ত এবং আহারের কারণে আটপ্রকার রূপোৎপত্তি দ্বারা চুয়াল্লিশপ্রকার রূপের উৎপত্তি হয়। শরীরের মধ্য অংশে (নাভি হইতে উর্দ্ধ গলা পর্য্যন্ত) দশপ্রকার কায়ারূপ দশপ্রকার ভাবরূপ এবং দশপ্রকার বস্তুরূপ আছে। সে মধ্য অংশে ঋতু, চিত্ত ও আহারের কারণে আটপ্রকার উৎপত্তির রূপ দ্বারা চুয়ান্নপ্রকার রূপোৎপত্তি হইয়া থাকে।

শরীরের উর্দ্ধ অংশে (গলা হইতে উর্দ্ধ মস্তক পর্য্যন্ত) দশপ্রকার চক্ষুরূপ, দশপ্রকার শ্রবণরূপ, দশপ্রকার ঘ্রাণরূপ, দশপ্রকার জিহ্বারূপ, দশপ্রকার কায়রূপ ও দশপ্রকার ভাবরূপ আছে। সেই উর্দ্ধ অংশে ঋতু, চিত্ত এবং আহারের কারণে আটপ্রকার রূপ উৎপত্তি দ্বারা চুরাশিপ্রকার রূপ উৎপত্তি হইয়া থাকে। শরীরের অধঃ অংশের রূপের সহিত মধ্য অংশের রূপ ও উর্দ্ধ অংশের রূপ মিশ্রিত ও সংযুক্ত হয় না। কায়বিজ্ঞান বা কায়চিত্তের (কায় স্নায়ুর) শৃগালের সদৃশ স্বভাব হইয়া থাকে। কর্ম্মজ রূপকে ইচ্ছায় স্পর্শের কারণে পৃথিবীধাতু সংলগ্নে স্পর্শ অনুভব অবলম্বন করে। নিদ্রাবস্থায় বহির্দ্দেশের আকার স্বীয় মস্তক ও হস্ত প্রভৃতিতে স্পর্শ উৎপত্তির কারণ অনুভব করিতে পারে না।

যাহা পঞ্চবিজ্ঞান বা পাঁচপ্রকার চিত্ত রূপাবলম্বন, শব্দাবলম্বন, রসাবলম্বন এবং স্পর্শাবলম্বন, এই পাঁচপ্রকার অবলম্বন করে, তাহা সম্প্রতীষ চিত্ত গ্রহণ করিয়া থাকে। যাহা সম্প্রতীষ চিত্ত গ্রহণ করে, † তাহা স্থির চিত্তে স্থির করিয়া থাকে। পঞ্চবিজ্ঞান বা

সহিত গমন করিতেছে [ স্থির চিত্ত উপেক্ষার সহিত অনিচ্ছার অবলম্বন অকুশল বিপাক বা পাপফলের রূপ ও শব্দ প্রভৃতি স্থির করিয়া থাকে, ( ইতি ইমানি ) এই ( সত্তাপি অকুসল বিপাক চিত্তানি নাম ) সাতপ্রকার অকুশল বিপাক নামক চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

চক্ষু বিজ্ঞান উপেক্ষার সহিত গমন করিতেছে, শ্রবণ বিজ্ঞান তদ্রূপ উপেক্ষার সহিত গমন করিয়া থাকে, ঘ্রাণ বিজ্ঞান উপেক্ষার সহিত গমন করিতেছে, জিহ্বা বিজ্ঞান উপেক্ষার সহিত গমন করে, কায় বিজ্ঞান দুঃখের সহিত গমন করিয়া থাকে, সম্প্রতীষ চিত্ত উপেক্ষার সহিত গমন করিতেছে. এবং স্থির চিত্ত উপেক্ষার সহিত গমন করে, এই সাতপ্রকার অকুশল বিপাক নামক চিত্ত।

---

## আটপ্রকার অকুশল বিপাক অহেতুক চিত্ত।

## পালি।

উপেখ্কা সহগতং কুসল বিপাকং চুখ্কু বিঞ্ঞাণং, তথা সোত বিঞ্ঞাণং, ঘান বিঞ্ঞাণং, জিহ্বা বিঞ্ঞাণং, সুখ সহগতং কায় বিঞ্ঞাণং, উপেখ্কা সহগতং সম্পটিচ্ছন

---

পাঁচপ্রকার চিত্ত অনুত্তম বিষয় দর্শন বা অনুভব অবলম্বনের সময়ে অকুশল ফলের উৎপত্তি হয়। দ্বাদশপ্রকার অকুশল চিত্তের মধ্যে ঔদ্ধত্য চিত্ত বর্জ্জিত করিয়া একাদশপ্রকার অকুশল চিত্তের ফলে প্রতিসন্ধির [ জন্মের ] সময়ে অহেতুক অকুশল ফলের স্থির চিত্তের ভাবে অপায়ভূমি প্রাপ্ত হয়। অপায়ভূমি প্রাপ্ত ব্যক্তিরা একাদশপ্রকার কামভূমির প্রবৃত্তির সময়ে দ্বাদশপ্রকার অকুশল চিত্তের ভাব যথোপযুক্ত মতে প্রাপ্ত হইয়া থাকে। তাহাদের প্রবৃত্তির সময়ে সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্তের ভাব উৎপন্ন হয়। ষোলপ্রকার রূপভূমির মধ্যে অসংজ্ঞা সত্বভূমি পরিত্যাগ করতঃ অবশিষ্ট পনরপ্রকার রূপভূমির ব্রহ্মদের চক্ষুবিজ্ঞানে দর্শন ও শ্রবণ বিজ্ঞানে শ্রবণ করে, সম্প্রতীষ চিত্তে গ্রহণ করে এবং স্থির চিত্তে স্থির করিয়া থাকে, এই চারি প্রকার অকুশল বিপাক চিত্তের ইচ্ছার উৎপত্তি হয়। পঞ্চবিজ্ঞান উত্তম বিষয় দর্শন বা অনুভব অবলম্বনের সময়ে কুশল ফলের উৎপত্তি হইয়া থাকে। ইহা ত্রিপিটক থেরঃ চূলনাগ বর্ণন করিয়াছেন।

হাস্যোৎপত্তি চিত্ত * ( সোমনস্স সহগতং ) সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে, ( ইতি ইমানি ) এই ( তীণিপি অহেতুক ক্রিয়া চিত্তানি নাম ) তিনপ্রকার চিত্তের নাম অহেতুক ক্রিয়া চিত্ত [ কোনপ্রকার ফললাভের কারণ হয় না, এই তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত নামে কথিত হইয়াছে। ( ইচ্চেবং সব্বথাপি অঠারসাহেতুক চিত্তানি সমত্তানি ) এই সমস্ত আঠার প্রকার অহেতুক চিত্ত † সমাপ্ত হইয়াছে।

## পালি।

সত্তাকুসল পাকানি, পুঞ্ঞ পাকানি অঠ্‌ঠধা,
ক্রিয়া চিত্তানি তীণিতি, অঠারস অহেতুকা।

## সান্বয়ার্থ।

( সত্তাকুসল পাকানি ) সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্ত, ( পুঞ্ঞ পাকানি অঠ্‌ঠধা ) আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত, এবং ( ক্রিয়া চিত্তানি তীণি ) তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত, ( ইতি অঠারস অহেতুকা ) এই আঠারপ্রকার অহেতুক চিত্ত নামে কথিত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্ত, আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত এবং তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত, এই আঠার প্রকার অহেতুক চিত্ত নামে কথিত হয়।

## পালি।

পাপাহেতুক মুত্তানি, সোভণানীতি বুচ্চরে,
একূন সঠ্‌ঠি চিত্তানি, অথেকূ নবুতীপিবা।

---

* অর্হতেরা অহেতুক ক্রিয়ার হাস্যোৎপত্তি চিত্তে [ কোন প্রকার ফল লাভের কারণ বিনা ] হাস্য করিয়া থাকে।

† লোভহেতু, দোষহেতু, মোহহেতু, অলোভহেতু, অদোষহেতু ও অমোহহেতু, এই ছয়প্রকার হেতুর মধ্যে কোন একপ্রকার হেতু আঠারপ্রকার অহেতুক চিত্তের সহিত সংযোগ না থাকাতে অহেতুক নামক চিত্ত বলিয়া বর্ণিত হয়

৩

## সান্বয়ার্থ।

(পাপাহেতুক মুত্তানি) দ্বাদশপ্রকার অকুশল চিত্ত ও আঠারপ্রকার অহেতুক চিত্ত পরিত্যাগ করিলে, অবশিষ্ট (সোভণানীতি একুনসঠ্‌টি চিত্তানি) উনষাট্টিপ্রকার শোভন চিত্ত হয়, (অথবা) অথবা দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, আঠারপ্রকার অহেতুক চিত্ত এবং উনষাট্টিপ্রকার শোভন চিত্ত, (একুনবতি চিত্তানিপি বুচ্চরে) এই উননব্বইপ্রকার চিত্ত বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

দ্বাদশপ্রকার অকুশল চিত্ত ও আঠারপ্রকার অহেতুক চিত্ত পরিত্যাগ করিলে অবশিষ্ট উনষাট্টিপ্রকার শোভন চিত্ত হয়, অথবা দ্বাদশপ্রকার অকুশল চিত্ত ও আঠারপ্রকার অহেতুক চিত্ত, এবং উনষাট্টিপ্রকার শোভন চিত্ত, এই উননব্বইপ্রকার চিত্ত বর্ণিত হইয়াছে।

---

## আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত।

## পালি।

(১+২) সোমনস্‌স সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।
(৩+৪) সোমনস্‌স সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।
(৫+৬) উপেখ্‌কা সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।
(৭+৮) উপেখ্‌কা সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকন্তি,
ইমানি অঠ্‌টপি কামাবচর কুসল চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

(১+২) (ঞাণ সম্পয়ুত্তং) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত [ পঞ্চশীল, অষ্টশীল ও

দশশীল * প্রভৃতি শীলরক্ষা করে, পরের হিত † সাধন করিবার চেষ্টা করিয়া থাকে, বৌদ্ধভিক্ষু দর্শন প্রাপ্তি হইলে অভিবাদন ‡ করে এবং দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু § প্রদান করে, এই সমস্ত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব ] ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার চিত্ত বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা সৌমনস্যের ¶ সহিত গমন করিতেছে।

( ৩+৪ ) ( ঞাণ সম্পযুত্তং ) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( উপেখ্কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করে।

---

* যে কোন ব্যক্তি অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্যের সহিত পঞ্চশীল, অষ্টশীল বা দশশীল প্রভৃতি শীল রক্ষা করে, ইহাকে জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

যে কোন ব্যক্তি সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত পঞ্চশীল, অষ্টশীল বা দশশীল পভৃতি শীল রক্ষা করিয়া থাকে, ইহা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া কথিত হয়।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষার সহিত পঞ্চশীল, অষ্টশীল বা দশশীল প্রভৃতি শীল রক্ষা করে, ইহাই জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব নামে অভিহিত হয়।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত পরের হিত সাধন করিবার চেষ্টা করিলে তাহাকে জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত বৌদ্ধ ভিক্ষু দর্শন প্রাপ্তি হইলে অভিবাদন করে, ইহা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব বলিয়া বর্ণিত হয়।

§ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান করে, ইহাকে জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব কহে।

¶ পৃথগ্জন পুদ্গল ও শৈক্ষ্য পুদ্গল ১ কামাবচর কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সৌমনস্য বা আনন্দের সহিত হাস্য করিয়া থাকেন।

---

১ স্রোতাপত্তি মার্গের পুদ্গল, স্রোতাপত্তি ফলের পুদ্গল, সকৃদাগামী মার্গের পুদ্গল, সকৃদাগামী ফলের পুদ্গল, অনাগামী মার্গের পুদ্গল, অনাগামী ফলের পুদ্গল ও অর্হৎ মার্গের পুদ্গল, এই সাতপ্রকার শৈক্ষ পুদ্গল।

(৫+৬) (ঞাণ বিপ্পযুত্তং) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত [অল্পক্ষণের জন্য পঞ্চশীল, অষ্টশীল বা দশশীল প্রভৃতি শীল * রক্ষা করে, অল্পক্ষণের জন্য পরের হিত † করিবার চেষ্টা করিয়া থাকে, অল্পক্ষণের জন্য বৌদ্ধভিক্ষু দর্শন প্রাপ্তি হইলে অভিবাদন ‡ করে এবং দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে § প্রদান করে, এই সমুদায় জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের] (সোমনস্স সহগতং) সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে।

(৭+৮) (ঞাণ বিপ্পযুত্তং) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (উপেক্খা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে। (ইতি ইমানি অঠ্‌টপি কামাবচর কুসল চিত্তানি নাম) এই আটপ্রকার কামাবচর কুশল নামক চিত্ত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

(১) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিতেছে।

(২) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে।

(৩) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা উপেক্ষার সহিত গমন করে।

---

* যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অল্পক্ষণের জন্য পঞ্চশীল, অল্পক্ষণের জন্য অষ্টশীল বা অল্পক্ষণের জন্য দশশীল প্রভৃতি শীল রক্ষা করে, ইহাই জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাব।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অল্পক্ষণের জন্য পরের হিত করিবার চেষ্টা করিলে উহা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাব নামে উক্ত হয়।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত অল্পক্ষণের জন্য বৌদ্ধভিক্ষু দর্শন প্রাপ্তি হইলে অভিবাদন করে, ইহাকে জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাব বলিয়া থাকে।

§ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে প্রদান করে, ইহাকে জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাব বলে।

(৪) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষার সহিত গমন করিতেছে।

(৫) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে।

(৬) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত গমন করে।

(৭) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত অসংস্কার দ্বারা উপেক্ষার সহিত গমন করে।

(৮) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষার সহিত গমন করে। এই আটপ্রকার কামাবচর কুশল নামক চিত্ত হয়।

---

## আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত।

### পালি।

(১+২) সোমনস্‌স সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

(৩+৪) সোমনস্‌স সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

(৫+৬) উপেখ্‌কা সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

(৭+৮) উপেখ্‌কা সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকন্তি।

ইমানি অঠ্‌টপি সহেতুক কামাবচর বিপাক চিত্তানি নাম।

### সান্বয়ার্থ।

(১+২) (ঞাণ সম্পয়ুত্তং) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত [অলোভহেতু, অদোষহেতু ও অমোহহেতুর সহিত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি হয় *]

---

* যে কোন ব্যক্তি চারিপ্রকার কামাবচর কুশল বা মহাকুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তের কর্ম্মে, চারিপ্রকার কামাবচর বিপাক বা মহাবিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তের সহিত, তিনপ্রকার

( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( সোমনস্স সহগতং ) সৌমনস্তের সহিত গমন করিতেছে।

( ৩+৪ ) ( ঞাণ বিপ্পয়ুত্তং ) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত [ অলোভহেতু ও অদোষহেতুর সহিত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি হয় * ] ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( সোমনস্স সহগতং ) সৌমনস্তের সহিত গমন করে।

( ৫+৬ ) ( ঞাণ সম্পয়ুত্তং ) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( উপেখ্‌কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করিয়া থাকে।

( ৭+৮ ) ( ঞাণ বিপ্পয়ুত্তং ) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত ( অসঙ্খারিকমেকং ) একপ্রকার অসংস্কার বা ( সসঙ্খারিকমেকং ) একপ্রকার সসংস্কার দ্বারা ( উপেখ্‌কা সহগতং ) উপেক্ষার সহিত গমন করিতেছে। ( ইতি ইমানি অঠ্‌টপি সহহেতুক কামাবচর বিপাক চিত্তানি নাম ) এই আটপ্রকার সহেতুক কামাবচর বিপাক বা ফল নামক চিত্ত কহে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

( ১ ) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্ত বা আনন্দের সহিত গমন করিতেছে।

---

হেতুতে [ অলোভহেতু, অদোষহেতু ও অমোহহেতু, এই তিনপ্রকার হেতুতে ] কামসুগতি ভূমিতে ২ প্রতিসন্ধি বা জন্মধারণ করিয়া প্রবৃত্তির সময়ে [ জন্ম হইতে মরণ পর্য্যন্ত যে সময়, তাহাই প্রবৃত্তির সময় ] আটপ্রকার মহাবিপাক বা কামাবচর বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও আটপ্রকার অহেতুক কুশল বিপাক বা অহেতুক কুশল ফল চিত্তের ভাব প্রাপ্তি হয়।

* যে কোন ব্যক্তি চারিপ্রকার কামাবচর কুশল বা মহাকুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তের কর্ম্মে, চারিপ্রকার মহাবিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তের সহিত, দুইপ্রকার হেতুতে [ অলোভহেতু ও অদোষহেতু, এই দুইপ্রকার হেতুতে ] কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি লাভ করিয়া প্রবৃত্তির সময়ে চারিপ্রকার মহাবিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত ও আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের ভাব প্রাপ্তি হয়। ইহা ত্রিপিটক থেরঃ চুল নাগ বর্ণনা করিয়াছেন।

---

২ ছয়প্রকার দেবভূমি ও একপ্রকার মনুষ্যভূমি, এই সাতপ্রকার কামসুগতি ভূমি।

(২) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার দ্বারা সৌমনস্যের সহিত গমন করে।

(৩) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার দ্বারা সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে।

(৪) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিতেছে।

(৫) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বা। উপেক্ষার বা মধ্যস্থ ভাবের সহিত গমন করে।

(৬) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষার সহিত গমন করিয়া থাকে।

(৭) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার দ্বারা উপেক্ষার সহিত গমন করিতেছে।

(৮) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করে, এই আটপ্রকার সহেতুক কামাবচর বিপাক বা মহাবিপাক নামক চিত্ত কহে।

---

## আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত।

### পালি।

(১+২) সোমনস্‌স সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

(৩+৪) সোমনস্‌স সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্খারিকমেকং, সসঙ্খারিকমেকং।

(৫+৬) উপেখ্‌কা সহগতং ঞাণ সম্পয়ুত্তং
অসঙ্‌খারিকমেকং, সসঙ্‌খারিকমেকং।

(৭+৮) উপেক্ষা সহগতং ঞাণ বিপ্পয়ুত্তং
অসঙ্‌খারিকমেকং, সসঙ্‌খারিকমেকন্তি।

ইমানি অঠ্‌টপি সহেতুক কামাবচর ক্রিয়া চিত্তানি নাম। ইচ্চেবং সব্ব থাপি চতুবীসতি সহেতুক কামাবচর কুসল বিপাক ক্রিয়া চিত্তানি সমত্তানি।

## সান্বয়ার্থ।

(১+২) (ঞাণ সম্পযুত্তং) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত [অর্হৎদের ছয়প্রকার দ্বারের * ইচ্ছায় কর্ম্ম করে, তাঁহাদের পৃথগ্‌জন পুদ্গলের মত কর্ম্মে সংযোগ-হয় না] (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (সোমনস্স সহগতং) সৌমনস্যের + সহিত গমন করিতেছে।

---

* অর্হৎদের চক্ষুদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে দর্শন করেন না।

অর্হৎদের শ্রবণদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে শব্দ শ্রবণ করেন না।

অর্হৎদের ঘ্রাণদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে গন্ধ আঘ্রাণ করেন না।

অর্হৎদের জিহ্বাদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে রসাস্বাদ করেন না।

অর্হৎদের কায়দ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে স্পর্শ অনুভব কর্ম্ম করেন না।

অর্হৎদের মনোদ্বারের অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে মনোদ্বারে বিবেচনা করেন না।

অর্হৎদের ছয়দ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কোনপ্রকার ফল লাভের কারণে দানীয় বস্তু প্রদান ও শীল রক্ষা করেন না। ইহা অঠ্‌টসালিনী অঠ্‌ট কথাতে বর্ণিত হইয়াছে।

+ বুদ্ধ দুইপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সৌমনস্যের সহিত [কোনপ্রকার ফল লাভের কারণ বিনা] হাস্য করিয়া থাকেন।

অর্হতেরা দুইপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সৌমনস্যের সহিত [কোনপ্রকার ফল লাভের কারণ নাই] হাস্য করিয়া থাকেন।

(৩+৪) (ঞাণ বিপ্পযুত্তং) জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত [অর্হৎদের অলক্ষণের জন্য ছয়প্রকার দ্বারের * ইচ্ছায় কর্ম্ম করে, তাঁহাদের দ্বার পৃথগ্‌জন পুদ্গলের মত কর্ম্মে সংযোগ হয় না] (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (সোমনস্স সহগতং) সৌমনস্যের † সহিত গমন করিয়া থাকে।

(৫+৬) (ঞাণ সম্পযুত্তং) জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার কিংবা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (উপেক্খা সহগতং) উপেক্ষার সহিত গমন করিতেছে।

---

* অর্হৎদের চক্ষুদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ দর্শন করেন না।

অর্হৎদের শ্রবণদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোন প্রকার ফল লাভের কারণ শব্দ শ্রবণ করেন না।

অর্হৎদের ঘ্রাণদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ গন্ধ আঘ্রাণ করেন না।

অর্হৎদের জিহ্বাদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণের জন্য কোনপ্রকার ফল লাভের কারণ রস আস্বাদ করেন না।

অর্হৎদের কায়দ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ স্পর্শ অনুভব কর্ম্ম করেন না।

অর্হৎদের মনোদ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ মনোদ্বারে বিবেচনা করেন না।

অর্হৎদের ছয়দ্বারের অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিম্বা উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের ভাবে তাঁহারা অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ দানীয় বস্তু প্রদান ও শীল প্রভৃতি রক্ষা করেন না। ইহা অঠ্‌ঠসালিনী অঠ্‌ঠকথাতে কথিত হইয়াছে।

† অর্হতেরা দুইপ্রকার জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সৌমনস্যের সহিত [অলক্ষণ জন্য কোনপ্রকার ফল লাভের কারণ নাই] হাস্য করিয়া থাকেন।

(৭+৮) (ঞাণ সম্পযুত্তং) জ্ঞান বিপযুক্ত চিত্ত (অসঙ্খারিকমেকং) একপ্রকার অসংস্কার বা (সসঙ্খারিকমেকং) একপ্রকার সসংস্কার দ্বারা (উপেক্খা সহগতং) উপেক্ষার সহিত গমন করে, (ইতি ইমানি) এই (অট্ঠপি সহেতুক কামাবচর ক্রিয়া চিত্তানি নাম) আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া নামক চিত্ত [কোনপ্রকার ফল লাভের কারণ নাই চিত্ত] বলে। (ইচ্চেবং সব্ব থাপি চতুবীসতি) এই সমস্ত চাব্বিশপ্রকার (সহেতুক কামাবচর) সহেতুক কামাবচর (কুসল বিপাক ক্রিয়া চিত্তানি সমত্তানি) কুশল চিত্ত, বিপাক চিত্ত, ও ক্রিয়া চিত্ত সমাপ্ত হইয়াছে।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্য কিংবা আনন্দের সহিত গমন করিতেছে।

[২] জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্য কিম্বা আনন্দের সহিত গমন করে।

[৩] জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা সৌমনস্যের সহিত গমন করিয়া থাকে।

[৪] জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা সৌমনস্যের সহিত গমন করে।

[৫] জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা উপেক্ষার সহিত গমন করিতেছে।

[৬] জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার বা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষার সহিত গমন করিয়া থাকে।

[৭] জ্ঞান বিপযুক্ত চিত্ত একপ্রকার অসংস্কার বা আপন ইচ্ছা দ্বারা উপেক্ষার সহিত গমন করিতেছে।

[৮] জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত একপ্রকার সসংস্কার কিংবা অপরের উত্তেজনা দ্বারা উপেক্ষা বা মধ্যস্থ ভাবের সহিত গমন করে, এই আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া নামক চিত্ত বলে। এই সমস্ত চাব্বিশপ্রকার সহেতুক কামাবচর কুশল চিত্ত, বিপাক চিত্ত ও ক্রিয়া চিত্ত সমাপ্ত হইয়াছে।

পালি।

বেদনা ঞাণ সঙ্খার, ভেদেন চতুবীসতি,
সহেতু কামাবচর, পুঞ্ঞ পাক ক্রিয়ামতা।

## সান্বয়ার্থ।

(বেদনা) আটপ্রকার বেদনা [চারিপ্রকার সৌমনস্য বেদনা ও চারিপ্রকার উপেক্ষা বেদনা, এই আটপ্রকার বেদনা,] (ঞাণ) আটপ্রকার জ্ঞান [চারিপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত ও চারিপ্রকার জ্ঞান বিপ্রযুক্ত, এই আটপ্রকার জ্ঞান,] (সঙ্খার) আটপ্রকার সংস্কার [চারিপ্রকার অসংস্কার ও চারিপ্রকার সসংস্কার, এই আটপ্রকার সংস্কার,] (পুঞ্ঞ) আটপ্রকার পুণ্য বা কুশল চিত্ত, (পাক) আটপ্রকার বিপাক বা ফল চিত্ত এবং (ক্রিয়া) আটপ্রকার ক্রিয়া বা নিষ্ফল চিত্ত, (ভেদনা চতুবীসতি) এই প্রভেদ দ্বারা চব্বিশপ্রকার (সহেতুক কামাবচরমতা) সহেতু কামাবচর চিত্ত জানিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

বেদনা, জ্ঞান, সংস্কার, পুণ্য, বিপাক এবং ক্রিয়া, এই প্রভেদ দ্বারা চব্বিশপ্রকার সহেতুক কামাবচর চিত্ত জানিয়াছে।

## পালি।

কামে তেবীস পাকানি, পুঞ্ঞাপুঞ্ঞানিবীসতি,
একাদসক্রিয়া চে'তি, চতু পঞ্ঞাস সব্বথা।

## সান্বয়ার্থ।

(তেবীস পাকানি) তেইশপ্রকার বিপাক চিত্ত [সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্ত, আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত ও আটপ্রকার সহেতুক বিপাক চিত্ত, এই তেইশপ্রকার বিপাক চিত্ত] (পুঞ্ঞাপুঞ্ঞানি বীসতি) বিশপ্রকার পুণ্য ও অপুণ্য চিত্ত [আটপ্রকার সহেতুক কুশল চিত্ত ও দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, এই বিশপ্রকার পুণ্য ও অপুণ্য চিত্ত], (একাদসক্রিয়াচ) এবং একাদশপ্রকার ক্রিয়া চিত্ত [তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত ও আটপ্রকার সহেতুক ক্রিয়া চিত্ত, এই একাদশপ্রকার ক্রিয়া চিত্ত], (ইতি চতু পঞ্ঞাস সব্বথা) এই সমস্ত চুয়ান্নপ্রকার চিত্তের কর্ম্মে (কামে) একাদশপ্রকার কামভূমিতে ভোগ করিতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

তেইশপ্রকার বিপাক চিত্ত, বিশপ্রকার পুণ্য ও অপুণ্য চিত্ত, এবং

একাদশপ্রকার ক্রিয়া চিত্ত, এই সমস্ত চুয়ান্নপ্রকার চিত্ত, একাদশপ্রকার কামভূমিতে ভোগ করিতেছে।

---

## পাঁচপ্রকার রূপাবচর ধ্যানের কুশল চিত্ত।

### পালি।

( ১ ) বিতক্ক বিচার পীতি সুখেকগ্‌গতা সহিতং
পঠম ঝান কুসল চিত্তং।

( ২ ) বিচার পীতি সুখেকগ্‌গতা সহিতং
দুতিয় ঝান কুসল চিত্তং।

( ৩ ) পীতি সুখেকগ্‌গতা সহিতং
ততিয় ঝান কুসল চিত্তং।

( ৪ ) সুখেকগ্‌গতা সহিতং
চতুত্থ ঝান কুসল চিত্তং।

( ৫ ) উপেক্‌খেকগ্‌গতা সহিতং পঞ্চম ঝান কুসল
চিত্তঞ্চেতি ইমানি পঞ্চপি রূপাবচর কুসল
চিত্তানি নাম।

### সান্বয়ার্থ।

[ ১ ] ( চিত্তং ) চিত্ত ( বিতক্ক ) বিতর্ক ( বিচার ) বিচার, ( পীতি ) প্রীতি, ( সুখ ) সুখ এবং ( একগ্‌গতা ) একাগ্রতার ( সহিতং ) সহিত ( পঠম ঝান কুসল )* প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করে †।

---

* যে কোন যোগী ( পথবী কাসণং ) পৃথিবী কৃৎস্ন ধ্যান ও ( আ'না পান সতি ) নিশ্বাস প্রশ্বাস স্মৃতি ধ্যান প্রভৃতি করিলে রূপ অবচর ধ্যানের অবস্থা প্রাপ্তি হইয়া থাকে।

যে কোন যোগী প্রথমতঃ চিত্ত সম্প্রযুক্ত ধর্ম্মের ধ্যানে অধিষ্ঠান হইয়া নিশ্বাস প্রশ্বাস অবলম্বন অনুভব করিয়ে বিতর্ক ধ্যান বা রূপাবচরের প্রথম ধ্যানাঙ্গের কুশল ভাব উৎপত্তি করে।

† যে কোন যোগী রূপাবচর ধ্যানের বিতর্কাবস্থা বা প্রথমাবস্থা প্রাপ্তি হইলে অলসতা ভাব ও নিদ্রাভাবে আক্রান্ত হয় না।

[২] (চিত্তং) চিত্ত (বিচার পীতি সুখেকগ্গতা সহিতং) বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত (দুতিয় ঝান কুসল) দ্বিতীয় অবস্থার রূপাবচর ধ্যানের* কুশল চিত্তের ভাব উৎপত্তি করিয়া থাকে †।

[৩] (চিত্তং) চিত্ত (পীতি সুখেকগ্গতা সহিতং তুতিয় ঝান কুসল) প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের ‡ কুশল ভাব উৎপত্তি করে §।

[৪] (চিত্তং) চিত্ত (সুখেকগ্গতা সহিতং চতুত্থ ঝান কুসল) সুখ ও একাগ্রতার সহিত চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের ¶ কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে ‖।

[৫] (চ) এবং (চিত্তং) চিত্ত (উপেক্খেকগ্গতা সহিতং পঞ্চম ঝান কুসল) উপেক্ষা ও একগ্রতার সহিত পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যানের $ কুশল ভাব উৎপত্তি করে ※ (ইতি ইমানি পঞ্চপি) এই পাঁচপ্রকার (রূপাবচর কুসল চিত্তানি নাম) রূপাবচর ধ্যান কুশল নামক চিত্ত হয়।

---

* চিত্ত সেই নিশ্বাস প্রশ্বাস অবলম্বন সংযোগ অনুভব করিলে বিচার ধ্যান বা রূপাবচরের দ্বিতীয় ধ্যানাঙ্গের কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে।

† যে কোন যোগী রূপাবচর ধ্যানের বিচার অবস্থা বা দ্বিতীয়াবস্থা লাভ করিলে বিচিকিৎসা বা সন্দেহ ভাবে আক্রান্ত হয় না।

‡ চিত্ত সেই নিশ্বাস প্রশ্বাস অবলম্বনে আনন্দ অনুভব করিলে প্রীতি ধ্যান বা রূপাবচরের তৃতীয় ধ্যানাঙ্গের কুশল ভাব উৎপত্তি করে।

§ যে কোন যোগী রূপাবচর ধ্যানের প্রীতি অবস্থা বা তৃতীয়াবস্থা প্রাপ্ত হইলে ব্যাপাদ কিংবা পরের অনিষ্ট চিন্তা করে না।

¶ চিত্ত সেই নিশ্বাস প্রশ্বাস অবলম্বনে সুখ বর্দ্ধিত ভাব অনুভব করিলে সুখ ধ্যান বা রূপাবচরের চতুর্থ ধ্যানাঙ্গের কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে।

‖ যে কোন যোগী রূপাবচর ধ্যানের সুখাবস্থা কিংবা চতুর্থাবস্থা লাভ করিলে ঔদ্ধত্য ভাব ও কৌকৃত্য ভাবে আক্রমণ হয় না।

$ চিত্ত সেই নিশ্বাস প্রশ্বাস অবলম্বনের সময়ে সে ধ্যানাঙ্গ ভাব সমস্ত হইতে চিত্ত উত্থান হইয়া উপেক্ষা ও একাগ্রতাভাবে সংযুক্ত হয়, ইহাকে রূপাবচর ধ্যানের পঞ্চমাবস্থা বলে।

※ যে কোন যোগী রূপাবচর ধ্যানের একাগ্রতা ও উপেক্ষাবস্থা বা পঞ্চমাবস্থা লাভ করিলে কাম ইচ্ছা নিরোধ হইয়া শান্তিরভাবে আরোহণ করিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করে।

[২] চিত্ত বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত দ্বিতীয়াবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে।

[৩] চিত্ত প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত তৃতীয় অবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করে।

[৪] চিত্ত সুখ ও একাগ্রতার সহিত চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে।

[৫] এবং চিত্ত উপেক্ষা ও একাগ্রতার সহিত পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উৎপত্তি করে, এই পাঁচপ্রকার রূপাবচর ধ্যান কুশল নামক চিত্ত হয়।

---

## পাঁচপ্রকার রূপাবচর ধ্যান বিপাক চিত্ত।

### পালি।

(১) বিতক্ক বিচার পীতি সুখেকগ্গতা সহিতং
পঠম ঝান বিপাক চিত্তং।

(২) বিচার পীতি সুখেকগ্গতা সহিতং
দুতিয় ঝান বিপাক চিত্তং।

(৩) পীতি সুখেকগ্গতা সহিতং
ততিয় ঝান বিপাক চিত্তং।

(৪) সুখেকগ্গতা সহিতং
চতুত্থ ঝান বিপাক চিত্তং।

(৫) উপেক্খেকগ্গতা সহিতং পঞ্চম ঝান বিপাক
চিত্ত ঞ্চেতি ইমানি পঞ্চপি রূপাবচর বিপাক
চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

[১] (চিত্তং) চিত্ত (বিতক্ক বিচার পীত সুখেকগ্গতা সহিতং পঠম ঝান বিপাক) বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের বিপাক বা ফলে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয় *।

[২] (চিত্তং) চিত্ত (বিচার) বিচার, (পীতি) প্রীতি, (সুখ) সুখ ও (একগ্গতা) একাগ্রতার (সহিতং) সহিত (দুতিয় ঝান বিপাক) দ্বিতীয় অবস্থার রূপাবচর ধ্যানের বিপাক বা ফলে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে †।

[৩] (চিত্তং) চিত্ত (পীতি) প্রীতি, (সুখ) সুখ ও (একগ্গতা) একাগ্রতার (সহিতং) সহিত (ততিয় ঝান বিপাক) তৃতীয় অবস্থার রূপাবচর ধ্যানের বিপাক বা ফলে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয়।

[৪] (চিত্তং) চিত্ত (সুখ) সুখ ও (একগ্গতা) একাগ্রতার (সহিতং) সহিত (চতুত্থ ঝান বিপাক) চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের বিপাক বা ফলে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে ‡।

---

* যে কোন যোগী (কম্মট্ঠান) কর্ম্মস্থান ধ্যান করতঃ প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব ঈষৎ অনুভব কর্ম্ম ফলে ব্রহ্ম পার্ষদা ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করিয়া প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব মধ্যমরূপ অনুভব কর্ম্ম ফলে ব্রহ্ম পুরোহিত ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করতঃ প্রথম অবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উত্তম রূপ অনুভব কর্ম্ম ফলে মহাব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়।

† যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করতঃ দ্বিতীয় ও তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব ঈষৎ অনুভব কর্ম্ম ফলে পরীত্তাভা ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করিয়া দ্বিতীয় ও তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব মধ্যম রূপ কর্ম্ম ফলে অপ্রমাণাভা ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করতঃ দ্বিতীয় ও তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উত্তম রূপ অনুভব কর্ম্মফলে আভাস্বর ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে।

‡ যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করিয়া চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব ঈষৎ অনুভব কর্ম্মফলে পরিত্তশুভা ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করতঃ চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব মধ্যম রূপ অনুভব কর্ম্ম ফলে অপ্রমাণশুভ ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে।

যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করিয়া চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব উত্তম রূপ অনুভব কর্ম্ম ফলে শুভাকীর্ণ ভূমিতে প্রতিসন্ধি হয়।

[৫] (চ) এবং (চিত্তং) চিত্ত (উপেক্খেকগ্গতা) উপেক্ষা ও একাগ্রতার (সহিতং) সহিত (পঞ্চম ঝান বিপাক) পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যানের বিপাক বা ফলে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয় §। (ইতি ইমানি পঞ্চপি রূপাবচর বিপাক চিত্তানি নাম) এই পাঁচপ্রকার রূপাবচর ধ্যান বিপাক বা ফল নামক চিত্ত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের বিপাকে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয়।

[২] চিত্ত বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত দ্বিতীয় অবস্থার রূপাবচর ধ্যানের বিপাকে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে।

[৩] চিত্ত প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের বিপাকে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয়।

[৪] চিত্ত সুখ ও একাগ্রতার সহিত চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের বিপাকে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে।

[৫] চিত্ত উপেক্ষা ও একাগ্রতার সহিত পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যানের বিপাকে রূপ ব্রহ্ম লোকে প্রতিসন্ধি হয়। এই পাঁচপ্রকার রূপাবচর বিপাক নামক চিত্ত হয়।

---

## পাঁচপ্রকার রূপাবচর ধ্যান ক্রিয়া চিত্ত।

### পালি।

(১) বিতক্ক বিচার পীতি সুখেকগ্গতা সহিতং
পঠম ঝান ক্রিয়া চিত্তং।

---

§ যে কোন যোগী কর্ম্মস্থান ধ্যান করতঃ পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যানের কুশল ভাব অনুভব কর্ম্ম ফলে বৃহৎফল ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে।

যে কোন যোগী সেই রূপাবচর ধ্যানের পঞ্চমাবস্থার সংজ্ঞা শূন্য হইলে অসংজ্ঞা সত্ত্ব ভূমিতে প্রতিসন্ধি হয়।

অনাগামী পুদ্গল পাঁচপ্রকার শুদ্ধাবাস ভূমিতে প্রতিসন্ধি হইয়া থাকে। অনাগামী পুদ্গলেরা শুদ্ধাবাস ব্রহ্মভূমি হইতে নিম্নগামী ভূমিতে গমন করেন না, তাঁহারা সে ভূমি হইতে অর্হৎ হইয়া নির্ব্বাণ গমন করেন। ইহার টীকাও অর্থকথাতে বর্ণিত হইয়াছে।

(২) বিচার পীতি সুখেকগ্গতা সহিতং
দুতিয় ঝান ক্রিয়া চিত্তং।

(৩) পীতি সুখেকগ্গতা সহিতং
ততিয় ঝান ক্রিয়া চিত্তং।

(৪) সুখেকগ্গতা সহিতং
চতুত্থ ঝান ক্রিয়া চিত্তং।

(৫) উপেক্খেকগ্গতা সহিতং
পঞ্চম ঝান ক্রিয়া চিত্তঞ্চেতি ইমানি পঞ্চপি রূপাবচর ক্রিয়া চিত্তানি নাম। ইচ্চেবং সব্বথাপি পন্নরস রূপাবচর কুসল বিপাক ক্রিয়া চিত্তানি সমত্তানি।

সান্বয়ার্থ।

[১] (চিত্তং) চিত্ত (বিতক্ক) বিতর্ক, (বিচার) বিচার, (পীতি) প্রীতি, (সুখ) সুখ ও (একগ্গতা) একাগ্রতার (সহিতং) সহিত (পঠম ঝান ক্রিয়া) প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের * ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ হয় না।

[২] (চিত্তং) চিত্ত (বিচার) বিচার, (পীতি) প্রীতি, (সুখ) সুখ ও (একগ্গতা) একাগ্রতার (সহিতং) সহিত (দুতিয় ঝান ক্রিয়া) দ্বিতীয় অবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ নহে।

[৩] (চিত্তং) চিত্ত (পীতি সুখ একগ্গতা সহিতং) প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত (ততিয় ঝান ক্রিয়া) তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ হয় না।

[৪] (চিত্তং) চিত্ত (সুখেকগ্গতা সহিতং) সুখ ও একাগ্রতার সহিত (চতুত্থ ঝান ক্রিয়া) চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ নহে।

---

* অর্হতেরা রূপাবচর ক্রিয়া ধ্যান করিয়া থাকেন। তাঁহারা সেই ধ্যান ফল লাভের জন্য করেন না।

[৫] [চ] ও (চিত্তং) চিত্ত (উপেক্খেকগ্গতা) উপেক্ষা ও একাগ্রতার (সহিতং) সহিত (পঞ্চম ঝান ক্রিয়া) পঞ্চমাবস্থার রূপাবচর ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ হয় না। (ইতি ইমানি পঞ্চপি রূপাবচর ক্রিয়া চিত্তানি নাম) এই পাঁচপ্রকার রূপাবচর ধ্যান ক্রিয়া নামক চিত্ত হয়।

(ইচ্চেবং) এইরূপ (কুসল বিপাক ক্রিয়া চিত্তানি) পাঁচপ্রকার রূপাবচর কুশল চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর বিপাক চিত্ত ও পাঁচপ্রকার রূপাবচর ক্রিয়া চিত্ত, (সব্বথাপি পন্নরস রূপাবচর সমত্তানি) এই সমস্ত পনরপ্রকার রূপাবচর চিত্ত সমাপ্ত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত প্রথমাবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ হয় না।

[২] চিত্ত বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত দ্বিতীয়াবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ নহে।

[৩] চিত্ত প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত তৃতীয়াবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ নহে।

[৪] চিত্ত সুখ ও একাগ্রতার সহিত চতুর্থাবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ হন না।

[৫] চিত্ত উপেক্ষা ও একাগ্রতার সহিত পঞ্চম অবস্থার রূপাবচর ধ্যানের ক্রিয়া ভাবে কোন প্রকার ফল লাভের কারণ নহে। এই পাঁচ প্রকার রূপাবচর ধ্যানের ক্রিয়া নামক চিত্ত হয়। এইরূপ পাঁচপ্রকার রূপাবচর কুশল চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর বিপাক চিত্ত ও পাঁচপ্রকার রূপাবচর ক্রিয়া চিত্ত, এই সমস্ত পনরপ্রকার রূপাবচর চিত্ত সমাপ্ত হইয়াছে।

## পালি।

পঞ্চধা ঝান ভেদেন, রূপাবচর মানসং,
পুঞ্ঞ পাক ক্রিয়া ভেদা, তং পঞ্চদসধাভবে।

## সান্বয়ার্থ।

( রূপাবচর মানসং ) রূপাবচর চিত্ত ( পঞ্চধা ঝান ভেদেন ) পাঁচপ্রকার ধ্যান প্রভেদ দ্বারা ( পুঞ্ঞ পাক ক্রিয়া ভেদা ) পুণ্য বা কুশল, বিপাক বা ফল ও ক্রিয়া প্রভেদ হয়, ( তং পঞ্চদসধা ভবে ) সেই পনরপ্রকার রূপাবচর চিত্ত কথিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

রূপাবচর চিত্ত পাঁচপ্রকার ধ্যান প্রভেদ দ্বারা কুশল, বিপাক ও ক্রিয়া প্রভেদ হয়, সেই পনরপ্রকার রূপাবচর চিত্ত কথিত হইয়াছে।

---

## চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত।

## পালি।

( ১ ) আকাসানঞ্চায়তন কুসল চিত্তং,
( ২ ) বিঞ্ঞাণঞ্চায়তন কুসল চিত্তং,
( ৩ ) আকিঞ্চঞ্ঞায়তন কুসল চিত্তং,
( ৪ ) নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন কুসল চিত্তঞ্চেতি
ইমানি চত্তারিপি অরূপাবচর কুসল চিত্তানি নাম।

## সান্বয়ার্থ।

[ ১ ] ( চিত্তং ) চিত্ত * ( আকাসানঞ্চায়তন ) আকাশানন্ত্যায়তন

---

* যে কোন যোগী, প্রথমতঃ আকাশানন্ত্যায়তন কুশল চিত্ত প্রজ্ঞপ্তি অবলম্বন করেন, তৎপর বিজ্ঞানানন্ত্যায়তন কুশল চিত্ত অবলম্বন করিয়া থাকেন, ইহার পর আকিঞ্চ ন্যায়তন কুশল চিত্ত অবলম্বন করেন, তাহার পর নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন কুশল চিত্ত অবলম্বন করিতে পারেন।

যে কোন যোগীরা, আকাশানন্ত্যায়তন অরূপ ব্রহ্ম লোক লাভ করিতে ইচ্ছা করেন, তাঁহারা প্রথমতঃ সম্প্রযুক্ত ধর্ম্মের ধ্যানে অধিষ্ঠান হইয়া আকাশ অনন্ত ও আকাশ অনন্ত, এইরূপ ভাবনা করিলে আকাশ অনন্ত ভাব উৎপত্তি হয়, ইহাকে আকাশানন্ত্যায়তন নামক কুশল চিত্ত বলে।

( কুসল ) কুশল ভাব উৎপত্তি করে; [২] (চিত্তং) চিত্ত (বিঞ্ঞাণ ঞ্চায়তন) বিজ্ঞানানন্ত্যায়তন (কুসল) কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে; [৩] (চিত্তং) চিত্ত, (আকিঞ্চঞ্ঞায়তন কুসল) আকিঞ্চন্যায়তন কুশল ভাব উৎপত্তি করে; [৪] (চ চিত্তং) এবং চিত্ত, (নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন কুসল) নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে, (ইতি ইমানি) এই (চত্তারিপি অরূপাবচর) চারিপ্রকার অরূপাবচর (কুসল চিত্তানি নাম) কুশল নামক চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত, আকাশানন্ত্যায়তন কুশল ভাব উৎপত্তি করে; [২] চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে; [৩] চিত্ত, আকিঞ্চন্যায়তন কুশল ভাব উৎপত্তি করে; [৪] এবং চিত্ত, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন কুশল ভাব উৎপত্তি করিয়া থাকে, এই চারিপ্রকার অরূপাবচর কুশল নামক চিত্ত।

---

যে কোন যোগীরা, আকাশানন্ত্যায়তন কুশল চিত্ত লাভ করিয়া বিজ্ঞানানন্ত্যায়তন অরূপ ব্রহ্ম লোক লাভ করিবার ইচ্ছা করেন, তাঁহারা সম্প্রযুক্ত ধর্ম্মের ধ্যানে অধিষ্ঠান হইয়া বিজ্ঞান অনন্ত ও বিজ্ঞান অনন্ত, এইরূপ ভাবনা করলে বিজ্ঞান অনন্ত ভাব উৎপত্তি হইয়া থাকে, ইহাই বিজ্ঞানানন্ত্যায়তন নামক কুশল চিত্ত।

যে কোন যোগীরা, বিজ্ঞানানন্ত্যায়তন কুশল চিত্ত লাভ করতঃ আকিঞ্চন্যায়তন অরূপ ব্রহ্ম লোক লাভ করিতে বাঞ্ছা করেন, তাঁহারা সম্প্রযুক্ত ধর্ম্মের ধ্যানে অধিষ্ঠান হইয়া আকাশ অনন্ত ভাব ও বিজ্ঞান অনন্ত কিঞ্চিৎ নাই, এইরূপ ভাবনা করিলে আকিঞ্চন্যায়তন কুশল চিত্ত উৎপত্তি হয়, ইহা আকিঞ্চন্যায়তন নামক কুশল চিত্ত হয়।

যে কোন যোগীরা, আকিঞ্চন্যায়তন কুশল চিত্ত লাভ করিয়া নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন অরূপ ব্রহ্ম লোক লাভ করিতে ইচ্ছা করেন, তাঁহারা সম্প্রযুক্ত ধর্ম্মের ধ্যানে অধিষ্ঠান হইয়া (সন্ত মেতং পণিত মেতং) ইহা শান্তি ও ইহা প্রণীত, এইরূপ ভাবনা করিলে নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন কুশল চিত্ত উৎপত্তি হয়, ইহাকে নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন নামক কুশল চিত্ত কহে। ইহার টীকাতে বর্ণিত হইয়াছে।

## চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত।

### পালি।

(১) আকাসানঞ্চায়তন বিপাক চিত্তং, (২) বিঞ্ঞাণঞ্চায়তন বিপাক চিত্তং, (৩) আকিঞ্চঞ্ঞায়তন বিপাক চিত্তং, (৪) নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন বিপাক চিত্তঞ্চেতি ইমানি চত্তারিপি অরূপাবচর বিপাক চিত্তানি নাম।

### সান্বয়ার্থ।

[১] (চিত্তং) চিত্ত (আকাসানঞ্চায়তন) আকাশানন্ত্যায়তন [কুশল ধ্যানের] (বিপাক) বিপাক বা ফলে আকাশানন্ত্যায়তন অরূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়; [২] (চিত্তং) চিত্ত, (বিঞ্ঞাণঞ্চায়তন) বিজ্ঞানানন্ত্যায়তন [কুশল ধ্যানের] (বিপাক) বিপাক বা ফলে বিজ্ঞানানন্ত্যায়তন অরূপব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে; [৩] (চিত্তং) চিত্ত (আকিঞ্চঞ্ঞায়তন) আকিঞ্চন্যায়তন [কুশল ধ্যানের] (বিপাক) বিপাক বা ফলে আকিঞ্চন্যায়তন অরূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়; [৪] (চ চিত্তং) এবং চিত্ত, (নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন) নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন [কুশল ধ্যানের] (বিপাক) বিপাক বা ফলে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অরূপব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে, (ইতি ইমানি) এই (চত্তারিপি অরূপাবচর) চারিপ্রকার অরূপাবচর (বিপাক চিত্তানি নাম) বিপাক নামক চিত্ত।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত, আকাশানন্ত্যায়তন কুশল ধ্যানের বিপাকে আকাশানন্ত্যায়তন অরূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়; [২] চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন কুশল ধ্যানের বিপাকে বিজ্ঞানানন্ত্যায়তন অরূপব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে; [৩] চিত্ত, আকিঞ্চন্যায়তন কুশল ধ্যানের বিপাকে আকিঞ্চন্যায়তন অরূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়; এবং চিত্ত, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন

কুশল ধ্যানের বিপাকে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অরূপব্রহ্ম লোকে প্রতিসন্ধি হইয়া থাকে, এই চারিপ্রকার অরূপাবচর বিপাক নামক চিত্ত।

---

## চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত।

### পালি।

(১) আকাসানঞ্চায়তন ক্রিয়া চিত্তং, (২) বিঞ্ঞাণঞ্চায়তন ক্রিয়া চিত্তং, (৩) আকিঞ্চঞ্ঞায়তন ক্রিয়া চিত্তং, (৪) নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন ক্রিয়া চিত্তঞ্চেতি ইমানি চত্তারিপি অরূপাবচর ক্রিয়া চিত্তানি নাম। ইচ্চেবং সব্বথাপি দ্বাদস অরূপাবচর কুসল বিপাক ক্রিয়া চিত্তানি সমত্তানি।

### সান্বয়ার্থ।

[১] (চিত্তং) চিত্ত, * (আকাসানঞ্চায়তন) আকাশানন্ত্যায়তন (ক্রিয়া) ক্রিয়া [ধ্যান কোনপ্রকার ফল লাভের কারণ না] করে; [২] (চিত্তং) চিত্ত, (বিঞ্ঞাণঞ্চায়তন) বিজ্ঞানানন্ত্যায়তন (ক্রিয়া) ক্রিয়া [ধ্যান কোনপ্রকার ফল লাভের কারণ না] করিয়া থাকে; [৩] (চিত্তং) চিত্ত, (আকিঞ্চঞ্ঞায়তন) আকিঞ্চন্যায়তন (ক্রিয়া) ক্রিয়া [ধ্যান কোনপ্রকার ফল লাভের কারণ না] করে; [৪] (চ চিত্তং) চিত্ত, (নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন) নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন (ক্রিয়া) ক্রিয়া [ধ্যান কোনপ্রকার ফল লাভের কারণ না] করিয়া থাকে, (ইতি ইমানি) এই (চত্তারিপি অরূপাবচর ক্রিয়া) চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া (চিত্তানি নাম) নামক চিত্ত। (ইচ্চেবং) এইরূপ (কুসল) চারিপ্রকার অরূপাবচর কুশল ধ্যান চিত্ত, (বিপাক) চারিপ্রকার অরূপাবচর বিপাক ধ্যান চিত্ত ও (ক্রিয়া চিত্তানি) চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া ধ্যান চিত্ত, (সব্বথাপি দ্বাদস) এই সমস্ত দ্বাদশপ্রকার (অরূপাবচর চিত্তানি সমত্তানি) অরূপাবচর চিত্ত সমাপ্ত হইয়াছে।

---

* অর্হতেরা অরূপাবচর ক্রিয়া ধ্যান করিয়া থাকেন, তাঁহারা কোনপ্রকার ফল লাভের কারণ ধ্যান করেন না।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] চিত্ত, আকাশানন্ত্যায়তন ক্রিয়া ধ্যান করে ; [ ২ ] চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন ক্রিয়া ধ্যান করিয়া থাকে ; [ ৩ ] চিত্ত, আকিঞ্চ ঞ্ঞায়তন ক্রিয়া ধ্যান করে ; [ ৪ ] এবং চিত্ত, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ক্রিয়া ধ্যান করিয়া থাকে, এই চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া নামক চিত্ত। এইরূপ চারিপ্রকার অরূপাবচর কুশল ধ্যান চিত্ত, চারিপ্রকার অরূপাবচর বিপাক ধ্যান চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া ধ্যান চিত্ত, এই সমস্ত দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত সমাপ্ত হইয়াছে।

## পালি।

আলম্বণ পভেদেন, চতুধারূপ মানসং,
পুঞ্ঞ পাক ক্রিয়া ভেদা, পুনদ্বাদসধাঠ্টিতং।

## সান্বয়ার্থ।

( অরূপ মানসং ) অরূপাবচর চিত্ত ( আলম্বণ পভেদেন ) অবলম্বন প্রভেদ দ্বারা [ আকাশানন্ত্যায়তন চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, আকিঞ্চ ঞ্ঞায়তন চিত্ত ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, এই অবলম্বন প্রভেদ দ্বারা ] ( চতুধা ) চারিপ্রকার অবলম্বন হয়। ( পুন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে, ( পুঞ্ঞ ) চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, ( পাক ) চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত ও ( ক্রিয়া ) চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, ( ভেদা ) এই প্রভেদে ( দ্বাদসধাঠ্টি ) দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত স্থিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

অরূপাবচর চিত্ত অবলম্বন প্রভেদ দ্বারা চারিপ্রকার অবলম্বন হয়। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে, চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, এই প্রভেদে দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত স্থিত হইয়াছে।

———

## চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত।

### পালি।

(১) সোতাপত্তি মগ্‌গ চিত্তং, (২) সকদাগামি মগ্‌গ চিত্তং, (৩) অনাগামি মগ্‌গ চিত্তং, (৪) অরহত্ত মগ্‌গ চিত্তঞ্চেতি ইমানি চত্তারিপি লোকুত্তর কুসল চিত্তানি নাম।

### সান্বয়ার্থ।

[১] (সোতাপত্তি মগ্‌গ চিত্তং) চিত্ত, স্রোতাপত্তি মার্গে [চিত্ত, অষ্ট মার্গ দ্বারা নির্ব্বাণ মহাসমুদ্র প্রবাহে প্রবেশ করিয়া স্রোতাপত্তি মার্গে] গমন করে, ইহা স্রোতাপত্তি মার্গ নামক চিত্ত হয়। [২] (সকদাগামি মগ্‌গ চিত্তং) চিত্ত, সকৃদাগামী মার্গে গমন করিতেছে [চিত্ত, অষ্ট মার্গ দ্বারা নির্ব্বাণ মার্গে উপস্থিত হইয়া মনুষ্য ভূমিতে একবার প্রতিসন্ধি হয়], ইহাকে সকৃদাগামী মার্গ নামক চিত্ত কহে। [৩] (অনাগামি মগ্‌গ চিত্তং) চিত্ত, অনাগামী মার্গে গমন করে [চিত্ত, অষ্ট মার্গ দ্বারা নির্ব্বাণের অনাগামী মার্গ লাভ করিলে মনুষ্য ভূমিতে প্রতিসন্ধি হয় না, ইহাই অনাগামী মার্গ নামক চিত্ত হয়। [৪] (চ) এবং (অরহত্ত মগ্‌গ চিত্তং) চিত্ত, অর্হৎ মার্গে গমন করে [চিত্ত, অষ্ট মার্গ দ্বারা ক্লেশ হইতে মুক্ত হইয়া অগ্রদক্ষিণার উপযুক্ত ও পূজ্য হয়, ইহাকে অর্হৎ মার্গ নামক চিত্ত বলে], (ইতি ইমানি চত্তারিপি) এই চারিপ্রকার (লোকুত্তর কুসল চিত্তানি নাম) লোকোত্তর কুশল নামক চিত্ত।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

[১] চিত্ত, স্রোতাপত্তি মার্গে গমন করে, ইহা স্রোতাপত্তি মার্গ নামক চিত্ত হয়। [২] চিত্ত, সকৃদাগামী মার্গে গমন করিতেছে, ইহাকে সকৃদাগামী মার্গ নামক চিত্ত কহে। [৩] চিত্ত, অনাগামী মার্গে গমন করে, ইহাই অনাগামী মার্গ নামক চিত্ত হয়। [৪] এবং চিত্ত, অর্হৎ মার্গে গমন করে, ইহাকে অর্হৎ মার্গ নামক চিত্ত বলে; এই চারিপ্রকার লোকোত্তর কুশল নামক চিত্ত।

## চারিপ্রকার লোকোত্তর ফল চিত্ত।

### পালি।

(১) সোতাপত্তি ফল চিত্তং, (২) সকদাগামি ফল চিত্তং, (৩) অনাগামি ফল চিত্তং, (৪) অরহত্ত ফল চিত্তঞ্চেতি, ইমানি চত্তারিপি লোকুত্তর বিপাক চিত্তানি নাম। ইচ্চেবং সব্বথাপি অট্ঠলোকুত্তর কুসল বিপাক চিত্তানি সমত্তানি।

### সান্বয়ার্থ।

[১] (সোতাপত্তি ফল চিত্তং) চিত্ত,* স্রোতাপত্তি ফল লাভ করে [চিত্ত, অষ্টমার্গ দ্বারা নির্ব্বাণ মহাসমুদ্রের প্রবাহে প্রবেশ করতঃ ফল লাভ করে], ইহাকে স্রোতাপত্তি ফল নামক চিত্ত বলে। [২] (সকদাগামি ফল চিত্তং,) চিত্ত,† সকৃদাগামী ফল লাভ করিতেছে [চিত্ত, অষ্টমার্গ দ্বারা

---

* যে পুদ্গলেরা, ধ্যান বিনা স্রোতাপত্তি ভাব লাভ করিয়া থাকেন, তাঁহারা মনুষ্যভূমিতে কিম্বা দেবভূমিতে একবার প্রতিসন্ধি হন, তাঁহারা সেই ভূমি হইতে অর্হৎ হইয়া নির্ব্বাণ গমন করেন, ইহাই (একবার বিজনন সোতাপত্তি) একবার প্রতিসন্ধি নামক স্রোতাপত্তি পুদ্গল।

যে পুদ্গলেরা, ধ্যান বিনা স্রোতাপত্তি ভাব লাভ করেন, তাঁহারা মনুষ্যভূমিতে দুইবার প্রতিসন্ধি বা দেবভূমিতে দুইবার প্রতিসন্ধি, মনুষ্যভূমিতে তিনবার প্রতিসন্ধি কিংবা দেবভূমিতে তিনবার প্রতিসন্ধি, মনুষ্যভূমিতে চারিবার কিংবা পাঁচবার বা ছয়বার প্রতিসন্ধি হন, তাঁহারা সেই ভূমি হইতে অর্হৎ পদ লাভ করতঃ নির্ব্বাণ গমন করেন, ইহাকে (কোলংকোল সোতাপত্তি) ছয়বার প্রতিসন্ধি নামক স্রোতাপত্তি পুদ্গল বলে।

স্রোতাপত্তি পুদ্গলেরা, স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব দ্বারা চারিপ্রকার মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের ভাব ও একপ্রকার বিচিকিৎসা চিত্তের ভাব প্রহাণ করিয়া থাকেন। ইহা সঙ্খেপবণ্ণনা টীকাতে বর্ণিত হইয়াছে।

† যে পুদ্গলেরা, ধ্যান বিনা মনুষ্যভূমিতে সকৃদাগামী ফল লাভ করেন, তাঁহারা সেই ভূমিতে একবার প্রতিসন্ধি হইয়া থাকেন, তাঁহারা সেই ভূমি হইতে অর্হৎ পদ লাভ করিয়া নির্ব্বাণ গমন করেন।

৬

ফল লাভ করিয়া মনুষ্যভূমিতে একবার প্রতিসন্ধি হয়], ইহাই সকৃদাগামী ফল নামক চিত্ত। [৩] (অনাগামি ফল চিত্তং) চিত্ত, ‡ অনাগামী ফল লাভ করে [চিত্ত, অষ্টমার্গ দ্বারা কামভূমিতে প্রতিসন্ধি হয় না], ইহাকে অনাগামী ফল নামক চিত্ত কথিত হয়। [৪] (চ অরহত্ত ফল চিত্তং) এবং চিত্ত, § অর্হৎ ফল লাভ করিয়া থাকে [চিত্ত, অষ্টমার্গ দ্বারা অর্হৎ ফল লাভ করে], ইহাই অর্হৎ ফল নামক চিত্ত; (ইতি ইমামি চত্তারিপি] এই চারিপ্রকার (লোকুত্তর বিপাক চিত্তানি নাম) লোকোত্তর বিপাক বা ফল নামক চিত্ত। (ইচ্চেবং) এইরূপ (সব্বথাপি অট্‌ঠলোকুত্তর) সমস্ত

---

যে পুদ্গলেরা ধ্যান বিনা মনুষ্যভূমিতে সকৃদাগামী ফল লাভ করেন, তাঁহারা দেবভূমিতে একবার প্রতিসন্ধি হন, সে পুদ্গলেরা দেবভূমি হইতে অর্হৎ পদ লাভ করতঃ নির্ব্বাণ গমন করিয়া থাকেন।

যে পুদ্গলেরা ধ্যান বিনা দেবভূমিতে সকৃদাগামী ফল লাভ করিয়া থাকেন, তাঁহারা মনুষ্যভূমিতে একবার প্রতিসন্ধি ও দেবভূমিতে একবার প্রতিসন্ধি হন, সে পুদ্গলেরা দেবভূমি হইতে অর্হৎ পদ লাভ করতঃ নির্ব্বাণ গমন করেন।

সকৃদাগামী পুদ্গলেরা, সকৃদাগামী চিত্তের ভাব দ্বারা চারিপ্রকার মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব ও দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রহাণ করিয়া থাকেন। ইহা টীকাতে কথিত হইয়াছে।

‡ যে পুদ্গলেরা, ধ্যান বিনা মনুষ্যভূমিতে অনাগামী ফল লাভ করেন, তাঁহারা শুদ্ধাবাস ব্রহ্মভূমিতে অর্দ্ধকাল [শুদ্ধাবাস ব্রহ্মভূমিতে যত কল্প বাস করিবার নিয়ম আছে, তাহার অর্দ্ধ কল্প] বাস করেন, তাঁহারা সেই ব্রহ্মভূমি হইতে অর্হৎ পদ লাভ করতঃ নির্ব্বাণ গমন করিয়া থাকেন।

অনাগামী পুদগলেরা, অনাগামী মার্গ চিত্তের ভাব দ্বারা কাম, রাগ ও ব্যাপাদ প্রহাণ করেন। ইহাই টীকাতে অভিহিত হইয়াছে।

§ যে পুদগলেরা, ধ্যান বিনা মনুষ্যভূমিতে অর্হৎ পদ লাভ করেন, তাঁহারা সেই ভূমি হইতে নির্ব্বাণ গমন করিয়া থাকেন।

অর্হৎ পুদগলেরা, অর্হৎ মার্গ চিত্তের ভাব দ্বারা চারিপ্রকার মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের ভাব ও একপ্রকার ঔদ্ধত্য চিত্তের ভাব প্রহাণ করেন।

চিত্ত;—লোকোত্তর মার্গে কারণ উৎপত্তি করতঃ লোকোত্তর ফল উৎপত্তি করিয়া থাকে।

চিত্ত;— একবার লোকোত্তর মার্গে পতন হইলে ক্লেশ উৎপত্তি বিনাশ হয়। যথা—যে বৃক্ষে বজ্র পতন হয়, তাহার পত্র, শাখা ও মূল বিনাশ হইয়া থাকে, তাহারও সদৃশ ক্লেশ উৎপত্তি বিনাশ হয়।

আটপ্রকার লোকোত্তর ( কুসল বিপাক চিত্তানি সমত্তানি ) কুশল চিত্ত ও বিপাক বা ফল চিত্ত সমাপ্ত হইয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] চিত্ত, স্রোতাপত্তি ফল লাভ করে, ইহাকে স্রোতাপত্তি ফল নামক চিত্ত বলে; [ ২ ] চিত্ত, সকৃদাগামী ফল লাভ করিতেছে, ইহাই সকৃদাগামী ফল নামক চিত্ত; [ ৩ ] চিত্ত, অনাগামী ফল লাভ করে, ইহাকে অনাগামী ফল নামক চিত্ত কথিত হয়; [ ৪ ] এবং চিত্ত, অর্হৎ ফল লাভ করিয়া থাকে, ইহাই অর্হৎ ফল নামক চিত্ত। এইরূপ সমস্ত আটপ্রকার লোকোত্তর কুশল ও বিপাক চিত্ত সমাপ্ত হইয়াছে।

### পালি।

চতুমগ্‌গ পভেদেন, চতুধা কুসলং তথা,
পাকংতস্‌স ফলত্তাতি, অঠ্‌টধানুত্তরং মতং।

### সান্বয়ার্থ।

( তথা ) সেই চিত্ত ( চতুমগ্‌গপ্পভেদেন ) চারিপ্রকার মার্গ প্রভেদ দ্বারা ( তস্‌স ) সেই ( চতুধা কুসলং ) চারিপ্রকার লোকোত্তর কুশল চিত্ত ও ( পাকং ফলতত্তা ) চারিপ্রকার লোকোত্তর বিপাক চিত্ত ফলের কারণ উৎপত্তি হয়, ( ইতি ) এই ( অঠ্‌টধানুত্তরং মতং ) আটপ্রকার অনুত্তর বা লোকোত্তর চিত্ত জানিও।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই চিত্ত চারিপ্রকার মার্গ প্রভেদ দ্বারা সেই চারিপ্রকার লোকোত্তর কুশল চিত্ত ও চারিপ্রকার লোকোত্তর বিপাক চিত্ত ফলের কারণ উৎপত্তি হয়, এই আটপ্রকার অনুত্তর চিত্ত জানিও।

---

## ঊননব্বইপ্রকারচিত্ত।

### পালি।

দ্বাদসাকুসলানেবং, কুসলানেক বীসতি,
ছত্তিংসেব বিপাকানি, ক্রিয়া চিত্তানি বীসতি।

## সান্বয়ার্থ।

(দ্বাদসাকুসলানি) দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, (কুসলানেক বীসতি) একুশপ্রকার কুশল চিত্ত, (ছত্তিংসেব বিপাকানি) ছত্রিশপ্রকার বিপাক চিত্ত ও (ক্রিয়াচিত্তানি বীসতি) বিশপ্রকার ক্রিয়া চিত্ত, এই উননব্বই প্রকার চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, একুশপ্রকার কুশল চিত্ত, ছত্রিশপ্রকার বিপাক চিত্ত ও বিশপ্রকার ক্রিয়া চিত্ত. এই উননব্বইপ্রকার চিত্ত।

---

# কোন্ ভূমিতে কিপ্রার চিত্ত।

## পালি।

চতু পঞ্ঞাসধা কামে, রূপে পন্নরসীরিয়ে,<br>
চিত্তানি দ্বাদসারূপে, অট্ঠধানুত্তরে তথা।

## সান্বয়ার্থ।

(তথা চতু পঞ্ঞাসধা কামে) সেই চুয়ান্নপ্রকার কামাবচর চিত্তের কর্ম্মে একাদশপ্রকার কামভূমি লাভ করে, (রূপে পন্নরসীরিয়ে) পনরপ্রকার রূপাবচর চিত্তের ভাবে অসংজ্ঞাসত্ত্বভূমি বর্জ্জিত করিয়া অবশিষ্ট পনরপ্রকার রূপ ব্রহ্মভূমি লাভ করিয়া থাকে, (চিত্তানি দ্বাদসারূপে) দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্তের ভাবে চারিপ্রকার অরূপাবচরভূমি লাভ করিতেছে এবং (অট্ঠধানুত্তরে) আটপ্রকার অনুত্তর বা লোকোত্তর চিত্তের ভাবে নয়-প্রকার লোকোত্তর ধর্ম্ম [চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত, চারিপ্রকার লোকোত্তর ফল চিত্ত ও একপ্রকার নির্ব্বাণ, এই নয়প্রকার লোকোত্তর ধর্ম্ম] লাভ করিয়া থাকে, ইহা সম্যক্ সম্বুদ্ধ উপদেশ করিয়াছেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই চুয়ান্নপ্রকার কামাবচর চিত্তের কর্ম্মে একাদশপ্রকার কামভূমি লাভ করে, পনরপ্রকার রূপাবচর চিত্তের ভাবে অসংজ্ঞাসত্ত্বভূমি বর্জ্জিত করিয়া অবশিষ্ট পনরপ্রকার রূপ ব্রহ্মভূমি লাভ করিয়া থাকে, দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্তের ভাবে চারিপ্রকার অরূপাবচরভূমি লাভ করিতেছে, এবং

আটপ্রকার অনুত্তর চিত্তের ভাবে নয়প্রকার লোকোত্তর ধর্ম্ম লাভ করিয়া থাকে, ইহা সম্যক্ সম্বুদ্ধ উপদেশ করিয়াছেন।

---

## একশত একুশপ্রকাপ চিত্ত।

### পালি।

ইত্থমেকূন নবুতি, পভেদং পন মানসং,
একবীস সতং বাথ, বিভজ্জন্তি বিচক্খণা।

### সান্বয়ার্থ।

( পন মানসং ) পুনর্ব্বার সেই চিত্ত বর্ণনা করিতেছে, ( পভেদং ) জাতি ও ভূমি প্রভেদ দ্বারা ( ইত্থমেকুন নবুতি ) ইহা উননব্বইপ্রকার চিত্ত ( অথবা ) অথবা ( একবীস সতং ) একশত একুশপ্রকার চিত্ত ( বিভজ্জন্তি বিচক্খণা ) ধ্যান প্রভেদ দ্বারা বিচক্ষণ রূপে ভাগ করিয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার সেই চিত্ত বর্ণনা করিতেছে, জাতি ও ভূমি প্রভেদ দ্বারা ইহা উননব্বইপ্রকার চিত্ত অথবা একশত একুশপ্রকার চিত্ত, ধ্যান প্রভেদ দ্বারা বিচক্ষণ রূপে ভাগ করিয়াছে।

---

## চল্লিশপ্রকার লোকোত্তর ধ্যান চিত্ত।

### পালি।

কথমেকূন নবুতি বিধং চিত্তং একবীস সতং হোতি। ( ১ ) বিতক্ক বিচার পীতি সুখেকগ্গতা সহিতং পথম ঝান সোতাপত্তি মগ্গ চিত্তং, ( ২ ) বিচার পীতি সুখেকগ্গতা সহিতং দুতিয় ঝান সোতাপত্তি মগ্গ চিত্তং, ( ৩ ) পীতি সুখেকগ্গতা সহিতং ততিয় ঝান সোতাপত্তি মগ্গ চিত্তং, ( ৪ ) সুখেকগ্গতা সহিতং চতুত্থ ঝান সোতাপত্তি মগ্গ চিত্তং, ( ৫ ) উপেক্খেকগ্গতা সহিতং পঞ্চম ঝান সোতা-

পত্তি মগ্‌গ চিত্তঞ্চেতি ইমানি পঞ্চপি সোতাপত্তি মগ্‌গ চিত্তানি নাম। তথা সকদামি মগ্‌গ, অনাগামি মগ্‌গ, অরহত্ত মগ্‌গ চিত্তঞ্চেতি সম বীসতি মগ্‌গ চিত্তানি। তথাফল চিত্তানি চেতং, সম চত্তালীস লোকুত্তর চিত্তানি ভবন্তীতি।

## সান্বয়ার্থ।

(কথমেকুন নবুতি বিধং চিত্তং একবীস সতং হোতি) কি প্রকারে উননব্বইপ্রকার চিত্ত একশত একুশপ্রকার চিত্ত হয়? [১] (বিতক্ক) বিতর্ক, (বিচার) বিচার, (পীতি) প্রীতি, (সুখ) সুখ, (একগ্‌গতা) ও একাগ্রতার (সহিতং) সহিত (পথম ঝান) প্রথম ধ্যান অঙ্গের (সোতাপত্তি মগ্‌গ চিত্তং) স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব* উৎপত্তি হয়; [২] (বিচার

* যোগীরা, (কম্মট্‌ঠান) কর্ম্মস্থান ধ্যানের সময়ে লোকোত্তর পাঁচপ্রকার প্রথমাবস্থার ধ্যানের মধ্যে কোন একপ্রকার ধ্যানে প্রবেশ করিয়া (সব্বেসঙ্খারা অনিচ্চ) সর্ব্ব সংস্কার অনিত্য, (সব্বেসঙ্খারা দুক্‌খ) সর্ব্ব সংস্কার দুঃখ ও (সব্বেসঙ্খারো অনত্তা বা সব্বেধম্মা অনত্তা) সর্ব্ব সংস্কার অনাত্মা কিম্বা সর্ব্বভাব অনাত্মা বা সর্ব্বভাবে আমি নাই, এইরূপ পুনঃ পুনঃ ভাবনার দ্বারা লোকোত্তর মার্গ চিত্ত লাভ করিয়া অর্পণ ভাব উৎপত্তি হয়, এই পরিকর্ম্ম ও উপচার অনুলোম গোত্রের [লোকোত্তর গোত্রের] বিদৃশ্‌ জ্ঞান উত্থানগামীর কারণ নিকটবর্ত্তী হয়, ইহাকে পাদক নামক ধ্যান বলে।

যোগীরা, সেই কর্ম্মস্থান ধ্যানের সময়ে সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ ও সর্ব্বভাব অনাত্মা, এইরূপ পুনঃ পুনঃ ভাবনা ও পুনঃ পুনঃ প্রবৃত্ত হইয়া সম্মৃশ্‌ নামক ধ্যান উৎপত্তি হয়।

যে যোগী, ধ্যানের প্রথমাবস্থার স্রোতাপত্তি চিত্তের ভাব লাভ করেন, তাঁহাকে প্রথম অবস্থার স্রোতাপত্তি পুদগল বলে। যে যোগী, ধ্যানের দ্বিতীয় অবস্থার স্রোতাপত্তি চিত্তের ভাব লাভ করিয়া থাকেন, তাঁহাকে দ্বিতীয় ধ্যানের স্রোতাপত্তি পুদগল কথিত হয়। যে যোগী, ধ্যানের তৃতীয় অবস্থার স্রোতাপত্তি চিত্তের ভাব লাভ করিয়া থাকেন, তাঁহাকে তৃতীয় ধ্যানের স্রোতাপত্তি পুদগল কহে। যে যোগী, ধ্যানের চতুর্থ অবস্থার স্রোতাপত্তি চিত্তের ভাব লাভ করেন, তাঁহাকে ধ্যানের চতুর্থ অবস্থার স্রোতাপত্তি পুদগল বর্ণিত হইয়াছে। যে যোগী, ধ্যানের পঞ্চম অবস্থার স্রোতাপত্তি চিত্তের ভাব লাভ করিয়া থাকেন, তাঁহাকে ধ্যানের পঞ্চম অবস্থার স্রোতাপত্তি পুদগল বলিয়া থাকে, সেই স্রোতাপত্তি ধ্যানের পুদগলের সদৃশ সকৃদাগামী ধ্যানের পুদগল। সেই স্রোতাপত্তি ধ্যানের পুদগলের সদৃশ

পীতি সুখেকগ্‌গতা সহিতং) বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত (দুতিয় ঝান সোতাপত্তি মগ্‌গ চিত্তং) দ্বিতীয় ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে; [৩] (পীতি সুখেকগ্‌গতা) প্রীতি, সুখ ও একাগ্রতার (সহিতং) সহিত (ততিয় ঝান সোতাপত্তি মগ্‌গ চিত্তং) তৃতীয় ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হয়; [৪] (সুখেকগ্‌গতা সহিতং) সুখ ও একাগ্রতার সহিত (চতুথ ঝান সোতাপত্তি মগ্‌গ চিত্তং) চতুর্থ ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে; [৫] এবং (উপেক্‌খেকগ্‌গতা সহিতং) উপেক্ষা একাগ্রতার সহিত (পঞ্চম ঝান সোতাপত্তি মগ্‌গ চিত্তং) পঞ্চম ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হয়। (ইতি ইমানি পঞ্চপি সোতাপত্তি মগ্‌গ চিত্তানি নাম) এই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গের মার্গ নামক চিত্ত। (তথাসম) সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ (সকদাগামি মগ্‌গ) পাঁচপ্রকার সকৃদাগামী ধ্যান অঙ্গ মার্গ চিত্ত হয়, সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ (অনাগামি মগ্‌গ) পাঁচপ্রকার অনাগামী ধ্যান অঙ্গ মার্গ চিত্ত হইয়া থাকে, (চ) এবং সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ (অরহত্ত মগ্‌গ চিত্তং) পাঁচপ্রকার অর্হৎ ধ্যান অঙ্গ মার্গ চি হয়, (ইতি) এই (বীসতি মগ্‌গ চিত্তানি) বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ মার্গ চিত্ত। (তথাসম) সেই বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ (ফল চিত্তানি) বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ ফল চিত্ত হয়, (ইতি চত্তালীস লোকুত্তর চিত্তানি) এই চল্লিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ চিত্ত (ভবন্তি) হইয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কি প্রকারে উননব্বইপ্রকার চিত্ত একশত একুশপ্রকার চিত্ত হয়? [১] বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত প্রথম ধ্যান অঙ্গের

---

অনাগামী ধ্যানের পুদগল। সেই স্রোতাপত্তি ধ্যানের পুদগলের সদৃশ অর্হৎ ধ্যানের পুদগল।

যে যোগীরা, স্রোতাপত্তি ধ্যান চিত্ত কিংবা সকৃদাগামী ধ্যান চিত্তের ভাব লাভ করিয়া থাকেন, তাঁহারা ব্রহ্মলোক হইতে অর্হৎ পদ প্রাপ্ত হইয়া নির্ব্বাণ গমন করেন। ইহা টীকাতে বর্ণিত হইয়াছে।

স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হয়, [২] বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত দ্বিতীয় ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে, [৩] প্রীতি, সুখ ও একাগ্রতার সহিত তৃতীয় ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হয়, [৪] সুখ ও একাগ্রতার সহিত চতুর্থ ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে, [৫] এবং উপেক্ষা একাগ্রতার সহিত পঞ্চম ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ চিত্তের ভাব উৎপত্তি হয়, এই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গের মার্গ নামক চিত্ত। সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ পাঁচপ্রকার সকৃদাগামী ধ্যান অঙ্গ মার্গ চিত্ত হয়, সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ অনাগামী ধ্যান অঙ্গ মার্গ চিত্ত হইয়া থাকে, সেই পাঁচপ্রকার স্রোতাপত্তি ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ পাঁচপ্রকার অর্হৎ ধ্যান অঙ্গ মার্গ চিত্ত হয়, এই বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ মার্গ চিত্ত। সেই বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ মার্গ চিত্তের সদৃশ বিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ ফল চিত্ত হয়, এই চল্লিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ চিত্ত হইয়া থাকে।

## পালি।

ঝানঙ্গ য়োগ ভেদেন, কত্বে কেকন্তা পঞ্চধা,

বুচ্চতানুত্তরং চিত্তং, চত্তালীস বিধন্তিচ।

## সান্বয়ার্থ।

( ঝানঙ্গ য়োগ ভেদেন ) ধ্যান অঙ্গযোগ প্রভেদ দ্বারা ( কত্বে কেকন্তা পঞ্চধা ) একৈক করিয়া পাঁচপ্রকার ( অনুত্তরং চিত্ত ) অনুত্তর ধ্যান অঙ্গ চিত্ত হয়, ( চত্তালীস বিধন্তিচ ) এইরূপ চল্লিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ চিত্ত ( বুচ্চত ) বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

ধ্যান অঙ্গ যোগ প্রভেদ দ্বারা একৈক করিয়া পাঁচপ্রকার অনুত্তর ধ্যান অঙ্গ চিত্ত হয়, এইরূপ চল্লিশপ্রকার লোকোত্তর ধ্যান অঙ্গ চিত্ত বর্ণিত হইয়াছে।

## পালি।

য়থাচ রূপাবচরং, গয়্হতানুত্তরং তথা,
পঠমাদি ঝান ভেদে, অরূপঞ্চাপি পঞ্চমে,
একাদস বিধিং তস্মা, পঠমাদিকমিরিতং,
ঝান মেকেক মন্তেতু, তেবীসতি বিধিং ভবে,
সত্তিতিংসবিধিং পুঞ্ঞং, দ্বিপঞ্ঞাসবিধিং তথা,
পাকমিচ্চহু চিত্তানি, একবীস সতংবুধা।
ইতি অভিধম্মত্থ সঙ্গহে চিত্ত সঙ্গহ বিভাগো
নাম পঠমো পরিচ্ছেদো।

## সান্বয়ার্থ।

(য়থাচ রূপাবচরং গয়্হতা) যে একপ্রকার রূপাবচর প্রথম অবস্থার ধ্যানের পাঁচপ্রকার ধ্যান অঙ্গ গৃহীত করে, (অনুত্তরং তথা) সে রূপ অনুত্তর প্রথমাবস্থার ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ গৃহীত করিয়া থাকে, (পঠমাদি ঝান ভেদে) এই ধ্যানাদির প্রথম অবস্থার প্রভেদ হয়। (একাদসবিধিং তস্মা পঠমাদিকমিরিতং) সেই একাদশপ্রকার প্রথমাবস্থার ধ্যান আদি চিত্তের [তিনপ্রকার রূপাবচর প্রথমাবস্থার ধ্যান চিত্ত ও আটপ্রকার লোকোত্তর প্রথম অবস্থার ধ্যান চিত্ত, এই একাদশপ্রকার প্রথম অবস্থার ধ্যান চিত্ত] রীতি মতে (ঝানমেকেকং) একৈক ধ্যান চিত্ত [একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত, একাদশপ্রকার তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত এবং একাদশপ্রকার চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত] (অন্তেতু) শেষ হইয়া থাকে। (অরূপঞ্চাপি পঞ্চমে তেবীসতি বিধিংভবে) তেইশপ্রকার পঞ্চম অবস্থার ধ্যান চিত্তের মধ্যে অরূপাবচর চিত্ত [চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, এই দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত, তিনপ্রকার রূপাবচর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত, এবং আটপ্রকার লোকোত্তর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত,

এই তেইশপ্রকার পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত]। ( সত্ততিংস বিধিং পুঞ্‌ঞ্‌ং তথা ) সেই সাতত্রিশপ্রকার পুণ্য চিত্ত ও ( পাকং দ্বিপঞ্‌ঞাস বিধিং ) বায়ন্নপ্রকার বিপাক চিত্ত, ( ইচ্চাহু চিত্তানি একবীস সতংবুধা ) এই উননব্বইপ্রকার চিত্ত হইতে একশত একুশপ্রকার চিত্ত [ সাতাত্রিশ-প্রকার পুণ্য চিত্ত, বায়ন্নপ্রকার বিপাক চিত্ত, বিশপ্রকার ক্রিয়া চিত্ত ও দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, এই একশত একুশপ্রকার চিত্ত] প্রজ্ঞা রূপে বর্ণিত হইয়াছে। ( ইতি অভিধম্মত্থ সঙ্গহে ) এই অভিধর্ম্মার্থ সংগ্রহের ( চিত্ত সঙ্গহ বিভাগ নাম পঠমো পরিচ্ছেদো। ) চিত্ত সংগ্রহ বিভাগ নামক প্রথম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

যে প্রকার রূপাবচর প্রথমাবস্থার ধ্যানের পাঁচপ্রকার ধ্যান অঙ্গ গৃহীত করে, সে রূপ অনুত্তর প্রথম অবস্থার ধ্যান অঙ্গের স্রোতাপত্তি মার্গ গৃহীত করিয়া থাকে, এই ধ্যানাদির প্রথম অবস্থার প্রভেদ হয়। সেই একাদশ-প্রকার প্রথম অবস্থার ধ্যানাদি চিত্তের রীতি মতে একৈক ধ্যান চিত্ত শেষ হইয়া থাকে। তেইশপ্রকার পঞ্চমাবস্থার ধ্যান চিত্তের মধ্যে অরূপা-বচর চিত্ত। সেই সাতত্রিশপ্রকার পুণ্য চিত্ত ও বায়ন্নপ্রকার বিপাক চিত্ত, এই উননব্বইপ্রকার চিত্ত হইতে একশত একুশপ্রকার চিত্ত প্রজ্ঞারূপে বর্ণিত হইয়াছে। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের চিত্ত সংগ্রহ বিভাগ নামক প্রথম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

# দ্বিতীয় পরিচ্ছেদ।

## চৈতসিক উৎপত্তি ও নিরোধ।

### পালি।

একুপ্পাদ নিরোধাচ, একালম্বণ বত্থুকা,
চেতোয়ুত্তা দ্বিপঞ্ঞাস, ধম্মাচেতসিকা মতা।

### সান্বয়ার্থ।

(দ্বিপঞ্ঞাস ধম্মা চেতসিকা) বায়ন্নপ্রকার ধর্ম্ম বা স্বভাব কিংবা চৈতসিকের সহিত (একুপ্পাদ নিরোধাচ) চিত্ত একত্রে উৎপত্তি ও একত্রে নিরোধ হয়, এবং (একালম্বণ বত্থুকা চেতোয়ুত্তা) চিত্তের ন্যায় চৈতসিক একত্রে অবলম্বন ও সংযুক্ত হইয়া থাকে, (মতা) ইহাই চৈতসিক জানিও।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

বায়ন্নপ্রকার ধর্ম্ম বা চৈতসিকের সহিত চিত্ত একত্রে উৎপত্তি ও একত্রে নিরোধ হয়, এবং চিত্তের ন্যায় চৈতসিক একত্রে অবলম্বন ও সংযুক্ত হইয়া থাকে, ইহাই চৈতসিক জানিও।

## সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক।

### পালি।

কথং ফস্সো, বেদনা, সঞ্ঞা, চেতনা, একগ্গতা, জীবিতিন্দ্রিয়ং, মনসিকারোচেতি সত্তিমে চেতসিকা সব্বচিত্ত সাধারণা নাম।

### সান্বয়ার্থ।

(কথং) কিপ্রকারে চৈতসিকেরস্বরূপ ও সংযোগ জানিতে পারে? [১] (ফস্সো) স্পর্শ চৈতসিক;—যে স্বভাব ধর্ম্ম অবলম্বন স্পর্শ অনুভব

করে, তাহাকে স্পর্শ চৈতসিক নামে কথিত হয়। যথা—যে কোন ব্যক্তি অম্লফল খাইতেছে, তাহা দেখিয়া অপর ব্যক্তির জিহ্বাতে রস উৎপত্তি হয়, তাহার সদৃশ স্পর্শ চৈতসিকের লক্ষণ।

[ ২ ] ( বেদনা ) বেদনা চৈতসিক ;—যে স্বভাব ধর্ম্ম অবলম্বন রস [ সুখ, দুঃখ ও উপেক্ষা বেদনা ] অনুভব করিয়া থাকে, তাহা বেদনা নামক চৈতসিক। যথা—রাজা, উত্তম রস ভোজন করিয়া যাহা রস অনুভব করে, তাহার সদৃশ বেদনা চৈতসিকের লক্ষণ।

[ ৩ ] ( সঞ্ঞা ) সংজ্ঞা চৈতসিক ;—যে স্বভাব ধর্ম্ম অবলম্বন করতঃ কাল ও লাল বর্ণাদি প্রভেদ জানিতে পারে, তাহাকে সংজ্ঞা নামক চৈতসিক বলিয়া থাকে। যথা—সূত্রধর ক্ষুদ্র পুত্তল ও বৃহৎ পুত্তলদিগকে কাল ও লাল বর্ণাদি দিয়া গঠন করে, তাহার সদৃশ সংজ্ঞা চৈতসিকের লক্ষণ।

[ ৪ ] ( চেতনা ) চেতনা চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন করিয়া চেতনা হয়, যাহা নির্ম্মিত অভি সংস্কার বা কর্ম্ম প্রাপ্তি হইয়া থাকে, তাহাকে চেতনা চৈতসিক নামে কথিত হয়। যথা—জ্যেষ্ঠ সূত্রধরের শিষ্যের কর্ম্ম, স্বকীয় কর্ম্ম ও অপরের কর্ম্ম শেষ করিয়া দর্শন করে, তাহার সদৃশ চেতনা চৈতসিকের লক্ষণ।

[ ৫ ] ( একগ্গতা ) একাগ্রতা চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন স্থির হইয়া থাকে, তাহাকে একাগ্রতা নামক চৈতসিক কহে। যথা—প্রস্তরের স্তম্ভ প্রবল বায়ুতে কম্প হয় না, তাহার সদৃশ একাগ্রতা চৈতসিকের লক্ষণ।

[ ৬ ] ( জীবিতিন্দ্রিয়ং ) জীবিতেন্দ্রিয় চৈতসিক ;—নামরূপ সহজাত ধর্ম্মের আধিপত্যও পালন করে, তাহাকে জীবিতেন্দ্রি নামক চৈতসিক বলে। যথা—পদ্ম ও কুমুদদিগকে জলে পালন করে, তাহার সদৃশ জীবিতেন্দ্রিয় চৈতসিক লক্ষণ।

[ ৭ ] ( মননিকারোচ ) এবং মনসিকার চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন অন্তঃকরণে অনুভব করে, তাহা মনসিকার নামক চৈতসিক। যথা—সূত্রধর, আপন ইচ্ছা মতে কাষ্ঠ নির্ম্মিত করে, তাহার সদৃশ মনসিকার

চৈতসিকের লক্ষণ, ( ইতি সত্তিমে চেতসিকা সব্বচিত্ত সাধারণা নাম ) এই সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ নামক চৈতসিক।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

কিপ্রকারে চৈতসিকেরস্বরূপ ও সংযোগ জানিতে পারে? [ ১ ] স্পর্শ চৈতসিক, [ ২ ] বেদনা চৈতসিক, [ ৩ ] সংজ্ঞা চৈতসিক, [ ৪ ] চেতনা চৈতসিক, [ ৫ ] একাগ্রতা চৈতসিক, [ ৬ ] জীবিতেন্দ্রিয় চৈতসিক, [ ৭ ] এবং মনসিকার চৈতসিক, এই সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ নামক চৈতসিক।

---

## ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক।

### পালি।

বিতক্কো বিচারো অধিমোক্খো বিরিয়ং পীতি ছন্দো চাতি ছইমে চেতসিকা পকিণ্ণকা নাম। এবমেতে তেরস চেতসিকা অঞ্ঞ্ঞ সমানাতি বেদিতব্বা।

### সান্বয়ার্থ।

[ ১ ] ( বিতক্কো ) বিতর্ক চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন স্থির করে, ইহাকে বিতর্ক নামক চৈতসিক কহে। যথা—রাজার অনুগত ব্যক্তি রাজবাড়ীতে প্রবেশ করে, অপর দরিদ্র ব্যক্তি রাজবাড়ীতে প্রবেশ করিতে পারে না, সেই দরিদ্র ব্যক্তি রাজবাড়ীকে যেরূপ অনুভব করিয়া থাকে, তাহার সদৃশ বিতর্ক চৈতসিকের লক্ষণ হয়।

[ ২ ] ( বিচার ) বিচার চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন ছেদ করে না, ইহা বিচার চৈতসিক নামে অভিহিত হয়। যথা—রাজার অনুগত ব্যক্তি রাজবাড়ীতে প্রবেশ করে, অপর দরিদ্র ব্যক্তি রাজবাড়ীতে প্রবেশ করিয়া যেরূপ রাজবাড়ী দর্শন করে, তাহার সদৃশ বিচার চৈতসিকের লক্ষণ হয়।

[ ৩ ] ( অধিমোক্খো ) অধিমোক্ষ চৈতসিক ;—অবলম্বন অচল ভাবে থাকে, ইহাই অধিমোক্ষ চৈতসিক নামে বর্ণিত হয়। যথা—ইন্দ্রকীলের ন্যায় দর্শন করে, তাহার সদৃশ অধিমোক্ষ চৈতসিকের লক্ষণ।

[ ৪ ] ( বিরিয়ং ) বীর্য্য চৈতসিক ;—আপনি সহজাত সম্প্রযুক্ত ধর্ম্মের উপস্তম্ভ হয়, তাহাকে বীর্য্য নামক চৈতসিক বলে। যথা— সৈন্যাধ্যক্ষ যুদ্ধের সময়ে সৈন্য সমস্ত রক্ষা করিবার জন্য বলপ্রয়োগ করে, তাহার সদৃশ বীর্য্য চৈতসিকের লক্ষণ।

[ ৫ ] ( পীতি ) প্রীতি চৈতসিক ;—আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন আনন্দ অনুভব করে, ইহাই প্রীতি নামক চৈতসিক। যথা—যে ব্যক্তির জলের তৃষ্ণা হইয়াছে, সে ব্যক্তি জল দর্শন করিলে যেরূপ আনন্দ অনুভব করিয়া থাকে, তাহার সদৃশ প্রীতি চৈতসিকের লক্ষণ।

[ ৬ ] ( ছন্দো চ ) এবং ছন্দ চৈতসিক ;—অবলম্বন গ্রহণ ইচ্ছা করে, তাহাকে ছন্দ চৈতসিক নামে অভিহিত হয়। যথা—সূত্রধরের হস্ত দ্বারা তীর ইচ্ছা মতে বক্র করিয়া স্থাপিত করে, তাহার সদৃশ ছন্দ চৈতসিকের লক্ষণ, ( ইতি ছইমে চেতসিকা পকিণ্ণকা নাম ) এই ছয়প্রকার প্রকীর্ণক নামক চৈতসিক। ( এবমেতে ) এইরূপ ( তেরস চেতসিকা অঞ্ঞঞ্ঞ সমানাতি ) তেরপ্রকার অন্য সমান চৈতসিক [ সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক ও ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক, এই তেরপ্রকার অন্য সমান চৈতসিক ] ( বেদিতব্বা ) জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] বিতর্ক চৈতসিক, [ ২ ] বিচার চৈতসিক, [ ৩ ] অধিমোক্ষ চৈতসিক, [ ৪ ] বীর্য্য চৈতসিক, [ ৫ ] প্রীতি চৈতসিক, [ ৬ ] এবং ছন্দ চৈতসিক, এই ছয়প্রকার প্রকীর্ণক নামক চৈতসিক, এইরূপ তেরপ্রকার অন্য সমান চৈতসিক জানিও।

---

## চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক।

### পালি।

মোহ অহিরিকং অনোত্তপ্পং উদ্ধচ্চং লোভ দিট্ঠি মানো দোসো ইস্সা মচ্ছরিয়ং কুক্কুচং থিন মিদ্ধং বিচিকিচ্ছাচেতি চুদ্দসিমে চেতসিকা অকুসলা নাম।

## সান্বয়ার্থ।

[১] (মোহ) মোহ চৈতসিক ;—স্বভাব অবলম্বন অজ্ঞান দ্বারা আচ্ছাদিত করিয়া রাখিয়াছে, ইহা মোহ চৈতসিক নামে অভিহিত হয়। যথা—চারি অঙ্গ সম্পূর্ণ অন্ধকারে আবৃত রহিয়াছে, তাহার সদৃশ মোহ চৈতসিকের লক্ষণ।

[২] (অহিরিকং) নির্লজ্জতা চৈতসিক ;—কায়ার দুশ্চরিত্রাদি কর্ম্ম করিতে লজ্জা করে না, ইহাই নির্লজ্জতা নামক চৈতসিক। যথা—গ্রামের শূকর, গ্রাম অপরিষ্কার করে, তাহার সদৃশ নির্লজ্জতা চৈতসিকের লক্ষণ।

[৩] (অনোত্তপ্পং) অনৌত্তাপ্য চৈতসিক ;—কায়ার দুশ্চরিত্রাদি কর্ম্ম করিতে ভয় করে না, ইহাকে অনৌত্তাপ্য চৈতসিক নামে অভিহিত হয়। যথা—পতঙ্গ, অগ্নিকে ভয় করে না, তাহার সদৃশ অনৌত্তাপ্য চৈতসিকের লক্ষণ।

[৪] (উদ্ধচ্চং) ঔদ্ধত্য চৈতসিক ;—কোনপ্রকার অবলম্বনে স্থির থাকে না, ইহা ঔদ্ধত্য নামক চৈতসিক হয়। যথা—পাষাণ দণ্ডের আঘাত দ্বারা শুষ্ক মাটির ডেলা চূর্ণ হইয়া উড়িয়া যায়, তাহার সদৃশ ঔদ্ধত্য চৈতসিকের লক্ষণ হয়।

[৫] (লোভ) লোভ চৈতসিক ;—যেই স্বভাব অবলম্বন দ্বারা আলিঙ্গন বা সংলগ্নের অভিলাষ হয়, সেই লোভ চৈতসিক নামে অভিহিত হয়। যথা—বানরেরা, ক্ষতে প্রলেপ ব্যবহার করে, তাহার সদৃশ লোভ চৈতসিকের লক্ষণ হয়।

[৬] (দিট্‌ঠি) মিথ্যাদৃষ্টি চৈতসিক ;—যাহা আমি গ্রহণ করিতেছি, তাহা সত্য, যাহা অপরে গ্রহণ করে, তাহা মিথ্যা, এই মিথ্যাদৃষ্টি অভিনিবেশ, ইহাকে মিথ্যাদৃষ্টি নামক চৈতসিক বলে। যথা—ভ্রম বশতঃ স্বর্ণের ন্যায় প্রদীপের আলো অনুভব করে, তাহার সদৃশ মিথ্যাদৃষ্টি চৈতসিকের লক্ষণ হয়।

[৭] (মান) মান চৈতসিক ;—আমি সকলের পূজ্য ও মান্য, এইরূপ বোধ করে, ইহাই মান নামক চৈতসিক। যথা—মন্দিরের চূড়ার পত্র উচ্চ হইয়া থাকে, তাহার সদৃশ মান চৈতসিকের লক্ষণ হয়।

[৮] (দোসো) দোষ চৈতসিক ;—যাহা দূষিত স্বভাব বা চণ্ড ভাব হয়, তাহাকে দোষ নামক চৈতসিক বলে। যথা—যেরূপ গোখোরা সর্প

লাঠির আঘাত প্রাপ্ত হইয়া গর্ব্ব করিয়া গমন করে, তাহার সদৃশ দোষ চৈতসিকের লক্ষণ হয়।

[৯] (ইস্সা) ঈর্ষ্যা চৈতসিক ;—যাহা স্বভাব ধর্ম্মের ঈর্ষ্যা বা অপরের সম্পত্তি উচ্ছিন্ন করিতে চেষ্টা করে, তাহা ঈর্ষ্যা চৈতসিক নামে বর্ণিত হয়। যথা—বুদ্ধ মূর্ত্তি দর্শন করিয়া মিথ্যাদৃষ্টি বলিয়া আনন্দ অনুভব করে, তাহার সদৃশ ঈর্ষ্যা চৈতসিকের লক্ষণ।

[১০] (মচ্ছরিয়ং) মাৎসর্য্য চৈতসিক ;—যাহা মাৎসর্য্য বা কৃপণ ভাব, তাহাকে মাৎসর্য্য নামক চৈতসিক বলে। যথা—আপনার সম্পত্তি অপর লোককে ধার দিব না, আমি তাহা গোপন করিয়া রাখিব, তাহার সদৃশ মাৎসর্য্য চৈতসিকের লক্ষণ হয়।

[১১] (কুক্কুচ্চং) কৌকৃত্য চৈতসিক ;—যাহা দুশ্চরিত্রাদি কর্ম্ম করিয়াছে ও সুচরিত্রাদি কর্ম্ম করে নাই, তাহা অনুশোচন করিয়া থাকে, ইহাকে কৌকৃত্য নামক চৈতসিক বলে। যথা—কোন ব্যক্তি ধনু নিক্ষেপ করিতে শিক্ষা করিয়াছে, অপর কোন ব্যক্তি ধনু নিক্ষেপ করিতে শিক্ষা করে নাই, এই উভয় ব্যক্তি অনুশোচন করে, তাহার সদৃশ কৌকৃত্য চৈতসিকের লক্ষণ হয়।

[১২] (থিন) অলসতা চৈতসিক ;—অনোৎসুক সঙ্কোচ শক্তি বশ দ্বারা হত ভাব হয়, ইহাকে অলসতা চৈতসিক নামে কথিত হয়। যথা—কুক্কুটের পাখা অগ্নিতে পুড়িয়া যাওয়ার সময়ে সঙ্কোচ হয়, তাহার সদৃশ অলসতা চৈতসিকের লক্ষণ।

[১৩] (মিদ্ধং) নিদ্রা চৈতসিক ;—নিদ্রা অবস্থায় অকর্ম্ম জ্ঞাত হয় [বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ ও সংস্কারস্কন্ধের নিদ্রাবস্থায় অকর্ম্ম জ্ঞাত হয়], ইহাই নিদ্রা নামক চৈতসিক। যথা—সূর্য্য উদয়ের সময়ে অন্ধকার করে, সে সময়ে পদ্ম পুষ্প কমবিকাশ হয়, তাহার সদৃশ নিদ্রা চৈতসিকের লক্ষণ।

[১৪] (বিচিকিচ্ছা চ) এবং বিচিকিৎসা চৈতসিক ;—বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘকে সন্দেহ করে, ইহাই বিচিকিৎসা চৈতসিক নামে অভিহিত হয়। যথা—কোন পথিক বন পথে যাইবার সময়ে দুইটা রাস্তা দেখিয়া এই পথ ঠিক, না ঐ পথ ঠিক, এইরূপ সন্দেহ করিয়া থাকে, তাহার সদৃশ বিচিকিৎসা চৈতসিকের লক্ষণ হয়, (ইতি ইমে চুদ্দস)। এই চৌদ্দপ্রকার (চেতসিকা অকুসলা নাম) অকুশল নামক চৈতসিক।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] মোহ চৈতসিক, [ ২ ] নির্লজ্জ চৈতসিক, [ ৩ ] অনৌত্তাপ্য চৈতসিক, [ ৪ ] ঔদ্ধত্য চৈতসিক, [ ৫ ] লোভ চৈতসিক, [ ৬ ] মিথ্যাদৃষ্টি চৈতসিক, [ ৭ ] মান চৈতসিক, [ ৮ ] দোষ চৈতসিক, [ ৯ ] ঈর্ষ্যা চৈতসিক, [ ১০ ] মাৎসর্য্য চৈতসিক, [ ১১ ] কৌকৃত্য চৈতসিক, [ ১২ ] অলসতা চৈতসিক, [ ১৩ ] নিদ্রা চৈতসিক, এবং [ ১৪ ] বিচিকিৎসা চৈতসিক, এই চৌদ্দপ্রকার অকুশল নামক চৈতসিক।

---

## ঊনিশপ্রকার শোভন সাধারণ চৈতসিক।

## পালি।

সদ্ধা সতি হিরি ওত্তপ্পং অলোভ অদোসো তত্ৰমজ্ঝত্থতা কায়পস্সদ্ধি চিত্তপস্সদ্ধি কায়লহুতা চিত্তলহুতা কায়মুদুতা চিত্তমুদুতা কায়কম্মঞ্ঞতা চিত্তকম্মঞ্ঞতা কায়পাগুঞ্ঞতা চিত্তপাগুঞ্ঞতা কায়ুজ্জুকতা চিত্তুজ্জুকতা চেতি একূন বীসতিমে চেতসিকা সোভণ সাধারণা নাম।

## সান্বয়ার্থ।

[ ১ ] ( সদ্ধা ) শ্রদ্ধা চৈতসিক ;— আপনি, সম্প্রযুক্ত ধর্ম্মের সহিত ত্রিরত্নকে [ বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘকে ] বিশ্বাস করে, ইহাই শ্রদ্ধা চৈতসিক নামে অভিহিত হয়। যথা—যে প্রকার চক্রবর্ত্তী রাজা মণিরত্ন রক্ষা করে, তাহার সদৃশ শ্রদ্ধা চৈতসিকের লক্ষণ হয়।

[ ২ ] ( সতি ) স্মৃতি চৈতসিক ;— আপনি সম্প্রযুক্ত ধর্ম্মের সহিত ত্রিরত্নকে স্মরণ করে, ইহাকে স্মৃতি নামক চৈতসিক বলে। যথা—কোষাধ্যক্ষ রাজকোষে কত ধন আছে, তাহা রাজাকে অবগত করাইয়া থাকেন, তাহার সদৃশ স্মৃতি চৈতসিকের লক্ষণ হয়।

[ ৩ ] ( হিরি ) লজ্জা চৈতসিক ;—কায়ার দুশ্চরিত্রাদি অকুশল কর্ম্ম করিতে লজ্জা করে, তাহাকে লজ্জা নামক চৈতসিক বলে। যথা— যদি

কোন ব্যক্তি অপর উত্তম বংশের পুত্র বধূকে উপযুক্ত সম্মান না করে, আপনি তাহার সহিত ব্যবহার করিতে লজ্জা বোধ করিয়া থাকে, তাহার সদৃশ লজ্জা চৈতসিকের লক্ষণ হয়।

[৪] (ওত্তপ্পং) ঔত্তাপ্য চৈতসিক ;—কায়ার দুশ্চরিত্রাদি কর্ম্ম করিতে ভয় করে, ইহাই ঔত্তাপ্য চৈতসিক নামে অভিহিত হয়। যথা—যে কোন ব্যক্তি, শীলরক্ষিতা স্ত্রীলোককে অসম্মান করিতে ভয় করে, তাহার সদৃশ ঔত্তাপ্য চৈতসিকের লক্ষণ হয়।

[৫] (অলোভ) অলোভ চৈতসিক ;—লোভের প্রতিপক্ষ অর্থাৎ ছয়প্রকার অবলম্বনের [রূপ অবলম্বন, শব্দ অবলম্বন, গন্ধ অবলম্বন, রস অবলম্বন, স্পর্শ অবলম্বন ও ধর্ম্ম অবলম্বন, এই ছয়প্রকার অবলম্বনের] সহিত সংলগ্ন হয় না, ইহাকে অলোভ নামক চৈতসিক কহে। যথা—অর্হন্তেরা, অর্হৎমার্গ জ্ঞান দ্বারা একহাজার পাঁচশত ক্লেশ নিরোধ করিয়াছেন, তাহার সদৃশ অলোভ চৈতসিকের লক্ষণ হয়।

[৬] (অদোসো) অদোষ চৈতসিক ;—দোষের প্রতি পক্ষ বা অচণ্ড ভাব হয়, ইহাই অদোষ চৈতসিক নামে অভিহিত হয়। যথা—অনুকূল মৈত্রভাব হয়, তাহার সদৃশ অদোষ চৈতসিকের লক্ষণ।

[৭] (তত্রমজ্ঝত্থতা) তত্র মধ্যস্থতা চৈতসিক ;—সম্প্রযুক্ত ধর্ম্মের অবলম্বন উপেক্ষা দর্শন করে, ইহা তত্র মধ্যস্থতা নামক চৈতসিক হয়। যথা—সারথি রথের চারিটা অশ্ব সমান ভাবে দৃষ্টি করে, তাহার সদৃশ তত্র মধ্যস্থতা চৈতসিকের লক্ষণ হয়।

[৮] (কায়পস্সদ্ধি) কায়প্রশ্রদ্ধি চৈতসিক ;—একপ্রকার বেদনাস্কন্ধ ও তিনপ্রকার নামস্কন্ধ [একপ্রকার রূপস্কন্ধ, একপ্রকার সংস্কারস্কন্ধ ও একপ্রকার সংজ্ঞাস্কন্ধ, এই তিনপ্রকার নামস্কন্ধ] প্রশান্তি হয়, ইহাকে কায়প্রশ্রদ্ধি চৈতসিক নামে কথিত হয়। যথা—যে কোন ব্যক্তি সূর্য্যের প্রবল উত্তাপ হইতে ছায়াতে প্রবেশ করিয়া শান্তি অনুভব করে, তাহার সদৃশ কায়প্রশ্রদ্ধি চৈতসিকের লক্ষণ হয়।

[৯] (চিত্তপস্সদ্ধি) চিত্তপ্রশ্রদ্ধি চৈতসিক ;— বিজ্ঞানস্কন্ধ প্রশান্তি

হয়, ইহাই চিত্তপ্রশ্রদ্ধি চৈতসিক নামে অভিহিত হয়। যথা—পূর্ব্বোক্ত কায়প্রশ্রদ্ধি চৈতসিকের উপমার সদৃশ চিত্তপ্রশ্রদ্ধি চৈতসিকের লক্ষণ।

[১০] (কায়লহুতা) কায়লঘুতা চৈতসিক;—কায়ার গুরুত্বভাব উপশম হয় [একপ্রকার বেদনাস্কন্ধ ও তিনপ্রকার নামস্কন্ধের লঘুতা ভাব হয়], তাহাকে কায় নামক চৈতসিক কহে। যথা—কাঁচা বাঁশ বা কাঁচা গাছ, সূর্য্যের উত্তাপে শুষ্ক করিলে লঘু হয়, তাহার সদৃশ কায়লঘুতা চৈতসিকের লক্ষণ হয়।

[১১] (চিত্তলহুতা) চিত্তলঘুতা চৈতসিক;—বিজ্ঞানস্কন্ধের গুরুত্বভাব উপশম হয়, তাহাকে চিত্তলঘুতা নামক চৈতসিক বলে। যথা—পূর্ব্বোক্ত কায়লঘুতা চৈতসিকের উপমার সদৃশ চিত্তলঘুতা চৈতসিকের লক্ষণ হয়।

[১২] (কায়মুদুতা) কায়মৃদুতা চৈতসিক;—কায়ার কঠিনতা ভাব কোমল হয় [একপ্রকার বেদনাস্কন্ধ ও তিনপ্রকার নামস্কন্ধের কঠিন ভাব কোমল হয়], ইহাই কায়মৃদুতা চৈতসিক নামে অভিহিত হয়। যথা—শুষ্ক গাছ বা শুষ্ক বাঁশ জলে ভিজাইয়া রাখিলে কোমল হয়, তাহার সদৃশ কায়মৃদুতা চৈতসিকের লক্ষণ হয়।

[১৩] (চিত্তমুদুতা) চিত্তমৃদুতা চৈতসিক;—বিজ্ঞানস্কন্ধের কঠিনতা ভাব কোমল হয়, ইহাকে চিত্তমৃদুতা নামক চৈতসিক বলে। যথা—পূর্ব্বোক্ত কায়মৃদুতা চৈতসিকের উপমার সদৃশ চিত্তমৃদুতা চৈতসিকের লক্ষণ হয়।

[১৪] (কায়কম্মঞ্ঞতা) কায়কর্ম্মজ্ঞাতা চৈতসিক;—কায়ার কুকর্ম্ম ভাব উপশম হইয়া সুকর্ম্ম করে [একপ্রকার বেদনাস্কন্ধ ও তিনপ্রকার নামস্কন্ধের কুকর্ম্ম ভাব উপশম হইয়া সুকর্ম্ম করে], ইহা কায়কর্ম্মজ্ঞাতা নামক চৈতসিক হয়। যথা—অতি কোমল মোম জলে ভিজাইয়া রাখিলে কঠিন হয়, তাহার সদৃশ কায়কর্ম্মজ্ঞাতা চৈতসিকের লক্ষণ।

[১৫] (চিত্তকম্মঞ্ঞতা) চিত্তকর্ম্মজ্ঞাতা চৈতসিক;—বিজ্ঞানস্কন্ধের কুকর্ম্ম ভাব উপশম হইয়া সুকর্ম্ম করে, ইহাকে চিত্তকর্ম্মজ্ঞাতা চৈতসিক নামে কথিত হয়। যথা—পূর্ব্বোক্ত কায়কর্ম্মজ্ঞাতা চৈতসিকের উপমার সদৃশ চিত্তকর্ম্মজ্ঞাতা চৈতসিকের লক্ষণ হয়।

[ ১৬ ] ( কায়পাগুঞ্ঞতা ) কায়প্রাগুণ্যতা চৈতসিক ;— কায়ার পীড়া উপশম হইয়া শান্তি হয় [ একপ্রকার বেদনা চৈতসিক ও তিনপ্রকার নামস্কন্ধের পীড়া উপশম হইয়া শান্তি হয়], ইহাই কায়প্রাগুণ্যতা নামক চৈতসিক। যথা— যে ব্যক্তির রোগ শান্তি হইয়াছে, সে ব্যক্তি রোগের অনুশোচন করে না, তাহার সদৃশ কায়প্রাগুণ্যতা চৈতসিকের লক্ষণ হয়।

[ ১৭ ] ( চিত্তপাগুঞ্ঞতা ) চিত্তপ্রাগুণ্যতা চৈতসিক ;—বিজ্ঞানস্কন্ধের পীড়া উপশম হইয়া শান্তি হয়, ইহা চিত্তপ্রাগুণ্যতা নামক চৈতসিক হয়। যথা—পূর্ব্বোক্ত কায়প্রাগুণ্যতা চৈতসিকের উপমার সদৃশ চিত্তপ্রাগুণ্যতা চৈতসিকের লক্ষণ।

[ ১৮ ] ( কায়ুজ্জুকতা ) কায়ঋজুকতা চৈতসিক ;—কায়ার সরল ভাব হয় [ একপ্রকার বেদনাস্কন্ধ ও তিনপ্রকার নামস্কন্ধের সরল ভাব হয়], ইহাকে কায়ঋজ্জুকতা নামক চৈতসিক বলে। যথা—সূত্রধর বক্র কাষ্ঠকে সোজা করিয়া থাকে, এইরূপ সৎভাব উদয় হইলে সরল ভাব হয়, তাহার সদৃশ কায়ঋজুকতা চৈতসিকের লক্ষণ।

[ ১৯ ] ( চিত্তুজ্জুকতা চ ) এবং চিত্তঋজুকতা চৈতসিক ;—বিজ্ঞানস্কন্ধের সরল ভাব হয়, ইহাই চিত্তঋজুকতা চৈতসিক নামে অভিহিত হয়। যথা— পূর্ব্বোক্ত কায়ঋজুকতা চৈতসিকের উপমার সদৃশ হয়, ( ইতিইমে ) এই ( একুন বীসতি ) একোন বিংশতিপ্রকার ( চেতসিকা সোভণ সাধারণ নাম ) শোভন সাধারণ নামক চৈতসিক।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] শ্রদ্ধা চৈতসিক, [ ২ ] স্মৃতি চৈতসিক, [ ৩ ] লজ্জা চৈতসিক, [ ৪ ] ঔত্তাপ্য চৈতসিক, [ ৫ ] অলোভ চৈতসিক, [ ৬ ] অদোষ চৈতসিক, [ ৭ ] তত্রমধ্যস্থতা চৈতসিক, [ ৮ ] কায়প্রশ্রদ্ধি চৈতসিক, [ ৯ ] চিত্তপ্রশ্রদ্ধি চৈতসিক, [ ১০ ] কায়লঘুতা চৈতসিক, [ ১১ ] চিত্তলঘুতা চৈতসিক, [ ১২ ] কায়মৃদুতা চৈতসিক, [ ১৩ ] চিত্তমৃদুতা চৈতসিক, [ ১৪ ] কায়কর্ম্ম-জ্ঞাতা চৈতসিক, [ ১৫ ] চিত্তকর্ম্মজ্ঞাতা চৈতসিক, [ ১৬ ] কায়প্রাগুণ্যতা চৈতসিক, [ ১৭ ] চিত্তপ্রাগুণ্যতা চৈতসিক, [ ১৮ ] কায়ঋজুকতা চৈতসিক,

[ ১৯ ] এবং চিত্তঋজুকতা চৈতসিক, এই উনিশপ্রকার শোভন সাধারণ নামক চৈতসিক।

---

## তিনপ্রকার বিরতি চৈতসিক।

### পালি।

সম্মাবাচা, সম্মা কম্মন্তো, সম্মা আজীবো চেতি, তিস্‌সো বিরতিয়ো নাম।

### সান্বয়ার্থ।

[ ১ ] ( সম্মাবাচা ) একপ্রকার সম্যক্ বাক্য চৈতসিক ;—মিথ্যাবাক্য, পিশুনবাক্য, কর্কশবাক্য ও গল্পবাক্য, এই চারিপ্রকার দুশ্চরিত্রাদি বাক্য বলিতে বিরতি হইয়া থাকে, ইহাকে সম্যক্ চৈতসিক নামে কথিত হয়। যথা—রাজদণ্ড ভয়ের কারণ রাজা স্বীকার করে, তাহার সদৃশ সম্যক্ বাক্য চৈতসিকের লক্ষণ হয়।

[ ২ ] ( সম্মা কম্মন্তো ) সম্যক্ কর্ম্মান্ত চৈতসিক ;—প্রাণীহত্যা, চুরি ও লম্পটতা, এই তিনপ্রকার কায়ার দুশ্চরিত্রাদি কর্ম্ম করিতে বিরতি হয়। যথা—চোর, রাজদণ্ড ভয়ের কারণ গোপনে চুরি করিতে সাহস করে না, তাহার সদৃশ সম্যক্ কর্ম্মান্ত চৈতসিকের লক্ষণ হয়।

[ ৩ ] ( সম্মা আজীবো চ ) এবং সম্যক্ আজীব চৈতসিক ;—চারিপ্রকার বাক্যের দুশ্চরিত্রাদি বলে না ও তিনপ্রকার কায়ার দুশ্চরিত্রাদি কর্ম্ম করে না, এই সাতপ্রকারে সদুপায় জীবিকা আহরণ করে, ইহাই সম্যক্ আজীব নামক চৈতসিক। যথা—যে ব্যক্তি মরণের ভয় করে, সে ব্যক্তি বিষ পান করিতে সাহস করে না, তাহার সদৃশ সম্যক্ আজীব চৈতসিকের লক্ষণ হয়, ( ইতি ) এই ( তিস্‌সো বিরতিয়ো নাম ) তিনপ্রকার বিরতি নামক চৈতসিক।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

[ ১ ] সম্যক্ বাক্য চৈতসিক, [ ২ ] সম্যক্ কর্ম্মান্ত চৈতসিক ও [ ৩ ] সম্যক্-আজীব চৈতসিক, এই তিনপ্রকার বিরতি নামক চৈতসিক।

---

## দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক।

### পালি।

করুণা মুদিতা অপ্পমঞ্ঞায়ো নামাতি।

### সান্বয়ার্থ।

[১] (করুণা) করুণা চৈতসিক;—পরের দুঃখে দয়া করা, ইহাকে করুণা নামক চৈতসিক বলে। যথা—মাতা পিতা, পুত্র কন্যার দুঃখ দেখিয়া যে প্রকার স্নেহ করে, তাহার সদৃশ করুণা চৈতসিকের লক্ষণ।

[২] (মুদিতা) মুদিত চৈতসিক;—পরের সুখ দর্শন করিয়া হর্ষ হইয়া থাকে, ইহাকে মুদিত নামক চৈতসিক বলে। যথা—মাতাপিতা, পুত্র কন্যার সুখ দর্শন করতঃ যে প্রকার আনন্দ অনুভব করে, তাহার সদৃশ মুদিত চৈতসিকের লক্ষণ হয়, (ইতি) এই (অপ্পমঞ্ঞা নাম) দুইপ্রকার অপ্রমাণ্য নামক চৈতসিক।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

(১) করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক, এই দুইপ্রকার অপ্রমাণ্য নামক চৈতসিক।

---

## প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক।

### পালি।

সব্বথাপি পঞ্ঞিন্দ্রিয়েন সদ্ধিং পঞ্চবীসতিমে চেতসিকা সোভণাতি বেদিতব্বা।

### সান্বয়ার্থ।

(সব্বথাপি পঞ্ঞিন্দ্রিয়েন) সর্ব্বপ্রকার প্রজ্ঞা বা প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক জ্ঞানের কর্ম্ম দ্বারা সত্যেকে জানিয়াছে, ইহা প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক নামে অভিহিত হয়। যথা—সর্ব্বজ্ঞাতা বুদ্ধ, কোন্ ধর্ম্ম সত্য ও কোন্ ধর্ম্ম মিথ্যা জানিয়াছেন, তাহার সদৃশ প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিকের লক্ষণ হয়।

মাতা, নির্ব্বোধ শিশুকে যে রূপে স্বর্ণ অবগত করান, তাহার সদৃশ সংজ্ঞা, বিজ্ঞান ও প্রজ্ঞা হয়।

নির্ব্বোধ শিশু, স্বর্ণ গ্রহণ করিলে উজ্জ্বল ও পীতবর্ণ জানিতে পারে, সেই স্বর্ণ জানে না, তাহার সদৃশ (অনিচ্চ, দুক্খ, অনত্তা) অনিত্য, দুঃখও অনাত্মার লক্ষণ এবং লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলের কারণ জানিতে পারে না, এই অবলম্বন স্বভাবকে সংজ্ঞা কহে।

মাতা, নির্ব্বোধ শিশুকে স্বর্ণ দেখাইয়াছে, সে শিশু স্বর্ণের উজ্জ্বল ও পীতবর্ণ জানিয়াছে, তাহা স্বর্ণ কিনা জানে না? তাহার সদৃশ অনিত্য, দুঃখ ও অনাত্মার লক্ষণ অবগত হইয়াছে, সেই লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলের কারণ জানিতে পারে না, এই অবলম্বন স্বভাবকে বিজ্ঞান বলে।

শিশু, স্বর্ণের উজ্জ্বল ও পীতবর্ণ জানিয়াছে, এবং স্বর্ণও অবগত হইয়াছে, তাহার সদৃশ অনিত্য, দুঃখ ও অনাত্মার লক্ষণ জানিয়াছে, এবং লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল প্রাপ্তির কারণ অবগত হইয়াছে, এই অবলম্বন স্বভাবকে প্রজ্ঞা কহে। ইহা টীকাতে বর্ণিত হইয়াছে। (ইতি) এই (সদ্ধিং পঞ্চবীসতি চেতসিকা সোভণ) প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিকের সহিত পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক (বেদিতব্বা) জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সর্ব্বপ্রকার প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক, এই প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিকের সহিত পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক জানিও।

## পালি।

এত্তাবতাচ, তেরসঞ্ঞ্ঞে সমানাচ, চুদ্দসাকুসলা তথা,
সোভণা পঞ্চবীসতি, দ্বিপঞ্ঞ্ঞাস পবুচ্চরে।

## সান্বয়ার্থ।

(তথা) সেই (তেরসঞ্ঞ্ঞে সমান) তেরপ্রকার অন্যসমান চৈতসিক, (চুদ্দসাকুসলা) চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক, (সোভণা পঞ্চবীসতি চ)

এবং পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক, (এত্তাবতাচ) এই সমস্ত (দ্বিপঞ্ঞাস পবুচ্চরে) বায়ন্নপ্রকার চৈতসিক বর্ণিত হইয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই তেরপ্রকার অন্যসমান চৈতসিক, চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক, এবং পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক, এই সমস্ত বায়ন্নপ্রকার চৈতসিক বর্ণিত হইয়াছে।

## চিত্ত ও চৈতসিক সংয়োগ ও বিয়োগ।

### পালি।

তেসং চিত্ত বিয়ুত্তানং, য়থায়োমিতো পর,
চিত্তুপ্পাদেসু পচ্চেকং, সম্ময়োগো পবুচ্চতি।

### সান্বয়ার্থ।

(তেসং চিত্তুপ্পাদেসু পচ্চেকং) সেই প্রত্যেক চিত্ত ও চৈতসিক উৎপত্তি (বিয়ুত্তানং) বিযুক্ত হয়, (য়থায়োমিতো পর) ইহার পর যে প্রকার (চিত্ত সম্ময়োগো পবুচ্চতি) চিত্ত ও চৈতসিক সম্যক্ যোগ ও বিয়োগ হয়, সেইপ্রকার বর্ণনা করা যাইতেছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই প্রত্যেক চিত্ত ও চৈতসিক উৎপত্তি এবং বিযুক্ত হয়, ইহার পর যে প্রকার চিত্ত ও চৈতসিক সম্যক্ যোগ ও বিয়োগ হয়, সেইপ্রকার বর্ণনা করা যাইতেছে।

## সর্ব্বপ্রকার চিত্ত ও চৈতসিক সংযোগ।

### পালি।

সত্ত সব্বত্ত য়ুজ্জন্তি, য়থায়োগং পকিণ্ণক,
চুদ্দসাকুসলে স্বেব, সোভণে স্বেব সোভণা।

### সান্বয়ার্থ।

(সব্বত্ত) সর্ব্বপ্রকার চিত্ত বা উননব্বইপ্রকার চিত্তের সহিত (সত্ত) সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক (য়ুজ্জন্তি) সংযোগ হয়, সেই

সর্ব্বপ্রকার চিত্তের সহিত ( যথা য়োগং পকিণ্ণক ) ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক যথোপযুক্ত মতে সংযোগ হইয়া থাকে, ( চুদ্দসাকুসলে স্বেব ) দ্বাদশপ্রকার অকুশল চিত্তের সহিত চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক সংযোগ হয়, ( সোভণে স্বেব সোভণা ) এবং উনষাইটপ্রকার শোভন চিত্তের সহিত পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক সংযোগ হইয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সর্ব্বপ্রকার চিত্তের সহিত সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক সংযোগ হয়, সেই সর্ব্বপ্রকার চিত্তের সহিত ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক যথোপযুক্ত মতে সংযোগ হইয়া থাকে, দ্বাদশপ্রকার অকুশল চিত্তের সহিত চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক সংযোগ হয়, এবং উনষাইটপ্রকার শোভন চিত্তের সহিত পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিক সংযোগ হইয়া থাকে।

---

# সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক সংযোগ।

## পালি।

কথং সব্বচিত্ত সাধারণা তাব, সত্তিমে চেতসিকা সব্বেস্বুপি একূন নবুতি চিত্তুপ্পাদেসু লব্ভন্তি।

## সান্বয়ার্থ।

( কথং ) কিপ্রকার চিত্ত ও চৈতসিক সংযোগ হয়? ( সব্বচিত্ত সাধারণা তাব সত্তিমে চেতসিকা ) এক্ষণে পূর্ব্বোক্ত সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক ;—( সব্বেস্বুপি একূন নবুতি চিত্তুপ্পাদেসু লব্ভন্তি ) সমস্ত উননব্বইপ্রকার চিত্ত* লাভ করিতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কিপ্রকার চিত্ত ও চৈতসিক সংযোগ হয়? এক্ষণে পূর্ব্বোক্ত সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক ;—সমস্ত উননব্বইপ্রকার চিত্ত লাভ করিতেছে।

---

* যে কোন ব্যক্তি, স্পর্শ চৈতসিক, বেদনা চৈতসিক, সংজ্ঞা চৈতসিক, চেতনা চৈতসিক, একাগ্রতা চৈতসিক, জীবিতেন্দ্রিয় চৈতসিক এবং মনসিকার চৈতসিকের সহিত উননব্বইপ্রকার চিত্ত যথোপযুক্ত মতে সংযোগ বিনা কোন কর্ম্ম করিতে পারে না।

## বিতর্ক চৈতসিক সংযোগ।

### পালি।

**পকিণ্ণকেসু পন বিতক্কো তাব দ্বিপঞ্চ বিঞ্ঞাণ বজ্জিত কামাবচর চিত্তেসুচেব, একাদসসু পঠম ঝান চিত্তেসুচেতি, পঞ্চপঞ্ঞাস চিত্তেসু উপ্পজ্জতি।**

### সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার বিতর্ক চৈতসিক বর্ণনা করিতেছে। (তাব) এক্ষেণ পূর্ব্বোক্ত (পকিণ্ণকেসু) ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিরে মধ্যে (বিতক্কো) বিতর্ক চৈতসিক *;—(দ্বিপঞ্চ বিঞ্ঞাণ বজ্জিত কামাবচর চিত্তেসুচেব) চুয়ান্নপ্রকার কামাবচর চিত্তের মধ্যে দশপ্রকার বিজ্ঞান [পাঁচপ্রকার অকুশল বিজ্ঞান ও পাঁচপ্রকার কুশল বিজ্ঞান, এই দশপ্রকার বিজ্ঞান] বর্জ্জিত করিয়া অবশিষ্ট চুয়াল্লিশপ্রকার কামাবচর চিত্ত (একাদসসু পঠম ঝান চিত্তেসুচ) এবং একাদশপ্রকার প্রথমাবস্থার ধ্যান চিত্ত, (ইতি) এই

---

* বিতর্ক চৈতসিকের সহিত দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, আটপ্রকার শোভন কামাবচন বিপাক চিত্ত, আটপ্রকার শোভন কামাবচন ক্রিয়া চিত্ত, একপ্রকার রূপাবচরের প্রথম অবস্থার কুশল ধ্যান চিত্ত, একপ্রকার রূপাবচরের প্রথমার অবস্থার বিপাক ধ্যান চিত্ত, একপ্রকার রূপাবচরের প্রথম অবস্থার ক্রিয়া ধ্যান চিত্ত, চারিপ্রকার লোকোত্তর মার্গের প্রথম অবস্থার ধ্যান চিত্ত এবং চারিপ্রকার লোকোত্তর ফলের প্রথম অবস্থার ধ্যান চিত্ত সংযোগ হয়। যথা—

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ করতঃ চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম অবলম্বন করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ করিয়া দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান ও পরের হিত এবং পঞ্চশীল ও অষ্টশীল প্রভৃতি রক্ষা করিবার জন্য অবলম্বন করিয়া থাকে।

যে কোন যোগী, ধ্যানের প্রথমাবস্থার বিতর্ক চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ করিয়া ধ্যানের প্রথমাবস্থার চিত্ত অবলম্বন করিতেছেন।

(পঞ্চ পঞ্ঞাস চিত্তেসু) পঞ্চান্নপ্রকার চিত্তের ভাবের সহিত বিতর্ক চৈতসিকের ভাব (উপ্পজ্জতি) উৎপত্তি হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার বিতর্ক চৈতসিক বর্ণনা করিতেছে। এক্ষণে পূর্ব্বোক্ত ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিকের মধ্যে বিতর্ক চৈতসিক;—চুয়ান্নপ্রকার চিত্তের মধ্যে দশপ্রকার বিজ্ঞান বর্জ্জিত করিয়া অবশিষ্ট চুয়াল্লিশপ্রকার কামাবচর চিত্ত এবং একাদশপ্রকার প্রথমাবস্থার ধ্যান চিত্ত, এই পঞ্চান্নপ্রকার চিত্তের ভাবের সহিত বিতর্ক চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

## বিচার চৈতসিক সংযোগ।

## পালি।

বিচারো পন তেসুচেব, একাদসসু দুতিয় ঝান চিত্তেচাতি ছসট্ঠি চিত্তেসু।

## সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার বিচার চৈতসিক বর্ণনা করিতেছে। (বিচারো) বিচার চৈতসিক* ;—(তেসুচেব) সেই বিতর্ক চৈতসিকের সংযুক্ত পঞ্চান্নপ্রকার চিত্ত এবং (একাদসসু দুতিয় ঝান চিত্তেসু) একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত, (ইতি) এই (ছসট্ঠি চিত্তেসু) ছষট্টিপ্রকার চিত্তের ভাবের সহিত বিচার চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত বিচার চৈতসিক সংযোগ করতঃ চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম অনুভব করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত বিচার চৈতসিক সংযোগ করিয়া দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান, পরের হিত এবং পঞ্চশীল ও অষ্টশীল প্রভৃতি রক্ষা করি'ত অনুভব করিয়া থাকে।

যে কোন যোগী, দ্বিতীয় অবস্থার ধ্যান বিচার চিত্তের সহিত বিচার চৈতসিক সংযোগ করতঃ দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত অনুভব করিয়া থাকেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার বিচার চৈতসিক বর্ণনা করিতেছে। বিচার চৈতসিক ;—বিতর্ক চৈতসিকের সংযুক্ত পঞ্চান্নপ্রকার চিত্ত এবং একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত, এই ছষট্টিপ্রকার চিত্তের ভাবের সহিত বিচার চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

## অধিমোক্ষ চৈতসিক সংযোগ।

### পালি।

অধিমোক্‌খো দ্বিপঞ্চ বিঞ্‌ঞাণ বিচিকিচ্ছা সহগত বজ্জিত চিত্তেসু।

### সান্বয়ার্থ।

(অধিমোক্‌খো) অধিমোক্ষ চৈতসিক* ;—(দ্বিপঞ্চ বিঞ্‌ঞাণ) দশপ্রকার বিজ্ঞানের (বিচিকিচ্ছা সহগত বজ্জিত) সহিত বিচিকিৎসা চিত্ত বর্জ্জিত করিয়া (চিত্তেসু) অবশিষ্ট আটাত্তরপ্রকার চিত্তের ভাবের সহিত অধিমোক্ষ চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

* আটপ্রকার লোভ চিত্ত, দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার ঔদ্ধত্য চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, তিনপ্রকার অহেতুক ক্রিয়া চিত্ত চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত, পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত, এবং আটপ্রকার লোকোত্তর চিত্ত, এই আটাত্তরপ্রকার চিত্তের সহিত অধিমোক্ষ চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যথা—

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত অধিমোক্ষ চৈতসিক সংযোগ করতঃ চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিতে অটল ভাব হইয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত অধিমোক্ষ চৈতসিক সংযোগ করিয়া দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান, পরের হিত এবং পঞ্চশীল ও অষ্টশীল প্রভৃতি রক্ষা করিতে অটল ভাব হইয়া থাকে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যান চিত্ত ও অরূপাবচর ধ্যান চিত্তের সহিত অধিমোক্ষ চৈতসিক সংযোগ করিয়া ধ্যান অটল ভাব হইয়া থাকেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

অধিমোক্ষ চৈতসিক ;—দশপ্রকার বিজ্ঞানের সহিত বিচিকিৎসা চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট আটাত্তরপ্রকার চিত্তের ভাবের সহিত অধিমোক্ষ চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

# বীর্য্য চৈতসিক সংযোগ।

## পালি।

বিরিয়ং পঞ্চদ্বারাবজ্জন দ্বিপঞ্চবিঞ্‌ঞাণ সম্পটিচ্ছন সন্তীরণ বজ্জিত চিত্তেসু।

## সান্বয়ার্থ।

( বিরিয়ং ) বীর্য্য চৈতসিক * ;—( পঞ্চদ্বারাবজ্জন ) একপ্রকার পঞ্চদ্বারা-বর্জ্জন চিত্ত, ( দ্বিপঞ্চবিঞ্‌ঞাণ ) দশপ্রকার বিজ্ঞান, ( সম্পটিচ্ছন ) দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত এবং ( সন্তীরণ ) তিনপ্রকার স্থির চিত্ত ( বজ্জিত ) বর্জ্জিত করিয়া অবশিষ্ট ( চিত্তেসু ) তিয়াত্তরপ্রকার চিত্তের ভাবের সহিত বীর্য্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

* দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত, চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত, পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদশ প্রকার অরূপাবচর চিত্ত এবং আটপ্রকার লোকোত্তর চিত্তের সহিত বীর্য্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যথা— যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিতে বল প্রয়োগ করে।

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করিয়া দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান, পরের হিত, পঞ্চশীল ও অষ্টশীল প্রভৃতি রক্ষা করিতে বল প্রয়োগ করিয়া থাকে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যান চিত্ত ও অরূপাবচর ধ্যান চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করতঃ ধ্যান করিতে বল প্রয়োগ করিয়া থাকেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

বীর্য্য চৈতসিক;—একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত এবং দশপ্রকার বিজ্ঞান বর্জ্জিত করিয়া অবশিষ্ট তিয়াত্তরপ্রকার চিত্তের ভাবের সহিত বীর্য্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

## প্রীতি চৈতসিক সংযোগ।

### পালি।

পীতি দোমনস্সুপেক্‌খা সহগত কায়বিঞ্‌ঞাণ চতুত্থ ঝান বজ্জিত চিত্তেসু।

### সান্বয়ার্থ।

(পীতি) প্রীতি চৈতসিক* ;—(দোমনস্স) দুইপ্রকার দৌর্ম্মনস্য প্রতিঘ সম্প্রচিত্ত, (উপেক্‌খা) পঞ্চান্নপ্রকার উপেক্ষাচিত্ত, (কায়বিঞ্‌ঞাণ) দুই-প্রকার কায়বিজ্ঞান চিত্ত, (চতুত্থ ঝান) এবং একাদশপ্রকার চতুর্থাবস্থার ধ্যান চিত্ত (বজ্জিত) বর্জ্জিত করিয়া অবশিষ্ট (চিত্তেসু) একান্নপ্রকার চিত্তের ভাবের সহিত প্রীতি চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

* দুইপ্রকার সৌমনস্য মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, দুইপ্রকার সৌমনস্য মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, একপ্রকার সৌমনস্য হাস্যুৎপত্তি, ছয়প্রকার সৌমনস্য জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, ছয়প্রকার সৌমনস্য জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, একাদশপ্রকার প্রথমাবস্থার ধ্যান চিত্ত, একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত এবং একাদশপ্রকার তৃতীয় অবস্থার ধ্যান চিত্তের সহিত প্রীতি চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যথা— যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্যের সহিত মিথ্যাদৃষ্টি সম্প্র যুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত প্রীতি চৈতসিক সংযোগ করতঃ চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্যের সহিত জ্ঞান সম্প্র যুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত প্রীতি চৈতসিক সংযোগ করিয়া দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান, পরের হিত, পঞ্চশীল ও অষ্টশীল প্রভৃতি রক্ষা করিতে আনন্দ অনুভব করিয়া থাকেন।

যে কোন যোগী, রূপাবচর ধ্যান ও লোকোত্তর ধ্যানের প্রথম অবস্থার চিত্ত দ্বিতীয় অবস্থার চিত্ত এবং তৃতীয়াবস্থার চিত্তের সহিত প্রীতি চৈতসিক সংযোগ করতঃ ধ্যানে আনন্দ অনুভব করিয়া থাকেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

প্রীতি চৈতসিক ;—দুইপ্রকার দৌর্ম্মনস্য প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, পঞ্চান্ন-প্রকার উপেক্ষাচিত্ত, দুইপ্রকার কায়বিজ্ঞান এবং একাদশপ্রকার চতুর্থাবস্থার ধ্যান চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট একান্নপ্রকার চিত্তের ভাবের সহিত প্রীতি চৈতসিকের ভাব উৎপত্তি হয়।

---

## ছন্দ চৈতসিক সংযোগ।

## পালি।

### ছন্দো অহেতুক মোহমূহ বজ্জিত চিত্তেসুতি।

## সান্বয়ার্থ।

( ছন্দো ) ছন্দ চৈতসিক * ;—( অহেতুক ) আঠারপ্রকার অহেতুক চিত্ত ও ( মোহমূহ ) দুইপ্রকার মোহ মোহিত চিত্ত ( বজ্জিত ) বর্জ্জিত করিয়া অবশিষ্ট ( চিত্তেসু ) উনসত্তরপ্রকার চিত্তের সহিত ছন্দ চৈতসিকের ভাব উৎপত্তি হয়, ( ইতি ) এই তেরপ্রকার অন্যসমান চৈতসিক, সাতপ্রকার সংযোগ হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

ছন্দ চৈতসিক ;—আঠারপ্রকার অহেতুক চিত্ত ও দুইপ্রকার মোহ মোহিত চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট উনসত্তরপ্রকার চিত্তের সহিত ছন্দ চৈতসিকের ভাব উৎপত্তি হয়, এই তেরপ্রকার অন্যসমান চৈতসিক, সাতপ্রকার সংযোগ হইয়াছে।

---

* দশপ্রকার অকুশল চিত্ত, চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত, পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত এবং আটপ্রকার লোকোত্তর চিত্তের সহিত ছন্দ চৈতসিক সংযোগ হইয়া থাকে। যথা— যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত ছন্দ চৈতসিক সংযোগ করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিতে ইচ্ছা করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত ছন্দ চৈতসিক সংযোগ করতঃ দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান, পরের হিত এবং শীল প্রভৃতি রক্ষা করিতে ইচ্ছা করিয়া থাকে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যান চিত্ত ও অরূপাবচর ধ্যান চিত্তের সহিত ছন্দ চৈতসিক সংযোগ করিয়া ধ্যান লাভ করিবার ইচ্ছা করিয়া থাকেন।

## প্রকীর্ণক চৈতসিকের বর্জ্জিত চিত্ত।

### পালি।

তেপন চিত্তুপ্পাদায়থা ক্কমং।

ছসট্ঠি পঞ্চপঞ্ঞাস, একাদসচ সোল্হস,

সত্ততি বীসতি চেব, পকিণ্ণক বিবজ্জিতা।

### সান্বয়ার্থ।

( তেপন চিত্তুপ্পাদায়থা ক্কমং ) পুনর্ব্বার সেই চিত্তের উৎপত্তি ও বর্জ্জন যথাক্রমে বর্ণনা করিতেছে। ( পকিণ্ণক ) প্রকীর্ণক চৈতসিক ;— ( ছসট্ঠি ) ছয়ষট্টিপ্রকার চিত্ত, ( পঞ্চপঞ্ঞাস ) পঞ্চান্নপ্রকার চিত্ত, ( একাদস ) একাদশপ্রকার চিত্ত, ( সোল্হস ) ষোড়শপ্রকার চিত্ত, ( সত্ততি ) সত্তরপ্রকার চিত্ত, ( বীসতি চেব ) এবং বিশপ্রকার চিত্ত ( বিবজ্জিতা ) বর্জ্জিত করিয় থাকে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার সেই চিত্তের উৎপত্তি ও বর্জ্জন যথাক্রমে বর্ণনা করিতেছে। প্রকীর্ণক চৈতসিক ;—ছয়ষট্টিপ্রকার চিত্ত, পঞ্চান্নপ্রকার চিত্ত, একাদশপ্রকার চিত্ত, ষোড়শপ্রকার চিত্ত, সত্তরপ্রকার চিত্ত এবং বিশপ্রকার চিত্ত বর্জ্জিত করিয়া থাকে।

---

## প্রকীর্ণক চৈতসিকের সহিত চিত্ত উৎপত্তি।

### পালি।

পঞ্চপঞ্ঞাস ছসট্ঠি, ট্ঠসত্ততি তিসত্ততি,

একপঞ্ঞাস চেকূন, সত্ততিংস পকিণ্ণকা।

### সান্বয়ার্থ।

( পকিণ্ণকা ) প্রকীর্ণক চৈতসিক ;—( পঞ্চপঞ্ঞাস ) পঞ্চান্নপ্রকার চিত্ত, ( ছসট্ঠি ) ছয়ষট্টিপ্রকার চিত্ত, ( ট্ঠসত্ততি ) আটাত্তরপ্রকার চিত্ত,

( সত্ততি ) সত্তরপ্রকার চিত্ত, ( একপঞ্চাস ) একান্নপ্রকার চিত্ত, ( চেকুন সত্ততিংস ) এবং উনসত্তরপ্রকার চিত্তের সহিত উৎপত্তি হয়।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

প্রকীর্ণক চৈতসিক ;—পঞ্চান্নপ্রকার চিত্ত, ছয়ষট্টিপ্রকার চিত্ত, আটাত্তর-প্রকার চিত্ত, সত্তরপ্রকার চিত্ত, একান্নপ্রকার চিত্ত, এবং উনসত্তরপ্রকার চিত্তের সহিত উৎপত্তি হয়।

---

## সর্ব্বাকুশল সাধারণ চৈতসিক সংযোগ।

### পালি।

অকুসলেসু পন, মোহো অহিরিকং অনোত্তপ্পং উদ্ধচ্চঞ্চাতি, চত্তারোমে চেতসিকা, সব্বাকুসল সাধারণা নাম, সব্বেসুপি দ্বাদসাকুসলেসু লব্ভন্তি।

### সান্বয়ার্থ।

( অকুসলেসু পন ) পুনর্ব্বার চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক বর্ণনা করিতেছে। সেই অকুশল চৈতসিকের মধ্যে ( মোহো ) একপ্রকার মোহ চৈতসিক, ( অহিরিকং ) একপ্রকার নির্লজ্জতা চৈতসিক, ( অনোত্তপ্পং ) একপ্রকার অনৌত্তাপ্য চৈতসিক, ( উদ্ধচচঞ্চ ) এবং একপ্রকার ঔদ্ধত্য চৈতসিক, ( ইতিইমে চেতসিকা সব্বাকুসলা সাধারণা নাম ) এই চারিপ্রকার সর্ব্ব অকুশল সাধারণ নামক চৈতসিক* ;— ( সব্বেসুপি দ্বাদসাকুসলেসু লব্ভন্তি ) সমস্ত দ্বাদশপ্রকার অকুশল চিত্ত লাভ করিতেছে।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত সর্ব্ব অকুশল সাধারণ চৈতসিক সংযোগ করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্য প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত সর্ব্ব অকুশল সাধারণ চৈতসিক সংযোগ করতঃ প্রাণী হত্যা করে ও কর্কশ বাক্য প্রভৃতি বলিয়া থাকে।

১০

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার চৌদ্দপ্রকার অকুশল চৈতসিক বর্ণনা করিতেছে। সেই অকুশল চৈতসিকের মধ্যে একপ্রকার মোহ চৈতসিক, একপ্রকার নির্লজ্জতা চৈতসিক, একপ্রকার অনৌত্তাপ্য চৈতসিক এবং একপ্রকার ঔদ্ধত্য চৈতসিক, এই চারিপ্রকার সর্ব্ব অকুশল সাধারণ নামক চৈতসিক ;—সমস্ত দ্বাদশপ্রকার অকুশল চিত্ত লাভ করিতেছে।

---

## লোভ চৈতসিক সংযোগ।

### পালি।

লোভো অট্‌ঠসু লোভ সহগত চিত্তেস্বেব লব্ভতি।

### সান্বয়ার্থ।

( লোভো ) লোভ চৈতসিকের * ( অট্‌ঠসু লোভ সহগত চিত্তেস্বেব লব্ভতি ) সহিত আটপ্রকার লোভ চিত্ত গমন করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম লাভ করিতেছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

লোভ চৈতসিকের সহিত আট প্রকার লোভ চিত্ত গমন করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম লাভ করিতেছে।

---

## মিথ্যাদৃষ্টি চৈতসিক সংযোগ।

### পালি।

দিট্‌ঠি চতুসু দিট্‌ঠিগত সম্পয়ুত্তেসু।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্ত কিংবা উপেক্ষা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত লোভ চৈতসিক সংযোগ করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কুকর্ম্ম করিয়া থাকে।

## সান্বয়ার্থ।

( দিট্‌ঠি ) মিথ্যাদৃষ্টি চৈতসিকের * ( চতুসুদিট্‌ঠিগত সম্পয়ুত্তেসু ) সহিত চারিপ্রকার মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত গমন করতঃ মিথ্যাদৃষ্টি কর্ম্ম লাভ করিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

মিথ্যাদৃষ্টি চৈতসিকের সহিত চারিপ্রকার মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত গমন করতঃ মিথ্যাদৃষ্টি কর্ম্ম লাভ করিয়া থাকে।

---

# মান চৈতসিক সংযোগ।

## পালি।

মানো চতুসু দিট্‌ঠিগত বিপ্পয়ুত্তেসু।

## সান্বয়ার্থ।

( মানো ) মান চৈতসিক ;—† ( চতুসুদিট্‌ঠিগত বিপ্পয়ুত্তেসু ) চারিপ্রকার মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত লাভ করিয়া থাকে।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

মান চৈতসিক ; চারিপ্রকার মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত লাভ করিয়া থাকে।

---

# দোষ চৈতসিক সংযোগ।

## পালি।

দোসো ইস্‌সা মচ্ছরিয়ং কুক্কুচ্চঞ্চাতি দ্বিসু পটিঘ সম্প-য়ুত্ত চিত্তেসু।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত মিথ্যাদৃষ্টি চৈতসিক সংযোগ করিয়া মিথ্যাদৃষ্টি কর্ম্ম করিতেছে।

† যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত মান চৈতসিক সংযোগ করতঃ অভিমান করিয়া থাকে।

### সান্বয়ার্থ।

( দোসো ) দোষ চৈতসিক, ( ইস্সা ) ঈর্ষা চৈতসিক, ( মচ্ছরিয়ং ) মাৎসর্য্য চৈতসিক, ( কুক্কুচ্চঞ্চ ) ও কৌকৃত্য চৈতসিক, ( ইতি ) এই চারিপ্রকার চৈতসিক ;—* ( দ্বিসুপটিঘ সম্পয়ুত্ত চিত্তেসু ) দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত লাভ করিয়া থাকে।

### বাঙ্গালা—গদ্যানুবাদ।

দোষ চৈতসিক, ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক ও কৌকৃত্য চৈতসিক, এই চারিপ্রকার চৈতসিক ; দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত লাভ করিয়া থাকে।

---

## অলসতা ও নিদ্রা চৈতসিক সংযোগ।

### পালি।

থিন মিদ্ধং পঞ্চসু সসঙখারিক চিত্তেসু।

### সান্বয়ার্থ।

( থিন ) অলসতা চৈতসিক ও ( মিদ্ধং ) নিদ্রা চৈতসিক ; † ( পঞ্চসু সসঙখারিক চিত্তেসু ) পাঁচপ্রকার অকুশল সসংস্কার চিত্ত লাভ করে।

### বাঙ্গালা—গদ্যানুবাদ।

অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক ; পাঁচপ্রকার অকুশল সসংস্কার চিত্ত লাভ করে।

---

## সন্দেহ চৈতসিক সংযোগ।

### পালি।

বিচিকিচ্ছা, বিচিকিচ্ছা, সহগত চিত্তেস্বেবাতি।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্মনস্য প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত দোষ চৈতসিক, ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক ও কৌকৃত্য চৈতসিক সংযোগ করিয়া চুরি ও প্রাণী হত্যা প্রভৃতি কর্ম্ম করিয়া থাকে।

† যে কোন ব্যক্তি, চারিপ্রকার লোভ চিত্তের সসংস্কার ও একপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সসংস্কার, এই পাঁচপ্রকার সসংস্কার চিত্তের সহিত অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক সংযোগ করিয়া অলসতা ও নিদ্রা দ্বারা আক্রান্ত হয়।

## সান্বয়ার্থ।

( বিচিকিচ্ছা ) বিচিকিৎসা চৈতসিক *;—( বিচিকিচ্ছা সহগত চিত্তেয়েবাতি ) বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত লাভ করিতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

বিচিকিৎসা চৈতসিক;— বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত লাভ করিতেছে।

---

## অকুশল চৈতসিক পাঁচপ্রকার সংযোগ।

## পালি।

সব্বাপুঞ্ঞেঞ্সু চত্তরো, লোভমূলে তয়োগতা,
দোস মূলেসু চত্তরো, সসঙখারে দ্বয়ংতথা,
বিচিকিচ্ছা বিচিকিচ্ছা, চিত্তেচাতি চতুদ্দস,
দ্বাদসাকুসলেস্বেব, সম্পয়ুজ্জন্তি পঞ্চধা।

## সান্বয়ার্থ।

( তথা ) সেই ( সব্বাপুঞ্ঞেঞ্সু চত্তরো ) চারিপ্রকারসর্ব্বাকুশল সাধারণ চৈতসিকের সহিত সমস্ত অকুশল চিত্তসংযোগ হয়, ( লোভমূলে তয়োগতা ) তিনপ্রকার লোভ চৈতসিকের সহিত লোভচিত্ত সংযোগ হইয়া থাকে, ( দোস মূলেসু চত্তরো ) চারিপ্রকার দোষ চৈতসিকের [ দোষ চৈতসিক, ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক ও কৌকৃত্য চৈতসিক, এই চারিপ্রকার দোষ চৈতসিকের ] সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত সংযোগ হইতেছে, ( সসঙখারে দ্বয়ং ) দুইপ্রকার চৈতসিকের [ অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক, এই দুইপ্রকার চৈতসিকের ] সহিত পাঁচপ্রকার অকুশল চিত্তের সসংস্কার সংযোগ হয়, ( বিচিকিচ্ছা বিচিকিচ্ছা চিত্তেচ ) এবং বিচিকিৎসা চৈতসিকের সহিত বিচিকিৎসা চিত্ত সংযোগ হইয়া থাকে, ( ইতি ) এই ( চতুদ্দস দ্বাদসাকুসলে

---

* যে কোন ব্যক্তি, বিচিকিৎসা চিত্ত উপেক্ষার সহিত বিচিকিৎসা চৈতসিক সংযোগ করতঃ পথে যাইবার সময়ে কিঞ্চিদূর হইতে একটা সর্পরূপ দর্শন করে, ইহা সাপ কিনা ? তাহার নিকট গমন করতঃ একটা রশি অবলোকন করিয়াছিল।

স্বেব ) চৌদ্দপ্রকার চৈতসিকের সহিত দ্বাদশপ্রকার অকুশল চিত্ত ( সম্পয়ুজ্জন্তি পঞ্চধা ) পাঁচপ্রকার সংযোগ হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই চারিপ্রকার সর্ব্ব অকুশল সাধারণ চৈতসিকের সহিত সমস্ত অকুশল চিত্ত সংযোগ হয়, তিনপ্রকার লোভ চৈতসিকের সহিত লোভচিত্ত সংযোগ হইয়া থাকে, চারিপ্রকার দোষ চৈতসিকের সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত সংযোগ হইতেছে, দুইপ্রকার অলসতায় নিদ্রা চৈতসিকের সহিত পাঁচপ্রকার অকুশল চিত্তের সসংস্কার সংযোগ হয়, এবং বিচিকিৎসা চৈতসিকের সহিত বিচিকিৎসা চিত্ত সংযোগ হইয়া থাকে, এই চৌদ্দপ্রকার চৈতসিকের সহিত দ্বাদশপ্রকার অকুশল চিত্ত পাঁচপ্রকার সংযোগ হয়।

---

## সোভন সাধারণ চৈতসিক সংযোগ।

## পালি।

**সোভণেসু পন সোভণ সাধারণা তাব একূনবীসতিমে চেতসিকা সব্বে সুপিকূন সট্‌ঠি সোভণ চিত্তেসু সংবিজ্জন্তি।**

## সান্বয়ার্থ।

( পনতাব ) এক্ষণ পুর্ব্বোক্ত শোভন সাধারণ চৈতসিক পুনর্ব্বার বর্ণনা করিতেছে। ( সোভণেসু ) পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিকের মধ্যে ( সোভণ সাধারণা একূন বীসতিমে চেতসিকা ) ঊনিশপ্রকার শোভন সাধারণ চৈতসিকের ( সব্বেসুপিকূন সট্‌ঠি সোভন চিত্তেসু ) সহিত সমস্ত ঊনসাটি-প্রকার শোভন চিত্ত ( সংবিজ্জন্তি ) সংযোগ হয় *।

---

* চব্বিশ প্রকার শোভন কামাবর চিত্ত, পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদসপ্রকার অরূপাবচর চিত্ত, এবং আটপ্রকার লোকোত্তর চিত্ত, এই ঊনষাট্টিপ্রকার শোভন চিত্তের সহিত ঊনিশপ্রকার শোভন চৈতসিক সংযোগ হয়। যথা—যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত শ্রদ্ধা চৈতসিক সংযোগ করতঃ ভক্তির সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান ও শীল প্রভৃতি রক্ষা করিয়া থাকে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যান চিত্তের সহিত শ্রদ্ধা চৈতসিক সংযোগ করিয়া ভক্তির সহিত ধ্যান করেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

এক্ষণ পূর্ব্বোক্ত শোভন সাধারণ চৈতসিক পুনর্ব্বার বর্ণনা করিতেছে। পঞ্চবিংশতিপ্রকার শোভন চৈতসিকের মধ্যে উনিশপ্রকার শোভন সাধারণ চৈতসিকের সহিত সমস্ত উনষাট্টিপ্রকার শোভন চিত্ত সংযোগ হয়।

---

## বিরতি চৈতসিক নিয়ত সংযোগ।

### পালি।

**বিরতিয়ো পন তিস্‌সোপি লোকুত্তর চিত্তেসু সব্বথাপি নিয়তা একতোব লব্ভন্তি।**

### সান্বয়ার্থ।

( পন ) পুনর্ব্বার বিরতি চৈতসিক বর্ণনা করিতেছে। ( বিরতিয়ো তিস্‌সোপি ) তিনপ্রকার বিরতি চৈতসিক * ( লোকুত্তর চিত্তেসু ) আটপ্রকার লোকোত্তর চিত্ত সংযোগ করতঃ ( সব্বথাপি ) সর্ব্বপ্রকার দুশ্চরিত্র পরিত্যাগ করিয়া লোকোত্তর চিত্ত ( নিয়ত একতোব লব্ভন্তি ) নিয়ত একত্রে লাভ করিতেছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার বিরতি চৈতসিক বর্ণনা করিতেছে। তিনপ্রকার বিরতি চৈতসিক, আটপ্রকার লোকোত্তর চিত্ত সংযোগ করতঃ সর্ব্বপ্রকার দুশ্চরিত্র পরিত্যাগ করিয়া লোকোত্তর চিত্ত নিয়ত একত্রে লাভ করিতেছে।

---

## বিরতি চৈতসিক অনিয়ত সংযোগ।

### পালি।

**লোকীয়েসু পন কামাবচর কুসলেস্বেব কদাচি সন্দিস্‌সন্তি বিসুং বিসুং।**

---

* যে কোন যোগী, বিরতি চৈতসিকের সহিত পাদক ধ্যান বশ দ্বারা সর্ব্বপ্রকার দুশ্চরিত্র উচ্ছেদ করতঃ লোকোত্তর মার্গ চিত্ত ও ফল চিত্তের ভাব উৎপত্তি হয়। ইহাই আচার্য্য অনুরুদ্ধা বর্ণনা করিয়াছেন।

## সান্বয়ার্থ।

( পন ) পুনর্ব্বার বিরতি চৈতসিক বর্ণনা করিতেছে। তিনপ্রকার বিরতি চৈতসিক, ( লোকিয়েসু ) একান্ন প্রকার শোভন লৌকিক চিত্তের মধ্যে ( কামাবচর কুসলেস্বেব ) আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত,* ( কদাচি সন্দিস্‌সন্তি বিসুং বিসুঃ ) কদাচিৎ নানাপ্রকার অনুভব করিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার বিরতি চৈতসিক বর্ণনা করিতেছে। তিনপ্রকার বিরতি চৈতসিক, একান্নপ্রকার শোভন লৌকিক চিত্তের মধ্যে আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত কদাচিৎ নানাপ্রকার অনুভব করিয়া থাকে।

---

## অপ্রমাণ্য চৈতসিক সংযোগ।

## পালি।

অপ্পমঞ্ঞ্‌ঞেয়ো পন দ্বাদসসু পঞ্চম ঝান বজ্জিত মহগ্‌গত চিত্তেসুচেব কামাবচর কুসলেসুচ, সহেতুক কামাবচর ক্রিয়া চিত্তেসু চাতি অট্‌ঠবীসতি চিত্তেস্বেব কদাচি নানা হুত্বাজায়ন্তি। উপেক্‌খা সহ গতেসু পনেত্থ করুণা মুদিতা নসন্তিতি কেচিবদন্তি।

* চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত, পনরপ্রকার রূপাবচর চিত্ত, ও দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত, এই একান্নপ্রকার শোভন লৌকিক চিত্ত। যথা—যে কোন ব্যক্তি, অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্‌যুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত বিরতি চৈতসিক সংযোগ করতঃ কদাচিৎ সর্ব্বপ্রকার দুশ্চরিত্র পরিত্যাগ করিয়া থাকে।

## সান্বয়ার্থ।

( পন ) পুনর্ব্বার অপ্রমাণ্য চৈতসিক বর্ণনা করিতেছে। ( দ্বাদসসু পঞ্চম ঝান বজ্জিত মহগ্‌গত চিত্তেসুচেব ) মহৎগত চিত্তের মধ্যে তিনপ্রকার রূপাবচর পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত ও দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার রূপাবচর চিত্ত, ( কামাবচর কুসলেসুচ ) আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত ( সহেতুক কামাবচর ক্রিয়া চিত্তেসুচ ) এবং আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া চিত্ত, ( ইতি অট্‌ঠ বীসতি চিত্তেস্বেব ) এই আটাশপ্রকার চিত্তের সহিত ( অপ্পমঞ্ঞায়ো ) দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক * ;—( কদাচি নানা হুত্বা জায়ন্তি ) কদাচিৎ নানা প্রকার উৎপত্তি হইয়া থাকে।

( পনেথ ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। ষোলপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে [ আটপ্রকার শোভন কুশল কামাবচর চিত্ত ও আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া চিত্ত, এই ষোলপ্রকার চিত্তের মধ্যে ] ( উপেক্ষা সহগতেসু ) চারিপ্রকার শোভন কামাবচর সহেতুক ক্রিয়া চিত্ত উপেক্ষার সহিত ( করুণামুদিত ) করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক ( নসন্তি ) গমন করে না। ( ইতি ) ইহা ( কেচি বদন্তি ) কোন কোন আচার্য্য বলিয়াছেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার অপ্রমাণ্য চৈতসিক বর্ণনা করিতেছে। মহৎগতচিত্তের মধ্যে তিনপ্রকার পঞ্চমাবস্থার রূপাবচর ধ্যান চিত্ত ও দ্বাদসপ্রকার অরূপাবচর চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার রূপাবচর চিত্ত, আটপ্রকার

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য কিংবা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক সংযোগ করিয়া দয়া ও হর্ষ ভাবে দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান ও শীল প্রভৃতি রক্ষা করিয়া থাকে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যানের প্রথম অবস্থা, দ্বিতীয় অবস্থা, তৃতীয় অবস্থা ও চতুর্থ অবস্থার সহিত করুণা চৈতসিক ও মুদিত চৈতসিকের ভাব অনুভব করিয়া থাকেন।

শোভন কামাবচর কুশল চিত্ত, এবং আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া চিত্ত, এই আটাশপ্রকার চিত্তের সহিত দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক কদাচিৎ নানা প্রকারে উৎপত্তি হইয়া থাকে। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। ষোলপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে আটপ্রকার শোভন কামাবচর চিত্ত উপেক্ষার সহিত করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক গমন করে না। ইহা কোন কোন আচার্য্য বলিয়াছেন।

---

## প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক সংযোগ।

### পালি।

পঞ্ঞা পন দ্বাদসসু ঞাণ সম্পযুত্ত কামাবচর চিত্তেসু চেব, সবেবসুপি পঞ্চতিংস মহগ্গত লোকুত্তর চিত্তেসুচাতি, সত্ত চত্তালীস চিত্তেসু সম্পয়োগং গচ্ছতীতি।

### সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক বর্ণনা করিতেছে। (পঞ্ঞা) একপ্রকার প্রজ্ঞা বা প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিকের সহিত * (দ্বাদসসু ঞাণ সম্পযুত্ত কামাবচর চিত্তেসুচেব) দ্বাদশপ্রকার কামাবচর জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, সবেব-

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করতঃ সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ ও সর্ব্ব সংস্কার অনাত্মা, ভাব প্রাপ্তি হয়, তাঁহাকে স্রোতাপত্তি পুদ্গল বলে।

যে কোন যোগী, রূপাবচর ধ্যানের প্রথম অবস্থার বিতর্ক চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করতঃ সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ ও সর্ব্ব সংস্কার অনাত্মা ভাব প্রাপ্তি হইয়া থাকে। তাঁহাকে রূপাবচর ধ্যানের প্রথমাবস্থার স্রোতাপত্তি পুদ্গল কথিত হয়।

যে কোন যোগী, আকাশানন্ত্যায়তন ধ্যান চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করিয়া সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ, ও সর্ব্ব সংস্কার অনাত্মা ভাব প্রাপ্তি হয়। তাঁহাকে আকাশানন্ত্যায়তন ধ্যানের স্রোতাপত্তি পুদ্গল কহে।

যে কোন যোগী, অষ্ট মার্গের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করতঃ সর্ব্ব সংস্কার অনিত্য সর্ব্ব সংস্কার দুঃখ ও সর্ব্ব সংস্কার অনাত্মা ভাব প্রাপ্তি হয়। তাঁহাকে স্রোতাপত্তি মার্গ পুদ্গল বলে। ইত্যাদি।

সুপি পঞ্চতিংসমহগ্গত লোকুত্তর চিত্তেসুচ ) সমস্ত পঁয়ত্রিশপ্রকার মহৎগত চিত্ত ও লোকোত্তর চিত্ত [ পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত, ও আটপ্রকার লোকোত্তর চিত্ত, এই পঁয়ত্রিশপ্রকার চিত্ত ] ( ইতি ) এই ( সত্তলীস চিত্তেসু ) সাতচল্লিশপ্রকার চিত্ত ( সম্পয়োগং গচ্ছতি ) সংযোগ প্রাপ্তি হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার প্রজ্ঞা চৈতসিক বর্ণনা করিতেছে। একপ্রকার প্রজ্ঞা চৈতসিকের সহিত দ্বাদশপ্রকার কামাবচর জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, সমস্ত পঁয়ত্রিশপ্রকার মহৎগত চিত্ত ও লোকোত্তর চিত্ত, এই সাতচল্লিশপ্রকার চিত্ত সংযোগ প্রাপ্তি হয়।

---

## চারিপ্রকার শোভন চৈতসিক সংযোগ।

## পালি।

একূন বীসতি ধম্মা, জায়ন্তেকূন সট্ঠিসু,
তয়ো সোল্হস চিত্তেসু, অট্ঠবীসতিয়ংদ্বয়ং।
পঞ্ঞা পকাসিতা সত্ত, চত্তালীস বিধেসুপি,
সম্পয়ুত্তা চতুধেব, সোভণে স্বেব সোভণা।

## সান্বয়ার্থ।

( একূন বীসতি ধম্মা ) উনিশপ্রকার শোভন সাধারণ চৈতসিকের সহিত ( জায়ন্তে কূন সট্ঠিসু ) উনষাটিপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়, ( তয়ো সোল্হস চিত্তেসু ) তিনপ্রকার বিরতি চৈতসিকের সহিত ষোলপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে, ( অট্ঠবীসতিয়ং দ্বয়ং ) দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিকের সহিত আটাশপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়, ( এবং ) এবং ( পঞ্ঞা ) প্রজ্ঞা চৈতসিকের সহিত ( পাকাসিকাতা সত্ত চত্তলীস বিধেসু ) সাতচল্লিশপ্রকার চিত্তের ভাব প্রকাশিত হইয়া থাকে, ( ইতি সোভণে স্বেব সোভণা ) এই পঁচিশপ্রকার শোভন চৈতসিকের সহিত উনষাটিপ্রকার শোভন চিত্ত ( সম্পয়ুত্তা চতুধা ) চারিপ্রকার সংযুক্ত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

উনিশপ্রকার শোভন সাধারণ চৈতসিকের সহিত উনষাটিপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়, তিনপ্রকার বিরতি চৈতসিকের সহিত ষোলপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হইয়া থাকে, দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিকের সহিত আটাশ-প্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়, এবং প্রজ্ঞা চৈতসিকের সহিত সাতচল্লিশ প্রকার চিত্তের ভাব প্রকাশিত হইয়া থাকে, এই পঁচিশপ্রকার শোভন চৈতসিকের সহিত উনষাটিপ্রকার শোভন চিত্ত চারিপ্রকার সংযুক্ত হয়।

---

## অনিয়ত ও নিয়ত চৈতসিক সংযোগ।

### পালি।

ইস্‌স মচ্ছের কুক্কুচ্চ, বিরতি করুণাদয়ো,
নানা কদাচি মানোচ, থিনমিদ্ধং তথসহ,
য়থাবুত্তানুসারেন, সেসা নিয়ত য়োগিনো,
সঙ্গহঞ্চ পবক্খামি, তেসং দানিয়থারহং।

### সান্বয়ার্থ।

( ইস্‌সা ) ঈর্ষ্যা চৈতসিক, * ( মচ্ছের ) মাৎসর্য্য চৈতসিক, ( কুক্কুচ্চ ) কৌকৃত্য চৈতসিক, ( বিরতি ) তিনপ্রকার বিরতি চৈতসিক, ( করুণাদয়ো )

---

* যে সময়ে ঈর্ষ্যা চৈতসিকের ভাব উৎপত্তি হয়, সে সময়ে মাৎসর্য্য চৈতসিক ও কৌকৃত্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়না। যে সময়ে মাৎসর্য্য চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে, সে সময়ে কৌকৃত্য চৈতসিক ও ঈর্ষ্যা চৈতসিকের ভাব উৎপত্তি হয় না। যে সময়ে কৌকৃত্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়, সে সময়ে ঈর্ষ্যা চৈতসিক ও মাৎসর্য্য চৈতসিকের ভাব উৎপত্তি হয় না, তাহা কদাচিৎ নানা প্রকারে একত্রে উৎপত্তি হইয়া থাকে। তিনপ্রকার বিরতি চৈতসিকের সহিত আটপ্রকার লোকোত্তর চিত্তের ভাব নিয়ত উৎপত্তি হইয়া থাকে। সেই বিরতি চৈতসিকের সহিত আটপ্রকার শোভন কামাবচর চিত্তের ভাব কদাচিৎ নানাপ্রকার উৎপত্তি হয়। যে সময়ে দুর্ব্বাক্য পরিত্যাগ করে, সে সময়ে সম্যাক বাক্য চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যে সময়ে সম্যাক্ চৈতসিকের ভাব উৎপত্তি হয়, সে সময়ে সম্যাক্ কর্ম্মান্ত চৈতসিক ও সম্যাক্ আজীব চৈতসিকের ভাব উৎপত্তি হয় না। যে সময়ে কায়ার দুশ্চরিত্র ভাব পরিত্যাগ করে, সে সময়ে সম্যাক কর্ম্মান্ত চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে। যে সময়ে চারিপ্রকার দুর্ব্বাক্য ভাব ও

একপ্রকার করুণা চৈতসিক, একপ্রকার মুদিত চৈতসিক, ( মানো ) মান চৈতসিক, ( থিন ) ( চ ) এবং অলসতা চৈতসিকের ( সহ ) সহিত ( মিদ্ধং ) নিদ্রা চৈতসিকের ( নানা কদাচি ) ভাব কদাচিৎ নানা প্রকার একত্রে উৎপত্তি হয়। ( যথাবুত্তানুসারেন ) যাহা উক্ত একাদশপ্রকার চৈতসিক অনুসার দ্বারা ( অনিয়তয়োগিনো ) অনিয়ত সংযোগ নামক চৈতসিকের ( সেসা ) শেষ অবশিষ্ট একচল্লিশপ্রকার চৈতসিক ( নিয়ত য়োগিনা ) নিয়ত সংযোগ নামে অভিহিত হয়। ( অহং ) আমি ( তেসং ) সেই অনিয়ত ( চ ) ও নিয়ত চৈতসিক ( সঙ্গহং য়থারহং ) সংগ্রহ যথোপযুক্ত মতে ( দানিপবক্খামি ) এক্ষণে বর্ণনা করিতেছি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক, কৌকৃত্য চৈতসিক, বিরতি চৈতসিক, করুণা চৈতসিক, মুদিত চৈতসিক, মান চৈতসিক এবং অলসতা চৈতসিকের সহিত নিদ্রা চৈতসিকের ভাব কদাচিৎ নানা প্রকার একত্রে উৎপত্তি হয়। যাহা উক্ত একাদশপ্রকার চৈতসিক অনুসার দ্বারা অনিয়ত সংযোগ নামক চৈতসিকের শেষ অবশিষ্ট একচল্লিশপ্রকার চৈতসিক নিয়ত সংযোগ নামে

---

তিনপ্রকার কায়ার দুশ্চরিত্র ভাব পরিত্যাগ করে, সে সময়ে সম্যক্ আজীব চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যে সময়ে সম্যক্ আজীব চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে, সে সময়ে সম্যক্ বাক্য চৈতসিক ও সম্যক্ কর্ম্মান্ত চৈতসিকের ভাব উৎপত্তি হয় না, তাহা কদাচিৎ নানাপ্রকারে একত্রে উৎপত্তি হইয়া থাকে। যে সময়ে সর্ব্বসত্ত্বদিগের দুঃখ অবলম্বন করিয়া স্নেহ করে, সে সময়ে করুণা চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যে সময়ে করুণা চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে, সে সময়ে মুদিত চৈতসিকের ভাব উৎপত্তি হয় না। যে সময়ে সর্ব্বসতদিগের সুখ অবলম্বন করে, সে সময়ে মুদিত চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যে সময়ে মুদিত চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে, সে সময়ে করুণা চৈতসিকের ভাব উৎপত্তি হয় না, তাহা কদাচিৎ নানাপ্রকারে একত্রে উৎপত্তি হইয়া থাকে।

যে সময়ে আমি সকলের পুজ্য ও মান্য অনুভব করি, সে সময়ে মান চৈতসিকের ভাব উৎপত্তি হয়। যে সময়ে চারিপ্রকার নামস্কন্ধের কর্ম্ম বন্ধ হয়, সে সময়ে অলসতা চৈরসিক ও নিদ্রা চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে। যে সময়ে নামস্কন্ধ কর্ম্মে নিযুক্ত থাকে, সে সময়ে অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিকের ভাব উৎপত্তি হয় না। সেই নামস্কন্ধের কর্ম্মের সময়ে কদাচিৎ অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিকের ভাব উৎপত্তি হইয়া থাকে।

অভিহিত হয়। আমি সেই অনিয়ত ও নিয়ত চৈতসিক সংগ্রহ যথোপযুক্ত মতে এক্ষণে বর্ণনা করিতেছি।

## পালি।

ছত্তিংসানুত্তরে ধম্মা, পঞ্চতিংস মহগ্গতে,
অট্ঠতিংসাপি লব্ভন্তি, কামাবচর সোভণে,
সত্তবীসতি পুঞ্ঞম্হি, দ্বাদস হেতুকেতিচ,
য়থা সম্ভব য়োগেন, পঞ্চধাতত্থ সঙ্গহো।

## সান্বয়ার্থ।

(তত্থ) সেই (অনুত্তরে) অনুত্তর চিত্ত বা লোকোত্তর চিত্ত;— (ছত্তিংসাপি ধম্মা) ছত্রিশপ্রকার চৈতসিক (লব্ভন্তি) লাভ করিতেছে। (মহগ্গত) মহৎগত চিত্ত;— (পঞ্চতিংসাপিধম্মা লব্ভন্তি) পঁয়ত্রিশপ্রকার চৈতসিক লাভ করিয়া থাকে। (কামাবচর সোভণে) শোভন কামাবচর চিত্ত;— (অট্ঠতিংসাপি ধম্মালবন্তি) আটত্রিশপ্রকার চৈতসিক লাভ করে। (অপুঞ্ঞম্হি) অকুশল চিত্ত;—(সত্তবীসতিপি ধম্মা লব্ভন্তি) সাতাশপ্রকার চৈতসিক লাভ করিতেছে (অহেতুকচ) এবং অহেতুক চিত্ত;— (দ্বাদসাপিধম্মা লব্ভন্তি) দ্বাদশপ্রকার চৈতসিক লাভ করিয়া থাকে, (ইতিয়থা সম্ভবয়োগেন) ইহা যথা সম্ভব যোগ দ্বারা (পঞ্চধা সঙ্গহো) পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই লোকোত্তর চিত্ত;—ছত্রিশপ্রকার চৈতসিক লাভ করিতেছে। মহৎগত চিত্ত;—পঁয়ত্রিশপ্রকার চৈতসিক লাভ করিয়া থাকে। শোভন কামাবচর চিত্ত;—আটত্রিশপ্রকার চৈতসিক লাভ করে। অকুশল চিত্ত;—সাতাশপ্রকার চৈতসিক লাভ করিতেছে, এবং অহেতুক চিত্ত;—দ্বাদশপ্রকার চৈতসিক লাভ করিয়া থাকে, ইহা যথা সম্ভব যোগ দ্বারা পাঁচ প্রকার সংগ্রহ করিয়াছে।

---

## লোকোত্তর ধ্যান চিত্তের সহিত চৈতসিক সংযোগ।

### পালি।

কথং লোকুত্তরেসু তাব অট্ঠসু পঠম ঝানিক চিত্তেসু অঞ্ঞে সমানা তেরস চেতসিকা অপ্পমঞ্ঞা বজ্জিতা তেবীসতি সোভণ চেতসিকা চেতি, ছত্তিংসধম্মা সঙ্গহংগচ্ছন্তি তথা দুতিয় ঝানিক চিত্তেসু বিতক্ক বজ্জা। ততিয় ঝানিক চিত্তেসু বিতক্ক বিচার বজ্জা। চতুত্থ ঝানিক চিত্তেসু বিতক্ক বিচার পীতি বজ্জা। পঞ্চম ঝানিক চিত্তেসুপি উপেক্খা সহ গততে এব সঙ্গয় হন্তীতি, সববথাপি অট্ঠসু লোকুত্তর চিত্তেসু পঞ্চক ঝান বসেন পঞ্চধাব সঙ্গহো হোতীতি।

### সান্বয়ার্থ।

( কথং লোকুত্তরেসুতাব ) কতপ্রকার লোকোত্তর ধ্যান চিত্ত এক্ষণ বর্ণনা করিতেছে? ( অট্ঠসু পঠম ঝানিক চিত্তেসু ) আটপ্রকার লোকোত্তর বিতর্ক চিত্ত বা প্রথম অবস্থার ধ্যান চিত্ত *;— ( অঞ্ঞে সমানা তেরস চেতসিকা ) তের প্রকার অন্য সমান চৈতসিক, ( অপ্পমঞ্ঞা বজ্জিতা তেবীসতি সোভণ চেতসিকাচ ) এবং শোভন চৈতসিকের মধ্যে দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট তেইশপ্রকার শোভন চৈতসিক, ( ইতি ছত্তিংসধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) এই ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। ( তথা দুতিয় ঝানিক চিত্তেসু ) সেই আটপ্রকার লোকোত্তর

---

* যে কোন যোগী, আটপ্রকার লোকোত্তর বিতর্ক চিত্ত বা প্রথমাবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থত', কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্ত-মৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত, সম্যক্‌আজীব, এবং প্রজ্ঞাচৈতসিক, এই ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকেন।

বিচার চিত্ত বা দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত *;— ( বিতক্ক বজ্জা ) বিতর্ক চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট ( পঞ্চত্তিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) পঁয়ত্রিশ প্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ( ততিয় ঝানিক চিত্তেসু ) সেই আটপ্রকার লোকোত্তর প্রীতি চিত্ত বা তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত †;— ( বিতক্ক বিচার বজ্জা ) বিতর্ক চৈতসিক ও বিচার চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট ( চতুত্তিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। ( চতুত্থ ঝানিক চিত্তেসু ) সেই আটপ্রকার লোকোত্তর সুখ চিত্ত বা চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত ‡;— ( বিতক্ক বিচার পীতি বজ্জা ) বিতর্ক চৈতসিক, বিচার চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট ( তেত্তিংস ধম্মা সঙ্গহংগচ্ছন্তি ) তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ( পঞ্চম ঝানিক চিত্তেসুপি ) সেই আটপ্রকার

---

* যে কোন যোগী, আটপ্রকার লোকোত্তর বিচার চিত্ত বা দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্ত-ঋজুকতা, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত, সম্যক্‌আজীব, এবং প্রজ্ঞা চৈতসিক, এই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছেন।

† যে কোন যোগী, আটপ্রকার লোকোত্তর প্রীতিচিত্ত বা তৃতীয় অবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত, সম্যক্‌আজীব, এবং প্রজ্ঞা চৈতসিক, এই চৌত্রিশ প্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করেন।

‡ যে কোন যোগী সেই আটপ্রকার লোকোত্তর সুখচিত্ত বা চতুর্থাবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত, সম্যক্‌আজীব, এবং প্রজ্ঞা চৈতসিক, এই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকেন।

লোকোত্তর একাগ্রতা চিত্ত বা পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত * ;— ( উপেক্খা সহ গতাতেএব সঙ্গয়হন্তি ) সেই চতুর্থাবস্থার ধ্যান চিত্তের তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে উপেক্ষার সহিত গমন করিতেছে, ( ইতি সববথাপি অট্ঠসু লোকুত্তর চিত্তেসু ) এই সমস্ত আটপ্রকার লোকোত্তর চিত্তের ( পঞ্চক ঝান বসেন ) পঞ্চম অবস্থার ধ্যান বশ দ্বারা ( পঞ্চধা সঙ্গহোহোতীতি ) ইহা পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কত প্রকার লোকোত্তর ধ্যান চিত্ত এক্ষণ বর্ণনা করিতেছে? আটপ্রকার লোকোত্তর প্রথমাবস্থার ধ্যান চিত্ত;— তেরপ্রকার অন্য সমান চৈতসিক এবং শোভন চৈতসিকের মধ্যে দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট তেইশপ্রকার শোভন চৈতসিক, এই ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। সেই আটপ্রকার লোকোত্তর দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত;—বিতর্ক চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। সেই আটপ্রকার লোকোত্তর তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত;— বিতর্ক চৈতসিক ও বিচার চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট চৌত্রিশ-প্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। সেই আটপ্রকার লোকোত্তর চতুর্থ অব-স্থার ধ্যান চিত্ত;—বিতর্ক চৈতসিক, বিচার চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট তেত্রিশ প্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। সেই আটপ্রকার লোকোত্তর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত;—সেই চতুর্থ অবস্থার ধ্যান চিত্তের তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে উপেক্ষার সহিত গমন করিতেছে,

---

* যে কোন যোগীরা, আটপ্রকার লোকোত্তর একাগ্রতা চিত্ত বা পঞ্চম অবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত, সম্যক্‌আজীব, এবং প্রজ্ঞা চৈতসিক, এই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছেন।

এই সমস্ত আটপ্রকার লোকোত্তর চিত্তের পঞ্চম অবস্থার ধ্যান বশ দ্বারা ইহা পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

## পালি।

ছত্তিংস পঞ্চতিংসাচ, চতুতিংস য়থাক্কমং,
তেত্তিংস দ্বয়মিচ্চেবং, পঞ্চধানুত্তরেট্‌ঠিতা।

## সান্বয়ার্থ।

( য়থাক্কমং ) যথাক্রমে ( অনুত্তরে ) অনুত্তর ধ্যান চিত্ত ;— ( ছত্তিংস ) ছত্রিশপ্রকার চৈতসিক, ( পঞ্চতিংস ) পঁয়ত্রিশপ্রকার চৈতসিক, ( চতুতিংস ) চৌত্রিশপ্রকার চৈতসিক ( এবং ) এবং ( তেত্তিংসদ্বয়ং ) দুইবার তেত্রিশ-প্রকার চৈতসিক, ( ইতি পঞ্চধাট্‌ঠিতা ) এই পাঁচপ্রকার চৈতসিক সংগ্রহ স্থিত করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

যথাক্রমে অনুত্তর ধ্যান চিত্ত ;— ছত্রিশপ্রকার চৈতসিক, ( পঞ্চতিংস ) পঁয়ত্রিশপ্রকার চৈতসিক, চৌত্রিশপ্রকার চৈতসিক এবং দুইবার তেত্রিশ-প্রকার চৈতসিক, এই পাঁচপ্রকার চৈতসিক সংগ্রহ স্থিত করিয়াছে।

---

## মহৎগত ধ্যান চিত্তের সহিত চৈতসিক সংযোগ।

## পালি।

মহগ্‌গতেসু পনতীসু পঠম ঝানিক চিত্তেসু তাব, অঞ্ঞ্ঞ সমানা তেরস চেতসিকা বিরতিত্তয় বজ্জিতা দ্বাবীসতি সোভণ

চেতসিকা চেতি, পঞ্চতিংস ধম্মা, সঙ্গহং গচ্ছন্তি। করুণা মুদিতা পনেত্থ পচ্চেকমেব য়োচেতব্বা, তথা দুতিয় ঝানিক চিত্তেসু, বিতক্ক বজ্জা, ততিয় ঝানিক চিত্তেসু বিতক্ক বিচার বজ্জা, পঞ্চম ঝানিক চিত্তেসু পন পন্নরসসু অপ্পমঞ্ঞায়ো নলব্ভন্তীতি, সব্বথাপি সত্ত বীসতি মহগ্গত চিত্তেসু, পঞ্চক ঝান বসেন পঞ্চধাব সঙ্গহো হোতীতি।

## সান্বয়ার্থ।

(পনতাব) পুনর্ব্বার এক্ষণ পূর্ব্বোক্ত মহৎগত ধ্যান চিত্ত বর্ণনা করিতেছে। (মহগ্গতেসু) সাতাশপ্রকার মহৎগত ধ্যান চিত্তের মধ্যে (তীসু পঠম ঝানি চিত্তেসু) তিনপ্রকার রূপাবচর প্রথম অবস্থার ধ্যান চিত্ত* ;— (অঞ্ঞ সমানা তেরস চেতসিকা) তেরপ্রকার অন্য সমান চৈতসিক (বিরতিত্তয় বজ্জিতা দ্বাবীসতি সোভণ চেতসিকাচ) ও শোভণ চৈতসিকের মধ্যে তিনপ্রকার বিরতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট বাইশপ্রকার শোভন চৈতসিক, (ইতি পঞ্চতিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) এই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। (করুণা মুদিতা পনেত্থ পচ্চেকমেব য়োজেতব্বা) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক ;— প্রত্যেক রূপাবচর প্রথম অবস্থার ধ্যান চিত্ত হইতে চতুর্থ অবস্থার ধ্যান চিত্তের সহিত সংযোগ হয়। (তথা দুতিয় ঝানিক চিত্তেসু)

---

* যে কোন যোগীরা, তিনপ্রকার রূপাবচর বিতর্ক চিত্ত বা প্রথম অবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকেন।

সেই তিনপ্রকার রূপাবচর দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত * ;— ( বিতক্ক বজ্জা বিতর্ক চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট ( চতুত্তিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। ( ততিয় ঝানিক চিত্তেসু ) সেই তিনপ্রকার রূপাবচর তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত † ;— ( বিতক্ক বিচার বজ্জা ) বিতর্ক চৈতসিক ও বিচার চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট ( তেত্তিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ( চতুত্থ ঝানিক চিত্তেসু ) সেই তিনপ্রকার রূপাবচর চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত ‡ ;— ( বিতক্ক বিচার পীতি বজ্জা ) বিতর্ক চৈতসিক,

---

* যে কোন যোগীরা, তিনপ্রকার রূপাবচর বিচার চিত্ত বা দ্বিতীয় অবস্থার রূপাবচর ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করেন।

† যে কোন যোগীরা, তিনপ্রকার রূপাবচর প্রীতি চিত্ত বা তৃতীয় অবস্থার রূপাবচর ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীত, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিরা থাকেন।

‡ যে কোন যোগীরা, তিনপ্রকার রূপাবচর সুখ চিত্ত বা চতুর্থ অবস্থার রূপাবচর ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করেন।

বিচার চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট (বত্তিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। (পঞ্চম ঝানিকা চিত্তেসু পন পন্নরসসু) পুনর্ব্বার সেই মহৎগতের পঞ্চম অবস্থার ধ্যান বর্ণনা করিতেছে, পনরপ্রকার পঞ্চম অবস্থার [তিনপ্রকার রূপাবচর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত ও দ্বাদশপ্রকার অরূপাবচর ধ্যান চিত্ত, এই পনর-প্রকার পঞ্চম অবস্থার] ধ্যান চিত্ত *;— (অপ্পমঞ্ঞায়োনলব্ভন্তি) বিতর্ক চৈতসিক, বিচার চৈতসিক, প্রীতি চৈতসিক ও দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক লাভ না করিয়া শেষ অবশিষ্ট ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। (ইতি সব্বথাপি সত্তবীসতি মহগ্গত চিত্তেসু) এই সমস্ত সাতাশপ্রকার মহৎগত ধ্যান চিত্ত;— (পঞ্চক ঝান বসেন পঞ্চধাব সঙ্গহো হোতীতি) পঞ্চম অবস্থার ধ্যান বশ দ্বারা পাঁচপ্রকার সংগ্রহ করিতেছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার এক্ষণ পূর্ব্বোক্ত মহৎগত ধ্যান চিত্ত বর্ণনা করিতেছে। সাতাশ-প্রকার মহৎগত ধ্যান চিত্তের মধ্যে তিনপ্রকার রূপাবচর প্রথম অবস্থার ধ্যান চিত্ত;— তেরপ্রকার অন্যসমান চৈতসিক ও শোভন চৈতসিকের মধ্যে তিনপ্রকার বিরতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট বাইশপ্রকার শোভন চৈতসিক, এই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। করুণা চৈতসিক ও মুদিত চৈতসিক;— প্রত্যেক রূপাবচর প্রথম অবস্থার ধ্যান চিত্ত হইতে চতুর্থ অবস্থার ধ্যান চিত্তের সহিত সংযোগ হয়। সেই তিনপ্রকার রূপাবচর দ্বিতীয় অবস্থার

---

* যে কোন যোগীরা, তিনপ্রকার রূপাবচর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত ও দ্বাদশ-প্রকার অরূপাবচর ধ্যান চিত্ত, এই পনরপ্রকার পঞ্চমাবস্থার ধ্যান চিত্তের ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্ম-জ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা এবং প্রজ্ঞা চৈতসিক, এই ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছেন।

ধ্যান চিত্ত;— বিতর্ক চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। সেই তিনপ্রকার রূপাবচর তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত;— বিতর্ক চৈতসিক ও বিচার চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। সেই তিনপ্রকার রূপাবচর চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত;— বিতর্ক চৈতসিক, বিচার চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। পুনর্ব্বার মহৎগত পঞ্চম অবস্থার ধ্যান বর্ণনা করিতেছে। পনর-প্রকার পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত;— বিতর্ক চৈতসিক, বিচার চৈতসিক, প্রীতি চৈতসিক ও দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক লাভ না করিয়া, শেষ অবশিষ্ট ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে, এই সমস্ত সাতাশ-প্রকার মহৎগত ধ্যান চিত্ত;— পঞ্চম অবস্থার ধ্যান বশ দ্বারা পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

## পালি।

পঞ্চতিংস চতুতিংস, তেত্তিংসচ যথাক্কমং,
বত্তিংসচেব তিংসতি, পঞ্চধাব মহগ্গতে।

## সান্বয়ার্থ।

(যথাক্কমং) যথাক্রমে (মহগ্গত) মহৎগত চিত্ত;— (পঞ্চতিংস) পঁয়ত্রিশপ্রকার চৈতসিক, (চতুতিংস) চৌত্রিশপ্রকার চৈতসিক, (তেত্তিংস) তেত্রিশপ্রকার চৈতসিক, (বত্তিংসচেব) বত্রিশপ্রকার চৈতসিক এবং (তিংস) ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে, (ইতি) এই (পঞ্চধাব) পাঁচপ্রকার চৈতসিক সংগ্রহের দ্বারা মহৎগত চিত্ত স্থির করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

যথাক্রমে মহৎগত চিত্ত;— পঁয়ত্রিশপ্রকার চৈতসিক, চৌত্রিশপ্রকার চৈতসিক, তেত্রিশপ্রকার চৈতসিক, বত্রিশপ্রকার চৈতসিক এবং ত্রিশপ্রকার

চৈতসিক সংগ্রহে গমন করিতেছে, এই পাঁচপ্রকার চৈতসিক সংগ্রহের দ্বারা মহৎগত চিত্ত স্থির করিয়াছে।

---

## শোভন কামাবচর চিত্তের সহিত চৈতসিক সংযোগ।

### পালি।

কামাবচর সোভণেসু পন কুসলেসু তাব, পঠম দ্বয়ে অঞ্ঞঞসমানা তেরস চেতসিকা পঞ্চবীসতি সোভণ চেতসিকা চেতি অট্‌ঠতিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি। অপ্পমঞ্ঞা বিরতিয়ো পনেত্থ পঞ্চপি পচ্চেকমেব য়োজে তব্বা। তথা দুতিয় দ্বয়ে ঞ্ঞাণ বজ্জিতা। ততিয় দ্বয়ে ঞ্ঞাণ সম্পয়ুত্তা পিতি বজ্জিতা। চতুত্থ দ্বয়ে ঞ্ঞাণ পীতি বজ্জিত তেএব সঙ্গয়হন্তি। ক্রিয়া চিত্তে সুপি বিরতি বজ্জিতা তথেব চতুসুপি দুকেসু চতুধাব সঙ্গয়হন্তি। তথা বিপাকেসুচ অপ্পমঞ্ঞা বিরতি বজ্জিতা তেএব সঙ্গয়হন্তীতি। তথা বিপাকেসুচ অপ্পমঞ্ঞা বিরতি বজ্জিতা তেএব সঙ্গয়হন্তীতি। সব্বথাপি চতুবীসতি কামাবচর সোভণ চিত্তেসু দুক বসেন দ্বাদস ধাব সঙ্গহো হোতীতি।

### সান্বয়ার্থ।

(পনতাব) পুনর্ব্বার এক্ষণ পূর্ব্বোক্ত শোভন কামাবচর চিত্ত বর্ণনা করিতেছে। (কামাবচর সোভণেসু) চব্বিশপ্রকার শোভন কামাবচর কুশল

চিত্তের (পঠম দ্বয়ে) প্রথম দুইপ্রকার চিত্ত * ;—(অঞ্ঞসমানা তেরস চেতসিকা) তেরপ্রকার অন্য সমান চৈতসিক, (পঞ্চবীসতি সোভণ চেতসিকাচ) ও পঁচিশপ্রকার শোভন চৈতসিক, (ইতি অট্ঠতিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) এই আটত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। (অপ্পমঞ্ঞা বিরতিয়ো পনেত্থ পঞ্চপি পচ্চেকমেব য়োজেতব্বা) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে, সেই প্রথম দুইপ্রকার চিত্তের সংযোগ আটত্রিশপ্রকার চৈতসিকের মধ্যে দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক ও তিনপ্রকার বিরতি চৈতসিক, এই পাঁচপ্রকার চৈতসিকের সহিত প্রত্যেক অবশিষ্ট তেত্রিশপ্রকার চৈতসিক সংযোগ হয়। (তথা দুতিয় দ্বয়ে) সেই শোভন কামাবচর কুশল চিত্তের দ্বিতীয় দুইপ্রকার চিত্ত † ;—(ঞ্ঞাণ বজ্জিতা) জ্ঞান বা প্রজ্ঞা চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট (সত্ততিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। (ততিয় দ্বয়ে ঞ্ঞাণ সম্পযুত্তা) সেই

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান করে, পরের হিত ও শীল রক্ষা প্রভৃতি কুশল ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত ও সম্যক্‌আজীব এবং প্রজ্ঞা চৈতসিক, এই আটত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

† যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে প্রদান করে, পরেরহিত ও শীল প্রভৃতি অলক্ষণের জন্য রক্ষা কুশল ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, প্রীতি, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত, সম্যক্‌বাক্য, সম্যক্‌কর্ম্মান্ত ও সম্যক্‌আজীব চৈতসিক, এই সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

শোভন কামাবচর কুশল চিত্তের তৃতীয় দুইপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত * ;— ( পীতি বজ্জিতা ) প্রীতি চৈতসিক বৰ্জ্জিত করিয়া অবশিষ্ট ( সত্ততিংস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি ) সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ( তেএব চতুত্থ দ্বয়ে ) সেই শোভন কামাবচর কুশল চিত্তের চতুর্থ দুইপ্রকার চিত্ত † ;— ( ঞ্‌ঞাণ পীতি বজ্জিতা ) জ্ঞান বা প্রজ্ঞা চৈতসিক ও প্রীতি চৈতসিক বৰ্জ্জিত করিয়া অবশিষ্ট ছত্রিশপ্রকার চৈতসিক ( সঙ্গয়হন্তি ) সংগ্রহে গমন করে। ( ক্রিয়া চিত্তেসুপি ) সে আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত ‡ ;— ( বিরতি বজ্জিতা ) তিনপ্রকার বিরতি চৈতসিক বৰ্জ্জিত করিয়া

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান করে, পরের হিত ও শীল প্রভৃতি রক্ষা কুশল ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কৰ্ম্মজ্ঞাতা, চিত্তকৰ্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্ত-প্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত, সম্যক্‌বাক্য, সম্যক্‌কৰ্ম্ম, সম্যক্‌আজীব এবং প্রজ্ঞা চৈতসিক, এই সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

† যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে প্রদান করে, পরেরহিত ও শীল প্রভৃতি অল্পক্ষণের জন্য রক্ষা কুশল ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কৰ্ম্মজ্ঞাতা, চিত্তকৰ্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত, সম্যক্‌বাক্য, সম্যক্‌কৰ্ম্মান্ত এবং সম্যক্‌আজীব চৈতসিক, এই ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

‡ যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান করে, পরের হিত ও শীল প্রভৃতি রক্ষা ক্রিয়া [ কোন প্রকার ফল লাভের কারণ নহে ] ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি,

(তথেব চতুস্থপি দুকেসু চতুধাব সঙ্গয়হন্তি) অবশিষ্ট সেই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক দুইবার ও দুইবার করিয়া শোভন কামাবচর কুশল চিত্তের ন্যায় চারিবার সংগ্রহে গমন করিয়া থাকে। (তথা বিপাকেসু) সেই আটপ্রকার

---

চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে প্রদান করে, পরের হিত ও অল্পক্ষণের জন্য শীল প্রভৃতি রক্ষা ক্রিয়া [কোন প্রকার ফল লাভের কারণ নহে] ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা এবং মুদিত চৈতসিক, এই চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু প্রদান করে, পরের হিত ও শীল প্রভৃতি রক্ষা ক্রিয়া [কোন প্রকার ফল লাভের কারণ নহে] ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্ত-কর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা, করুণা, মুদিত এবং প্রজ্ঞা চৈতসিক, এই চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দানের উপযুক্ত ব্যক্তিকে দানীয় বস্তু হস্তে থাকিলে প্রদান করে, পরের হিত ও শীল প্রভৃতি অল্পক্ষণের জন্য রক্ষা ক্রিয়া [কোন প্রকার ফল লাভের কারণ নহে] ভাবের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্র-মধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা কায়ঋজুকতা, চিত্তঋজু-কতা, করুণা এবং মুদিত চৈতসিক, এই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

শোভন কামাবচর বিপাক চিত্ত * ;— ( চ অপ্পমঞ্ঞা বিরতি বজ্জিতা ) দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক ও তিনপ্রকার বিরতি চৈতসিক বর্জ্জিত করত: ( তেএব সঙ্গয়্হন্তি ) অবশিষ্ট সেই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার ও দুইবার করিয়া চারিবার সংগ্রহে গমন করিয়া থাকে, ( ইতি

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দান ও শীল প্রভৃতির বিপাক বা ফলে প্রতিসন্ধির সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা এবং প্রজ্ঞা চৈতসিক, এই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দান ও শীল প্রভৃতির বিপাক বা ফলে প্রতিসন্ধির সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা এবং চিত্তঋজুকতা চৈতসিক, এই বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত দান শীল ও প্রভৃতির বিপাক বা ফলে প্রতিসন্ধির সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা, চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা, চিত্তঋজুকতা এবং প্রজ্ঞা চৈতসিক, এই বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

যে কোন ব্যক্তি, অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত দান ও শীল প্রভৃতির বিপাক বা ফলে প্রতিসন্ধির সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, শ্রদ্ধা, স্মৃতি, লজ্জা, ঔত্তাপ্য, অলোভ, অদোষ, তত্রমধ্যস্থতা, কায়প্রশান্তি, চিত্তপ্রশান্তি, কায়লঘুতা, চিত্তলঘুতা, কায়মৃদুতা, চিত্তমৃদুতা, কায়কর্ম্মজ্ঞাতা, চিত্তকর্ম্মজ্ঞাতা, কায়প্রাগুণ্যতা চিত্তপ্রাগুণ্যতা, কায়ঋজুকতা এবং চিত্তঋজুকতা চৈতসিক, এই একত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

সব্বথাপি ) এই সমস্ত ( চতুবীসতি কামাবচর সোভণ চিত্তেস্থ ) চব্বিশ-প্রকার শোভন কামাবচর চিত্ত, ( দুক বসেন ) দুইবার ও দুইবার বশ দ্বারা ( দ্বাদসধাব সঙ্গহো হোতীতি ) দ্বাদশপ্রকার সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার এক্ষণ পূর্ব্বোক্ত শোভন কামাবচর চিত্ত বর্ণনা করিতেছে। চব্বিশপ্রকার শোভন কামাবচর কুশল চিত্তের প্রথম দুইপ্রকার চিত্ত ;— তেরপ্রকার অন্য সমান চৈতসিক ও পঁচিশপ্রকার শোভন চৈতসিক, এই আটত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে, সেই প্রথম দুইপ্রকার চিত্তের সংযোগ আটত্রিশপ্রকার চৈতসিকের মধ্যে দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক ও তিনপ্রকার বিরতি চৈতসিক এই পাঁচপ্রকার চৈতসিকের সহিত প্রত্যেক অবশিষ্ট তেত্রিশপ্রকার চৈতসিক সংযোগ হয়। সেই শোভন কামাবচর কুশল চিত্তের দ্বিতীয় দুইপ্রকার চিত্ত ;— প্রজ্ঞা চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। সেই শোভন কামাবচর কুশল চিত্তের তৃতীয় দুইপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ;— সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। সেই শোভন কামাবচর কুশল চিত্তের চতুর্থ দুইপ্রকার চিত্ত ;— প্রজ্ঞা চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট ছত্রিশ-প্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত ;— তিনপ্রকার বিরতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট সেই পঁয়ত্রিশপ্রকার চৈতসিক দুইবার ও দুইবার করিয়া শোভন কামাবচর কুশল চিত্তের ন্যায় চারিবার সংগ্রহে গমন করিয়া থাকে। সেই আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত ;— দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক ও তিনপ্রকার বিরতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট সেই তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার ও দুইবার করিয়া চারিবার সংগ্রহে গমন করিয়া থাকে, এই সমস্ত চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত, দুইবার ও দুইবার বশ দ্বারা দ্বাদশপ্রকারে সংগ্রহ করিয়াছে।

## পালি।

অট্‌ঠতিংস সত্ততিংস, দ্বয়ং ছত্তিংসকং সুভে,<br>
পঞ্চাতিংস চতুত্তিংস, দ্বয়ং তেত্তিংসকং ক্রিয়ে।

তেত্তিংস পাকে বত্তিংস, দ্বয়েকতিংসকং ভবে,
সহেতু কামাবচর, পুঞ্ঞ্ঞপাক ক্রিয়া মনে।
নবিজ্জন্তেত্থ বিরতি, ক্রিয়াসুচ মহগ্গতে,
অনুত্তরে অপ্পমঞ্ঞ্ঞা, কামপাকে দ্বয়ং তথা।
অনুত্তরে ঝান ধম্মা, অপ্পমঞ্ঞ্ঞাচ মজ্ঝিমে,
বিরতি ঞ্ঞ্ঞাণপীতিচ, পরিত্তেসু বিসেসকা।

## সান্বয়ার্থ।

( সহেতুক কামাবচর পুঞ্ঞ্ঞপাক ক্রিয়া মনে ) আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া চিত্ত এবং আটপ্রকার সহেতুক কামাবচর বিপাক চিত্ত, এই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত। ( তেসু ) সেই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে আটপ্রকার কামাবচর মহা কুশল চিত্ত ;— ( অট্ঠতিংস ) আটত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করে, ( সত্ততিংস দ্বয়ং ) সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করিতেছে, এবং ( ছত্তিংসকং ) ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার ( ভবে ) গমন করিয়া থাকে। ( পাকে ) আটপ্রকার শোভন কামাবচর মহা বিপাক চিত্ত ;— ( তেত্তিংস ) তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিতেছে, ( বত্তিংস দ্বয়ং ) বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করে, ( একতিংসকং ভবে ) একত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিয়া থাকে। ( ক্রিয়া ) আটপ্রকার শোভন কামাবচর মহা ক্রিয়া চিত্ত ;— ( পঞ্চতিংস ) পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করে, ( চতুতিংস দ্বয়ং ) চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করিতেছে, এবং ( তেত্তিংসকং ভবে ) তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিয়া থাকে। ( এত্থ ) এই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে ( ক্রিয়াসুচ ) আটপ্রকার শোভন কামাবচর মহা ক্রিয়া চিত্ত, ( মহগ্গতেচ ) ও সাতাশপ্রকার মহৎগত চিত্ত ;— ( বিরতি নবিজ্জন্তি ) তিনপ্রকার বিরতি চৈতসিকের ভাব জানিতে পারে না।

(অনুত্তরে) আটপ্রকার অনুত্তর চিত্ত;— (অপ্পমঞ্ঞা নবিজ্জন্তি) দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিকের ভাব অনুভব করিতে পারে না।

(তথা কামপাকে) সেই আটপ্রকার কামাবচর মহা বিপাক চিত্ত;— (দ্বয়ং বিরতি অপ্পমঞ্ঞা) তিনপ্রকার বিরতি চৈতসিক ও দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিক, এই দুইপ্রকার চৈতসিকের ভাব (নবিজ্জতি) জানিতে পারে না।

(অনুত্তরে) অনুত্তর চিত্ত;— (ঝান ধম্মা) ধ্যান ধর্ম্মের ভাব (বিসেসকা) বিশেষ রূপে জানিয়া থাকে।

(মজ্ঝিমে) সাতাশপ্রকার মহৎগত চিত্ত;— (ঝান ধম্মা) ধ্যান ধর্ম্মের (অপ্পমঞ্ঞাচ) ও অপ্রমাণ্য চৈতসিকের ভাব (বিসেসকা) বিশেষ রূপে জানিতে পারে।

(পরিত্তেসু) চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত;— (অপ্পমঞ্ঞা) অপ্রমাণ্য চৈতসিক, (বিরতি) বিরতি চৈতসিক, (পীতি চ) প্রীতি চৈতসিক এবং (ঞাণ) প্রজ্ঞা চৈতসিকের ভাব (বিসেসকা) বিশেষ রূপে জানিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, আটপ্রকার সহেতুক কামাবচর ক্রিয়া চিত্ত এবং আটপ্রকার সহেতুক কামাবচর বিপাক চিত্ত, এই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত। সেই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে আটপ্রকার কামাবচর মহা কুশল চিত্ত;—আটত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করে, সাঁইত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করিতেছে, এবং ছত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিয়া থাকে। আটপ্রকার শোভন কামাবচর মহা বিপাক চিত্ত;— তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিতেছে, বত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করে, এবং একত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিয়া থাকে। আটপ্রকার শোভন কামাবচর মহা ক্রিয়া চিত্ত;— পঁয়ত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন

করে, চৌত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে দুইবার গমন করিতেছে, এবং তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহে একবার গমন করিয়া থাকে। এই চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্তের মধ্যে আটপ্রকার শোভন কামাবচর মহা ক্রিয়া চিত্ত ও সাতাশপ্রকার মহৎগত চিত্ত;— তিনপ্রকার বিরতি চৈতসিকের ভাব জানিতে পারে না।

আটপ্রকার অনুত্তর চিত্ত;— দুইপ্রকার অপ্রমাণ্য চৈতসিকের ভাব অনুভব করিতে পারে না।

সেই আটপ্রকার কামাবচর মহা বিপাক চিত্ত;— বিরতি চৈতসিক ও অপ্রমাণ্য চৈতসিক, এই দুইপ্রকার চৈতসিকের ভাব জানিতে পারে না।

অনুত্তর চিত্ত;— ধ্যান ধর্ম্মের ভাব বিশেষ রূপে জানিয়া থাকে।

সাতাশপ্রকার মহৎগত চিত্ত;— ধ্যান ধর্ম্মের ও অপ্রমাণ্য চৈতসিকের ভাব বিশেষ রূপে জানিতে পারে।

চব্বিশপ্রকার শোভন কামাবচর চিত্ত;— অপ্রমাণ্য চৈতসিক, বিরতি চৈতসিক, প্রীতি চৈতসিক ও প্রজ্ঞা চৈতসিকের ভাব বিশেষ রূপে জানিয়া থাকে।

---

## অকুশল চিত্তের সহিত চৈতসিক সংযোগ।

### পালি।

অকুসলেসু পন লোভ মূলেসু তাব, পঠমে অসঙ্খারিকে অঞ্ঞে সমানা তেরস চেতসিকা অকুসলা সাধারণ চত্তারো চাতি সত্তরসলোভ দিট্ঠিহি সদ্ধিং একূন বীসতি ধম্মা সঙ্গহং গচ্ছন্তি। তথেব দুতিয় অসঙ্খারিকে লোভ মানেন। ততিয়ে তথেব পীতি বজ্জিতা লোভ দিট্ঠিহি সহ অঠারস। চতুত্থে তথেব লোভ মানেন। পঞ্চমে পন পটিঘ সম্পয়ুত্তে অসঙ্খারিকে দোসো ইস্সা মচ্ছরিয়ং কুক্কুচ্চঞ্চাতি চতুহি সদ্ধিং পীতি

বজ্জিতা থেএব বীসতি ধম্মা সঙ্গয়হন্তি। ইস্সা মচ্ছের কুক্কুচ্চানি পনেত্থ পচ্চেকমেব য়োজেতব্বানি। সসঙ্খারিক পঞ্চকেপি তথেব থিন মিদ্ধেন বিসেসেত্বা য়োজেতব্বা। ছন্দ পীতি বজ্জিতা পন অঞ্ঞসমানা একাদস অকুসল সাধারণা চত্তারো চাতি পন্নরস ধম্মা উদ্ধচ্চ সহগতে সম্পয়ুজ্জন্তি। বিচিকিচ্ছা সহগত চিত্তে চ, অধিমোক্‌খ বিরহিতা বিচিকিচ্ছা সহগতা তথেব পন্নরস ধম্মা সমুপ লব্ভন্তীতি সব্বথাপি দ্বাদস অকুসল চিত্তুপ্পাদেসু পচ্চেকং য়োজিয় মানাপিগণ বসেন সত্তধাব সঙ্গহিতা ভবন্তীতি।

## সান্বয়ার্থ।

(পনতাব) পুনর্ব্বার এক্ষণ অকুশল চিত্ত সংগ্রহ বর্ণনা করিতেছে। (অকুসলেসু) দ্বাদশপ্রকার অকুশল চিত্তের মধ্যে (লোভমূলেসু) আট-প্রকার লোভ চিত্তের (পঠমে অসঙ্খারিকে) প্রথম অসংস্কার চিত্ত *;—(অঞ্ঞসমানা তেরস চেতসিক) তেরপ্রকার অন্যসমান চৈতসিক, (চত্তারো অকুসল সাধারণাচ) ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, (ইতি) এই (সত্তরস) সতরপ্রকার চৈতসিকের (সদ্ধিং) সহিত (লোভ) লোভ চৈতসিক ও (দিট্‌ঠিহি) মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, (একুন বীসতি ধম্মা) এই উনশিপ্রকার চৈতসিক (সঙ্গহ গচ্ছন্তি) সংগ্রহে গমন করিতেছে। (তথেব) সেই লোভ চিত্তের

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার দ্বারা সৌমনস্য মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি পাপ অস্বীকার কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য এবং ঔদ্ধত্য চৈতসিক, এই সতরপ্রকার চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই উনিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

( দুতিয়ে অসঙ্খারিকে ) দ্বিতীয় অসংস্কার চিত্ত * ;— তেরপ্রকার অন্য-সমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের সহিত ( লোভ ) লোভ চৈতসিক ( মানেন ) ও মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই উনিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ( তথেব ) সেই লোভ চিত্তের ( ততিয়ে ) তৃতীয় অসংস্কার চিত্ত † ;—( পীতি বজ্জিতা ) প্রীতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের ( সহ ) সহিত ( লোভ ) লোভ চৈতসিক, ( দিট্‌ঠিহি ) ও মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, ( অঠারস ) এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। ( তথেব ) সেই লোভ চিত্তের ( চতুত্থে ) চতুর্থ অসংস্কার চিত্ত ‡ ;— প্রীতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের সহিত ( লোভ ) লোভ চৈতসিক ও ( মানেন ) মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার দ্বারা সৌমনস্য মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিক, এই সতরপ্রকার চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই উনিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

† যে কোন ব্যক্তি, অসংস্কার দ্বারা উপেক্ষা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিক, এই ষোলপ্রকার চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

‡ যে কোন ব্যক্তি, অসংস্কার দ্বারা উপেক্ষা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

(পন) পুনর্ব্বার দোষ মূলের অসংস্কার চিত্ত বর্ণনা করিতেছে। (থেএব) সেই (পঞ্চমে পটিঘ সম্পযুত্তে অসঙ্খারিকে) পঞ্চম অসংস্কার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত *;—(দোসো) দোষ চৈতসিক, (ইস্‌সা) ঈর্ষা চৈতসিক, (মচ্ছে-রিয়ং) মাৎসর্য্য চৈতসিক, (কুক্কুচ্চং) ও কৌকৃত্য চৈতসিক এই (চতুহি) চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক দ্বারা (পীতি বজ্জিতা) প্রীতি চৈত-সিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিকের (সদ্ধিং) সহিত সংযোগ হয়, (ইতি বীসতি ধম্মা সঙ্গয়হন্তি) এই বিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। (পনেথ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। সেই পঞ্চম অসংস্কার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের বিশপ্রকার চৈতসিকের মধ্যে (ইস্‌সা) ঈর্ষা চৈতসিক, (মচ্ছের) মাৎসর্য্য চৈতসিক (এবং) এবং (কুক্কুচ্চানি) কৌকৃত্য চৈতসিক, এই তিনপ্রকার চৈতসিক (পচ্চেকং) প্রত্যেক শেষ অবশিষ্ট সতরপ্রকার চৈতসিকের (য়োজেতব্বানি) সহিত সংযোগ হইয়া থাকে।

(সসঙ্খারিক পঞ্চকেপি তথেব) সেই অকুশল পাঁচপ্রকার অসংস্কার চিত্তের সদৃশ অকুশল পাঁচপ্রকার সসংস্কার চিত্ত †;—(থিনমিদ্ধেন) অল-সতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা (বিসেসেত্বা) বিশেষ রূপে (য়োজে-তব্বা) সংযোগ হয়।

---

* যে কোন ব্যক্তি, অসংস্কার দ্বারা দৌর্ম্মনস্য প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত প্রাণীহত্যা ও চুরি প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিক, এইষোলপ্রকার চৈতসিকের সহিত দোষ চৈতসিক, ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক ও কৌকৃত্য চৈতসিক সংযোগ হয়, এই বিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

† যে কোন ব্যক্তি, সসংস্কার দ্বারা সৌমনস্য মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য, ঔদ্ধত্য, লোভ ও মিথ্যাদৃষ্টি চৈতসিক, এই উনিশপ্রকার চৈতসিকের সহিত অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই একুশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

যে কোন ব্যক্তি, সসংস্কার দ্বারা সৌমনস্য মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা,

(পন) পুনর্ব্বার মোহমূহ্‌ চিত্ত বর্ণনা করিতেছে। (উদ্ধচ্চ সহগত) ঔদ্ধত্য সহগত সম্প্রযুক্ত চিত্ত *;—(ছন্দ পীতি বজ্জিতা) ছন্দ চৈতসিক ও প্রীতি চৈতসিক বৰ্জ্জিত করিয়া অবশিষ্ট (অঞ্‌ঞসমানা একাদস) একাদশ-প্রকার অন্যসমান চৈতসিক (অকুসল সাধারণা চত্তারোচ) ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, (ইতি পন্নরস ধম্মা সম্পযুজ্জন্তি) এই পনরপ্রকার চৈতসিক সংযোগে গমন করিতেছে।

---

জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, প্রীতি, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য, ঔদ্ধত্য, লোভ এবং মান চৈতসিক, এই উনিশপ্রকার চৈতসিকের সহিত অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই একুশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, সসংস্কার দ্বারা উপেক্ষা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য, ঔদ্ধত্য, লোভ ও মিথ্যাদৃষ্টি চৈতসিক, এই আঠারপ্রকার চৈতসিকের সহিত অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই বিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

যে কোন ব্যক্তি, সসংস্কার দ্বারা উপেক্ষা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য, ঔদ্ধত্য, লোভ ও মান চৈতসিক, এই আঠারপ্রকার চৈতসিকের সহিত অলসতা ও নিদ্রা চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই বিশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

যে কোন ব্যক্তি, সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্য প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত প্রাণীহত্যা ও চুরি প্রভৃতি কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয় মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, ছন্দ, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য, ঔদ্ধত্য, দোষ, ঈর্ষা, মাৎসর্য্য ও কৌকৃত্য চৈতসিক, এই বিশপ্রকার চৈতসিকের সহিত অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই বাইশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

* যে কোন ব্যক্তি, ঔদ্ধত্য সম্প্রযুক্ত চিত্ত উপেক্ষার সহিত কোন প্রকার অবলম্বন অস্থির কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিক, এই পনরপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

(তথেব) সেই মোহমূহ্ চিত্তের (বিচিকিচ্ছা সহগতে) বিচিকিৎসা সহগত সম্প্রযুক্ত চিত্ত *;—(ছন্দ পীতি অধিমোক্খ বিরহিত) ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও অধিমোক্ষ চৈতসিক বিরহিত করিয়া অবশিষ্ট দশপ্রকার অন্যসমান চৈতসিক (চ) এবং চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, এই চৌদ্দপ্রকার চৈতসিকের (বিচিকিচ্ছা সহগত) সহিত বিচিকিৎসা চৈতসিক সংযোগ প্রাপ্তি হয়, (ইতি পন্নরস ধম্মা সমুপ লব্ভান্তি) এই পনরপ্রকার চৈতসিকের ভাব উত্তম রূপে লাভ করিতেছে। (ইতি সব্বথাপি দ্বাদস অকুসল চিত্তুপ্পাদেসু পচ্চেকং) এই সমস্ত দ্বাদশপ্রকার প্রত্যেক অকুশল চিত্ত উৎপত্তি ও (য়োজিয় মানপি) সংযোগ (গণবসেন সত্ত ধাব) গণনা বশ দ্বারা সাতপ্রকার (সঙ্গহিতা ভবন্তি) সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার এক্ষণ অকুশল চিত্ত সংগ্রহ বর্ণনা করিতেছে। দ্বাদশপ্রকার অকুশল চিত্তের মধ্যে আটপ্রকার লোভ চিত্তের প্রথম অসংস্কার চিত্ত;—তেরপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, এই সতরপ্রকার চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই উনিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। সেই লোভ চিত্তের দ্বিতীয় অসংস্কার চিত্ত,—তেরপ্রকার অন্যসমান চৈতঃসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই উনিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। সেই লোভ চিত্তের তৃতীয় অসংস্কার চিত্ত;—প্রীতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মিথ্যাদৃষ্টি চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করে। সেই লোভ চিত্তের চতুর্থ অসংস্কার চিত্ত;—প্রীতি চৈতসিক

* যে কোন ব্যক্তি, বিচিকিৎসা সম্প্রযুক্ত চিত্ত উপেক্ষার সহিত কোন প্রকার সন্দেহ কর্ম্মের সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, বীর্য্য, মোহ, নির্লজ্জতা, অনৌত্তাপ্য ও ঔদ্ধত্য চৈতসিক, এই চৌদ্দপ্রকার চৈতসিকের সহিত বিচিকিৎসা চৈতসিক সংযোগ হয়, এই পনরপ্রকার চৈতসিক ভাব উত্তম রূপে অনুভব করিয়া থাকে।

বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিকের সহিত লোভ চৈতসিক ও মান চৈতসিক দ্বারা সংযোগ হয়, এই আঠারপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। পুনর্ব্বার দোষ মূলের অসংস্কার চিত্ত বর্ণনা করিতেছে। সেই পঞ্চম অসংস্কার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত;—ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক, দোষ চৈতসিক ও কৌকৃত্য চৈতসিক, এই চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক দ্বারা প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিকের সহিত সংযোগ হয়, এই বিশপ্রকার চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। সেই পঞ্চম অসংস্কার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের বিশপ্রকার চৈতসিকের মধ্যে ঈর্ষা চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক এবং কৌকৃত্য চৈতসিক, এই তিনপ্রকার চৈতসিক প্রত্যেক শেষ অবশিষ্ট সতরপ্রকার চৈতসিকের সহিত সংযোগ হইয়া থাকে। সেই অকুশল পাঁচপ্রকার অসংস্কার চিত্তের সদৃশ অকুশল পাঁচপ্রকার সসংস্কার চিত্ত;— অলসতা চৈতসিক ও নিদ্রা চৈতসিক দ্বারা বিশেষ রূপে সংযোগ হয়। পুনর্ব্বার মোহমূহ্ চিত্ত বর্ণনা করিতেছে। ঔদ্ধত্য সহগত সম্প্রযুক্ত চিত্ত;— ছন্দ চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট একাদশপ্রকার অন্যসমান চৈতসিক ও চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, এই পনরপ্রকার চৈতসিক সংযোগে গমন করিতেছে। সেই মোহমূহ্ চিত্তের বিচিকিৎসা সহগত সম্প্রযুক্ত চিত্ত;— ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও অধিমোক্ষ চৈতসিক বিরহিত করিয়া অবশিষ্ট দশপ্রকার অন্যসমান চৈতসিক এবং চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, এই চোদ্দপ্রকার চৈতসিকের সহিত বিচিকিৎসা চৈতসিক সংযোগ প্রাপ্তি হয়, এই পনরপ্রকার চৈতসিকের ভাব উত্তর রূপে লাভ করিতেছে। এই সমস্ত দ্বাদশপ্রকার প্রত্যেক অকুশল চিত্ত উৎপত্তি ও সংযোগ গণনা বশ দ্বারা সাতপ্রকার সংগ্রহ করিয়াছে।

## পালি।

একূন বীসাঠারস, বীসেক বীস বীসতি,
দ্বাবীস পন্নরসেতিচ, সত্তধাকুসলেট্ ঠিতা।

সাধারণাচ চত্তরো, সমানাচ দসাপরে,
চুদ্দসেতে পবুচ্চন্তি, সব্বাকুসল য়োগিনো।

### সান্বয়ার্থ।

( একূন বীস ) উনিশপ্রকার চৈতসিক, ( অঠারস ) আঠারপ্রকার চৈতসিক, ( বীস ) বিশপ্রকার চৈতসিক, ( একবীস ) একুশপ্রকার চৈতসিক, ( বীসতি ) বিশপ্রকার চৈতসিক, ( দ্বাবীস ) বাইশপ্রকার চৈতসিক, ( পন্নরচ ) এবং পনরপ্রকার চৈতসিক, ( ইতি ) এই ( সত্তধাকুসলেট্ঠিতা ) অকুশল চিত্ত সাতপ্রকার স্থিত হইয়াছে। ( চত্তারো সাধারণচ ) চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, ( সমানাচ দসাপরে ) ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও অধিমোক্ষ চৈতসিক হইতে অপর দশপ্রকার অন্যসমান চৈতসিক, ( চুদ্দসেতে ) সেই চৌদ্দপ্রকার অকুশল চৈতসিকের সহিত ( সব্বাকুসল য়োগিনো ) সমস্ত অকুশল চিত্তের সংযোগ ( পবুচ্চন্তি ) বর্ণিত হইয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

উনিশপ্রকার চৈতসিক, আঠারপ্রকার চৈতসিক, বিশপ্রকার চৈতসিক, একুশপ্রকার চৈতসিক, বিশপ্রকার চৈতসিক, বাইশপ্রকার চৈতসিক এবং পনরপ্রকার চৈতসিক, এই অকুশল চিত্ত সাতপ্রকার স্থিত হইয়াছে। চারিপ্রকার অকুশল সাধারণ চৈতসিক, ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও অধিমোক্ষ চৈতসিক হইতে অপর দশপ্রকার অন্যসমান চৈতসিক, সেই চৌদ্দপ্রকার অকুশল চৈতসিকের সহিত সমস্ত অকুশল চিত্তের সংযোগ বর্ণিত হইয়াছে।

---

## অহেতুক চিত্তের সহিত চৈতসিক সংযোগ।

### পালি।

অহেতুকস্মু পন হসন চিত্তে তাব, ছন্দ বজ্জিতা অঞ্ঞে সমানা দ্বাদস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি। তথা বোট্ঠ ব্বনে ছন্দ

পীতি বজ্জিতা। সুখ সন্তীরণে ছন্দ বিরিয় বজ্জিতা। মনোধাতুত্তিকা হেতুক পটিসন্ধি য়ুগলেহ ছন্দ পীতি বিরিয় বজ্জিতা। দ্বিপঞ্চাবঞ্ঞাণে পকিণ্ণক বজ্জিতা তেযেব সঙ্গয়ুন্তাতি সব্বথাপি অঠারসসু অহেতুকেসু গণন বসেন চতুধাব সঙ্গহোহোতীতি।

## সান্বয়ার্থ।

(পন তাব) পুনর্ব্বার এক্ষণ পূর্ব্বোক্ত অহেতুক চিত্ত বর্ণনা করিতেছে। (অহেতুকেসু) আঠারপ্রকার অহেতুক চিত্তের মধ্যে (হসনচিত্তে) হাস্যোৎপত্তি চিত্ত *;— (ছন্দ বজ্জিতা) ছন্দ চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট (অঞ্ঞসমানা দ্বাদস ধম্মা) দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক (সঙ্গহং গচ্ছন্তি) সংগ্রহে গমন করিতেছে। (তথা) সেই (বোট্ঠব্বনে) সংলক্ষ চিত্ত বা মনোদ্বার অবর্জন চিত্ত †;—(ছন্দ পীতি বজ্জিতা) ছন্দ চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট (অঞ্ঞসমানা একাদশ ধম্মা) একাদশপ্রকার অন্যসমান চৈতসিক (সঙ্গহং গচ্ছন্তি) সংগ্রহে গমন করিতেছে। (সুখ সন্তীরণে) সৌমনস্য স্থির চিত্ত ‡;— (ছন্দ বিরিয় বজ্জিতা) ছন্দ চৈতসিক ও বীর্য্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট (অঞ্ঞসমানা একাদস) একাদশপ্রকার অন্যসমান (ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) চৈতসিক সংগ্রহে গমন করে।

---

* যে কোন অর্হৎ, হাস্যোৎপত্তি চিত্ত সৌমনস্যের সহিত হাস্য করিতে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ, বীর্য্য এবং প্রীতি চৈতসিক, এই দ্বাদশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকেন।

† যে কোন ব্যক্তি, সংলক্ষ চিত্ত উপেক্ষার সহিত লক্ষ বা চিহ্ন করিতে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ ও বীর্য্য চৈতসিক, এই একাদশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিতেছে।

‡ যে কোন ব্যক্তি, স্থির চিত্ত সৌমনস্যের সহিত স্থির করিতে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার, অধিমোক্ষ এবং প্রীতি চৈতসিক, এই একাদশপ্রকার চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করিয়া থাকে।

(মনোধাতুত্তিকা) তিনপ্রকার মনোধাতু চিত্তের [একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত ও দুইপ্রকার উপেক্ষা স্থির চিত্ত, এই তিনপ্রকার মনোধাতু চিত্তের] (অহেতুক পটিসন্ধি য়ুগলেহ) দুইপ্রকার অহেতুক প্রতিসন্ধি চিত্ত* ;— (ছন্দ পীতি বিরিয় বজ্জিতা) ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও বীর্য্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট (অঞ্ঞসমানা দস ধম্মা সঙ্গহং গচ্ছন্তি) দশপ্রকার অন্যসমান চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে।

(দ্বিপঞ্চবিঞ্ঞাণ) দশপ্রকার বিজ্ঞান † ;— (পকিণ্ণক বজ্জিতা) ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট (তেয়েব) সেই সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক (সঙ্গয়্হন্তি) সংগ্রহে গমন করে, (ইতি সব্বথাপি অঠারসসু অহেতুকেসু) এই সমস্ত আঠারপ্রকার অহেতুক চিত্ত (গণন বসেন) গণনা বশ দ্বারা (চতুধাব সঙ্গহো হোতীতি) ইহা চারিপ্রকার সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার এক্ষণে পূর্ব্বোক্ত অহেতুক চিত্ত বর্ণনা করিতেছে। আঠারপ্রকার অহেতুক চিত্তের মধ্যে হাস্যোৎপত্তি চিত্ত ;— ছন্দ চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট দ্বাদশপ্রকার অন্যসমান চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। সেই সংলক্ষ চিত্ত ;— ছন্দ চৈতসিক ও প্রীতি চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট একাদশপ্রকার অন্যসমান চৈতসিক সংগ্রহে গমন করিতেছে। সৌমনস্য স্থির চিত্ত ;— ছন্দ চৈতসিক ও বীর্য্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট একাদশপ্রকার অন্যসমান চৈতসিক সংগ্রহে গমন করে।

---

* যে কোন ব্যক্তি, দুইপ্রকার অহেতুক স্থির চিত্ত উপেক্ষার সহিত প্রতিসন্ধির সময়ে স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনসিকার, বিতর্ক, বিচার এবং অধিমোক্ষ, এই দশপ্রকার অন্যসমান চৈতসিক ভাব অনুভব করিয়া থাকে।

† যে কোন ব্যক্তি, অকুশল চক্ষু বিজ্ঞান বা কুশল চক্ষু বিজ্ঞান, অকুশল শ্রবণ বিজ্ঞান কিংবা কুশল শ্রবণ বিজ্ঞান, অকুশল ঘ্রাণ বিজ্ঞান বা কুশল ঘ্রাণ বিজ্ঞান, অকুশল জিহ্বা বিজ্ঞান কিম্বা কুশল জিহ্বা বিজ্ঞান এবং অকুশল কায় বিজ্ঞান বা কুশল কায় বিজ্ঞান উপেক্ষার সহিত স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয় ও মনসিকার চৈতসিক, এই সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক সংগ্রহের ভাব অনুভব করে।

তিনপ্রকার মনোধাতু চিত্তের দুইপ্রকার অহেতুক প্রতিসন্ধি চিত্ত;—ছন্দ চৈতসিক, প্রীতি চৈতসিক ও বীর্য্য চৈতসিক বর্জ্জিত করিয়া অবশিষ্ট দশ-প্রকার অন্যসমান চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে।

দশপ্রকার বিজ্ঞান;— ছয়প্রকার প্রকীর্ণক চৈতসিক বর্জ্জিত করতঃ অবশিষ্ট সেই সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক সংগ্রহে গমন করিয়া থাকে, এই সমস্ত আঠারপ্রকার অহেতুক চিত্ত গণনা বশ দ্বারা ইহা চারি-প্রকার সংগ্রহ করিয়াছে।

## পালি।

দ্বাদসেকাদস দস, সত্ত চাতি চতুব্বিধো,
অঠারসাহেতুকেসু, চিত্তুপ্পাদেসু সঙ্গহো।

## সান্বয়ার্থ।

(দ্বাদস) দ্বাদশপ্রকার চৈতসিক, (একাদস) একাদশপ্রকার চৈতসিক (দস) দশপ্রকার চৈতসিক, (সত্ত চ) এবং সাতপ্রকার চৈতসিক, (ইতি চতুব্বিধো) এই চারিপ্রকার চৈতসিক (সঙ্গহো) সংগ্রহের সহিত (অঠা-রস অহেতুকেসু চিত্তুপ্পাদেসু) আঠারপ্রকার অহেতুক চিত্তের ভাব উৎপত্তি হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

দ্বাদশপ্রকার চৈতসিক, একাদশপ্রকার চৈতসিক, দশপ্রকার চৈতসিক এবং সাতপ্রকার চৈতসিক, এই চারিপ্রকার চৈতসিক সংগ্রহের সহিত আঠারপ্রকার অহেতুক চিত্তের ভাব উৎপত্তি হয়।

## পালি।

অহেতুকেসু সব্বত্ত, সত্ত সেস যথারহং,
ইতি বিত্থার সোবুত্তো, তেত্তিংসবিধ সঙ্গহো।

## সান্বয়ার্থ।

(অহেতুকেসু সব্বত্ত) সমস্ত আঠারপ্রকার অহেতুক চিত্ত;—(সত্ত) সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক, (সেস) ও [ছন্দ চৈতসিক বর্জ্জিত করিয়া] শেষ অবশিষ্ট পাঁচপ্রকার প্রকীর্ণক চৈতসিক (যথারহং) যথোপ-যুক্ত মতে (যুজ্জন্তি) সংযোগ হয়, (ইতি বিত্থারতো) এই বিস্তার দ্বারা (তেত্তিংসবিধ সঙ্গহো) তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহ বর্ণিত হইয়াছে।

১৫

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

সমস্ত আঠারপ্রকার অহেতুক চিত্ত;— সাতপ্রকার সর্ব্বচিত্ত সাধারণ চৈতসিক ও শেষ অবশিষ্ট পাঁচপ্রকার প্রকীর্ণক চৈতসিক যথোপযুক্ত মতে সংযোগ হয়, এই বিস্তার দ্বারা তেত্রিশপ্রকার চৈতসিক সংগ্রহ বর্ণিত হইয়াছে।

### পালি।

**ইত্থং চিত্তাবিযুত্তানং, সম্পয়োগঞ্চ সঙ্গহং,**
**ঞত্বাভেদং যথায়োগং, চিত্তেন সমুদ্দিসে।**

### সান্বয়ার্থ।

( চিত্তাবিযুত্তনং সম্পয়োগঞ্চ ) চিত্ত ও চৈতসিক, ষোলপ্রকার সংযোগ ও বিয়োগ হয়, ( ইত্থং সঙ্গহং ) ইহা তেত্রিশপ্রকার সংগ্রহ করিয়াছে, ( ঞত্বা-ভেদং যথায়োগং, চিত্তেন সমমুদ্দিসে ) যাহা সংযোগ প্রভেদ হয়, তাহা জ্ঞানের কারণ চিত্তের সহিত চৈতসিক যথোপযুক্ত সমান উদ্দেশ্যে বর্ণিত হইয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

চিত্ত ও চৈতসিক, ষোলপ্রকার সংযোগ ও বিয়োগ হয়, ইহা তেত্রিশ-প্রকার সংগ্রহ করিয়াছে, যাহা সংযোগ প্রভেদ হয়, তাহা জ্ঞানের কারণ চিত্তের সহিত চৈতসিক যথোপযুক্ত সমান উদ্দেশ্যে বর্ণিত হইয়াছে।

### পালি।

**ইতি অভিধম্মত্থ সঙ্গহে চেতসিক সঙ্গহ বিভাগো নাম দুতিয়ো পরিচ্ছেদো।**

### সান্বয়ার্থ।

( ইতি অভিধম্মথ সঙ্গহে ) এই অভিধর্ম্মার্থ সংগ্রহের ( চেতসিক সঙ্গহ বিভাগো নাম ) চৈতসিক সংগ্রহ বিভাগ নামক ( দুতিয়ো পরিচ্ছেদো ) দ্বিতীয় পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

এই অভিধর্ম্মার্থ সংগ্রহের চৈতসিক সংগ্রহ বিভাগ নামক দ্বিতীয় পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

# তৃতীয় পরিচ্ছেদ।

## পকিণ্ণক সঙ্গহ
বা
## প্রকীর্ণক সংগ্রহ।

### পালি।

সম্পয়ুত্তা য়থায়োগং, তেপঞ্ঞাস সভাবতো,
চিত্ত চেতসিকা ধম্মা, তেসং দানি য়থারহং।
বেদনা হেতুতো কিচ্চ, দ্বারালম্বণ বত্থুতো,
চিত্তুপ্পদে বসেনেব, সঙ্গহো নাম নিয়তে।

### সান্বয়ার্থ।

( য়থা তেপঞ্ঞাস চিত্ত চেতসিকা ) যেই তিপ্পান্নপ্রকার চিত্ত ও চৈতসিক [ একপ্রকার চিত্ত ও বায়ান্নপ্রকার চৈতসিক, এই তিপ্পান্নপ্রকার চিত্ত ও চৈতসিক ] ( সম্পয়ুত্তা য়োগং ধম্মা সভাবতো ) একত্র সম্প্রযুক্ত ধর্ম্ম দ্বারা স্বভাব হয়, ( তেসং দানি য়থারহং ) সেই এক্ষণ যথোপযুক্ত মতে ( চিত্তুপ্পদে বসেনেব ) চিত্ত ও চৈতসিক শক্তি উৎপত্তি বশ দ্বারা ( বেদনা ) বেদনা সংগ্রহ, ( হেতুতো ) হেতু সংগ্রহ, ( কিচ্চ ) কর্ম্ম সংগ্রহ, ( দ্বার ) দ্বার সংগ্রহ, ( আলম্বণ ) অবলম্বন সংগ্রহ ও ( বত্থুতো ) বস্তু সংগ্রহ, ( সঙ্গহো নাম নিয়তে ) এই ছয়প্রকার নিয়ত প্রকীর্ণক নামক সংগ্রহ হয়।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

যেই তিপ্পান্নপ্রকার চিত্ত ও চৈতসিক একত্র সম্প্রযুক্ত ধর্ম্ম দ্বারা স্বভাব হয়, সেই এক্ষণ যথোপযুক্ত মতে চিত্ত ও চৈতসিক শক্তি উৎপত্তি বশ দ্বারা বেদনা সংগ্রহ, হেতু সংগ্রহ, কর্ম্ম সংগ্রহ, দ্বার সংগ্রহ, অবলম্বন সংগ্রহ ও বস্তু সংগ্রহ, এই ছয়প্রকার নিয়ত প্রকীর্ণক নামক সংগ্রহ হয়।

## বেদনা সংগ্রহ।

### পালি।

তত্থ বেদনা সঙ্গহেতাব, তিবিধা বেদনা, সুখং দুক্খং অদুক্খ মসুখাচেতি, সুখং দুক্খং সোমনস্‌সং দোমনস্‌সং, উপেক্খাতিচ ভেদেন পন পঞ্চধা হোতি।

### সান্বয়ার্থ।

( তত্থ ) সেই ছয়প্রকার প্রকীর্ণক সংগ্রহের মধ্যে ( বেদনা সঙ্গহেতাব এক্ষণ বেদনা সংগ্রহ বর্ণনা করিতেছে। ( সুখং ) সুখ বেদনা, ( দুক্খং ) দুঃখ বেদনা, ( অদুক্খ মসুখচ ) ও অদুঃখ না সুখ বেদনা, ( ইতি ) এই ( তিবিধা বেদনা ) তিনপ্রকার বেদনা অনুভব লক্ষণ। ( পন ) পুনর্ব্বার বেদনা বর্ণনা করিতেছে। ( সুখং ) সুখ বেদনা, ( দুক্খং ) দুঃখ বেদনা, ( সোমনস্‌সং ) সৌমনস্য বেদনা, ( দোমনস্‌সং ) দৌর্ম্মনস্য বেদনা, ( উপেক্খাচ ) ও উপেক্ষা বেদনা, ( ইতি ভেদেন পঞ্চধা হোতি ) এই পাঁচপ্রকার বেদনার প্রভেদ দ্বারা বেদনার লক্ষণ অনুভব হইয়া থাকে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই ছয়প্রকার প্রকীর্ণক সংগ্রহের মধ্যে এক্ষণ বেদনা সংগ্রহ বর্ণনা করিতেছে। সুখ বেদনা, দুঃখ বেদনা ও অদুঃখ না সুখ বেদনা, এই তিন-প্রকার বেদনা অনুভব লক্ষণ। পুনর্ব্বার বেদনা বর্ণনা করিতেছে। সুখ বেদনা, দুঃখ বেদনা, সৌমনস্য বেদনা, দৌর্ম্মনস্য বেদনা ও উপেক্ষা বেদনা, এই পাঁচপ্রকার বেদনার প্রভেদ দ্বারা বেদনার লক্ষণ অনুভব হইয়া থাকে।

---

## চিত্ত বেদনা সংগ্রহে সংযোগ।

### পালি।

তত্থ সুখ সহগতং কুসল বিপাকং কায় বিঞ্‌ঞাণ মেক-মেব। তথা দুক্খ সহগতং অকুসল বিপাকং কায় বিঞ্‌ঞাণং। সোমনস্‌স সহগত চিত্তানি পন লোভ মূলানি চত্তারি দ্বাদস কামাবচর সোভণানি সুখসন্তিরণ হসনানিচ দ্বেতি। অঠারস

কামাবচর সোমনস্‌স সহগত চিত্তানিচেব পঠম দুতিয় ততিয় চতুত্থ ঝান সম্খাতানি চতুচত্তালীস মহগ্‌গত লোকুত্তর চিত্তানিচেতি দ্বাসট্‌ঠি বিধানি ভবন্তি। দোমনস্‌স সহগত চিত্তানি পন দ্বে পটিঘ সম্পয়ুত্ত চিত্তানেব। সেসানি সব্বানিপি পঞ্চপঞ্ঞাস উপেক্‌খা সহগত চিত্তানেবতি।

সান্বয়ার্থ।

( তথ ) সেই ( কায় বিঞ্ঞাণ মেকমেব ) একপ্রকার কায় বিজ্ঞান বা কায় চিত্তের * ( সুখ সহগতং ) সহিত সুখ বেদনা গমন করে, সে কায় বিজ্ঞান অহেতুক কুশল বিপাক বা অহেতুক পুণ্যফল প্রাপ্তি হয়। ( তথা ) সেই ( কায় বিঞ্ঞাণ মেককেব ) একপ্রকার অহেতুক অকুশল কায় বিজ্ঞান বা কায় চিত্তের ( দুক্‌খ সহগতং ) সহিত দুঃখ বেদনা গমন করে, ( অকুসল বিপাকং ) সেই কায় বিজ্ঞান অকুশল বিপাক বা পাপফল প্রাপ্তি হয় †। ( পন ) পুনর্ব্বার সৌমনস্য বেদনা বর্ণনা করিতেছে। ( সোমনস্‌স সহগত চিত্তানি ) কতপ্রকার চিত্তের সহিত সৌমনস্য বেদনা গমন করে? ( লোভ মূলানি চত্তারি ) চারিপ্রকার লোভ মূল চিত্ত ‡, ( দ্বাদস কামাবচর সোভণানি ) দ্বাদশপ্রকার শোভন কামাবচর চিত্ত §, ( সুখসন্তিরণ হসনানিচ

---

* যে কোন ব্যক্তি, সুখ বেদনার সহিত অহেতুক কুশল বিপাক কায়বিজ্ঞান কর্তৃক মনুষ্য ভূমিতে অঙ্গহীন দেহ [ জন্মান্ধ, বোবা ও খোঁড়া প্রভৃতি অঙ্গহীন দেহ ] প্রাপ্তি হয়।

† যে কোন ব্যক্তি, দুঃখ বেদনার সহিত অহেতুক অকুশল বিপাক কায়বিজ্ঞান কর্তৃক অপায় ভূমিতে দেহ প্রাপ্তি হইয়া থাকে।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত কর্তৃক চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্মে নিযুক্ত হয়।

§ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনার সহিত কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্তৃক কুশল বা পুণ্য কর্ম্মে নিযুক্ত হইয়া থাকে।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনার সহিত বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্তৃক মনুষ্য ভূমিতে কিম্বা দেব ভূমিতে প্রতিসন্ধি হয়।

ঘেতি ) এবং দুইপ্রকার [ একপ্রকার ] সৌমনস্য বেদনা স্থির চিত্ত ও [ একপ্রকার ] সৌমনস্য বেদনা হাস্যোৎপত্তি চিত্ত * ( ইতি ) এই ( অঠারস কামাবচর সোমনস্স সহগত চিত্তানি চেব ) আঠারপ্রকার কামাবচর চিত্তের সহিত সৌমনস্য বেদনা গমন করে। ( পঠম ) একাদশপ্রকার প্রথম অবস্থার ধ্যান চিত্ত [ তিনপ্রকার রূপাবচর প্রথম অবস্থার ধ্যান চিত্ত ও আটপ্রকার লোকোত্তর প্রথম অবস্থার ধ্যান চিত্ত, এই একাদশপ্রকার প্রথম অবস্থার ধ্যান চিত্ত † ], ( দুতিয় ) একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত [ তিনপ্রকার রূপাবচর দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত ও আটপ্রকার লোকোত্তর দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত, এই একাদশপ্রকার দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত ], ( ততিয় ) একাদশপ্রকার তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত [ তিন-প্রকার রূপাবচর তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত ও আটপ্রকার লোকোত্তর ধ্যান চিত্ত, এই একাদশপ্রকার তৃতীয় অবস্থার ধ্যান চিত্ত ], এবং ( চতুথ ঝান ) একাদশপ্রকার চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত [ তিনপ্রকার রূপাবচর চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত ও আটপ্রকার লোকোত্তর চতুথ অবস্থার ধ্যান চিত্ত, এই একাদশপ্রকার চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত ], ( সঙ্খাতানি চতু চত্তালীস মহগ্গত লোকুত্তর চিত্তানি চ ) এই চৌচল্লিশপ্রকার মহৎগত

---

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনার সহিত ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা ক্রিয়া জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্ত্তৃক কোন প্রকার ফল ভোগের কারণ কুশল কর্ম্ম করে না।

* যে কোন ব্যক্তি সৌমনস্য বেদনার সহিত অহেতুক কুশল বিপাক স্থির চিত্ত প্রাপ্তি হয়।

অর্হতেরা সৌমনস্য বেদনার সহিত হাস্যোৎপত্তি চিত্তের ভাবে হাস্য করে, তাঁহারা কোন প্রকার ফল লাভের কারণ হাস্য করেন না।

† যে কোন যোগীরা, রূপাবচরের কুশল, বিপাক ও ক্রিয়া ধ্যানের প্রথম অবস্থা, দ্বিতীয় অবস্থা, তৃতীয় অবস্থা ও চতুর্থ অবস্থার [ বিতর্ক চিত্ত, বিচার চিত্ত, প্রীতি চিত্ত ও সুখ চিত্ত, এই চতুর্থ অবস্থার ] সহিত সৌমনস্য বেদনা অনুভব করিয়া থাকেন।

যে কোন যোগীরা, স্রোতাপত্তি মার্গ ধ্যান, স্রোতাপত্তি ফল ধ্যান, সকৃদাগামী মার্গ ধ্যান, সকৃদাগামী ফল ধ্যান, অনাগামী মার্গ ধ্যান, অনাগামী ফল ধ্যান, অর্হৎ মার্গ ধ্যান ও অর্হৎ ফল ধ্যান, এই আটপ্রকার লোকোত্তর ধ্যানের প্রথম অবস্থা, দ্বিতীয় অবস্থা, তৃতীয় অবস্থা ও চতুর্থ অবস্থার [ বিতর্ক চিত্ত, বিচার চিত্ত, প্রীতি চিত্ত ও সুখ চিত্ত, এই চতুর্থ অবস্থার ] সহিত সৌমনস্য বেদনা অনুভব করিতেছে।

সৌমনস্য বেদনা ধ্যান চিত্ত ও লোকোত্তর সৌমনস্য বেদনা ধ্যান চিত্ত বলিয়া কথিত হয়, (ইতি দ্বাসট্ঠি বিধানি ভবন্তি) এই বাষট্টিপ্রকার সৌমনস্য বেদনা চিত্ত। (পন) পুনর্ব্বার দৌর্ম্মনস্য বেদনা বর্ণনা করিতেছে। (দোমনস্‌স সহগত চিত্তানি দ্বে পটিঘ সম্পযুত্ত চিত্তানেব) দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত দৌর্ম্মনস্য বেদনা গমন করিয়া থাকে *। (সেসানি সব্বানিপি পঞ্চ পঞ্ঞাস উপেক্‌খা সহগত চিত্ত নেবাতি) এই বেদনা চিত্তের শেষ অবশিষ্ট [বাবট্টিপ্রকার সৌমনস্য বেদনা চিত্ত, একপ্রকার সুখ বেদনা চিত্ত, একপ্রকার দুঃখ বেদনা চিত্ত ও দুইপ্রকার দৌর্ম্মনস্য বেদনা চিত্ত, এই বেদনা চিত্তের শেষ অবশিষ্ট] সমস্ত পঞ্চান্নপ্রকার চিত্তের সহিত উপেক্ষা বেদনা গমন করিয়া থাকে †।

---

* যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্য বেদনার সহিত প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত কর্ত্তৃক চুরি ও প্রাণীহত্যা প্রভৃতি কর্ম্মে নিযুক্ত হইয়া থাকে।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা বেদনার সহিত মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত কর্ত্তৃক চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিয়া থাকে।

যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনার সহিত বিচিকিৎসা চিত্ত দ্বারা সন্দেহ প্রাপ্তি হয়।

যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনার সহিত ঔদ্ধত্য চিত্ত কর্ত্তৃক অস্থির হইয়া থাকে।

যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনার সহিত চক্ষু বিজ্ঞান, রূপ দর্শন করিয়া থাকে; উপেক্ষা বেদনার সহিত শ্রবণ বিজ্ঞান, শব্দ শ্রবণ করে; উপেক্ষা বেদনার সহিত ঘ্রাণ বিজ্ঞান, গন্ধ আঘ্রাণ করিতেছে; উপেক্ষা বেদনার সহিত জিহ্বা বিজ্ঞান, রস আস্বাদ করে; উপেক্ষা বেদনার সহিত সম্প্রতীষ চিত্ত, গ্রহণ করিয়া থাকে; উপেক্ষা বেদনার সহিত স্থির চিত্ত, স্থির করিয়া থাকে।

যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনার সহিত ক্রিয়া পঞ্চদ্বারাবর্জন চিত্ত বা ক্রিয়া মনোদ্বারাবর্জন চিত্ত কোন প্রকার ফল লাভের কারণ কর্ম্ম করে না।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা বেদনার সহিত কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত কিংবা কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্ত্তৃক কুশল কর্ম্মে নিযুক্ত হয়।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা উপেক্ষা বেদনার সহিত বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত কিংবা বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্ত্তৃক মনুষ্য ভূমি কিংবা দেব ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন ব্যক্তি অসংস্কার কিংবা সসংস্কার দ্বারা উপেক্ষার সহিত ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা ক্রিয়া জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত কর্ত্তৃক কোন প্রকার ফল লাভের কারণ কর্ম্ম করে না।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই একপ্রকার কায়বিজ্ঞানের সহিত সুখ বেদনা গমন করে, সেই কায়বিজ্ঞান অহেতুক কুশল বিপাক প্রাপ্তি হয়। সেই একপ্রকার কায়-বিজ্ঞানের সহিত দুঃখ বেদনা গমন করে, সেই কায়বিজ্ঞান অকুশল বিপাক প্রাপ্তি হইয়া থাকে। পুনর্ব্বার সৌমনস্য বেদনা বর্ণনা করিতেছে। কত প্রকার চিত্তের সহিত সৌমনস্য বেদনা গমন করে? চারিপ্রকার লোভ মূল চিত্ত, দ্বাদশপ্রকার শোভন কামাবচর চিত্ত, দুইপ্রকার সৌমনস্য বেদনা স্থির চিত্ত ও সৌমনস্য বেদনা হাস্যুৎপত্তি চিত্ত, এই আঠারপ্রকার কামা-বচর চিত্তের সহিত সৌমনস্য বেদনা গমন করে। প্রথমাবস্থার ধ্যান চিত্ত, দ্বিতীয়াবস্থার ধ্যান চিত্ত, তৃতীয়াবস্থার ধ্যান চিত্ত এবং চতুর্থ অবস্থার ধ্যান চিত্ত, এই চৌচল্লিশপ্রকার মহৎগত সৌমনস্য বেদনা ধ্যান চিত্ত ও লোকোত্তর সৌমনস্য বেদনা ধ্যান চিত্ত বলিয়া কথিত হয়, এই বাষট্টিপ্রকার সৌমনস্য বেদনা চিত্ত। পুনর্ব্বার দৌর্ম্মনস্য বেদনা বর্ণনা করিতেছে। দুই-প্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত দৌর্ম্মনস্য বেদনা গমন করিয়া থাকে। এই বেদনা চিত্তের শেষ অবশিষ্ট সমস্ত পঞ্চান্নপ্রকার চিত্তের সহিত উপেক্ষা বেদনা গমন করিয়া থাকে।

## পালি।

সুখং দুক্‌খমুপেক্‌খাতি, তিবিধা তত্থ বেদনা,
সোমনস্‌সং দোমনস্‌স, মিতি ভেদেন পঞ্চধা।
সুখমেকত্থ দুক্‌খঞ্চ, দোমনস্‌সং দ্বয়েট্‌ঠিতং,
দ্বাসট্‌ঠিসু সোমনস্‌সং, পঞ্চপঞ্ঞাসকেতরা।

## সান্বয়ার্থ।

(তত্থ) সেই (সুখং) সুখ বেদনা (দুক্‌খং) দুঃখ বেদনা, (উপেক্‌খাচ) ও উপেক্ষা বেদনা (ইতি ভেদেন) এই অনুভব লক্ষণ প্রভেদ দ্বারা

---

যে কোন যোগীরা, উপেক্ষা বেদনার সহিত তিনপ্রকার রূপাবচর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত, আটপ্রকার লোকোত্তর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত এবং দ্বাদশপ্রকার অরূপাবচর পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত অনুভব করিয়া থাকে।

(তিবিধা বেদনা হোতি) তিনপ্রকার বেদনা হয়। (সুখং) সুখ বেদনা, (দুক্খং) দুঃখ বেদনা, (সোমনস্সং) সৌমনস্য বেদনা, (দোমনস্সং) দৌর্ম্মনস্য বেদনা, (উপেক্খাচ) ও উপেক্ষা বেদনা, (ইতি ভেদেন) এই ইন্দ্রিয় প্রভেদ দ্বারা (পঞ্চধা) পাঁচপ্রকার বেদনা হইয়া থাকে। (সুখং) সুখ বেদনা, (দুক্খঞ্চ) ও দুঃখ বেদনা;— (একথট্ঠিতং) একপ্রকার চিত্তে স্থিত হয়, (দোমনস্সং দ্বেয়েট্ঠিতং) দৌর্ম্মনস্য বেদনা;— দুইপ্রকার চিত্তে স্থিত হইয়া থাকে, (দ্বাসট্ঠিসু সোমনস্সং) সৌমনস্য বেদনা;— বাষট্টিপ্রকার চিত্তে স্থিত হয়, (পঞ্চপঞ্ঞাসকেতরা) এবং অপর উপেক্ষা বেদনা;— পঞ্চান্নপ্রকার চিত্তে (ট্ঠিতং) স্থিত হইয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই সুখ বেদনা, দুঃখ বেদনা ও উপেক্ষা বেদনা, এই অনুভব লক্ষণ প্রভেদ দ্বারা তিনপ্রকার বেদনা হয়। সুখ বেদনা, দুঃখ বেদনা, সৌমনস্য বেদনা, দৌর্ম্মনস্য বেদনা ও উপেক্ষা বেদনা, এই ইন্দ্রিয় প্রভেদ দ্বারা পাঁচপ্রকার বেদনা হইয়া থাকে। সুখ বেদনা ও দুঃখ বেদনা;— একপ্রকার চিত্তে স্থিত হয়, দৌর্ম্মনস্য বেদনা;— দুইপ্রকার চিত্তে স্থিত হয়, সৌমনস্য বেদনা;— বাষট্টিপ্রকার চিত্তে স্থিত হয়, এবং উপেক্ষা বেদনা;— পঞ্চান্ন-প্রকার চিত্তে স্থিত হইয়া থাকে।

---

## চিত্ত হেতু সংগ্রহের সংযোগ।

## পালি।

হেতু সঙ্গহে হেতু নাম, লোভো, দোসো, মোহো, অলোভো, অদোসো, অমোহোচাতি, ছব্বিধানি ভবন্তি।

## সান্বয়ার্থ।

(হেতু সঙ্গহে হেতু নাম) হেতু নামক সংগ্রহের হেতু বর্ণনা করিতেছে। (লোভো) লোভ হেতু, (দোসো) দোষ হেতু, (মোহো) মোহ হেতু, (অলোভো) অলোভ হেতু, (অদোসো) অদোষ হেতু, (অমোহো চ) ও

অমোহ হেতু, ( ইতি ) এই ( ছব্বিধানি ) ছয়প্রকার হেতু সংগ্রহ ( ভবন্তি ) হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

হেতু নামক সংগ্রহের হেতু বর্ণনা করিতেছে। লোভ হেতু, দোষ হেতু, মোহ হেতু, অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু, এই ছয়প্রকার হেতু সংগ্রহ হয়।

## পালি।

তত্থ পঞ্চদ্বারাবজ্জন দ্বিপঞ্চ বিঞ্ঞাণ সম্পটিচ্ছন সন্তীরণ বোট্ঠব্বন হসন বসেন অঠারস অহেতুক চিত্তানি নাম। সেসানি সব্বানিপি একসত্ত চিত্তানি সহেতুকানেব। তত্থপি দ্বে মোহমূহ চিত্তানি একহেতুকানি। সেসানি দস অকুসল চিত্তানি চেবঞ্ঞাণ বিপ্পয়ুত্তানি দ্বাদস কামাবচর সোভণানি-চেতি দ্বাবীসতি দ্বিহেতুক চিত্তানি। দ্বাদসঞ্ঞাণ সম্পয়ুত্ত কামাবচর সোভণানিচেব পঞ্চতিংস মহগ্গত লোকুত্তর চিত্তানিচেতি সত্ত চত্তালীসতি হেতুক চিত্তানীতি।

## সান্বয়ার্থ।

( তত্থ ) সেই ছয়প্রকার হেতু সংযোগ নাই চিত্ত বর্ণনা করিতেছে। ( পঞ্চদ্বারাবজ্জন ) একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, ( দ্বিপঞ্চবিঞ্ঞাণ ) দশপ্রকার বিজ্ঞান [ দুইপ্রকার চক্ষু বিজ্ঞান, দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান, দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান ও দুইপ্রকার কায় বিজ্ঞান, এই দশপ্রকার বিজ্ঞান ], ( সম্পটিচ্ছন ) দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, ( সন্তী-রণ ) তিনপ্রকার স্থির চিত্ত, ( বোট্ঠব্বন ) একপ্রকার সংলক্ষ চিত্ত বা মনোদ্বার অবর্জন চিত্ত, এবং ( হসন বসেন ) একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত বশ দ্বারা ( অঠারস অহেতুক চিত্তানি নাম ) আঠারপ্রকার অহেতুক নামক চিত্তে কোন প্রকার হেতু সংযোগ হয় না। ( সেসানি সব্বানিপি একসত্ততি

চিত্তানি ) শেষ অবশিষ্ট সমস্ত একাত্তরপ্রকার চিত্তের ( সহেতুকানেব ) সহিত হেতু উৎপত্তি হয়। ( তথপি ) সেই সহেতুক একাত্তরপ্রকার চিত্তের মধ্যে ( দ্বেমোহমূহ চিত্তানি একহেতুকানি ) দুইপ্রকার মোহ মোহিত চিত্ত * ;— একপ্রকার মোহ হেতু অনুভব করে। ( সেসানি দস অকুসল চিত্তানিচেব ) অকুশল চিত্তের শেষ অবশিষ্ট দশপ্রকার অকুশল চিত্ত † ;— লোভ হেতু ও দোষ হেতুঅনুভব করিয়া থাকে, ( ঞ্‌ঞাণ বিপ্পযুত্তানি দ্বাদস কামাবচর সোভোণানিচ ) এবং দ্বাদশপ্রকার শোভন কামাবচর বিপ্রযুক্ত চিত্ত ‡ ;— অলোভ হেতু ও অদোষ হেতু অনুভব করে, ( ইতি দ্বাবীসতি দ্বিহেতুক চিত্তানি ) এই বাইশ-প্রকার চিত্ত ;— দুইপ্রকার হেতু অনুভব করিয়া থাকে। ( দ্বাদসঞ্‌ঞাণ সম্পযুত্ত কামাবচর সোভণানিচেব ) দ্বাদশপ্রকার শোভন কামাবচর জ্ঞান

---

* যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনা বিচিকিৎসা চিত্তের সহিত মোহ হেতু সংযোগ করিয়া সন্দেহ ভাব প্রাপ্তি হয়।

যে কোন ব্যক্তি উপেক্ষা বেদনা ঔদ্ধত্য চিত্তের সহিত মোহ হেতু সংযোগ করতঃ কোন কর্ম্মের স্থির থাকে না।

† যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত বা মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তের সহিত লোভ হেতু ও দোষ হেতু সংযোগ করিয়া চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিতেছে।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা দৌর্ম্মনস্য বেদনা প্রতিঘ সম্প্রযুক্ত চিত্তের সহিত লোভ হেতু ও দোষ হেতু সংযোগ করতঃ চুরি ও লম্পটতা প্রভৃতি কর্ম্ম করিয়া থাকে।

‡ যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু ও অদোষ হেতু সংযোগ করিয়া অল্পক্ষণের জন্য কুশল কর্ম্ম করে।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু ও অদোষ হেতু সংযোগ করতঃ মনুষ্য ভূমি বা দেব ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা ক্রিয়া জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু ও অদোষ হেতু সংযোগ করিয়া কোন প্রকার ফল ভোগের কারণ কর্ম্ম করে না।

সম্প্রযুক্ত চিত্ত * এবং (পঞ্চত্তিংস মহগ্‌গত লোকুত্তর চিত্তানি চ) পঁয়ত্রিশ প্রকার মহৎগত চিত্ত ও লোকোত্তর চিত্ত [পনরপ্রকার রূপাবচর চিত্ত, দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্ত ও আটপ্রকার লোকোত্তর চিত্ত, এই পঁয়ত্রিশ-প্রকার মহৎগত ও লোকোত্তর চিত্ত † ] (ইতি সত্তালীস চিত্তানি) এই

---

* যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করতঃ কুশল কর্ম্ম করিয়া থাকে।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করিয়া মনুষ্য ভূমি বা দেব ভূমিতে প্রতিসন্ধি হয়।

যে কোন ব্যক্তি অসংস্কার বা সসংস্কার দ্বারা সৌমনস্য বেদনা বা উপেক্ষা বেদনা ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করতঃ কোন প্রকার ফল ভোগের কারণ কর্ম্ম করে না।

† যে যোগীরা রূপাবচর কুশল ধ্যানের বিতর্ক চিত্ত, বিচার চিত্ত, প্রীতি চিত্ত, সুখ চিত্ত ও একাগ্রতা চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করিয়া কুশল কর্ম্মের ভাব উৎপত্তি করে।

যে যোগীরা রূপাবচর বিপাক ধ্যানের বিতর্ক চিত্ত, বিচার চিত্ত, প্রীতি চিত্ত, সুখ চিত্ত ও একাগ্রতা চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করিয়া রূপ ব্রহ্মলোকে প্রতিসন্ধি হয়।

যে কোন যোগীরা রূপাবচর ক্রিয়া ধ্যানের বিতর্ক চিত্ত, বিচার চিত্ত, প্রীতি চিত্ত, সুখ চিত্ত ও একাগ্রতা চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করতঃ কোন প্রকার ফল ভোগের কারণ ধ্যান করে না।

যে কোন যোগীরা অরূপাবচর কুশল ধ্যানের আকাশানন্ত্যায়তন চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, আকিঞ্চ ন্যায়তন চিত্ত ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়ত চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করিয়া কুশল ধ্যান উৎপত্তি করে।

যে কোন যোগীরা অরূপাবচর বিপাক ধ্যানের আকাশানন্ত্যায়তন চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, আকিঞ্চ ন্যায়তন চিত্ত ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করতঃ অরূপাবচর ব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি হয়।

সাতচল্লিশপ্রকার চিত্ত;— (তিহেতুক চিত্তানি) তিনপ্রকার হেতুক চিত্তের [অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু, এই তিনপ্রকার হেতুক চিত্তের] ভাব অনুভব করিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই ছয়প্রকার হেতু সংযোগ নাই চিত্ত বর্ণনা করিতেছে। একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত, দশপ্রকার বিজ্ঞান. দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, এবং একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত বশ দ্বারা আঠারপ্রকার অহেতুক নামক চিত্তে কোন প্রকার হেতু সংযোগ হয় না। শেষ অবশিষ্ট সমস্ত একাত্তরপ্রকার চিত্তের সহিত হেতু উৎপত্তি হয়। সেই সহেতুক একাত্তরপ্রকার চিত্তের মধ্যে দুইপ্রকার মোহমোহিত চিত্ত;— একপ্রকার মোহ হেতু অনুভব করে। অকুশল চিত্তের শেষ অবশিষ্ট দশ-প্রকার অকুশল চিত্ত;— লোভ হেতু ও দোষ হেতু অনুভব করিয়া থাকে, এবং দ্বাদশপ্রকার শোভন কামাবচর জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত;—অলোভ হেতু ও অদোষ হেতু অনুভব করে, এই বাইশপ্রকার চিত্ত;— দুইপ্রকার হেতু অনুভব করিয়া থাকে। দ্বাদশপ্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত এবং পঁয়ত্রিশপ্রকার মহৎগত চিত্ত ও লোকোত্তর চিত্ত, এই সাতচল্লিশপ্রকার চিত্ত;— তিনপ্রকার হেতুক চিত্তের ভাব অনুভব করিয়া থাকে।

---

যে কোন যোগীরা অরূপাবচর ক্রিয়া ধ্যানের আকাশানন্ত্যায়তন চিত্ত, বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, আকিঞ্চ ন্যায়তন চিত্ত ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্তের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করিয়া কোন প্রকার ফল ভোগের কারণ ধ্যান করে না।

যে কোন পুদ্গল স্রোতাপত্তি মার্গ চিত্ত, স্রোতাপত্তি ফল চিত্ত, সকৃদাগামী মার্গ চিত্ত, সকৃদাগামী ফল চিত্ত, অনাগামী মার্গ চিত্ত, অনাগামী ফল চিত্ত, অর্হৎ মার্গ চিত্ত ও অর্হৎ ফল চিত্ত, অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু সংযোগ করতঃ লোকোত্তর চিত্তের ভাব উৎপত্তি করিয়া থাকে। যথা— যে কোন পুদ্গল অষ্ট মার্গের ভাবের সহিত অনিত্য, দুঃখ ও অনাত্ম। [অনাত্মা বা আমি নাই] ভাব উৎপত্তি করে, সে ভাবের সহিত অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতুর ভাব উৎপত্তি করিয়া থাকে। ইহাকে স্রোতাপত্তি মার্গ চিত্ত বলে।

## পালি।

লোভো দোসোচ মোহোচ, হেতু অকুসলাতয়ো,
অলোভা দোসা মোহোচ, কুসলা ব্যাকতা তথা।
অহেতুকাঠারসেক, হেতুকা দ্বেদ্বাবীসতি,
দ্বিহেতুকামতা সত্ত, চত্তালীসতি হেতুকা।

## সান্বয়ার্থ।

( তথা ) সেই ( লোভো দোসো মোহোচ ) একপ্রকার লোভ হেতু, একপ্রকার দোষ হেতু ও একপ্রকার মোহ হেতু, ( হেতু অকুসলাতয়ো ) এই তিনপ্রকার অকুশল হেতু। ( অলোভো অদোসো অমোহোচ ) একপ্রকার অলোভ হেতু, একপ্রকার অদোষ হেতু ও একপ্রকার অমোহ হেতু, ( কুসলা ব্যাকতা ) এই তিনপ্রকায় অব্যাক্বত [ অব্যাক্বত বা অসীম ] কুশল হেতু। ( অহেকুকাঠারস ) আঠারপ্রকার অহেতুক চিত্ত ;— ( মতা ) জানিও কোন প্রকার হেতু সংযোগ করে না। ( একহেতুকাদ্বেমতা ) দুইপ্রকার চিত্ত ;— একপ্রকার হেতু জানিতে পারে। ( দ্বাবীসতি দ্বিহেতুকা ) বাইশপ্রকার চিত্ত ;— দুইপ্রকার হেতু জানিয়া থাকে, এবং ( সত্ত চত্তলীস তিহেতুকা ) সাতচল্লিশপ্রকার চিত্ত ;— তিনপ্রকার হেতু জানিতে পারে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই একপ্রকার লোভ হেতু, একপ্রকার দোষ হেতু ও একপ্রকার মোহ হেতু, এই তিনপ্রকার অকুশল হেতু। একপ্রকার অলোভ হেতু, একপ্রকার অদোষ হেতু ও একপ্রকার অমোহ হেতু, এই তিনপ্রকার অব্যাক্বত কুশল হেতু। আঠারপ্রকার অহেতুক চিত্ত ;— জানিও কোন প্রকার হেতু সংযোগ করে না। দুইপ্রকার চিত্ত ;— একপ্রকার হেতু জানিতে পারে। বাইশপ্রকার চিত্ত ;— দুইপ্রকার হেতু জানিয়া থাকে, এবং সাতচল্লিশপ্রকার চিত্ত ;— তিনপ্রকার হেতু জানিতে পারে।

---

## ০
## কর্ম্ম সংগ্রহ।

### পালি।

কিচ্চ সঙ্গহে কিচ্চানি নাম, পটিসন্ধি ভবঙ্গাবজ্জন দস্সন সবন ঘায়ন সায়ন ফুসন সম্পটিচ্ছন সন্তীরণ বোট্ঠব্বন জবন তদারম্মণ চুতি বসেন চুদ্দস বিধানি ভবন্তি।

### সান্বয়ার্থ।

( পটিসন্ধি ) একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম,* ( ভবঙ্গ ) একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম,† ( অবজ্জন ) একপ্রকার অবর্জন কর্ম্ম, ‡ ( দস্সন ) একপ্রকার দর্শন কর্ম্ম, § ( সবন ) একপ্রকার শ্রবণ কর্ম্ম, ¶ ( ঘায়ন ) একপ্রকার ঘ্রাণ

---

* উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত ;— অতীত ভব হইতে বর্ত্তমান ভব সংযোগ করে, তাহাকে প্রতিসন্ধি নামক কর্ম্ম বলে, সেই প্রতিসন্ধি কর্ম্ম হইতে প্রতিসন্ধি চিত্ত উৎপত্তি হইয়া থাকে, তৎপর প্রতিসন্ধি চিত্ত [ দুইপ্রকার স্থির চিত্ত, আটপ্রকার মহাবিপাক চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর বিপাক চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত, এই উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত ] হইতে প্রতিসন্ধি নামক স্থান উৎপত্তি হয়।

† উনিশপ্রকার ভবাঙ্গ চিত্ত বা প্রতিসন্ধি চিত্ত ;— অবিচ্ছেদ প্রবৃত্তি হেতুর ভাব দ্বারা ভবের অঙ্গ ভাব উৎপত্তি হয়, তাহাকে ভবাঙ্গ নামক কর্ম্ম কহে, সে ভবাঙ্গ কর্ম্ম হইতে ভবাঙ্গ চিত্ত উৎপত্তি হয়, তৎপর ভবাঙ্গ চিত্ত [ সেই উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত বা ভবাঙ্গ চিত্ত ] হইতে ভবাঙ্গ নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

‡ দুইপ্রকার অবর্জন চিত্ত ;— যেই কোন প্রকার অবলম্বন বিবেচনা করে, তাহাকে অবর্জন নামক কর্ম্ম কথিত হয়, সে অবর্জন কর্ম্ম হইতে অবর্জন চিত্ত উৎপত্তি হয়, তৎপর অবর্জন চিত্ত [ একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত ও একপ্রকার মনোদ্বারাবর্জন চিত্ত, এই অবর্জন চিত্ত ] হইতে অবর্জন নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

§ চক্ষু বিজ্ঞান ;— উপেক্ষার সহিত গমন করিয়া অকুশল রূপ বা কুশল রূপ অবলম্বন করতঃ দর্শন করে, তাহাকে দর্শন নামক কর্ম্ম কহে, সে দর্শন কর্ম্ম হইতে চক্ষু বিজ্ঞান উৎপত্তি হয়, তৎপর চক্ষু বিজ্ঞান হইতে পঞ্চ বিজ্ঞান নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

¶ শ্রবণ বিজ্ঞান ;— উপেক্ষার সহিত গমন করিয়া অকুশল শব্দ বা কুশল শব্দ অবলম্বন করতঃ শ্রবণ করে, তাহাকে শ্রবণ নামক কর্ম্ম বলিয়া থাকে, সে শ্রবণ কর্ম্ম হইতে শ্রবণ বিজ্ঞান উৎপত্তি হয়, তৎপর শ্রবণ বিজ্ঞান হইতে পঞ্চ বিজ্ঞান নামক স্থান উৎপত্তি হইতেছে।

কর্ম্ম, * (সায়ন) এক প্রকার স্বাদ কর্ম্ম, † (ফুসন) এক প্রকার স্পর্শ কর্ম্ম,‡ (সম্পটিচ্ছন) একপ্রকার সম্প্রতীষ কর্ম্ম, § (সন্তীরণ) একপ্রকার স্থির কর্ম্ম, ¶ (বোট্‌ঠব্বন) সংলক্ষ কর্ম্ম বা মনোদ্বার কর্ম্ম, || (জবন) একপ্রকার জবন কর্ম্ম, ‖ (তদারম্মণ) একপ্রকার তদাবলম্বন কর্ম্ম, ** এবং (চুতি)

* ঘ্রাণ বিজ্ঞান;— উপেক্ষার সহিত গমন করতঃ অকুশল গন্ধ বা কুশল গন্ধ আঘ্রাণ করে, ইহাকে ঘ্রাণ নামক কর্ম্ম বলে, সে ঘ্রাণ কর্ম্ম হইতে ঘ্রাণ বিজ্ঞান উৎপত্তি হয়, তাহার পর ঘ্রাণ বিজ্ঞান হইতে পঞ্চ বিজ্ঞান নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

† জিহ্বা বিজ্ঞান;— উপেক্ষার সহিত গমন করিয়া অকুশল রসাস্বাদ বা কুশল রসাস্বাদ অবলম্বন করতঃ অনুভব করে, তাহাকে স্বাদ নামক কর্ম্ম কহে, সে স্বাদ কর্ম্ম হইতে জিহ্বা বিজ্ঞান উৎপত্তি হয়, ইহার পর জিহ্বা বিজ্ঞান হইতে পঞ্চ বিজ্ঞান নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

‡ কায় বিজ্ঞান;— দুঃখ বা সুখের সহিত গমন করতঃ অকুশল স্পর্শ বা কুশল স্পর্শ অবলম্বন করিয়া স্পর্শ অনুভব করে, তাহাকে স্পর্শ নামক কর্ম্ম বলিয়া থাকে, সে স্পর্শ কর্ম্ম হইতে কায় বিজ্ঞান উৎপত্তি হয়, তৎপর কায় বিজ্ঞান হইতে পঞ্চ বিজ্ঞান নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

§ সম্প্রতীষ চিত্ত;— উপেক্ষার সহিত গমন করিয়া দশপ্রকার বিজ্ঞান অবলম্বন ভাব গ্রহণ করে, ইহাকে সম্প্রতীষ নামক কর্ম্ম বলিয়া থাকে, সে সম্প্রতীষ কর্ম্ম হইতে সম্প্রতীষ চিত্ত উৎপত্তি হয়, ইহার পর সম্প্রতীষ চিত্ত হইতে সম্প্রতীষ নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

¶ স্থির চিত্ত;— উপেক্ষার সহিত গমন করতঃ দশপ্রকার বিজ্ঞান অবলম্বন ভাব স্থির করে, তাহাকে স্থির নামক কর্ম্ম কথিত হয়, সে স্থির কর্ম্ম হইতে স্থির চিত্ত উৎপত্তি হইয়া থাকে, তৎপর স্থির চিত্ত হইতে স্থির নামক স্থান উৎপত্তি হয়।

|| সংলক্ষ চিত্ত বা মনোদ্বারাবর্জন চিত্ত;— উপেক্ষার সহিত গমন করিয়া দশপ্রকার বিজ্ঞান অবলম্বন ভাব সংলক্ষ বা চিহ্নিত করে, ইহাকে সংলক্ষ নামক কর্ম্ম বলিয়া থাকে, সেই সংলক্ষ কর্ম্ম হইতে মনোদ্বার অবর্জন চিত্ত উৎপতি হয়, তৎপর মনোদ্বার অবর্জন চিত্ত হইতে সংলক্ষ স্থান উৎপত্তি হইয়া থাকে।

‖ পঞ্চান্নপ্রকার জবন চিত্ত;— দশপ্রকার বিজ্ঞানের রূপ অবলম্বন, শব্দাবলম্বন, গন্ধাবলম্বন, রসাবলম্বন, স্পর্শাবলম্বন ও ধর্ম্মাবলম্বন গ্রহণ, স্থির, সংলক্ষ ও জবন বা দ্রুতগামী ভাব জানিয়া থাকে, তাহাকে জবন নামক কর্ম্ম বলে, সেই জবন কর্ম্ম হইতে পঞ্চান্নপ্রকার জবন চিত্ত উৎপত্তি হয়, ইহার পর পঞ্চান্নপ্রকার জবন চিত্ত হইতে জবন নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

** একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত;— দশপ্রকার বিজ্ঞানের ছয়প্রকার অবলম্বন, গ্রহণ, স্থির, সংলক্ষ ও জবন ভাব অবলম্বন করে, তাহাকে তদাবলম্বন নামক

একপ্রকার চ্যুতি কর্ম্ম * ( বসেন )•বশ দ্বারা ( চতুদ্দস বিধানি কিচ্চ সঙ্গহে কিচ্চানি নাম ভবন্তি ) এই চৌদ্দপ্রকার কর্ম্ম নামক কর্ম্ম সংগ্রহ হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম, একপ্রকার অবর্জন কর্ম্ম, একপ্রকার দর্শন কর্ম্ম, একপ্রকার শ্রবণ কর্ম্ম, একপ্রকার ঘ্রাণ কর্ম্ম, একপ্রকার স্বাদ কর্ম্ম, একপ্রকার স্পর্শ কর্ম্ম, একপ্রকার সম্প্রতীষ কর্ম্ম, একপ্রকার স্থির কর্ম্ম, একপ্রকার সংলক্ষ কর্ম্ম, একপ্রকার জবন কর্ম্ম, একপ্রকার তদাবলম্বন কর্ম্ম, এবং চ্যুতি কর্ম্ম বশ দ্বারা এই চৌদ্দপ্রকার কর্ম্ম নামক কর্ম্ম সংগ্রহ হয়।

---

## স্থান।

## পালি।

পটিসন্ধি ভবঙ্গাবজ্জন পঞ্চবিঞ্ঞাণ ট্ঠানাদি বসেন পন-তেসং দসধাট্ঠান ভেদো বেদিতব্বো।

## সান্বয়ার্থ।

( পন তেসং ) সেই কর্ম্মের স্থান পুনর্ব্বার বর্ণনা করিতেছে। ( পটি-সন্ধি ট্ঠান ) একপ্রকার প্রতিসন্ধি স্থান, ( ভবাঙ্গ ট্ঠান ) একপ্রকার ভবাঙ্গ স্থান, ( অবজ্জন ট্ঠান ) একপ্রকার অবর্জন স্থান, ( পঞ্চবিঞ্ঞাণ ট্ঠান ) পাঁচপ্রকার বিজ্ঞান স্থান, ( সম্পটিচ্ছন ট্ঠান ) একপ্রকার সম্প্রতীষ স্থান, ( সন্তীরণ ট্ঠান ) একপ্রকার স্থির স্থান, ( বোট্ঠব্বন ট্ঠান ) একপ্রকার সংলক্ষ স্থান, ( জবন ট্ঠান ) একপ্রকার জবন স্থান, ( তদারম্মণ ট্ঠান )

---

কর্ম্ম কহে, সেই তদাবলম্বন কর্ম্ম হইতে একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয়; তৎপর একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত হইতে তদাবলম্বন নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

* উনিশপ্রকার চ্যুতি চিত্ত বা উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত;— অনুভব ভব হইতে চ্যুত হয়, তাহাকে চ্যুত নামক কর্ম্ম কহে, সেই চ্যুত কর্ম্ম হইতে উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত উৎপত্তি হয়, তৎপর উনিশপ্রকার প্রতিসন্ধি চিত্ত হইতে চ্যুতি নামক স্থান উৎপত্তি হইয়া থাকে।

১৭

একপ্রকার তদাবলম্বন স্থান এবং (চুতি ট্ঠানাদি বসেন) একপ্রকার চ্যুতি স্থানাদি বশ দ্বারা (দসধা ট্ঠান ভেদো বেদিতব্বো) এই দশপ্রকার স্থান প্রভেদ জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই কর্ম্মস্থান পুনর্ব্বার বর্ণনা করিতেছে। একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ স্থান, একপ্রকার অবর্জন স্থান, পাঁচপ্রকার বিজ্ঞান স্থান, একপ্রকার সম্প্রতীষ স্থান, একপ্রকার স্থির স্থান, একপ্রকার সংলক্ষ স্থান, একপ্রকার জবন স্থান, একপ্রকার তদাবলম্বন স্থান এবং একপ্রকার চ্যুতি স্থানাদি বশ দ্বারা এই দশপ্রকার স্থান প্রভেদ জানিও।

## পালি।

**তত্থদ্বে উপেক্খা সহগত সন্তীরণানিচেব অট্ঠ মহা-বিপাকানিচ নব রূপারূপবিপাকানিচেতি একূনবীসতি চিত্তানি, পটিসন্ধি ভবাঙ্গ চুতি কিচ্চানি নাম।**

## সান্বয়ার্থ।

(তত্থ) সেই কর্ম্ম ও স্থানের সংযোগ চিত্তের মধ্যে (দ্বেউপেক্খা সহগত সন্তীরণানিচেব) দুইপ্রকার স্থির চিত্তের সহিত উপেক্ষা গমন করে *; (অট্ঠ মহাবিপাকানিচ) আটপ্রকার মহাবিপাক চিত্ত † এবং (নব রূপা-রূপবিপাকানিচ) নয়প্রকার রূপাবচর বিপাক চিত্ত ও অরূপাবচর বিপাক

---

* যে কোন ব্যক্তি অকুশল চিত্তের কর্ম্ম দ্বারা অহেতুক অকুশল বিপাক স্থির চিত্ত;—উপেক্ষার সহিত অপায় ভূমিতে প্রতিসন্ধি কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ কর্ম্ম ও স্থান, এবং চ্যুতি কর্ম্ম ও স্থান সম্পন্ন করিয়া থাকে।

যে কোন ব্যক্তি কুশল চিত্তের কর্ম্ম দ্বারা অহেতুক কুশল বিপাক স্থির চিত্ত;—উপেক্ষার সহিত মনুষ্য ভূমিতে প্রতিসন্ধি কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ কর্ম্ম ও স্থান, এবং চ্যুতি কর্ম্ম ও স্থান সম্পন্ন করিয়া থাকে।

† যে কোন ব্যক্তি মহাকুশল চিত্তের কর্ম্ম দ্বারা শোভন কামাবচর বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত বা বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত;— সৌমনস্য বা উপেক্ষার সহিত মনুষ্য ভূমি বা দেব ভূমিতে প্রতিসন্ধি কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ কর্ম্ম ও স্থান এবং চ্যুতি কর্ম্ম ও স্থান সম্পন্ন করিয়া থাকে।

চিত্ত ‡ ( ইতি ) এই ( একূনবীসতি চিত্তানি ) ঊনিশপ্রকার চিত্ত ;—( পটিসন্ধি ভবাঙ্গ চুতি কিচ্চানি নাম ) প্রতিসন্ধি নামক কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ নামক কর্ম্ম ও স্থান এবং চ্যুতি নামক কর্ম্ম ও স্থান।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই কর্ম্ম ও স্থানের সংযোগ চিত্তের মধ্যে দুইপ্রকার স্থির চিত্তের সহিত উপেক্ষা গমন করে, আটপ্রকার মহাবিপাক চিত্ত, এবং নয়প্রকার রূপাবচর বিপাক চিত্ত ও অরূপাবচর বিপাক চিত্ত. এই ঊনিশপ্রকার চিত্ত ;—প্রতিসন্ধি নামক কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ নামক কর্ম্ম ও স্থান, এবং চ্যুতি নামক কর্ম্ম ও স্থান।

## পালি।

আবজ্জন কিচ্চানি পন দ্বেতথা দস্‌সন সবন ঘায়ন সায়ন ফুসন সম্পটিচ্ছন কিচ্চানিচ। তিণি সন্তীরণ কিচ্চানি। মনোদ্বারাবজ্জন মেব। পঞ্চদ্বারে বোট্‌ঠব্বন কিচ্চ সাধেতি। আবজ্জন দ্বয় বজ্জিতানি। কুসলাকুসল ফলক্রিয়া চিত্তানি পঞ্চপঞ্ঞাস জবন কিচ্চানি। অট্‌ঠ মহাবিপাকানিচেব সন্তীরণ ত্তয়ঞ্চেতি একাদস তদারম্মণ কিচ্চানি। তেসু পনদ্বে উপেক্‌খা সহগত সন্তীরণ চিত্তানি। পটিসন্ধি ভবাঙ্গ চুতি তদারম্মণ সন্তীরণ বসেন পঞ্চ কিচ্চানি নাম। মহাবিপাকানি অট্‌ঠ পটিসন্ধি ভবাঙ্গ চুতি তদালম্বণ বসেন চতু কিচ্চানি নাম। মহগ্‌গত বিপাকানি নব পটিসন্ধি ভবাঙ্গ চুতি বসেন তিকিচ্চানি নাম। সোমনস্‌স সন্তীরণ তদারম্মণ বসেন

‡ যে কোন যোগীরা রূপাবচর কুশল চিত্তের কর্ম্ম দ্বারা রূপাবচর বিপাক চিত্ত ;—রূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ কর্ম্ম ও স্থান এবং চ্যুতি কর্ম্ম ও স্থান সম্পন্ন করিয়া থাকেন।

যে কোন যোগীরা অরূপাবচর কুশল চিত্তের কর্ম্ম দ্বারা অরূপাবচর বিপাক চিত্ত ;—অরূপব্রহ্ম ভূমিতে প্রতিসন্ধি কর্ম্ম ও স্থান, ভবাঙ্গ কর্ম্ম ও স্থান, এবং চ্যুতি কর্ম্ম ও স্থান সম্পন্ন করিয়া থাকেন।

হুকিচ্চং। তথা বোট্ঠব্বনং, বোট্ঠব্বনাবজ্জন বসেন। সেসানি পন সব্বানিপি জবন মনোধাতুত্তিক দ্বিপঞ্চ বিঞ্ঞাণানি যথা সম্ভবমেক কিচ্চানিতি।

## সান্বয়ার্থ।

(পনতথা) পুনর্ব্বার সেই কর্ম্মের চিত্ত বর্ণনা করিতেছে। পঞ্চদ্বারাবর্জন চিত্ত ও মনোদ্বারাবর্জন চিত্ত;— (আবজ্জন কিচ্চানি) উপেক্ষার সহিত অবর্জন কর্ম্ম ও অবর্জন স্থান সম্পন্ন করে। চক্ষু বিজ্ঞান;— (দ্বেদস্সন কিচ্চ) উপেক্ষার সহিত দুইপ্রকার দর্শনের কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান [একপ্রকার অকুশল রূপ ও একপ্রকার কুশল রূপ, এই দুইপ্রকার দর্শনের কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান] সম্পন্ন করিতেছে। শ্রবণ বিজ্ঞান;— (সবন কিচ্চ) উপেক্ষার সহিত দুইপ্রকার শব্দ শ্রবণের কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান [একপ্রকার অকুশল শব্দ ও একপ্রকার কুশল শব্দ শ্রবণের কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান] সম্পন্ন করিয়া থাকে। ঘ্রাণ বিজ্ঞান;— (ঘায়ন কিচ্চ) উপেক্ষার সহিত দুইপ্রকার গন্ধ আঘ্রাণের [একপ্রকার অকুশল গন্ধ ও একপ্রকার কুশল গন্ধ আঘ্রাণ, এই দুইপ্রকার গন্ধ আঘ্রাণের] কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান সম্পন্ন করে। জিহ্বা বিজ্ঞান;—(সায়ন কিচ্চ) উপেক্ষার সহিত দুইপ্রকার রসাস্বাদের [একপ্রকার অকুশল রসাস্বাদ ও একপ্রকার কুশল রসাস্বাদ, এই দুইপ্রকার রসাস্বাদের] কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান সম্পন্ন করিতেছে। কায় বিজ্ঞান;— উপেক্ষার সহিত (ফুসন কিচ্চ) দুইপ্রকার স্পর্শের [একপ্রকার দুঃখ স্পর্শ ও একপ্রকার সুখ স্পর্শ, এই দুইপ্রকার স্পর্শের] কর্ম্ম ও একপ্রকার পঞ্চবিজ্ঞানের স্থান সম্পন্ন করিয়া থাকে। সম্প্রতীষ চিত্ত;—(সম্পটিচ্ছন কিচ্চানিচ) উপেক্ষার সহিত দুইপ্রকার সম্প্রতীষের [একপ্রকার অকুশল গ্রহণ ও একপ্রকার কুশল গ্রহণ, এই দুইপ্রকার সম্প্রতীষের] কর্ম্ম ও একপ্রকার সম্প্রতীষ স্থান সম্পন্ন করে। স্থির চিত্ত;—(তিণি সন্তীরণ কিচ্চানি) তিনপ্রকার স্থিরের কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান [একপ্রকার অকুশল স্থির, একপ্রকার কুশল স্থির ও একপ্রকার মহাকুশল স্থির, এই তিনপ্রকার স্থিরের কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান] সম্পন্ন করিয়া থাকে। (মনোদ্বারাবজ্জনমেব) এবং মনোদ্বারাবর্জন চিত্ত;— (পঞ্চদ্বারে বোট্ঠব্বন কিচ্চ সাধেতি) উপেক্ষার সহিত পঞ্চদ্বারের সংলক্ষ

কর্ম্ম ও স্থান সম্পন্ন করিতেছে।

( আবজ্জন দ্বয় বজ্জিতানি ) দুইপ্রকার অবর্জন চিত্ত বর্জ্জিত করিয়া ( কুসল চিত্ত ) আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, ( অকুসল চিত্ত ) দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, ( ক্রিয়া চিত্ত ) আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত, এবং এক প্রকার হাস্যুৎপত্তি চিত্ত, এই উনত্রিশপ্রকার কামাবচর কর্ম্ম জবন নামক চিত্ত অর্থাৎ কাম ভূমির কর্ম্ম জানিবার চিত্ত বা দ্রুতগামী চিত্ত ; ( কুসল চিত্ত ) পাঁচ প্রকার রূপাবচর কুশল চিত্ত, চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, ( ক্রিয়া চিত্ত ) পাঁচপ্রকার রূপাবচর ক্রিয়া চিত্ত, এবং চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, এই আঠারপ্রকার মহৎগত কর্ম্ম জবন নামক চিত্ত অর্থাৎ রূপভূমি ও অরূপভূমির কর্ম্ম জানিবার চিত্ত বা দ্রুতগামী চিত্ত ; ( কুসল ফল চিত্তানি ) চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত এবং চারিপ্রকার লোকোত্তর ফল চিত্ত, এই আটপ্রকার লোকোত্তর কর্ম্ম জবন নামক চিত্ত অর্থাৎ নির্ব্বাণ জানিবার চিত্ত বা দ্রুতগামী চিত্ত. ( পঞ্চপঞ্ঞাস জবন কিচ্চানি ) এই পঞ্চান্নপ্রকার জবন চিত্ত ;— একপ্রকার জবনের কর্ম্ম ও একপ্রকার জবনের স্থান সম্পন্ন করিয়া থাকে।

( অট্‌ঠ মহাবিপাকানিচেব ) আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, ( সন্তীরণ ত্তয়ঞ্চেতি ) তিনপ্রকার স্থির চিত্ত, ও ( একাদস তদারম্মণ কিচ্চানি ) একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত ;— একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান সম্পন্ন করিয়া থাকে।

( তেসুপন ) সেই কর্ম্ম ও স্থানের চিত্ত পুনর্ব্বার বর্ণনা করিতেছে। সেই চিত্তের মধ্যে ( দ্বেউপেক্‌খা সহগত সন্তীরণ চিত্তানি ) দুইপ্রকার স্থির চিত্ত ;— উপেক্ষার সহিত ( পটিসন্ধি ভবাঙ্গ চুতি তদারম্মণ সন্তীরণ বসেন পঞ্চকিচ্চানি নাম ) একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান, একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান, এবং একপ্রকার স্থির কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান বশদ্বারা পাঁচপ্রকার কর্ম্ম ও পাঁচপ্রকার স্থান নামক চিত্ত।

( মহাবিপাকানি অট্‌ঠ ) আটপ্রকার মহাবিপাক চিত্ত বা শোভন কামাবচর বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ;— সৌমনস্য বা উপেক্ষার সহিত ( পটিসন্ধি

ভবঙ্গ চুতি তদালম্বণ বসেন চতু কিচ্চানি নাম ) একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান, এবং একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বণ স্থান বশদ্বারা চারিপ্রকার কর্ম্ম ও চারিপ্রকার স্থান নামক চিত্ত।

( মহগ্গত বিপাকানি ) নয়প্রকার মহৎগত বিপাক চিত্ত [ পাঁচপ্রকার রূপাবচর বিপাক চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত, এই নয়-প্রকার মহৎগত বিপাক চিত্ত ] ;—( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন তিকিচ্চানি ) একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, এবং একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান বশদ্বারা তিনপ্রকার কর্ম্ম ও তিনপ্রকার স্থান নামক চিত্ত।

( সোমনস্স সন্তীরণং ) স্থির চিত্ত ;—সৌমনস্যের সহিত ( সন্তীরণ তদারম্মণ বসেন দুকিচ্চ ) একপ্রকার স্থির কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান এবং একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান বশদ্বারা দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার স্থান নামক চিত্ত।

( তথা বোট্ঠব্বনং ) সেই মনোদ্বারাবর্জন চিত্ত ;— উপেক্ষার সহিত ( বোট্ঠব্বনাবজ্জন বসেন ) একপ্রকার সংলক্ষ কর্ম্ম ও সংলক্ষ স্থান, এবং একপ্রকার অবর্জন কর্ম্ম ও একপ্রকার অবর্জন স্থান বশদ্বারা দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার অবর্জন স্থান নামক চিত্ত।

( পন ) পুনর্ব্বার একপ্রকার কর্ম্ম ও স্থানের চিত্ত বর্ণনা করিতেছে। ( সেসানি সব্বানিপি জবন মনোধাতুত্তিক দ্বিপঞ্চ বিঞ্ঞাণানি ) সমস্ত পঞ্চান্নপ্রকার জবন চিত্তের শেষ অবশিষ্ট তিনপ্রকার মনোধাতু চিত্ত [ দুই-প্রকার সম্প্রতীষ চিত্ত, ও একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত, এই তিনপ্রকার মনোধাতু চিত্ত ], এবং দশপ্রকার বিজ্ঞান, ( ইতি ) এই তেরপ্রকার চিত্ত ;— ( য়থা সম্ভবং ) যথা সম্ভব মতে ( এক কিচ্চানি ) একপ্রকার কর্ম্ম ও এক-প্রকার স্থান সম্পন্ন করিয়া থাকে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার সেই কর্ম্মের চিত্ত বর্ণনা করিতেছে। পঞ্চদ্বারাবর্জন চিত্ত ও মনোদ্বার অবর্জন চিত্ত ;— উপেক্ষার সহিত অবর্জন কর্ম্ম ও অবর্জন স্থান সম্পন্ন কারতেছে। চক্ষু বিজ্ঞান ;— উপেক্ষার সহিত দুইপ্রকার দর্শন

কর্ম্ম ও একপ্রকার স্থান পন্ন করিতেছে। শ্রবণ বিজ্ঞান;— উপেক্ষার সহিত দুইপ্রকার শব্দ শ্র র কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করিয়া থাকে। ঘ্রাণ বিজ্ঞান;—উ কার সহিত দুইপ্রকার গন্ধ আঘ্রাণের কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করে জিহ্বা বিজ্ঞান;—উপেক্ষার সহিত দুইপ্রকার রসাস্বাদের কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করিয়া থাকে। কায় বিজ্ঞান;— উপেক্ষার সহিত দুইপ্রকার স্পর্শ কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করিতেছে। সম্প্রতীষ চিত্ত;— উপেক্ষার সহিত দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত;— উপেক্ষার সহিত দুইপ্রকার সম্প্রতীষ কর্ম্ম ও একপ্রকার সম্প্রতীষ স্থান সম্পন্ন করিয়া থাকে। স্থির চিত্ত;— উপেক্ষার সহিত তিনপ্রকার স্থিরের কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করে, এবং মনোদ্বার অবর্জন চিত্ত;— উপেক্ষার সহিত পঞ্চদ্বারের সংলক্ষ কর্ম্ম ও সংলক্ষ স্থান সম্পন্ন করিতেছে। দুইপ্রকার অবর্জন চিত্ত বর্জ্জিত করিয়া আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, দ্বাদশপ্রকার অকুশল চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত এবং একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত, এই উনত্রিশপ্রকার কামাবচর কর্ম্ম জবন নামক চিত্ত। পাঁচপ্রকার রূপাবচর কুশল চিত্ত, চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর ক্রিয়া চিত্ত এবং চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, এই আঠারপ্রকার মহৎগত কর্ম্ম জবন নামক চিত্ত, চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত ও চারিপ্রকার লোকোত্তর ফল চিত্ত, এই আটপ্রকার লোকোত্তর কর্ম্ম জবন নামক চিত্ত, এই পঞ্চান্নপ্রকার চিত্ত;— একপ্রকার জবনের কর্ম্ম ও একপ্রকার জবনের স্থান সম্পন্ন করিয়া থাকে।

আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত ও তিনপ্রকার স্থির চিত্ত, এই একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত;— একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবল স্থান সম্পন্ন করিয়া থাকে।

সেই কর্ম্ম ও স্থানের চিত্ত পুনর্ব্বার বর্ণনা করিতেছে। সেই চিত্তের মধ্যে দুইপ্রকার স্থির চিত্ত;— উপেক্ষার সহিত একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান, একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান, এবং একপ্রকার স্থির কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান বশদ্বারা পাঁচপ্রকার কর্ম্ম ও পাঁচপ্রকার স্থান নামক চিত্ত।

আটপ্রকার মহাবিপাক সম্প্রযুক্ত চিত্ত ;— সৌমনস্য বা উপেক্ষার সহিত একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান, এবং একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান বশদ্বারা চারিপ্রকার কর্ম্ম ও চারিপ্রকার স্থান নামক চিত্ত।

নয়প্রকার মহৎগত বিপাক চিত্ত ;— একপ্রকার প্রতিসন্ধি কর্ম্ম ও একপ্রকার প্রতিসন্ধি স্থান, একপ্রকার ভবাঙ্গ কর্ম্ম ও একপ্রকার ভবাঙ্গ স্থান, এবং একপ্রকার চ্যুতি কর্ম্ম ও একপ্রকার চ্যুতি স্থান বশদ্বারা তিন-প্রকার কর্ম্ম ও তিনপ্রকার স্থান নামক চিত্ত।

স্থির চিত্ত ;— সৌমনস্যের সহিত একপ্রকার স্থির কর্ম্ম ও একপ্রকার স্থির স্থান, এবং একপ্রকার তদাবলম্বন কর্ম্ম ও একপ্রকার তদাবলম্বন স্থান বশদ্বারা দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার স্থান নামক চিত্ত।

সেই মনোদ্বারাবর্জ্জন চিত্ত ;— উপেক্ষার সহিত একপ্রকার সংলক্ষ কর্ম্ম ও একপ্রকার সংলক্ষ স্থান, এবং একপ্রকার অবর্জ্জন কর্ম্ম ও একপ্রকার অব-র্জ্জন স্থান বশদ্বারা দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার স্থান নামক চিত্ত।

পুনর্ব্বার একপ্রকার কর্ম্ম ও একপ্রকার স্থানের চিত্ত বর্ণনা করিতেছে। সমস্ত পঞ্চান্নপ্রকার জবন চিত্তের শেষ অবশিষ্ট তিনপ্রকার মনোধাতু চিত্ত, এবং দশপ্রকার বিজ্ঞান, এই তেরপ্রকার চিত্ত ;— যথা সম্ভব মতে এক-প্রকার কর্ম্ম ও একপ্রকার স্থান সম্পন্ন করিয়া থাকে।

## পালি।

পটিসন্ধো দয়োনাম, কিচ্চ ভেদেন চুদ্দস,
দসধাট্ঠান ভেদেন, চিত্তুপ্পাদা পকাসিতা।
অট্ঠ সট্ঠিতথাদ্বেচ, নবাট্ঠদ্বে য়থাক্কমং,
একদ্বিতি চতুপঞ্চ, কিচ্চট্ঠানানি নিদ্দিসে।

## সান্বয়ার্থ।

( চিত্তুপ্পাদা কিচ্চ ভেদেন চুদ্দস ) চিত্ত ও চৈতসিক উৎপত্তি প্রভেদ দ্বারা চৌদ্দপ্রকার কর্ম্ম ও ( দসধাট্ঠান ) দশপ্রকার স্থান ( পটিসন্ধো দয়োনাম পকাসিতা ) প্রতিসন্ধি নামে প্রকাশিত হয়। ( অট্ঠ সট্ঠিতথা ) সেই

আটষট্ঠিপ্রকার চিত্ত, ( দ্বেচ নবাট্ঠ দ্বেয় যথাক্কমং ) দুইপ্রকার চিত্ত, নয়প্রকার চিত্ত, আটপ্রকার চিত্ত ও দুইপ্রকার চিত্ত যথাক্রমে ( একদ্বিতি চতুপঞ্চ কিচ্চট্ঠানানি ) একপ্রকার কর্ম্ম ও একপ্রকার স্থান, দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার স্থান, তিনপ্রকার কর্ম্ম ও তিনপ্রকার স্থান, চারিপ্রকার কর্ম্ম ও চারিপ্রকার স্থান এবং পাঁচপ্রকার কর্ম্ম ও পাঁচপ্রকার স্থান ( নিদ্দেসে ) নির্দ্দেশ করিয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

চিত্ত ও চৈতসিক উৎপত্তি প্রভেদ দ্বারা চৌদ্দপ্রকার কর্ম্ম ও দশপ্রকার স্থান প্রতিসন্ধি নামে প্রকাশিত হয়। সেই আটষট্টিপ্রকার চিত্ত, দুইপ্রকার চিত্ত, আটপ্রকার চিত্ত, নয়প্রকার চিত্ত, এবং দুইপ্রকার চিত্ত যথাক্রমে একপ্রকার কর্ম্ম ও একপ্রকার স্থান, দুইপ্রকার কর্ম্ম ও দুইপ্রকার স্থান, তিনপ্রকার কর্ম্ম ও তিনপ্রকার স্থান, চারিপ্রকার কর্ম্ম ও চারিপ্রকার স্থান এবং পাঁচপ্রকার কর্ম্ম ও পাঁচপ্রকার স্থান নির্দ্দেশ করিয়াছে।

---

## দ্বার সংগ্রহ

## পালি।

দ্বার সঙ্গহে দ্বারানি নাম চক্খুদ্বারং, সোতদ্বারং, ঘানদ্বারং, জিহ্বাদ্বারং, কায়দ্বারং, মনোদ্বারঞ্চেতি ছব্বিধানি ভবন্তি। তত্থ চক্খুমেব চক্খুদ্বারং, তথা সোতদয়ো সোতদ্বারাদীনি, মনোদ্বারং পনভবঙ্গন্তি পবুচ্চতি। তত্থ পঞ্চদ্বারাবজ্জন চক্খুবিঞ্ঞাণ সম্পটিচ্ছন সন্তীরণ বোট্ঠব্বন কামাবচর জবন তদালম্বণ বসেন ছচত্তালীস চিত্তানি চক্খাদ্বারে যথারহং উপ্পজ্জন্তি। তথা পঞ্চদ্বারাবজ্জন সোতবিঞ্ঞাণাদী বসেন সোতদ্বারাদী সুপি ছচত্তালীসেব ভবন্তীতি সব্বথাপি পঞ্চদ্বারে চতুপঞ্ঞাস চিত্তানি কামাবচরানেব। মনোদ্বারে পন মনোদ্বারাবজ্জন পঞ্চপঞ্ঞাস জবন তদা-

লম্বণ বসেন সত্ত সট্‌ঠি চিত্তানি ভবন্তি। একূন বীসতি পটি-সন্ধি ভবঙ্গ চুতি বসেন দ্বার বিমুত্তানি। তেসু পন পঞ্চ-বিঞ্ঞাণানিচেব মহগ্‌গত লোকুত্তর জবনানি চেতি ছাত্তিংস যথারহমেক দ্বারিক চিত্তানি নাম। মনোধাতুত্তিকং পন পঞ্চদ্বারিকং। সুখ সন্তীরণ বোট্‌ঠব্বন কামাবচর জবনানি ছদ্বারিকা চিত্তানি। উপেক্‌খা সহগত সন্তীরণ মহাবিপাকানি ছদ্বারিকানিচেব দ্বার বিমুত্তানি চ। মহাগগ্‌ত বিপাকানি দ্বার বিমুত্তানেবাতি।

## সান্বয়ার্থ।

( চক্‌খুদ্বারং ) একপ্রকার চক্ষুদ্বার, ( সোতদ্বারং ) একপ্রকার শ্রবণদ্বার, ( ঘানদ্বারং ) একপ্রকার ঘ্রাণদ্বার, ( জিহ্বাদ্বারং ) একপ্রকার জিহ্বাদ্বার, ( কায়দ্বারং ) একপ্রকার কায়দ্বার ( মনোদ্বারঞ্চ ) এবং একপ্রকার মনোদ্বার, ( ইতি ) এই ( ছব্বিধানি ) ছয়প্রকার ( দ্বারসঙ্গহে দ্বারানি নাম ভবন্তি ) দ্বার নামক দ্বার সংগ্রহ হয়।

( তত্থ ) সেই ( চক্‌খুমেব চক্‌খুদ্বারং ) চক্ষু প্রসাদকে চক্ষুদ্বার নাম বলে, ( তথা সোত দয়ো সোত দ্বারাদীন ) সেই শ্রবণ প্রসাদকে শ্রবণ দ্বারাদি নামে অভিহিত হয়, ঘ্রাণ প্রসাদকে ঘ্রাণদ্বার নাম বলিয়া থাকে, জিহ্বা প্রসাদকে জিহ্বাদ্বার নামে কথিত হয়, এবং কায় প্রসাদকে কায়-দ্বার নামে অভিহিত হয়। ( মনোদ্বারং পন ভবঙ্গন্তি পবুচ্চতি ) পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। মনোদ্বার হইতে ভবাঙ্গ চিত্ত উচ্ছেদ হইয়া চিত্ত বীথি বা চিত্ত পথের কারণ উৎপত্তি হয়, ইহাকে মনোদ্বার নামে অভি-হিত হয়। ( তত্থ ) সেই ( পঞ্চদ্বারাবজ্জন ) একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, ( চক্‌খুবিঞ্ঞাণ ) দুইপ্রকার চক্ষুবিজ্ঞান, ( সম্পটিচ্ছন ) দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, ( সন্তীরণ ) তিনপ্রকার স্থির চিত্ত, ( বোট্‌ঠব্বন ) এক-প্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, ( কামাবচর জবন ) উনত্রিশপ্রকার কামা-বচর জবন চিত্ত, এবং ( তদালম্বণ ) আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত, বা শোভন কামাবচর বিপাক চিত্ত (বসেন) বশদ্বারা (চক্‌খুদ্বারে) চক্ষুদ্বারে পূর্ব্বোক্ত

( ছচত্তালীস চিত্তানি ) ছচল্লিশপ্রকার চিত্তের ( যথারহং ) ভাব যথোপযুক্ত মতে ( উপ্পজ্জন্তি ) উৎপত্তি হয়।

( তথা ) সেই ( পঞ্চদ্বারাবজ্জন ) একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, ( সোত-বিঞ্ঞাণ ) দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিন-প্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত ( বসেন ) বশদ্বারা ( সোত দ্বারে ) শ্রবণদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেইএকপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা ঘ্রাণ দ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার.অবর্জন চিত্ত. উনত্রিশপ্রকার কামবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বা আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত বশদ্বারা জিহ্বাদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভার যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার কায়বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বা শোভন কামাবচর বিপাক চিত্ত বশদ্বারা কায়দ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়, ( ইতি ) এই ( সব্বাথাপি পঞ্চদ্বারে চতু পঞ্ঞাস চিত্তানি কামাবচরানেব ) সর্ব্বপ্রকার পঞ্চদ্বারে চুয়ান্ন-প্রকার কামাবচর চিত্তের ভাব উৎপত্তি হয়*।

* একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার চক্ষু বিজ্ঞান, দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান, দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান, দুইপ্রকার কায় বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত, এই চুয়ান্নপ্রকার কামাবচর চিত্ত পঞ্চদ্বারে উৎপত্তি হয়।

( পন ) পুনর্ব্বার মনোদ্বারের চিত্ত বর্ণনা করিতেছি। ( মনোদ্বারাবজ্জন ) একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, ( পঞ্চপঞ্ঞাস জবন ) পঞ্চান্নপ্রকার জবন চিত্ত এবং ( তদালম্বণ বসেন ) একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা ( মনোদ্বারে ) মনোদ্বারে ( সত্তসট্ঠি চিত্তানি ভবন্তি ) সাতষট্টিপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়।

( একূনবীসতি ) উনিশপ্রকার চিত্ত [ দুইপ্রকার উপেক্ষার সহিত স্থির চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত ও নয়প্রকার মহৎগত বিপাক চিত্ত, এই উনিশপ্রকার চিত্ত ] ;—( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন ) একপ্রকার প্রতিসন্ধি, একপ্রকার ভবাঙ্গ ও একপ্রকার চ্যুতি বশদ্বারা ( দ্বারবিমুত্তানি ) ছয়প্রকার দ্বার হইতে বিমুক্ত হয়।

( পন ) পুনর্ব্বার একপ্রকার দ্বারের উৎপত্তি চিত্ত বর্ণনা করিতেছি। ( তেসু ) সেই ছয়প্রকার দ্বারের চিত্তের মধ্যে ( দ্বিপঞ্চ বিঞ্ঞাণানিচেব ) দশপ্রকার বিজ্ঞান, ( মহগ্গত জবন ) আঠারপ্রকার মহৎগত জবন চিত্ত, ( লোকুত্তর জবনানিচ ) এবং আটপ্রকার লোকোত্তর জবন চিত্ত, ( ইতি ছত্তিংস যথারহং ) এই ছত্রিশ প্রকার চিত্ত যথোপযুক্ত মতে ( একদ্বারিক চিত্তানি নাম ) একপ্রকার দ্বারে উৎপত্তি হয়, ইহাকে একদ্বার নামক চিত্ত বলে।

( পন ) পুনর্ব্বার পঞ্চদ্বারের উৎপত্তি চিত্ত বর্ণনা করিতেছি। ( মনোধাতুত্তিকং) তিনপ্রকার মনোধাতু চিত্ত ;— (পঞ্চদ্বারিকং) পঞ্চদ্বারে উৎপত্তি হয়।

পুনর্ব্বার ছয়প্রকার দ্বারের উৎপত্তি চিত্ত বর্ণনা করিতেছি। ( সুখ সন্তীরণ ) একপ্রকার সৌমনস্য স্থির চিত্ত, ( বোট্ঠব্বন ) একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, ( কামাবচর জবনানি ) ও উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এই একত্রিশপ্রকার চিত্ত ;— ( ছদ্বারিক চিত্তানি ) ছয়প্রকার দ্বারে উৎপত্তি হইয়া থাকে।

পুনর্ব্বার ছয়দ্বারের মুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। ( উপেক্খা সহগত সন্তীরণ ) দুইপ্রকার উপেক্ষা স্থির চিত্ত, ( মহাবিপাকানিচ ) ও আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, এই দশপ্রকার চিত্ত ;— ( ছদ্বারিকানিচেব ) কখন কখন ছয়দ্বার প্রাপ্তি হয় এবং কখন কখন ছয়দ্বার হইতে বিমুক্ত হইয়া থাকে।

পুনর্ব্বার দ্বারের বিমুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। ( মহগ্গত বিপাকানি )

নয়প্রকার মহৎগত বিপাক চিত্ত;— [ দ্বার বিমুত্তানেব ) সর্ব্বদা ছয়প্রকার দ্বার হইতে বিমুক্ত থাকে, ( ইতি ) ইহাই জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

একপ্রকার চক্ষুদ্বার, একপ্রকার শ্রবণদ্বার, একপ্রকার ঘ্রাণদ্বার, একপ্রকার জিহ্বাদ্বার, একপ্রকার কায়দ্বার, এবং একপ্রকার মনোদ্বার, এই ছয়প্রকার দ্বার নামক দ্বার সংগ্রহ হয়।

সেই চক্ষু প্রসাদকে চক্ষুদ্বার নাম বলে, সেই শ্রবণ প্রসাদকে শ্রবণ দ্বার নামে অভিহিত হয়, ঘ্রাণ প্রসাদকে ঘ্রাণদ্বার নাম বলিয়া থাকে, জিহ্বা প্রসাদকে জিহ্বাদ্বার নামে কথিত হয়, এবং কায় প্রসাদকে কায় দ্বার নামে অভিহিত হয়। পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। মনোদ্বার হইতে ভবাঙ্গ চিত্ত উচ্ছেদ হইয়া চিত্ত বীথি বা চিত্ত পথের কারণ উৎপত্তি হয়, ইহাই মনোদ্বার নামে বর্ণিত হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার চক্ষু বিজ্ঞান, দুই প্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা চক্ষুদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান, দুই প্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা শ্রবণদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা ঘ্রাণদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন

চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা জিহ্বাদ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

সেই একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার কায় বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত বশদ্বারা কায়দ্বারে পূর্ব্বোক্ত ছচল্লিশপ্রকার চিত্তের ভাব যথোপযুক্ত মতে উৎপত্তি হয়।

পুনর্ব্বার মনোদ্বারের চিত্ত বর্ণনা করিতেছি। একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, পঞ্চান্নপ্রকার জবন চিত্ত, এবং একাদশপ্রকার তদাবলম্বন চিত্ত বশদ্বারা মনোদ্বারে সাতষট্টিপ্রকার চিত্তের ভাব উৎপত্তি হয়।

উনিশপ্রকার চিত্ত ;— একপ্রকার প্রতিসন্ধি, একপ্রকার ভবাঙ্গ ও একপ্রকার চ্যুতি বশদ্বারা ছয়প্রকার দ্বার হইতে বিমুক্ত হয়।

পুনর্ব্বার একপ্রকার দ্বারের উৎপত্তি চিত্ত বর্ণনা করিতেছি। সেই ছয়প্রকার দ্বারের চিত্তের মধ্যে দশপ্রকার বিজ্ঞান, আঠারপ্রকার মহৎগত জবন চিত্ত, এবং আটপ্রকার লোকোত্তর জবন চিত্ত, এই ছত্রিশপ্রকার চিত্ত যথোপযুক্ত মতে একপ্রকার দ্বারে উৎপত্তি হয়, ইহাকে একদ্বার নামক চিত্ত বলে।

পুনর্ব্বার পঞ্চদ্বারের উৎপত্তি চিত্ত বর্ণনা করিতেছি। তিনপ্রকার মনোধাতু চিত্ত, পঞ্চদ্বারে উৎপত্তি হয়।

পুনর্ব্বার ছয়প্রকার দ্বারের উৎপতি চিত্ত বর্ণনা করিতেছি। একপ্রকার সৌমনস্য স্থির চিত্ত, একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, ও উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এই একত্রিশপ্রকার চিত্ত ;— ছয়প্রকার দ্বারে উৎপত্তি হইয়া থাকে।

পুনর্ব্বার ছয়দ্বারের মুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। দুইপ্রকার উপেক্ষা স্থির চিত্ত, ও আটপ্রকার মহাবিপাক চিত্ত, এই দশপ্রকার চিত্ত ;— কখন কখন ছয়দ্বার প্রাপ্তি হয়, এবং কখন কখন ছয়দ্বার হইতে বিমুক্ত হইয়া থাকে।

পুনর্ব্বার ছয়দ্বারের বিমুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। নয়প্রকার মহৎগত বিপাক চিত্ত ;—সর্ব্বদা ছয়প্রকার দ্বার হইতে বিমুক্ত থাকে, ইহাই জানিও।

## পালি।

একদ্বারিক চিত্তানি, পঞ্চ ছদ্বারিকানিচ,
ছদ্বারিক বিমুত্তানি, বিমুত্তানিচ সব্বথা।
ছত্তিংসতি তথা তিণি, একতিংস য়থাক্কমং,
দসধা নবধা চেতি, পঞ্চধা পরিদীপয়ে।

## সান্বয়ার্থ।

(একদ্বারিক চিত্তানি) একপ্রকার দ্বারের চিত্ত, (পঞ্চ ছদ্বারিকানিচ) পঞ্চদ্বার ও ছয়প্রকার দ্বারের চিত্ত, (ছদ্বারিক বিমুত্তানিচ) ছয়প্রকার দ্বারের বিমুক্ত চিত্ত, (বিমুত্তানিচ সব্বথা) এবং ছয়প্রকার দ্বারের সর্ব্বপ্রকার বিমুক্ত চিত্ত, (তথা) তাহা (য়থাকমং) যথাক্রমে (ছত্তিংসতি) একপ্রকার দ্বারের ছত্রিশপ্রকার চিত্ত, (তিণি) পঞ্চ দ্বারের তিনপ্রকার চিত্ত, (এক তিংস) ছয় দ্বারের একত্রিশ প্রকার চিত্ত, (দসধা) ছয়দ্বারের দশপ্রকার বিমুক্ত চিত্ত, (নবধাচ) এবং ছয়দ্বারের নয়প্রকার বিমুক্ত চিত্ত, (ইতি পঞ্চধা পরিদীপয়ে) এই পাঁচপ্রকারে দ্বারের চিত্ত প্রকাশিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

একপ্রকার দ্বারের চিত্ত, পঞ্চদ্বার ও ছয়প্রকার দ্বারের চিত্ত, ছয়প্রকার দ্বারের বিমুক্ত চিত্ত এবং ছয়প্রকার দ্বারের সর্ব্বপ্রকার বিমুক্ত চিত্ত। তাহা যথাক্রমে একপ্রকার দ্বারের ছত্রিশপ্রকার চিত্ত, পঞ্চ দ্বারের তিনপ্রকার চিত্ত, ছয়প্রকার দ্বারের একত্রিশ প্রকার চিত্ত, ছয়প্রকার দ্বারের দশপ্রকার বিমুক্ত চিত্ত, এবং ছয়প্রকার দ্বারের নয়প্রকার বিমুক্ত চিত্ত, এই পাঁচপ্রকারে দ্বারের চিত্ত প্রকাশিত হইয়াছে।

---

# অবলম্বন সংগ্রহ।

## পালি।

অবলম্বন সঙ্গহে, আলম্বণানি নাম, রূপারম্মণং, সদ্দারম্মণং, গন্ধারম্মণং, রসারম্মণং, পোট্‌ঠপ্পারম্মণং, ধম্মারম্মণ-

ঞ্চেতি ছব্বিধানি ভবন্তি। তত্থ রূপমেব রূপারম্মণং, তথা সদ্দাদয়ো সদ্দারম্মণাদীনি। ধম্মারম্মণং পন পসাদ সুখমরূপচিত্ত চেতসিক নিব্বান পঞ্ঞত্তি বসেন ছধা সঙ্গয্হতি। তত্থ চক্খু দ্বারিকচিত্তনং সব্বেসংপি রূপমেব আরম্মণং তঞ্চ পচ্চুপ্পন্নং, তথা সোত দ্বারিক চিত্তাদিনংপি সদ্দাদীনি, তানিচ পচ্চুপ্পন্নানিয়েব। মনোদ্বারিক চিত্তানং পন ছব্বিধংপি পচ্চুপ্পন্নমতীতং অনাগতং কালবিমুত্তঞ্চ যথারহমালম্বণং হোতি। দ্বার বিমুত্তানঞ্চ পটিসন্ধি ভবঙ্গ চুতি সঙ্খাতানং ছব্বিধংপি যথাসম্ভবং য়েভূয়্যেন ভবন্তরেছদ্বার গহিতং পচ্চুপ্পন্নমতীতং পঞ্ঞত্তি ভূতি বা কম্ম কম্মনিমিত্ত গতিনিমিত্ত সম্মতং আলম্বণং হোতি। তেসু চক্খু বিঞ্ঞাণাদীসু যথাক্কমং, রূপাদি একেকালম্বণানেব, মনোধাতুত্তিকং পন রূপাদি পঞ্চালম্বণং। সেসানি কামাবচর বিপাকানি হসন চিত্তঞ্চেতি। সব্বথাপি কামাবচরালম্বণানেব। অকুসলানিচেব ঞ্ঞাণ বিপ্পযুত্ত কামাবচর জবনানি চেতি লোকুত্তর বজ্জিত সব্বালম্বণানি। ঞ্ঞাণ সম্পযুত্ত কামাবচর কুসলানিচেব, পঞ্চমঝান সঙ্খাতনং, অভিঞ্ঞাকুসলঞ্চেতি অরহত্ত মগ্গফল বজ্জিত সব্বালম্বণানি। ঞ্ঞাণ সম্পযুত্ত কামাবচর ক্রিয়ানিচেব ক্রিয়াভিঞ্ঞা বোট্ঠব্বনঞ্চেতি সব্বথাপি সব্বালম্বণানি। আরূপ্পেসু দুতিয় চতুত্থানি মহগ্গতালম্বণানি। সেসানি মহগ্গত চিত্তানি সব্বানিপি পঞ্ঞত্তালম্বণানি।

## সান্বয়ার্থ।

ছয়প্রকার অবলম্বন বর্ণনা করিতেছি। ( রূপারম্মণং ) একপ্রকার রূপ

অবলম্বন, ( সদ্দারম্মণং ) একপ্রকার শব্দ অবলম্বন, ( গন্ধারম্মণং ) এক-প্রকার গন্ধ অবলম্বন, ( রসারম্মণং ) একপ্রকার রস অবলম্বন, ( পোট্ঠপ্পার-ম্মণং ) একপ্রকার স্পর্শ অবলম্বন, ( ধম্মারম্মণঞ্চ ) এবং একপ্রকার ধর্ম্ম অবলম্বন, ( ইতি ছব্বিধানি ) এই ছয়প্রকার ( আলম্বণ সঙ্গহে আলম্বণানি নাম ভবন্তি ) অবলম্বন নামক অবলম্বন সংগ্রহ হয়।

( তথ ) সেই ছয়প্রকার অবলম্বনের মধ্যে ( রূপমেব রূপারম্মণং ) বর্ণ আয়তনের রূপ অবলম্বন করে, ( তথা সদ্দাদয়ো সদ্দারম্মণাদীনি ) সেই শব্দ আয়তনের শব্দাদি অবলম্বন করিয়া থাকে, গন্ধ আয়তনের গন্ধ অবলম্বন করে, রস আয়তনের রস অবলম্বন করিয়া থাকে, কায় আয়তনের স্পর্শ অবলম্বন করে।

( পন ) পুনর্ব্বার ধর্ম্মাবলম্বন বর্ণনা করিতেছি, ( পসাদ রূপ ) পাঁচ-প্রকার প্রসাদ রূপ [ চক্ষু প্রসাদ রূপ, শ্রবণ প্রসাদ রূপ, ঘ্রাণ প্রসাদ রূপ, জিহ্বা প্রসাদরূপ, ও কায় প্রসাদরূপ, এই পাঁচপ্রকার প্রসাদ রূপ, ], ( সুখুমরূপ ) ষোলপ্রকার সূক্ষ্ম রূপ [ একপ্রকার আপধাতু রূপ, দুই প্রকার ভাব রূপ, একপ্রকার হৃৎপিণ্ড রূপ, একপ্রকার জীবিত রূপ, একপ্রকার আহার রূপ, একপ্রকার পরিচ্ছেদ রূপ, পাঁচপ্রকার বিকার রূপ এবং চারিপ্রকার লক্ষণ রূপ, এই ষোলপ্রকার সূক্ষ্ম রূপ ], ( চিত্ত ) উন-নব্বইপ্রকার চিত্ত, ( চেতসিক ) বায়ান্নপ্রকার চৈতসিক, ( নিব্বান ) এক-প্রকার কাল বিমুক্ত নিব্বাণ, এবং ( পঞ্ঞত্তি ) একপ্রকার প্রজ্ঞপ্তি ( বসেন ) বশদ্বারা ( ছধা ধর্ম্মারম্মণং সঙ্গয্হতি ) ছয়প্রকার ধর্ম্মাবলম্বন সংগ্রহ করিয়াছে।

( তথ চক্ষু দ্বারিক চিত্তানং ) সেই চক্ষু দ্বার চিত্ত;— ( সব্বেসংপি-রূপমেব আরাম্মণং তঞ্চ পচ্চুপ্পন্নং ) সেই উপস্থিত সর্ব্বপ্রকার রূপ অবলম্বন করে, ( তথা সোত দ্বারিক চিত্তাদীনংপি ) সেই শ্রবণ দ্বারাদির চিত্ত;— ( সদ্দাদীনি-তানিচ পচ্চুপ্পন্নানিয়েব ) সেই উপস্থিত সর্ব্বপ্রকার শব্দাদি অব-করিয়া থাকে। সেই ঘ্রাণদ্বার চিত্ত;— সেই উপস্থিত সর্ব্বপ্রকার গন্ধ অবলম্বন করিতেছে। সেই জিহ্বাদ্বার চিত্ত,— সেই উপস্থিত সর্ব্বপ্রকার রস অবলম্বন করে। এবং সেই কায়দ্বার চিত্ত;— সেই উপস্থিত সর্ব্বপ্রকার স্পর্শ অবলম্বন করিয়া থাকে।

১৯

(পন) পুনর্ব্বার মনোদ্বারের চিত্ত বর্ণনা করিতেছি। (মনোদ্বারিক চিত্তানং) মনোদ্বারের চিত্ত;— (য়থারহং) যথোপযুক্ত মতে (পচ্চুপ্পন্নং) বর্ত্তমান কাল অবলম্বন, (অতীতং) অতীতকাল অবলম্বন, (অনাগতং) অনাগত-কাল অবলম্বন, (কাল বিমুত্তঞ্চ) এবং কাল বিমুক্ত (আলম্বনং) অবলম্বন করে, (ছব্বিধংপি হোতি) এই ছয়প্রকার অবলম্বন করিয়া থাকে।

(দ্বার বিমুত্তা নঞ্চতানং) সেই বর্ণিত দ্বার বিমুক্ত উনিশপ্রকার—(পটিসন্ধি ভবঙ্গ চুতি) প্রতিবন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি চিত্ত; * (আলম্বণং য়েভূ-

---

* যে কোন ব্যক্তি দ্বার বিমুক্ত অকুশল বিপাক উপেক্ষার সহিত স্থির চিত্ত; প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি চিত্ত;—অনেক প্রকার অবলম্বন দ্বারা ভবান্তরে ছয়দ্বারের জবনচিত্ত মরণ আসন্ন কালে গৃহীত করে, তৎপর বর্ত্তমান বা অতীতকালের [ ঔদ্ধত্য চিত্ত বিনা ] একাদশপ্রকার অকুশল চিত্তদ্বারা যষ্টি, অস্ত্র ও বড়শা প্রভৃতির কর্ম্ম করিয়াছে, সেই যষ্টি, অস্ত্র ও বড়শা প্রভৃতি কর্ম্ম নিমিত্ত দর্শন করে, যেই ভবান্তরের ভোগ প্রাপ্তির কারণ মাতার উদর বা নরকের দূত, নরকের কলসী, নরকের অগ্নি, নরকের কুক্কুর কিংবা মহান্ধকার প্রভৃতি গতি নিমিত্ত, কর্ম্ম ও কর্ম্ম নিমিত্ত সম্মত হয়, সেই ছয়প্রকার দ্বার অবলম্বন করিয়া যথা-সম্ভব উৎপত্তি হয়।

যে কোন ব্যক্তি দ্বার বিমুক্ত অহেতুক কুশল বিপাক উপেক্ষার সহিত স্থির চিত্ত, প্রতি-সন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি চিত্ত;—অনেক প্রকার অবলম্বন দ্বারা ভবান্তরে ছয়দ্বারের জবনচিত্ত মরণ আসন্নকালে গৃহীত করে, তৎপর বর্ত্তমান বা অতীতকালের কুশল চিত্ত দ্বারা যেই কর্ম্ম করিয়াছে, সেই কর্ম্ম নিমিত্ত দর্শন করিয়া থাকে, যেই ভবান্তরের ভোগ প্রাপ্তির কারণ মাতার উদর গতি নিমিত্ত, সেই কর্ম্ম ও কর্ম্ম নিমিত্ত সম্মত হয়, সেই ছয়প্রকার দ্বার অবলম্বন করিয়া যথাসম্ভব উৎপত্তি হয়।

যে কোন ব্যক্তি দ্বার বিমুক্ত আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার প্রতিসন্ধি, ভবাঙ্গ, ও চ্যুতি চিত্ত;—অনেক প্রকার অবলম্বন দ্বারা ভবা-ন্তরে ছয়দ্বারের জবন চিত্ত মরণআসন্ন কালে গৃহীতকরে, তৎপর বর্ত্তমান বা অতীতকালের আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত দ্বারা বিহার বা বুদ্ধমূর্ত্তি, পিণ্ড, চীবর, বস্ত্র, ছত্র, ধ্বজা, কিংবা পুষ্প প্রভৃতি দান কর্ম্ম করিয়াছে, সেই বিহার বা বুদ্ধমূর্ত্তি, পিণ্ড, চীবর, বস্ত্র, ছত্র, ধ্বজা কিংবা পুষ্প প্রভৃতি কর্ম্ম নিমিত্ত দর্শন করিয়া থাকে, যে ভবান্তরের ভোগ প্রাপ্তির কারণ মাতার উদর বা দেবভূমি, দেব কন্যা, কিংবা কল্প বৃক্ষ প্রভৃতি গতি নিমিত্ত, সেই কর্ম্ম ও কর্ম্ম নিমিত্ত সম্মত হয়, সেই ছয়প্রকার দ্বার অবলম্বন করতঃ যথাসম্ভব উৎপত্তি হয়।

যোগীরা মহৎগত বিপাক চিত্তে কি প্রকারে প্রতিসন্ধি হয়, ইহা সুমঙ্গল সামির টীকাতে বর্ণিত হইয়াছে।

য়েন) অনেক প্রকার অবলম্বন দ্বারা (ভবন্তরে) ভবান্তরে (ছদ্বারগহিতং) ছয়দ্বারের জবন চিত্ত মরণ আসন্নকালে গৃহীত করে, তৎপর (পচ্চুপ্পন্নং) বর্ত্তমানকাল (অতীতবা) বা অতীতকালের (কম্ম) কর্ম্ম ও (কম্ম নিমিত্ত) কর্ম্ম নিমিত্ত (পঞ্‌ঞত্তিভূতি) প্রজ্ঞপ্তি হয়, সেই কর্ম্ম, কর্ম্ম নিমিত্ত (গতি নিমিত্ত) ও গতি নিমিত্ত [সম্মতং] সম্মত হইয়া থাকে, (ছব্বিধংপি য়থাসম্ভবং) সেই ছয়প্রকার দ্বার অবলম্বণ করতঃ যথাসম্ভব উৎপত্তি হয়।

(ছব্বিধংপিয়থা সম্ভবং) সেই ছয়প্রকার দ্বার অবলম্বন করতঃ যথাসম্ভব উৎপত্তি (হোতি) হয়।

(তেসু) সেই অববম্বন চিত্তের মধ্যে (চক্ষু বিঞ্‌ঞাণাদীনি) চক্ষু বিজ্ঞানাদি * [চক্ষু বিজ্ঞান, শ্রবণ বিজ্ঞান, ঘ্রাণ বিজ্ঞান, জিহ্বা বিজ্ঞান, ও কায় বিজ্ঞান, এই চক্ষু বিজ্ঞানাদি] (য়থাক্কমং) যথাক্রমে (রূপাদী) রূপাদি [রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ, এই রূপাদি] (একেকালম্বণানেব) একৈক অবলম্বন করিয়া থাকে।

(পন) পুনর্ব্বার মনোধাতু চিত্ত বর্ণনা করিতেছি। (মনোধাতুত্তিকং) তিনপ্রকার মনোধাতু চিত্ত;— (রূপাদী পঞ্চালম্বণং) রূপাদি পঞ্চ-অবলম্বন করিয়া থাকে।

দশপ্রকার বিজ্ঞান, ও দুইপ্রকার সম্প্রতীষচিত্তের (সেসানি) শেষ অবশিষ্ট (কামাবচর বিপাকানি) একাদশপ্রকার কামাবচর বিপাক চিত্ত [তিন

---

* চক্ষু বিজ্ঞান;— কেবল রূপকে অবলম্বন করে, সেই চক্ষু বিজ্ঞান;— শব্দ, গন্ধ রস ও স্পর্শকে অবলম্বন করিতে পারেনা। শ্রবণ বিজ্ঞান;— কেবল শব্দকে অবলম্বন করিয়া থাকে, সেই শ্রবণ বিজ্ঞান;— রূপ, গন্ধ, রস ও স্পর্শকে অললম্বন করেনা। ঘ্রাণ বিজ্ঞান;— কেবল গন্ধকে অবলম্বন করে, সেই ঘ্রাণ বিজ্ঞান;— রূপ শব্দ, রস ও স্পর্শকে অবলম্বন করিতে পারেনা। জিহ্বা বিজ্ঞান, কেবল রস আস্বাদ করিয়া থাকে, সেই জিহ্বা বিজ্ঞান;— রূপ, শব্দ, গন্ধ ও স্পর্শকে অবলম্বন করেনা। কায় বিজ্ঞান;— কেবল স্পর্শকে অবলম্বন করে, সেই কায় বিজ্ঞান,— রূপ, শব্দ, গন্ধ ও রসকে অবলম্বন করিতে পারে না।

† তিনপ্রকার মনোধাতু চিত্ত, [একপ্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, এই তিনপ্রকার মনোধাতু চিত্ত];— রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শকে অবলম্বন করিয়া থাকে।

প্রকার স্থির চিত্ত ও আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, এই একাদশপ্রকার কামাবচর বিপাক চিত্ত], (হসন চিত্তঞ্চ) ও একপ্রকার হস্যোৎপত্তি চিত্ত, (ইতি) এই (সব্বথাপি) সর্ব্বপ্রকার দ্বাদশপ্রকার চিত্ত;—(কামাবচরালম্বণানেব) কামাবচরের ধর্ম্ম অবলম্বন করিয়া থকে।

(অকুসলানিচেব) দ্বাদশপ্রকার অকুসল চিত্ত, (ঞ্‌ঞাণ বিপ্পয়ুত্ত কামাবচর জবনানিচ) ও আটপ্রকার শোভন কামাবচর জবন জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই বিশপ্রকার চিত্ত;—(লোকুত্তর বজ্জিত সব্বলম্বণানি) লোকোত্তর চিত্তেরভাব বর্জ্জিতকরতঃ অবশিষ্ট সর্ব্বপ্রকার চিত্তেরভাব অবলম্বনকরিরা থাকে।

(ঞ্‌ঞাণ সম্পযুত্ত কামাবচর কুসলানিচেব) চারিপ্রকার শোভন কামাবচর কুশলজ্ঞান সম্প্রযুক্ত, (পঞ্চমঝান সঙখাতং অভিঞ্‌ঞা কুসলঞ্চ) ও বর্ণিত একপ্রকার রূপাবচর পঞ্চমাবস্থার কুশল ধ্যান চিত্ত বা অভিজ্ঞান কুশল চিত্ত, (ইতি) এই পাঁচপ্রকার চিত্ত;—(অরহ মগ্‌গফল বজ্জিত সব্বালম্বণানি) অর্হৎমার্গ চিত্ত ও অর্হৎফল চিত্তের ভাব বর্জ্জিত করতঃ অবশিষ্ট সর্ব্বপ্রকার চিত্তের ভাব অবলম্বন করিয়া থাকে।

(ঞ্‌ঞাণ সম্পযুত্ত কামাবচর ক্রিয়াচেব) চারিপ্রকার শোভন কামাবচর ক্রিয়াজ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, (ক্রিয়াভিঞ্‌ঞা) একপ্রকার রূপাবচর ক্রিয়া পঞ্চম অবস্থার ধ্যান চিত্ত বা ক্রিয়া অভিজ্ঞাণ চিত্ত, (বোট্‌ঠপ্পনঞ্চ) ও একপ্রকার মনোদ্বার অবর্জন চিত্ত, (ইতি) এই ছয়প্রার চিত্ত;—(সব্বথাপি সব্বালম্বণানি) সর্ব্বপ্রকার চিত্তের ভাব সকল অবলম্বন করিয়া থাকে।

(অরূপেসু) দ্বাদশপ্রকার অরূপাবচর চিত্তের মধ্যে (দুতিয়) তিন প্রকার অরূপাবচর দ্বিতীয়াবস্থার ধ্যান চিত্ত বা তিনপ্রকার বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, ও (চতুত্থানি) তিনপ্রকার অরূপাবচর চতুর্থাবস্থার ধ্যান চিত্ত বা তিনপ্রকার নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন চিত্ত, এই ছয়প্রকার চিত্ত;—(মহগ্‌গতালম্বণানি) মহৎগতের ধর্ম্ম অবলম্বন করিয়া থাকে।

(সেসানিমহগ্‌গতচিত্তানি) সেই মহৎগতধ্যানচিত্তেরশেষ অবশিষ্ট একুশপ্রকার মহৎগত- চিত্ত [পনরপ্রকার রূপাবচর চিত্ত, ও ছয়প্রকার অরূপাবচর চিত্ত, এই একুশপ্রকার মহৎগত চিত্ত];—(সব্বানিপি পঞ্‌ঞত্তালম্বণানি) সর্ব্বপ্রকার প্রজ্ঞপ্তির ধর্ম্ম অবলম্বন করিয়া থাকে।

( লোকুত্তর চিত্তানি ) লোকোত্তর চিত্ত;— (নিব্বান্নালম্বণানি ) নির্ব্বাণের ধর্ম্ম অবলম্বন করে, ( ইতি ) ইহা জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

ছয়প্রকার অবলম্বন বর্ণনা করিতেছি। একপ্রকার রূপাবলম্বন, একপ্রকার শব্দাবলম্বন, একপ্রকার গন্ধাবলম্বন, একপ্রকার রসাবম্বন, একপ্রকার স্পর্শাবলম্বন এবং একপ্রকার ধর্ম্মাবলম্বন, এই ছয়প্রকার অবলম্বন নামক অবলম্বন সংগ্রহ হয়।

সেই ছয়প্রকার অবলম্বনের মধ্যে বর্ণায়তনের রূপাবলম্বন করে, শব্দায়তনের শব্দাদি অবলম্বন [ শব্দায়তনের শব্দাবলম্বন, গন্ধায়তনের গন্ধাবলম্বন, রসায়তনের রসানলম্বন, ও কায়াতনের-স্পর্শাবলম্বন করে, এই শব্দাদি অবলম্বন ] করিয়া থাকে।

পুনর্ব্বার ধর্ম্মাবলম্বন বর্ণনা করিতেছি। পাঁচপ্রকার প্রসাদরূপ, ষোলপ্রকার সূক্ষ্মরূপ, উননব্বইপ্রকার চিত্ত, বায়ান্নপ্রকার চৈতসিক, একপ্রকার কাল বিমুক্ত নির্ব্বাণ এবং একপ্রকার প্রজ্ঞপ্তি বশদ্বারা ছয়প্রকার ধর্ম্মাবলম্বন সংগ্রহ করিয়াছে।

সেই চক্ষু দ্বারক চিত্ত;—উপস্থিত সর্ব্বপ্রকার রূপাবলম্বন করে। সেই শ্রবণ দ্বারকাদি চিত্ত;—উপস্থিত সর্ব্বপ্রকার শব্দাদি অবলম্বন [ শ্রবণ দ্বারক চিত্ত;—উপস্থিত শব্দাবলম্বন, ঘ্রাণদ্বারক চিত্ত;—উপস্থিত সর্ব্বপ্রকার গন্ধাবলম্বন, জিহ্বাদ্বারক চিত্ত;—উপস্থিত সর্ব্বপ্রকার রসাবলম্বন, এবং কায় দ্বারক চিত্ত;—উপস্থিত সর্ব্বপ্রকার স্পর্শ অবলম্বন করে, এই শব্দাদি অবলম্বন ] করিয়া থাকে।

পুনর্ব্বার মনোদ্বারের চিত্ত বর্ণনা করিতেছি। মনোদ্বারের চিত্ত ;—যথোপযুক্ত মতে বর্ত্তমান কাল অবলম্বন, অতীতকাল অবলম্বন, অনাগত কাল অবলম্বন এবং কালবিমুক্ত অবলম্বনকরে, এই ছয়প্রকার অবলম্বন করিয়াথাকে।

সেই বর্ণিত দ্বার বিমুক্ত উনিশপ্রকার প্রতিসন্ধি, ভবাঙ্গ, চ্যুতি চিত্ত ;—অনেক প্রকার অবলম্বন দ্বারা ভবান্তরে ছয়দ্বারের জবন চিত্ত মরণ আসন্ন কালে গৃহীত করে; তৎপর বর্ত্তমানকাল ও অতীতকালের কর্ম্ম ও কর্ম্ম নিমিত্ত প্রজ্ঞপ্তি হয়। সেই কর্ম্ম; কর্ম্ম নিমিত্ত ও গতি নিমিত্ত সম্মত হইয়া থাকে। সেই ছয়প্রকার দ্বার অবলম্বন করতঃ যথাসম্ভব উৎপত্তি হয়।

সেই অবলম্বন চিত্তের মধ্যে চক্ষু বিজ্ঞাদি যথাক্রমে রূপাদি একৈক অবলম্বন করিয়া থাকে।

পুনর্ব্বার মনোধাতু চিত্ত বর্ণনা করিতেছি। তিনপ্রকার মনোধাতু চিত্ত;—রূপাদি পঞ্চ অবলম্বন করিয়া থাকে।

দশপ্রকার বিজ্ঞান ও দুইপ্রকার সম্প্রতীষ চিত্তের শেষ অবশিষ্ট একাদশ প্রকার কামাবচর বিপাক চিত্ত ও একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত, এই দ্বাদশ-প্রকার চিত্ত;—সর্ব্বপ্রকার কামাবচর ধর্ম্মাবলম্বন করিয়া থাকে।

দ্বাদশপ্রকার অকুশল চিত্ত ও আটপ্রকার শোভন কামাবচর জবন জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই বিশপ্রকার চিত্ত;—লোকোত্তর চিত্তের ভাব বর্জ্জিত করতঃ অবশিষ্ট সর্ব্বপ্রকার চিত্তের ভাব অবলম্বন করিয়া থাকে।

চারিপ্রকার শোভন কামাবচর কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও বর্ণিত এক প্রকার রূপাবচর পঞ্চমাবস্থার কুশল ধ্যান চিত্ত বা অভিজ্ঞান কুশল চিত্ত, এই পাঁচপ্রকার চিত্ত;—অর্হৎমার্গ চিত্ত ও অর্হৎফল চিত্তের ভাব বর্জ্জিত করিয়া অবশিট সর্ব্বপ্রকার চিত্তের ভাব অবলম্বন করিয়া থাকে।

চারিপ্রকার শোভন কামাবচর ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত; একপ্রকার রূপাবচর ক্রিয়া পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত বা ক্রিয়া অভিজ্ঞান চিত্ত, ও এক-প্রকার মনোদ্বারাবর্জন চিত্ত, এই ছয়প্রকার চিত্ত;—সর্ব্বপ্রকার চিত্তের ভাব অবলম্বন করিয়া থাকে।

দ্বাদশপ্রকার অরূপাবচ চিত্তের মধ্যে তিনপ্রকার অরূপাবচর দ্বিতীয়াবস্থার ধ্যান চিত্ত বা তিনপ্রকার বিজ্ঞানানন্ত্যায়ত চিত্ত ও তিনপ্রকার অরূপাবচর চতুর্থাবস্থার ধ্যান চিত্ত বা তিনপ্রকার নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত, এইছয়প্রকার চিত্ত;—মহৎগতের ধর্ম্মাবলম্বন করিয়া থাকে। সেই মহৎগত ধ্যান চিত্তের শেষ অবশিষ্ট একুশপ্রকার মহৎগত চিত্ত;—সর্ব্বপ্রকার প্রজ্ঞাপ্তি ধর্ম্মাবলম্বন করিয়া থাকে।

লোকোত্তর চিত্ত;—নির্ব্বাণ ধর্ম্মাবলম্বন করে, ইহা জানিও।

পালি।

পঞ্চবীস পরিত্তম্হি, ছচিত্তানি মহগ্‌গতে।
একবীসতি বোহারে, অট্ঠনিব্বান গোচরে॥

বীসানুত্তর মুত্তম্হি, অগ্গমগ্গ ফলুজ্জিতে।
পঞ্চসব্বত্ত ছচ্চেতি, সত্তধাতত্থ সঙ্গহো ॥

সান্বয়ার্থ।

( পঞ্চবীস ) পঁচিশপ্রকার চিত্ত ;—( পরিত্তম্হি ) কামাবলম্বন করে, ( ছচিত্তানি ) ছয়প্রকার চিত্ত ;—( মহগ্গতে ) মহৎগত অবলম্বন করিয়া থাকে, ( একবীসতি ) একুশপ্রকার চিত্ত ;—( বোহারে ) প্রজ্ঞপ্তি অবলম্বন করে, এবং ( অট্ঠ ) আটপ্রকার চিত্ত ;—( নিব্বান গোচরে ) নির্ব্বাণ গোচর করিয়াথাকে।

( বীস ) বিশপ্রকার চিত্ত ;—( অনুত্তর মুত্তম্হি ) নয়প্রকার লোকোত্তর ধর্ম্ম হইতে মুক্তি অবলম্বন করে, ( পঞ্চ ) পাঁচপ্রকার চিত্ত ;—( অগ্গমগ্গ ফলুজ্জিতে ) অর্হৎমার্গ চিত্ত ও অর্হৎফল চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট চিত্ত অবলম্বন করে, ( ছচ ) এবং ছয়প্রকার চিত্ত ;—( সব্বত্ত ) সর্ব্বপ্রকার চিত্ত অবলম্বন করিয়া থাকে, ( ইতি ) এইরূপে ( তত্থ ) সেই ( সত্তধাসঙ্গহে ) সাতপ্রকার অবলম্বন সংগ্রহ করিয়াছে।

বাঙ্গলা—গদ্যানুবাদ।

পঁচিশপ্রকার চিত্ত ;—কামাবলম্বন করে, ছয়প্রকার চিত্ত ;—মহৎগত অবলম্বন করিয়া থাকে, একুশপ্রকার চিত্ত;—প্রজ্ঞপ্তি অবলম্বন করে, এবং আটপ্রকার চিত্ত ;—নির্ব্বাণ গোচর করিয়া থাকে। বিশপ্রকার চিত্ত ;—নয় প্রকার লোকোত্তর ধর্ম্ম হইতে মুক্তি অবলম্বন করে, পাঁচপ্রকার চিত্ত ;—অর্হৎমার্গ চিত্ত ও অর্হৎফল চিত্ত বর্জ্জিত করিয়া অবশিষ্ট চিত্ত অবলম্বন করে, এবং ছয়প্রকার চিত্ত ;—সর্ব্বপ্রকার চিত্ত অবলম্বন করিয়া থাকে, এইরূপে সেই সাতপ্রকার অবলম্বন সংগ্রহ করিয়াছে।

---

বস্তুসংগ্রহ।

পালি।

বত্থুসঙ্গহে বত্থূনি নাম চক্খু সোত ঘান জিহ্বা কায় হদয় বত্থুচেতি ছব্বিধানি ভবন্তি। তানি কামলোকে সব্ব-নিপি লব্ভন্তি। রূপলোকে পন ঘানাদীত্তয়ংনত্থি। অরূপ-

লোকে পন সব্বানিপি নসং বিজ্জন্তি। তত্থ পঞ্চ বিঞ্ঞাণ ধাতুয়ো য়থাক্কমং একন্তেন পঞ্চ পসাদ বত্থুনি নিস্সায়েব পবত্তন্তি। পঞ্চদ্বারাবজ্জন সম্পটিচ্ছন সঙখাতা পন মনো-ধাতুচ হদয়ং নিসিস্সতায়েব পবত্তন্তি। অবসেসাপন মনো-বিঞ্ঞাণ ধাতু সঙখাতাচ সন্তীরণ মহাবিপাক পটিঘদ্বয় পথম মগ্গহসন রূপাবচর বসেন হদয়ং নিস্সায়েব পবত্তন্তি। অবসেসাকুসলাকুসল ক্রিয়ানুত্তর বসেন পন হদয়ং নিস্-সায়বা অনিস্সায়াবা। অরূপ্প বিপাক বসেন হদয়ং অনি-স্সায়েবাতি।

## সান্বয়ার্থ।

বস্তুসংগ্রহ বর্ণনা করিতেছি। (চক্খু) একপ্রকার চক্ষু বস্তু, (সোত) একপ্রকার শ্রবণ বস্তু, (ঘান) একপ্রকার ঘ্রাণ বস্তু, (জিহ্বা) একপ্রকার জিহ্বা বস্তু, (কায়) একপ্রকার কায় বস্তু, (হদয় বত্থুচ) ও একপ্রকার হৃৎপিণ্ড বস্তু, (ইতি) এই (ছব্বিধানিপি বত্থু সঙ্গহে বত্থুনি নাম ভবন্তি) ছয়প্রকার বস্তু সংগ্রহের বস্তু নামে বর্ণিত হয়।

(কামালোকে) কামলোকে (তানি-সব্বানিপি) সেই সর্ব্বপ্রকার বস্তু-রূপ [লভন্তি] লাভ করিতেছে। *

[পন] পুনর্ব্বার রূপ লোকের বস্তুরূপ বর্ণনা করিতেছি। [রূপলোকে] রূপলোকে [ঘানাদীত্তয়ং নত্থি] তিনপ্রকার ঘ্রাণাদি বস্তুরূপ নাই। †

[পন] পুনর্ব্বার অরূপলোক বর্ণনা করিতেছি। [অরূপলোকে] অরূপ-লোকে [সব্বানিপি নসং বিজ্জন্তি] সর্ব্বপ্রকার বস্তুরূপ বর্জ্জিত করিয়াছেন। ‡

---

* কামভুমির পুদগলেরা;— চক্ষু বস্তুরূপ, শ্রবণ বস্তুরূপ, ঘ্রাণ বস্তুরূপ, জিহ্বা বস্তু-রূপ, কায় বস্তুরূপ, ও হৃৎপিণ্ড বস্তুরূপ লাভ করিতেছে।

† অসংজ্ঞাসত্ত্ব ব্রহ্মভূমির ব্রহ্ম বর্জ্জিত করিয়া অবশিষ্ট পনরপ্রকার রূপ ব্রহ্মের ভূমির ব্রহ্মেরা;—চক্ষু বস্তুরূপ, শ্রবণ বস্তুরূপ, ও হৃৎপিণ্ড বস্তুরূপ লাভ করেন। তাঁহারা কাম বিরাগ ভাব বশদ্বারা গন্ধ, রস ও স্পর্শ শক্তি নিবৃত্তি করিয়াছেন। সেই শক্তি নিবৃত্তি কারণ তাঁহাদের কায়া, নাসিকা ও জিহ্বা আছেন, ইহা কর্ম্মে নিযুক্ত হন না।

‡ চারিপ্রকার অরূপ ভূমির ব্রহ্মেরা;— সর্ব্বপ্রকার বস্তুরূপ বিরাগ ভাব শক্তিদ্বারা রূপ অভাবের কারণ হয়।

[ তথ ] সেই [ পঞ্চবিঞ্ঞাণ ধাতুয়ো ] পঞ্চ বিজ্ঞান-ধাতু * [ যথাক্কমং ] যথাক্রমে [ একন্তেন ] একান্ত দ্বারা [ পঞ্চ পসাদ বত্থুনি ] পঞ্চ প্রসাদ বস্তুরূপে [ নিস্সায়েব ] আশ্রয় [ পবত্তন্তি ] † প্রবৃত্ত হয়।

[ পন ] পুনর্ব্বার মনোধাতু বর্ণনা করিতেছি। [ পঞ্চদ্বারাবজ্জন ] একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত, (চ) ও ( সম্পটিচ্ছন ) দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, এই তিনপ্রকার চিত্তকে ( সঙখাতি মনোধাতু ) মনোধাতু নামে কথিত হয়, ইহা ( হদয়ং নিস্সায়েব পবত্তন্তি ) হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় প্রবৃত্ত হয়।

( পন ) পুনর্ব্বার, মনোবিজ্ঞান ধাতু বর্ণনা করিতেছি। পঞ্চবিজ্ঞান ধাতু ও মনোধাতুর ( অবসেসা ) অবশেষ ( সন্তীরণ ) তিনপ্রকার স্থির চিত্ত, ( মহাবিপাক ) আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, ( পটিঘদ্বয় ) দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, ( পঠমমগ্গ ) একপ্রকার স্রোতাপত্তি মার্গচিত্ত, ( হসন ) একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত ( চ ) ও ( রূপাবচর ) পনরপ্রকার রূপাবচর চিত্ত ( বসেন ) বশদ্বারা ( তিংস মনোবিঞ্ঞাণ ধাতু সঙখাতা ) ত্রিশপ্রকার মনোবিজ্ঞান ধাতু ‡ বর্ণিত হয়, ইহা ( হদয়ং নিস্সয়েব পবত্তন্তি ) হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় প্রবৃত্ত হয়।

---

* দুইপ্রকার চক্ষু বিজ্ঞানকে চক্ষু বিজ্ঞান নামক ধাতু বলে, ইহা চক্ষু বস্তুরূপে আশ্রয় করে। দুইপ্রকার শ্রবণ বিজ্ঞানকে শ্রবণ বিজ্ঞান ধাতু নামে কথিত হয়, ইহাই শ্রবণ বস্তুরূপে আশ্রয় করিয়া থাকে। দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞানকে ঘ্রাণ বিজ্ঞান নামক ধাতু কহে, ইহা ঘ্রাণ বস্তুরূপে আশ্রয় করে। দুইপ্রকার জিহ্বা বিজ্ঞানকে জিহ্বা বিজ্ঞান ধাতু নামে কথিত হয়, ইহাই জিহ্বা বস্তুরূপে আশ্রয় করে। দুইপ্রকার কায় বিজ্ঞানকে কায় বিজ্ঞান ধাতু নামে অভিহিত হয়, ইহা কায় বস্তুরূপে আশ্রয় করিয়া থাকে।

† চক্ষু প্রসাদরূপকে চক্ষু নামক বস্তুরূপ বলে, শ্রবণ প্রসাদরূপকে শ্রবণ বস্তুরূপ নামে অভিহিত হয়। ঘ্রাণ প্রসাদরূপকে ঘ্রাণ নামক বস্তুরূপ কহে। জিহ্বা প্রসাদরূপকে জিহ্বা বস্তুরূপ নামে কথিত হয়। কায় প্রসাদরূপকে কায় বস্তুরূপ নামে অভিহিত হয়।

‡ মনোকে চিত্ত বলে; বিশিষ্ট কর্ম্ম জানে ও সংযোগ হয়, ইহাকে বিজ্ঞান নামে কথিত হয়; এবং সত্ত্ব নহে ও জীব নহে অর্থের কারণ ধাতু নামে বর্ণিত হয়; ইহাকে মনোবিজ্ঞান ধাতু নামে অভিহিত হয়।

২০

(পন) পুনর্ব্বার হৃৎপিণ্ড বস্তুরূপ আশ্রয় বা অনাশ্রয় বর্ণনা করিতেছি। তিনপ্রকার স্থির চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার স্রোতাপত্তি মার্গ চিত্ত, একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত ও পনরপ্রকার রূপাবচর চিত্ত, এই ত্রিশপ্রকার চিত্তের (অবসেসা) অবশেষ (কুসলাকুসল ক্রিয়ানুত্তরবসেন) দ্বাদশপ্রকার লৌকিক কুশল চিত্ত *, দশপ্রকার অকুসল চিত্ত †, তেরপ্রকার ক্রিয়া চিত্ত ‡ এবং সাতপ্রকার লোকোত্তর চিত্ত § বশদ্বারা (দ্বচত্তালীস) বিয়াল্লিশপ্রকার (মনোবিঞ্ঞাণ ধাতুয়ো) মনোবিজ্ঞান ধাতু বর্ণিত হয়; ইহা (হদয়ং) হৃৎপিণ্ড বস্তুরূপে (নিস্সায় বা অনিস্সায়বা) আশ্রয় বা অনাশ্রয় হইয়া (পবত্তন্তি) প্রবৃত্ত হয়।

(আরূপ্পবিপাক বসেন) চারিপ্রকার অরূপ বিপাক চিত্ত বশদ্বারা (চতস্সোমনোবিঞ্ঞাণ ধাতুয়ো) চারিপ্রকার মনোবিজ্ঞান ধাতু (হদয়ং অনিস্সায়েব পবত্তন্তি) হৃৎপিণ্ড বস্তুরূপে অনাশ্রয় প্রবৃত্ত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

বস্তু সংগ্রহ বর্ণনা করিতেছি। একপ্রকার চক্ষু বস্তু, একপ্রকার শ্রবণ বস্তু, একপ্রকার ঘ্রাণ বস্তু, একপ্রকার জিহ্বা বস্তু, একপ্রকার কায়বস্তু, ও একপ্রকার হৃৎপিণ্ড বস্তু, এই ছয়প্রকার বস্তু সংগ্রহের বস্তু নামে বর্ণিত হয়।

কাম লোকে সেই সর্ব্বপ্রকার বস্তুরূপ লাভ করিতেছে।

পুনর্ব্বার রূপ লোকের বস্তুরূপ বর্ণনা করিতেছি। রূপ লোকে তিনপ্রকার ঘ্রাণাদি বস্তুরূপ নাই।

পুনর্ব্বার অরূপ লোক বর্ণণা করিতেছি। অরূপ লোকে সর্ব্বপ্রকার বস্তুরূপ বর্জ্জিত করিয়াছেন।

সেই পঞ্চবিজ্ঞান ধাতু যথাক্রমে একান্ত দ্বারা পঞ্চ প্রসাদ বস্তুরূপে আশ্রয় প্রবৃত্ত হয়।

---

* আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, ও চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, এই দ্বাদশপ্রকার লৌকিক কুশল চিত্ত।

† দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত বিনা অপর দশপ্রকার কুশল চিত্ত।

‡ আটপ্রকার শোভন কামাবচর ক্রিয়া চিত্ত, একপ্রকাব মনোদ্বারবর্জন চিত্ত ও চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, এই তেরপ্রকার ক্রিয়া চিত্ত।

§ একপ্রকার স্রোতাপত্তি চিত্ত বিনা অপর সাতপ্রকার লোকোত্তর চিত্ত।

পুনর্ব্বার মনোধাতু বর্ণনা করিতেছি। একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত ও দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, এই তিনপ্রকার চিত্তকে মনোধাতু নামে কথিত হয়, ইহা হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় প্রবৃত্ত হয়।

পুনর্ব্বার মনোবিজ্ঞান ধাতু বর্ণনা করিতেছি। পঞ্চ বিজ্ঞান ধাতু ও মনোধাতুর অবশেষ তিনপ্রকার স্থির চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, দুইপ্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার স্রোতপত্তি মার্গ-চিত্ত, একপ্রকার হাস্যুৎপত্তি চিত্ত, ও পনরপ্রকার রূপাবচর চিত্ত বশদ্বারা ত্রিশপ্রকার মনোবিজ্ঞান ধাতু বর্ণিত হয়, ইহা হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় প্রবৃত্ত হয়।

পুনর্ব্বার হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় বা অনাশ্রয় বর্ণনা করিতেছি। তিনপ্রকার স্থির চিত্ত, আটপ্রকার শোভন কামাবচর বিপাক চিত্ত, দুই-প্রকার প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত, একপ্রকার স্রোতাপত্তি মার্গচিত্ত, এক-প্রকার হাস্যুৎপত্তি চিত্ত, ও পনরপ্রকার রূপাবচর চিত্ত, এই ত্রিশপ্রকার চিত্তের অবশেষ দ্বাদশপ্রকার লৌকিক কুশল চিত্ত, দশপ্রকার অকুশল চিত্ত, তেরপ্রকার ক্রিয়া চিত্ত, এবং সাতপ্রকার লোকোত্তর চিত্ত বশদ্বারা বিয়াল্লিশপ্রকার মনোবিজ্ঞান ধাতু বর্ণিত হয়, ইহা হৃৎপিণ্ড বস্তুরূপে আশ্রয় বা অনাশ্রয় হইয়া প্রবৃত্ত হয়।

চারিপ্রকার অরূপ বিপাক চিত্ত বশদ্বারা চারিপ্রকার মনোবিজ্ঞান ধাতু চিত্ত ;— হৃৎপিণ্ড বস্তুরূপে অনাশ্রয় প্রবৃত্ত হয়।

## পালি।

ছবত্থুং নিস্সিতাকামে, সত্তরূপে চতুব্বিধা,
তিবত্থুং নিস্সিতারূপে, ধাত্বেকানিস্সিতামতা।
তেচত্তালীস নিস্সায়, দ্বেচত্তালীস জায়রে,
নিস্সায়চ অনিস্সায়, পাকারূপ্পা অনিস্সিতা।
ইতি অভিধম্মত্থ সঙ্গহে পকিণ্ণক সঙ্গহ
বিভাগো নাম ততিয়ো পরিচ্ছেদো।

## সান্বয়ার্থ।

(কামে) একাদশপ্রকার কামলোকে (ছবথুং) ছয়প্রকার বস্তুরূপ (নিস্‌সিতা) আশ্রিত হইয়া (সত্তবিঞ্‌ঞাণ ধাতুয়ো) সাতপ্রকার বিজ্ঞান ধাতু (মতা) আছে জানিও। (রূপে) অসংজ্ঞাসত্ব লোক বিনা অপর পনরপ্রকার রূপ লোকে (তিবথুং) তিনপ্রকার বস্তুরূপ (নিস্‌সিতা) আশ্রিত হইয়া (চতুব্বিধা বিঞ্‌ঞাণ ধাতুয়ো) চারিপ্রকার বিজ্ঞান ধাতু (মতা) আছে জানিও।

(অরূপে) চারিপ্রকার অরূপ লোকে (বথুং) বস্তুরূপ (অনিস্‌সিতা) অনাশ্রিত হইয়া (একাধাতু) একপ্রকার মনোবিজ্ঞান ধাতু (মতা) আছে জানিও। (তেচত্তালীস) তেতাল্লিশপ্রকার চিত্ত (বথুং) বস্তুরূপ (নিস্‌সায়) আশ্রয় (জায়রে) উৎপত্তি হয়। (দ্বেচতালীস) বিয়াল্লিশ-প্রকার চিত্ত (বথুং) বস্তুরূপ (নিস্‌সায়চ অনিস্‌সায় আশ্রয় বা অনাশ্রয় (জায়রে) উৎপত্তি হয়। (পাকারূপ্পা) চারিপ্রকার অরূপ বিপাক চিত্ত;-(বথুং) বস্তুরূপ (অনিস্‌সিতা) অনাশ্রিত হইয়া (জায়ন্তে) উৎপত্তি হইয়া থাকে। (ইতি অভিধম্মাথ সঙ্গহে) এই অভিধর্ম্মার্থ সংগ্রহের (পকিণ্ণক সঙ্গহ (বিভাগো নাম) প্রকীর্ণক সংগ্রহ বিভাগ নামক (ততিয়ো পরিচ্ছেদো) তৃতীয় পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

একাদশপ্রকার কামলোকে ছয়প্রকার বস্তুরূপ আশ্রিত হইয়া সাত-প্রকার বিজ্ঞান ধাতু আছে জানিও। অসংজ্ঞাসত্ব লোক বিনা অপর পনরপ্রকার রূপলোকে তিনপ্রকার বস্তুরূপ আশ্রিত হইয়া চারিপ্রকার বিজ্ঞান ধাতু আছে জানিও। চারিপ্রকার অরূপলোকে বস্তুরূপ অনা-শ্রিত হইয়া একপ্রকার মনোবিজ্ঞান ধাতু আছে জানিও। তেতাল্লিশ প্রকার চিত্ত বস্তুরূপ আশ্রয় উৎপত্তি হয়। বিয়াল্লিশপ্রকার চিত্ত বস্তুরূপ আশ্রয় বা অনাশ্রয় উৎপত্তি হয়। চারিপ্রকার অরূপ বিপাক চিত্ত;—বস্তু-রূপ অনাশ্রিত হইয়া উৎপত্তি হইয়া থাকে। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের প্রকীর্ণক সংগ্রহ বিভাগ নামক তৃতীয় পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

# চতুর্থ পরিচ্ছেদ।

## বীথি সংগ্রহ।

### পালি।

চিত্তুপ্পাদানমিচ্চেবং, কত্বাসঙ্গহ মুত্তরং,
ভূমি পুগ্‌গলভেদেন, পুব্বাপর নিয়ামিতং।
পবত্তি সঙ্গহং নাম, পটিসন্ধি পবত্তিয়ং,
পবক্‌খামি সমাসেন, য়থাসম্ভবতো কথং।

### সান্বয়ার্থ।

(চিত্তুপ্পাদানমিচ্চেবং) আমি এই চিত্ত ও চৈতসিক উৎপত্তি (কত্বা সঙ্গহ মুত্তরং) উত্তমরূপে প্রকীর্ণক সংগ্রহ করিয়া (পন ভুমিপুগ্‌গলভেদেন) পুনর্ব্বার ভুমি ও পুদগল প্রভেদ দ্বারা, (পুব্বাপর নিয়ামিতং) পূর্ব্ব চিত্ত ও পর চিত্তদ্বারা লক্ষিত (পটিসন্ধি পবত্তিয়ং) প্রতিসন্ধির সময় * ও প্রবৃত্তির সময়ের ‡ মধ্যে (পবত্তি সঙ্গহং নাম) প্রবৃত্তি বা বীথি নামক সংগ্রহ (সমাসেন) ব্যবহার করিয়া (য়থাসম্ভবতো) যথাসম্ভব (কথং পবক্‌খামি) কতপ্রকার বীথি সংগ্রহ বর্ণনা করিতেছি।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

আমি এই চিত্ত ও চৈতসিক উৎপত্তি উত্তমরূপে প্রকীর্ণ সংগ্রহ করিয়া পুনর্ব্বার ভূমি ও পুদগল প্রভেদ দ্বারা, পূর্ব্বচিত্ত ও পরচিত্ত দ্বারা লক্ষিত প্রতিসন্ধির সময় ও প্রবৃত্তির সময়ের মধ্যে প্রবৃত্তি নামক সংগ্রহ ব্যবহার করিয়া যথাসম্ভব কতপ্রকার বীথি বর্ণনা করিতেছি।

### পালি।

ছবত্থুনি ছদ্বারানিছ আলম্বণানি ছবিঞ্ঞাণানি ছবীথিয়ো ছধাবিসয় পবত্তি চেতি বীথি সঙ্গহে ছছক্কানি বেদিত-

---

* মরণ হইতে জন্মের সময় পর্য্যন্ত, এই প্রতিসন্ধির সময়।

‡ জন্ম হইতে মরণের সময় পর্য্যন্ত, এই প্রবৃত্তির সময়।

ব্বানি। বীথিমুত্তানং পন কম্ম কম্মনিমিত্ত গতি নিমিত্ত বসেনতিবিধা হোতি বিসয় পবত্তি। তত্থ বত্থুদ্বারালম্বণানি পুব্বেবুত্ত নয়ানেব। চক্খু বিঞ্ঞাণং সোত বিঞ্ঞাণং ঘান বিঞ্ঞাণং জিহ্বা বিঞ্ঞাণং কায়বিঞ্ঞাণং মনোবিঞ্ঞাণঞ্চেতি ছবিঞ্ঞাণানি। ছবীথিয়ো পন চক্খুদ্বার সোতদ্বার বীথি ঘানদ্বারবীথি জিহ্বাদ্বার বীথি কায়দ্বার বীথি মনোদ্বার বীথি চেতিদ্বার বসেনবা।

চক্খু বিঞ্ঞাণবীথি সোত বিঞ্ঞাণবীথি ঘান বিঞ্ঞাণবীথি জিহ্বা বিঞ্ঞাণবীথি কায় বিঞ্ঞাণবীথি মনোবিঞ্ঞাণ বীথি চেতি বিঞ্ঞাণ বসেনবা দ্বার পবত্তাচিত্ত পবত্তিয়ো য়োজেতব্বা। অতি মহন্তং মহন্তং পরিত্তং অতি পরিত্তঞ্চেতি পঞ্চদ্বারে মনোদ্বারে বিভূতম বিভূতঞ্চেতি ছধাবিসয় পবত্তি বেদিতব্বা।

## সান্বয়ার্থ।

(ছবত্থুনি) ছয়প্রকার বস্তু, (ছদ্বারানি) ছয়প্রকার দ্বার, (ছ আলম্বণানি) ছয়প্রকার অবলম্বন, (ছবিঞ্ঞাণানি) ছয়প্রকার বিজ্ঞান (ছবীথিয়োচ) ছয় প্রকার বীথি এবং (ছধাবিসয় পবত্তি) ছয়প্রকার বিষয় প্রবৃত্তি, (ইতি বীথি সঙ্গহে ছছক্কানি বেদিতব্বানি) এই ছয়প্রকার বীথি সংগ্রহ জানিও।

(পন) পুনর্ব্বার বীথি মুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। (বীথিমুত্তনং) উনিশপ্রকার বীথি মুক্ত চিত্ত;— (কম্ম কম্মনিমিত্ত গতি নিমিত্ত বসেন) কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতি নিমিত্ত বশদ্বারা (তিবিধা বিসয় পবত্তি হোতি) তিনপ্রকার বিষয় প্রবৃত্তি হয়।

(তত্থ বত্থুদ্বারালম্বণানি) সেই বস্তু, দ্বার ও অবলম্বন (পুব্বেবুত্তনয়ানেব) পূর্ব্বোক্ত প্রকীর্ণক পরিচ্ছেদ বর্ণিত হইয়াছে। (চক্খু বিঞ্ঞাণং) একপ্রকার চক্ষু বিজ্ঞান, (সোত বিঞ্ঞাণং) একপ্রকার শ্রবণ বিজ্ঞান, (ঘানবিঞ্ঞাণং) একপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, (জিহ্বা বিঞ্ঞাণং) একপ্রকার

জিহ্বা বিজ্ঞান, ( কায় বিঞ্ঞাণং ) একপ্রকার কায় বিজ্ঞান, ( মনো-বিঞ্ঞাণঞ্চ ) ও একপ্রকার মনোবিজ্ঞান, ( ইতি ছবিঞ্ঞাণানি ) এই ছয়প্রকার বিজ্ঞান।

( পন ) পুনর্ব্বার বীথি বর্ণনা করিতেছি। ( চক্খু দ্বার বীথি ) এক-প্রকার চক্ষুদ্বার বীথি, ( সোতদ্বার বীথি ) একপ্রকার শ্রবণদ্বার বীথি, ( ঘানদ্বার বীথি ) একপ্রকার ঘ্রাণদ্বার বীথি, ( জিহ্বাদ্বার বীথি ) এক প্রকার জিহ্বাদ্বার বীথি, ( কায়দ্বার বীথি ) একপ্রকার কায়দ্বার বীথি, ( মনোদ্বার বীথিচ ) এবং একপ্রকার মনোদ্বার বীথি, ( ইতি দ্বার বসেনবা ) এই দ্বার বশদ্বারা অথবা ( চক্খু বিঞ্ঞাণ বীথি ) একপ্রকার চক্ষু বিজ্ঞান বীথি, ( সোত বিঞ্ঞাণ বীথি ) একপ্রকার শ্রবণ বিজ্ঞান বীথি, ( ঘান বিঞ্ঞাণ বীথি ) একপ্রকার ঘ্রাণবিজ্ঞান বীথি, ( জিহ্বা বিঞ্ঞাণ বীথি ) একপ্রকার জিহ্বা বিজ্ঞান বীথি, ( কায় বিঞ্ঞাণ বীথি ) একপ্রকার কায় বিজ্ঞান বীথি, ( মনোবিঞ্ঞাণিচ ) ও একপ্রকার মনোবিজ্ঞান বীথি, ( ইতি বিঞ্ঞাণ বসেনবা ) এই ছয়প্রকার বিজ্ঞান বশ দ্বারা কিংবা (দ্বার পবত্তাচিত্তপ্পবত্তিয়ো য়োজেতব্বা) দ্বারের প্রবৃত্তচিত্ত প্রবৃত্তিতেদ্বারে সংযোগ হয়।

( অতি মহন্তং ) অতি মহৎ চিত্ত বীথি অবলম্বন উৎপত্তি, ( মহন্তং ) মহৎচিত্ত বীথি অবম্বলন উৎপত্তি, ( পরিত্তং ) ক্ষুদ্র চিত্তবীথি অবলম্বন উৎপত্তি ( অতি পরিত্তঞ্চ ) ও অতি ক্ষুদ্র চিত্ত বীথি অবলম্বন উৎপত্তি করে, ( ইতি পঞ্চদ্বারে ) এই চারিপ্রকার বিষয় প্রবৃত্তি পঞ্চদ্বারে অবলম্বন হয়।

( বিভূতং অবিভূতঞ্চ ) বোধ ও অবোধ ( ইতি ) এই দুইপ্রকার বিষয় প্রবৃত্তি ( মনোদ্বারে ) মনোদ্বারে অনুভব হইয়া থাকে, ( ইতি ) এই( ছধা বিসয়প্পবত্তি ) ছয়প্রকার বিষয় প্রবৃত্তি ( বেদিতব্বা ) জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

ছয়প্রকার বস্তু, ছয়প্রকার দ্বার, ছয়প্রকার অবলম্বন, ছয়প্রকার বিজ্ঞান, ছয়প্রকার বীথি এবং ছয়প্রকার বিষয় প্রবৃত্তি, এই ছয়প্রকার বীথি সংগ্রহ জানিও।

পুনর্ব্বার বীথি মুক্ত চিত্ত বর্ণনা করিতেছি। উনিশপ্রকার বীথি মুক্ত চিত্ত;—কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতি নিমিত্ত বশদ্বারা তিনপ্রকার বিষয় প্রবৃত্তি হয়।

সেই বস্তু, দ্বার ও অবলম্বন পূর্ব্বোক্ত প্রকীর্ণক পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে। একপ্রকার চক্ষু বিজ্ঞান, একপ্রকার শ্রবণ বিজ্ঞান, একপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, একপ্রকার জিহ্বা বিজ্ঞান, একপ্রকার কায় বিজ্ঞান ও একপ্রকার মনোবিজ্ঞান, এই ছয়প্রকার বিজ্ঞান।

পুনর্ব্বার বীথি বর্ণনা করিতেছি। একপ্রকার চক্ষুদ্বার বীথি, একপ্রকার শ্রবণদ্বার বীথি, একপ্রকার ঘ্রাণদ্বার বীথি, একপ্রকার জিহ্বাদ্বার বীথি, একপ্রকার কায়দ্বার বীথি, এবং একপ্রকার মনোদ্বার বীথি দ্বার বশদ্বারা অথবা একপ্রকার চক্ষু বিজ্ঞান বীথি, একপ্রকার শ্রবণ বিজ্ঞান বীথি, একপ্রকার ঘ্রাণ বিজ্ঞান বীথি, একপ্রকার জিহ্ব বিজ্ঞান বীথি, একপ্রকার কায়বিজ্ঞান বীথি, ও একপ্রকার মনোবিজ্ঞান বীথি, এই ছয়প্রকার বিজ্ঞান বশদ্বারা কিংবা দ্বারের প্রবৃত্ত চিত্ত প্রবৃত্ততে দ্বারে সংযোগ হয়।

অতি মহৎচিত্ত বীথি অবলম্বন উৎপত্তি, মহৎচিত্ত বীথি অবলম্বন উৎপত্তি, ক্ষুদ্রচিত্ত বীথি অবলম্বন উৎপত্তি ও অতি ক্ষুদ্রচিত্ত বীথি অবলম্বন উৎপত্তি করে, এই চারিপ্রকার বিষয় প্রবৃত্তি পঞ্চদ্বারে অবলম্বন হয়। বোধ ও অবোধ এই দুইপ্রকার বিষয় প্রবৃত্তি মনোদ্বারে অনুভব হইয়া থাকে। এই ছয়প্রকার বিষয় প্রবৃত্তি জানিও।

---

## অতি মহৎচিত্ত বীথি।

### পালি।

কথং, উপাদট্‌ঠিত্তি ভবাঙ্গ বসেন খণত্তয়ং একচিত্তকৃখণং নাম। তানিপন সত্তরস চিত্তকৃখণানিরূপ ধম্মানমায়ু। একচিত্তকৃখণাতীতানিবা বহু চিথকৃখণাতীতানি বাট্‌ঠিতি পত্তানেব পঞ্চালাম্বণানি পঞ্চদ্বারে আপাথমাগচ্ছন্তি। তস্মায়াদি একচিত্তকৃখণাতীতকং রূপারম্মণং চক্‌খুস্‌স আপথমা গচ্ছতি। ততোপর দ্বিক্‌খথুং ভবঙ্গে চলিতে ভবঙ্গ সোতং বোচ্ছিন্দিত্বাতমেব রূপারম্মণং অবজ্জন্তংপঞ্চদ্বারাবজ্জন চিত্তং উপজ্জিত্বানিরুজ ঝতি। তভোতস্‌ সানন্তরং।

তমেব রূপং পস্সন্তং চক্খু বিঞ্ঞাণং সম্পটিচ্ছন্তং সম্পটিচ্ছন চিত্তং সন্তীরণমানং সন্তীরণ চিত্তং ববোট্ঠবেবন্তং বোট্ঠব্বন চিত্তঞ্চেতি য়থাক্কমং উপজ্জিত্বা নিরুজ্ঝন্তি। ততোপরং একূনতিংস কামাবচর জবনেস্বয়ং কিঞ্চিলদ্ধ পচ্চয়ং য়েভুয়্যেসত্ত ক্খত্থুং জবতি। জবনানুবন্ধানিচ দ্বেতদালম্বণ পাকানি য়থারহং পবত্তন্তি। ততোপরং ভবঙ্গ পাতো।

## সান্বয়ার্থ।

( কথং বেদিতব্বা ) কি প্রকারে অতি মহৎচিত্ত বীথি জানিতে পারে? ( উপাদট্ঠিতি ভবঙ্গ বসেন ক্খণত্তয়ং ) উৎপত্তি ক্ষণ, স্থিতিক্ষণ ও ভবাঙ্গক্ষণ, এই তিনপ্রকার সূক্ষ্মক্ষণ বশদ্বারা ( একচিত্ত ক্খণং নাম ) একপ্রকার ক্ষণ নামক চিত্ত। ( পন ) পুনর্ব্বার রূপের আয়ু বর্ণনা করিতেছি। ( তানি ) সেই ( সত্তরস চিত্ত ক্খণানি ) সতরপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ ( রূপাধম্মনমায়ু) রূপ ধর্ম্মের আয়ু * হয়। ( একচিত্ত ক্খণাতীত তানিবা ) একক্ষণ চিত্তের সদৃশক্ষণ অতীত হইয়া বা ( বহূচিত্ত ক্খণাতীতানিবা ) বহুক্ষণ চিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া বা একপ্রকার ক্ষণচিত্ত, দুইপ্রকার ক্ষণচিত্ত, তিনপ্রকার ক্ষণচিত্ত, চারিপ্রকার ক্ষণচিত্ত, পাঁচপ্রকার ক্ষণচিত্ত, ছয়প্রকার ক্ষণচিত্ত, সাতপ্রকার ক্ষণচিত্ত আটপ্রকার ক্ষণচিত্ত, নয়প্রকার ক্ষণচিত্ত,দশপ্রকার ক্ষণচিত্ত, একাদশপ্রকার ক্ষণচিত্ত, দ্বাদশপ্রকার ক্ষণচিত্ত, তেরপ্রকার ক্ষণচিত্ত, চৌদ্দপ্রকার ক্ষণচিত্ত বা পনরপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া ( ট্ঠিতিপ্পত্তানেব ) স্থিতি প্রাপ্ত হওত [ পঞ্চদ্বারে ] পঞ্চদ্বারে [ পঞ্চালম্বণানি ] পঞ্চাব-

* জাতিরূপ, ও তিনপ্রকার লক্ষণরূপ বর্জ্জিত করিয়া অবশিষ্ট বাইশপ্রকাররূপ ধর্ম্মের আয়ু।

২১

লম্বন [ রূপ, শব্দ *, গন্ধ †, রস ‡, ও স্পর্শ §, এই পঞ্চাবলম্বন ] ( আপাথমা গচ্ছন্তি ) অনুভবের কারণ আগমন করে, (তস্ময়দি একচিত্ত কৃখণাতীতকং) যদি

---

* যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া শ্রবণ প্রসাদ ;—শব্দাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে শ্রবণ প্রসাদ শব্দ অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ-স্রোত ছেদন করতঃ সেই অবলম্বন শব্দ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চ-দ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বন শব্দ বন্ধন করিয়া শ্রবণ বিজ্ঞান শ্রবণ করে, সেই অবলম্বন শব্দ প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন শব্দ স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন শব্দ কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হইয়া থাকে, ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয়, তৎপর উনত্রিশ প্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবনচিত্ত অনেক প্রকার দ্বারা সেই অবলম্বন শব্দ প্রাপ্তের কারণ সাতবার জানিয়া থাকে ; সেই জবন চিত্তা-নুবন্ধন করিয়া আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার যথোপযুক্তমতে সেই অবলম্বন শব্দে প্রবৃত্ত হয়, তৎপর শ্রবণ-স্রোত ভবাঙ্গ পাত হইয়া থাকে।

† যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া ঘ্রাণ প্রসাদ ;—গন্ধাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে ঘ্রাণ প্রসাদ গন্ধ অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ স্রোত ছেদন করতঃ সেই অবলম্বন গন্ধ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বন গন্ধ বন্ধন করিয়া ঘ্রাণ বিজ্ঞান আঘ্রাণ করে, সেই অবলম্বন গন্ধ, প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন গন্ধ স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন গন্ধ কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হইয়া থাকে, ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয় ; তৎপর উনত্রিশপ্রকার কামা-বচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত অনেক প্রকার দ্বারা সেই অবলম্বন গন্ধ প্রাপ্তের কারণ সাতবার জানিয়া থাকে, সেই জবন চিত্তানুবন্ধন করিয়া আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার যথোপযুক্তমতে সেই অবলম্বন গন্ধে প্রবৃত্ত হয়, তৎপর আঘ্রাণ-স্রোত ভবাঙ্গ পাত হইয়া থাকে।

‡ যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া জিহ্বা প্রসাদ ;—রসাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে জিহ্বা প্রসাদ রস অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ-স্রোত ছেদন করতঃ সেই অবলম্বন রস বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বন রস বন্ধন করিয়া জিহ্বা বিজ্ঞান আস্বাদ

সেই একপ্রকার ক্ষণচিত্তে সদৃশ ক্ষণ অতীত হইয়া (রূপারম্মণং চক্খুসস) চক্ষু প্রসাদ;—রূপাবলম্বন (আপাথমাগচ্ছন্তি) অনুভবের কারণ আগমন করে; (এবংসতি) এইরূপে চক্ষু প্রসাদ রূপ অনুভব করিতে আগমন করিয়া থাকে। [ততোপরং] তৎপর [দ্বিক্খত্তুং ভবঙ্গ চলিতে] দুইবার ভবঙ্গ চলিতে (ভবঙ্গ সোতং বোচ্ছিন্দিত্বা) ভবাঙ্গ স্রোত ছেদন করতঃ (তমেবরূপারম্মণং) সেই অবলম্বন রূপ (আবজ্জন্তং) বিবেচনা করিতে (পঞ্চদ্বারা বজ্জনচিত্তং) পঞ্চদ্বারাবর্জন চিত্ত (উপ্পজ্জিত্বা) উৎপত্তি হইয়া (নিরুজ্ঝতি) নিরোধ হয়। (ততো) সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে (তস্সানন্তরং) তাহার পর (তমেবরূপং) সেই অবলম্বন রূপ বন্ধন করিয়া (পস্সন্তং চক্খু বিঞ্ঞাণং) চক্ষুবিজ্ঞান দৃষ্টি করে, (সম্পটিচ্ছন্তং) সেই অবলম্বন রূপ প্রতি গ্রহনের

---

করে, সেই অবলম্বন রস প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন রস স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বন রস কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হইয়া থাকে; ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয়, তৎপর উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত অনেক প্রকার দ্বারা সেই অবলম্বন রস প্রাপ্তের কারণ সাতবার জানিয়া থাকে; সেই জবন চিত্তানুবন্ধন করিয়া আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার যথোপযুক্তমতে সেই অবলম্বন রসে প্রবৃত্ত হয়, তৎপর আস্বাদ স্রোত ভবাঙ্গ পাত হইয়া থকে।

§ যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া কায় প্রসাদ;—স্পর্শাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে কায়প্রসাদ স্পর্শ অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ-স্রোত ছেদন করতঃ সেই অবলম্বন স্পর্শ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বন স্পর্শ বন্ধন করিয়া কায়বিজ্ঞান অনুভব করে, সেই অবলম্বন স্পর্শ প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্পর্শ স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন স্পর্শ কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হইয়া থাকে, ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয়, তৎপর উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত অনেক প্রকার দ্বারা সেই অবলম্বন স্পর্শ প্রাপ্তের কারণ সাতবার জানিয়া থাকে, সেই জবম চিত্তানু বন্ধন করিয়া আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার যথোপযুক্তমতে সেই অবলম্বন স্পর্শে প্রবৃত্ত হয়, তৎপর স্পর্শ অনুভব স্রোত ভবাঙ্গ পাত হইয়া থাকে।

সদৃশ ( সম্পটিচ্ছন চিত্তং ) সম্প্রতীষ চিত্ত হয়, ( সন্তীরণমানং ) সেই অবলম্বন রূপ স্থিরের সদৃশ ( সন্তীরণ চিত্তং ) স্থির চিত্ত হয়, ( চ ) এবং ( ববোট্‌ঠ-বেবন্তং ) সেই অবলম্বন রূপ কি প্রকার চিহ্নের সদৃশ ( বেট্‌ঠিব্বন চিত্তং ) সংলক্ষ চিত্ত হইয়া থাকে, ( ইতি ) ইহা ( যথাকমং ) যথাক্রমে ( উপ্পজ্জিত্বা ) উৎপত্তি হইয়া ( নিরুজ্জন্তি ) নিরোধ হয়, ( ততোপরং ) তৎপর ( একুনতিংস কামাবচর জবনেসু ) উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে ( যংকিঞ্চি ) কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত ( য়েভুয়্যেন ) অনেক প্রকার দ্বারা ( লদ্ধপচ্চয়ং ) সেই অবলম্বন রূপ লব্ধ প্রত্যয় বা প্রাপ্তের কারণ (সত্ত-কৃথথূং জবতি ) সাতবার জানিয়া থাকে। ( জবনানুবন্ধানি ) সেই জবন চিত্ত অনুবন্ধন করিয়া ( দ্বেতদালম্বণ পাকানি ) আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার ( যথারহং ) যথোপযুক্ত মতে সেই অবলম্বন রূপে ( পবত্তন্তি ) প্রবৃত্ত হয়, ( ততোপরং ) তৎপর ( ভবাঙ্গ পাতো হোতি ) [ দৃষ্টিস্রোত ] ভবাঙ্গ পাত হয়। *

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কি প্রকারে অতি মহৎচিত্ত বীথি জানিতে পারে? উৎপত্তি ক্ষণ, স্থিতি ক্ষণ, ও ভবাঙ্গক্ষণ, এই তিনপ্রকার সূক্ষ্মক্ষণ বশদ্বারা একপ্রকার ক্ষণ নামক চিত্ত। পুনর্ব্বার রূপের আয়ু বর্ণনা করিতেছি। সেই সতরপ্রকার ক্ষণ

---

* কোন একব্যক্তি আম্রবৃক্ষমূলে নিদ্রা যাইতেছে, সেই সময়ে বৃক্ষ হইতে একটা আম্রফল ভূমিতে পতিত হয়, সে ফলের শব্দ পাইয়া নিদ্রা হইতে জাগ্রৎ হয়, সেই সময়ে তাহার মুখের কাপড় ত্যাগ করিয়া চক্ষু উন্মীলন করতঃ সেই ফল দৃষ্টি করিয়াছিল, তাহার পর সে ঐ ফলটা গ্রহণ করিয়া হস্তের টিপদ্বারা তাহার গন্ধতানুভব করিয়াছিল। তৎ-পর সে ঐ ফল পরিভোগ করিয়া মুখের লালার সহিত গলাধঃ করে।

কোন একব্যক্তি আম্রবৃক্ষের মূলের নিকট নিদ্রা যাইতেছে, সেই সময়ের সদৃশ ভবাঙ্গ দ্রষ্টব্য হয়। সেই আম্রফল পতিত সময়ের সদৃশ অবলম্বন প্রসাদ সঙ্ঘটন দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি আম্রফলের শব্দে নিদ্রা হইতে জাগ্রৎ সময়ের সদৃশ অবর্জন চিত্ত দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি চক্ষু উন্মীলন করিয়া সেই ফলের দৃষ্টির সদৃশ চক্ষু বিজ্ঞান দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি সেই ফল হস্তে গৃহীতের সদৃশ সম্প্রতীষ চিত্ত দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি সেই ফল টিপের সদৃশ স্থিরচিত্ত দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি সেই ফল গন্ধ আঘ্রাণের সদৃশ সংলক্ষ চিত্ত দ্রষ্টব্য হয়। সে ব্যক্তি সেই ফল পরিভোগের সদৃশ জবন চিত্ত দ্রষ্টব্য হয়, এবং সে ব্যক্তি সেই ফল আহারের সদৃশ তদাবলম্বন চিত্ত দ্রষ্টব্য হয়।

চিত্তের সদৃশ ক্ষণ রূপ ধর্ম্মের আয়ু হয়। এতক্ষণ চিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া বা বহুক্ষণ চিত্তের সদৃশ ক্ষণ অতীত হওত কিংবা একপ্রকার ক্ষণ চিত্ত, দুইপ্রকার ক্ষণচিত্ত, তিনপ্রকার ক্ষণচিত্ত, চারিপ্রকার ক্ষণচিত্ত, পাঁচ-প্রকার ক্ষণচিত্ত, ছয়প্রকার ক্ষণচিত্ত, সাতপ্রকার ক্ষণচিত্ত, আটপ্রকার ক্ষণ-চিত্ত, নয়প্রকার ক্ষণচিত্ত, দশপ্রকার ক্ষণচিত্ত. একাদশপ্রকার ক্ষণচিত্ত, দ্বাদশ-প্রকার ক্ষণচিত্ত, তেরপ্রকাশ ক্ষণচিত্ত, চৌদ্দপ্রকার ক্ষণচিত্ত, বা পনরপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া স্থিতি প্রাপ্ত হওত পঞ্চদ্বারে পঞ্চাবলম্বন অনুভবের কারণ আগমন করে, যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া চক্ষুপ্রসাদ রূপাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে চক্ষু প্রসাদরূপ অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুই-বার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ স্রোত ছেদন করতঃ সেই অবলম্বনরূপ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বনরূপ বন্ধন করিয়া চক্ষুবিজ্ঞান দৃষ্টি করে, সেই অবলম্বনরূপ প্রতি গ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বনরূপ স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বনরূপ কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হইয়া থাকে, ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয়; তৎপর উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত অনেক প্রকার দ্বারা সেই অবলম্বনরূপ প্রাপ্তের কারণ সাতবার জানিয়া থাকে; সেই জবন চিত্তানুবন্ধন করিয়া আটপ্রকার তদাব-লম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত দুই-বার যথোপযুক্তমতে সেই অবলম্বনরূপে প্রবৃত্ত হয়, তৎপর ভবাঙ্গপাত হয়।

## পালি।

এত্তাবতাচুদ্দস বীথি চিত্তুপ্পাদাদ্বে ভবঙ্গ চলণানি পুব্বে-বাতীত কমেকচিত্ত ক্‌খণন্তি কত্বা সত্তরসচিত্ত ক্‌খণানি পরিপূরেন্তি। ততোপরং রূপারম্মণং নিরুজ্‌ঝতি। আলম্বণ মেতং অতি মহন্তং নাম গোচরং।

## সান্বয়ার্থ।

(এত্তাবতা) এতাবৎ (চুদ্দসবীথিচিত্ত প্পসা) চৌদ্দ প্রকার চিত্তবীথি * উৎপত্তি হয়, (দ্বেভবাঙ্গ চলনানি পুব্বেবাতীক চিত্ত কৃখণন্তি কত্বা) এবং ভবাঙ্গ দুইবার চলিবার পূর্ব্বে ক্ষণচিত্ত একবার উৎপত্তি হইয়া সত্তরসচিত্ত কৃখণানি পরিপুরেন্তি) সতর প্রকার ক্ষণচিত্ত পরিপূর্ণ হয়, (ততোপরং) তৎপর (রূপারম্মণং) রূপাবলম্বন (নিরুজ্জন্তি) নিরোধ হয়। (আলম্বণমেতং অতি মহন্তং নাম গোচরং) সেই অতি মহৎ নামক অবলম্বন গোচর হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

এতাবৎ চৌদ্দপ্রকার চিত্তবীথি উৎপত্তি হয়, এবং ভবাঙ্গ দুইবার চলিবার পূর্ব্বেক্ষণ চিত্ত একবার উৎপত্তি হইয়া সতরপ্রকার ক্ষণচিত্ত পরিপূর্ণ হয়, তৎপর রূপাবলম্বন নিরোধ হয়। সেই অতিমহৎ নামক অববম্বন গোচর হয়।

---

## মহৎচিত্ত বীথি।

## পালি।

য়াবতদালম্বণুপ্পদো পন অপ্পহোন্তাতীতকমা পাথমাগতং, আলম্বণং মহন্তং নাম, তত্থজবনাবসানে ভবঙ্গ পাতোহোতি, নত্থি তদালম্বণুপ্পাদো।

## সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার মহৎ চিত্তবীথি বর্ণনা করিতেছি। (য়াবতদালম্বণুপ্পাদো) অল্প অতীত অনুভব আগমন পর্যন্ত (আলম্বণং মহন্তং নাম) মহৎ নামক অবলম্বন হয় †। (তত্থ জবনাবসানে) সেই জবন চিত্তবীথি অবসানে (ভবঙ্গ-

---

* পঞ্চদ্বারাবর্জন চিত্ত একবার, চক্ষুবিজ্ঞান একবার, সম্প্রতীষ চিত্ত একবার, স্থিরচিত্ত একবার, সংলক্ষ চিত্ত একবার, কামাবচর জবনচিত্ত সাতবার, এবং তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার উৎপত্তি হয়, এই চৌদ্দপ্রকার চিত্তবীথি।

† যদি সেই এক প্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া চক্ষু প্রসাদ রূপাবলম্বন অনুভবের কারণআগমন করে, এইরূপে চক্ষু প্রসাদরূপ অনুভব করিতে আগমন করিয়া থাকে,

পাতহোতি ) ভবাঙ্গপাত হয়, ( নত্থি তদালম্বণুপ্পাদো ) এবং তদালম্বন চিত্তবীথি উৎপত্তি হয় না।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার মহৎ চিত্তবীথি বর্ণনা করিতেছি। অল্প অতীত অনুভব আগমন পর্য্যন্ত মহৎ নামক অবলম্বন হয়। সেই জবন চিত্তবীথি অবসানে ভবাঙ্গ পাত হয়, এবং তদালম্বন চিত্তবীথি উৎপত্তি হয় না।

---

## ক্ষুদ্র চিত্তবীথি।

য়াব জবনুপ্পাদাপি অপ্পহোন্তাতীত কমাপাথমাগতং আলম্বণং পরিত্তং নাম। তত্থ জবনম্পি অনুপ্পজ্জিত্বা দ্বিতিক্খত্থু বোট্ঠব্বনমেব পবত্তন্তি। ততোবং ভবঙ্গ পাতোবহোতি।

## সান্বয়ার্থ।

( জবনুপ্পাদোপি ) জবন চিত্তউৎপত্তি (য়াবঅপ্পহোন্তাতীত কমাপাথমাগতং) অল্প অতীত অনুভব আগমন পর্য্যন্ত ( আলম্বণং পরিত্তং নাম ) ক্ষুদ্র নামক অবলম্বন হয় *। ( তত্থ জবনংপি অনুপ্পজ্জিত্বা ) সেই জবন চিত্তবীথি অন-

---

তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গ স্রোত ছেদনকরতঃ সেই অবলম্বনরূপ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বনরূপ বন্ধন করিয়া চক্ষুবিজ্ঞান দৃষ্টি করে, সেই অবলম্বনরূপ প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বনরূপ স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বনরূপ কি প্রকার চিহ্নের সদৃশ সংলক্ষ চিত্ত হয়, ইহা যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধ হয়, তৎপর উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবনচিত্ত অবসানে ভবাঙ্গ পাত হয়।

এইরূপ শ্রবণ বিজ্ঞান, ঘ্রাণবিজ্ঞান, জিহ্বাবিজ্ঞান, কায়বিজ্ঞান, শব্দ, গন্ধ, রস, ও স্পর্শ অবলম্বন হয়।

* যদি সেই একপ্রকার ক্ষণচিত্তের সদৃশ ক্ষণ অতীত হইয়া চক্ষু প্রসাদ রূপাবলম্বন অনুভবের কারণ আগমন করে, এইরূপে চক্ষু প্রসাদরূপ অনুভব করিতে আগমন করিয়া থাকে, তৎপর দুইবার ভবাঙ্গ চলিতে ভবাঙ্গস্রোত ছেদন করতঃ সেই অবলম্বনরূপ বিবেচনা করিতে পঞ্চদ্বারাবর্জন চিত্ত উৎপত্তি হইয়া নিরোধ হয়। সেই পঞ্চদ্বারাবর্জন চিত্ত নিরোধ হইতে তাহার পর সেই অবলম্বনরূপ বন্ধন করিয়া চক্ষুবিজ্ঞান দৃষ্টি করে,

উৎপত্তি হইয়া ( দ্বিতিক্খত্থুং বোট্ঠব্বনমেব ) দুই বা তিনবার সংলক্ষ চিত্ত ( পবত্ততি ) প্রবৃত্ত হয়, [ ততোপর ভবাঙ্গ পাতোবহোতি ] তৎপর ভবাঙ্গ পাত হয়।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

জবন চিত্ত উৎপত্তি অল্প অতীত অনুভব আগমন পর্য্যন্ত ক্ষুদ্র নামক অবলম্বন হয়। সেই জবন চিত্তবাথি অন উৎপত্তি হইয়া দুই বা তিনবার সংলক্ষ চিত্ত প্রবৃত্ত হয় তৎপর ভবাঙ্গপাত হয়।

---

## অতি ক্ষুদ্রচিত্তবীথি।

## পালি।

য়াব বোট্ঠব্বনুপ্পাদাচ পন অপ্পহোন্তাতীত কমাপাথ-মাগতং নিরোধসন্নমালম্বণং অতি পরিত্তং নাম, তত্থ ভবঙ্গ চলনমেবহোতি, নত্থিবীথি চিত্তুপ্পাদো।

## সান্বয়ার্থ।

( পন ) পুনর্ব্বার মোঘবার বর্ণনা করিতেছি। ( বোট্ঠব্বনুপ্পাদা ) সংলক্ষচিত্ত উৎপত্তি ( য়াব অপ্পহোন্তাতীত কমাপাথমাগতং ) অল্প অতীত অনুভব আগমন পর্য্যন্ত ( নিরোধাসন্নমালম্বণং অতি পরিত্তং নাম ) অতি ক্ষুদ্র নামক নিরোধাসন্ন অবলম্বন হয়, ( তত্থ ভবঙ্গ চলনমেব হোতি ) সেই ভবাঙ্গ চলন হয়, ( চ ) এবং ( নত্থিবীথি চিত্তুপ্পাদো ) চিত্তবীথি উৎপত্তি হয় না।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার মোঘবার বর্ণনা করিতেছি। সংলক্ষচিত্ত উৎপত্তি অল্প অতীত অনুভব আগমন পর্য্যন্ত অতি ক্ষুদ্র নামক নিরোধাসন্ন অবলম্বন হয়, সেই ভবাঙ্গ চলন হয়, এবং চিত্তবীথি উৎপত্তি হয় না।

---

সেই অবলম্বনরূপ প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বনরূপ স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বনরূপে দুই বা তিনবার সংলক্ষ চিত্ত প্রবৃত্ত হয়, তৎপর ভবাঙ্গপাত হয়। এইরূপ শ্রবনবিজ্ঞান, ঘ্রাণবিজ্ঞান, জিহ্বাবিজ্ঞান, কায়বিজ্ঞান, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ অবলম্বন হয়।

## পালি।

ইচেচবং চক্‌খুদ্বারে তথা সোতদ্বারে তথাসোতদ্বারাদীসুচেতি। সব্বথাপি পঞ্চদ্বারে তদালম্বণ জবন বোট্‌ঠবন মোঘবার সঙখাতানং চতুন্নং বারনংয়থাক্কমং আলম্বণভূতাবিসয় পবত্তি চতুধাবেদিতব্বা।

## সান্বয়ার্থ।

( ইচেচবং ) এইরূপ ( চক্‌খুদ্বারে ) চক্ষুদ্বারে চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয়। ( তথাসোতদ্বারাদীসু ) সেই শ্রবণ দ্বারাদিতে [ শ্রবণদ্বার, ঘ্রাণদ্বার, জিহ্বাদ্বার, ও কায়দ্বার, এই শ্রবণদ্বারাদিতে ] চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয় (চ) এবং (সব্বথাপি) সর্ব্বপ্রকার (পঞ্চদ্বারে) পঞ্চদ্বারে (তদালম্বণ জবন বোট্‌ঠব্বন মোঘবার সঙখাতানং ) তদালম্বন চিত্তের বার, জবন চিত্তের বার, সংলক্ষ চিত্তের বার ও মোঘবার বর্ণিত হইয়াছে, ( ইতি চতুন্নং বারনং ) এই চারিপ্রকার বার ( য়থাক্কমং ) যথাক্রমে ( আলম্বণভুত ) অবলম্বন হইয়া ( বিসয় পবত্তিচাতুধা ) চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয়, ( বেদিতব্বা ) ইহা জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

এইরূপ চক্ষুদ্বারে চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয়। সেই শ্রবণদ্বারাদিতে, চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয়, এবং সর্ব্বপ্রকার পঞ্চদ্বারে তদালম্বন চিত্তের বার, জবন চিত্তের বার. সংলক্ষ চিত্তের বার ও মোঘবার বর্ণিত হইয়াছে; এই চারিপ্রকার বার যথাক্রমে অবলম্বন হইয়া চারিপ্রকার বিষয় প্রবৃত্তি হয়, ইহা জানিও।

## পালি।

বীথি চিত্তানি সত্তেব, চিত্তুপ্পাদা চতুদ্দস,
চতুপঞ্ঞাসবিত্থারা, পঞ্চদ্বারে য়থারহং।
অয়মেত্থ পঞ্চদ্বারে বীথিচিত্তপ্পবত্তি নয়ো।

২২

## সান্বয়ার্থ।

( পঞ্চদ্বারে য়থারহং ) পঞ্চদ্বারে যথোপযুক্তমতে ( বীথিচিত্তানি সত্তেব ) অবিশষদ্বারা সাতপ্রকার চিত্তবীথি উৎপত্তিমান * হয়, ( চিত্তুপ্পাদাচতুদ্দস ) সেই পঞ্চদ্বারেবিশেষদ্বারা চৌদ্দপ্রকারচিত্ত উৎপত্তি † হয়,(চতুপঞ্ঞাসবিত্থার') এবং সেই দ্বারে বিস্তার দ্বারা চুয়ান্নপ্রকার চিত্ত উৎপত্তি ‡ হয়। ( অয়মেত্থ ) এই ( পঞ্চদ্বারে বীথিচিত্ত ) পঞ্চদ্বারে চিত্তবীথি ( পবত্তি নয়ো ) প্রবৃত্তি নীতি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পঞ্চদ্বারে যথোপযুক্তমতে অবিশেদ্বারা সাতপ্রকার চিত্তবীথি উৎপত্তিমান হয়, সেই পঞ্চদ্বারে বিশেষদ্বারা চৌদ্দপ্রকার চিত্তবীথি উৎপত্তি হয়। এই পঞ্চদ্বারে চিত্তবীথি প্রবৃত্তি নীতি।

---

## মনোদ্বার চিত্তবীত্তি।

## পালি।

মনোদ্বারে পন য়দি বিভূতমালম্বণং আপথমাগচ্ছতি, ততোপর ভবঙ্গ চলন মনোদ্বারাবজ্জন জবনাবসানে তদালম্বণ পাকানি পবত্তন্তি, ততোপরং ভবঙ্গ পাতো। অবিভূতে পনালম্বণে জবনাবসানে ভবঙ্গ পাতোবহোতি, নত্থি তদালম্বণুপ্পাদোতি।

---

* একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত, একপ্রকার চক্ষু বিজ্ঞান, একপ্রকার সম্প্রতীষ চিত্ত, একপ্রকার স্থিরচিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, একপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং একপ্রকার তদাবলম্বন চিত্ত, এই সাতপ্রকার চিত্তবীথি।

† পঞ্চদ্বারাবর্জন চিত্ত একবার, চক্ষুবিজ্ঞান একবার, সম্প্রতীষ চিত্ত একবার, স্থির চিত্ত একবার, সংলক্ষ চিত্ত একবার, কামাবচর জবন চিত্ত সাতবার, এবং তদাবলম্বন বিপাক চিত্ত দুইবার, উৎপত্তি হয়, এই চৌদ্দবার চিত্ত উৎপত্তি হইয়া থাকে।

‡ একপ্রকার পঞ্চদ্বারাবর্জন চিত্ত, দুইপ্রকার চক্ষুবিজ্ঞান, দুইপ্রকার শ্রবণ বিজ্ঞান, দুইপ্রকার ঘ্রাণ বিজ্ঞান, দুইপ্রকার জিহ্বা বিজ্ঞান, দুইপ্রকার কায় বিজ্ঞান, দুইপ্রকার সম্প্রতীষ চিত্ত, তিনপ্রকার স্থির চিত্ত, একপ্রকার সংলক্ষ চিত্ত, ঊনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, এবং আটপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত, এই চুয়ান্নপ্রকার চিত্ত উৎপত্তি হয়।

## সান্বয়ার্থ।

( পন ) পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। ( য়দি মনোদ্বারে ) যদি মনোদ্বারে ( বিভূতমালম্বণং আপথমগচ্ছতি ) অতীতকাল ও অনাগত কালের বিষয় প্রবৃত্তি বোধ অবলম্বন অনুভব আগমন করে; ( ততোপরং ) তৎপর ( ভবঙ্গ চলন মনোদ্বারাবজ্জন জবনাবসানে ) ভবাঙ্গ চলন হওত মনোদ্বারাবর্জন চিত্ত একবার উৎপত্তি হইয়া উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত সেই বিষয় প্রবৃত্তিতে সাতবার জানিয়া অবসানে (তদালম্বণ পাকানি) একাদশপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত সেই বিষয় প্রবৃত্তিতে দুইবার প্রবৃত্ত হয়; ( ততোপরং ) তৎপর ( ভবঙ্গ পাতো হোতি ) ভবাঙ্গ পাত হয়। ( পন ) পুনর্ব্বার মনোদ্বারে অবোধ বর্ণনা করিতেছি। (অবিভূতে আলম্বণে ) মনোদ্বারে অবোধ অবলম্বন অনুভব আগমন করে, তৎপর ভবাঙ্গ চলন হওত মনোদ্বারাবর্জন চিত্ত একবার উৎপত্তি হইয়া ( জবনাবসানে ) উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত সাতবার জানিয়া অবসানে ( ভবঙ্গ পাতোব হোতি ) ভবাঙ্গ পাত হয়, এবং ( নত্থিতদালম্বণুপ্পাদোতি ) তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয় না। ইহা জানিও।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। যদি মনোদ্বারে অতীতকাল ও অনাগতকালের বিষয় প্রবৃত্তি বোধ অবলম্বন অনুভব আগমন করে, তৎপর ভবাঙ্গ চলন হওত মনোদ্বারাবর্জন চিত্ত একবার উৎপত্তি হইয়া উনত্রিশ প্রকার কামাবচর জবন চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত সেই বিষয় প্রবৃত্তিতে সাতবার জানিয়া অবসানে একাদশপ্রকার তদাবলম্বন বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার তদাবলম্বন বিপাক চিত্ত সেই বিষয় প্রবৃত্তিতে দুইবার প্রবৃত্ত হয়, তৎপর ভবাঙ্গ পাত হয়। পুনর্ব্বার মনোদ্বারে অবোধ বর্ণনা করিতেছি। মনোদ্বারে অবোধ অবলম্বন অনুভব আগমন করে, তৎপর ভবাঙ্গ চলন হওত মনোদ্বারাবর্জন চিত্ত একবার উৎপত্তি হইয়া উনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত সাতবার জানিয়া অবসানে ভবাঙ্গ পাত হয়, এবং তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয় না। ইহা জানিও।

## পালি।

বীথিচিত্তাণিতিণেব, চিত্তুপ্পাদাদসেরিত,
বিত্থারেন পনেত্থক, চত্তালীস বিভাবয়ে।
অয়মেত্থ পরিত্ত জবনবারো।

## সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। (এত্থ) এই মনোদ্বারে (বীথিচিত্তানিতিনেব) অবিশেষ দ্বারা তিনপ্রকার চিত্তবীথি উৎপত্তি হয় *. (চিত্তুপ্পাদাদসেরিতা) মনোদ্বারে বিশেষদ্বারা দশপ্রকার চিত্ত উৎপত্তি উক্ত হইয়াছে †, এবং মনোদ্বারে (বিত্থারনে) বিস্তারদ্বারা (একচত্তালীস বিভাবয়ে) একচল্লিশপ্রকার চিত্ত বিভাব হয় ‡, (অয়মেত্থ) এই (পরিত্ত জবনবারো) কামাবচর জবন চিত্তের বার বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার মনোদ্বার বর্ণনা করিতেছি। এই মনোদ্বারে অবিশেষদ্বারা তিনপ্রকার চিত্তবীথি উৎপত্তি হয়, মনোদ্বারে বিশেষদ্বারা দশপ্রকার চিত্ত উৎপত্তি উক্ত হইয়াছে, এবং মনোদ্বারে বিস্তার দ্বারা একচল্লিশপ্রকার চিত্ত বিভাব হয়। এই ক্ষুদ্র কামাবচর জবনচিত্তের বার বর্ণিত হইয়াছে।

---

## অর্পণ জবনচিত্ত বীথি।

## পালি।

অপ্পনা জবনবারে পন বিভূতাবিভূত ভেদোনত্থি। তথা-তদালম্বণুপ্পাদোচ। তত্থহিঞ্ঞাণ সম্পযুত্ত কামাবচর জবনা-

---

* মনোদ্বারাবর্জন চিত্ত, কামাবচর জবন চিত্ত ও তদাবলম্বন চিত্ত, এই তিনপ্রকার চিত্তবীথি উৎপত্তি হয়।

† মনোদ্বার চিত্ত একবার, কামাবচর জবন চিত্ত সাতবার, ও তদাবলম্বন চিত্ত দুই বার উৎপত্তি হয়, এই দশবার চিত্ত উৎপত্তি হয়।

‡ একপ্রকার মনোদ্বারাবর্জন চিত্ত, ঊনত্রিশপ্রকার কামাবচর জবন চিত্ত, ও একাদশ প্রকার তদাবলম্বন চিত্ত, এই একচল্লিশপ্রকার চিত্ত বিভাব হয়।

নমট্ঠন্নং অঞ্ঞতরস্মিং পরিকম্মোপচারানু লোম গোত্রভূ নামেন চতুক্খত্তুং তিক্খত্তুমেববা য়থাক্কমং উপজ্জিত্বা নিরুদ্ধানন্তরমেব য়থারহং চতুত্থং পঞ্চমং বা ছব্বিসতি মহাগ্গত লোকুত্তর জবনেসু য়থাভিনিহার বসেন য়ংকিঞ্চি জবনং অপ্পনাবীথি মোতরতি। ততোপরং অপ্পনা জবনাবসানে ভবঙ্গ পাতোব হোতি। তত্থসোমনস্স সহগত জবনানন্তরং অপ্পনাপি সোমনস্সসহগতাব পাটিকঙ্খিতব্বা। উপেক্খা সহগত জবনানন্তরং উপেক্খা সহগতাব। তত্থাপি কুসল জবনানন্তরং কুসল জবনঞ্চেব হেট্ঠিমঞ্চ ফলত্তয়মপ্পেতি। ক্রিয়া জবনানন্তরং ক্রিয়াজবনং অরহত্তফলঞ্চাতি।

দ্বত্তিংস সুখপুঞ্ঞম্হা, দ্বাদসো পেক্খকাপরং,
সুখিত ক্রিয়তো অট্ঠ, ছসম্ভোন্তি উপেক্খকা।
পুথুজ্জনানসেক্খানং, কামপুঞ্ঞতি হেতুতো,
তিহেতুকাম ক্রিয়তো, বিতরাগানমপ্পনা।
অয়মেত্থ মনোদ্বারে বীথি চিত্তপ্পবত্তি নয়ো।

## সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার অর্পণ জবন চিত্ত বর্ণনা করিতেছি। (অপ্পনাজবন বারে) অর্পণ জবন চিত্তের বারে বা পালাতে (বিভূতাবিভূত ভেদ নত্থি) বোধ ও অবোধ প্রভেদ নাই, (তথাতদালম্বনুপ্পাদো নত্থিচ) ও সেই জবন চিত্তের সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয় না। (তত্থ) সেই অর্পণ জবন চিত্তের বারে (ঞ্ঞাণ সম্পযুত্ত কামাবচর জবনানমট্ঠন্নং) আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের* মধ্যে (অঞ্ঞতরস্মিং) কোন

---

* চারিপ্রকার কামাবচর কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, ও চারিপ্রকার কামাবচর ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, এই আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত।

একপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ;—( পরিকম্মোপচারানু লোম গোত্রভু নামেন ) পরিকর্ম্ম, উপচার, অনুলোম ও গোত্রভু নাম * দ্বারা ( চতু কৃখথুং তিকৃখথূমেব্বা ) তিন বা চারিবার ( য়থাক্কমং ) যথাক্রমে (উপ্পজ্জিত্বা) উৎপত্তি হইয়া ( নিরুদ্ধানন্তরমেব ) নিরোধের পর অভিজ্ঞান পুদগলেরা ( য়থা-রহং ) যথোপযুক্তমতে ( চতুত্থং বা পঞ্চমং বা ) চারি বা পাঁচবার ( ছব্বিসতি মহগ্গত লোকুত্তর জবনেসু ) ছাব্বিশপ্রকার মহৎগত জবন চিত্ত ও লোকো-ত্তর জবন চিত্ত † ( য়থাভিনিহার বসেন ) যথোপযুক্তমতে অভিনিহার বা দৃঢ় সঙ্কল্প বশদ্বারা ‡ ( য়ংকিঞ্চি ) কোন একপ্রকার ( জবনং অপ্পনাবীথি ) অর্পণ জবন চিত্তবীথি ( ওত্তরতি ) অবতীর্ণ হয় ; ( ততোপরং ) ;তৎপর ( অপ্পনাবসানে ) অর্পণ জবন চিত্ত অবসানে ( ভবঙ্গ পাতোহোতি ) ভবাঙ্গ পাত হয়।

( তথ ) সেই অর্পণ জবন বারে সেই আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের § মধ্যে ( সোমনস্স সহগত জবনানন্তরং ) দুইপ্রকার কামা-বচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তি পর ( অপ্পনাপি সোমনস্স সহগতাব ) সেই

---

* প্রথমতঃ অর্পণ দ্বারা পরিকর্ম্মের প্রতি সংস্কার উৎপত্তি হয়, ইহা পরিকর্ম্ম নামে বর্ণিত হয়। তৎপর দ্বিতীয়তঃ অর্পণভাব নিকট হইয়াছে, ইহাকে উপচার নামে অভিহিত হয়। তৃতীয়তঃ পূর্ব্বোক্ত পরিকর্ম্মের উপর অর্পণদ্বারা অনুকূলের কারণ উৎপত্তি হয়, ইহাই অনুলোম নামে বর্ণিত হয়। চতুর্থতঃ পরীত্তগোত্র বা কামাবচর গোত্র ও পৃথগ্জন গোত্র জয় করিয়া মহৎগত গোত্র ও লোকোত্তর গোত্রের ভাব উৎপত্তি হয়, ইহাকে গোত্রভু নামে কথিত হয়।

† পাঁচপ্রকার রূপাবচর কুশল চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর ক্রিয়াচিত্ত, চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত ও আটপ্রকাল লোকোত্তর চিত্ত, এই ছাব্বিশপ্রকার মহৎগত চিত্ত ও লোকোত্তর জবন চিত্ত।

‡ রূপাবচর চিত্ত, অরূপাবচর চিত্ত, ও লোকোত্তর চিত্ত দৃঢ় সঙ্কল্প ধ্যান বা ভাবনা বশদ্বারা।

§ দুইপ্রকার কামাবচর কুশল সৌমনস্যের সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, দুইপ্রকার কামাবচর কুশল উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌম-নস্যের সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, এবং দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, এই আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত।

সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণ ভাব ( পটিকঙ্খিতব্বা ) প্রতি আকাঙ্খা করে। ( উপেক্খা হসগত জবনানন্তরং ) দুইপ্রকার কামাবচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ( অপ্পনাপি উপেক্খা সহগতাব ) সেই উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণভাব ( পটিকঙ্খিতাব্বা ) প্রতি আকাঙ্খা করে। ( তত্থাপি কুসল জবনান্তরং ) সেই চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্যবা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ( কুসল জবনঞ্চেব ) মহৎগত কুশল জবন চিত্ত, লোকোত্তর কুশল জবন চিত্ত, ( হেট্ঠিমং ) ও অর্হৎফল চিত্তের অধঃ ( ফলত্তয়ং ) তিন প্রকার লোকোত্তর ফল চিত্ত ( অপ্পতি ) অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। ( ক্রিয়াজবনানন্তরং ) সেই চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যবা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ( ক্রিয়াজবনং ) মহৎগত ক্রিয়া জবন চিত্ত, ( অরহত্ত ফলঞ্চ ) ও অর্হৎফল চিত্ত * (অপ্পতি) অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়, ( ইতি ) ইহা জানিও।

[ দ্বত্তিংস সুখপুঞ্ঞম্হাপরং ) দুইপ্রকার কামাবচর কুশল সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর বত্রিশপ্রকার সুখ

---

* বৌদ্ধ ধর্ম্ম গ্রন্থে নির্ব্বাণ লাভের চারিটী সোপান। ১ম স্রোতাপত্তি মার্গ, ২য় সকৃদাগামী মার্গ, ৩য় অনাগামী মার্গ ও ৪র্থ অর্হৎ মার্গ, এই নির্ব্বাণ লাভের চারিটী সোপান। প্রথমতঃ স্রোতাপত্তি মার্গ দর্শনের নামই দর্শন। অভিধর্ম্মের অর্থকথা অর্থসালিনী গ্রন্থমতে সেই মার্গ দর্শনই প্রথম নির্ব্বাণ দর্শন। সেই দর্শন জ্ঞানে গোত্রভূ উৎপত্তি হওয়া পর্য্যন্তই একমাত্র শুদ্ধ জ্ঞানময় "গোত্রবীথি" কিঞ্চিৎমাত্র প্রথম নির্ব্বাণকে দর্শন করে। কোন কর্ত্তব্য কৃত্য সম্পাদনেচ্ছু রাজ সমীপে আগত পুরুষ যেমন দূর হইতে রথ কিম্বা হস্তীস্কন্ধারূঢ় রাজাকে দেখিয়া সেই রাজা কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়াও স্বীয় কর্ত্তব্য কর্ম্মের বিষয় জানিও যেমন জানে না বলিয়া প্রকাশ করে। সেইরূপ প্রথম কিঞ্চিৎমাত্র নির্ব্বাণকে দেখিতে পাইয়াও "ক্লেশ" প্রহাণ রূপ কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান করিয়া শেষ মার্গত্রয়ের ভাবনা করিতে হইবে। কেন না নির্ব্বাণ জ্ঞান একমাত্র মার্গ ভাবনাতেই অবস্থিতি করে। শেষ মার্গত্রয় একমাত্র প্রথম মার্গের দ্বারাই দেখা যায়, সেই মার্গ ভাবেই তাহার উৎপত্তি হয়। ভাবনা ব্যতিরেকে কিঞ্চিৎ মাত্রও তাহা দেখা যায় না। সেই জন্যই তাহা ভাবনা নামে উক্ত হইয়াছে।

চিত্ত * হইতে (অপ্পনাসম্ভবন্তি) অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। (দ্বাদসোপেক্‌খকা পরং) দুইপ্রকার কামাবচর কুশল উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত † হইতে (অপ্পনাসম্ভবন্তি) অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। [সুখিত ক্রিয়তো অট্‌ঠ] দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখ চিত্ত ও লোকোত্তর সুখচিত্ত ‡ হইতে [অপ্পনাসম্ভবন্তি] অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। (ছসম্ভোন্তি উপেক্‌খকা] দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ছয়প্রকার উপেক্ষা চিত্ত § হইতে [অপ্পনাসম্ভবন্তি] অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়।

---

* চারিপ্রকার রূপাবচর কুশল ধ্যান চিত্ত [১] চারিপ্রকার স্রোতাপত্তি মার্গ ধ্যান চিত্ত, চারিপ্রকার স্রোতাপত্তি ফলধ্যান চিত্ত, চারিপ্রকার সকৃদাগামী মার্গ ধ্যান চিত্ত, চারিপ্রকার সকৃদাগামী ফল ধ্যান চিত্ত, চারিপ্রকার অনাগামী মার্গ ধ্যান চিত্ত, চারিপ্রকার অনাগামী ফল ধ্যান চিত্ত, এবং চারিপ্রকার অর্হৎ মার্গ ধ্যান চিত্ত, এই বত্রিশপ্রকার সুখ চিত্ত।

† একপ্রকার রূপাবচর কুশল পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, চারিপ্রকার অরূপাবচর কুশল চিত্ত, একপ্রকার স্রোতাপত্তি মার্গের রঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, একপ্রকার স্রোতাপত্তি ফলের পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, একপ্রকার সকৃদাগামী মার্গের পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, একপ্রকার সকৃদাগামী ফলের পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, একপ্রকার অনাগামী মার্গের পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, একপ্রকার অনাগামী ফলের পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত, এবং একপ্রকার অর্হৎ মার্গের পঞ্চমাবস্থাব ধ্যান চিত্ত, এই দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত।

‡ চারিপ্রকার রূপাবচর ক্রিয়া ধ্যান চিত্ত, [২] ও চারিপ্রকার অর্হৎ ফল ধ্যান চিত্ত, এই আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখচিত্ত ও লোকোত্তর চিত্ত।

§ একপ্রকার রূপাবচর ক্রিয়া উপেক্ষা ধ্যান চিত্ত, চারিপ্রকার অরূপাবচর ক্রিয়া চিত্ত, ও একপ্রকার অর্হৎ ফলের উপেক্ষা ধ্যান চিত্ত, এই ছয়প্রকার উপেক্ষা চিত্ত।

---

[১] বিতর্ক ধ্যান চিত্ত, বিচার ধ্যান চিত্ত, প্রীতি ধ্যান চিত্ত, ও সুখ ধ্যান চিত্ত, এই চারিপ্রকার ধ্যান চিত্ত।

[২] বিতর্ক ধ্যান চিত্ত, বিচার ধ্যান চিত্ত, প্রীতি ধ্যান চিত্ত, ও সুখ ধ্যান চিত্ত, এই চারিপ্রকার রূপাবচর ক্রিয়া ধ্যান চিত্ত।

( পুথজ্জনান সেক্খানং ) তিনজন অধঃ পৃথগ্‌জন শৈক্ষের * ( কাম-পুঞ্ঞ্‌ঞতি হেতুতো ) চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর † ভাবপ্রাপ্তির পর ( চতু চত্তালীস ) চুয়াল্লিশপ্রকার চিত্ত ‡ হইতে ( অপ্পনা সম্ভবন্তি ) অর্পণ জবনভাব সম্ভব উৎপত্তি করেন। ( বিতরাগানং ) অর্হন্তেরা, ( তিহেতুকাম ক্রিয়াতো ) চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তি পর ( চুদ্দস ) চৌদ্দপ্রকার চিত্ত § হইতে ( অপ্পনা সম্ভবন্তি ) অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করেন। ( অয়মেত্থ ) এই ( মনোদ্বারে ) মনোদ্বারে ( বীথি চিত্ত পবত্তিনয়ো ) চিত্তবীথি প্রবৃত্তি নীতি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার অর্পণ জবন চিত্ত বর্ণনা করিতেছি। অর্পণ জবন চিত্তের বারে বোধ ও অবোধ প্রভেদ নাই, ও সেই জবন চিত্তের সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয় না। সেই অর্পণ জবন চিত্তের বারে আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ;— পরিকর্ম্ম, উপচার, অনুলোম ও গোত্রভূ নামদ্বারা তিন বা চারিবার যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধের পর অভিজ্ঞান পুদ্গলেরা যথো-পযুক্ত মতে চারি বা পাঁচবার ছাব্বিশপ্রকার মহৎগত জবন চিত্ত ও লোকোত্তর জবন চিত্ত যথোপযুক্ত মতে অভিনিহার বশদ্বারা কোন একপ্রকার অর্পণ জবন চিত্ত বীথি অবতীর্ণ হয়; তৎপর অর্পণ জবন চিত্ত অবসানে ভবাঙ্গপাত হয়।

সেই অর্পণ জবন বারে সেই আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে দুইপ্রকার কামাবচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া

---

* একজন স্রোতাপত্তি ফলস্থ পুদ্গল, একজন সকৃদাগামী ফলস্থ পুদ্গল ও একজন অনাগামী ফলস্থ পুদ্গল, এই তিনজন অধঃ পৃথগ্‌জন শৈক্ষ।

† একপ্রকার অলোভ হেতু, একপ্রকার অদোষ হেতু ও একপ্রকার অমোহ হেতু, এই তিনপ্রকার হেতু।

‡ পূর্ব্বোক্ত বত্রিশপ্রকার সুখচিত্ত ও দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত, এই চুয়াল্লিশ-প্রকার চিত্ত।

§ আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখচিত্ত, ও ছয়প্রকার উপেক্ষা চিত্ত, এই চৌদ্দ-প্রকার চিত্ত।

সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর সেই সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণভাব প্রতি আকাঙ্ক্ষা করে। দুইপ্রকার কামাবচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর সেই উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণ ভাব প্রতি আকাঙ্ক্ষা করে। সেই চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবপ্রাপ্তির পর মহৎগত কুশল জবন চিত্ত, লোকোত্তর কুশল জবন চিত্ত ও অর্হৎফল চিত্তের অধঃ তিনপ্রকার লোকোত্তর ফলচিত্ত অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। সেই চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর মহৎগত ক্রিয়া জবন চিত্ত ও অর্হৎ ফলচিত্ত অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। ইহা জানিও।

দুইপ্রকার কামাবচর কুশল সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর বত্রিশপ্রকার সুখচিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর কুশল উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখচিত্ত ও লোকোত্তর সুখচিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ছয়প্রকার উপেক্ষা চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়।

তিনজন অধঃ পৃথগ্জন শৈক্ষেরা, চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তির পর চুয়াল্লিশপ্রকার চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করে না। অর্হন্তেরা, চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তি পর চৌদ্দপ্রকার চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করেন। এই মনোদ্বারে চিত্তবীথি প্রবৃত্তি নীতি।

---

## তদাবলম্বন চিত্তবীথি।

### পালি।

সব্বথাপি পনেত্থং অনিট্ঠে আলম্বণে অকুসল বিপাকানেব পঞ্চবিঞ্ঞাণ সম্পটিচ্ছন সন্তীরণ তদারম্মণানি। ইট্ঠে কুসল বিপাকানি। অতিইট্ঠে পন সোমনস্স সহগতানেব সন্তীরণ তদারম্মণানি। তত্থাপি সোমনস্স সহগত ক্রিয়া জবনাবসানে সোমনস্স সহগতানেব তদারম্মণানি ভবন্তি। উপেক্খা সহগত ক্রিয়া জবনাবসানেচ উপেক্খা সহগতানেব হোন্তি। দোমনস্স সহগত জবনা বসানে পন তদালম্বণানিচেব ভবঙ্গনিচ উপেক্খা সহগতানেব ভবন্তি। তস্মায়দি সোমনস্স পটিসন্ধি কস্স দোমনস্স সহগত জবনা বসানে তদালম্বণ সম্ভবোনত্থি। তদায়ংকিঞ্চি পরিচিত পুব্বং পরিত্তালম্বণ মারব্ভ উপেক্খা সহগত সন্তীরণং উপ্পজ্জতি! তমনন্তরিত্বা ভবঙ্গপাতোব হোত্তীতি বদন্তি আচরিয়া। তথা কামাবচর জবনা বসানে কামাবচর সত্তানং কামাবচর ধম্মে স্বেব আলম্বণভূতেসু তদালম্বণং ইচ্ছন্তীতি।

কামে জবন সত্তাল, স্বণানংনিয়মে সতি,
বিভূতেতি মহন্তেচ, তদালম্বণ মীরিতং।
অয়মেত্থ তদালম্বণ নিয়মো।

### সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার তদাবলম্বন চিত্তবীথি বর্ণনা করিতেছি। (এত্থ সব্বথাপি) এই সর্ব্বপ্রকার পঞ্চদ্বার ও মনোদ্বারের অতি মহৎ বিষয় প্রবৃত্তি

দ্বারা ইহা সর্ব্বপ্রকার বীথি সংগ্রহ পঞ্চদ্বার ও মনোদ্বারের ( অনিট্‌ঠে ) অনিচ্ছায় ( অকুসল বিপাকানেব ) অকুশল ফলে ( পঞ্চবিঞ্‌ঞাণ ) পঞ্চ বিজ্ঞান ( আলম্বণে ) অবলম্বন করে *, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ ( সম্পটিচ্ছন ) সম্প্‌্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ ( সন্তীরণ ) স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ ( তদালম্বণানি ) তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পঞ্চদ্বার ও মনোদ্বারের ( ইট্‌ঠে ) ইচ্ছায় ( কুসল বিপাকানি ) কুশল ফলে ( পঞ্চবিঞ্‌ঞাণ ) পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে †, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্‌্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্ব বিপাক চিত্ত হয়।

( পন ) পুনর্ব্বার অতি ইচ্ছাবলম্বন বর্ণনা করিতেছি। ( অতি ইট্‌ঠে আলম্বণে ) অতিইচ্ছায় বুদ্ধাদি অবলম্বনে ( সোমনস্‌স সহগত নেব সন্তীরণ তদালম্বণ ভবন্তি ) একপ্রকার তদাবলম্বন সৌমনস্তের সহিত স্থিরচিত্ত উৎপত্তি হয়।

( তথাপি ) সেই একাদশপ্রকার তদাবলম্বন চিত্তের মধ্যে ( সোমনস্‌স সহগত ক্রিয়া জবনাবসানে ) কামাবচর ক্রিয়া সৌমনস্তের সহিত জবন চিত্ত ‡, অবসানে ( সোমনস্‌স সহগতানেব তদালম্বণানি ভবন্তি ) সৌমনস্তের সহিত তদাবলম্বন চিত্ত § উৎপত্তি হয়। ( উপেক্‌খা সহগত ক্রিয়া জবনাবসানে )

---

* কুকুরেরা যেমন পঞ্চদ্বার ও মনোদ্বারের অনিচ্ছায় অকুশল ফলে পঞ্চবিজ্ঞান বিষ্ঠা ও পচাদ্রব্য প্রভৃতি আহার অবলম্বন করে, সেই আহার অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই আহার অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই আহার অবলম্বন গলা অধঃ করনেব সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

† মানবেরা যেমন পঞ্চদ্বার ও মনোদ্বারের ইচ্ছায় কুশল ফলে পঞ্চবিজ্ঞান পরিষ্কার বস্ত্র ও উত্তম বিছানা ব্যবহার বা সুখাদ্য আহার অবলম্বন করে, সেই আহার অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই আহার অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই আহার অবলম্ব্‌ন গলা অধঃ করনের সদৃশ তদাবলম্ব্‌ন বিপাক চিত্ত হয়।

‡ একপ্রকার সৌমনস্তের সহিত হাস্যুৎপত্তি চিত্ত, দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্তের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্তের সহিত জবন জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার জবন চিত্ত।

§ দুইপ্রকার তদাবলম্ব্‌ন বিপাক সৌমনস্তের সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্ব্‌ন বিপাক সৌমনস্তের সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

সেই কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন চিত্ত অবসানে (উপেক্খা সহগতানেব হোন্তি) উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত * উৎপত্তি হয়।

(পন) পুনর্ব্বার জবন চিত্ত দ্বারা তদাবলম্বন চিত্ত ও ভবাঙ্গ বর্ণনা করিতেছি। (দোমনস্স সহগত জবনাবসানে) দুইপ্রকার দৌর্ম্মনস্যের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে (উপেক্খা সহগতানেব তদালম্বণানিচেব) উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত † (ভবঙ্গানিচ ভবন্তি) ভবাঙ্গ হয়। (তস্মায়দি) যদি সেই (সোমনস্স পটিসন্ধি কস্স) সৌমনস্য প্রতিসন্ধির পুদ্গলেরা (দোমনস্স সহগত জবনাবসানে) দুইপ্রকার দৌর্ম্মনস্যের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে (তদালম্বণ সম্ভবো নত্থি) তদাবলম্বন চিত্ত সম্ভব উৎপত্তি করে না। (তদায়ংকিঞ্চি) সেই সময়ে কোন একপ্রকার (পরিচিত পুব্বং) পূর্ব্বের পরিচিত (পরিত্তালম্বণং) কাম অবলম্বনকে (আরব্ভ) অবলম্বন করিয়া (উপেক্খা সহগত সন্তীরণং উপ্পজ্জতি) উপেক্ষার সহিত স্থিরচিত্ত উৎপত্তি করে। (তমনন্তরিত্বা) সেই অনন্তর প্রত্যয় হইয়া (ভবঙ্গ পাতোব) ভবাঙ্গ পাত বা সোমনস্য ভবাঙ্গ পাত (হোতি) হয়। (ইতি) ইহা (আচরিয়া বদন্তি) অনুরুদ্ধা আচার্য্য বলিয়াছেন।

(তথা) সেই (কামাবচর জবনাবসানে) কামাবচর জবন চিত্ত অবসানে (কামাবচর সত্তানং) কামাবচর সত্ত্বেরা (কামাবচর ধম্মেস্বেব আলম্বণ ভূতেসু) কামাবচর ধর্ম্মাবলম্বন করিয়া (তদালম্বণং) তদাবলম্বন চিত্ত (ইচ্ছন্তি) ইচ্ছা করে। (ইতি বেদিতব্বং) ইহা জানিও।

(কামে জবন সত্তালম্বণানং) একাদশপ্রকার কাম ভূমি জবনের সত্ত্বেরা (বিভূতে) বোধ অবলম্বন, (অতি মহন্তেচ) অতি মহৎ অবলম্বন ও (তদালম্বণং) তদাবলম্বন, (ইরিতিতীহি নিয়মে ইচ্ছিতং আলম্বণানং সতি) এই তিনপ্রকার অবলম্বনের রীতি নিয়ম ইচ্ছা করে। (অমেথ) ইহাই (তদাবলম্বণ নিয়মো) তদাবলম্বন নিয়ম।

---

* দুইপ্রকার তদাববম্বন উপেক্ষার সহিত স্থিরচিত্ত, দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

† দুইপ্রকার তদাবলম্বন উপেক্ষার সহিত স্থিরচিত্ত, দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্বন উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

এই সর্ব্বপ্রকার পঞ্চদ্বার ও মনোদ্বারের অতি মহৎ বিষয় প্রবৃত্তি দ্বারা ইহা সর্ব্বপ্রকার বীথি সংগ্রহ পঞ্চদ্বার ও মনোদ্বারের অনিচ্ছায় অকুশল ফলে পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে. সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পঞ্চদ্বার ও মনোদ্বারের ইচ্ছায় কুশল ফলে পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পুনর্ব্বার অতি ইচ্ছাবলম্বন বর্ণনা করিতেছি। অতি ইচ্ছায় বুদ্ধাদি অবলম্বনে একপ্রকার তদাবলম্বন সৌমনস্যের সহিত স্থিরচিত্ত উৎপত্তি হয়।

সেই একাদশপ্রকার তদাবলম্বন চিত্তের মধ্যে কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয়। সেই কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন চিত্ত অবসানে উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয়।

পুনর্ব্বার জবন চিত্ত দ্বারা তদাবলম্বন চিত্ত ও ভবাঙ্গ বর্ণনা করিতেছি। সেই দুইপ্রকার দৌর্ম্মনস্যের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত ভবাঙ্গ হয়। যদি সেই সৌমনস্য প্রতিসন্ধির পুদ্গলেরা দুইপ্রকার দৌর্ম্মনস্যের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে তদাবলম্বন চিত্ত সম্ভব উৎপত্তি করে না। সেই সময়ে কোন একপ্রকার পূর্ব্বের পরিচিত কাম অবলম্বনকে অবলম্বন করিয়া উপেক্ষার সহিত স্থিরচিত্ত উৎপত্তি করে। সেই অনন্তর প্রত্যয় হইয়া ভবাঙ্গ পাত হয়। ইহা অনুরুদ্ধা আচার্য্য বলিয়াছেন।

সেই কামাবচর জবন চিত্ত অবসানে কামাবচর সত্ত্বেরা কামাবচর ধর্ম্মাবলম্বন করিয়া তদাবলম্বন চিত্ত ইচ্ছা করে। ইহা জানিও।

একাদশপ্রকার কাম ভূমি জবনের সত্ত্বেরা বোধ অবলম্বন; অতি মহৎ অবলম্বন ও তদাবলম্বন, এই তিনপ্রকার অবলম্বনের রীতি নিয়ম ইচ্ছা করে। ইহাই তদাবলম্বন নিয়ম।

## জবনচিত্তের বার।

### পালি।

জবনেসুচ পরিত্ত জবন বীথিয়ং কামাবচর জবনানি সত্তক্খত্তুং ছক্খত্তুমেব বাজবন্তি। মন্দপবত্তিয়ং পন মরণ কালাদীসু পঞ্চবারমেব। ভগবতো পন যমক পাটিহারিয় কালাদীসু লহু কপ্পবত্তিয়ং চত্তারি পঞ্চবা পচ্চবেক্খন চিত্তানি ভবন্তীতিপি বদন্তি। আদি কম্মিকস্স পন পঠম কপ্পনায়ং মহগ্গত জবনানি অভিঞ্ঞা জবনানি চ সব্বথাপি একবার-মেব জবন্তি। ততোপরং ভবঙ্গ পাতোব হোতি। চত্তারো পন মগ্গুপ্পাদা একচিত্তক্খণিকা। ততোপরং দ্বেতীণি ফল চিত্তানি যথারহং উপ্পজ্জন্তি। ততোপরং ভবঙ্গপাতো। নিরোধ সমাপত্তিকালে দ্বিক্খত্তুং চতুত্থা রূপ্পজবনং জবতি। ততোপরং নিরোধং ফুসতি। বুট্ঠান কালেচ অনাগামি ফলং বা অরহত্তফলং বা যথারহমেক বারং উপ্পজ্জিত্বা নিরুদ্ধে ভবঙ্গ পাতোব হোতি। সব্বথাপি সমাপত্তি বীথিয়ং ভবঙ্গ সোতো বিয় বীথি নিয়মো নত্থীতি কত্বা বহুনিপি লব্ভন্তীতি।

সত্তক্খত্তুং পরিত্তানি, মগ্গাভিঞ্ঞা সকিংমতা,
অবসেসানি লব্ভন্তি, জবনানি বহুনিপি।
অয়মেত্থ জবননিয়মো।

### সান্বয়ার্থ।

( জবতেসু ) পঞ্চান্নপ্রকার জবন চিত্তের মধ্যে ( পরিত্ত জবন বীথিয়ং ) কামাবচর জবন চিত্ত বীথির ( কামাবচর জবনানি ) কামাবচর জবন চিত্ত ( সত্তক্খত্তুং বা ছক্খত্তুমেববা ) ছয় বা সাতবার ( জবন্তি ) জানিয়া থাকে।

( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( মন্দপ্পবত্তিয়ং মরণ কালা-দীসু ) মরণ কালে হৃৎপিণ্ড বস্তুরূপ দুর্ব্বলের কারণ মন্দপ্রবৃত্তি হইয়া

(পঞ্চবারমেব) কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত পাঁচবার জানিয়া থাকে।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। কোন ব্যক্তি বৃক্ষ হইতে পতনের সময়ে, জলে নিমগ্নের সময়ে বা মুর্চ্ছার সময়ে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত ছয়বার জানিয়া থাকে। (ভগবোত) ভগবান (যমক পাটিহারিয় কালাদীসু) সংযম প্রতিহার্য্য কালাদিতে বা ধ্যান পরিত্যাগের সময়ে (লহুক পবত্তিয়ং চিত্তানি) কোন একপ্রকার জবন চিত্ত লঘু প্রবৃত্তি করিয়া (চত্তারিপঞ্চ বা) চারি বা পাঁচবার (পচ্চবেক্খণ ভবন্তি) প্রত্যবেক্ষণ করিয়া থাকেন। (ইতিপি আচরিয়া বদান্তি) ইহা অর্থ কথার আচার্য্য বর্ণনা করিয়াছেন।

(পন) পুনর্ব্বার মহৎগত জবন চিত্ত বর্ণনা করিতেছি। (আদি কম্মিকস্স) আদি কর্ম্মস্থান ধ্যানের পুদ্গলেরা (পঠম কপ্পনায়ং) প্রথম অর্পণ ভাব উৎপত্তি করিয়া (মহগ্গত জবনানি) মহৎগত জবন চিত্ত (একবারমেব জবন্তি) একবার জানিয়া থাকে। (অভিঞ্ঞা জবনানি) অভিজ্ঞান জবন চিত্ত (সব্বথাপি) সর্ব্বপ্রকারে (একবারমেব জবন্তি) একবার জানিয়া থাকে, (ততোপরং) তৎপর (ভবঙ্গ পাতোহোতি) ভবাঙ্গ পাত হয়।

(পন) পুনর্ব্বার লোকোত্তর জবন চিত্ত বর্ণনা করিতেছি। (চত্তারোমগ্গচিত্তুপ্পাদা) চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত উৎপত্তি হয়, (একচিত্তক্খণিকা) সেই মার্গ চিত্তের ভাব এক ক্ষণচিত্ত স্থিত থাকিয়া নিরোধ হয়। (ততোপরং) তৎপর (দ্বেতিণি ফল চিত্তানি) লোকোত্তর ফলচিত্ত দুই বা তিনবার (য়থারহং উপ্পজ্জন্তি) যথোপযুক্ত মতে উৎপত্তি হইয়া নিরোধ হয়, (ততোপরং ভবঙ্গ পাতোবহোতি) তৎপর ভবাঙ্গ পাত হয়।

(নিরোধ সমাপত্তি কালে) অর্হন্তেরা সমাপত্তি ধ্যান নিরোধের সময়ে (চতুত্থারূপ্পজবনং) চতুর্থাবস্থার অরূপাবচর জবন চিত্ত * (দ্বিক্খত্থুং জবতি) দুইবার জানিয়া থাকে, (ততোপরং) তৎপর (নিরোধং ফুসতি) স্পর্শ † নিরোধ হয়, (বুট্ঠান কালেচ) এবং সেই নিরোধ হইতে উত্থানের সময়ে (অনাগামিফলং বা অরহত্ত ফলং বা) অনাগামী ফলচিত্ত বা অর্হৎ

---

* একপ্রকার অরূপাবচর কুশল জবন নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত ও একপ্রকার অরূপাবচর ক্রিয়া জবন নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

† চিত্ত, চৈতসিক ও চিত্তজরূপ।

( পুথজ্জনান সেক্খানং ) তিনজন অধঃ পৃথগ্জন শৈক্ষের * ( কাম-পুঞ্ঞ্ঞ্তি হেতুতো ) চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর † ভাবপ্রাপ্তির পর ( চতু চত্তালীস ) চুয়াল্লিশপ্রকার চিত্ত ‡ হইতে ( অপ্পনা সম্ভবন্তি ) অর্পণ জবনভাব সম্ভব উৎপত্তি করেন। ( বিতরাগানং ) অর্হন্তেরা, ( তিহেতুকাম ক্রিয়াতো ) চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তি পর ( চুদ্দস ) চৌদ্দপ্রকার চিত্ত § হইতে ( অপ্পনা সম্ভবন্তি ) অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করেন। ( অয়মেথ ) এই ( মনোদ্বারে ) মনোদ্বারে ( বীথি চিত্ত পবত্তিনয়ো ) চিত্তবীথি প্রবৃত্তি নীতি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার অর্পণ জবন চিত্ত বর্ণনা করিতেছি। অর্পণ জবন চিত্তের বারে বোধ ও অবোধ প্রভেদ নাই, ও সেই জবন চিত্তের সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয় না। সেই অর্পণ জবন চিত্তের বারে আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে কোন একপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ;— পরিকর্ম্ম, উপচার, অনুলোম ও গোত্রভূ নামদ্বারা তিন বা চারিবার যথাক্রমে উৎপত্তি হইয়া নিরোধের পর অভিজ্ঞান পুদ্গলেরা যথোপযুক্ত মতে চারি বা পাঁচবার ছাব্বিশপ্রকার মহৎগত জবন চিত্ত ও লোকোত্তর জবন চিত্ত যথোপযুক্ত মতে অভিনিহার বশদ্বারা কোন একপ্রকার অর্পণ জবন চিত্ত বীথি অবতীর্ণ হয়; তৎপর অর্পণ জবন চিত্ত অবসানে ভবাঙ্গপাত হয়।

সেই অর্পণ জবন বারে সেই আটপ্রকার কামাবচর জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের মধ্যে দুইপ্রকার কামাবচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া

---

* একজন স্রোতাপত্তি ফলস্থ পুদ্গল, একজন সকৃদাগামী ফলস্থ পুদ্গল ও একজন অনাগামী ফলস্থ পুদ্গল, এই তিনজন অধঃ পৃথগ্জন শৈক্ষ।

† একপ্রকার অলোভ হেতু, একপ্রকার অদোষ হেতু ও একপ্রকার অমোহ হেতু, এই তিনপ্রকার হেতু।

‡ পুর্ব্বোক্ত বত্রিশপ্রকার সুখচিত্ত ও দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত, এই চুয়াল্লিশ-প্রকার চিত্ত।

§ আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখচিত্ত, ও ছয়প্রকার উপেক্ষা চিত্ত, এই চৌদ্দ-প্রকার চিত্ত।

২৩

সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর সেই সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণভাব প্রতি আকাঙ্ক্ষা করে। দুইপ্রকার কামাবচর কুশল বা দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর সেই উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত অর্পণ ভাব প্রতি আকাঙ্ক্ষা করে। সেই চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবপ্রাপ্তির পর মহৎগত কুশল জবন চিত্ত, লোকোত্তর কুশল জবন চিত্ত ও অর্হৎফল চিত্তের অধঃ তিনপ্রকার লোকোত্তর ফলচিত্ত অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। সেই চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর মহৎগত ক্রিয়া জবন চিত্ত ও অর্হৎ ফলচিত্ত অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। ইহা জানিও।

দুইপ্রকার কামাবচর কুশল সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর বত্রিশপ্রকার সুখচিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর কুশল উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর দ্বাদশপ্রকার উপেক্ষা চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর আটপ্রকার মহৎগত ক্রিয়া সুখচিত্ত ও লোকোত্তর সুখচিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়। দুইপ্রকার কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাব প্রাপ্তির পর ছয়প্রকার উপেক্ষা চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি হয়।

তিনজন অধঃ পৃথগ্‌জন শৈক্ষেরা, চারিপ্রকার কামাবচর কুশল সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তির পর চুয়াল্লিশপ্রকার চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করে না। অর্হন্তেরা, চারিপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্য বা উপেক্ষা জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের সহিত তিনপ্রকার হেতুর ভাব প্রাপ্তি পর চৌদ্দপ্রকার চিত্ত হইতে অর্পণ জবন ভাব সম্ভব উৎপত্তি করেন। এই মনোদ্বারে চিত্তবীথি প্রবৃত্তি নীতি।

## তদাবলম্বন চিত্তবীথি।

### পালি।

সব্বথাপি পনেত্থং অনিট্ঠে আলম্বণে অকুসল বিপাকানেব পঞ্চবিঞ্ঞাণ সম্পটিচ্ছন সন্তীরণ তদারম্মণানি। ইট্ঠে কুসল বিপাকানি। অতিইট্ঠে পন সোমনস্স সহগতানেব সন্তীরণ তদারম্মণানি। তত্থাপি সোমনস্স সহগত ক্রিয়া জবনাবসানে সোমনস্স সহগতানেব তদারম্মণানি ভবন্তি। উপেক্খা সহগত ক্রিয়া জবনাবসানেচ উপেক্খা সহগতানেব হোন্তি। দোমনস্স সহগত জবনাবসানে পন তদালম্বণানিচেব ভবঙ্গনিচ উপেক্খা সহগতানেব ভবন্তি। তস্মায়দি সোমনস্স পটিসন্ধি কস্স দোমনস্স সহগত জবনা বসানে তদালম্বণ সম্ভবোনত্থি। তদায়ংকিঞ্চি পরিচিত পুব্বং পরিত্তালম্বণ মারব্ভ উপেক্খা সহগত সন্তীরণং উপ্পজ্জতি। তমনন্তরিত্বা ভবঙ্গপাতোব হোতীতি বদন্তি আচরিয়া। তথা কামাবচর জবনা বসানে কামাবচর সত্তানং কামাবচর ধম্মে স্বেব আলম্বণভূতেস্থ তদালম্বণং ইচ্ছন্তীতি।

কামে জবন সত্তাল, ম্বণানংনিয়মে সতি,
বিভূতেতি মহন্তেচ, তদালম্বণ মীরিতং।
অয়মেত্থ তদালম্বণ নিয়মো।

### সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার তদাবলম্বন চিত্তবীথি বর্ণনা করিতেছি। (এত্থ সব্বথাপি) এই সর্ব্বপ্রকার পঞ্চদ্বার ও মনোদ্বারের অতি মহৎ বিষয় প্রবৃত্তি

দ্বারা ইহা সর্ব্বপ্রকার বীথি সংগ্রহ পঞ্চদ্বার ও মনোদ্বারের ( অনিট্ঠে ) অনিচ্ছায় ( অকুসল বিপাকানেব ) অকুশল ফলে ( পঞ্চবিঞ্ঞাণ ) পঞ্চ বিজ্ঞান ( আলম্বণে ) অবলম্বন করে*, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ ( সম্পটিচ্ছন ) সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ ( সন্তীরণ ) স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ ( তদালম্বণানি ) তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পঞ্চদ্বার ও মনোদ্বারের ( ইট্ঠে ) ইচ্ছায় ( কুসল বিপাকানি ) কুশল ফলে ( পঞ্চবিঞ্ঞাণ ) পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে†, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্ব বিপাক চিত্ত হয়।

( পন ) পুনর্ব্বার অতি ইচ্ছাবলম্বন বর্ণনা করিতেছি। ( অতি ইট্ঠে আলম্বণে ) অতিইচ্ছায় বুদ্ধাদি অবলম্বনে ( সোমনস্স সহগত নেব সন্তীরণ তদালম্বণ ভবন্তি ) একপ্রকার তদাবলম্বন সৌমনস্যের সহিত স্থিরচিত্ত উৎপত্তি হয়।

( তথাপি ) সেই একাদশপ্রকার তদাবলম্বন চিত্তের মধ্যে ( সোমনস্স সহগত ক্রিয়া জবনাবসানে ) কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন চিত্ত ‡, অবসানে ( সোমনস্স সহগতানেব তদালম্বণানি ভবন্তি ) সৌমনস্যের সহিত তদাবলম্বন চিত্ত § উৎপত্তি হয়। ( উপেক্খা সহগত ক্রিয়া জবনাবসানে )

---

* কুক্কুরেরা যেমন পঞ্চদ্বার ও মনোদ্বারের অনিচ্ছায় অকুশল ফলে পঞ্চবিজ্ঞান বিষ্ঠা ও পচাদ্রব্য প্রভৃতি আহার অবলম্বন করে, সেই আহার অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই আহার অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই আহার অবলম্বন গলা অধঃ করনেব সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

† মানবেরা যেমন পঞ্চদ্বার ও মনোদ্বারের ইচ্ছায় কুশল ফলে পঞ্চবিজ্ঞান পরিষ্কার বস্ত্র ও উত্তম বিছানা ব্যবহার বা সুখাদ্য আহার অবলম্বন করে, সেই আহার অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই আহার অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই আহার অবলম্ব্ন গলা অধঃ করনের সদৃশ তদাবলম্ব্ন বিপাক চিত্ত হয়।

‡ একপ্রকার সৌমনস্যের সহিত হাস্যুৎপত্তি চিত্ত, দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার কামাবচর ক্রিয়া সৌমনস্যের সহিত জবন জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার জবন চিত্ত।

§ দুইপ্রকার তদাবলম্ব্ন বিপাক সৌমনস্যের সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্ব্ন বিপাক সৌমনস্যের সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

সেই কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন চিত্ত অবসানে (উপেক্খা সহগতানেব হোন্তি) উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত * উৎপত্তি হয়।

(পন) পুনর্ব্বার জবন চিত্ত দ্বারা তদাবলম্বন চিত্ত ও ভবাঙ্গ বর্ণনা করিতেছি। (দোমনস্স সহগত জবনাবসানে) দুইপ্রকার দৌর্ম্মনস্তের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে (উপেক্খা সহগতানেব তদালম্বণানিচেব) উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত † (ভবঙ্গানিচ ভবন্তি) ভবাঙ্গ হয়। (তস্মায়দি) যদি সেই (সোমনস্স পটিসন্ধি কস্স) সৌমনস্য প্রতিসন্ধির পুদ্গলেরা (দোমনস্স সহগত জবনাবসানে) দুইপ্রকার দৌর্ম্মনস্তের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে (তদালম্বণ সম্ভবো নথি) তদাবলম্বন চিত্ত সম্ভব উৎপত্তি করে না। (তদায়ংকিঞ্চি) সেই সময়ে কোন একপ্রকার (পরিচিত পুব্বং) পূর্ব্বের পরিচিত (পরিত্তালম্বণং) কাম অবলম্বনকে (আরব্ভ) অবলম্বন করিয়া (উপেক্খা সহগত সন্তীরণং উপ্পজ্জতি) উপেক্ষার সহিত স্থিরচিত্ত উৎপত্তি করে। (তমনন্তরিত্বা) সেই অনন্তর প্রত্যয় হইয়া (ভবঙ্গ পাতোব) ভবাঙ্গ পাত বা সৌমনস্য ভবাঙ্গ পাত (হোতি) হয়। (ইতি) ইহা (আচরিয়া বদন্তি) অনুরুদ্ধ আচার্য্য বলিয়াছেন।

(তথা) সেই (কামাবচর জবনাবসানে) কামাবচর জবন চিত্ত অবসানে (কামাবচর সত্তনং) কামাবচর সত্ত্বেরা (কামাবচর ধম্মেস্বেব আলম্বণ ভূতেসু) কামাবচর ধর্ম্মাবলম্বন করিয়া (তদালম্বণং) তদাবলম্বন চিত্ত (ইচ্ছন্তি) ইচ্ছা করে। (ইতি বেদিতব্বং) ইহা জানিও।

(কামে জবন সত্তালম্বণানং) একাদশপ্রকার কাম ভূমি জবনের সত্ত্বেরা (বিভূতে) বোধ অবলম্বন, (অতি মহন্তেচ) অতি মহৎ অবলম্বন ও (তদালম্বণং) তদাবলম্বন, (ইরিতিতীহি নিয়মে ইচ্ছিতং আলম্বণানং সতি) এই তিনপ্রকার অবলম্বনের রীতি নিয়ম ইচ্ছা করে। (অমেথ) ইহাই (তদাবলম্বণ নিয়মো) তদাবলম্বন নিয়ম।

---

* দুইপ্রকার তদাবলম্বন উপেক্ষার সহিত স্থিরচিত্ত, দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

† দুইপ্রকার তদাবলম্বন উপেক্ষার সহিত স্থিরচিত্ত, দুইপ্রকার তদাবলম্বন বিপাক উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার তদাবলম্বন উপেক্ষার সহিত জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

এই সর্ব্বপ্রকার পঞ্চদ্বার ও মনোদ্বারের অতি মহৎ বিষয় প্রবৃত্তি দ্বারা ইহা সর্ব্বপ্রকার বীথি সংগ্রহ পঞ্চদ্বার ও মনোদ্বারের অনিচ্ছায় অকুশল ফলে পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থিরচিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পঞ্চদ্বার ও মনোদ্বারের ইচ্ছায় কুশল ফলে পঞ্চ বিজ্ঞান অবলম্বন করে, সেই অবলম্বন প্রতিগ্রহণের সদৃশ সম্প্রতীষ চিত্ত হয়, সেই অবলম্বন স্থিরের সদৃশ স্থির চিত্ত হয়, এবং সেই অবলম্বন ভোগ করনের সদৃশ তদাবলম্বন বিপাক চিত্ত হয়।

পুনর্ব্বার অতি ইচ্ছাবলম্বন বর্ণনা করিতেছি। অতি ইচ্ছায় বুদ্ধাদি অবলম্বনে একপ্রকার তদাবলম্বন সৌমনস্তের সহিত স্থিরচিত্ত উৎপত্তি হয়।

সেই একাদশপ্রকার তদাবলম্বন চিত্তের মধ্যে কামাবচর ক্রিয়া সৌমনস্তের সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয়। সেই কামাবচর ক্রিয়া উপেক্ষার সহিত জবন চিত্ত অবসানে উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত উৎপত্তি হয়।

পুনর্ব্বার জবন চিত্ত দ্বারা তদাবলম্বন চিত্ত ও ভবাঙ্গ বর্ণনা করিতেছি। সেই দুইপ্রকার দৌর্ম্মনস্তের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে উপেক্ষার সহিত তদাবলম্বন চিত্ত ভবাঙ্গ হয়। যদি সেই সৌমনস্ত প্রতিসন্ধির পুদ্গলেরা দুইপ্রকার দৌর্ম্মনস্তের সহিত জবন প্রতিঘ সম্প্রযুক্ত চিত্ত অবসানে তদাবলম্বন চিত্ত সম্ভব উৎপত্তি করে না। সেই সময়ে কোন একপ্রকার পূর্ব্বের পরিচিত কাম অবলম্বনকে অবলম্বন করিয়া উপেক্ষার সহিত স্থিরচিত্ত উৎপত্তি করে। সেই অনন্তর প্রত্যয় হইয়া ভবাঙ্গ পাত হয়। ইহা অনুরুদ্ধ আচার্য্য বলিয়াছেন।

সেই কামাবচর জবন চিত্ত অবসানে কামাবচর সত্ত্বেরা কামাবচর ধর্ম্মাবলম্বন করিয়া তদাবলম্বন চিত্ত ইচ্ছা করে। ইহা জানিও।

একাদশপ্রকার কাম ভূমি জবনের সত্ত্বেরা বোধ অবলম্বন; অতি মহৎ অবলম্বন ও তদাবলম্বন, এই তিনপ্রকার অবলম্বনের রীতি নিয়ম ইচ্ছা করে। ইহাই তদাবলম্বন নিয়ম।

## জবনচিত্তের বার।

### পালি।

জবনেসুচ পরিত্ত জবন বীথিয়ং কামাবচর জবনানি সত্তক্খত্তুং ছক্খত্তুমেব বাজবন্তি। মন্দপবত্তিয়ং পন মরণ কালাদীসু পঞ্চবারমেব। ভগবতো পন যমক পাটিহারিয় কালাদীসু লহু কপ্পবত্তিয়ং চত্তারি পঞ্চবা পচ্চবেক্খন চিত্তানি ভবন্তীতিপি বদন্তি। আদি কম্মিকস্স পন পঠম কপ্পনায়ং মহগ্গত জবনানি অভিঞ্ঞা জবনানি চ সব্বথাপি একবার-মেব জবন্তি। ততোপরং ভবঙ্গ পাতোব হোতি। চত্তারো পন মগ্গুপ্পাদা একচিত্তক্খণিকা। ততোপরং দ্বেতীণি ফল চিত্তানি যথারহং উপ্পজ্জন্তি। ততোপরং ভবঙ্গপাতো। নিরোধ সমাপত্তিকালে দ্বিক্খত্তুং চত্তুত্থা রূপ্পজবনং জবতি। ততোপরং নিরোধং ফুসতি। বুট্ঠান কালেচ অনাগামি ফলং বা অরহত্তফলং বা যথারহমেক বারং উপ্পজ্জিত্বা নিরুদ্ধে ভবঙ্গ পাতোব হোতি। সব্বথাপি সমাপত্তি বীথিয়ং ভবঙ্গ সোতো বিয় বীথি নিয়মো নত্থীতি কত্বা বহূনিপি লব্ভন্তীতি।

সত্তক্খত্তুং পরিত্তানি, মগ্গাভিঞ্ঞা সকিংমতা,
অবসেসানি লব্ভন্তি, জবনানি বহূনিপি।
অয়মেত্থ জবননিয়মো।

### সান্বয়ার্থ।

(জবনেসু) পঞ্চান্নপ্রকার জবন চিত্তের মধ্যে (পরিত্ত জবন বীথিয়ং) কামাবচর জবন চিত্ত বীথির (কামাবচর জবনানি) কামাবচর জবন চিত্ত (সত্তক্খত্তুং বা ছক্খত্তুমেববা) ছয় বা সাতবার (জবন্তি) জানিয়া থাকে। (পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (মন্দপ্পবত্তিয়ং মরণ কালা-দীসু) মরণ কালে হৃৎপিণ্ড বস্তুরূপ দুর্ব্বলের কারণ মন্দপ্রবৃত্তি হইয়া

(পঞ্চবারমেব) কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত পাঁচবার জানিয়া থাকে।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। কোন ব্যাক্ত বৃক্ষ হইতে পতনের সময়ে, জলে নিমগ্নের সময়ে বা মুর্চ্ছার সময়ে কোন একপ্রকার কামাবচর জবন চিত্ত ছয়বার জানিয়া থাকে। (ভগবোত) ভগবান (যমক পাটিহারিয় কালাদীসু) সংযম প্রতিহার্য্য কালাদিতে বা ধ্যান পরি-ত্যাগের সময়ে (লহুক পবত্তিয়ং চিত্তানি) কোন একপ্রকার জবন চিত্ত লঘু প্রবৃত্তি করিয়া (চত্তারিপঞ্চ বা) চারি বা পাঁচবার (পচ্চকৃখণ ভবন্তি) প্রত্যবেক্ষণ করিয়া থাকেন। (ইতিপি আচরিয়া বদান্ত) ইহা অর্থ কথার আচার্য্য বণনা করিয়াছেন।

(পন) পুনর্ব্বার মহৎগত জবন চিত্ত বর্ণনা করিতেছি। (আদি কম্মি কস্স) আদি কর্ম্মস্থান ধ্যানের পুদ্গলেরা (পঠম কপ্পনায়ং) প্রথম অর্পণ ভাব উৎপত্তি করিয়া (মহগ্গত জবনানি) মহৎগত জবন চিত্ত (একবার-মেব জবন্তি) একবার জানিয়া থাকে। (অভিঞ্ঞা জবনানি) অভিজ্ঞান জবন চিত্ত (সব্বথাপি) সর্ব্বপ্রকারে (একবারমেব জবন্তি) একবার জানিয়া থাকে, (ততোপরং) তৎপর (ভবঙ্গ পাতোহোতি) ভবাঙ্গ পাত হয়।

(পন) পুনর্ব্বার লোকোত্তর জবন চিত্ত বর্ণনা করিতেছি। (চত্তারো-মগ্গচিত্তুপ্পাদা) চারিপ্রকার লোকোত্তর মার্গ চিত্ত উৎপত্তি হয়, (এক-চিত্তকৃখণিকা) সেই মার্গ চিত্তের ভাব এক ক্ষণচিত্ত স্থিত থাকিয়া নিরোধ হয়। (ততোপরং) তৎপর (দ্বেতিণি ফল চিত্তানি) লোকোত্তর ফলচিত্ত দুই বা তিনবার (যথারহং উপ্পজ্জন্তি) যথোপযুক্ত মতে উৎপত্তি হইয়া নিরোধ হয়, (ততোপরং ভবঙ্গ পাতোবহোতি) তৎপর ভবাঙ্গ পাত হয়।

(নিরোধ সমাপত্তি কালে) অর্হন্তেরা সমাপত্তি ধ্যান নিরোধের সময়ে (চতুত্থারূপ্পজবনং) চতুর্থাবস্থার অরূপাবচর জবন চিত্ত * (দ্বিকৃখথুং জবতি) দুইবার জানিয়া থাকে, (ততোপরং) তৎপর (নিরোধং ফুসতি) স্পর্শ † নিরোধ হয়, (বুট্ঠান কালেচ) এবং সেই নিরোধ হইতে উত্থানের সময়ে (অনাগামিফলং বা অরহত্ত কলং বা) অনাগামী ফলচিত্ত বা অর্হৎ

---

* একপ্রকার অরূপাবচর কুশল জবন নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত ও একপ্রকার অরূপাবচর ক্রিয়া জবন নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত, এই কোন একপ্রকার চিত্ত।

† চিত্ত, চৈতসিক ও চিত্তজরূপ।

# পঞ্চম পরিচ্ছেদ।

## চারিপ্রকার ভূমি।

### পালি।

বীথি চিত্তবসেনেবং, পবত্তিয়মুদীরিতো ;
পবত্তি সঙ্গহোনাম, সন্ধিয়ং দানি বুচ্চতি।

চতস্‌সো ভূমিয়ো, চতুব্বিধা পটিসন্ধি, চত্তারি কম্মানি, চতুধা মরণুপ্পত্তি চেতি বীথি মুত্তসঙ্গহে চত্তারি চতুক্কানি বেদিতব্বানি। তত্থ অপায় ভূমি কামসুগতি ভূমি, রূপাবচর ভূমি, অরূপাবচর ভূমি চেতি চতস্‌সো ভূমিয়ো নাম। তাসু নিরয়ো, তিরচ্ছানয়োনি, পেত্তি বিসয়ো, অসূরকায়ো চেতি অপায় ভূমি চতুব্বিধা হোতি। মনুস্‌সা, চাতু মহারাজিকা, তাবতিংসা, য়ামা, তুসিতা, নিম্মা নরতি, পরনিমিতবসত্তি চেতি কামসুগতি ভূমি সত্তবিধাহোতি। সাপনায়মেকাদস বিধাপি কামাবচর ভূমি চেবসঙ্খং গচ্ছতি।

ব্রহ্ম পারিসচ্চা, ব্রহ্ম পরোহিত, মহাব্রহ্মাচেতি পঠম-ঝান ভূমি। পরিত্তাভা, অপ্পমাণাভা, আভস্‌সরা চেতি দুতিয়ঝান ভূমি। পরিত্তাসুভা, অপ্পমাণাসুভা, সুভকিণ্‌হা চেতি ততিয়ঝান ভূমি। বেহপ্‌ফলা, অসঞ্‌ঞসত্তা, সুদ্ধাবাসা চেতি চতুত্থঝান ভূমীতি রূপাবচর ভূমি সোল্‌হস বিধা-হোতি। অবিহা, অতপ্পা, সুদস্‌সানং, সুদস্‌সীনং, অকনিট্‌ঠা চেতি সুদ্ধাবাস ভূমি পঞ্চবিধা হোতি।

২৫

আকাসানঞ্চায়তন ভূমি, বিঞ্ঞাণঞ্চায়তন ভূমি, আকিঞ্চঞ্ঞায়তন ভূমি, নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন ভূমি চেতি আরূপ্প ভূমি চতুব্বিধা হোতি।

পুথুজ্জনানলব্ভন্তি, সুদ্ধাবাসেসু সব্বথা,
সোতাপন্নাচসকদা, গামিনোচাপি পুগ্‌গলা।
অরিয়ানোপলব্ভন্তি, অসঞ্ঞাপায়ভূমিসু,
সেসট্‌ঠানেসুলব্ভন্তি, অরিয়ানরিয়াপিচ।
ইদমেত্থ ভূমি চতুক্কং।

## সান্বয়ার্থ।

আমি (চিত্তবীথি বসেন) চিত্তবীথি বশদ্বারা (পবত্তিয়ং) প্রবৃত্তির সময় (পবত্তিসঙ্গহো নাম) নামক প্রবৃত্তি সংগ্রহ (উদীরিতো) বর্ণনা করিয়াছি, (এবং) এবং (দানি সন্ধিয়ং) এক্ষণে প্রতিসন্ধির সময় (পবত্তি সঙ্গহোনাম) নামক প্রবৃত্তি সংগ্রহ (বুচ্চতি) বর্ণনা করিতেছি।

(চতস্‌সো ভূমিয়ো) চারিপ্রকার ভূমি, (চতুব্বিধা পটিসন্ধি) চারিপ্রকার প্রতিসন্ধি, (চত্তারি কম্মানি) চারিপ্রকার কর্ম্ম, (চতুধামরণুপ্পত্তিচ) এবং চারিপ্রকার মরণ ও উৎপত্তি হয়, (ইতি বীথি মুত্ত সঙ্গহে চত্তারি চতুক্কানি বেদিতব্বানি) এই চারিপ্রকার বীথি মুক্ত সংগ্রহ জানিও।

(তত্থ) সেই (অপায় ভূমি) অপায় ভূমি, (কামসুগতি ভূমি) কামসুগতি ভূমি. (রূপাবচর ভূমি) রূপাবচর ভূমি, (অরূপাবচর ভূমিচ) ও অরূপাবচর ভূমি, (ইতি চতস্‌সো ভূমিয়োনাম) এই চারিপ্রকার ভূমি নামে বর্ণিত হয়।

(তাসু) সেই চারিপ্রকার ভূমির মধ্যে (নিরয়ো) নরক ভূমি, (তিরচ্ছানয়োনি) তির্য্যক্ যোনি ভূমি, (পেত্তি বিসয়ো) প্রেত বিষয় ভূমি, (অসুর কায়োচ) ও অসুর কায় ভূমি, (ইতি অপায় ভূমি চতুব্বিধা হোতি) এই চারিপ্রকার অপায় ভূমি হয়।

(মনুস্‌সা) মনুষ্য ভূমি, (চতু মহারাজিকা) চতুর্ মহারাজিক ভূমি, (তবতিংসা) তবতিংস ভূমি, (য়ামা) য়াম ভূমি, (তুস্‌সিতা) তুষিত ভূমি,

# একত্রিশ ভূমি বা ত্রিভূমি।

| | | |
|---|---|---|
| ৪ অরূপ ব্রহ্মলোক | নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ভূমি।<br>আকিঞ্চন্যায়তন ভূমি।<br>বিজ্ঞানানন্ত্যায়তন ভূমি।<br>আকাশানন্ত্যায়তন ভূমি। | ৪ অরূপ ধ্যানের ভূমি। |
| ১৬ রূপ ব্রহ্মলোক। | অকনিষ্ঠ ভূমি। সুদর্শিন ভূমি।<br>সুদর্শন ভূমি। অতাপ ভূমি।<br>অবৃহ ভূমি। অসংজ্ঞাসত্ব ভূমি।<br>বৃহৎফল ভূমি। | চতুর্থ ধ্যানের ভূমি। |
| | শুভাকীর্ণ ভূমি।<br>অপ্রমাণশুভ ভূমি।<br>পরীত্তশুভ ভূমি। | তৃতীয় ধ্যানের ভূমি। |
| | আভাস্বর ভূমি।<br>অপ্রমাণাভা ভূমি।<br>পরীত্তাভা ভূমি। | দ্বিতীয় ধ্যানের ভূমি। |
| | মহাব্রহ্ম ভূমি।<br>ব্রহ্ম পুরোহিত ভূমি।<br>ব্রহ্ম পার্ষদ্য ভূমি। | প্রথম ধ্যানের ভূমি। |
| ৬ দেবলোক বা স্বর্গ। | পরনির্ম্মিত বসবর্তি ভূমি। নির্ম্মাণ ভূমি।<br>তুষিত ভূমি। যাম ভূমি।<br>তবতিংস ভূমি। চতুর্ মহারাজিক ভূমি। | ৭ কামসুগতি ভূমি। |
| | মনুষ্য ভূমি। | |
| ৪ অপায় ভূমি। | তির্য্যক ভূমি। প্রেত ভূমি।<br>অসুর ভূমি। নরক ভূমি। | ৪ কামদুর্গতি ভূমি। |

( নিম্মানরতি ) নির্ম্মাণ ভূমি, ( পরনিম্মিত বসবত্তিচ ) এবং পরনির্ম্মিত বসবর্ত্তি ভূমি, ( ইতি কামসুগতি ভূমিসত্ত বিধাহোতি ) এই সাতপ্রকার কামসুগতি ভূমি হয়। ( সাপনায়মেকাদস বিধাপি কামাবচর ভূমি চেব সঙ্খং গচ্ছতি ) সেই ভূমি গণনায় একাদশপ্রকার কামাবচর ভূমি প্রাপ্ত হয়।

( ব্রহ্ম পারিসজ্জা ) ব্রহ্ম পার্ষদ্য ভূমি, ( ব্রহ্ম পুরোহিতা ) ব্রহ্ম পুরোহিত ভূমি, ( মহাব্রহ্মাচ ) ও মহাব্রহ্ম ভূমি, ( ইতি পঠমঝান ভূমি ) এই রূপাবচরের প্রথমাবস্থার ধ্যানের ভূমি। ( পরিত্তাভা ) পরীত্তাভা ভূমি, ( অপ্পমাণাভা ) অপ্রমাণাভা ভূমি, ( আভস্সরাচ ) ও আভাস্বর ভূমি, ( ইতি দুতিয়ঝান ভূমি ) এই তিনপ্রকার রূপাবচরের দ্বিতীয়াবস্থার ধ্যানের ভূমি। ( পরিত্তাসুভা ) পরীত্তশুভ ভূমি, ( অপ্পমাণাসুভা ) অপ্রমাণশুভ ভূমি, ( সুভকিণ্হাচ ) ও শুভাকীর্ণ ভূমি ( ইতি ততিয়ঝান ভূমি ) এই তিনপ্রকার রূপাবচরের তৃতীয়াবস্থার ধ্যানের ভূমি। ( বেহপ্ফলা ) বৃহৎ ফল ভূমি, ( অসঞ্ঞসত্তা ) অসংজ্ঞাসত্ব ভূমি, ( সুদ্ধাবাসাচ ) ও পাঁচপ্রকার শুদ্ধাবাস ভূমি *, ( ইতি চতুত্থঝাব ভূমি ) এই সাতপ্রকার রূপাবচরের চতুর্থাবস্থার ধ্যানের ভূমি। ( ইতি রূপাবচর ভূমি সোলস্হস বিধাহোতি ) এই ষোলপ্রকার রূপাবচরের ভূমি হয়।

( আকাসানঞ্চায়তন ভূমি ) আকাশানন্ত্যায়তন ভূমি, ( বিঞ্ঞায়তন ভূমি ) বিজ্ঞানানন্ত্যায়তন ভূমি, ( আকিঞ্চঞ্ঞায়তন ভূমি ) আকিঞ্চন্যায়তন ভূমি, ( নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন ভূমিচ ) ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ভূমি, ( ইতি অরূপভূমি চতুব্বিধাহোতি ) এই চারিপ্রকার অরূপাবচর ভূমি হয়।

( পুথুজ্জনা পুগ্গলা ) পৃথগ্জন পুদ্গলেরা, ( সোতাপন্না পুগ্গলা ) স্রোতাপন্ন পুদ্গলেরা, ( সকদাগামিনো পুগ্গলাচাপি ) ও সকৃদাগামী পুদ্গলেরা ;— ( সুদ্ধাবাসেসু সব্বথা ) সর্ব্বপ্রকার শুদ্ধাবাস ভূমি ( নলভন্তি ) লাভ করেন না। ( অরিয়া ) আটজন আর্য্য পুদ্গলেরা ;— ( অসঞ্ঞাপায় ভূমিসু ) অসংজ্ঞাসত্ব ভূমি ও অপায় ভূমি, ( নোপলভন্তি ) উপলাভ করেন না। ( অরিয়ানরিয়াপিচ ) আটজন আর্য্য পুদ্গলেরা ও তিনজন

---

* ( অবিহা ) অবৃহ ভূমি, ( অতপ্পা ) অতাপ ভূমি, ( সুদস্সানং ) সুদর্শন ভূমি, ( সুদস্সীনং ) সুদর্শিন ভূমি, ( অকনিট্ঠাচ ) ও অকনিষ্ঠ ভূমি, ( ইতি সুদ্ধাবাস ভূমি পঞ্চবিধ ) এই পাঁচপ্রকার শুদ্ধাবাস ভূমি।

অনার্য্য পুদ্গলেরা বা পৃথগ্জন পুদ্গলেরা ;— ( সেসট্ঠানেসু ) সেই * স্থানের অবশেষ একুশপ্রকার ভূমি ( লভন্তি ) লাভ করেন। ( ইদমেত্থ ) এই বর্ণিত বীথি মুক্ত সংগ্রহের ( ভূমিচতুক্কং ) চারিপ্রকার ভূমি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

আমি চিত্তবীথি বশদ্বারা প্রবৃত্তির সময় নামক প্রবৃত্তি সংগ্রহ বর্ণনা করিয়াছি, এবং এক্ষণে প্রতিসন্ধির সময় নামক প্রবৃত্তি সংগ্রহ বর্ণনা করিতেছি।

চারিপ্রকার ভূমি, চারিপ্রকার প্রতিসন্ধি, চারিপ্রকার কর্ম্ম এবং চারি-প্রকার মরণ ও উৎপত্তি হয়, এই চারিপ্রকার বীথি মুক্ত সংগ্রহ জানিও।

সেই অপায় ভূমি, কামসুগতি ভূমি, রূপাবচর ভূমি ও অরূপাবচর ভূমি, এই চারিপ্রকার ভূমি নামে বর্ণিত হয়।

সেই চারিপ্রকার ভূমির মধ্যে নরক ভূমি, তির্য্যক যোনি ভূমি, প্রেত বিষয় ভূমি ও অসুরকায় ভূমি, এই চারিপ্রকার অপায় ভূমি হয়।

মনুষ্য ভূমি, চতুর্ মহারাজিক ভূমি, তবতিংস ভূমি, যাম ভূমি, তুষিত ভূমি, নির্ম্মাণ ভূমি এবং পরনির্ম্মিত বসবর্তি ভূমি, এই সাতপ্রকার কাম-সুগতি ভূমি হয়। সেই ভূমি গণনায় একাদশপ্রকার কামাবচর ভূমি প্রাপ্ত হয়।

ব্রহ্ম পার্ষদ্য ভূমি, ব্রহ্ম পুরোহিত ভূমি ও মহাব্রহ্ম ভূমি, এই তিনপ্রকার রূপাবচরের প্রথমাবস্থার ধ্যানের ভূমি। পরীত্তাভা ভূমি, অপ্রমাণাভা ভূমি ও আভাস্বর ভূমি, এই তিনপ্রকার রূপাবচরের দ্বিতীয় অবস্থার ধ্যানের ভূমি। পরীত্তশুভ ভূমি, অপ্রমাণশুভ ভূমি ও শুভাকীর্ণ ভূমি, এই তিনপ্রকার রূপাবচরের তৃতীয় অবস্থার ধ্যানের ভূমি। বৃহৎফল ভূমি, অসংজ্ঞাসত্ত্ব ভূমি ও পাঁচপ্রকার শুদ্ধাবাস ভূমি, এই সাতপ্রকার রূপাবচরের চতুর্থাবস্থার ধ্যানের ভূমি। এই ষোলপ্রকার রূপাবচর ভূমি।

আকাশানন্ত্যায়তন ভূমি, বিজ্ঞানানন্ত্যায়তন ভূমি, আকিঞ্চন্যায়তন ভূমি ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ভূমি, এই চারিপ্রকার অরূপাবচর ভূমি হয়।

---

* পাঁচপ্রকার শুদ্ধাবাস ভূমি, একপ্রকার অসংজ্ঞাসত্ত্ব ভূমি ও চারিপ্রকার অপায় ভূমির।

পৃথগ্‌জন পুদ্গলেরা, স্রোতাপন্ন পুদ্গলেরা ও সকৃদাগামী পুদ্গলেরা ;— সর্ব্বপ্রকার শুদ্ধাবাস ভূমি লাভ করেন না। আটজন আর্য্য পুদ্গলেরা ;— অসংজ্ঞাসত্ব ভূমি ও অপায় ভূমি উপলাভ করেন না। আটজন আর্য্য পুদ্গলেরা ও তিনজন অনার্য্য পুদ্গলেরা ;— সেই স্থানের অবশেষ একুশ-প্রকার ভূমি লাভ করেন। এই বর্ণিত বীথি মুক্ত সংগ্রহের চারিপ্রকার ভূমি।

---

## চারিপ্রকার প্রতিসন্ধি।

### পালি।

অপায় পটিসন্ধি, কামসুগতি পটিসন্ধি, রূপাবচর পটিসন্ধি, অরূপাবচর পটিসন্ধি চেতি চতুব্বিধা পটিসন্ধি নাম। তত্থ অকুসল বিপাকোপেক্‌খা সহগত সন্তীরণং অপায় ভূমিয়ং ওক্কন্তিক্‌খণে পটিসন্ধিং হুত্বা ততোপরং ভবঙ্গ পরিয়োসানে-চবনং হুত্বা বোচ্ছিজ্জতি। অয়মেকাপায় পটিসন্ধি নাম। কুসল বিপাকোপেক্‌খা সহগত সন্তীরণং পন কামসুগতিয়ং মনুস্‌সানঞ্চেব জচ্চন্ধাদীনং ভূমিস্‌সিতানঞ্চ বিনিপাতিকাসুরানং পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্ততি। মহাবিপাকানি পন অট্‌ঠ সব্বথাপি কামসুগতিয়ং পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্তন্তি। ইমানব কামসুগতি পটিসন্ধিয়ো নাম। সাপনায়ং দসবিধাপি কামাবচর পটিসন্ধি চ্চেব সঙ্খং গচ্ছতি। তেসু চতুন্নং অপায়ানং মনুস্‌সানং বিনি পাত্তিকাসুরানঞ্চ আয়ুপ্পমাণ গণনায় নিয়মো নত্থি। চতুমহারাজিকানং পন দেবানং দিব্বানি পঞ্চবস্‌স সতানি আয়ুপ্পমাণং। মনুস্‌স গণনায়নবুতি বস্‌স সত সহস্‌সপমাণং হোতি। ততো চতুগুণং তাবতিং-সানং। ততো চতুগুণং য়ামনং। ততো চতুগুণং তুসিতানং।

ততো চতুগ্গুণং নিম্মানরতিনং। ততো চতুগ্গুণং পরনিম্মিত বসবত্তিনং।

নবসতঞ্চেকবীস, বস্সানং কোটিয়োতথা,
বস্স সত সহস্সানি, সট্ঠিচবসবত্তিসু।

পঠমঝান বিপাকং পঠমঝান ভূমিয়ং পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্ততি। তথা দুতিয়ঝান বিপাকং ততিয়ঝান বিপাকঞ্চ, দুতিয়ঝান ভূমিয়ং, চতুত্থঝান বিপাকং ততিয়ঝান ভূমিয়ং, পঞ্চমঝান বিপাকং চতুত্থঝান ভূমিয়ং। অসঞ্ঞ সত্তানং পন রূপমেব পটিসন্ধি হোতি তথা ততোপরং পবত্তিয়ং চবন কালেচ রূপমেব পবত্তিত্বা নিরুজ্ঝতি। ইমাছ রূপাবচর পটিসন্ধিয়ো নাম। তেসু ব্রহ্ম পারিসজ্জানং দেবানং কপ্পস্স ততিয়োভাগো আয়ুপ্পমাণং। ব্রহ্ম পরোহিতানং উপড্ঢ কপ্পো। মহাব্রহ্মানং একোকপ্পো। পরিত্তাভানং দ্বেকপ্পানি। অপ্পমাণাভানং চত্তারি কপ্পানি। আভস্সরানং অট্ঠ কপ্পানি। পরিত্তাসুভানং সোল্হস কপ্পানি। অপ্পমাণাসুভানং দ্বত্তিংস কপ্পানি। সুভকিণ্হানং চতুসট্ঠি কপ্পানি। বেহপ্ফলানং অসঞ্ঞ সত্তানঞ্চ পঞ্চকপ্প সতানি। অবিহানং কপ্প সহস্সানি। অতপ্পানং দ্বেকপ্প সহস্সানি। সুদস্সানং চত্তারি কপ্প সহস্সানি। সুদস্সীনং অট্ঠ কপ্প সহস্সানি। অকনিট্ঠানং সোল্হস কপ্প সহস্সানি।

পঠমারূপ্পাদী বিপাকানি পঠমরূপ্পাদী ভূমিসু যথাক্কমং পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্তন্তি। ইমাচতস্সো আরূপ্প পটিসন্ধিয়ো নাম। তেসুপন আকাসানঞ্চায়তনূপগানং

বীসতি কপ্প সহস্‌সানি আয়ুপ্পমাণং। বিঞ্‌ঞানঞ্চায়তনূপগানং দেবানং চত্তালীস কপ্প সহস্‌সানি। আকিঞ্চঞ্‌ঞায়তনূপগানং দেবানং সট্‌ঠি কপ্প সহস্‌সানি। নেবসঞ্‌ঞানাসঞ্‌ঞায়তনূপগানং দেবানং চতুরাসীতি কপ্প সহস্‌সানি।

পটিসন্ধি ভবঙ্গঞ্চ, তথা চবন মানসং,
একমেব তথেবক, বিসয়ঞ্চেক জাতিয়ং।
ইদমেত্থ পটিসন্ধি চতুক্কং।

## সান্বয়ার্থ।

(অপায় পটিসন্ধি) অপায় প্রতিসন্ধি, (কামসুগতি পটিসন্ধি) কামসুগতি প্রতিসন্ধি, (রূপাবচর পটিসন্ধি) রূপাবচর প্রতিসন্ধি, (অরূপাবচর পটিসন্ধিচ) ও অরূপাবচর প্রতিসন্ধি, (ইতি চতুব্বিধা পটিসন্ধি নাম বেদিতব্বা) এই চারিপ্রকার প্রতিসন্ধি নামে জানিও।

অহেতু চিত্ত কামদুর্গতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। (তত্থ) সেই প্রতিসন্ধির মধ্যে (অকুসল বিপাকোপেক্‌খা সহগত সন্তীরণং) অহেতুক অকুশল বিপাক উপেক্ষার সহিত স্থিরচিত্ত;— (অপায় ভূমিয়ং ওক্কন্তিক্‌খণে পটিসন্ধি হুত্বা) ক্ষণে অবক্রান্তি হইয়া অপায় ভূমিতে প্রতিসন্ধি হয়, (ততোপরং) তৎপর (ভবঙ্গ পরিয়োসানে) ভবাঙ্গ পর্য্যাবসানে (চবনং হুত্বা বোচ্ছিজ্জতি) ব্যবচ্ছেদ হইয়া চ্যুত হয়। (অয়মেকাপায় পটিসন্ধি নাম) এই একপ্রকার অপায় নামক প্রতিসন্ধি।

(পুন) পুনর্ব্বার অহেতুক চিত্ত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। (কুসল বিপাকোপেক্‌খা সহগত সন্তীরণং) অহেতুক কুশল বিপাক উপেক্ষার সহিত স্থিরচিত্ত;— (কামসুগতিয়ং মনুস্‌সানঞ্চেব জচ্চন্ধাদীনং ভূমিস্‌সিতানঞ্চ বিনিপাতিকাসুরানং) কামসুগতি ভূমিতে জন্মান্ধ বা বোবা প্রভৃতি মনুষ্য, ভূমির আশ্রিত দেবতা, কিংবা বিনিপাতিক অসুর (পটিসন্ধি) প্রতিসন্ধি, (ভবঙ্গ) ভবাঙ্গ ও (চুতি বসেন পবত্ততি) চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়।

(পন) পুনর্ব্বার সহেতু চিত্ত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। (অট্‌ঠ মহাবিপাকানি) আটপ্রকার মহাবিপাক সৌমনস্য বা উপেক্ষার সহিত জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত কিংবা জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত;—

( সব্বথাপি ) সর্ব্বপ্রকার বা সাতপ্রকার ( কামসুগতিয়ং ) কামসুগতি ভূমি*তে ( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্তন্তি ) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। ( ইমানব কামসুগতি পটিসন্ধিয়ো নাম ) এই নয়-প্রকার কামসুগতি নামক প্রতিসন্ধি।

( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( সাঅয়ং সব্বং ) সেই একপ্রকার অপায় প্রতিসন্ধি ও নয়প্রকার কামসুগতি প্রতিসন্ধি গণনায় ( দসবিধাপি কামাবচর পটিসন্ধি চ্চেব গচ্ছতি ) দশপ্রকার কামাবচর প্রতিসন্ধি প্রাপ্ত হয়।

( তেসু ) সেই ভূমির পুদ্গলের মধ্যে ( মনুস্সানং ) মানব ভূমি † র মনুষ্য, ( চতুন্নং অপায়নং ) চারিপ্রকার অপায় ভূমির পুদ্গল, ( বিনিপাতিকা-সুরানঞ্চ ) ও বিনিপাতিক অসুরের ( আয়ুপ্পমাণ গণনায় নিয়মো নাথ ) আয়ুর প্রমাণ গণনার নিয়ম নাই।

( পন ) পুনর্ব্বার দেবতার আয়ুর প্রমাণ বর্ণনা করিতেছি। ( চতু মহারাজিকানং দেবনং দিব্বানি ) চতুর মহারাজিক ভূমি ‡ র অধিষ্ঠাত্রী দেবের ( পঞ্চবসসসতানি আয়ুপ্পমাণং ) পাঁচশত বৎসর আয়ুর প্রমাণ। ( মনুস্স গণনায় নবুতি বস্সসত সহস্স পমাণং হোতি ) ইহা মনুষ্যের বৎসর গণনায় নয়নিযুত বৎসর প্রমাণ হয়। ( ততো ) সেই চতুর্ মহারাজিক ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণের ( চতুগুণং তাবতিংসনং ) চতুরগুণ অধিক

---

* মনুষ্য ভূমি, চতুর্ মহারাজিক ভূমি, তবতিংস ভূমি, যাম ভূমি, তুষিত ভূমি, নির্ম্মাণ ভূমি ও পরনির্ম্মিত বসবর্তি ভূমি, এই সাতপ্রকার কামসুগতি ভূমি।

† যে ভূমিতে মানবেরা বাস করেন, তাহাকে মনুষ্য ভূমি বলে। মনুষ্য ভূমি হইতে নরক ভূমি অধোদিকে একশত বিশহাজার যোজন দূরে স্থিত আছে। সেই নরকের মধ্যে আটপ্রকার পৃথক স্থান আছে। সেই নরক হইতে অপর এক নরকের স্থান অধোদিকে পনরহাজার যোজন দূরে স্থিত আছে। সেই নরকের মধ্যে আটপ্রকার স্থানের সর্ব্বশেষ অধোভাগে একপ্রকার নরক আছে; ইহাকে অবীচি নামক নরক বলে। তির্য্যক্ যোনি, প্রেত ও অসুর, ইহাদের কোন একপ্রকার ভূমি নাই, ইহারা মনুষ্য ভূমিতে কর্ম্ম অনুরূপ স্থান প্রাপ্তি হয়।

‡ চারিজন মহারাজিক দেবরাজের ভক্তি ও বাসস্থান, ইহাকে চতুর্ মহারাজিক নামক ভূমি কহে। ইহা সুমেরুপর্ব্বতের উপর স্থিত আছে। সেই মনুষ্য লোক হইতে চতুর্ মহারাজিক দেবলোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

২৬

আয়ু তবতিংস ভূমি * র অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। ( ততো ) সেই তবতিংস ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর ( চতুগুণং য়ামানং ) চতুরগুণ অধিক আয়ু য়াম ভূমি † র অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। ( ততো ) সেই য়াম ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর ( চতুগুণং তুস্সিতানং ) চতুরগুণ অধিক আয়ু তুষিত ভূমি ‡ র অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। ( ততো ) সেই তুষিত ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর ( চতুগুণং নিম্মান রতিনং ) চতুরগুণ অধিক আয়ু নির্ম্মাণ ভূমি § র অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। ( ততো ) সেই নির্ম্মাণ ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর ( চতুগুণং পরনিম্মিত বসবতিনং ) চতুরগুণ অধিক আয়ু পরনির্ম্মিত বসবর্তি ভূমি ¶ র অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। ( তথা ) সেই ( বসবতিসু ) পরনির্ম্মিত বসবতি ভূমির অধিষ্ঠাত্রী-দেবের আয়ুর প্রমাণ, ( নবস্সতঞ্চেকবীস, বস্সানং কোটিয়ো বস্সসত সহস্সানি সট্ঠিচ ) ইহা মনুষ্যের বৎসর গণনাদ্বারা নয়শত একুশকোটি ও ছয়নিযুত বৎসর প্রমাণ হয়।

( পঠমঝান বিপাকং ) রূপাবচর বিপাক প্রথমাবস্থার ধ্যান চিত্ত বা বিপাক বিতর্ক চিত্ত ;— ( পঠমঝান ভূমিয়ং ) রূপাবচরের প্রথমাবস্থার

---

* যে দেবলোক সুমেরুপর্ব্বতের চূড়ার উপর স্থিত আছে, তাহাকে তবতিংস নামক লোক বলে। এই দেবলোকে ইন্দ্ররাজা বাস করেন। সেই চতুর্ মহারাজিক দেবলোক হইতে তবতিংস দেবলোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

† যে দেবলোকে দেবতারা দুঃখ ত্যাগ করিয়াছেন, তাহাকে য়াম দেবলোক নামে কথিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই তবতিংস দেবলোক হইতে য়াম লোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

‡ যে লোকে দেবতারা আপনার শ্রীসম্পত্তি দ্বারা প্রীতি প্রাপ্তি হয়, তাহাকে তুষিত নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই য়াম লোক হইতে তুষিত লোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

§ যে লোকে দেবতারা আপনার সুখ নির্ম্মাণ করেন, তাহাকে নির্ম্মাণ লোক নামে অভিহিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই তুষিত লোক হইতে নির্ম্মাণ লোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

¶ যে লোকে দেবতারা আপন ইচ্ছামতে অপরের সুখ নির্ম্মাণ করেন, তাহাকে পরনির্ম্মিত বসবতি নামক লোক বলে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই নির্ম্মাণ লোক হইতে পরনির্ম্মিত বসবতি লোক উপরদিকে বিয়াল্লিশহাজার যোজন দূরে স্থিত আছে।

ধ্যানের ভূমি*তে ( পটিসন্ধি তবঙ্গ চুতি বসেন ) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা ( পবত্তিতি ) প্রবৃত হয়। ( তথা দুতিয়ঝান বিপাক ) সেই রূপাবচর বিপাক দ্বিতীয়াবস্থার ধ্যান চিত্ত বা বিপাক বিচার চিত্ত, ( ততিয়-ঝান বিপাকঞ্চ ) ও রূপাবচর বিপাক তৃতীয়াবস্থার ধ্যান চিত্ত বা বিপাক প্রীতি চিত্ত;— ( দুতিয়ঝান ভূমিয়ং ) রূপাবচরের দ্বিতীয়াবস্থার ধ্যানের ভূমি†তে ( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্তিতি ) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। ( চতুত্থঝান বিপাকং ) সেই রূপাবচর বিপাক চতুর্থাবস্থার ধ্যান চিত্ত বা বিপাক সুখ চিত্ত;— ( ততিয়ঝান ভূমিয়ং ) রূপাবচরের তৃতীয়াবস্থার ধ্যানের ভূমি‡তে ( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন

---

* যে বৃহ্মলোকে ব্রহ্মেরা পরিচারকের জন্য পরিষদ করেন, তাহাকে ব্রহ্ম পার্ষদ্য নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই পরনির্ম্মিত বসবত্তি লোক হইতে ব্রহ্ম পার্ষদ্য লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে ব্রহ্মেরা পুরোহিতের স্থানে স্থিত আছেন, তাহাকে ব্রহ্ম পুরোহিত লোক নামে কথিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই ব্রহ্ম পার্ষদ্য লোক হইতে ব্রহ্ম পুরোহিত লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। সেই ব্রহ্ম পার্ষদ্য লোক ও ব্রহ্ম পুরোহিত লোক হইতে মহৎ হয়, ইহাকে মহাব্রহ্ম নামক লোক বলে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই ব্রহ্ম পুরোহিত লোক হইতে মহাবৃহ্ম লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। এই তিনপ্রকার রূপাবচরের প্রথমাবস্থার ধ্যানের বৃহ্মলোক।

† যে লোকে বৃহ্মদের কিঞ্চিৎ আভা আছেন, তাহাকে পরীত্তাভা লোক নামে অভিহিত হয়, ইহা আকাশের উপর স্থিত আছে। সেই মহাবৃহ্ম লোক হইতে পরীত্তাভা লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বৃহ্মদের অপ্রমাণ আভা আছেন, তাহাকে অপ্রমাণাভা নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই পরীত্তাভা লোক হইতে অপ্রমাণাভা লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বৃহ্মদের আভানিঃসরণ হয়, তাহাকে আভাস্বর লোক নামে কথিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অপ্রমাণাভা লোক হইতে আভাস্বর লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। এই তিনপ্রকার রূপাবচরের দ্বিতীয়াবস্থার ধ্যানের বৃহ্মলোক।

‡ যে লোকে বৃহ্মদের কিঞ্চিৎ অচল আভা আছেন, তাহাকে পরীত্তশুভা নামক লোক বলে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই আভাস্বর লোক

পবত্তন্তি ) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। ( পঞ্চমঝান বিপাকং ) সেই রূপাবচর বিপাক পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত বা বিপাক একাগ্রতা চিত্ত ,—( চতুত্থঝান ভূমিয়ং ) রূপাবচরের চতুর্থাবস্থার ধ্যানের ভূমি * তে ( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন পবত্তন্তি ) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়।

---

হইতে পরীত্তশুভা লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধদের অপ্রমাণ আভা আছেন, তাহাকে অপ্রমাণশুভা লোক নামে অভিহিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই পরীত্তশুভা লোক হইতে অপ্রমাণশুভা লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধদের অকীর্ণ আভা আছেন, তাহাকে শুভাকীর্ণ নামক লোক বলে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অপ্রমাণশুভা লোক হইতে শুভাকীর্ণ লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। এই তিনপ্রকার রূপাবচরের তৃতীয়াবস্থার ধ্যানের লোক।

* যে লোকে বুদ্ধদের ধ্যানের বৃহৎফল লাভ করিয়াছেন, তাহাকে বৃহৎফল লোক নামে অভিহিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই শুভাকীর্ণ লোক হইতে বৃহৎফল লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধদের সংজ্ঞা বিরাগ ভাব বা তিনপ্রকার নামস্কন্ধ নাই, তাহাকে অসংজ্ঞাসত্ত্ব নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই বৃহৎফল লোক হইতে অসংজ্ঞাসত্ত্ব লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধেরা অল্প সময়ের জন্য আপনার স্থান ত্যাগ করেন না, তাহাকে অবৃহ লোক নামে অভিহিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অসংজ্ঞাসত্ত্ব লোক হইতে অবৃহ লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধদের কোন একপ্রকার উত্তাপ নাই, তাহাকে অতাপ নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অবৃহ লোক হইতে অতাপ লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধেরা পরমসুন্দর সুখ দর্শন করেন, তাহাকে সুদর্শন লোক নামে কথিত হয়। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অতাপ লোক হইতে সুদর্শন লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে বুদ্ধেরা সুপরিশুদ্ধ সুখ দর্শন করেন, তাহাকে সুদর্শিন নামক লোক কহে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই সুদর্শন লোক হইতে সুদর্শিন

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (অসঞ্ঞসত্তানং) অসংজ্ঞা সত্ত্ব ব্রহ্মেরা ;—(রূপমেব) রূপে [জীবিত নব কলাপরূপে] (পটিসন্ধি হোতি) প্রতিসন্ধি হয়। (তথা) সেই প্রতিসন্ধি হইয়া (ততোপরং) তৎপর (পবত্তিয়ং) প্রবৃত্তির সময় (চবনকালেচ) ও চ্যুতির সময়ে (রূপমেব) রূপ (ভবঙ্গ চুতি বসেন) ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা (পবত্তিত্বা) প্রবৃত্তি হইয়া (নিরুজ্ঝতি) নিরোধ হয়। (ইমাছ) এই ছয়প্রকার (রূপাবচর পটিসন্ধিয়ো নাম) রূপাবচর নামক প্রতিসন্ধি।

(তেসু) সেই ছয়প্রকার রূপাবচরের প্রতিসন্ধির মধ্যে (ব্রহ্ম পারিসজ্জানদেবানং) ব্রহ্ম পার্ষদ্য ভূমির ব্রহ্মদের (কপ্পস্স ততিয়োভাগো) এক কল্পের তিনভাগের একভাগ (আয়ুপ্পমাণং) আয়ুর প্রমাণ। (ব্রহ্ম পরোহিতানং উপড্‌ঢ কপ্পো) ব্রহ্ম পুরোহিত ভূমির ব্রহ্মদের অর্দ্ধকল্প আয়ুর প্রমাণ। (মহাব্রহ্মানং একোকপ্পো) মহাব্রহ্ম ভূমির ব্রহ্মদের এককল্প আয়ুর প্রমাণ। (পরিত্তাভানং দ্বেকপ্পানি) পরীত্তাভা ভূমির ব্রহ্মদের দুইকল্প আয়ুর প্রমাণ। (অপ্পমাণাভানং চত্তারি কপ্পানি) অপ্রমাণাভা ভূমির ব্রহ্মদের চারিকল্প আয়ুর প্রমাণ। (আভস্সরানং অট্‌ঠ কপ্পানি) আভাস্বর ভূমির ব্রহ্মদের আটকল্প আয়ুর প্রমাণ। (পরিত্তাসুভানং সোল্‌হস কপ্পানি) পরাত্তশুভ ভূমির ব্রহ্মদের ষোলকল্প আয়ুর প্রমাণ। (অপ্পমাণাসুভানং দ্বত্তিংস কপ্পানি) অপ্রমাণশুভা ভূমির ব্রহ্মদের বত্রিশকল্প আয়ুর প্রমাণ। (সুভকিণ্‌হানং চতুসট্‌ঠি কপ্পানি) শুভাকীর্ণ ভূমির ব্রহ্মদের চৌষট্টিকল্প আয়ুর প্রমাণ। (বেহপ্‌ফলানং অসঞ্‌ঞসত্তানঞ্চ পঞ্চকপ্প সতানি) বৃহৎফল ভূমির ব্রহ্মদের ও অসংজ্ঞাসত্ত্ব ভূমির ব্রহ্মদের পাঁচশত কল্প আয়ুর প্রমাণ। (অবিহানং কপ্প সহসসানি) অবৃহ ভূমির ব্রহ্মদের একসহস্র কপ্প আয়ুর প্রমাণ। (অতপ্পানং দ্বেকপ্প সহস্সানি) অতাপ ভূমির ব্রহ্মদের দুইসহস্র কপ্প আয়ুর প্রমাণ। (সুদস্সানং চত্তারিকপ্প

---

লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। যে লোকে ব্রহ্মদের উৎকৃষ্ট সম্পত্তি উৎপত্তি হউক, এইরূপ ক্ষুদ্রভাব নাই, তাহাকে অকনিষ্ঠ নামক লোক বলে। ইহা আকাশের উপর স্থিত আছে। সেই সুদর্শিন লোক হইতে অকনিষ্ঠ লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে। এই সাতপ্রকার রূপাবচরের চতুর্থাবস্থার ধ্যানের লোক। ইহা টীকাতে বর্ণিত হইয়াছে।

সহস্‌সানি ) সুদর্শন ভূমির ব্রহ্মদের চারিসহস্র কল্প আয়ুর প্রমাণ। ( সুদস্‌সীনং অট্‌ঠকপ্প সহস্‌সানি ) সুদর্শিন ভূমির ব্রহ্মদের আটসহশ্র কল্প আয়ুর প্রমাণ। ( অকনিট্‌ঠানং সোল্‌স কপ্প সহস্‌সানি ) অকনিষ্ঠ ভূমির ব্রহ্মদের ষোলসহস্র কল্প আয়ুর প্রমাণ।

পঠমারূপ্পাদী বিপাকানি ) প্রথম অরূপাদি বিপাক চিত্ত * ;— ( পঠমারূপ্পাদী ভূমিসু ) প্রথম অরূপাদি ভূমিতে ( যথাক্কমং ) যথাক্রমে ( পটিসন্ধি ভবঙ্গ চুতি বসেন ) প্রতিসন্ধি ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা ( পবত্তি ) প্রবৃত্ত হয়। ( ইমাচ তস্‌সো ) এইরূপ সেই চারিপ্রকার ( অরূপ্প পটিসন্ধির নাম ) অরূপ নামক প্রতিসন্ধি।

( পন ) পুনর্ব্বার অরূপ ভূমির ব্রহ্মদের আয়ুর প্রমাণ বর্ণনা করিতেছি। ( তেসু ) সেই চারিপ্রকার অরূপাবচর প্রতিসন্ধির পুদ্গলের মধ্যে

---

* বিপাক আকাশানন্ত্যায়তন চিত্ত ;— আকাশানন্ত্যায়তন লোকে ১ প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। দ্বিতীয় অরূপাবচর বিপাক চিত্ত বা বিপাক বিজ্ঞানন্ত্যায়তন চিত্ত ;— দ্বিতীয় অরূপাবচর লোকে ২ বা বিজ্ঞানন্ত্যায়তন লোকে প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। তৃতীয় অরূপাবচর বিপাক চিত্ত বা বিপাক আকিঞ্চন্যায়তন চিত্ত ;— তৃতীয় অরূপাবচর লোকে বা আকিঞ্চন্যায়তন লোকে ৩ প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। চতুর্থ অরূপাবচর বিপাক চিত্ত বা বিপাক নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত ;— চতুর্থ অরূপাবচর লোকে বা নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লোকে ৪ প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি রশদ্বারা প্রবৃত্ত হয়।

---

১ আকাশানন্ত্যায়তন লোক, ইহা আকাশের উপর স্থিত আছে। সেই অকনিষ্ঠ লোক হইতে আকাশানন্ত্যায়তন লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে।

২ বিজ্ঞানানন্ত্যায়তন লোক, ইহা আকাশের উপর স্থিত আছে। সেই আকাশানন্ত্যায়তন লোক হইতে বিজ্ঞানানন্ত্যায়তন লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে।

৩ আকিঞ্চন্যায়তন লোক, ইহা আকাশের উপর স্থিত আছে। সেই বিজ্ঞানানন্ত্যায়তন লোক হইতে আকিঞ্চন্যায়তন লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে।

৪ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লোক, ইহা আকাশের উপর স্থিত আছে। সেই আকিঞ্চন্যায়তন লোক হইতে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লোক উপরদিকে পঞ্চান্নলক্ষ ও আটহাজার যোজন দূরে স্থিত আছে।

(আকাসানঞ্চায়তনূপগানং দেবনং) আকাশানন্ত্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী-ব্রহ্মদের (বীসতি কপ্প সহস্সানি আয়ুপ্পমাণং) বিশসহস্র কল্প আয়ুর প্রমাণ। (বিঞ্ঞাণঞ্চায়তনূপগানং দেবনং) বিজ্ঞানানন্ত্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের (চত্তালীস কপ্প সহস্সানি) চল্লিশসহস্র আয়ুর প্রমাণ। (আকিঞ্চঞ্ঞায়তনূপগান দেবনং) আকিঞ্চন্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের (সট্ঠিকপ্প সহস্সানি) ষাইটসহস্র কল্প আয়ুর প্রমাণ। (নেবসঞ্ঞানাসঞ্ঞায়তনূপগানং দেবানং) নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের (চতুরাসীতিকপ্প সহস্সানি) চৌরাশিসহস্র কল্প আয়ুর প্রমাণ।

(তথামানসং) সেই চিত্ত (পটিসন্ধি ভবঙ্গঞ্চবন) প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি হইয়া (একমেব) কোন এক ভূমিতে সংস্কার সম্প্রযুক্ত ধর্ম্ম দ্বারা (তথেবেকবিসয়ঞ্চক জাতিয়ং) সেই এক বিষয় অবলম্বন করিয়া জন্ম হয়। (ইদমেত্থ) এই বীথিমুক্ত সংগ্রহের (পটিসন্ধি চতুক্কং) চারিপ্রকার প্রতিসন্ধি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

অপায় প্রতিসন্ধি, কামসুগতি প্রতিসন্ধি, রূপাবচর প্রতিসন্ধি ও অরূপাবচর প্রতিসন্ধি, এই চারিপ্রকার প্রতিসন্ধি নামে জানিও।

অহেতুক চিত্ত কামদুর্গতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। সেই প্রতিসন্ধির মধ্যে অহেতুক অকুশল বিপাক উপেক্ষার সহিত স্থির চিত্ত;—ক্ষণে অবক্রান্তি হইয়া অপায় ভূমিতে প্রতিসন্ধি হয়, তৎপর ভবাঙ্গ পর্য্যাবসানে ব্যবচ্ছেদ হইয়া চ্যুত হয়। এই একপ্রকার অপায় নামক প্রতিসন্ধি।

পুনর্ব্বার অহেতুক চিত্ত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। অহেতুক কুশল বিপাক উপেক্ষার সহিত স্থির চিত্ত;— কামসুগতি ভূমিতে জন্মান্ধ বা বোবা প্রভৃতি মনুষ্য, ভূমির আশ্রিত দেবতা কিংবা বিনিপাতিক অসুর প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়।

পুনর্ব্বার সহেতু চিত্ত কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। আটপ্রকার মহাবিপাক চিত্ত;— সর্ব্বপ্রকার কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি,

ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। এই নয়প্রকার কামসুগতি নামক প্রতিসন্ধি।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই একপ্রকার অপায় প্রতিসন্ধি ও নয়প্রকার কামসুগতি প্রতিসন্ধি গণনায় দশপ্রকার কামাবচর প্রতিসন্ধি প্রাপ্ত হয়।

সেই ভূমির পুদ্গলের মধ্যে মানব ভূমির মনুষ্য, চারিপ্রকার অপায় ভূমির পুদ্গল ও বিনিপাতিক অসুরের আয়ুর প্রমাণ গণনার নিয়ম নাই।

পুনর্ব্বার দেবতার আয়ুর প্রমাণ বর্ণনা করিতেছি। চতুর্ মহারাজিক ভূমির অধিষ্ঠাত্রীদেবের পাঁচশত বৎসর আয়ুর প্রমাণ। ইহা মনুষ্যের বৎসর গণনায় নয়নিযুত বৎসর প্রমাণ হয়। সেই চতুর্ মহারাজিক ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণের চতুরগুণ অধিক আয়ু তবতিংস ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। সেই তবতিংস ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর চতুরগুণ অধিক আয়ু য়াম ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। সেই য়াম ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর চতুরগুণ অধিক আয়ু তুষিত ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। সেই তুষিত ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর চতুরগুণ অধিক আয়ু নির্ম্মাণ ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। সেই নির্ম্মাণ ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর চতুরগুণ অধিক আয়ু পর-নির্ম্মিত বসবতি ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ। সেই পরনির্ম্মিত বসবতি ভূমির অধিষ্ঠাত্রীদেবের আয়ুর প্রমাণ, ইহা মনুষ্যের বৎসর গণনা-দ্বারা নয়শত একুশকোটি ও ছয়নিযুত বৎসর প্রমাণ হয়।

রূপাবচর বিপাক প্রথমাবস্থার ধ্যান চিত্ত ;— রূপাবচরের প্রথমাবস্থার ধ্যানের ভূমিতে প্রতিসন্ধি. ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। সেই রূপাবচর বিপাক দ্বিতীয় অবস্থার ধ্যান চিত্ত ও রূপাবচর বিপাক তৃতীয়া-বস্থার ধ্যান চিত্ত ;— রূপাবচরের দ্বিতীয়াবস্থার ধ্যানের ভূমিতে প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। সেই রূপাবচর বিপাক চতুর্থাবস্থার ধ্যানচিত্ত ;—রূপাবচরের তৃতীয়াবস্থার ধ্যানের ভূমিতে প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। সেই রূপাবচর বিপাক পঞ্চমাবস্থার ধ্যান চিত্ত ;— রূপাবচরের চতুর্থাবস্থার ধ্যানের ভূমিতে প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। অসংজ্ঞাসত্ব ব্রহ্মেরা ;—রূপে প্রতিসন্ধি হয়। সেই প্রতিসন্ধি হইয়া তৎপর প্রবৃত্তির সময়ে রূপ ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্তি হইয়া নিরোধ হয়। এই ছয়প্রকার রূপাবচর নামক প্রতিসন্ধি।

সেই ছয়প্রকার রূপাবচরের প্রতিসন্ধির মধ্যে ব্রহ্ম পার্ষদ্য ভূমির ব্রহ্মদের এক কল্পের তিনভাগের একভাগ আয়ুর প্রমাণ। ব্রহ্ম পুরোহিত ভূমির ব্রহ্মদের অর্দ্ধকল্প আয়ুর প্রমাণ। মহাব্রহ্ম ভূমির ব্রহ্মদের এককল্প আয়ুর প্রমাণ। পরীত্তাভা ভূমির ব্রহ্মদের দুইকল্প আয়ুর প্রমাণ। অপ্রমাণাভা ভূমির ব্রহ্মদের চারিকল্প আয়ুর প্রমাণ। আভাস্বর ভূমির ব্রহ্মদের আটকল্প আয়র প্রমাণ। পরীত্তশুভ ভূমির ব্রহ্মদের ষোলকল্প আয়ুর প্রমাণ। অপ্রমাণশুভা ভূমির ব্রহ্মদের বত্রিশকল্প আয়ুর প্রমাণ। শুভাকীর্ণ ভূমির ব্রহ্মদের চৌষট্টিকল্প আয়ুর প্রমাণ। বৃহৎফল ভূমির ব্রহ্মদের ও অসংজ্ঞাসত্ব ভূমির ব্রহ্মদের পাঁচশতকল্প আয়ুর প্রমাণ। অবৃহ ভূমির ব্রহ্মদের একসহস্র কল্প আয়ুর প্রমাণ। অতাপ ভূমির ব্রহ্মদের দুইসহস্রকল্প আয়ুর প্রমাণ। সুদর্শন ভূমির ব্রহ্মদের চারিসহস্রকল্প আয়ুর প্রমাণ। সুদর্শিন ভূমির ব্রহ্মদের আটসহস্রকল্প আয়ুর প্রমাণ। অকনিষ্ঠ ভূমির ব্রহ্মদের ষোলসহস্র কল্প আয়ুর প্রমাণ।

প্রথম অরূপাদি বিপাক চিত্ত ;— প্রথম অরূপাদি ভূমিতে যথাক্রমে প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি বশদ্বারা প্রবৃত্ত হয়। এইরূপ সেই চারিপ্রকার অরূপ নামক প্রতিসন্ধি।

পুনর্ব্বার অরূপ ভূমির ব্রহ্মদের আয়ুর প্রমাণ বর্ণনা করিতেছি। সেই চারিপ্রকার অরূপাবচর প্রতিসন্ধির পুদ্গলের মধ্যে আকাশানন্ত্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের বিশসহস্রকল্প আয়ুর প্রমাণ। বিজ্ঞানানন্ত্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের চল্লিশসহস্রকল্প আয়ুর প্রমাণ। আকিঞ্চন্যায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের ষাইটসহস্রকল্প আয়ুর প্রমাণ। নৈবসংজ্ঞানাসং-জ্ঞায়তন ভূমির অধিষ্ঠাত্রী ব্রহ্মদের চৌরাশিসহস্রকল্প আয়ুর প্রমাণ।

সেই চিত্ত প্রতিসন্ধি, ভবাঙ্গ ও চ্যুতি হইয়া কোন এক ভূমিতে সংস্কার সম্প্রযুক্ত ধর্ম্মদ্বারা সেই একবিষয় অবলম্বন করিয়া জন্ম হয়। এই বীথিমুক্ত সংগ্রহের চারিপ্রকার প্রতিসন্ধি।

## চারিপ্রকার কর্ম্ম।

### পালি।

জনকমুপথম্ভকমু পপি লি্হকমুপঘাতকঞ্চেতি কিচ্চ বসেন গরুকম্মাসন্নমাচিণ্ণং কটত্তা কম্মঞ্চেতি পাকদান পরিয়ায়েন। দিট্ঠধম্ম বেদনিয়ং উপপজ্জ বেদনিয়ং অপরাপরিয় বেদনিয় অহোসি কম্মঞ্চেতি পাককাল বসেনেতি চত্তারি কম্মানি নাম। তথা অকুসলং কামাবচর কুসলং রূপাবচর কুসলং অরূপাবচর কুসলঞ্চেতি পাকট্ঠান বসেন। তত্থ অকুসলং কায়কম্মং বচীকম্মং মনোকম্মঞ্চেতি কম্মদ্বার বসেন তিবিধং হোতি। কথং, পাণাতিপাতো, অদিন্নাদানং, কামেসু মিচ্ছাচারোচেতি কায়বিঞ্ঞত্তি সঙ্খাতে কায়দ্বারে বাহুল্লবুত্তিতো কায়কম্মং নাম। মুসাবাদো, পিসুণবাচা, ফরুস্সবাচা, সম্ফপ্পলাপো-চেতি বচীবিঞ্ঞত্তি সঙ্খাতে বচীদ্বারে বাহুল্লবুত্তিতো বচী-কম্মং নাম। অভিজ্ঝা, ব্যাপাদো, মিচ্ছাদিট্ঠিচেতি অঞ্ঞ-ত্রাপি বিঞ্ঞত্তিয়া মনস্মিংয়েব বাহুল্লবুত্তিতো মনোকম্মং নাম। তেসু পাণাতিপাতো ফরুস্সবাচা ব্যাপাদোচ দোস-মুলেন জায়ন্তি। কামেসু মিচ্ছাচারো অভিজ্ঝা মিচ্ছাদিট্ঠিচ লোভমূলেন সেসানি চত্তারিপি দ্বিহিমূলেহি সম্ভবন্তী। চিত্তু-প্পাদ বসেন পনেতং অকুসলং সব্বথাপি দ্বাদসবিধং হোতি। কামাবচর কুসলম্পি কায়দ্বারে পবত্তং কায়কম্মং বচীদ্বারে পবত্তং বচীকম্মং। মনোদ্বারে পবত্তং মনোকম্মঞ্চেতি কম্মদ্বার বসেন তিবিধং হোতি। তথা দান সীল ভাবনা বসেন, চিত্তুপ্পাদ বসেন পনেতং অট্ঠবিধং হোতি। তথা দান সীল

ভাবনা পচায়ন বেয়্যাবচ্চ পত্তিদান পত্তানুমোদন ধম্মসবন ধম্মদেসনা দিট্‌ঠিজুকম্ম বসেন দসবিধং হোতি। তংপনেতং বীসতি বিধম্পি কামাবচর কম্মমিচ্চেব সঙ্খ্যং গচ্ছতি। রূপাবচর কুসলং পন মনোকম্মমেব। তঞ্চ ভাবনা ময়ং অপ্পনা পত্তং ঝানঙ্গ ভেদেন পঞ্চবিধং হোতি। তথা অরূপাবচর কুসলঞ্চ মনোকম্মং। তংপি ভাবনা ময়ং অপ্পনাপত্তং আলম্বণ ভেদেন চতুব্বিধং হোতি। এত্থা কুসল কম্মমুদ্ধচ্চরহিতং অপায় ভূমিয়ং পটিসন্ধি জনেতি। পবত্তিয়ং পন সব্বংপি দ্বাদসবিধং সত্তাকুসল বিপাকানি সব্বথাপি কামলোকে রূপলোকেচ য়থারহং বিপচ্চতি। কামাবচর কুসলংপি কামসুগতিয়মেব পটিসন্ধিং জনেতি। তথা পবত্তিয়ঞ্চ মহাবিপাকানি। অহেতুক বিপাকানি পন অট্‌ঠপি সব্বথাপি কামলোকে রূপলোকেচ য়থারহং বিপচ্চতি। তত্থাপি তিহেতুক মুক্কট্‌ঠং কুসলং তিহেতুকং পটিসন্ধিং দত্বা পবত্তে সোল্‌হস বিপাকানি বিপচ্চতি। তিহেতুকমোমকং দ্বিহেতুকমুক্কট্‌ঠঞ্চ কুসলং দ্বিহেতুকং পটিসন্ধিং দত্বা পবত্তে তিহেতুক রহিতানি দ্বাদস বিপাকানি বিপচ্চতি। দ্বিহেতুকমোমকং পন কুসলং অহেতুকমেব পটিসন্ধিং দেতি। পবত্তেচ অহেতুক বিপাকানেব বিপচ্চতি। অসঙ্খারংসসঙ্খার, বিপাকানিন পচ্চতি, সসঙ্খারমসঙ্খার, বিপাকানীতি কেচন। তেসং দ্বাদসপাকানি, দসট্‌ঠচয় য়থাক্কমং, য়থাবুত্তানুসারেন, য়থাসম্ভবমুদ্দিসে।

রূপাবচর কুসলং পন পথমঝানং পরিত্তং ভাবেত্বা ব্রহ্মপারিসজ্জেসু উপ্পজ্জতি। তদেব মজ্ঝিমং ভাবেত্বা ব্রহ্মপুরো-

হিতেসু। পণিতং ভাবেত্বা মহাব্রহ্মেসু। তথা দুতিয়ঝানং ততিয়ঝানঞ্চ পরিত্তং ভাবেত্বা পরিত্তাভেসু। মজ্ঝিমং ভাবেত্বা অপ্পমাণাভেসু। পণিতং ভাবেত্বা আভস্সরেসু। চতুত্থঝানং পরিত্তং ভাবেত্বা পরিত্তসুভেসু। মজ্ঝিমং ভাবেত্বা অপ্পমাণ-সুভেসু। পণিতং ভাবেত্বা সুভকিণ্হেসু। পঞ্চমঝানং ভাবেত্বা বেহপ্ফলেসু। তদেব সঞ্ঞাবিরাগং ভাবেত্বা অসঞ্ঞস-ত্তেসু। অনাগামিনো পন সুদ্ধাবাসেসু উপ্পজ্জতি। অরূপাবচর কুসলঞ্চ যথাক্কমং ভাবেত্বা অরূপেসু উপ্পজ্জতি।

ইত্থং মহগ্গতং পুঞ্ঞং, যথাভূমিব্ববত্থিতং,
জনেতি সদিসং পাকং, পটিসন্ধি পবত্তিয়ং।
ইদমেত্থ কম্মকম্মচতুক্কং।

## সান্বয়ার্থ।

(জনকং) জনক কর্ম্ম *, (উপত্থম্ভকং) উপস্তম্ভক কর্ম্ম †, (উপ-পিলিহকং) উৎপীড়ন কর্ম্ম ‡, (উপঘাতকঞ্চ) ও উপঘাতক কর্ম্ম §, (ইতি চত্তারি কিচ্চ বসেন) এই চারিপ্রকার কর্ম্ম বশদ্বারা (বেদিতব্বানি) জানিও।

(গরুকং) গুরুকর্ম্ম ¶, (আসন্নং) আসন্ন কর্ম্ম ||, (আচিণ্ণং) অচীর্ণ কর্ম্ম ‖, (কটত্তাকম্মঞ্চ-) ও ফলপ্রদান কর্ম্ম $, (ইতি) এই (পাকদান-

---

* অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের চেতনাফলে রূপের জন্ম হয়, এই জনক কর্ম্ম।

† অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের ফলে সেই জন্মের সাহায্য করে, এই উপস্তম্ভক কর্ম্ম।

‡ অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের ফলে সেই জন্মের উৎপীড়ন করে, এই উৎপীড়ন কর্ম্ম।

§ সেই জন্মের অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের ফল বিচ্ছেদ করিয়া স্বয়ং অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের চেতনাফলে পুনঃর্ব্বার জন্ম হয়, এই উপঘাতক কর্ম্ম।

¶ মাতৃঘাতক কর্ম্ম, পিতৃঘাতক কর্ম্ম ও অর্হন্তঘাতক কর্ম্ম প্রভৃতি গুরু কর্ম্ম।

|| মরণ কালের অনুস্মরণ কর্ম্ম, এই আসন্ন কর্ম্ম।

‖ কর্ম্ম একবারে অভিন্ন করিয়া স্মরণ করে, এই অচীর্ণ কর্ম্ম।

$ গুরু ইত্যাদি কর্ম্মের ভাব অপ্রাপ্ত হইয়া কর্ম্ম নির্ম্মাণ করে, এই ফলপ্রদান কর্ম্ম।

পরিয়ায়েন ) চারিপ্রকার কর্ম্মের ফলপ্রদান পর্য্যায়দ্বারা ( বেদিতব্বানি ) জানিও।

( দিট্‌ঠধম্ম বেদনিয়ং ) কর্ম্মের ফলপ্রত্যক্ষ অনুভব *, ( উপপজ্জ বেদনিয়ং ) উৎপত্তি কর্ম্মের ফল অনুভব †, ( অপরাপরিয় বেদনিয়ং ) অপর অপর্য্যায় কর্ম্মের ফল অনুভব ‡, ( অহোসিকম্মঞ্চ ) ও হওয়া কর্ম্মের ফল §, ( ইতি পাককালবসেন ) এই ফলপ্রদান কাল বশদ্বারা ( ইতি চত্তারি কম্মানি নাম ) এই চারিপ্রকার কর্ম্ম নামে ( বেদিতব্বানি ) জানিও।

( তথা ) সেই ( অকুসলং ) অকুশল কর্ম্মের ফল স্থান ¶, ( কামাবচর কুসলং ) কামাবচর কুশল কর্ম্মের ফল স্থান ‖, ( রূপাবচর কুসলং ) রূপাবচর কুশল কর্ম্মের ফল স্থান ‖, ( অরূপাবচর কুসলঞ্চ ) ও অরূপাবচর কুশল কর্ম্মের ফল স্থান $, ( ইতি পাকট্‌ঠান বসেন ) এই ফল স্থান বশদ্বারা ( চত্তারি কম্মানি নাম ) চারিপ্রকার কর্ম্ম নামে ( বেদিতব্বানি ) জানিও।

( তত্থ ) সেই চারিপ্রকার কর্ম্মের মধ্যে ( অকুসলং কায় কম্মং ) কায়ার অকুশল কর্ম্ম, ( বচীকম্মং ) বাক্যের অকুশল কর্ম্ম, ( মনোকম্মঞ্চ ) ও মনোর অকুশল কর্ম্ম, ( ইতি কম্মদ্বার বসেন তিবিধং হোতি ) এই দ্বারের কর্ম্ম বশদ্বারা তিনপ্রকার কর্ম্ম হয়।

( কথং ) কতপ্রকার অকুশল কর্ম্ম ? ( পাণাতি পাতো ) প্রাণীহত্যা, ( অদিন্নাদানং ) চুরি, ( কামেসুমিচ্ছাচারোচ ) ও লম্পটতা, ( ইতি তিবিধং কম্মং কায়বিঞ্ঞত্তি সঙ্খাতে ) এই বর্ণিত তিনপ্রকার কায় বিজ্ঞপ্তি কর্ম্মে ( কায়দ্বারে বাহুল্লবুত্তিতো ) কায়দ্বার হইতে অনেক প্রকার বৃত্তি উৎপত্তি

---

* যে কোন প্রকার কর্ম্ম বর্ত্তমান সময়ে করিয়াছে, তাহার ফল সেই সময়ে অনুভব করে, এই কর্ম্মের ফল প্রত্যক্ষ অনুভব।

† যে কোন প্রকার কর্ম্ম করিয়াছে, তাহার ফল অপর দুই ভবে অনুভব করে, এই উৎপত্তি কর্ম্মের ফল অনুভব।

‡ যে কোন প্রকার কর্ম্ম করিয়াছে, তাহার ফল অপর অপর তিন ভবে ভোগ করতঃ শেষ না হইয়া নির্ব্বানপ্রাপ্তি পর্য্যন্ত অনুভব করে, ইহাই অপর অপর্য্যায় কর্ম্মের ফল অনুভব নামে বর্ণিত হয়।

§ যে কোন প্রকার কর্ম্মের ফল প্রদান করে নাই, ও কোন প্রকার কর্ম্মের ফল প্রদান করিবে না, তাহাকে হওয়া কর্ম্মের ফল বলে।

¶ অপায় ভূমি। ‖ কামসুগতি ভূমি। ‖ রূপাবচর ভূমি। $ অরূপাবচর ভূমি, এই কর্ম্মের ফলস্থান।

হয়, ( কায়কম্মং নাম ) এই কায়ার অকুশল নামক কর্ম্ম। ( মুসবাদো ) মিথ্যা-বাক্য, ( পিসুণবাচ ) পিশুনবাক্য, ( ফরুসবাচ ) কর্কশবাক্য, ( সম্ফপ্পলা-পোচ ) ও গল্পবাক্য, ( ইতি বচীবিঞ্ঞত্তি সঙ্খাতে ) এই বর্ণিত তিনপ্রকার বাক্য বিজ্ঞপ্তি কর্ম্মে ( বচীদ্বারে বহুল্লবুত্তিতো ) বাক্যদ্বার হইতে অনেক প্রকার বৃত্তি উৎপত্তি হয়, ( বচীকম্মং নাম ) এই বাক্যের অকুশল নামক কর্ম্ম। ( অভিজ্ঝা ) অভিধ্যা ( ব্যাপাদো ) ব্যাপাদ, ( মিচ্ছাদিট্ঠিচ ) ও মিথ্যাদৃষ্টি, ( ইতি অঞ্ঞত্রাপি বিঞ্ঞত্তিয়া মনস্মিংয়েব বহুল্লবুত্তিতো ) এই তিনপ্রকার কর্ম্মে [ কায় ও বাক্য বিজ্ঞাপ্তি কর্ম্ম বিনা ] মনো হইতে অনেক প্রকার বৃত্তি উৎপত্তি হয়, ( মনোকম্মং নাম ) এই মনোর অকুশল নামক কর্ম্ম।

( তেসু ) সেই দশপ্রকার অকুশল কর্ম্মের মধ্যে ( পাণাতিপাতো ) প্রাণীহত্যা, ( ফরুসবাচা ) কর্কশবাক্য, ( ব্যাপাদোচ ) ও ব্যাপাদ, এই তিনপ্রকার অকুশল কর্ম্ম ( দোসমূলেন জায়ন্তি ) দোষমূলের কারণ হইতে উৎপত্তি হয়। ( কামেসুমিচ্ছাচারো ) লম্পটতা, ( অভিজ্ঝা ) অভিধ্যা, ( মিচ্ছাদিট্ঠিচ ) ও মিথ্যাদৃষ্টি, এই তিনপ্রকার অকুশল কর্ম্ম ( লোভমূলেন জায়ন্তি ) লোভমূলের কারণ হইতে উৎপত্তি হয়। ( সেসানি ) তাহার শেষ অবশিষ্ট ( অদিন্নদান ) চুরি, ( মুসাবাদ ) মিথ্যাবাক্য, ( পিসুণবাচা ) পিশুনবাক্য, ( সম্ফপ্পলাপোচ ) ও গল্পবাক্য, ( চত্তারিপি দ্বিহিমূলেহি ) এই চারিপ্রকার অকুশল কর্ম্ম দুইপ্রকার লোভমূল ও দোষমূলের কারণ হইতে ( সম্ভবন্তি ) সম্ভব উৎপত্তি হয়।

( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( এতং অকুসলং সব্বথাপি ) সেই সর্ব্বপ্রকার অকুসল কর্ম্মের ( চিত্তুপ্পাদ বসেন ) চিত্ত উৎপত্তি বশদ্বারা ( দ্বাদসবিধং হোতি ) দ্বাদশপ্রকার অকুশল চিত্ত উৎপত্তি হয়।

( কামাবচর কুসলংপি কায়দ্বারে পবত্তং ) কামাবচর কুশল কর্ম্ম কায়-দ্বারে প্রবৃত্ত হয়, ( কায়কম্মং ) এই কায়কর্ম্ম। ( বচীদ্বারে পবত্তং ) কামাবচর কুশল কর্ম্ম বাক্যদ্বারে প্রবৃত্ত হয়, এই বাক্যকর্ম্ম। ( মনোদ্বারে পবত্তং চ ) এবং কামাবচর কুশল কর্ম্ম মনোদ্বারে প্রবৃত্ত হয়, ( মনোকম্মং ) এই মনোকর্ম্ম। ( ইতি কম্মদ্বার বসেন তিবিধং হোতি ) এই তিনপ্রকার কর্ম্মদ্বার বশদ্বারা তিনপ্রকার কামাবচর কুশল কর্ম্ম হয়।

( তথা দান সীল ভাবনা বসেন ) সেই দান, শীল ও ভাবনা বশদ্বারা

( চিত্তুপ্পাদ বসেন ) চিত্ত উৎপত্তি বশদ্বারা ( এতং কুসলং অট্‌ঠবিধং হোতি ) সেই আটপ্রকার শোভন কামাবচর কুশল চিত্ত উৎপত্তি হয়। ( তথা দান সীল ভাবনা ) সেই দান, শীল, ভাবনা, ( অপচায়ন বেয়্যাবচ্চ ) অপচায়ন, সেবা *, ( পত্তিদান ) প্রতিদান †, ( পত্তানুমোদন ) অনুমোদনপ্রাপ্ত ‡, ( ধম্ম সবন ) ধর্ম্মশ্রবণ, ( ধম্মাদেসন ) ধর্ম্ম উপদেশ, ( দিট্‌ঠি জুকম্ম বসেন ) এবং দৃষ্টি সরল করণ কর্ম্ম বশদ্বারা ( দসবিধং হোতি ) দশপ্রকার কামাবচর কুশল কর্ম্ম হয়। ( তংপন ) সেই পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( এতং কম্মং ) সেই দশপ্রকার অকুশল কর্ম্ম ও দশপ্রকার কুশল কর্ম্ম, ( বীসতি বিধম্পি কামাবচর মিচ্চেব সঙ্খ্যং গচ্ছতি ) এইরূপ গণনায় বিশ প্রকার কামাবচর কর্ম্ম প্রাপ্ত হয়।

( পন ) পুনর্ব্বার রূপাবচর বর্ণনা করিতেছি। ( তং রূপাবচর কুসলং ) সেই রূপাবচর কুশল ( মনোকম্মমেব ) মনো কর্ম্ম ( ভাবনা ময়ং ) ভাবনা দ্বারা ( অপ্পনা পত্তং ) অর্পণ ভাব প্রাপ্ত হয়, ( চ ) এবং ( ঝানঙ্গ ভেদেন ) ধ্যানাঙ্গ প্রভেদ দ্বারা ( পঞ্চবিধং হোতি ) পাঁচপ্রকার রূপাবচর কুশল ধ্যানাঙ্গ হয়।

( তথা ) সেই ( অরূপাবচর কুসলং ) অরূপাবচর কুশল ( মনো কম্মং ) মনো কর্ম্ম ( ভাবনা ময়ং ) ভাবনা দ্বারা ( অপ্পনা পত্তং ) অর্পণ ভাব প্রাপ্ত হয়, ( তংপি আলম্বণ ভেদেন চতুব্বিধং হোতি ) সেই আকাশ অবলম্বন প্রভেদ দ্বারা চারিপ্রকার অরূপাবচর কুশল ভাবনা অবলম্বন হয়।

( এত্থ ) এই চারি প্রকার কর্ম্মের মধ্যে ( উদ্ধচ্চরহিতং ) ঔদ্ধত্য চিত্ত রহিত করিয়া অবশিষ্ট [ অকুসল কম্মং ] একাদশপ্রকার অকুশল চিত্তের কর্ম্মে [ অপায়ভূমিয়ং ] অপায় ভূমিতে [ পটিসন্ধি জনেতি ] প্রতিসন্ধিতে জন্ম হয়। [ পবত্তিপন ] সেই প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার [ সব্বংপিদ্বাদস বিধং ] সমুদয় দ্বাদশপ্রকার অকুশল চিত্তের [ সত্তাকুসল পাকানি ] ও সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্তের [ সব্বত্থাপি কামলোকে রূপলোকেচ ]

---

* বুদ্ধ, ধর্ম্ম, সঙ্ঘ, মাতা, পিতা ও আচার্য্যের সেবা করাকে অপচায়ন সেবা বলে।

† আপনি অপর ব্যক্তিকে পুণ্য দান করেন, ইহাকে প্রতিদান কহে।

‡ যিনি অপর ব্যক্তির পুণ্য দান প্রাপ্ত হইয়া অভি অনুমোদন বা সাধুবাদ প্রদান করেন, এই অনুমোদন প্রাপ্ত।

সর্ব্বপ্রকার কামলোকে ও রূপলোকে [ যথারহং ] যথোপযুক্ত মতে [ বিপচ্চতি ] ফলোৎপত্তি হয়।

[ কামাবচর কুসলংপি ] কামাবচর কুশল কর্ম্মে [ কাম সুগতিয়মেব ] সাতপ্রকার কামসুগতি ভূমিতে [ পটিসন্ধিং জনেতি ] প্রতিসন্ধিতে জন্ম হয়। [ তথাপবত্তিয়ং পন ] সেই প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার [ মহাবিপাকানি অহেতুক বিপাকানি অটঠপিচ ] আটপ্রকার মহাবিপাক চিত্ত ও আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের [ সব্বথাপি কামলোকে রূপলোকেচ ] সর্ব্বপ্রকার কামলোক ও রূপলোকে [ যথারহং ] যথোপযুক্ত মতে [ বিপচ্চতি ] ফলোৎপত্তি হয়।

[ তথাপি ] সেই কামাবচর কুশল কর্ম্মের মধ্যে [ তিহেতুকমুক্কটঠ কুসলং ] তিন প্রকার হেতু * র উৎকৃষ্ট চারিপ্রকার কামাবচর কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের কর্ম্মে [ তিহেতুকং পটিসন্ধি দত্বা ] তিনপ্রকার হেতুর চারি প্রকার কামাবচর মহাবিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত প্রতিসন্ধি প্রদান করিয়া [ পবত্তে ] প্রবৃত্তির সময়ে [ সোলসহ বিপাকানি ] পুনর্ব্বার ষোলপ্রকার বিপাক চিত্তে † র [ বিপচ্চতি ] ফলোৎপত্তি হয়।

[ তিহেতুক মোমকং ] সেই তিনপ্রকার হেতুর অধম [ দ্বিহেতুকমুক্কটঠং ] বা দুইপ্রকার হেতু ‡ র উৎকৃষ্ট [ কুসলং ] চারিপ্রকার শোভন কামাবচর কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের কর্ম্মে [ দ্বিহেতুকং পটিসন্ধি দত্বা ] দুইপ্রকার হেতুর চারিপ্রকার শোভন কামাবচর বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত প্রতিসন্ধি প্রদান করিয়া [ পবত্তে ] প্রবৃত্তির সময়ে [ তিহেতুক রহিতানি ] তিনপ্রকার হেতুর চারিপ্রকার শোভন কামাবচর বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত রহিত করিয়া [ দ্বাদস বিপাকানি] দ্বাদশপ্রকার বিপাক চিত্তে § র [ বিপচ্চতি ] ফলোৎপত্তি হয়।

---

* অলোভ হেতু, অদোষ হেতু ও অমোহ হেতু, এই তিনপ্রকার হেতু

† আট প্রকার শোভন কামাবচর মহা বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্তও আট প্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত, এই ষোল প্রকার বিপাক চিত্ত।

‡ অলোভ হেতু ও অদোষ হেতু, এই প্রকার হেতু।

§ চারি প্রকার শোভন কামাবচর বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্তও আট প্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত, এই দ্বাদশ প্রকার বিপাক চিত্ত।

[ দ্বিহেতুক মোমকং ] দুইপ্রকার হেতুর অধম [ কুসলং ] চারিপ্রকার শোভন কামাবচর কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের কর্ম্মে [ অহেতুকমেব ] আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত [ পটিসন্ধি দেতি ] প্রতিসন্ধি প্রদান করে, [ পবত্তেচ ] ও প্রবৃত্তির সময়ে [ পন ] পুনর্ব্বার [ অহেতুকমেব ] আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের [ বিপচ্চতি ] ফলোৎপত্তি হয়।

[ অসঙ্খারং ] অসংস্কার কুশল চিত্তের কর্ম্মে [ সসঙ্খারিক বিপাকানি ] সসংস্কার মহাবিপাক চিত্তের ভাব [ নেপচ্চতি ] উৎপত্তি হয় না। [ সসঙ্খার ] সসংস্কার কুশল চিত্তের কর্ম্মে [ অসঙ্খারিক বিপাকানি ] অসংস্কার মহাবিপাক চিত্তের ভাব [ নপচ্চতি ] উৎপত্তি হয় না। [ ইতি কেচি ] ইহা কোন কোন আচার্য্য বা মোরবাধিবাসী মহাথেরঃ ধর্ম্মরক্ষিত বর্ণনা করিয়াছেন।

[ তেসং ] সেই কোন কোন আচার্য্যেরা [ যথাবুত্তানুসারেন ] যথাউক্ত অনুসার দ্বারা [ যথাক্কমং ] যথাক্রমে [ দ্বাদস পাকানি ] দ্বাদশপ্রকার বিপাক চিত্ত, [ দস ] দশপ্রকার বিপাক চিত্ত*, [ অট্ঠচ ] ও আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত, [ যথাসম্ভবমুদ্দিসে ] এই যথাসম্ভব উদ্দেশ করে।

[ পন ] পুনর্ব্বার রূপাবচর কুশল কর্ম্ম বর্ণনা করিতেছি। [ যোগাবচর ] যোগাবচর বা কর্ম্মস্থান ধ্যানের পুদ্গলেরা ;— [ রূপাবচর কুসলং পঠমঝানং ] রূপাবচর কুশল কর্ম্মের প্রথমাবস্থার ধ্যান [ পরিত্তং ভাবেত্বা ] ঈষৎভাব করিয়া [ ব্রহ্ম পারিসজ্জেসু ] ব্রহ্ম পার্ষদ্য ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ তদেব মজ্ঝিমং ] সেই প্রথমাবস্থার ধ্যান মধ্যম [ ভাবেত্বা ] ভাব করিয়া [ ব্রহ্ম পরোহিতা ] ব্রহ্ম পুরোহিত ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ তদেব ] সেই প্রথমাবস্থার ধ্যান [ পণিতং ভাবেত্বা ] প্রণীত ভাব করিয়া [ মহাব্রহ্মেসু ] মহাব্রহ্ম ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ তথা ] সেই [ দুতিয়ঝানং ততিয়ঝানঞ্চ ] দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়াবস্থার ধ্যান

---

* দুইপ্রকার উৎকৃষ্ট হেতুর কামাবচর কুশলের একপ্রকার অসংস্কার ও একপ্রকার সসংস্কার জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের কর্ম্মে দুইপ্রকার উৎকৃষ্ট হেতুর কামাবচর বিপাকের এক প্রকার অসংস্কার ও সসংস্কার জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত প্রতিসন্ধি প্রদান করিয়া প্রবৃত্তির সময়ে দুইপ্রকার হেতুর কামাবচর বিপাকের একপ্রকার অসংস্কার ও একপ্রকার সসংস্কার জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত ও আটপ্রকার আহভুক কুশল বিপাক চিত্ত, এই দশপ্রকার বিপাক চিত্তের ফলোৎপত্তি হয়।

[ পরিত্তং ভাবেত্বা ] ঈষৎভাব করিয়া [ পরিত্তাভেসু ] পরীত্তাভা ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। সেই দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়াবস্থার ধ্যান [ মজ্ঝিমং ভাবেত্বা ] মধ্যম ভাব করিয়া [ অপ্পমাণাভেসু ] অপ্রমাণাভা ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। সেই দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়াবস্থার ধ্যান [ পণিতং ভাবেত্বা ] প্রণীত ভাব করিয়া [ আভস্‌সরেসু ] আভাস্বর ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ চতুত্থঝানং পরিত্তং ভাবেত্বা ] সেই চতুর্থাবস্থার ধ্যান ঈষৎভাব করিয়া [ পরিত্তসুভেসু ] পরীত্তশুভা ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। সেই চতুর্থাবস্থার ধ্যান [ মজ্ঝিমং ভাবেত্বা ] মধ্যম ভাব করিয়া [ অপ্পমাণাসুভেসু ] অপ্রমাণশুভা ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। সেই চতুর্থাবস্থার ধ্যান [ পণিতং ভাবেত্বা ] প্রণীত ভাব করিয়া [ সুভকিণ্‌হেসু ] শুভাকীর্ণ ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ তদেব পঞ্চমঝানং ] সেই পঞ্চমাবস্থার ধ্যান [ভাবেত্বা] ভাব করিয়া [ বেহপ্‌ফলেসু ] বৃহৎফল ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ তদেব ] সেই পঞ্চমাবস্থার ধ্যানে [ সঞ্‌ঞাবিরাগং ভাবেত্বা ] সংজ্ঞাবিরাগ ভাব হইয়া [ অসঞ্‌ঞসত্তেসু ] অসংজ্ঞাসত্ব ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়।

[ পন ] পুনর্ব্বার শুদ্ধাবাস ভূমি বর্ণনা করিতেছি। [ অনাগামিনো ] অনাগামী পুদ্গলেরা ;— [ সুদ্ধাবাসেসু ] শুদ্ধাবাস ভূমিতে [ উপ্পজ্জন্তি ] উৎপত্তি হয়।

রূপাবচর ধ্যানের পঞ্চমাবস্থার যোগীরা ;— [ অরূপাবচর কুসলঞ্চ ] অরূপাবচর কুশল কর্ম্মস্থান [ যথাক্কমং ভাবেত্বা ] যথাক্রমে ভাব করিয়া [ অরূপেসু ] অরূপ ভূমিতে [ উপ্পজ্জতি ] উৎপত্তি হয়। [ ইত্থং মহগ্‌গতং ] এই মহৎগত [ পুঞ্‌ঞং ] পুণ্য কর্ম্মে [ পটিসন্ধি পবত্তিয়ং ] প্রতিসন্ধি ও প্রবৃত্তির সময়ে [ যথাভূমি ববত্থিতং ] যথোপযুক্ত মতে ভূমি ব্যস্থিতের [ জনেতি সদিসং পাকং ] সদৃশ বিপাক চিত্ত জন্ম হয়। [ ইদমেত্থ কম্ম চতুক্কং ] এই চারিপ্রকার কর্ম্ম।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

জনক কর্ম্ম, উপস্তম্ভ কর্ম্ম, উৎপীড়ন কর্ম্ম ও উপঘাতক কর্ম্ম, এই চারিপ্রকার কর্ম্ম বশদ্বারা জানিও।

গুরু কর্ম্ম, আসন্ন কর্ম্ম, অচীর্ণ কর্ম্ম ও ফলপ্রদান কর্ম্ম, এই চারিপ্রকার কর্ম্মের ফলপ্রদান পর্য্যায়দ্বারা জানিও।

কর্ম্মের ফল প্রত্যক্ষ অনুভব, উৎপত্তি কর্ম্মের ফল অনুভব, অপর অপ-র্য্যায় কর্ম্মের ফল অনুভব ও হওয়া কর্ম্মের ফল, এই ফলপ্রদান কাল বশদ্বারা এই চারিপ্রকার কর্ম্ম নামে জানিও।

সেই অকুশল কর্ম্মের ফলস্থান, কামাবচর কুশল কর্ম্মের ফলস্থান, রূপাবচর কুশল কর্ম্মের ফলস্থান ও অরূপাবচর কুশল কর্ম্মের ফলস্থান, এই ফলস্থান বশদ্বারা চারিপ্রকার কর্ম্ম নামে জানিও।

সেই চারিপ্রকার কর্ম্মের মধ্যে কায়ার অকুশল কর্ম্ম, বাক্যের অকুশল কর্ম্ম ও মনোর অকুশল কর্ম্ম, এই দ্বারের কর্ম্ম বশদ্বারা তিনপ্রকার কর্ম্ম হয়।

কতপ্রকার অকুশল কর্ম্ম? প্রাণীহত্যা, চুরি ও লম্পটতা, এই বর্ণিত তিনপ্রকার কায় বিজ্ঞপ্তি কর্ম্মে কায়দ্বার হইতে অনেকপ্রকার বৃত্তি উৎ-পত্তি হয়, এই কায়ার অকুশল নামক কর্ম্ম। মিথ্যাবাক্য, পিশুনবাক্য, কর্কশবাক্য ও গল্পবাক্য, এই বর্ণিত তিনপ্রকার বাক্য বিজ্ঞপ্তি কর্ম্মে বাক্যদ্বার হইতে অনেকপ্রকার বৃত্তি উৎপত্তি হয়, এই বাক্যের অকুশল নামক কর্ম্ম। অভিধ্যা, ব্যাপাদ ও মিথ্যাদৃষ্টি, এই তিনপ্রকার কর্ম্মে মনো হইতে অনেকপ্রকার বৃত্তি হয়, এই মনোর অকুশল নামক কর্ম্ম।

সেই দশপ্রকার অকুশল কর্ম্মের মধ্যে প্রাণীহত্যা, কর্কশবাক্য ও ব্যাপাদ, এই তিনপ্রকার অকুশল কর্ম্ম দোষমূলের কারণ হইতে উৎপত্তি হয়। লম্পটতা, অভিধ্যা ও মিথ্যাদৃষ্টি, এই তিনপ্রকার অকুশল কর্ম্ম লোভমূলের কারণ হইতে উৎপত্তি হয়। তাহার শেষ অবশিষ্ট চুরি, মিথ্যা-বাক্য, পিশুনবাক্য ও গল্পবাক্য, এই চারিপ্রকার অকুশল কর্ম্ম দুইপ্রকার লোভমূল ও দোষমূলের কারণ হইতে সম্ভব উৎপত্তি হয়। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই সর্ব্বপ্রকার অকুশল কর্ম্মের চিত্ত উৎপত্তি বশদ্বারা দ্বাদশপ্রকার অকুশল চিত্ত উৎপত্তি হয়।

কামাবচর কুশল কর্ম্ম কায়দ্বারে প্রবৃত্ত হয়; এই কায়কর্ম্ম। কামাবচর কুশল কর্ম্ম বাক্যদ্বারে প্রবৃত্ত হয়, এই বাক্য কর্ম্ম। এবং কামাবচর কুশল

কর্ম্ম মনোদ্বারে প্রবৃত্ত হয়, এই মনোকর্ম্ম। এই তিনপ্রকার কর্ম্মদ্বার বশদ্বারা তিনপ্রকার কামাবচর কুশল কর্ম্ম হয়।

সেই দান, শীল ও ভাবনা বশদ্বারা চিত্ত উৎপত্তি বশদ্বারা সেই আট-প্রকার শোভন কামাবচর কুশল চিত্ত উৎপত্তি হয়।

সেই দান, শীল ও ভাবনা বশদ্বারা চিত্ত উৎপত্তি বশদ্বারা সেই আট-প্রকার শোভন কামাবচর কুশল চিত্ত উৎপত্তি হয়।

সেই দান, শীল, ভাবনা, অপচায়ন, সেবা, প্রতিদান, অনুমোদন প্রাপ্ত, ধর্ম্ম শ্রবণ, ধর্ম্ম উপদেশ, এবং দৃষ্টি সরল করণ কর্ম্ম বশদ্বারা দশপ্রকার কামাবচর কুশল কর্ম্ম হয়।

সেই অকুশল কর্ম্ম ও কুশল কর্ম্ম পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই দশপ্রকার অকুশল কর্ম্ম ও দশপ্রকার কামাবচর কুশল কর্ম্ম, এইরূপ গণনায় বিশপ্রকার কামাবচর কর্ম্ম প্রাপ্ত হয়।

পুনর্ব্বার রূপাবচর বর্ণনা করিতেছি। সেই রূপাবচর কুশল মনোকর্ম্ম ভাবনা দ্বারা অর্পণ ভাব প্রাপ্ত হয়, এবং ধ্যানাঙ্গ প্রভেদ দ্বারা পাঁচপ্রকার রূপাবচর কুশল ধ্যানাঙ্গ হয়।

সেই অরূপাবচর কুশল মনোকর্ম্ম ভাবনা দ্বারা অর্পণ ভাব প্রাপ্ত হয়, সেই আকাশ অবলম্বন প্রভেদ দ্বারা চারিপ্রকার অরূপাবচর কুশল ভাবনা অবলম্বন হয়।

এই চারিপ্রকার কর্ম্মের মধ্যে ঔদ্ধত্য চিত্ত রহিত করিয়া অবশিষ্ট একাদশপ্রকার অকুশল চিত্তের কর্ম্মে অপায় ভুমিতে প্রতিসন্ধিতে জন্ম হয়; সেই প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার সমুদয় দ্বাদশপ্রকার অকুশল চিত্তের ও সাতপ্রকার অহেতুক অকুশল বিপাক চিত্তের সর্ব্বপ্রকার কামলোকে ও রূপলোকে যথোপযুক্ত মতে ফলোৎপত্তি হয়।

কামাবচর কুশল কর্ম্মে সাতপ্রকার কামসুগতি ভূমিতে প্রতিসন্ধিতে জন্ম হয়। সেই প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার আটপ্রকার মহাবিপাক চিত্তের ও আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের সর্ব্বপ্রকার কামলোকে ও রূপলোকে যথোপযুক্ত মতে ফলোৎপত্তি হয়।

সেই কামাবচর কুশল কর্ম্মের মধ্যে তিনপ্রকার হেতুর উৎকৃষ্ট চারি-প্রকার কামাবচর কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের কর্ম্মে তিনপ্রকার হেতুর

চারিপ্রকার মহাবিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত প্রতিসন্ধি প্রদান করিয়া প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার ষোলপ্রকার বিপাক চিত্তের ফলোৎপত্তি হয়।

সেই তিনপ্রকার হেতুর অধম বা দুইপ্রকার হেতুর উৎকৃষ্ট চারিপ্রকার শোভন কামাবচর কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের কর্ম্মে দুইপ্রকার হেতুর চারিপ্রকার শোভন কামাবচর বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত প্রতিসন্ধি প্রদান করিয়া প্রবৃত্তির সময়ে তিনপ্রকার হেতুর চারিপ্রকার মহাবিপাক চিত্ত রহিত করিয়া দ্বাদশপ্রকার বিপাক চিত্তের ফলোৎপত্তি হয়।

দুইপ্রকার হেতুর অধম চারিপ্রকার শোভন কামাবচর কুশল জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের কর্ম্মে আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্ত প্রতিসন্ধি প্রদান করে, এবং প্রবৃত্তির সময়ে পুনর্ব্বার আটপ্রকার অহেতুক কুশল বিপাক চিত্তের ফলোৎপত্তি হয়।

অসংস্কার কুশল চিত্তের কর্ম্মে সসংস্কার বিপাক চিত্তের ভাব উৎপত্তি হয় না। সসংস্কার কুশল চিত্তের কর্ম্মে অসংস্কার বিপাক চিত্তের ভাব উৎপত্তি হন না, ইহা কোন কোন আচার্য্য বা মোরবাধিবাসী মহাথেরঃ ধর্ম্মরক্ষিত বর্ণনা করিয়াছেন।

সেই কোন কোন আচার্য্যেরা যথাউক্ত অনুসার দ্বারা যথাক্রমে দ্বাদশ-প্রকার বিপাক চিত্ত, দশপ্রকার বিপাক চিত্ত ও আটপ্রকার বিপাক চিত্ত, এই যথাসম্ভব উদ্দেশ করে।

পুনর্ব্বার রূপাবচর কুশল কর্ম্ম বর্ণনা করিতেছি। যোগাবচর বা কর্ম্ম-স্থান ধ্যানের পুদ্গলেরা ;— রূপাবচর কুশল কর্ম্মের প্রথমাবস্থার ধ্যান ঈষৎ ভাব করিয়া ব্রহ্মপার্ষদ্য ভূমিতে উৎপত্তি হয়। সেই প্রথমাবস্থার ধ্যান মধ্য ভাব করিয়া ব্রহ্মপুরোহিত ভূমিতে উৎপত্তি হয়। সেই প্রথমাবস্থার ধ্যান প্রণীত ভাব করিয়া মহাব্রহ্ম ভূমিতে উৎপত্তি হয়। সেই দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়াবস্থার ধ্যান ঈষৎভাব করিয়া পরীত্তাভা ভূমিতে উৎপত্তি হয়। সেই দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়াবস্থার ধ্যান মধ্যভাব করিয়া অপ্রমাণাভা ভূমিতে উৎপত্তি হয়। সেই দ্বিতীয়াবস্থার ধ্যান ও তৃতীয়া-বস্থার ধ্যান প্রণীত ভাব করিয়া আভাস্বর ভূমিতে উৎপত্তি হয়। সেই

চতুর্থাবস্থার ধ্যান ঈষৎভাব করিয়া পরীত্তশুভা ভূমিতে উৎপত্তি হয়। সেই চতুর্থাবস্থার ধ্যান মধ্যমভাব করিয়া অপ্রমাণশুভা ভূমিতে উৎপত্তি হয়। সেই চতুর্থাবস্থার ধ্যান প্রণীতভাব করিয়া শুভাকীর্ণ ভূমিতে উৎপতিত্ত হয়। সেই পঞ্চমাবস্থার ধ্যানভাব করিয়া বৃহৎফল ভূমিতে উৎপত্তি হয়। সেই পঞ্চমাবস্থার ধ্যানে সংজ্ঞাবিরাগ ভাব হইয়া অসংজ্ঞাসত্ত্ব ভূমিতে উৎপত্তি হয়। পুনর্ব্বার শুদ্ধাবাস ভূমি বর্ণনা করিতেছি। অনাগামী পুদ্গলেরা ;— শুদ্ধাবাস ভূমিতে উৎপত্তি হয়।

রূপাবচর ধ্যানের পঞ্চমাবস্থার যোগীরা ;— অরূপাবচর কুশল কর্ম্মস্থান যথাক্রমে ভাব করিয়া অরূপ ভূমিতে উৎপত্তি হয়। এই মহৎগত পুণ্য কর্ম্মে প্রতিসন্ধি ও প্রবৃত্তির সময়ে যথোপযুক্ত মতে ভূমি ব্যবস্থিতের সদৃশ বিপাক চিত্ত জন্ম হয়। এই চারিপ্রকার কর্ম্ম।

---

## চারিপ্রকার মরণোৎপত্তি।

### পালি।

আয়ুক্খয়েন কম্মক্খয়েন উভয়ক্খয়েন উপচ্ছেদক কম্মুনাচেতি চতুধা মরণুপ্পত্তি নাম। তথাচ মরণন্তানং পন মরণ কালে য়থারহং অভিমুখিভূতং ভবন্তরে পটিসন্ধি জনকং কম্মং বা তংকম্ম করণ কালে রূপাদীকমুপলদ্ধ পুব্বমুপকরণ ভূতঞ্চ কম্ম নিমিত্তং বা অনন্তরমুপ্পজ্জমান ভবে উপলব্ভি তব্বং উপভোগ ভূতঞ্চ গতিনিমিত্তং বা কম্ম বলেন ছন্নং দ্বারানং অঞ্ঞতরস্মিং পচ্চু পট্ঠাতি। ততো পরং তমেব য়থো পট্ঠিতং আলম্বণং আরব্ভবিপচ্চমানক কম্মানুপরূং পরিসুদ্ধমুপকিলিট্ঠং বা উপলব্ভিতব্ব ভবানুরূপং তত্থোন তংব চিত্ত সন্তানং অভিণহং পবত্ততি বাহুল্লেন। তমেব বা পন জনক

ভূতং কম্মমভি নব করণ বসেন দ্বার পত্তংহোতি। পচ্চাসন্ন মরণস্স তস্স বীথি চিত্তাবসানে ভবঙ্গ ক্খয়ে বা চবন বসেন পচ্চুপ্পন্নভব পরিয়োসানভূতং চুতি চিত্তমুপ্পজ্জিত্বা নিরুজ্ঝতি। তস্মিং নিরুদ্ধাবসানে তসসনন্তরমেব তথা গহিতং আলম্বণ মারব্ভ সবত্থুকং অবত্থুকমেব বা য়থারহং অবিজ্জানুসয় পরিক্খিত্তেন তণ্হানুসয় মূলকেন সঙ্খারেন জনিয়মানং সম্পয়ুত্তেহি পরিগ্গয়্হমানং সহজাতানমধিট্ঠান ভাবেন পুব্বঙ্গমভূতং ভবন্তর পটিসন্ধান বসেন পটিসন্ধি সঙ্খাতং মানসং উপ্পজ্জ মানমেব পতিট্ঠাতি ভবন্তরে।

মরণাসন্ন বীথিয়ং পনেত্থ মন্দপ্পবত্তানি পঞ্চেব জবনানি পাটিকঙ্খি তব্বানি। তস্মায়দা পচ্চুপ্পন্নালম্বণেসু আপাথ গতেসু ধরন্তেস্বেব মরণং হোতি। তদা পটিসন্ধি ভবঙ্গানংপি পচ্চুপ্পন্নালম্বণতা লব্ভতীতি কত্বা কামাবচর পটিসন্ধিয়া ছদ্বার গহিতং কম্মনিমিত্তং গতিনিমিত্তঞ্চ পচ্চুপ্পন্নমতীতালম্বণং উপলব্ভতি। কম্মং পন অতীতমেব, তঞ্চ মনোদ্বার গহিতং, তানি পন সব্বানিপি পরিত্তধম্ম ভূতানেবালম্বণানি, রূপাবচর পটিসন্ধিয়া পন পঞ্ঞত্তিভূতং কম্মনিমিত্তমেবালম্বণং হোতি, তথা আরূপ্প পটিসন্ধিয়াচ মহগ্গতভূতং পঞ্ঞত্তি ভূতঞ্চ কম্মনিমিত্তমেব য়থারহং আলম্বণং হোতি। অসঞ্ঞসত্তানং পন জীবিত নবকমেব পটিসন্ধি ভাবেন পতিট্ঠাতি, তস্মাতেরূপ পটিসন্ধিকা নাম।

অরূপাঅরূপ পটিসন্ধিকা, সেসারূপারূপ পটিসন্ধিকা।

আরূপ্পচুতিয়াহোন্তি, হেট্ঠিমারূপ্পবজ্জিতা,

পরমারূপ্পসন্ধিচ, তথা কামতিহেতুকা।

রূপাবচর চুতিয়া, অহেতু রহিতাসিয়্যুং,

সব্বাকামতিহেতুম্হা, কামেস্বব পনেতরা।

অয়মেত্থ চুতি পটিসন্ধিক্কমো।

ইচ্চেবং গহিত পটিসন্ধিকানং পন পটিসন্ধি নিরোধানন্তরতো পভূতি তমেবালম্বণ মারব্ভ তদেব চিত্তং যাব চুতি চিত্তুপ্পাদা অসতি বীথি চিত্তুপ্পাদে ভবস্স অঙ্গভাবেন ভবঙ্গ সন্ততি সঙ্খাতং মানসং অবোচ্ছিন্নংনদীসোতো বিয় পবত্ততি, পরিয়োসানেচ চবন বসেন চুতি চিত্তংহুত্বা নিরুজ্ঝতি। ততো পরঞ্চ পটিসন্ধা দয়ো রথ চক্কমিব য়থাক্কমং এব পরিবত্তন্তা পবত্তন্তি।

পটিসন্ধি ভবঙ্গ বীথিয়ো, চুতিচ্চেহতথা ভবন্তরে,

পুন পটিসন্ধি ভবঙ্গ বিচ্চয়ং, পরিবত্ততি চিত্তসন্ততি।

পটিসঙ্খায় পনেতদ্ধুবং, অধিগংত্বা পদমচ্চুতং বুধা,

সুসমুচ্ছিন্ন সিনেহবন্ধনা, সমমেসসন্তি চীরায়ুসুব্বতা।

ইতি অভিধম্মত্থ সঙ্গহে বীথিমুত্ত সঙ্গহ বিভাগো নাম পঞ্চমো পরিচ্ছেদো।

## সান্বয়ার্থ।

(সত্তানং) সত্ত্বেরা ;— (আয়ুক্খয়েন) আয়ুক্ষয়ের কারণ, (কম্মক্খয়েন) কর্ম্ম ক্ষয়ের কারণ, (উভয়ক্খয়েন) উভয় ক্ষয়ের কারণ বা আয়ু ক্ষয় ও কর্ম্ম ক্ষয়ের কারণ, (উপচ্ছেদক কম্মনাচ) ও উপচ্ছেদক কর্ম্মের কারণ মরণোৎপত্তি হয়, (ইতি চতুধা মরণুপ্পত্তি নাম) এই চারিপ্রকার মরণোৎপত্তি নামে (বেদিতব্বা) জানিও।

( পন ) পুনর্ব্বার মরণকালের কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত বর্ণনা করিতেছি। সত্ত্বেরা ;—( তথা ) সেই চারিপ্রকার কারণের মধ্যে কোন একপ্রকার কারণ ( চ মরণন্তনং মরণকালে ) মরণকালে ও মরণের শেষে ( য়থারহং ) যথোপযুক্ত মতে ( অভিমুখিভূতং ) অভিমুখ হইয়া ( ভবন্তরে ) ভবান্তরে ( পটিসন্ধি জনকং ) প্রতিসন্ধিতে জন্ম হয়। ( কম্মংবাতং কম্ম করণকালে ) সেই অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্ম করণের কালে ( রূপাদীকমুপলদ্ধ পুব্বমুপকরণ ভূতঞ্চ ) পূর্ব্বের রূপাদি * উপকরণ উপলব্ধ করিয়া ( কম্মনিমিত্তং বা ) কর্ম্মনিমিত্ত † ( অনন্তরমুপ্পজ্জমান ভবে ) পরভবে উৎপত্তিমান হয়। ( উপলদ্ধিতব্বং উপভোগভূতঞ্চ গতিনিমিত্তং বা ) সেই উপলাভ করতঃ গতিনিমিত্ত ‡ উপভোগ ( কম্মবলেন ) কর্ম্মবলের কারণ ( ছদ্বংদ্বারানং অঞ্ঞ্রত্রস্মিং ) ছয়দ্বারের মধ্যে কোন একদ্বারে ( পচ্চুপট্ঠাতি ) পুনঃ পুনঃ উপস্থিত হয়। ( ততোপরং তমেব য়থোপট্ঠিতং আলম্বণং আরব্ভ ) তৎপর সেই উপস্থিত § অবলম্বনকে ¶ অবলম্বন করিয়া যথোপযুক্ত মতে ( বিপচ্চমানক কম্মানুরূপং ) কর্ম্মানুরূপ প্রতিসন্ধিতে জন্ম হয়। ( পরিসুদ্ধমুকিলিট্ঠং বা উপলদ্ধি তব্ব ভবানুরূপং ) সেই পরিশুদ্ধ কর্ম্ম বা উপক্লেশ কর্ম্ম ভবানুরূপ উপলাভ করিয়া ( তথোনতংবচিত্ত সন্তানং অভিণহং পবত্ততি বাহুল্লেন ) সেই চিত্ত অনেকবার অভিনমনত ও বন্ধন হইয়া সেই ভবে প্রবৃত্ত হয়।

( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( তমেব বা জনক ভূতং কম্মমভিনব করণ বসেন ) সেই কর্ম্মে জন্ম হইয়া অভিনব দেহ বা আপন নবদেহ নির্ম্মাণ করণ বশতয়া ( দ্বারপত্তং হোতি ) দ্বারপ্রাপ্ত হয়। ( পচ্চাসন্ন মরণস্সতস্স বীথি চিত্তাবসানে ) সেই মরণের অতি আসন্ন সময়ে

---

* রূপাবলম্বন শব্দাবলম্বন, গন্ধাবলম্বন, রসাবলম্বন, স্পর্শাবলম্বন ও ধর্ম্মাবলম্বন, এই রূপাদি।

† যষ্টি, ঘোড়ারচাবুক, অস্ত্র, বড়শা ও ধনু প্রভৃতি অকুশল কর্ম্মনিমিত্ত। বিহার, পুষ্প, বুদ্ধমূর্ত্তি, চৈত, পিণ্ড, চীবরবস্ত্র, ছত্র ও ধ্বজ প্রভৃতি কুশল কর্ম্মনিমিত্ত।

‡ মাতার উদর, নরক, নরকের ঢেঁক, নরকের দূত ও নরকের অগ্নি প্রভৃতি অকুশল গতিনিমিত্ত। দেবভূমি, দেবকন্যা, বিমান ও কল্পবৃক্ষ প্রভৃতি কুশল গতিনিমিত্ত।

§ কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত। ¶। সেই কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত।

২৯

চিত্তবীথি* অবসানে (ভবঙ্গক্খয়ে বা চবন বসেন) ভবাঙ্গ ক্ষয় বা ভবাঙ্গ শেষ পর্য্যন্ত ও চ্যুতি বশদ্বারা (পচ্চুপ্পন্নভব পরিয়োসান ভূতং) বর্ত্তমানভব পর্য্যাবসান হইয়া (চুতি চিত্তমুপ্পজ্জিত্বা নিরুজ্ঝতি) চ্যুতি চিত্ত উৎপত্তি হওত নিরোধ হয়। (তস্মিং নিরুদ্ধাবসানে) সেই চিত্ত নিরোধ অবসানে (তস্সানন্তরমেব তথা গহিতং) তাহার পর সেই† গৃহীত‡ (আলম্বণ মারব্ভ) অবলম্বনকে§ অবলম্বন করিয়া (সবত্থুকং অবত্থুকমেব বা) সবস্তু বা অবস্তু উৎপত্তি হওত (য়থারহং) যথোপযুক্ত মতে (অবিজ্জানুসয় পরিক্খিত্তেন) অবিদ্যানুশয় পরিক্ষিপ্ত বা বেষ্টিত (তণ্হানুসয় মূলকেন) তৃষ্ণানুশয় মূলের কারণ (সঙ্খারেন) অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের সংস্কার (জনিয়মান) উৎপত্তিমান (সম্পয়ুত্তেহি) স্পর্শ ও বেদনা সম্প্রযুক্ত ধর্ম্ম (পরিগ্গয়্হমান) পরিগ্রহমান (সহজাতানং) স্পর্শের সহিত বেদনা উৎপত্তি ধর্ম্ম (অধিট্ঠান ভাবেন) অধিষ্ঠান ভাবদ্বারা (পুব্বঙ্গম ভূতং) পূর্ব্বেগমন করিয়া (ভবন্তর পটিসন্ধা বসেন) ভবান্তর প্রতিসন্ধি বশদ্বারা (পটিসন্ধি সঙ্খাতং মানসং) বর্ণিত চিত্ত প্রতিসন্ধিতে (উপ্পজ্জমানমেব) উৎপত্তিমান হইয়া (পতিট্ঠাতি ভবন্তরে) ভবান্তরে প্রতিষ্ঠা হয়। (পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (এথ মরণাসন্ন বীথিয়ং) এই মরণ আসন্ন সময়ে চিত্ত বীথি (মন্দপ্পবত্তানি) মন্দপ্রবৃত্ত হইয়া (পঞ্চেব জবনানি পাটিকঙ্খিতব্বানি) সেই জবন চিত্ত পাঁচবার প্রতিআকাঙ্ক্ষা করে। (তস্মা-য়দি) যদি সেই (পচ্চুপ্পন্নালম্বণেসু)¶ বর্ত্তমান অবলম্বন (আপাথমাগতেসু) অনুভব ধারণ করিয়া মরণ হয়, (তদা পটিসন্ধি ভবঙ্গনংপি) সেই সময়ে প্রতিসন্ধি চিত্ত ও ভবাঙ্গ চিত্ত (পচ্চুপ্পন্নালম্বণতা লব্ভতি) বর্ত্তমান অবলম্বন লাভ করিয়া থাকে। (ইতি কত্বা) এইরূপ করিয়া (কামাবচর পটিসন্ধিয়া আলম্বণং) কামাবচর প্রতিসন্ধি অবলম্বনে (ছদ্বার গহিতং) ছয়দ্বারের গৃহীত (পচ্চুপ্পন্নমতীতং) বর্ত্তমানকাল ও অতীতকালের (কম্ম কম্মনিমিত্তং

---

* তদাবলম্বন চিত্ত ও জবন চিত্ত বীথি।

† মরণ আসন্ন সময়ে ছয়দ্বারের জবন চিত্ত।

‡ কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত। § সেই কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত।

¶ যষ্টি ও অস্ত্র প্রভৃতি অকুশল কর্ম্মনিমিত্ত। বিহার ও বুদ্ধমূর্ত্তি ইত্যাদি কুশল কর্ম্মনিমিত্ত। নরক ও নরকের দূত প্রভৃতি অকুশল গতিনিমিত্ত। দেবভূমি ও দেব-কন্যা ইত্যাদি কুশল গতিনিমিত্ত।

গতিনিমিত্তঞ্চ ) কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত ( আলম্বণং ) অবলম্বন ( উপলভতি ) উপলাভ করিয়া থাকে। ( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( তঞ্চ মনোদ্বার ) সেই মনোদ্বার ( কম্মং অতীতমেব গহিতং ) অতীতকালের অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্ম গৃহীত করিয়া থাকে। ( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( তানি সব্বানিপি ) সেই কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত সর্ব্বপ্রকার ( পরিত্তধম্ম ভূতানেবালম্বণানি হোন্তি ) কাম ধর্ম্মাবলম্বন করিয়া থাকে।

( পন ) পুনর্ব্বার রূপাবচর প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। ( রূপাবচর পটিসন্ধিয়া ) রূপাবচর প্রতিসন্ধিতে ( পঞ্ঞত্তি ভূতং কম্মনিমিত্তমেব )* কর্ম্মনিমিত্ত প্রজ্ঞপ্তি ( আলম্বণং হোতি ) অবলম্বন করিয়া থাকে।

( তথা ) সেই ( অরূপ পটিসন্ধিয়া ) অরূপাবচর প্রতিসন্ধিতে ( যথারহং ) যথোপযুক্ত মতে ( মহগ্গতভূতং পঞ্ঞত্তি ভূতঞ্চ কম্মনিমিত্তমেব ) মহৎগত† ধ্যানের কর্ম্মনিমিত্ত প্রজ্ঞপ্তি ( আলম্বণং হোতি ) অবলম্বন করিয়া থাকে।

( পন ) পুনর্ব্বার রূপাবচর প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। ( অঞ্ঞসত্তনং ) অসংজ্ঞাসত্ব ব্রহ্মেরা ;—( জীবিতনবকমেব ) জীবিত নবকলাপরূপে ( পটিসন্ধি ভাবেন ) প্রতিসন্ধি ভাবদ্বারা ( পতিট্ঠাতি ) প্রতিষ্ঠা হয়। ( তস্মাতে রূপ পটিসন্ধিকা নাম ) সেই কারণ তাঁহাকে রূপ নামক প্রতিসন্ধি বলেন। ( অরূপা ) অরূপ ব্রহ্মেরা ;— ( অরূপ পটিসন্ধিকা নাম ) অরূপ নামক প্রতিসন্ধি লাভ করেন। ( সেসা ) অসংজ্ঞাসত্ব পুদ্গল হইতে অবশেষ ( রূপারূপ পটিসন্ধিকা ) রূপ প্রতিসন্ধির পুদ্গলেরা ও অরূপ প্রতিসন্ধির পুদ্গলেরা ;— ( অরূপ চুতিয়া হোটিঠমারূপ বজ্জিতা পরমারূপ সন্ধিয়চ ) অরূপ ভূমি হইতে চ্যুতির পর অধো অরূপ ভূমি বর্জ্জিত করিয়া ঊর্দ্ধ অরূপ ভূমিতে প্রতিসন্ধি হয়। ( তথা কাম তিহেতুকা ) সেই পুদ্গলেরা ;— তিনপ্রকার হেতুর সহিত বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি হয়।

---

* পৃথিবী কৃৎস্ন কর্ম্মস্থান ধ্যান, বুদ্ধানুস্মৃতি কর্ম্মস্থান ধ্যান ও অশুভ কর্ম্মস্থান ধ্যান প্রভৃতি কর্ম্মস্থান ধ্যানের।

† কুশল আকাশানন্তায়তন কর্ম্মস্থান ধ্যান ও কুশল বিজ্ঞানান্ত্যায়তন কর্ম্মস্থান ধ্যান প্রভৃতি কর্ম্মস্থান।

সেই রূপাবচর পুদ্গলেরা,—( রূপাবচর চুতিয়' ) রূপাবচর ভূমি হইতে রূপাবচর চিত্ত চ্যুতির পর ( অহেতুক রহিতা সিয়ুং ) অহেতুক চিত্ত রহিত করিয়া সতরপ্রকার বিপাক চিত্তে * র মধ্যে কোন একপ্রকার চিত্তে প্রতিসন্ধি হয়। পুদ্গলেরা ;—( সব্ব কামতিহেতুম্‌হা ) তিনপ্রকার হেতুর সহিত চারিপ্রকার বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত হইতে চ্যুতির পর সর্ব্ব-প্রকার বিপাক চিত্ত বা উনিশপ্রকার বিপাক চিত্তে † র মধ্যে কোন একপ্রকার চিত্তে প্রতিসন্ধি হয়। ( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( ইতর ) পুদ্গলেরা ;— অপর দুইপ্রকার অহেতুক উপেক্ষা স্থির চিত্ত ও দুইপ্রকার হেতুর সহিত চারিপ্রকার বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত হইতে চ্যুতির পর ( দস ) দশপ্রকার বিপাক চিত্তে ‡ র মধ্যে কোন একপ্রকার চিত্তে ( কামেস্বেব ) একাদশপ্রকার কাম ভূমিতে ( পটিসন্ধিয়ো ) প্রতিসন্ধি হয়। ( অয়মেত্থ ) এই ( চুতি পটিসন্ধিক্কমো ) প্রতিসন্ধি ও চ্যুতির কারণ ক্রমে বর্ণিত হইয়াছে।

[ পন ] পুনর্ব্বার ভবাঙ্গ বর্ণনা করিতেছি। পুদ্গলেরা ;—[ ইচ্চেবং ] যথাউক্ত নিয়ম দ্বারা [ গহিত পটিসন্ধি নিরোধানন্তরতো পভূতি ] গৃহীত প্রতিসন্ধি চিত্ত প্রভৃতি নিরোধের পর [ তমেবালম্বণ মারব্ভ ] সেই প্রতিসন্ধি চিত্ত অবলম্বনকে অবলম্বন করিয়া [ তদেবচিত্তং ] সেই প্রতিসন্ধি ও [ যাব চুতিচিত্তুপ্পাদা ] চ্যুতি চিত্ত উৎপত্তি পর্য্যন্ত [ বীথি চিত্তুপ্পদো ] বীথি চিত্ত উৎপত্তি [ অসতি ] হয় না। [ ভবস্‌স অঙ্গভাবেন ] ভবের অঙ্গভাব দ্বারা [ ভবঙ্গ সন্ততি সঙ্খাতং মানসং ] বর্ণিত ভবাঙ্গ চিত্ত বন্ধন করিয়া [ অবোচ্ছিন্নং ] অবচ্ছিন্ন [ নদী সোত বিয় ] নদীর স্রোতের সদৃশ [ পবত্ততি ] প্রবৃত্ত হয়। [ চিত্তং পরিয়োসানেচ চবন বসেন ] চিত্ত পর্য্যবসান ও

---

* চারিপ্রকার বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, চারিপ্রকার বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত, পাঁচপ্রকার রূপাবচর বিপাক চিত্ত, এবং চারিপ্রকার অরূপাবচর বিপাক চিত্ত, এই সতরপ্রকার বিপাক চিত্ত।

† সেই পূর্ব্বোক্ত সতরপ্রকার বিপাক চিত্ত ও দুইপ্রকার উপেক্ষা স্থিরচিত্ত, এই উনিশপ্রকার বিপাক চিত্ত।

‡ চারিপ্রকার কামাবচর বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, চারিপ্রকার কামাবচর বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত ও দুইপ্রকার অহেতুক উপেক্ষা স্থির চিত্ত, এই দশপ্রকার বিপাক চিত্ত।

করণ বশদ্বারা [ চুতি হুত্বা নিরুজ্ঝতি ] চ্যুতি হইয়া নিরোধ হয়। [ ততো-পরং ] তৎপর [ পটিসন্ধাদয়ো ] প্রতিসন্ধি চিত্ত [ রথ চক্কমিব যথাক্কমং ] রথ চক্রের সদৃশ যথাক্রমে [ এব পরিবত্তন্তা ] পরিবর্ত্তন হইয়া [ পবত্তন্তি ] প্রবৃত্ত হয়।

[ ইহ ] এই বর্ত্তমান ভবে [ পটিসন্ধি ভবঙ্গ চুতি বীথিয়োচ ] প্রতিসন্ধি চিত্ত, ভবাঙ্গ চিত্ত, বীথি চিত্ত ও চ্যুতি চিত্ত [ পরিবত্তন্তি যথা ] যথা রথ চক্রের সদৃশ পরিবর্ত্তন হয়। [ তথা ] সেই চিত্ত [ পুনভবন্তরে ] পুনঃ পুনঃ ভবান্তরে [ পটিসন্ধি ভবঙ্গমিতি ] এইরূপে প্রতিসন্ধি ও ভবাঙ্গ হয়। [ অয়ং চিত্ত সন্ততি ] এই চিত্ত বন্ধন হইয়া [ পরিবত্ততি ] পরিবর্ত্তন হয়।

[ পন ] পুনর্ব্বার সংসার বিচ্ছেদ বর্ণনা করিতেছি। [ বুধগণ ? [ পটিসঙ্খায় এতদ্ধবং ] সেই অনিত্য ফল ধর্ম্মের প্রজ্ঞাদ্বারা বিবেচনা করিয়া [ চীরায় চীরংকাল ] চীরায়ু ও চীরকাল [ সুব্বতা ] সুব্রত হইয়া [ সুস-মুচ্ছিন্নসিনহ বন্ধনা ] সুসম্যক্ রূপে লোকোত্তর মার্গদ্বারা স্নেহ বন্ধন উচ্ছিন্ন করিয়া [ অচ্চুতং পদং ] অচ্যুত পদ নির্ব্বাণের [ অধিগংত্বা ] লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলদ্বারা অবগত হইয়া [ সমং এস্সন্তি ] সমুদয় দুঃখ ফল শান্তি করতঃ নির্ব্বাণ ধাতু প্রাপ্ত হইবে। [ ইতি অভি-ধম্মথ সঙ্গহে ] এই অভিধর্ম্মার্থ [ বীথিমুত্ত সঙ্গ বিভাগো নাম ] বীথিমুক্ত সংগ্রহ বিভাগ নামক [ পঞ্চমো পরিচ্ছেদো ] পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সত্ত্বেরা ;— আয়ুক্ষয়ের কারণ, কর্ম্মক্ষয়ের কারণ, উভয়ক্ষয়ের কারণ ও উপচ্ছেদক কর্ম্মের কারণ মরণোৎপত্তি হয়, এই চারিপ্রকার মরণোৎপত্তি নামে জানিও।

পুনর্ব্বার মরণকালের কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত বর্ণনা করিতেছি। সত্ত্বেরা ;— সেই চারিপ্রকার কারণের মধ্যে কোন একপ্রকার কারণ মরণকালে ও মরণের শেষে যথোপযুক্ত মতে অভিমুখ হইয়া ভবান্তরে প্রতিসন্ধিতে জন্ম হয়। সেই অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্ম করণের কালে পূর্ব্বের রূপাদি উপকরণ উপলব্ধ করিয়া কর্ম্মনিমিত্ত পরভবে উৎপত্তিমান হয়। সেই উপলাভ করতঃ গতিনিমিত্ত উপভোগ কর্ম্মবলের কারণ ছয়-দ্বারের মধ্যে কোন একদ্বারে পুনঃ পুনঃ উপস্থিত হয়। তৎপর সেই

উপস্থিত অবলম্বনকে অবলম্বন করিয়া যথোপযুক্ত মতে কর্ম্মানুরূপ প্রতিসন্ধিতে জন্ম হয়। সেই পরিশুদ্ধ কর্ম্ম বা উপক্লেশ কর্ম্ম ভবানুরূপ উপলাভ করিয়া সেই চিত্ত অনেকবার অভিন্ন নত ও বন্ধন হইয়া সেই ভবে প্রবৃত্ত হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই কর্ম্মে জন্ম হইয়া অভি নব দেহ বা আপন নবদেহ নির্ম্মাণ করণ বশদ্বারা দ্বারপ্রাপ্ত হয়। সেই মরণের অতি আসন্ন সময়ে চিত্ত বীথি অবসানে ভবাঙ্গ ক্ষয় বা ভবাঙ্গ শেষ পর্য্যন্ত ও চ্যুতি বশদ্বারা বর্ত্তমানভব পর্য্যাবসান হইয়া চ্যুতি চিত্ত উৎপত্তি হওত নিরোধ হয়। সেই চিত্ত নিরোধ অবসানে তাহার পর সেই গৃহীত অবলম্বনকে অবলম্বন করিয়া সবস্তু বা অবস্তু উৎপত্তি হওত যথোপযুক্ত মতে অবিদ্যানুশয় পরিক্ষিপ্ত বা বেষ্টিত তৃষ্ণানুশয় মূলের কারণ অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্মের সংস্কার উৎপতিমান স্পর্শ ও বেদনা সম্প্রযুক্ত ধর্ম্ম পরিগ্রহমান স্পর্শের সহিত বেদনা উৎপত্তি ধর্ম্ম অধিষ্ঠান ভাবদ্বারা পূর্ব্বে গমন করিয়া ভবান্তর প্রতিসন্ধি বশদ্বারা বর্ণিত চিত্ত প্রতিসন্ধিতে উৎপত্তিমান হইয়া ভবান্তরে প্রতিষ্ঠা হয়। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। এই মরণ আসন্ন সময়ে চিত্ত বীথি মন্দপ্রবৃত্ত হইয়া সেই জবন চিত্ত পাঁচবার প্রতিআকজন্ম করে। যদি সেই বর্ত্তমান অবলম্বন অনুভব ধারণ করিয়া মরণ হয়। সেই সময়ে প্রতিসন্ধি চিত্ত ও ভবাঙ্গ চিত্ত বর্ত্তমান অবলম্বন লাভ করিয়া থাকে। এইরূপ করিয়া কামাবচর প্রতিসন্ধি অবলম্বনে ছয়দ্বারের গৃহীত বর্ত্তমান কাল ও অতীতকালের কর্ম্ম, ক নিমিত্ত ও গতিনিমিত্ত অবলম্বন উপলাভ করিয়া থাকে। ইহা পুনর্ব্বার বর্ণ . করিতেছি। সেই মনোদ্বারে অতীতকালের অকুশল কর্ম্ম বা কুশল কর্ম্ম গৃহীত করিয়া থাকে। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই কর্ম্ম, কর্ম্মনিমিত্ত ও গতিনিমিত্ত সর্ব্বপ্রকার কাম ধর্ম্ম অবলম্বন করিয়া থাকে।

পুনর্ব্বার রূপাবচর প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। রূপাবচর প্রতিসন্ধিতে কর্ম্মনিমিত্ত প্রজ্ঞপ্তি অবলম্বন করিয়া থাকে।

সেই অরূপাবচর প্রতিসন্ধিতে যথোপযুক্ত মতে মহৎগত ধ্যানের কর্ম্মনিমিত্ত প্রজ্ঞপ্তি অবলম্বন করিয়া থাকে।

পুনর্ব্বার রূপাবচর প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। অসংজ্ঞাসত্ত্ব ব্রহ্মেরা,—জীবিত নব কলাপ রূপ প্রতিসন্ধি ভাবদ্বারা প্রতিষ্ঠা হয়। সেই কারণ

তাঁহাকে রূপ নামক প্রতিসন্ধি বলেন। অরূপব্রহ্মরা ;— অরূপ নামক প্রতিসন্ধি লাভ করেন। অসংজ্ঞাসত্ব পুদ্গল হইতে অবশেষ রূপ প্রতিসন্ধি পুদ্গলেরা ও অরূপ প্রতিসন্ধির পুদ্গলেরা ;— অরূপ ভূমি হইতে চ্যুতির পর অধো অরূপ ভূমি বর্জ্জিত করিয়া উর্দ্ধ অরূপ ভূমিতে প্রতিসন্ধি হয়। সেই পুদ্গলেরা ;— তিনপ্রকার হেতুর সহিত বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্তের ভাবে কামসুগতি ভূমিতে প্রতিসন্ধি হয়।

সেই রূপাবচর পুদ্গলেরা ;— রূপাবচর ভূমি হইতে রূপাবচর চিত্ত চ্যুতির পর অহেতুক বিপাক চিত্ত রহিত করিয়া সতরপ্রকার বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তে প্রতিসন্ধি হয়। পুদ্গলেরা ;— তিনপ্রকার হেতুর সহিত চারিপ্রকার বিপাক জ্ঞান সম্প্রযুক্ত হইতে চ্যুতির পর সর্ব্বপ্রকার বিপাক চিত্তের মধ্যে কোন একপ্রকার চিত্তে প্রতিসন্ধি হয়। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। পুদ্গলেরা ;— অপর দুইপ্রকার অহেতুক বিপাক চিত্ত ও দুইপ্রকার হেতুর সহিত চারিপ্রকার বিপাক জ্ঞান বিপ্রযুক্ত চিত্ত হইতে চ্যুতির পর দশপ্রকার বিপাক চিত্তে একাদশপ্রকার কাম ভূমিতে প্রতিসন্ধি হয়। এই প্রতিসন্ধি চ্যুতির কারণ ক্রমে বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার ভবাঙ্গ বর্ণনা করিতেছি। পুদ্গলেরা ;— যথাউক্ত নিয়মদ্বারা গৃহীত প্রতিসন্ধি চিত্ত প্রভৃতি নিরোধের পর সেই প্রতিসন্ধি চিত্ত অবলম্বনকে অবলম্বন করিয়া সেই প্রতিসন্ধি চিত্ত ও চ্যুতি চিত্ত উৎপত্তি পর্য্যন্ত বীথি চিত্ত উৎপত্তি হয় না। ভবের অঙ্গ ভাবদ্বারা বর্ণিত ভবাঙ্গ চিত্ত বন্ধন করিয়া অবচ্ছিন্ন নদীর স্রোতের সদৃশ প্রবৃত্ত হয়। চিত্ত পর্য্যবসান ও মরণ বশদ্বারা চ্যুতি হইয়া নিরোধ হয়। তৎপর প্রতিসন্ধি চিত্ত রথ চক্রের সদৃশ পরিবর্ত্তন হয়। সেই চিত্ত পুনঃ পুনঃ ভবান্তরে এইরূপে প্রতিসন্ধি ও ভবাঙ্গ হয়। এই চিত্ত বন্ধন হইয়া পরিবর্ত্তন হয়।

পুনর্ব্বার সংসার বিচ্ছেদ বর্ণনা করিতেছি। বুধগণ ? সেই অনিত্য ফল ধর্ম্মের প্রজ্ঞাদ্বারা বিবেচনা করিয়া চীরায়ু ও চীরকাল সুব্রত হইয়া সুসম্যক্ রূপে লোকোত্তর মার্গদ্বারা স্নেহ বন্ধন উচ্ছিন্ন করিয়া অচ্যুত পদ নির্ব্বাণের লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলদ্বারা সমুদয় দুঃখ ফল শান্তি করতঃ নির্ব্বাণ ধাতু প্রাপ্ত হইবে। এই অভিধর্ম্মার্থ বীথিমুক্ত সংগ্রহ বিভাগ নামক পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত হইয়াছে।

# ষষ্ঠ পরিচ্ছেদ।

## পাঁচপ্রকার রূপ।

### পালি।

এত্তাবতা বিভত্তাহি, সব্বভেদ পবত্তিকা,
চিত্ত চেতসিকা ধম্মা, রূপং দানিপবুচ্চতি।
সমুদ্দেসাবিভাগাচ, সমুট্ঠানাকলাপতো,
পবত্তিকমতো চেতি, পঞ্চধাতত্থ সঙ্গহো।

### সান্বয়ার্থ।

[এত্তাবতা] এই দ্বিতীয় পরিচ্ছেদ, তৃতীয় পরিচ্ছেদ ও পঞ্চম পরিচ্ছেদ বশদ্বারা [সব্বভেদ পবত্তিকা] প্রবৃত্তির সর্ব্বপ্রকার প্রভেদ বর্ণিত হইয়াছে। [চিত্ত চেতসিকা ধম্ম বিভত্তা] যে কারণ চিত্ত ও চৈতসিক ধর্ম্ম বিভক্ত হইয়াছে, [রূপদানি পবুচ্চতি] সেই কারণ এক্ষণ রূপ বর্ণনা করিতেছে।

[সমুদ্দেস] রূপ সমুদ্দেশ, [বিভাগ] রূপ বিভাগ, [সমুট্ঠানা] রূপ সমুত্থান, [কলাপতো] রূপ কলাপ, [পবত্তিকমতোচ] ও রূপ প্রবৃত্তি ক্রমদ্বারা, [ইতিতত্থ] এইরূপে সেইরূপ [পঞ্চধা সঙ্গহো] পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

### বাঙ্গলা—গদ্যানুবাদ।

এই দ্বিতীয় পরিচ্ছেদ, তৃতীয় পরিচ্ছেদ ও পঞ্চম পরিচ্ছেদ বশদ্বারা প্রবৃত্তির সর্ব্বপ্রকার প্রভেদ বর্ণিত হইয়াছে। যে কারণ চিত্ত ও চৈতসিক ধর্ম্ম বিভক্ত হইয়াছে, সেই কারণ এক্ষণ রূপ বর্ণনা করিতেছি।

রূপ সমুদ্দেশ, রূপ বিভাগ, রূপ সমুত্থান, রূপ কলাপ ও রূপ প্রবৃত্তি ক্রমদ্বারা, এইরূপে সেইরূপ পাঁচপ্রকার সংগ্রহ করিয়াছে।

## রূপ সমুদ্দেশ।

### পালি।

চত্তারি মহাভূতানি চতুন্নঞ্চ মহাভূতানং উপাদায় রূপন্তি দুবিধম্পেতং রূপং একাদসবিধেন সঙ্গহং গচ্ছতি। কথং, পথবীধাতু আপোধাতু তেজোধাতু বায়োধাতু ভূতরূপং নাম। চক্খু সোতং ঘানং জিহ্বাকায়ো পসাদ রূপং নাম। রূপং সদ্দো গন্ধো রসো আপোধাতু বিবজ্জিতং ভূতত্তয় সঙ্খাতং ফোট্ঠপ্পং গোচর রূপং নাম। ইত্থত্তং পুরিসত্তং ভাব রূপং নাম। হদয় বত্থু হদয় রূপং নাম। জীবিতিন্দ্রিয়ং জীবত রূপং নাম। কবল্হীকারো আহারো আহার রূপং নাম। ইতিচ অট্ঠারস বিধম্পেতং রূপং সভাব রূপং সলক্খণ রূপং নিপ্ফন্ন রূপং রূপরূপং সমসন রূপন্তিচ সচঙ্গহং গচ্ছতি। আকাস ধাতু পরিচ্ছেদ রূপং নাম। কায় বিঞ্ঞত্তি, বচী বিঞ্ঞত্তি বিঞ্ঞত্তি রূপং নাম। রূপস্স লহুতা মুদুতা কম্মঞ্ঞতা বিঞ্ঞত্তি দ্বয়ং বিকার রূপং নাম। রূপস্স উপচয়ো সন্ততি জরতা অনিচ্চতা লক্খণ রূপং নাম। জাতি রূপমেব পনেত্থ উপচয় সন্ততি নামেন পবুচ্চতীতি একাদস বিধম্পেতং রূপং অট্ঠ বীসতি বিধংহোতি সরূপবসেন। কথং। ভূতপ্পসাদ বিসয়া, ভাবো হদয় মিচ্চপি, জীবিতাহার-রূপেতি, অট্ঠারস বিধংতথা।

পরিচ্ছেদোচ বিঞ্ঞত্তি, বিকারো লক্খণন্তিচ,
অনিপ্ফন্না দসঞ্চেতি, অট্ঠবীস বিধংভবে।
অয়মেত্থ রূপ সমুদ্দেসো।

৩০

## সান্বয়ার্থ।

(চত্তারি মহাভূতানিচ) চারিপ্রকার মহাভূত রূপ ও (চতুন্নং মহাভূতনং উপাদায় রূপং) চারিপ্রকার মহাভূত রূপ আশ্রিত হইয়া রূপ উৎপত্তি হয়, (ইতি দুবিধংপি) এই দুইপ্রকারে রূপ উৎপত্তি হইয়া থাকে। (এতং রূপ একাদস বিধেন) সেইরূপ একাদশপ্রকার দ্বারা (সঙ্গহং গচ্ছতি) সংগ্রহ প্রাপ্ত হয়।

(কথং) কতপ্রকার রূপ? (পথবীধাতু) পৃথিবী ধাতুরূপ *, (আপো-ধাতু) আপধাতু রূপ †, (তেজোধাতু) তেজধাতু রূপ ‡, (বায়োধাতু) ও বায়ুধাতু রূপ §, (ভূত রূপং নাম) এই চারিপ্রকার ভূত নামক রূপ। (চক্খু) চক্ষু প্রসাদ রূপ, (সোতং) শ্রবণ প্রসাদ রূপ, (ঘানং) ঘ্রাণ প্রসাদ রূপ, (জিহ্বা) জিহ্বা প্রসাদ রূপ, (কায়ো) ও কায় প্রসাদ রূপ. (পসাদ রূপং নাম) এই পাঁচপ্রকার প্রসাদ নামক রূপ। (আপোধাতু বিবজ্জিতং) আপধাতু বার্জ্জিত করিয়া (ভূতত্তয় সঙ্খাতং ফোট্‌ঠব্বং) বর্ণিত তিনপ্রকার ভূত রূপ ¶ স্পর্শাবলম্বন করে, (রূপং) রূপাবলম্বন রূপ, (সদ্দো) শব্দাবলম্বন রূপ, (গন্ধো) গন্ধাবলম্বন রূপ, (রসো) ও রসাবলম্বন রূপ, (গোচররূপ নাম) এই সাতপ্রকার বিষয় বা গোচর নামক রূপ। (ইত্থত্তং) স্ত্রীত্বরূপ, (পুরিসত্তং) ও পুরুষত্বরূপ, (ভাব রূপং নাম) এই দুইপ্রকার ভাব নামক রূপ। (হদয় বত্থু) হৃৎপিণ্ড বস্তুরূপ, (হদয় রূপং নাম) এই একপ্রকার হৃৎপিণ্ড বস্তু নামক রূপ। (জীবিতিন্দ্রিয়ং) জীবিতেন্দ্রিয় রূপ. (জীবিত রূপং নাম) এই একপ্রকার জীবিত নামক রূপ। (কবলীকারো আহারোচ) এবং কবলকার আহার রূপ, (আহার রূপং নাম) এই একপ্রকার আহার নামক রূপ। (ইতি অট্‌ঠরস বিধংপি) এই

---

* কেশ, লোম, নখ, দাঁত, ত্বক, মাংস, স্নায়ু বা নাড়ি বা শিরা, অস্থি, অস্থির মাজ্জা, বক্ক গহ্বর, হৃৎপিণ্ড, যকৃৎ, ক্লোমা, প্লীহা, ফুস্‌ফুস, অন্ত্র, ক্ষুদান্ত্র, উদর গহ্বর, বিষ্ঠা ও মস্তিষ্ক, এই বিশটী পৃথিবী ধাতুর অংশ।

† পিত্ত, শ্লেষ্মা, পূজ, রক্ত, ঘাম, মেদ, অশ্রু, বসা, লালা, শিথনী, লসিকা ও মূত্র, এই দ্বাদশটী আপ ধাতুর অংশ।

‡ শরীরের উত্তাপ ও জ্বরের সন্তাপ প্রভৃতি তেজ ধাতুর অংশ।

§ নিশ্বাস প্রশ্বাস বায়ু ও উদরের বায়ু প্রভৃতি বায়ু ধাতুর অংশ।

¶ একপ্রকার পৃথিবী ধাতু রূপ, একপ্রকার তেজ ধাতু রূপ, একপ্রকার বায়ু ধাতু রূপ, এই তিনপ্রকার ভূত রূপ।

আঠারপ্রকার রূপ *। ( এতং রূপং ) সেই আঠারপ্রকার রূপ ( সভাব রূপান্তি ) স্বভাব রূব †, ( সলক্খণ রূপং ) সলক্ষণ রূপ ‡, ( নিপ্ফন্ন রূপং ) নিষ্পন্ন রূপ §, ( রূপ রূপং ) রূপ রূপ ¶, ( সমসন রূপস্তিচ ) ব্যবহার রূপ ॥ ( সঙ্গহং গচ্ছন্তি ) সংগ্রহ প্রাপ্ত হইয়াছে।

( আকাস ধাতু ) আকাশ ধাতুরূপ, ( পরিচ্ছেদ রূপং নাম ) এই এক-প্রকার পরিচ্ছেদ নামক রূপ। ( কায় বিঞ্ঞত্তি ) কায় বিজ্ঞাপ্তি রূপ ও ( বচী বিঞ্ঞত্তি ) বাক্য বিজ্ঞাপ্তি রূপ, ( বিঞ্ঞত্তি রূপ নাম ) এই দুইপ্রকার বিজ্ঞপ্তি নামক রূপ। ( রূপস্স ) সেই আঠারপ্রকার নিষ্পন্ন রূপের ( লহুতা ) একপ্রকার লঘুতা রূপ, ( মুদুতা ) একপ্রকার মৃদুতা রূপ, ( কম্মঞ্ঞতা ) একপ্রকার কর্ম্মজ্ঞাতা পন্ন, ( বিঞ্ঞত্তি দ্বয়ং ) ও দুই-প্রকার বিজ্ঞপ্তি রূপ, ( বিকার রূপং নাম ) এই পাঁচপ্রকার বিকার নামক রূপ। ( রূপস্স ) চক্ষু আদির রূপের ( উপচয়ো ) উপচয় রূপ, ( সন্ততি ) বিস্তার রূপ, ( জরতা ) জরতা রূপ, ( অনিচ্চতা ) ও অনিত্যতা রূপ, ( লক্খণ রূপ নাম ) এই চারিপ্রকার লক্ষণ নামক রূপ।

---

* পৃথিবী ধাতু রূপ, আপ ধাতু রূপ, তেজ ধাতু রূপ, বায়ু ধাতু রূপ, চক্ষু প্রসাদ রূপ, শ্রবণ প্রসাদ রূপ, ঘ্রাণ প্রসাদ রূপ, জিহ্বা প্রসাদ রূপ, কায় প্রসাদ রূপ, রূপাবলম্বন রূপ, শব্দাবলম্বন রূপ, গন্ধাবলম্বন রূপ, রসাবলম্বন রূপ, স্ত্রীত্ব রূপ, পুরুষত্ব রূপ, হৃৎপিণ্ড বস্তু রূপ, জীবিতেন্দ্রিয় রূপ, এবং কবলকার আহার রূপ, এই আঠারপ্রকার রূপ।

† যে কঠিন ভাবদ্বারা আপনি উপলাভ করে, তাহাকে স্বভাব রূপ বলে।

‡ যে অনিত্য ও দুঃখের সহিত অনাত্মার কারণ উৎপত্তি হয়, তাহাকে সলক্ষণ রূপ কহে।

§ পরিচ্ছেদাদি ভাব বিনা আপনার স্বভাব ও কর্ম্মাদির কারণের দ্বারা কারণ নিষ্পন্ন হইয়াছে, ইহাকে নিষ্পন্ন রূপ বলে।

¶ যে শীত ও উষ্ণের কারণ রূপ উৎপত্তি হয়, তাহাকে রূপ রূপ নামে কথিত হয়।

॥ পরিচ্ছেদাদি ভাব অতিক্রম করিয়া স্বভাবের দ্বারা অনিত্য, দুঃখ ও অনাত্মা অনুভব ব্যবহারের দ্বারা অর্হৎ ভাব উপলাভের কারণ উৎপত্তি হয়, ইহাকে ব্যবহার রূপ বলে।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (এত্থ) এই চারিপ্রকার লক্ষণ রূপের মধ্যে (উপচয় সন্ততি নামেন) একপ্রকার উপচয় রূপ ও একপ্রকার বিস্তার রূপ নামের দ্বারা (জাতি রূপমেব) একপ্রকার জাতিরূপ (পবুচ্চতি) বর্ণিত হয়। (ইতি একাদস বিধংপি) এই একাদসপ্রকার রূপ (এতং রূপং) সেইরূপ (সরূপ বসেন) স্বরূপ বশদ্বারা (অট্‌ঠ বীসতি বিধং হোতি) আটাইশপ্রকার রূপ হইয়াছে।

(কথং) কতপ্রকার রূপ? (ভূতপ্পসাদ বিসয়পি) চারিপ্রকার ভূত রূপ, পাঁচপ্রকার প্রসাদ রূপ, সাতপ্রকার বিষয় রূপের মধ্যে চারিপ্রকার বিষয় রূপ [রূপাবলম্বন রূপ, শব্দাবলম্বন রূপ, গন্ধাবলম্বন রূপ ও রসাবলম্বন রূপ, এই চারিপ্রকার বিষয় রূপ], (ভাবো হদয় মিচ্চপি) দুইপ্রকার ভাব রূপ, একপ্রকার হৃৎপিণ্ড বস্তরূপ, একপ্রকার জীবিত রূপ এবং একপ্রকার আহার রূপ (ইতি) এই (অট্‌ঠারস বিধং নিপ্‌ফন্নং) আঠারপ্রকার নিষ্পন্ন রূপ। (তথা) সেই (পরিচ্ছেদো) একপ্রকার পরিচ্ছেদ রূপ, (বিঞ্ঞত্তি) দুইপ্রকার বিজ্ঞপ্তি রূপ, (বিকারো) পাঁচপ্রকার বিকার রূপের মধ্যে তিনপ্রকার বিকার রূপ [লঘুতা রূপ, মৃদুতা রূপ ও কর্ম্মজ্ঞাতা রূপ, এই তিনপ্রকার বিকার রূপ], (লক্‌খণঞ্চ) ও চারিপ্রকার লক্ষণ রূপ, (ইতি দস অনিপ্‌ফন্ন) এই দশপ্রকার অনিষ্পন্ন রূপ। (অট্‌ঠ বীসবিধং ভবে) সেই আঠারপ্রকার নিষ্পন্ন রূপ ও দশপ্রকার অনিষ্পন্ন রূপ, এই আটাইশ-প্রকার রূপ *। (অয়মেত্থ) এই (রূপ সমুদ্দেসো) রূপের আকার ও কারণ প্রদর্শন করিয়াছেন।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

চারিপ্রকার মহাভূত রূপ ও চারিপ্রকার মহাভূত রূপ আশ্রিত হইয়া

---

* পৃথিবী ধাতু রূপ, আপ ধাতু রূপ, তেজ ধাতু রূপ, বায়ু ধাতু রূপ, চক্ষু প্রসাদ রূপ, শ্রবণ প্রসাদ রূপ, ঘ্রাণ প্রসাদ রূপ, জিহ্বা প্রসাদ রূপ, কায় প্রসাদ রূপ, রূপাবলম্বন রূপ, শব্দাবলম্বন রূপ, গন্ধাবলম্বন রূপ, রসাবলম্বন রূপ, স্ত্রীত্ব রূপ, পুরুষত্ব রূপ, হৃৎপিণ্ড বস্তু রূপ, জীবিতেন্দ্রিয় রূপ, কবলকার আহার রূপ, আকাশ ধাতু রূপ, কায় বিজ্ঞপ্তি রূপ, বাক্য বিজ্ঞপ্তি রূপ, লঘুতা রূপ, মৃদুতা রূপ, কর্ম্মজ্ঞাতা রূপ, উপচয় রূপ, বিস্তার রূপ, জরতা রূপ, এবং অনিত্যতা রূপ, এই আটাইশ-প্রকার রূপ।

রূপ উৎপত্তি হয়, এই দুইপ্রকারে রূপ উৎপত্তি হইয়া থাকে। সেইরূপ একাদশপ্রকার দ্বারা সংগ্রহ প্রাপ্ত হয়।

কতপ্রকার রূপ? পৃথিবীধাতু রূপ, আপধাতু রূপ, তেজধাতু রূপ ও বায়ুধাতু রূপ এই চারিপ্রকার ভূত নামক রূপ। চক্ষু প্রসাদ রূপ, শ্রবণ প্রসাদ রূপ, ঘ্রাণ প্রসাদ রূপ, জিহ্বা প্রসাদ রূপ ও কায় প্রসাদ রূপ, এই পাঁচপ্রকার প্রসাদ নামক রূপ। আপধাতু বর্জ্জিত করিয়া বর্ণিত তিন-প্রকার ভূতরূপ স্পর্শাবলম্বন করে, একপ্রকার রূপাবলম্বন রূপ একপ্রকার শব্দাবলম্বন রূপ, একপ্রকার গন্ধাবলম্বন রূপ ও একপ্রকার রসাবলম্বন রূপ, এই সাতপ্রকার বিষয় বা গোচর নামক রূপ। স্ত্রীত্ব রূপ ও পুরুষত্ব রূপ, এই দুইপ্রকার ভাব নামক রূপ। হৃৎপিণ্ড বস্তু রূপ, এই একপ্রকার হৃৎপিণ্ড বস্তু নামক রূপ। জীবিতেন্দ্রিয় রূপ, এই একপ্রকার জীবিত নামক রূপ। এবং কবলকার আহার রূপ, এই একপ্রকার আহার নামক রূপ, এই আঠারপ্রকার রূপ। সেই আঠারপ্রকার রূপের স্বভাব রূপ, সলক্ষণ রূপ, নিষ্পন্ন রূপ, রূপ রূপ ও ব্যবহার রূপ সংগ্রহ প্রাপ্ত হইয়াছে।

আকাশ ধাতু রূপ, এই একপ্রকার পরিচ্ছেদ নামক রূপ। কায় বিজ্ঞপ্তি রূপ ও বাক্য বিজ্ঞপ্তি রূপ, এই দুইপ্রকার বিজ্ঞপ্তি নামক রূপ। সেই আঠারপ্রকার নিষ্পন্ন রূপের লঘুতা রূপ, মৃদুতা রূপ, কর্ম্মজ্ঞতা রূপ ও দুইপ্রকার বিজ্ঞপ্তি রূপ, এই পাঁচপ্রকার বিকার নামক রূপ। চক্ষু আদির রূপের উপচয় রূপ, বিস্তার রূপ, জরতা রূপ ও অনিত্যতা রূপ, এই চারি-প্রকার লক্ষণ নামক রূপ। ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। এই চারি-প্রকার লক্ষণ রূপের মধ্যে একপ্রকার উপচয় রূপ ও একপ্রকার বিস্তার রূপ নামদ্বারা একপ্রকার জাতিরূপ বর্ণিত হয়। এই একাদশপ্রকার রূপ। সেইরূপ স্বরূপ বশদ্বারা আটাইশপ্রকার রূপ হইয়াছে।

কতপ্রকার রূপ? চারিপ্রকার ভূতরূপ, পাঁচপ্রকার প্রসাদ রূপ, সাত-প্রকার বিষয় রূপের মধ্যে চারিপ্রকার বিষয় রূপ, দুইপ্রকার ভাবরূপ, একপ্রকার হৃৎপিণ্ড রূপ, একপ্রকার জীবিত রূপ এবং একপ্রকার আহার রূপ, এই আঠারপ্রকার নিষ্পন্ন রূপ। সেই একপ্রকার পরিচ্ছেদ রূপ, দুইপ্রকার বিজ্ঞপ্তি রূপ, পাঁচপ্রকার বিকার রূপের মধ্যে তিনপ্রকার বিকার রূপ ও চারিপ্রকার লক্ষণ রূপ, এই দশপ্রকার অনিষ্পন্ন রূপ। সেই

৩০ (ক)

আঠারপ্রকার নিষ্পন্ন রূপ ও দশপ্রকার অনিষ্পন্ন রূপ, এই আটাইশপ্রকার রূপ। এই রূপের আকার ও কারণ প্রদর্শন করিয়াছেন।

---

## রূপ বিভাগ।

### পালি।

সব্বঞ্চ পনেতং রূপং অহেতুকং সপ্পচ্চয়ং সাসবং সঙ্খতং লোকিয়ং কামাবচরং অনারম্মণং অপ্পহা তব্বমেবাতি এক বিধম্পি অজ্ঝত্তিক বাহিরাদী বসেন বহুধা ভেদং গচ্ছতি। কথং। পসাদ সঙ্খাতং পঞ্চবিধম্পি অজ্ঝাতিক রূপ নাম। ইতরং বাহির রূপ। পসাদ হদয় সঙ্খাতং ছব্বিধম্পি বত্থু রূপং নাম। ইতরম বত্থু রূপং। পসাদ বিঞ্ঞত্তি সঙ্খাতং সত্ত-বিধম্পি দ্বার রূপং নাম ইতর দ্বার রূপং। পসাদ ভাব জীবিত সঙ্খাতং অট্ঠবিধংপি ইন্দ্রিয় রূপ নাম। ইতর মনিন্দ্রিয় রূপ। পসাদ বিসয় সঙ্খাতং দ্বাদস বিধম্পি ওল্হারিক রূপং। সান্তকে রূপং। সপ্পটিঘ রূপঞ্চ। ইতরং সুখুম রূপং। দূরে রূপং। অপ্পটিঘ রূপঞ্চ। কম্মজং উপাদিন্ন রূপং। ইতরং অনুপাদিন্ন রূপং। রূপায়তন সনিদস্সন রূপং। ইতরং অনি-দস্সন রূপং। চক্খাদী দ্বয়ং অসম্পত্ত বসেন ঘানাদীত্তয়ং সম্পত্ত বসেনাতি পঞ্চবিধম্পি গোচর গগাহিত রূপং। বণ্ণো গন্ধোরসো ওজাভুত চতুকঞ্চেতি অট্ঠ বিধম্পি অবিনিব্ভোগ রূপং। ইতরং বিনিব্ভোগ রূপং।

ইচ্চেবমট্ঠ বীসতি, বিধম্পি চবিচক্খণা,

**অজ্ঝত্তিকাদী ভেদেন, বিভজ্জন্তি য়থারহং।**
**অয়মেত্থ রূপ বিভাগো।**

## সান্বয়ার্থ।

[ পন ] পুনর্ব্বার রূপ বিভাগ বর্ণনা করিতেছি। [ সব্বঞ্চ এতং রূপং ] সেই সর্ব্বপ্রকার রূপ [ অহেতুকং ] অহেতুক *, [ সপ্পচ্চয়ং ] সপ্রত্যয় †, [ সাসব ] সাস্রব ‡, [ সঙ্খতং ] সঙ্খ্যাত §, [ লোকিয়ং ] লৌকিক ¶, [ কামাবচরং ] কামাবচর ||, [ অনারম্মণং ] অনাবলম্বন ‖, [ অপ্পহাতব্বমেব ] এবং অপ্রহাণ $, [ ইতি একবিধংপি রূপং ] এই একপ্রকার রূপ [ অজ্ঝত্তিক বাহিরাদী বসেন ] আধ্যাত্মিক ও বাহিরাদি বশদ্বারা [ বহুধাভেদং গচ্ছতি ] বহুপ্রকার প্রভেদ প্রাপ্ত হইয়া থাকে।

[ কথং ] কতপ্রকার রূপ বিভাগ? [ পসাদ সঙ্খাতং পঞ্চবিধংপি রূপং ] পাঁচপ্রকার প্রসাদ রূপ বর্ণিত হইয়াছে, [ অজ্ঝত্তিক রূপ নাম ] এই অধ্যাত্মিক নামক রূপ; [ ইতরং ] ইহা বিনা অপর তেইশপ্রকার রূপ [ বাহির রূপং নাম ] বাহির নামক রূপ। [ পসাদ হদয় সঙ্খাতং ] পাঁচপ্রকার প্রসাদ রূপ ও একপ্রকার হৃৎপিণ্ড রূপ বর্ণিত হইয়াছে, [ ছব্বিধংপি রূপং

---

* অলোভাদি হেতুর সম্প্রযুক্ত অভাব হয়, এই অহেতুক।

† কর্ম্ম, চিত্ত ও ঋতুর সহিত আহারের কারণ উৎপত্তি হয়, এই সপ্রত্যয়।

‡ কর্ম্ম, চিত্ত, ঋতুর সহিত আহারের কারণ অবলম্বন করে, এই সাস্রব।

§ কর্ম্ম, চিত্ত, ঋতু ও আহারের কারণ আটাইশপ্রকার রূপ উৎপত্তি হয়, এই সঙ্খ্যাত।

¶ বর্ণিত উপাদান স্কন্ধ অবলম্বন করিয়া সংস্কার লোকে নিযুক্তের কারণ উৎপত্তি হয়, এই লৌকিক।

|| কাম তৃষ্ণা আবাসের কারণ প্রাপ্ত হয়, এই কামাবচর।

‖ বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধ অবলম্বন করে না, এই অনাবলম্বন।

$ তদাঙ্গ অপ্রহাণ বা মিথ্যাদৃষ্টি ত্যাগ করে না, বিষ্কম্ভণ অপ্রহাণ বা প্রতিবন্ধন ত্যাগ করে না, ও সমুচ্ছেদ অপ্রহাণ বশদ্বারা অপ্রহাণের কারণ উৎপত্তি হয়, এই অপ্রহাণ।

বথু রূপং নাম] এই ছয়প্রকার রূপ বস্তু নামক রূপ; [ইতরং] ইহা বিনা অপর বাইশপ্রকার রূপ [অবথু রূপং দ্বার] অবস্তু নামক রূপ। [পসাদ বিঞ্ঞত্তি সঙ্খাতং] বর্ণিত পাঁচপ্রকার প্রসাদ রূপ ও দুইপ্রকার বিজ্ঞপ্তি রূপ; [সত্তবিধংপি রূপং দ্বার রূপং নাম] এই সাতপ্রকার রূপ দ্বার নামক রূপ; [ইতরং] ইহা বিনা অপর একুশপ্রকার রূপ [অদ্বার রূপং নাম] অদ্বার নামক রূপ। [পসাদ ভাব জীবিত সঙ্খাতং] বর্ণিত পাঁচপ্রকার প্রসাদ রূপ, দুইপ্রকার ভাব রূপ ও একপ্রকার জীবিত রূপ, [অট্ঠ বিধংপি রূপং ইন্দ্রিয় রূপং নাম] এই আটপ্রকার রূপ ইন্দ্রিয় নামক রূপ; [ইতরং] ইহা বিনা অপর বিশপ্রকার রূপ [অনিন্দ্রিয় রূপং নাম] অনেন্দ্রি নামক রূপ। [পসাদ বিসয় সঙ্খাতং] বর্ণিত পাঁচপ্রকার প্রসাদ রূপ ও সাতপ্রকার বিষয় রূপ, [দ্বাদস বিধংপি রূপং] এই দ্বাদশপ্রকার রূপ, [ওলারিক রূপং] ওদারিক রূপ বা স্থুল রূপ, [সন্তিকে রূপং] নিকটের রূপ. [সপ্পটিঘ রূপঞ্চ] ও সপ্রতিঘ রূপ বা সম্পর্শ নামক রূপ; [ইতরং] ইহা বিনা অপর [সুখুম রূপং] সূক্ষ্ম রূপ, [দুরের রূপং] দুরের রূপ, [অপ্পটিঘ রূপঞ্চ] ও অপ্রতিঘ রূপ বা অনস্পর্শ নামক রূপ। [কম্মজং] আঠারপ্রকার কর্ম্মজ রূপ *, [উপাদিন্ন রূপ নাম] এই গৃহীত † নামক রূপ; [ইতরং] ইহা বিনা অপর দশপ্রকার রূপ [অনুপাদিন্ন রূপং] অগৃহীত নামক রূপ। [রূপায়তনং] একপ্রকার রূপায়তন বা একপ্রকার রূপাবলম্বন রূপ, [সনিদস্সন রূপং] এই দর্শনের সহিত রূপ উৎপত্তি হয়; [ইতরং] ইহা বিনা অপর সাতাইশপ্রকার রূপ [অনিদস্সন রূপং] অদর্শন নামক রূপ। [চক্খাদী দ্বয়ং] দুইপ্রকার চক্ষু আদি রূপ ‡

---

* চারিপ্রকার ভূত রূপ, পাঁচপ্রকার প্রসাদ রূপ. একপ্রকার রূপাবলম্বন রূপ, একপ্রকার গন্ধাবলম্বন রূপ, একপ্রকার রসাবলম্বন রূপ, একপ্রকার স্পর্শাবলম্বন রূপ, একপ্রকার হৃৎপিণ্ড রূপ, দুইপ্রকার ভাব রূপ, একপ্রকার জীবিত রূপ ও একপ্রকার আহার রূপ, এই আঠারপ্রকার কর্ম্মজ রূপ।

† আঠারপ্রকার কর্ম্মজ রূপের কারণ তৃষ্ণা ও আদি সংযোগ কর্ম্মের ফলের দ্বারা গৃহীতের কারণ উৎপত্তি হয়।

‡ একপ্রকার চক্ষু রূপ ও একপ্রকার শ্রবণ রূপ, এই দুইপ্রকার চক্ষু আদি রূপ।

[ অসম্পত্ত বসেন ] অসম্প্রাপ্ত বশদ্বারাও [ মানাদীত্তয়ং ) তিন প্রকার ঘ্রাণাদি রূপ * [ সম্পত্ত বসেন ) সম্প্রাপ্ত বশদ্বারা প্রবৃত্ত হয়, [ ইতি পঞ্চ-বিধংপিরূপং গোচর গ্‌গাহিকরূপং ] এই পাঁচ প্রকার রূপ গোচর গ্রাহীক নামকরূপ, (ইতরং ) ইহা বিনা অপর তেইশ প্রকার রূপ [ অগোচর গ্‌গাহিক,রূপং ] অগোচর গ্রাহীক নামক রূপং। [ বণ্ণো ] একপ্রকা রূপা-বলম্বনরূপ, [ গন্ধো ] এক প্রকার গন্ধাবলম্বনরূপ, [ রসো ] এক প্রকার রসাবলম্বনরূপ, [ ওজা ] এক প্রকার ওজস রূপ বা এক প্রকার বল রূপ, [ ভূত চতুক্কঞ্চ ] এবং চারি প্রকার ভূত রূপ, [ ইতি অট্‌ঠবিধংপি অবিনি-ব্ভোগরূপং ] এই আট প্রকার অবিনি ভোগ বা অপৃথক ভাগ নামক রূপ, [ ইতরং ] ইহা বিনা অপর বিশ প্রকার রূপ [ বিনিব্ভোগ রূপং ] বিনিভোগ বাপৃথক ভাগ নামক রূপ। [ ইচ্চেবং অট্‌ঠ বীসতি বিধংপি ] এইরূপে আটাইশ প্রকার রূপ [ অজ্‌ঝত্তিকাদী ভেদেন ] আধ্যাত্মিকাদি প্রভেদ দ্বারা [ বিচক্খণাবিভজ্জন্তি ] বিচক্ষণ রূপে বিভাগ করিয়াছেন। [ অয়মেত্থ ] এই রূপে [ রূপ বিভাগো ] রূপ বিভাগ সংগ্রহ করিয়াছে।

## বাঙ্গলা গদ্যানুবাদ।

পুনর্ব্বার রূপ বিভাগ বর্ণনা করিতেছি। সেই সর্ব্ব প্রকার রূপ অহেতুক, স প্রত্যয়, সাশ্রব, সঙ্খ্যাত, লৌকিক, কামাবচর, অনাবলম্বন, এব অপ্রহাণ, এই এক প্রকার রূপ আধ্যাত্মিক ও বাহিরাদি বশ দ্বারা ব প্রকার প্রভেদ প্রাপ্তি হইয়া থাকে।

কত প্রকার রূপ বিভাগ? পাঁচ প্রকার প্রসাদ রূপ বর্ণিত হইয়াছে, এই আধ্যাত্মিক রূপ ; ইহা বিনা অপর তেইশ প্রকার রূপ বাহির নামক রূপ। পাঁচ প্রকার প্রসাদ রূপ ও এক প্রকার হৃৎপিণ্ড রূপ বর্ণিত হইয়াছে, এই ছয় প্রকার রূপ বস্তু নামক রূপ ; ইহা বিনা অপর বাইশ প্রকার রূপ অবস্তু নামক রূপ। পাঁচ প্রকার প্রসাদ রূপ, ও দুই প্রকার বিজ্ঞপ্তি রূপ

* একপ্রকার ঘ্রাণরূপ, একপ্রকার জিহ্বারূপ, ও একপ্রকার কায়রূপ, এই তিনপ্রকার ঘ্রাণাদি রূপ।

বর্ণিত হইয়াছে, ইহা বিনা অপর একুশ প্রকার রূপ অদ্বার নামক রূপ। পাঁচ প্রকার প্রসাদরূপ, দুই প্রকার ভাব রূপ, ও এক প্রকার জীবিত রূপ বর্ণিত হইয়াছে, এই আট প্রকার রূপ ইন্দ্রিয় নামক রূপ; ইহা বিনা অপর বিশ প্রকার রূপ অনেন্দ্রিয় নামক রূপ। পাঁচ প্রকার প্রসাদ রূপ ও সাত প্রকার বিষয় রূপ বর্ণিত হইয়াছে, এই দ্বাদশ প্রকার রূপ, ওদারিক রূপ, নিকটের রূপ, ও স প্রতিঘ নামক রূপ; ইহা বিনা অপর সূক্ষ্মরূপ, দূরের-রূপ, ও অপ্রতিম নামক রূপ। আঠার প্রকার কর্ম্মজ রূপ, এই গৃহীত নামক রূপ; ইহা বিনা অপর দশ প্রকার রূপ অগৃহীত নামক রূপ। এক প্রকার রূপাবলম্বন রূপ, এই দর্শনের সহিত রূপ উৎপত্তি হয়; ইহা বিনা অপর সাতাইশ প্রকার রূপ অদর্শন নামক রূপ। দুই প্রকার চক্ষু আদি রূপ অসম্প্রাপ্ত বশদ্বারা ও তিন প্রকার ঘ্রানাদিরূপ সম্প্রাপ্ত বশ দ্বারা প্রবৃত্ত হয়, এই পাঁচ প্রকার রূপ গোচর গ্রাহীক নামক রূপ; ইহা বিনা অপর তেইশ প্রকার রূপ অগোচর গ্রহীক নামক রূপ। এক প্রকার রূপাবলম্বন রূপ, এক প্রকার গন্ধাবলম্বন রূপ, একপ্রকার রসাবলম্বন রূপ, একপ্রকার ওজস রূপ, এবং চারি প্রকার ভূত রূপ, এই আট প্রকার অপৃথক ভাগ নামক রূপ; ইহা বিনা অপর বিশ প্রকার রূপ পৃথক ভাগ নামক রূপ। এই রূপে আটাইশ প্রকার রূপ আধ্যাত্মিকাদি প্রভেদ দ্বারা বিচক্ষণ রূপে বিভাগ করিয়াছেন। এইরূপে রূপ বিভাগ সংগ্রহ করিয়াছে।

## রূপ সমূত্থান।

### পালি।

কর্ম্মং চিত্তং উতু আহারোচেতি চত্তারি রূপ সমুট্ঠ-নানি নাম। তত্থ কামাবচরং রূপাচরঞ্চেতি পঞ্চবীসতি বিধংপি কুশলাকুসল কম্মমভি সঙ্খাতং অজ্ঝত্তিক সন্তানে কম্ম সমুট্ঠান রূপং পটিসন্ধিমুপাদায়খনেখনে সমুট্ঠা-পেতি। অরূপ বিপাক দ্বিপঞ্চবিঞ্ঞাণ বজ্জিতং পঞ্চ

সত্ততি বিধংপি চিত্তংচিত্ত সমুট্ঠান রূপং পঠম ভবঙ্গমুপাদায়জয়ন্তমেব সমুট্ঠপেতি। তত্থ অপ্পনাজবনং ইরিয়াপথংপি সন্নামেতি। বোট্ঠববন কামাবচর জবনাভিঞ্ঞাপন বিঞ্ঞাত্তিম্পি সমুট্ঠাপেন্তি। সোমনস্স জবনানি পনেত্থ তেরসহসনংপি জনেন্তি। সীতুণ্হোতু সমঞ্ঞেতা তেজোধাতু ট্ঠিতি পত্তাব উতু সমুট্ঠান রূপং অজ্ঝত্তঞ্চ বহিদ্ধাচ যথারহং সমুট্ঠাপেতি। ওজাসত্থাতো আহারো আহার সমুট্ঠান রূপং অজ্ঝোহরণ কালেট্ঠান পত্তোব সমুট্ঠাপেতি। তত্থহদয় ইন্দ্রিয় রূপানি কম্মজানেব। বিঞ্ঞত্তিদ্বয়ং চিত্তজমেব। সদ্দোচিত্তোতুজো। লহুতাদীত্তয়ং উতু চিত্তাহারেহি সম্ভোতি। অবিনিবেভাগরূপানিচেব অকাসধাতুচ চতুহি বত্থুতানি। লক্খণরূপানি নকুতোচি জায়ন্তি।

অঠারস পন্নরস, তেরসদ্বাদসাতিচ,
কম্মং চিত্তোতুকাহার, জানিহোন্তিয়থাক্কমং,।
জয়মানাদী রূপানং, সভাবত্তাহি কেবলং,
লক্খণানি নজায়ন্তি, কোহিচীতি পকাসিতং।

অয়ত্থে রূপ সমুট্ঠান নয়ো।

## সান্বয়ার্থ।

[কেম্মং] কর্ম্মং * [চিত্তং] চিত্ত, [উতু] ঋতু, [আহারোচ] ও আহার, [ইতি চত্তারিরূপসমুট্ঠানানি নাম] এই চারি প্রকার সমুত্থান

---

* দান ও শীল প্রভৃতি দশপ্রকার কুশলকর্ম্ম, ও প্রাণী হত্যা ও চুরি ইত্যাদি দশপ্রকার অকুশল কর্ম্ম।

নামক রূপ। [ তথকামাবচরং ] সেই দ্বাদশ প্রকার কামাবচর অকুশলচিত্ত, আটপ্রকার কামাবচর মহা কুশলচিত্ত, [ রূপাবচরঞ্চ ] ও পাঁচ প্রকার রূপাবচর কুশলচিত্ত, [ ইতি পঞ্চবীসতি বিধংপি ] এই পঞ্চবিংশতি প্রকার [ কুশলাকুশল কম্মং ] কুশল কর্ম্ম ও অকুশল কর্ম্ম [ অজ্ঝত্তিকসন্তানে ] আধ্যাত্মিক বিস্তারণে [ অভিসঙ্খাতং ] নির্ম্মাণ করিয়া [ কম্মসমুট্‌ঠান রূপং ] কর্ম্ম সমুত্থান রূপে ( পটি সান্ধি ) প্রতিসন্ধিচিত্ত [ উপাদায় ] আরম্ভ গ্রহণ করতঃ ( খণে খণে ) ক্ষণে ক্ষণে বা এইকচিত্তের তিন তিন প্রকার ক্ষণে [ সমুট্‌ঠাপেতি ] সমুত্থান হয়। [ অরূপ বিপাক দ্বিপঞ্চবিঞ্‌ঞাণবজ্জিতং ] চারিপ্রকার অপরূপ বিপাক-চিত্ত, দশপ্রকার বিজ্ঞান ও অর্হত্তচ্যুতি চিত্ত বর্জ্জিত করিয়া অপর [ পঞ্চ-সত্ততি বিধংপি চিত্তং ] পঁচাত্তর প্রকার চিত্ত ;—[ চিত্ত সমুট্‌ঠান রূপং ] চিত্ত সমুত্থান রূপে [ পঠম ভবঙ্গ ] প্রথম ভবাঙ্গ [ উপাদায় জয়ন্তমেব ] উৎপত্তি আরম্ভ গ্রহণ করিয়া [ অজ্‌ঝত্তিকঃসন্তানে ] আধ্যাত্মিক বিস্তারণে [ সমুট্‌ঠাপেতি ] সমুত্থান হয়। [তথ ] সেই পঁচাত্তর প্রকার চিত্তের মধ্যে [ অপ্পনাজবনং ] ছাব্বিশ প্রকার অর্পণ জবন চিত্ত ;— * [ ইরিয়াপথংপি ] ইর্য্যাপথের † [ সন্নাপেতি ] শক্তি উৎপত্তি করিয়া থাকে।

[ পন ] ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। [ বোট্‌ঠবন কামাবচর জবন ভিঞ্‌ঞা ] এক প্রকারমনোদ্বারাবর্জনচিত্ত. উনত্রিশ প্রকার কামাব-চর জবন চিত্ত, ও দুই প্রকার অভিজ্ঞান চিত্ত ; [ বিঞ্‌ঞত্তিম্পি ] এক প্রকার কায় বিজ্ঞপ্তি রূপে হাত পা নাড়ন ও এক প্রকার বাক্য বিজ্ঞপ্তি রূপে বাক্য উচ্চারণ প্রভৃতির [ সমুট্‌ঠাপেন্তি ] শক্তি সমুত্থান করিয়া থাকে।

[ পনেথ ] এক্ষণ পুনর্ব্বার হাস্যোৎপত্তি বর্ণনা করিতেছি। চারি প্রকার লোভ সৌমনস্য চিত্ত, একপ্রকার হাস্যোৎপত্তি চিত্ত, চারি প্রকার কামাবচর

---

* পাঁচ প্রকার রূপাবচর কুশলচিত্ত, পাঁচ প্রকার রূপাবচর ক্রিয়াচিত্ত, চারি প্রকার অরূপাবচর কুশলচিত্ত, চারিপ্রকার অরূপাবচর ক্রিয়াচিত্ত, এবং আট প্রকার লোকোত্তর চিত্ত, এই ছাব্বিশ প্রকার অর্পণ জবনচিত্ত।

† দণ্ডায়মাণ, উপবেশন, ভ্রমন, ও শয়ন, এই চারি প্রকার ইর্য্যা পথ।

মহা কুশল সৌমনস্য চিত্ত, ও চারি প্রকার কামাবচর মহা ক্রিয়া সৌমনস্য চিত্ত, [ তেরস সোমনস্‌স জবনানি ] এই তের প্রকার সৌমনস্য জবন চিত্ত;— [ হসনংপিজনেন্তি ] হাসিবার শক্তি উৎপত্তি করিয়া থাকে।

শীত ঋতু ও উষ্ণঋতু বর্ণনা করিতেছি। [ তেজোধাতু ] তেজ ধাতু [ ট্‌ঠিপত্তাব ] স্থিতি প্রাপ্ত হইয়া [ উতু সমুট্‌ঠান রূপং ] ঋতু সমুত্থান রূপে [ অজ্‌ঝত্তং ] আধ্যাত্মিক ] [ বহিদ্ধাচ ] ও বহির্দেশে [ যথা রহং ] যথোপযুক্ত মতে [ সীতুণ্‌হোতু সমঞ্‌ঞতা ] বর্ণিত শীত ঋতু ও উষ্ণ ঋতু [ সমুট্‌ঠাপেতি ] সমুত্থান হয়।

বল উৎপত্তি বর্ণনা করিতেছি। [ আহারো ] আহার; [ আহার সমুট্‌ঠান রূপং ] আহার সমুত্থান রূপে [ অজ্‌ঝোহরণকালে ] আহার গ্রাস কালে [ট্‌ঠানপত্তোব ] স্থান প্রাপ্ত হইয়া [ অজ্‌ঝত্তিক সন্তানে ] আধ্যাত্মিক বিস্তারণে [ ওজাস সঙ্খাতো ] বর্ণিত বল [ সমুট্‌ঠা-পেতি ] সমুত্থান হয়।

[ তত্থ ] সেই রূপের মধ্যে [ হদয় ইন্দ্রিয় রূপানি ] হৃৎপিণ্ডরূপ ও ইন্দ্রিয় রূপ, [ কম্মজানেব ] কর্ম্মের কারণ উৎপত্তি হয়। [ বিঞ্‌ঞত্তি-দ্বয়ং ] দুই প্রকার বিজ্ঞপ্তি রূপ [ চিত্তমেব ] চিত্তের কারণ উৎপত্তি হয়। [ সদ্দো ] শব্দ রূপ, [ চিত্তোতুজো ] চিত্ত ও ঋতুর কারণ উৎপত্তি হয়। [ লহুতাদীত্তয়ং ) তিন প্রকার লঘুতাদি রূপ, * [ উতুচিত্তাহারেহি ] ঋতু, চিত্ত, ও অহারের কারণ [ সম্ভোতি ] উৎপত্তি হয়। [ অবিনিব্ভোগ রূপা-নিচেব ] আটপ্রকার অপৃথক:ভাগ রূপ, [ আকাশধাতুচ ] ও এক প্রকার আকাশ ধাতুর রূপ; কর্ম্ম, চিত্ত, ঋতু ও আহার, [ চতুহি ] এই চারি প্রকারের কারণ [ সম্ভুতানি ] উৎপত্তি হয়। [ লক্‌খণ রূপানি ] চারি প্রকার লক্ষণ রূপ ; [ কুতোচি ] কোন প্রকার কারণে [ নজয়ন্তি ] উৎ-পত্তি হয় না।

---

* এক প্রকার লঘুতারূপ, এক প্রকার মৃদুতারূপ, ও এক প্রকার কর্ম্মজ্ঞাতারূপ এই তিন প্রকার লঘুতাদিরূপ।

[ কর্ম্ম চিত্তোতু কাহার জানি ] কর্ম্মজরূপ, চিত্তজরূপ, ঋতুজরূপ ও আহারজ রূপ [ যথাক্কমং ] যথা ক্রমে [ অট্‌ঠারস ] আঠার প্রকার কর্ম্মজ রূপ, * [ পন্নরস ] পনর প্রকার চিত্তজ রূপ, † [ তেরস ] তের প্রকার ঋতুজ রূপ, ‡ [ আহার জানি দ্বাদসাতিচ হোন্তি] এবং দ্বাদশ প্রকার আহারজরূপ বা দ্বাদশ প্রকার আহার রূপ উৎপত্তি হইয়া থাকে §। [ কেবলং ] কেবল[ সভাবত্তাহি ] স্বভাবতঃ [ জায়মানাদীরূপানং ] সেই নিষ্পন্ন রূপের কারণ উৎপত্তি হয়, এবং ( লক্‌খণানি ) চারি প্রকার লক্ষণ

---

* চারি প্রকার মহা ভূতরূপ, পাঁচ প্রকার প্রসাদরূপ, এক প্রকার রূপাবলম্বনরূপ এক প্রকার গন্ধাবলম্বনরূপ এক প্রকার রসাবলম্বনরূপ, এক প্রকার স্পর্শাবলম্বনরূপ, দুই প্রকার ভাবরূপ, এক প্রকার হৃৎপিণ্ডরূপ, এক প্রকার জীবিতরূপ, এবং এক প্রকার আহার রূপ, এই আঠার প্রকার কর্ম্মজরূপ।

† চারি প্রকার মহা ভূতরূপ, এক প্রকার রূপাবলম্বনরূপ, এক প্রকার শব্দাবলম্বনরূপ, এক প্রকার গন্ধাবলম্বন রূপ, এক প্রকার রসাবলম্বন রূপ, এক প্রকার স্পর্শাবলম্বন রূপ, এক প্রকার আহার অবলম্বন রূপ, এক প্রকার পরিচ্ছদ রূপ, এক প্রকার বিজ্ঞপ্তিরূপ, ১ এক প্রকার লঘুতারূপ, একপ্রকার মৃদুতারূপ; এবং এক প্রকার কর্ম্মজ্ঞতারূপ, এই পনর প্রকার চিত্তজ রূপ।

‡ চারি প্রকার মহা ভূতরূপ ; এক প্রকার রূপাবলম্বন রূপ, এক প্রকার শব্দাবলম্বন রূপ, এক প্রকার গন্ধাবলম্বন রূপ এক প্রকার রসাববম্বন রূপ এক প্রকার আহার রূপ, এক প্রকার পরিচ্ছদরূপ, এক প্রকার লঘুতারূপ, এক প্রকার মৃদুতারূপ এবং এক প্রকার কর্ম্মজ্ঞাতারূপ, এই তের প্রকার ঋতুজরূপ।

§ চারি প্রকার মহা ভূতরূপ; একপ্রকার রূপাবলম্বনরূপ, এক প্রকার শব্দাবলম্বন রূপ, এক প্রকার গন্ধাবলম্বনরূপ, এক প্রকার রসাবলম্বনরূপ, এক প্রকার পরিচ্ছদ রূপ এক প্রকার লঘুতারূপ, এক প্রকার মৃদুতারূপ, এবং এক প্রকার কর্ম্মজ্ঞাতারূপ, এই দ্বাদশ প্রকার আহারজ রূপ।

---

১ একপ্রার কায় বিজ্ঞপ্তিরূপ, ও একপ্রকার বাক্য বিজ্ঞপ্তিরূপ, এই দুই প্রকার বিজ্ঞপ্তিরূপকে এক প্রকার বিজ্ঞপ্তি রূপ বলে।

রূপ (কেহিচি ) কোন এক প্রকার কারণে ( নজায়ন্তি ) উৎপত্তি হয় না। ইতি পকাশিতং ) ইহা অনুরুদ্ধা আচার্য্য প্রকাশ করিয়াছেন। (অয়মেথ ) এইরূপে( রূপসমুট্‌ঠাননয়ো ) রূপ সমুত্থানের নীতি বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

কর্ম্ম, চিত্ত, ঋতু ও আহার, এই চারি প্রকার সমুত্থান নামক রূপ। সেই দ্বাদশ প্রকার কামাবচর অকুশল চিত্ত, আট প্রকার কামাবচর মহা কুশল চিত্ত, ও পাঁচ প্রকার রূপাবচর কুশল চিত্ত, এই পঞ্চবিংশতি প্রকার কুশল কর্ম্ম ও অকুশল কর্ম্ম আধ্যাত্মিক বিস্তারণে নির্ম্মাণ করিয়া কর্ম্ম সমুত্থান রূপে প্রতি সন্ধি চিত্ত আরম্ভ গ্রহণ করতঃ ক্ষণে ক্ষণে সমুত্থান হয়। চারি প্রকার অরূপবিপাক চিত্ত, দশ প্রকার বিজ্ঞান, ও অর্হন্তচ্যুতি চিত্ত বর্জ্জিত করিয়া অপর পঁচাত্তর প্রকার চিত্ত; চিত্ত সমুত্থান রূপেপ্রথম ভবাঙ্গ উৎপত্তি আরম্ভ গ্রহণ করিয়া আধ্যাত্মিক বিস্তারণে সমুত্থান হয়। সেই পঁচাত্তর প্রকার চিত্তের মধ্যে ছাব্বিশ প্রকার অর্পণ জবন চিত্ত: ঈর্য্যা পথের শক্তি উৎপত্তি করিয়া থাকে।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। এক প্রকার মনোদ্বারাবর্জন চিত্ত উনত্রিশ প্রকার কামাবচর জবন চিত্ত, ও দুই প্রকার অভিজ্ঞান চিত্ত; এক প্রকার কায়বিজ্ঞপ্তিরূপে হাত পা নাড়ন ও এক প্রকার বাক্যবিজ্ঞপ্তি রূপে বাক্য উচ্চারণ প্রভৃতির শক্তি সমুত্থান করিয়া থাকে।

এক্ষণ পুনর্ব্বার হাস্যুৎপত্তি বর্ণনা করিয়াছি। চারি প্রকার লোভ সৌমনস্য চিত্ত, একপ্রকার হাস্যপত্তিচিত্ত, চারি প্রকার কামাবচর মহা কুশল সৌমনস্য চিত্ত, ও চারি প্রকার কামাবচর মহা ক্রিয়া সৌমনস্য চিত্ত, এই তের প্রকার সৌমনস্য জবন চিত্ত; হাসিবার শক্তি উৎপত্তি করিয়া থাকে।

শীত ঋতু ও উষ্ণ ঋতু বর্ণনা করিতেছি। তেজ ধাতু স্থিতি প্রাপ্ত হইয়া ঋতু সমুত্থান রূপে আধ্যাত্মিক ও বহির্দ্দেশে যথোপযুক্ত মতে বর্ণিত শীত ঋতু ও উষ্ণ ঋতু সমুত্থান হয়।

বল উৎপত্তি বর্ণনা করিতেছি। আহার, অহার সমুত্থান রূপে আহার গ্রাসের সময়ে স্থান প্রাপ্ত হইয়া আধ্যাত্মিক বিস্তারণে বর্ণিত বল সমুত্থান হয়।

সেইরূপের মধ্যে হৃৎপিণ্ডরূপ ও ইন্দ্রিয়রূপ; কর্ম্মের কারণ উৎপত্তি হয়। দুই প্রকার বিজ্ঞপ্তিরূপ, চিত্তের কারণ উৎপত্তি হয়। শব্দরূপ; চিত্ত ঋতুর কারণ উৎপত্তি হয়। তিন প্রকার লঘুতাদি রূপ; ঋতু, চিত্ত, ও আহারের কারণ উৎপত্তি হয়। আট প্রকার অপৃথক ভাগ রূপ ও এক প্রকার আকাশধাতু রূপ; কর্ম্ম. চিত্ত, ঋতু ও আহার, এই চারি প্রকারের কারণ উৎপত্তি হয়। চারি প্রকার লক্ষণ রূপ; কোন এক প্রকার কারণে উৎপত্তি হয় না।

কর্ম্মজরূপ, চিত্তজরূপ, ঋতুজরূপ, ও আহারজরূপ যথা ক্রমে আঠার প্রকার কর্ম্মজরূপ, পনর প্রকার চিত্তজরূপ, তের প্রকার ঋতুজরূপ, এবং দ্বাদশ প্রকার আহারজরূপ বা দ্বাদশ প্রকার আহার রূপ উৎপত্তি হইয়া থাকে। কেবল স্বভাবতঃ সেই নিষ্পন্নরূপের কারণ উৎপত্তি হয়, এবং চারি প্রকার লক্ষণ রূপ কোন এক প্রকার কারণে উৎপত্তি হয় না। ইহাই অনুরুদ্ধ আচার্য্য প্রকাশ করিয়াছেন। এরূপে রূপ সমুত্থানের নীতি বর্ণিত হইয়াছে।

## রূপ কলাপ।

### পালি।

একুপ্পাদা একনিরোধা একনিস্সয়া সহবুত্তিনো এক বীসতি রূপকলাপা নাম। তত্থ জিবিতং অবিনিব্ভোগ রূপঞ্চ চক্খুনাসহ চক্খুদসখন্তি পবুচ্চতি। তথাসোতা-দীহিসাদ্ধিং সোতদসকং ঘানদসকং জিহ্বাদসকং কায়-দসকং ইত্থি ভাবদসকং পুম্ভাবদসকং বত্থুদসকঞ্চেতিয়থা-

ক্কমং য়োজ্জেতববং। অবিনিব্ভোগ রূপমেব জীবিতেন সহ জীবিতনবকন্তি পবুচ্চতি। ইমেনব কম্ম সমুট্ঠান কলাপা।

অবিনিব্ভোগরূপং পন সুদ্ধট্ঠকং। তদেবকায় বিঞ্-ঞত্তিয়া সহ কায় বিঞ্ঞত্তিনবকং। বচী বিঞ্ঞত্তি সদ্দে-হিচ সহ বচীবিঞ্ঞত্তি দসকং। লহুতাদীহি সদ্ধিং লহুতাদী একাদসকং। কায় বিঞ্ঞত্তি লহুতাদী দ্বাদ-সকং। বচী বিঞ্ঞত্তি সদ্দ লহুতাদী তেরস কঞ্চেতি ছচিত্ত সমুট্ঠান কলাপা।

সুদ্ধট্ঠকং সদ্দ নবকং, লহুতাদেকা দসকং লহুতাদী দ্বাদস কঞ্চেতি চত্তারো উতুসমুট্ঠান কলাপা।

সুদ্ধট্ঠকং লহুতাদেকা দসকঞ্চেতিদ্বে আহার সমুট্ঠা কলাপা।

তত্থ সুদ্ধট্ঠকং সদ্দনবকঞ্চেতি দ্বেউতু সমুট্ঠান কলাপা বহিদ্বাপি লব্ভন্তি। অবসেসা পনসব্বেপি অজ্ঝত্তিকমেব। কর্ম্ম চিত্তোতুকাহার, সমুট্ঠান য়থাক্কমং, নবছ চতুরো-দ্বেতি, কলাপা একবীসতি। কলাপানং পরিচ্ছেদ, লক্খণত্তা বিচক্খণা। নকলাপঙ্গ মিচ্চাহু, আকাস-লক্খণানিচ। অয়মেত্থ কলাপ য়োজনা।

## সান্বয়ার্থ।

(একুপ্পাদা) সেই কর্ম্মাদির সহিত রূপ উৎপত্তি হয়, (একনিরোধা) কর্ম্মাদির সহিত রূপ নিরোধ হয়, (এক নিস্সয়া) কর্ম্মাদির সহিত রূপ আশ্রয় করে, (সহবুত্তিনো) এবং কর্ম্মাদির সহিত রূপবৃত্তি উৎপত্তি বশদ্বারা (এক বীসতি রূপ কলাপ নাম) একুশ প্রকার রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

কর্ম্মজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। (তত্থ) সেই একুশ প্রকার রূপ কলাপের মধ্যে (জীবিতং) এক প্রকার জীবিত রূপ, (অবিনিব্ভোগ

রূপঞ্চ) ও আট প্রকার অবিনিভোগ রূপের (সহ) সহিত (চক্খুনা) এক প্রকার চক্ষু প্রসাদ রূপ, (চক্খুদসকন্তি) এই দশ প্রকার চক্ষু রূপ কলাপ (পবুচ্চতি) বর্ণনা করিয়াছেন।

(তথ) সেই (সাতাদীহি সদ্ধিং সোত দসকং) শ্রবণাদির সহিত দশ প্রকার শ্রবণ রূপ কলাপ *, (ঘান দসকং) দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ †, (জিহ্বা দসকং) দশ প্রকার জিহ্বা রূপ কলাপ ‡, (কায় দসকং) দশ প্রকার কায়রূপ কলাপ ¶, (ইত্থিভাব দসকং) দশপ্রকার স্ত্রীভাব রূপ কলাপ ||, (পুম্ভাব দসকং) দশ প্রকার পুরুষভাব রূপ কলাপ ॥, (বথু দসকঞ্চ) এবং দশ প্রকার হৃৎপিণ্ড রূপ কলাপ $, (ইতি) ইহাই (যথাক্কমং) যথাক্রমে (য়োজেতব্বং) সংযোগ হয়।

(অবিনিভোগ রূপমেব) আট প্রকার অবিনিভোগ রূপের (জীবিতেন সহ) সহিত এক প্রকার জিবীত রূপ, (জীবিত নবকন্তি) এই নয় প্রকার জীবিতরূপ কলাপ (পবুচ্চতি) বর্ণনা করিয়াছেন। (ইমেন নব কম্ম

---

* এক প্রকার জিবীতরূপ ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার শ্রবণ প্রসাদ রূপ, এই দশ প্রকার শ্রবণ রূপ কলাপ।

† এক প্রকার জীবিতরূপ ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার ঘ্রাণ প্রসাদ রূপ, এই দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ।

‡ এক প্রকার জীবিতরূপ, ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার জিহ্বা প্রসাদ রূপ, এই দশ প্রকার জিহ্বা রূপ কলাপ।

¶ এক প্রকার জীবিতরূপ ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার কায় প্রসাদ রূপ, এই দশ প্রকার কায় রূপ কলাপ।

॥ এক প্রকার জীবিতরূপ, ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার স্ত্রীভাব, এই দশ প্রকার স্ত্রীভাব এপ কলাপ।

|| এক প্রকার জীবিতরূপ ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার পুরুষভাব রূপ, এই দশ প্রকার পুরুষভাব রূপ কলাপ।

$ এক প্রকার জীবিত রূপ, ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার হৃৎপিণ্ড বস্তুরূপ, এই দশ প্রকার হৃৎপিণ্ড বস্তুরূপ কলাপ।

সমুট্‌ঠান কলাপা ) ইহাই নয় প্রকার কর্ম্ম সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

( পন ) পুনর্ব্বার চিত্তজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। ( অবিনিভোগ রূপং ) আট প্রকার অবিনিভোগ রূপ, ( সুদ্ধট্‌ঠকং ) এই আট প্রকার শুদ্ধষ্টক নামক রূপ কলাপ।

( তদেব ) সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপের ( কায় বিঞ্ঞত্তিয়া সহ ) সহিত এক প্রকার কায়বিজ্ঞপ্তি রূপ, ( কায়বিঞ্ঞত্তি নবকং ) এই নয় প্রকার কায়বিজ্ঞপ্তি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপ, ( বচীবিঞ্ঞত্তি সদ্দেহিচ সহ ) ও এক প্রকার বাক্যবিজ্ঞপ্তি রূপের সহিত এক প্রকার শব্দ রূপ, ( বচী বিঞ্ঞত্তি দসকং ) এই দশ প্রকার বাক্যবিজ্ঞপ্তি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপের ( সদ্ধিং ) সহিত ( লহুতাদিহী ) তিন প্রকার লঘুতাদী রূপ, *, ( লহুতাদী একাদসকং ) এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপ ও তিন প্রকার লঘুতাদি রূপের সহিত এক প্রকার কায়বিজ্ঞপ্তি রূপ, ( কায়বিঞ্ঞত্তি লহুতাদি দ্বাদসকঞ্চ ) এই দ্বাদশ প্রকার কায়বিজ্ঞপ্তি লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপ, তিন প্রকার লঘুতাদি রূপ, ও এক প্রকার বাক্য বিজ্ঞপ্তি রূপের সহিত এক প্রকার শব্দ রূপ, ( বচীবিঞ্ঞত্তি সদ্দ লহুতাদী তেরসকঞ্চ ) এই তের প্রকার বাক্য বিজ্ঞপ্তি, শব্দ, ও লঘুতাদি নামক রূপ কলাপ। ( ইতি ছ চিত্ত সমুট্‌ঠান কলাপা ) ইহাই ছয় প্রকার চিত্ত সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

---

* এক প্রকার লঘুতারূপ, এক প্রকার মৃদুতারূপ ও এক প্রকার কর্ম্মজ্ঞতা রূপ এই তিন প্রকার লঘুতাদি রূপ।

পুনর্ব্বার ঋতুজরূপ কলাপ বর্ণনা করিতেছি। সেই আট প্রকার অবিনিভোগ রূপ, (শুদ্ধট্ঠকঞ্চ) ইহাই শুদ্ধস্থক নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপের সহিত এক প্রকার শব্দ রূপ. (সদ্দনবকং) এই নয় প্রকার শব্দ নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, এক প্রকার লঘুতা রূপ, ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, (লহুতদে-কাদসকং) এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, এক প্রকার শব্দ রূপ, এক প্রকার লঘুতা রূপ ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, (সদ্দলহুতাদী দ্বাদসকঞ্চ) এই দ্বাদশ প্রকার শব্দ ও লঘুতাদি নামক রূপ কলাপ। (ইতি চত্তারোউতুসমুট্ঠানকলাপা) ইহাই চারিপ্রকার ঋতু সমুত্থানরূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার আহারজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। সেই আট প্রকার অবিনিভোগ রূপ, এই শুদ্ধস্থক নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, এক প্রকার লঘুতা রূপ, ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, (লহুতা-দেকাদসকং) এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কলাপ, (ইতি দ্বে আহার সমুট্ঠান কলাপ) ইহাই দুই প্রকার আহার সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

(তথ) সেই (শুদ্ধট্ঠকং) আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, (সদ্দন-বকঞ্চ) ও নয় প্রকার শব্দ রূপ কলাপ, (ইতি দ্বে উতু সমুট্ঠান কলাপ) এই দুই প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপ (বহি দ্বাপি লব্ভন্তি) বহির্দ্দে-শের বিস্তারণে লাভ করিয়া থাকে।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (অবসেস) সেই দুই প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপের অবশেষে (সব্বেপি) সমুদয় উনিশ প্রকার রূপ কলাপ (অজ্ঝত্তিকমেব) আধ্যাত্মিক বিস্তারণে লাভ করিয়া থাকে।

(কম্ম চিত্তোতুকাহার সমুট্ঠানা) কর্ম্ম সমুত্থান রূপ কলাপ, চিত্ত সমুত্থান রূপ কলাপ, ঋতু সমুত্থানরূপ কলাপ, ও আহার সমুত্থান রূপ কলাপ, (যথাক্কম) যথা ক্রমে (নবছ চতুরো দ্বেতি) নব প্রকার কর্ম্ম

সমুত্থান রূপ কলাপ, ছয় প্রকার চিত্ত সমুত্থান রূপ কলাপ, চারি প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপ, ও দুই প্রকার আহার সমুত্থান রূপ কলাপ, এই (কলাপা এক বীসতি) একুশ প্রকার রূপ কলাপ বর্ণিত হইয়াছে।

(আকাসং) এক প্রকার আকাশ ধাতু রূপ, (লকৃখণানিচ) ও চারি প্রকার লক্ষণ রূপ, (কলাপানং পরিচ্ছেদ লকৃখণত্তা) এই রূপ কলাপের অংশের লক্ষণ, (বিচকৃখণা ন কলাপঙ্গমিচ্ছহু) ইহা বিচক্ষণ লোকেরা রূপ কলাপাঙ্গ বলিয়া বর্ণনা করেন নাই। (অয়মেথ) এই (কলাপ যোজন) রূপ কলাপ সংযোগ নিয়ম বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

সেই কর্ম্মাদির সহিত রূপ উৎপত্তি হয়, কর্ম্মাদির সহিত রূপ নিরোধ হয়, কর্ম্মাদির সহিত রূপ আশ্রয় করে, এবং কর্ম্মাদির সহিত রূপ বৃত্তি উৎপত্তি বশ দ্বারা একুশ প্রকার রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

কর্ম্মজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। সেই একুশ প্রকার রূপ কলাপের মধ্যে এক প্রকার জীবিত রূপ ও আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার চক্ষু প্রসাদ রূপ, এই দশ প্রকার চক্ষু রূপ কলাপ বর্ণনাকরিয়াছেন।

সেই শ্রবণাদির সহিত দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, দশ প্রকার কায় রূপ কলাপ, দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ, এবং দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, ইহাই যথা ক্রমে সংযোগ হয়।

আট প্রকার অবিনিভোগ রূপের সহিত এক প্রকার জীবিত রূপ, এই নব প্রকার জীবিত রূপ কলাপ বর্ণনা করিয়াছেন। ইহাই নয় প্রকার কর্ম্ম সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার চিত্তজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। আট প্রকার অবিনিভোগ রূপ, এই আট প্রকার শুদ্ধষ্টক নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপের সহিত এক প্রকার কায় বিজ্ঞপ্তি রূপ, এই নয় প্রকার কায় বিজ্ঞপ্তি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, ও এক প্রকার বাক্য বিজ্ঞপ্তি রূপের সহিত এক প্রকার শব্দ রূপ, এই দশ প্রকার বাক্য বিজ্ঞপ্তি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপের সহিত তিন প্রকার লঘুতাদি রূপ, এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, ও তিন প্রকার লঘুতাদি রূপের সহিত এক প্রকার কায় বিজ্ঞপ্তি রূপ, এই দ্বাদশ প্রকাপ কায় বিজ্ঞপ্তি ও লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, তিন প্রকার লঘুতাদি রূপ, ও এক প্রকার বাক্য বিজ্ঞপ্তি রূপের সহিত এক প্রকার শব্দ রূপ, এই তের প্রকার বাক্য বিজ্ঞপ্তি, শব্দ, ও লঘুতাদি নামক রূপ কলাপ।

ইহাই ছয় প্রকার চিত্ত সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বায় ঋতুজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। সেই আট প্রকার অবিনিভোগ রূপ, ইহাই শুদ্ধস্থক নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপের সহিত এক প্রকার শব্দ রূপ, এই নয় প্রকার শব্দ নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, এক প্রকার লঘুতারূপ, ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থক রূপ কলাপ, এক প্রকার শব্দ রূপ, এক প্রকার লঘুতা রূপ, ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, এই দ্বাদশ প্রকার শব্দ ও লঘুতাদি নামক রূপ কলাপ। ইহাই চারি প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বান আহারজ রূপ কলাপ বর্ণনা করিতেছি। সেই আট প্রকার অবিনিভোগ বা অপৃথক ভাগ রূপ, এই শুদ্ধস্থক নামক রূপ কলাপ।

সেই আট প্রকার শুদ্ধস্থকরূপ কলাপ, এক প্রকার লঘুতারূপ, ও এক প্রকার মৃদুতা রূপের সহিত এক প্রকার কর্ম্মজ্ঞাতা রূপ, এই একাদশ প্রকার লঘুতাদি নামক রূপ কল্যাপ। ইহাই দুই প্রকার আহার সমুত্থান রূপ কলাপ নামে বর্ণিত হইয়াছে।

সেই আট প্রকার শুদ্ধষ্টক রূপ কলাপ, ও নয় প্রকার শব্দ রূপ কলাপন্থ এই দুই প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপ বহির্দ্দেশের বিস্তারণে লাভ করিয়া থাকে।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই দুই প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপের অবশেষে সমুদয় উনিশ প্রকার রূপ কলাপ আধ্যাত্মিক বিস্তারণে লাভ করিয়া থাকে।

কর্ম্ম সমুত্থান রূপ কলাপ, চিত্ত সমুত্থান রূপ কলাপ, ঋতু সমুত্থান রূপ কলাপ, ও আহাঁর সমুত্থান রূপ কলাপ যথা ক্রমে নয় প্রকার কর্ম্ম সমুত্থান রূপ কলাপ, ছয় প্রকার চিত্ত সমুত্থান রূপ কলাপ, চারি প্রকার ঋতু সমুত্থান রূপ কলাপ, ও দুই প্রকার আহার সমুত্থান রূপ কলাপ বর্ণিত হইয়াছে।

এক প্রকার আকাশ ধাতু রূপ, ও চারি প্রকার লক্ষণ রূপ, এইরূপ কলাপের অংশের লক্ষণ, ইহা বিচক্ষণ লোকেরা রূপ কলাপাঙ্গ বলিয়া বর্ণনা করেন নাই। এইরূপ কলাপ সংযোগ নিয়ম বর্ণিত হইয়াছে।

## রূপ প্রবৃত্তি।

### পালি।

সব্বানিপি পনেতানি রূপানি কামলোকে য়থারহং অনূনানি পবত্তিয়ং উপলব্ভন্তি। পটিসন্ধিয়ং পন সংসেদজানঞ্চেব ওপপাতিকানঞ্চ চক্‌খু সোত ঘান জিহ্বা কায় ভাব বত্থু দসক সঙ্খাতানি সত্তদসকানি পাতুভবন্তি উক্কট্‌ঠ বসেন। ওমক বসেন পন চক্‌খু সোত ঘান ভাব দসকানি কদাচিপি ন লব্ভন্তি। তস্মাতেসং বসেন কলাপহানি বেদিতব্বা! গব্ভসেয়্যক সত্তানং পন কায়ভাব বত্থু দসক সঙ্খাতানি তীণিদসকানি পাতুভবন্তি। তত্থপি ভাব দসকং কদাচিপি ন লব্‌ভতি। ততোপরং পবত্তি কালে কমে ন চক্‌খু দসকাদী নিচ পাতু ভবন্তি। ইচ্চেবং পটি সন্ধিমুপাদায় কম্ম সমুট্‌ঠানা। দুতিয় চিত্ত মুপাদায় চিত্ত। সমুট্‌ঠানা।

ট্ঠি কালমুপাদায় উতুসমুট্টানা। ওজা ফরণমুপাদায় আহার সমুট্ঠানাচেতি চতু সমুট্ঠাম রূপ কলাপ সন্ততি কাম-লোকে দীপ জালা বিয় নদী সোতো বিয়চ য়াবত্তায়ুকম বোচ্ছিন্না পবত্ততি। মরণকালে পন চুতিচিত্তোপরি সত্তর-সমচিত্ত স্সট্ঠতি কালমুপাদায় কম্মজ রূপানি নউপ্প-জ্জন্তি। পুরেতরমুপ্পন্নানিচ কম্মজ রূপানি চুতিচিত্ত সম কাল মেব পবত্তিত্বা নিরুজ্ঝন্তি। ততোপরং চিত্ত জাহা-রজ রূপঞ্চ বোচ্ছিজ্জতি। ততোপরং উতু সমুট্ঠান রূপ পরং পরায়াব মত কলেহবর সঙখাতা পবত্তন্তি।

ইচ্চেবং মত সত্তানং পুন দেব ভবন্তরে, পটিসন্ধিমুপা-দায়, তথা রূপং পবত্ততি।

রূপ লোকে পন ঘান জিহ্বা কায় ভাব দসকানিচ আহারজ কলাপানিচ নলব্ভান্তি, তস্মা তেসং পটি সন্ধি কালে চক্খু সোত বত্থু বসেন তীণি দসকানি জীবিতন-বকঞ্চেতি চত্তারো কম্ম সমুট্ঠান কলাপা। পবত্তিয়ং চিত্তোতু সমুট্ঠানাচ লব্ভন্তি। অসঞ্ঞসত্তানং পন চক্খু সোত বত্থু সদ্দানিপি নলব্ভন্তি। তথা সব্বানিপি চিত্তজ রূপানি। তস্মা তেসং পটি সন্ধি কালে জীবিত নবকমেব। পবত্তিয়ঞ্চ সদ্দ বজ্জিতং উতু সমুট্ঠান রূপং অতিরচ্চতি। ইচ্চেবং কাম রূপা সঞ্ঞ সঙ্খাতেসুতীসমুট্ঠানে সু পটি-সন্ধি পবত্তি বসেন দুবিধা রূপ পবত্তি বেদিতব্বা। অট্ঠ বীসতি কামেসু, হোন্তিতেবীসরূপিসু, সত্তরসেব সঞ্ঞিনং, অরূপে নত্থিকিঞ্চিপি। সদ্দোবিকারোজরতা, মরণঞ্চো পপ-ত্তিয়ং, ন লব্ভন্তি পবত্তেতু, ন কিঞ্চি পিন লব্ভতি। অয়মেত্থ রূপ পবত্তিক্কমো।

## স্বান্বয়ার্থ।

পন) পুনর্ব্বার রূপ প্রবৃত্তি ক্রমে বর্ণনা করিতেছি। (কামলোকে) কামলোকে [কাম ভূমির সত্ত্বেরা] [সব্বাপি এতানি রূপানি] সেই সর্ব্ব প্রকার রূপ [য়থা রহং] যথোপযুক্ত মতে [পবত্তিয়ং] প্রবৃত্তির সময়ে [অনুনানি] অন্যূন হইয়া [উপলভন্তি] উপলাভ করিয়া থাকে।

[পন] পুনর্ব্বার প্রতি সন্ধি বর্ণনা করিতেছি। [পটি সন্ধিয়ং] [সত্বাদিগের] প্রতি সন্ধির সময়ে [সংসেদ জানঞ্চেব] সংস্বেদজ, *, [ও পপাতিকানঞ্চ] ও উপপাতিক † [উক্কট্ঠ বসেন] উৎকৃষ্ট বশদ্বারা [চক্খু] দশ প্রকার চক্ষুরূপ কলাপ. [সোত] দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, [ঘান দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, [জিহ্বা] দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, [কায়] দশ প্রকার কায় রূপ কলাপ, [ইত্থিভাব] দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ কিংবা [পুম্ভাব] দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ, [চ] এবং [বত্থু দসক] দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, [সত্মাতানি] এই বর্ণিত [সত্তদসকানি] সাত দশ প্রকার রূপ কলাপ, [পাতুভবন্তি] প্রাদুর্ভূত হয়।

স্বত্বেরা,—প্রতি সন্ধির সময়ে [ওমক বসেন] নিকৃষ্ট বশ দ্বারা [চক্খু] দশ প্রকার চক্ষু রূপ কলাপ, [সোত] দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, [ঘান] দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, এবং [ইত্থীভাব] দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, কিংবা [পুম্ভাব] দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ, [কদাচিপি] কদাচিৎ [নলভন্তি] লাভ করে না। [তম্মতেসং] সেই কারণ সেই চক্ষু রূপ কলাপ, শ্রবণ রূপ কলাপ, ও ভাব রূপ কলাপ, প্রভৃতির রূপ কলাপ, [বসেন] বশ দ্বারা [কলাপ হানি] রূপ কলাপের হানি [বেদিতব্বা] জানিও।‡,

---

* কীট, ঘর্ম্ম, জল ও মৃত্তিকার ময়লা হইতে উৎপত্তি হয়, ইহাকে সংস্বেদজ কীট বলে।

† দেবতারা, দেব ভূমিতে মাতা পিতা বিনা স্বয়ং উৎপত্তি হয়, ইহাকে উপপাতিক নামে কথিত হয়।

‡ সত্ত দিগের সাত দশ প্রকার রূপ কলাপের মধ্যে যে কোন এক প্রকার রূপ কলাপের হানি হয়, তাহারা জন্মান্ধ বা বোবা প্রভৃতি হইয়া জন্ম গ্রহণ করিয়া থাকে যথা।—দশ প্রকার চক্ষু রূপ কলাপ হানি হইয়া অন্ধ হয়।

(পন) পুনর্ব্বার গর্ভাশয়ের প্রতি সন্ধি বর্ণনা করিতেছি। (গব্ভ সেয়াকসত্তানং) গর্ভাশয়ের মধ্যে সত্বদিগের (কায়) দশ প্রকার কায় রূপ কলাপ, (ইথিভাব দসক) দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, বা (পুম্ভাব দসক) দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ. এবং (বথু দসক) দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, (সঙ্খাতানি) এই বর্ণিত (তীণি দসকানি) তিনি দশ প্রকার রূপ কলাপ (পাতু ভবন্তি) প্রাদুর্ভূত হয়। *, (তথাপি) উহারা, সেই তিন দশ প্রকার রূপ কলাপের মধ্যে (ভাব দসকং) দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ বা দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ (কদাচি) (কদাচিৎ নলব্ভতি) লাভ করে না। †, (ততো পরং) তৎপর (পবত্তি কালে) উহাদের প্রবৃত্তির সময়ে (কমেন) ক্রমে (চক্খু দসকাদীনিচ) দশ প্রকার চক্ষু আদির রূপ কলাপ ‡, (পাতুভবন্তি) প্রাদুর্ভূত হয়। (ইচ্চেবং) এই রূপে তাহারা (পটিসন্ধিং) প্রতি সন্ধি (উপাদায়) গ্রহণ করিয়া (কম্ম সমুট্ঠানা) কর্ম্মসমুত্থান রূপ কলাপে (পবত্তন্তি) প্রবৃত্ত হয়, (দুতিয় চিত্তং) প্রথম ভবাঙ্গ (উপাদায়) গ্রহণ করতঃ (চিত্ত সমুট্ঠানা) চিত্ত সমুত্থান রূপ কলাপে নিযুক্ত হয়, (ঠিতি কালং) প্রতি সন্ধি স্থিতি কাল (উপাদায়) গ্রহণ করিয়া (উতু সমুট্ঠানা) ঋতু সমুত্থান রূপ কলাপে প্রবৃত্ত হয়, (চ) এবং (ওজাফরণং) বল স্ফরণ (উপাদায়) গ্রহণ করতঃ (আহার সমুট্ঠানা) আহার সমুত্থান রূপ কলাপে নিযুক্ত হইয়া থাকে। (ইতি চতু সমুট্ঠান রূপ কলাপ সন্ততি) এই চারি প্রকার

---

* গর্ভাশয়ের সত্ত্বেরা;—জরায়ুজ ও অণ্ডজ, এই দুই প্রকারে জন্ম হয়। উহারা পুরুষের শুক্রের সহিত স্ত্রীর বুদ্বুদ মিশ্রিত হইয়া প্রথম সপ্তাহে কর্দ্দমের মত, দ্বিতীয় সপ্তাহে জল বিম্ব, তৃতীয় সপ্তাহে মাংস, চতুর্থ সপ্তাহে ঘন বাদৃঢ়, পঞ্চম সপ্তাহে পঞ্চম প্রশাখা, ষষ্ঠ সপ্তাহে পরিপাক, সপ্তম সপ্তাহে চক্ষু প্রসাদ, অষ্টম সপ্তাহে শ্রবণ প্রসাদ, নবম সপ্তাহে ঘ্রাণ প্রসাদ, এবং দশম সপ্তাহে জিহ্বা প্রসাদ উৎপত্তি হয়। উহারা, নবম, দশম, একাদশ কিংবা দ্বাদশ মাসে ভূমিষ্ঠ হয়। ইহার বিস্তারিত বিবরণ টীকাতে আছে।

† সাত দশ রূপ কলাপের মধ্যে দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ ও দশ প্রকার পুরুষ ভাব রূপকলাপ লাভ করে না, তাহাদিগকে ক্লীব বলে।

‡ দশ প্রকার চক্ষু রূপ কলাপ, দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, ও দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, এই চক্ষু আদি রূপ কলাপ।

সমুত্থান রূপ কলাপ বন্ধন করিয়া( দীপ জালা বিয় ) প্রদীপ জ্বলনের সদৃশ (নদী সোতো বিচয় ) ও নদীর স্রোতের ন্যায় ( য়াবতায়ুকং ) যে পর্যন্ত আয়ু ( অবোচ্ছিন্নং ) ছিন্ন হয় না, সেই পর্য্যন্ত ( কামলোকে পবত্ততি ) কামলোকে প্রবৃত্ত হয়।

[ পন ] পুনর্ব্বার মরণ বর্ণনা করিতেছি। সত্ত্বেরা ;—( মরণ কালে ) মরণ কালে [ চুতি চিত্তোপরি সত্তরসম চিত্তস্স ] উপরের সতর প্রকার চিত্তের চ্যুতি চিত্ত * [ টি্ঠতিকাল] স্থিতি কাল [ উপাদায় ] গ্রহণ করিয়া [ কম্মজ রূপানি ] কর্ম্মজ রূপ [ ন উপ্পজ্জন্তি ] উৎপত্তি করে না। [ পুরেতরং ] উহারা, পূর্ব্বের সতর প্রকার চ্যুতি চিত্ত [ উপ্পন্নানি ] উৎপন্ন করতঃ [ কম্মজ রূপানিচ ] কর্ম্মজ রূপ [ চ্যুতিচিত্ত সম কালমেব ] চ্যুতি চিত্ত সম কালে [ পবত্তিত্বা ] প্রবৃত্তি করিয়া [ নিরুজ্ঝন্তি ] নিরোধ করে। [ ততোপরং ] তৎপর উহারা [ চিত্ত আহারজ রূপঞ্চ ] চিত্তজ রূপ ও আহারজ রূপ [ বোচ্ছিজ্জতি ] ব্যবচ্ছেদ করিয়া থাকে। [ ততোপরং ] তাহার পর উহাদের [ য়াব মত কলে্হবর সঙ্খাতা ] যে পর্য্যন্ত বর্ণিত মৃত্যু কলেবর ধ্বংস হয় না, [ উতু সমুট্ঠান রূপ পরং পরা ] সেই পর্য্যন্ত ঋতু সমুত্থান রূপ পরম্পরা বা অনুক্রমে [ পবত্ততি ] প্রবৃত্ত হয়। [ ইচ্চেবং ] এই রূপে তাহারা [ ইহ ভবে ] ইহ ভবে [ পটি সন্ধিং ] প্রতি সন্ধি [ উপাদায় ] গ্রহণ করিয়া [ রূপং ] চারি প্রকার সমুত্থান রূপ কলাপে [ পবত্ততি য়থা ] যে প্রকারে প্রবৃত্ত হয়, [ তথা মত সত্তানং ] সেই প্রকারে মৃত্যু সত্ত্বেরা [ পুনদেব ভবন্তরে ] পুনঃ ভবান্তরে [ পটি সন্ধিং ] প্রতি সন্ধি [ উপাদায় ] গ্রহণ করতঃ [ রূপং ] চারি প্রকার সমুত্থান রূপ কলাপে [ পবত্ততি ] প্রবৃত্ত হইয়া থাকে।

[ পন ] পুনর্ব্বার রূপ ভূমির প্রতিসন্ধি বর্ণনা করিতেছি। [ রূপ লোকে ] রূপ লোকের ব্রহ্মেরা, [ ঘান ] দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, [ জিহ্বা ] দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, [ কায় ] দশ প্রকার কায় রূপ কলাপ, [ ভাব দসকানিচ ] দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, দশ প্রকার পুরুষ

---

* পূর্ব্বের এক প্রকার অতীত ক্ষণ চিত্ত এক বার, ভবাঙ্গ চলন দুই বার, পঞ্চ দ্বারাবর্জন চিত্ত এক বার, চক্ষু বিজ্ঞান এক বার, সম্প্রতীষ চিত্ত এক বার, স্থির চিত্ত এক বার, সংলক্ষ চিত্ত এক বার, কামাবচর জবন চিত্ত সাত বার, এবং তদাবলম্বন চিত্ত দুই বার উৎপত্তি হয়, এই সতর প্রকার ক্ষণ চিত্ত।

ভাব রূপ কলাপ, [আহারজ কলাপানিচ] এবং আহারজ রূপ কলাপ [নলব্ভন্তি] লাভ করেন না *। [তস্মা তেসং] সেই কারণ উঁহারা [পটি-সন্ধি কালে] প্রতি সন্ধির সময়ে [চক্খু] দশ প্রকার চক্ষু রূপ কলাপ, [সোত] দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, ও [বত্থু] দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, [বসেন] বশ দ্বারা [তীণ দসকানিচ] তিন দশ প্রকার রূপ কলাপ, [জীবিত নবকঞ্চ] ও নয় প্রকার জীবিত রূপ কলাপ, [ইতি চত্তারোকম্ম সমুট্‌ঠান কলাপা] এই চারি প্রকার কর্ম্ম সমুত্থান রূপ কলাপ লাভকরেন, [চ] এবং [পবত্তিয়ং] প্রবৃত্তির সময়ে [চিত্তোতু সমুট্‌ঠানা] চিত্ত সমুত্থান রূপ কলাপ ও ঋতু সমুত্থান রূপ কলাপ [লব্ভন্তি] লাভ করিয়া থাকেন।

[পন] ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। [অসঞ্ঞ সত্তানং] অসংজ্ঞা-সত্ত্ব ব্রহ্মেরা;—[চক্খু] দশ প্রকার চক্ষু রূপ কলাপ, [সোত] দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, [বত্থু] দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, ও [সদ্দাদী নিপি] শব্দ রূপ [নলব্ভন্তি] লাভ করেন না, [তথা সব্বানিপি] এবং সেই সর্ব্বপ্রকার [চিত্তজ রূপানি] চিত্তজ রূপ কলাপ [নলব্ভন্তি] লাভ করেন না। [তস্মা তেসং] সেই কারণ উঁহারা [পটি সন্ধি কালে] প্রতি সন্ধির সময়ে [জীবিত নব কমেব] নয় প্রকার জীবিত রূপ কলাপ লাভ করেন, [পবত্তিয়ঞ্চ] এবং প্রবৃত্তির সময়ে [সদ্দ বজ্জিতং] শব্দ রূপ বর্জ্জিত করিয়া [অতিরিচ্ছতি] অতিরিক্ত বা অবশিষ্ট [উতু সমুট্‌ঠান রূপং] ঋতু সমুত্থান রূপ কলাপ লাভ করিয়া থাকেন। [ইচ্চেবং] এই রূপে (কাম রূপ সঞ্ঞি সঞ্ঞ সঙ্খাতেসু) কাম ভূমি, রূপ ভূমি, ও অসংজ্ঞাসত্ত্ব ভূমি বর্ণিত হইয়াছে, (তীসুট্‌ঠানেসু) এই তিন প্রকার স্থানে (পটি সন্ধি পবত্তি বসেন) প্রতি সন্ধি ও প্রবৃত্তি বশ দ্বারা (দুবিধা রূপ পবত্তি) দুই প্রকার রূপ প্রবৃত্তি (বেদিতব্বা) জানিও।

---

* রূপ ভূমির ব্রহ্মদের শরীর, নাসিকা ও জিহ্বা আয়ছেন। সেই শরীরের স্পর্শ শক্তি, নাসিকার আঘ্রাণ শক্তি, ও জিহ্বার আস্বাদ শক্তি নাই। সেই কারণ তাঁহাদের কামভাব ও ক্ষুধা উৎপত্তি হন না।

(কামেসু) একাদশ প্রকার কামভূমির সত্ত্বেরা ;—(অট্‌ঠবীসতি হোতি) আটাইশ প্রকার রূপ লাভ করে। (রূপিসু) অসংজ্ঞা সত্ত্ব রূপ ভূমি বিনা অপর পনর প্রকার রূপ ভূমির ব্রহ্মেরা ;—(তেবীস) তেইশ প্রকার রূপ লাভ করেন *, (অসাঞ্ঞিএ্ঞনং) অসংজ্ঞা সত্ত্ব ব্রহ্মেরা ;—(সত্তরস সেব) সতর প্রকার রূপ লাভ করিয়া থাকেন †। (অরূপে) চারি প্রকার অরূপ ভূমির ব্রহ্মেরা ;—(কিঞ্চিপি নত্থি) কোন প্রকার রূপ লাভ করেন না। (উপপত্তিয়ং) তাঁহারা প্রতি সন্ধির সময়ে (সদ্দো) শব্দ রূপ, (বিকেরা) পাঁচ প্রকার বিকার রূপ, (জরতা) জরতা রূপ, (মরণঞ্চ) ও অনিত্যতা মরণ (নলব্ভন্তি) লাভ করেন না, এবং (পবত্তেতু) প্রবৃত্তির সময়ে (ন কিঞ্চিপি নলব্ভতি) কোন প্রকার রূপ লাভ না করে নহে। (অয়মেথ এই রূপ সংগ্রহের (রূপ পবত্তিক্কমো) রূপ প্রবৃত্তি ক্রমে বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার রূপ প্রবৃত্তি ক্রমে বর্ণনা করিতেছি। কামলোকে [কাম ভূমির সত্ত্বেরা] সেই সর্ব্ব প্রকার রূপ যথোপযুক্ত মতে প্রবৃত্তির সময়ে অন্যূন হইয়া উপলাভ করিয়া থাকে।

পুনর্ব্বার প্রতি সন্ধি বর্ণনা করিতেছি। [সত্ত্বদিগের] প্রতি সন্ধির সময়ে সংস্বেদজ ও উপপাতিক উৎকৃষ্ট বশ দ্বারা দশ প্রকার চক্ষু রূপ কলাপ, দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, দশ প্রকার কায় রূপ কলাপ, দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, কিংবা দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ, এবং। দশ

---

* পৃথিবী ধাতু রূপ, আপ ধাতু রূপ, তেজ ধাতু রূপ, বায়ু ধাতুরূপ, চক্ষু প্রসাদ রূপ, শ্রবন প্রসাদ রূপ, রূপাবলম্বন রূপ, শব্দাবলম্বন রূপ, গন্ধাবলম্বন রূপ,রসাবলম্বন রূপ, হৃৎপিণ্ড বস্তু রূপ, জীবিতিন্দ্রিয় রূপ, কবলকার আহার রূপ, আকাশ ধাতু রূপ, কায় বিজ্ঞপ্তি রূপ, বাক্য বিজ্ঞপ্তি রূপ, লঘুতা রূপ, মৃদুতা রূপ, কর্ম্মজ্ঞতা রূপ, উপচয় রূপ, বিস্তার রূপ, জরতা রূপ, এবং অনিত্যতা রূপ, এই তেইশ প্রকার রূপ।

† তিন প্রকার লঘুতাদি রূপ, চারি প্রকার লক্ষণ রূপ, এক প্রকার পরিচ্ছেদ রূপ, এক প্রকার জীবিতেন্দ্রিয় রূপ, রূপাবলম্বন রূপ, গন্ধাবলম্বন রূপ, রসাবলম্বন রূপ, ও-জসাবলম্বন রূপ, পৃথিবী ধাতু রূপ, অপধাতুরূপ, তেজ ধাতু রূপ এবং বায়ু ধাতু রূপ, এই সতর প্রকার রূপ।

প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, এই বর্ণিত সাতদশ প্রকার রূপ কলাপ প্রাদুর্ভূত হয়।

সত্ত্বেরা ;—প্রতি সন্ধির সময়ে নিকৃষ্ট বশ দ্বারা দশ প্রকার চক্ষু রূপ কলাপ, দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, এবং দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ কিংবা দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ কদাচিৎ লাভ করেন না। সেই কারণ সেই চক্ষু রূপ কলাপ শ্রবণ রূপ কলাপ ও ভাব রূপ কলাপ প্রভৃতি রূপ কলাপ বশ দ্বারা রূপ কলাপের হানি জানিও।

পুনর্ব্বার গর্ভাশয়ের প্রতি সন্ধি বর্ণনা করিতেছি। গর্ভাশয়ের মধ্যে সত্ত্বদিগের দশ প্রকার কায় রূপ কলাপ, দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ বা দশ প্রকার পুরুশ ভাব রূপ কলাপ এবং দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, এই বর্ণিত তিন দশ প্রকার রূপ কলাপ প্রাদুর্ভূত হয়। উহারা সেই তিন দশ প্রকার রূপ কলাপের মধ্যে দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ বা দশ প্রকার পুরুষ ভাব রূপ কলাপ কদাচিৎ লাভ করে না। তৎপর উহাদের প্রবৃত্তির সময়ে ক্রমে দশ প্রকার চক্ষু আদির রূপ কলাপ প্রাদুর্ভূত হয়। এই রূপে তাহারা প্রতি সন্ধি গ্রহণ করিয়া কর্ম্ম সমুত্থান রূপ কলাপে প্রবৃত্ত হয়, প্রথম ভবাঙ্গ গ্রহণ করতঃ চিত্ত সমুত্থান রূপ কলাপে নিযুক্ত হয়, প্রতি সন্ধি স্থিতি কাল গ্রহণ করিয়া ঋতু সমুত্থান রূপ কলাপে প্রবৃত্ত হয়, এবং বলস্ফরণ গ্রহণ করতঃ আহার সমুত্থান রূপ কলাপে প্রবৃত্ত হইয়া থাকে। এই চারি প্রকার সমুত্থান রূপ কলাপ বন্ধন করিয়া প্রদীপ জ্বলনের সদৃশ ও নদীর স্রোতের ন্যায় যে পর্য্যন্ত আয়ুচ্ছিন্ন হয় না, সেই পর্য্যন্ত কামলোকে প্রবৃত্ত হয়।

পুনর্ব্বার মরণ বর্ণনা করিতেছি। সত্ত্বেরা ;—মরণ কালে উপরের সতর প্রকার চিত্তের চ্যুতি চিত্ত স্থিতি কাল গ্রহণ করিয়া কর্ম্মজ রূপ উৎপত্তি করে না। উহারা পূর্ব্বের সতর প্রকার চ্যুতি চিত্ত উৎপন্ন করতঃ কর্ম্মজ রূপ উৎপত্তি করে না। উহারা পূর্ব্বের সতর প্রকার চ্যুতি চিত্ত উৎপন্ন করতঃ কর্ম্মজ রূপ চ্যুতি চিত্ত সম কালে প্রবৃত্তি করিয়া নিরোধ করে। তৎপর উহারা চিত্তজ রূপ ও আহারজ রূপ ব্যবচ্ছেদ করিয়া থাকে। তাহার পর উহাদের যে পর্য্যন্ত বর্ণিত মৃত্যু কলেবর ধ্বংস হয় না, সেই

পর্য্যন্ত ঋতু সমুথান রূপ অনু ক্রমে প্রবৃত্ত হয়। এই রূপে তাহারা ইহ ভবে প্রতি সন্ধি গ্রহণ করিয়া চারি প্রকার সমুথান রূপ কলাপে যে প্রকারে প্রবৃত্ত হয়, সেই প্রকারে মৃত্যু সত্বেরা পুনঃ ভবান্তরে প্রতি সন্ধি গ্রহণ করতঃ চারি প্রকার সমুথান রূপ কলাপে প্রবৃত্ত হইয়া থাকে।

পুনর্ব্বার রূপ ভূমির প্রতি সন্ধি বর্ণনা করিতেছি। রূপ লোকের ব্রহ্মেরা, দশ প্রকার ঘ্রাণ রূপ কলাপ, দশ প্রকার জিহ্বা রূপ কলাপ, দশ প্রকার কায় রূপ কলাপ, দশ প্রকার স্ত্রী ভাব রূপ কলাপ, দশ প্রকার পুরুষ ভাব কলাপ, এবং আহারজ রূপ কলাপ লাভ করেন না। সেই কারণ উহারা প্রতি সন্ধির সময়ে দশ প্রকার চক্ষু রূপ কলাপ, দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, ও দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ বশ দ্বারা তিন দশ প্রকার রূপ কলাপ ও নয় প্রকার জীবিত রূপ কলাপ, এই চারি প্রকার কর্ম্ম সমুথান রূপ কলাপ লাভ করেন, এবং প্রবৃত্তি সময়ে চিত্ত সমুথান রূপ কলাপে ও ঋতু সমুত্তান রূপ কলাপ লাভ করিয়া থাকেন।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। অসংজ্ঞা সত্ব ব্রহ্মেরা:—দশ প্রকার চক্ষু রূপ কলাপ, দশ প্রকার শ্রবণ রূপ কলাপ, দশ প্রকার হৃৎপিণ্ড বস্তু রূপ কলাপ, ও শব্দ রূপ লাভ করেন না। এবং সেই সর্ব্বপ্রকার চিত্তজ রূপ কলাপ লাভ করেন না সেই কারণ উহারা প্রতি সন্ধির সময়ে নয় প্রকার জীবিত রূপ কলাপ লাভ করেন, এবং প্রবৃত্তির সময়ে শব্দরূপ বর্জ্জিত করিয়া অবশিষ্ট ঋতু সমুথান রূপ কলাপ লাভ করিয়া থাকেন। এইরূপে কাম ভূমি, রূপ ভূমি, ও অসংজ্ঞা সত্ব ভূমি বর্ণিত হইয়াছে, এই তিনপ্রকার স্থানে প্রতিসন্ধি ও প্রবৃত্তি বশ দ্বারা দুইপ্রকার রূপপ্রবৃত্তি জানিও।

একাদশ প্রকার কাম ভূমির সত্বেরা—আটাইশ প্রকার রূপ লাভ করে। অসংজ্ঞাসত্ব ভূমি বিনা অপর পনর প্রকার রূপ ভূমির ব্রহ্মেরা;—তেইশ প্রকার রূপ লাভ করেন। অসংজ্ঞা সত্ব ব্রহ্মেরা:—সতর প্রকার রূপ লাভ করিয়া থাকেন। চারি প্রকার অরূপ ভূমির ব্রহ্মেরা;—কোন এক প্রকার রূপ লাভ করেন না। তাঁহারা প্রতি সন্ধির সময়ে শব্দ রূপ, পাঁচ প্রকার বিকার রূপ, জরতা রূপ, ও অনিত্যতা মরণ লাভ করেন না, এবং প্রবৃত্তির সময়ে কোন এক প্রকার রূপ লাভ না করেন নহে। এই রূপসংগ্রহের রূপ প্রবৃত্তি ক্রমে বর্ণিত হইয়াছে।

## নির্ব্বাণ।

### পালি।

নিব্বানং পন লোকুত্তর সঙ্খাতং চতুমগ্‌গঞ্‌ঞাণেন সচ্ছিকাতব্বং মগ্‌গফনানমালম্বণভূতং বান সঙ্খাতার তণ্‌হায় নিক্‌খন্তত্তা নিব্বানন্তি পবুচ্চতি। তদেতং সভাবতো একবিধম্পি সউপাদিসেস নিব্বানধাতু অনুপ্পাদি সেসনিব্বান ধাতু চেতি দুবিধং হোতি কারণ পরিয়ায়েণ। তথা সুঞ্‌ঞতং অনিমিত্তং অপ্পাগিহিতঞ্চেতি তিবিধং হোতি অকার ভেদেন। পদমচ্চুতমচ্চন্তং, অসঙ্খতমনুত্তরং, নিব্বানমীতি-ভাসান্তি, বানমুত্তামহেসয়ো। ইতি চিত্তং চেতনিকং, রূপং নিব্বানমিচ্চপি, পরমত্থং পকাসন্তি, চতুধাব তথা গতা। ইতি অতিধর্ম্মত্থ সঙ্গহে রূপ সন্দহ বিভাগোনাম ছটে্‌ঠা পরিচ্ছেদো।

### সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার নির্ব্বাণ বর্ণনা করিতেছি। (মগ্‌গফলানং) লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল (আলম্বনভূতং) অবলম্বন করিয়া (চতুমগ্‌গঞ্‌-ঞণেন) চারি প্রকার মার্গজ্ঞান দ্বারা (সচ্ছিকাতব্বং) সত্য সাক্ষাৎ করাকে (লোকুত্তর সঙ্খাতং) লোকোত্তর কহে। (নিব্বানং বানসঙ্খাতায়) সত্ত্ব-দিগের সংসারের ফলের কারণ নিরোধ হওয়াকে নির্ব্বাণ বলে। (তণ্‌হায় নিক্‌খন্তত্তা) তৃষ্ণার কারণ নিষ্ক্রান্ত হওয়াকে (নিব্বানন্তি পবুচ্চতি) নির্ব্বাণ কহে। (সভাবতো) স্বভাব বা আত্মকর্ম্মের লক্ষণ দ্বারা (তদেতং একবিধংপি নিব্বানং) সেই এক প্রকার নির্ব্বাণ হয়। (সউপাদি সেস নিব্বান ধাতু) পঞ্চ স্কন্ধের ক্লেশ অবশেষের সহিত নির্ব্বাণ ধাতু উৎপত্তি হয়, (অনুপ্পাদী সেস নিব্বানধাতুচ) এবং পঞ্চ স্কন্ধের ক্লেশ অন উৎপত্তির অবশেষে নির্ব্বাণ ধাতু থাকে, (ইতি দুবিধং হোতি কারণ পরিয়ায়েন) এই দুই প্রকার কারণ পর্য্যায়

দ্বারা নির্ব্বাণ হয়। (তথা সুঞ্ঞতং) সেই রাগ, দোষ ও মোহ শূন্য হওয়াকে শূন্যতা নামক নির্ব্বান বলে, (অনিমিত্তং) সেই রাগ, দোষ ও মোহের কারণ হইতে মুক্ত হওয়াকে অনিমিত্ত নামক নির্ব্বাণ কহে, (অপ্প-ণিহিতঞ্চ) এবং সেই রাগ, দোষ ও মোহের প্রত্যাশার কারণ হইতে মুক্ত হওয়াকে অপ্রণিহিত নামক নির্ব্বাণ বলে, (ইতি তিবিধংহোতি আকার ভেদেন) এই তিন প্রকার আকার প্রভেদ দ্বারা নির্ব্বাণ হয়। (অচ্চুতং) নির্ব্বাণেচ্যুতি নাই, (অচ্চন্তং) বর্ণিত চ্যুতির শেষ অতি ক্রান্ত অর্থাৎ চ্যুতির পূর্ব্বে নির্ব্বান হয়, (অসঙ্খতং) কর্ম্ম, চিত্ত, ঋতু ও আহার ধর্ম্মের কারণ নির্ম্মাণ করে না। (অনুত্তরং) আত্মা শ্রেষ্ঠ অভাবের কারণ হওয়াকে অনুত্তর বলে। (পদং) লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল পদাবলম্বনে (বানমুত্তা) তৃষ্ণা হইতে মুক্ত হইয়া (নিব্বানং) নির্ব্বাণ হয়। (মহেসয়ো) ইহা সম্যক্ সম্বুদ্ধ (ভাসন্তি) ব্যাখ্যা করিয়াছেন। (ইতি চিত্তং) এই চিত্ত, (চেতসিকং) চৈতসিক, (রূপং) রূপ, (নিব্বানং) ও নির্ব্বাণ, (ইচ্চপি) এই (চতুধাব) চারি প্রকার (পরমথ) পরমার্থ, (তথাগতা) ইহা তথাগত (পকাসন্তি) প্রকাশ করিয়াছেন। (ইতি অভি ধম্মথ সঙ্গহে) এই অভি-ধর্ম্মার্থ সংগ্রহের [রূপ সঙ্গহ বিভাগো নাম] রূপ সংগ্রহ বিভাগ নামক [ছট্‌ঠো পরিচ্ছেদো] ষষ্ট পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার নির্ব্বাণ বর্ণনা করিতেছি। লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বন করিয়া চারি প্রকার লোকোত্তর মার্গজ্ঞান দ্বারা সত্য সাক্ষাৎ করাকে লোকোত্তর কহে। সত্ত্বদিগের সংসারের ফলের কারণ নিরোধ হওয়াকে নির্ব্বাণ বলে। তৃষ্ণার কারণ নিষ্ক্রান্ত হওয়াকে নির্ব্বাণ কহে। স্বভাববা আত্ম কর্ম্মের লক্ষণ দ্বারা সেই এক প্রকার নির্ব্বাণ হয়। পঞ্চস্কন্ধের ক্লেশ অবশেষের সহিত নির্ব্বাণ ধাতু উৎপত্তি হয়, এবং পঞ্চস্কন্ধের ক্লেশ অন উৎপত্তির অবশেষে নির্ব্বাণ ধাতু থাকে, এই দুই প্রকার কারণ পর্য্যায় দ্বারা নির্ব্বাণ হয়। সেই রাগ, দোষ, ও মোহ শূন্য হওয়াকে শূন্যতা নামক নির্ব্বাণ বলে, সেই রাগ, দোষ, ও মোহের কারণ হইতে মুক্ত হওয়াকে অনিমিত্ত নামক নির্ব্বাণ কহে, এবং সেই রাগ, দোষ, ও মোহের প্রত্যাশার

কারণ হইতে মুক্ত হওয়াকে অপ্রণিহিত নামক নির্ব্বাণ বলে, এই তিন প্রকার আকার প্রভেদ দ্বারা নির্ব্বাণ হয়। নির্ব্বাণে চ্যুতি নাই। বর্ণিত চ্যুতির শেষ অতিক্রান্ত অর্থাৎ চ্যুতির পূর্ব্বে নির্ব্বাণ হয়। কর্ম্ম, চিত্ত, ঋতু, ও আহার ধর্ম্মের কারণ নির্ম্মাণ করে না। আত্মা শ্রেষ্ঠ স্বভাবের কারণ হওয়াকে অনুত্তর বলে। লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল পদাবলম্বনে তৃষ্ণা হইতে মুক্ত হইয়া নির্ব্বাণ হয়। ইহা সম্যক্ সম্বুদ্ধ ব্যাখ্যা করিয়াছেন। এই চিত্ত, চৈতসিক, রূপ ও নির্ব্বাণ, এই চারি প্রকার পরমার্থ। ইহা তথাগত প্রকাশ করিয়াছেন। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের রূপ সংগ্রহ বিভাগ নামক ষষ্ঠ পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

---

# সপ্তম পরিচ্ছেদ।

## অকুশল সংগ্রহ।

### পালি।

দ্বাসত্ততিবিধাবুত্তা, বুত্থু ধম্মাসলক্খণা,
তেসংদানিয়থায়োগং, পবক্খামি সমুচ্চয়ং।

অকুসল সঙ্গহো, মিস্‌সক সঙ্গহো, বোধিপক্খিয় সঙ্গহো, সব্ব সঙ্গহোচেতি সমুচ্চয় সঙ্গহো চতুব্বিধো বেদিতব্বো। কথং। অকুসল সঙ্গহে তাব চত্তারো আসবা কামাসবো, ভবাসবো, দিট্‌ঠাসবো, অবিজ্জাসবো। চত্তারোওঘা কামোঘো ভবোঘো, দিট্‌ঠোঘো, অবিজ্জোঘো। চত্তারো-গন্থা অভিজ্‌ঝা কায়গন্থো, ব্যাপদো কায় গন্থো, সীলব্বত-পরামাসো কায়গন্থো, ইদংসচ্চাভিনিবেসো কায় গন্থো, চত্তারো উপাদান কামুপাদানং, দিট্‌ঠুপাদানং, সীলব্বতুপা-দানং, অত্তবাদুপাদানং। ছনিবরণানি কামচ্ছন্দনিবরণং, ব্যাপাদ

নিবরণং, থিনমিদ্ধ নিবরণং, উদ্ধচ্চ কুক্কুচ্চ নিবরণং, বিচিকিচ্ছা-নিবরণং, অবিজ্জানিবরণং। সত্তানুসয়া কামরাগানুসয়ো, ভবরাগানুসয়ো, পটিঘানুসয়ো, মানানুসয়ো, দিট্ঠানুসয়ো, বিচিকিচ্ছানুসয়ো, সবিজ্জানুসয়ো। দস সংয়োজনানি কাম রাগসংয়োজনং, রূপরাগসংয়োজনং, অরূপরাগসংয়োজনং, পটিঘসংয়োজনং, মানসংয়োজনং, দিট্ঠিসংয়োজনং, সীলব্বত-পরামাস সংয়োজনং, বিচিকিচ্ছাসংয়োজনং, উদ্ধচ্চসংয়োজনং, অবিজ্জাসংয়োজনং সুত্তন্তে। অপরানিদস সংয়োজনানি কাম রাগসংয়োজনং, ভবরাগ সংয়োজনং, পটিঘ সংয়োজনং, মান সংয়োজনং, দিট্ঠি সংয়োজনং, সীলব্বত পরামাস সংয়োজনং, বিচিকিচ্ছাসংয়োজনং, ইস্সাসংয়োজনং, মচ্ছরিয়সংয়োজনং, অবিজ্জাসংয়োজনং, অভিধম্মে। দসকিলেসালোভো, দোসো, মোহো, মানো, দিট্ঠি, বিচিকিচ্ছা, থিনং, উদ্ধচ্চং, অহিরিকং, অনোত্তপ্পং। আসবাদীসু পনেথ কাম ভব নামেন তব্বথু কাতণ্হা অধিপ্পেতা। সীলব্বত পরামাসো ইদং সচ্চাভিনিবেসো অত্তবাদুপাদোচ তথা পবত্তং দিট্ঠিগতমেব পবুচ্চতি।

আসবোঘাচ য়োগাচ, তয়োগন্ধচবথুতো,
উপাদানাদুবে বুত্তা, অট্ঠনিবরণাসিয়্যুং।
ছলে্হাবানুসয়াহোন্তি, নবসংয়োজনামতা,
কিলেসাদসবুত্তোয়ং, নবধাপাপসঙ্গহো।

সান্বয়ার্থ।

(দ্বাসত্ত বিধাবথু ধম্মা সলকৃখণা) আমি বায়াত্তর প্রকার স্বভাব ধর্ম্মের সহিত লক্ষণ * (বুত্তা) বর্ণনা করিয়াছি। আমি (দোনি) এক্ষণ (তেসং

* এক প্রকার চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিক, আঠারপ্রকার নিস্পন্ন রূপ, একপ্রকার নির্ব্বাণ, এই বায়াত্তর প্রকার স্বভাব ধর্ম্মের সহিত লক্ষণ।

সমুচ্চয়ং ) সেই সমুচ্চয় স্বভাব ধর্ম্মের ( য়থা য়োগং ) যোগ যথা ( পবক্খামি ) বর্ণনা করিতেছি।

( অকুসল সঙ্গহো ) অকুশল সংগ্রহ, ( মিস্সক সঙ্গহো ) মিশ্রক সংগ্রহ, ( বোধিপক্খিয় সঙ্গহো ) বোধিপাক্ষিক সংগ্রহ, ( সব্বসঙ্গহোচ ) ও সর্ব্ব সংগ্রহ, ( ইতি চতুব্বিধো সমুচ্চয় সঙ্গহো ) এই চারি প্রকার সমুচ্চয় সংগ্রহ ( বেদিতব্বো ) জানিও।

( কথং অকুসল সঙ্গহেতাব ) কত প্রকার পূর্ব্বোক্ত অকুশল সংগ্রহ এক্ষণ বর্ণনা করিতেছি। ( কামাসবো ) কামাস্রব, ( ভবাসবো ) ভবাস্রব *, ( দিট্ঠাসবো ) মিথ্যাদৃষ্টি আস্রব †, ( অবিজ্জাসবো ) ও অবিদ্যাস্রব ‡, ( ইতি চত্তারো আসবা ) এই চারি প্রকার আস্রব।

( কামোঘো ) কামওঘ, ( ভবোঘো ) ভবওঘ §, (দিট্ঠোঘো ) মিথ্যাদৃষ্টি ওঘ ‖ ( অবিজ্জোঘো ) ও অবিদ্যা ওঘ ‖ ( ইতি চত্তারো ওঘা ) এই চারি প্রকার ওঘ।

( কাম য়োগো ) কামযোগ, ( ভবয়োগো ) ভবযোগ ¶, ( দিট্ঠয়োগো ) মিথ্যাদৃষ্টি যোগ $, ( অবিজ্জায়োগো ) ও অবিদ্যা যোগ ১, ( ইতি চত্তারো য়োগা ) এই চারি প্রকার যোগ।

---

* কামাস্রব ও ভবাস্রবকে লোভ চৈতসিক বলে।

† মিথ্যাদৃষ্টি আস্রব—মিথ্যাদৃষ্টি চৈতসিক :

‡ অবিদ্যাস্রব—মোহ চৈতসিক। পূর্ব্ব ও শেষ অজ্ঞানের কারণ হয়। যথা—ব্রণ বৃদ্ধির সদৃশ চক্ষু আদির দ্বারা অবলম্বন বৃদ্ধি হয়। সেই আস্রব লৌকিক ধর্ম্মেনৈবসংজ্ঞানা সংজ্ঞায়তন ভূমি পর্য্যন্ত ও গোত্রভূ অবধি বৃদ্ধি হয়। ইহাই আস্রব নামে বর্ণিত হয়।

§ কাম ওঘ ও ভব ওঘকে লোভ চৈতসিক কহে।

‖ মিথ্যাদৃষ্টি ওঘ—মিথ্যাদৃষ্টি চৈতসিক।

‖ অবিদ্যা ওঘ—মোহ চৈতসিক। যথা—সত্বেরা ;—জলের স্রোতের তরঙ্গের সদৃশ একবার উর্দ্ধদিকে প্রসারণ হইয়া দুঃখ কলে আর একবার নিমগ্ন হয়। ইহাই ওঘ।

¶ কামযোগ ও ভবযোগকে লোভ চৈতসিক বলে

$ মিথ্যাদৃষ্টি যোগ—মিথ্যাদৃষ্টি চৈতসিক।

১। অবিদ্যাযোগ—মোহ চৈতসিক যথা—সত্বগণ দুঃখফলে অপর ভবে সংযোগের কারণ হয়। ইহাই যোগ নামে বর্ণিত হয়।

[ অভিজ্ঝাকায়গন্থো ] অভিধ্যাকায়গন্ধ * [ ব্যাপাদ কায়গন্থো ] ব্যাপাদ কায়গন্ধ †, [ সীলব্বত পরামাসো কায়গন্থো ] শীলব্রত পরামর্শ কায়গন্ধ, [ ইদং সচ্চাভিনিবেসো কায় গন্থো ] ও এই সত্যাভিনিবেসো কায়গন্ধ ‡, [ ইতি চত্তারো গন্থা [ এই চারি প্রকার গন্ধ।

[ কামুপাদানং ] কাম উপাদান §, [ দিট্‌ঠুপাদানং ] মিথ্যাদৃষ্টি উপাদান [ সীলব্বতুপাদানং ] শীলব্রত উপাদান, [ অত্তবাদুপাদানং ] ও আত্মাবাদ উপাদান ॥, [ ইতি চত্তারো উপাদানা ] এই চারি প্রকার উপাদান।

[ কামচ্ছন্দ নিবরণং ] কামচ্ছন্দ নিবারণ ✠, [ ব্যাপাদ নিবরণং ] ব্যাপাদ নিবারণ ¶, [ থিনমিদ্ধ নিবরণং ] অলসতা ও নিদ্রা নিবারণ $, [ উদ্ধচ্চকুক্কুচ্চনিবরণং ] ঔদ্ধত্য ও কৌকৃত্য নিবারণ ৫, [ বিচিকিচ্ছা নিবরণং ] বিচিকিৎসা নিবারণ ৬, [ অবিজ্জা নিবরণং ] এবং অবিদ্যা নিবারণ ৭, [ ইতিছ নিবারণানি ] এই ছয় প্রকার নিবারণ।

---

* অভিধ্যা কায়গন্ধ—লোভ চৈতসিক।

† ব্যাপাদ কায় গন্ধ—দোষ চৈতসিক।

‡ শীলব্রত পরামর্শ কায় গন্ধ ১ ও এই সত্যাভিনিবেশ কায় গন্ধ ২, ইহাই মিথ্যাদৃষ্টি চৈতসিক নামে বর্ণিত হয়। যথা—নাম ধর্ম্ম ও রূপ ধর্ম্মের বর্ত্তমান কায়ার দ্বারা অনাগত কায়া উৎপত্তি বন্ধন করিয়া ভবে ঘুরণের কারণ হয়, ইহাই গন্ধ নামে বর্ণিত হয়।

§ কাম উপাদান—লোভ চৈতসিক।

|| মিথ্যাদৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান ও আত্মাবাদ উপাদান ৩, ইহাই মিথ্যাদৃষ্টি চৈতসিক নামে বর্ণিত হয়। যথা—সর্প যেরূপ ভেককে দৃঢ়ভাবে আক্রমণ করে, তাহার সদৃশ অবলম্বন আক্রমণ করাকে উপাদান বলে।

✠ কামচ্ছন্দ নিবারণ—লোভ চৈতসিক।

¶ ব্যাপাদ নিবারণ—দোষ চৈতসিক।

$ অলসতা ও নিদ্রা নিবারণ—অলসতা ও নিদ্রা চৈতসিক।

৫। ঔদ্ধত্য ও কৌকৃত্য নিবারণ—ঔদ্ধত্য ও কৌকৃত্য চৈতসিক।

৬। বিচিকিৎসা নিবারণ—বিচিকিৎসা চৈতসিক।

৭। অবিদ্যা নিবারণ—মোহ চৈতসিক। যথা—ধ্যানের দ্বারা কুশলচিত্ত ও প্রজ্ঞা চক্ষু উৎপত্তির কারণ বারণ করে, ইহাই নিবারণ নামে বর্ণিত হয়।

---

১ শীলব্রত দ্বারা শুদ্ধি হয়, এইরূপ ক্ষতি ও অস্বভাব ব্যবহার বলিয়া বিবেচনা করাকে শীলব্রত পরামর্শ বা শীলব্রত নামে কথিত হয়।

২ আমি সত্য অপর নিস্ফল, এই অভিনিবেশ দৃঢ় গ্রহণ করে, এই সত্যাভিনিবেশ নামে বর্ণিত হয়।

৩ স্কন্ধ বিশেষ সামান্য বশদ্বারা বিশ প্রকার পরিকল্পিত কর্ত্তৃক আমি আমার বলিয়া থাকি, ইহাই আত্মাবাদ উপাদান নামে বর্ণিত হয়।

( কামরাগানুসয়ো ) কামরাগানুশয়, ( ভবরাগানুসয়ো ) ভবরাগানুশয় *, ( পটিঘানুসয়ো ) প্রতিঘানুশয় †, ( মানানুসয়ো ) মানানুশয় ‡, ( দিট্‌ঠানুসয়ো ) মিথ্যাদৃষ্টি অনুশয় §, ( বিচিকিচ্ছানুসয়ো ) বিচিকিৎসানুশয় ||, এবং ( অবিজ্জানুসয়ে ) অবিদ্যানুশয় ‖, ( ইতি সত্তানুসয়া ) এই সাত প্রকার অনুশয়।

( কামরাগ সংয়োজনং ) কামরাগ সংযোজন, ( রূপরাগ সংয়োজনং ) রূপরাগ সংযোজন, ( অরূপরাগ সংয়োজনং ) অরূপরাগ সংযোজন, ( পটিঘ সংয়োজনং ) প্রতিঘ সংযোজন, ( মান সংয়োজনং ) মান সংযোজন, ( দিট্‌ঠিসংয়োজনং ) মিথ্যাদৃষ্টি সংযোজন, ( সীলব্বত পরামাস সংয়োজনং ) শীলব্রত পরামর্শ সংযোজন, ( বিচিকিচ্ছা সংয়োজনং ) বিচিকিৎসা সংযোজন, ( উদ্ধচ্চসংয়োজনং ) ঔদ্ধত্য সংযোজন ¶ ( অবিজ্জা সংয়োজনং ) এবং অবিদ্যা সংযোজন, ( ইতি দস সুত্তন্তে ) এই দশ প্রকার সংযোজন সূত্র পিটকে বর্ণিত হইয়াছে।

( অপরানিপি ) অপর ( কামরাগ সংয়োজনং ) কামরাগ সংযোজন, ( ভবরাগ সংয়োজনং ) ভবরাগ সংযোজন $, ( পটিঘ সংয়োজনং ) প্রতিঘ সংযোজন ১, ( মান সংয়োজনং ) মান সংযোজন ২, ( দিট্‌ঠি সংয়োজনং ) মিথ্যাদৃষ্টি সংযোজন, ( শীলব্বত পরমাস সংয়োজনং ) শীলব্রত পরামর্শ সংযোজন ৩,

---

* কামরাগানুশয় ও ভবরাগানুশয়কে লোভ চৈতসিক বলে।

† প্রতিঘানুশয়—দোষ চৈতসিক।

‡ মানানুশয়—মান চৈতসিক।

§ মিথ্যাদৃষ্টি অনুশয়—মিথ্যাদৃষ্টি চৈতসিক।

|| বিচিকিৎসানুশয়—বিচিকিৎসা চৈতসিক।

‖ অবিদ্যানুশয়—মোহ চৈতসিক। যথা—সত্বগন ;—লোকোত্তর মার্গ দ্বারা পুনঃ পুনঃ আকৃত্তির উৎপত্তির কারণ পরিত্যাগ করেনা, ইহাই অনুশয়।

¶ ঔদ্ধত্য সংযোজন—ঔদ্ধত্য চৈতসিক।

$ কামরাগ সংয়োজন ও ভবরাগ সংযোজনকে লোভ চৈতসিক বলে।

১ প্রতিঘ সংযোজন—দোষ চৈতসিক।

২ মান সংযোজন—মান চৈতসিক।

৩ মিথ্যাদৃষ্টি সংযোজন ও শীলব্রত পরামর্শ সংযোজনকে মিথ্যাদৃষ্টি চৈতসিক বলে।

( বিচিকিচ্ছা সংয়োজনং ) বিচিকিৎসা সংযোজন *, ( ইস্সা সংয়োজনং ) ঈর্ষ্যা সংয়োজন †, ( মাচ্ছরিয় সংয়োজনং ) মাৎসর্য্য সংযোজন ‡, ( অবিজ্জা সংয়োজনং ) এবং অবিদ্যা সংযোজন §, ( ইতি দস অভিধম্মে ) এই দশ প্রকার সংযোজন অভিধর্ম্ম পিটকে বর্ণিত হইয়াছে।

( লোভো ) লোভ, ( দোসো ) দোষ, ( মোহো ) মোহ, ( মানো ) মান, ( দিট্ঠি ) মিথ্যাদৃষ্টি, ( বিচিকিচ্ছা ) বিচিকিৎসা, ( থিন ) অলসতা, ( উদ্ধচ্চং ) ঔদ্ধত্য, ( অহিরিকং ) নির্লজ্জতা, এবং ( অনোত্তপ্পং ) অনোত্তাপ্য, ( ইতি দস কিলেসা ) এই দশ প্রকার ক্লেশ ¶।

( পন ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( এথ ) এই অকুশল সংগ্রহের ( আসবাদীসু ) আস্রবাদি ||, তে ( কামভব নামেন ) কাম ও ভব নাম দ্বারা ( তব্বথুকাঃ ) সেই কাম ও ভব নামের সংযোগ কিংবা রূপ ভব ও অরূপ ভবের সংযোগ প্রাপ্ত হইয়া ( তণ্হা ) তৃষ্ণা বা লোভ চৈতসিকের ( অধিপ্পেতা ) ইচ্ছা হয়। ( তথাপবত্তং ) সেই বিধির প্রবৃত্ত দ্বারা ( দিট্ঠিগতমেব ) মিথ্যাদৃষ্টি চৈতসিক গ্রহণ করিয়া ( সীলব্বত পরামাসো ) শীলব্রত পরামর্শ গ্রহণ করে, ( ইদং সচ্চাভিনিবেসোচ ) তৎপর এই সত্যাভিনিবেশ গ্রহণ করতঃ ( অত্তবাদুপাদো ) আত্মাবাদ উপাদান গ্রহণ করে, ( পবুচ্চতি ) ইহা বর্ণিত হইয়াছে।

( আসবোঘ য়োগা গন্ধাচ ) আস্রব, ওঘ, যোগ, ও গন্ধের ( বথুতো ) স্বভাব দ্বারা ( তয়ো ) তিন প্রকার চৈতসিক ( বুত্তা ) উক্ত হইয়াছে। ( উপাদানা ) উপাদান স্বভাব দ্বারা ( দুবে ) দুই প্রকার চৈতসিক ( বুত্তা ) বর্ণিত হইয়াছে। ( নিবারণানি ) নিবারণ স্বভাব দ্বারা ( অট্ঠসিয়ুং ) আট প্রকার চৈতসিক হয়। ( অনুসয়া ) অনুশয় স্বভাব দ্বারা ( ছলেহব ) ছয় প্রকার চৈতসিক ( হোন্তি ) হয়। ( সংয়োজনা ) সংয়োজন স্বভাব দ্বারা ( নব )

---

* বিচিকিৎসা সংযোজন—বিচিকিৎসা চৈতসিক।

† ঈর্ষ্যা সংযোজন—ঈর্ষ্যা চৈতসিক।

‡ মাৎসর্য্য সংযোজন—মাৎসর্য্য চৈতসিক।

§ অবিদ্যা সংযোজন—মোহ চৈতসিক। সত্ত্বগণ ;—সংযোজন ধর্ম্মে দুঃখ ফল বন্ধনের কারণ হয়।

¶ দশ প্রকার ক্লেশ বা দশ প্রকার চৈতসিক দ্বারা সত্ত্বদিগের ধ্বংশের কারণ হয়।

|| আস্রব, যোগ, ওঘ, গন্ধ, উপাদান, নিবারন, অনুশয় সংয়োজন, ও ক্লেশ এই আস্রবাদি।

নয় প্রকার চৈতসিক [ মতা ] জানিও। [ কিলেসো ] এবং ক্লেশ স্বভাব দ্বারা [ দস ] দশ প্রকার চৈতসিক [ মতা ] জানিও। [ বুত্তোয়ং নবধা পাপ সঙ্গহো ] এই নয় প্রকার পাপ সংগ্রহ বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

আমি বায়াত্তর প্রকার স্বভাব ধর্ম্মের সহিত লক্ষণ বর্ণনা করিয়াছি। আমি এক্ষণ সেই সমুচ্চয় স্বভাব ধর্ম্মের যোগ যথা বর্ণনা করিতেছি।

অকুশল সংগ্রহ, মিশ্রক সংগ্রহ, বোধিপাক্ষিক সংগ্রহ, ও সর্ব্ব সংগ্রহ, এই চারি প্রকার সমুচ্চয় সংগ্রহ জানিও।

কত প্রকার পূর্ব্বোক্ত অকুশল সংগ্রহ এক্ষণ বর্ণনা করিতেছি। কামাস্রব, ভবাস্রব, মিথ্যাদৃষ্টি আস্রব, ও অবিদ্যাস্রব, এই চারি প্রকার আস্রব।

কামওঘ, ভবওঘ, মিথ্যাদৃষ্টিওঘ, ও অবিদ্যাওঘ, এই চারিপ্রকার ওঘ।

কামযোগ; ভবযোগ, মিথ্যাদৃষ্টি যোগ, ও অবিদ্যাযোগ, এই চারি প্রকার যোগ।

অবিধ্যাকায়গন্ধ, ব্যাপাদ কায়গন্ধ, শীলব্রত পরামর্শ কায়গন্ধ, ও এই সত্যা ভিনিবেশ কায়গন্ধ, এই চারি প্রকার গন্ধ।

কাম উপাদান, মিথ্যাদৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, ও আত্মাবাদ উপাদান, এই চারি প্রকার উপাদান।

কামছন্দ নিবারণ, ব্যাপাদ নিবারণ, অলসতা ও নিদ্রা নিবারণ, ঔদ্ধত্য ও কৌকৃত নিবারণ, বিচিকিৎসা নিবারণ, এবং অবিদ্যা নিবারণ, এই ছয় প্রকার নিবারণ।

কামরাগানুশয়, ভবরাগানুয়, প্রতিঘানুশয়, মানানুশয়, মিথ্যাদৃষ্টিঅনুশয়, বিচিকিৎসানুশয়, এবং অবিদ্যানুশয়, এই সাত প্রকার অনুশয়।

কামরাগ সংযোজন, রূপরাগ সংযোজন, অরূপরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, মাম সংযোজন, মিথ্যাদৃষ্টি সংযোজন, শীলব্রত পরামর্শ সংযোজন, বিচিকিৎসা সংযোজন, ঔদ্ধত্য সংযোজন, এবং অবিদ্যা সংযোজন, এই দশ প্রকার সংযোজন সূত্র পিটকে বর্ণিত হইয়াছে।

অপর কামরাগ সংযোজন, ভবরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, মান সংযোজন, মিথ্যাদৃষ্টি সংযোজন, শীলব্রত পরামর্শ সংযোজন, বিচিকিৎসা সংযোজন, ঈর্ষ্যা সংযোজন, মাৎসর্য্য সংযোজন এবং অবিদ্যা সংযোজন, এই দশ প্রকার সংযোজন অভিধর্ম্ম পিটকে বর্ণিত হইয়াছে।

লোভ, দোষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, অলসতা, ঔদ্ধত্য, নির্লজ্জতা, এবং অনৌত্তাপ্য, এই দশ প্রকার ক্লেশ।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। এই অকুশল সংগ্রহের আস্রবাদিতে কাম ও ভব নাম দ্বারা সেই কাম ও ভব নামের সংযোগ কিংবা রূপ ভব ও অরূপ ভবের সংযোগ প্রাপ্ত, হইয়া তৃষ্ণার ইচ্ছা হয়। সেই বিষয়ে প্রবৃত্ত দ্বারা মিথ্যা দৃষ্টি চৈতাসিক গ্রহণ করিয়া শীলব্রত পরামর্থ গ্রহণ করে, তৎপর এই সত্যাভিনিবেশ গ্রহণ করতঃ আত্মাবাদ উপাদান গ্রহণ করে, ইহা বর্ণিত হইয়াছে।

আস্রব, ওঘ, যোগ, ও গন্ধের স্বভাব দ্বারা তিন প্রকার চৈতসিক উক্ত হইয়াছে। উপাদান স্বভাব দ্বারা দুই প্রকার চৈতসিক বর্ণিত হইয়াছে। নিবারণ স্বভাবদ্বারা আট প্রকার চৈতাসিক হয়। অনুশয় স্বভাব দ্বারা ছয় প্রকার চৈতসিক হয়। সংযোজন স্বভাব দ্বারা নয় প্রকার চৈতসিক জানিও এবং ক্লেশ স্বভাব দ্বারা দশ প্রকার চৈতসিক জানিও। এই নয় প্রকার পাপ সংগ্রহ বর্ণিত হইয়াছে।

# মিশ্রক সংগ্রহ।

## পালি।

মিস্‌সক সঙ্গহে ছতেতু লোভো, দোসো, মোহো, অলোভো, অদোসো, অমোহো। সত্তঝানঙ্গানি বিতক্কো, বিচারো, পীতি, একগ্‌গতা, সোমনস্‌সং, দোমনস্‌সং, উপেক্‌খা। দ্বাদসমগ্‌গঙ্গানি সম্মাদিট্‌ঠি, সম্মাসঙ্কপ্পো, সম্মাবাচা, সম্মাকম্মন্তো, সম্মা অজীবো, সম্মাবায়ামো, সম্মাসতি, সম্মাসমাধি, মিচ্ছাদিট্‌ঠি, মিচ্ছাসঙ্কপ্পো, মিচ্ছাবায়ামো, মিচ্ছাসমাধি। বাবীসতিন্দ্রিয়ানি চক্‌খুন্দ্রিয়ং, সোতিন্দ্রিয়ং, ঘানিন্দ্রিয়ং, জিহ্বিন্দ্রিয়ং, কায়িন্দ্রিয়ং, ইত্থিন্দ্রিয়ং, পুরিসিন্দ্রিয়ং, জীবিতিন্দ্রিয়ং, মনিন্দ্রিয়ং, সুখিন্দ্রিয়ং, দুক্‌খিন্দ্রিয়ং, সোমনসিসন্দ্রিয়ং, দোমনসিসন্দ্রিয়ং, উপেক্‌খিন্দ্রিয়ং, সদ্ধিন্দ্রিয়ং, বীরিয়িন্দ্রিয়ং, সতিন্দ্রিয়ং, সমাধিন্দ্রিয়ং, পঞ্ঞি-

৩৫

ঞিন্দ্রিয়ং, অঞ্ঞাতঞ্ঞস্সামিতিন্দ্রিয়ং, অঞ্ঞিন্দ্রিয়ং, অঞ্ঞাতাবিন্দ্রিয়ং,। নববলানি সদ্ধাবলং, বীরিয়বলং, সতিবলং, সমাধিবলং, পঞ্ঞাবলং, হিরিবলং, ও ত্তপ্পবলং, অহিরিকবলং, অনোত্তপ্পবলং। চত্তারোঅধিপতী ছন্দাধিপতি, বীরিয়াধিপতি, চিত্তাধিপতি, বিমংসাধিপতি। চত্তারো আহারা কবলহীকারো আহারো, ফসসাহুতিয়ো, মনোসঞ্চেতনা। ততিয়ো, বিঞ্ঞাণং চতত্থং।

ইন্দ্রিয়েসু পনেত্থ সোতাপত্তি মগ্গঞ্ঞাণং অঞ্ঞাতঞ্ঞস্সামিতিন্দ্রিয়ং। অরহত্ত ফলঞ্ঞাণং অঞ্ঞাতাবিন্দ্রিয়ং। মজ্ঝেছঞ্ঞাণানি অঞ্ঞিন্দ্রিয়ানীতি পবুচ্চতি। জীবিতিন্দ্রিয়ঞ্চরূপারূপ বসেন দুবিধংহোতি। পঞ্চবিঞ্ঞাণেসু ঝানঙ্গানি অবীরিয়েসুবলানি। অহেতুকেসু মগ্গঙ্গানি নলভন্তি। তথা বিচিকিচ্ছাচিত্তে একাগ্গতা মগ্গিন্দ্রিয় বলভাবং নগচ্ছতি। দ্বিহেতুক তিহেতুক জবনেস্বেব য়থা সম্ভবং অধিপতি একোব লভন্তি।

ছহেতু পঞ্চঝানঙ্গা, মগ্গঙ্গানব বত্থুতো,
সোলহসিন্দ্রিয় ধম্মাচ, বলধম্মানবেরিতা।
চত্তারোধিপতিবুত্তা, তথাহারাতিসত্তধা,
কুসলাদী সমাকিণ্ণো, বুত্তোমিসসকসঙ্গহো।

স্বান্বয়ার্থ।

[মিস্‌সক সঙ্গহে] মিশ্রক সংগ্রহ বর্ণনা করিতেছি। [লোভো] লোভ হেতু, [দোসো] দোষ হেতু, [মোহো] মোহ হেতু, [অলোভো] অলোভ হেতু, [অদোসো] অদোষ হেতু, এবং [অমোহো] অমোহ হেতু, [ইতি ছহেতু] এই ছয় প্রকার হেতু *।

* লোভ হেতু, দোষ হেতু, ও মোহ হেতু, এই তিন প্রকার হেতু দ্বারা অকুশলের কারণ উৎপত্তি হয়। অলোভ হেতু, অদোষ হেতু, ও অমোহ হেতু, এই তিন প্রকার হেতু দ্বারা কুশলের কারণ উৎপত্তি হয়।

[ বিতক্কো ] বিতর্ক, [ বিচারো ] বিচার, [ পীতি ] প্রীতি, [ একগ্গতা ] একাগ্রতা, [ সোমনস্সং ] সৌমনস্য, [ দোমনস্সং ] দৌর্ম্মনস্য, [ উপেক্খা ] ও উপেক্ষা, [ ইতি সত্ত ঝাঙ্গানি ] এই সাত প্রকার ধ্যানাঙ্গ *।

[ সম্মাদিট্‌ঠি ] সম্যক্ দৃষ্টিমার্গ †, [ সম্মা সঙ্কপ্পো ] সম্যক্ সংকল্প মার্গ ‡, [ সম্মাবাচা ] সম্যক্ বাক্য মার্গ §, [ সম্মাকম্মন্তো ] সম্যক্ কর্ম্মান্ত মার্গ ||, [ সম্মা আজীবো ] সম্যক্ আজীব মার্গ ॥, [ সম্মা বায়ামো ] সম্যক্ ব্যায়াম মার্গ। ¶, [ সম্মাসতি ] সম্যক্ স্মৃতি মার্গ $, [ সম্মাসমাধি ] সম্যক্ সমাধি মার্গ ১, [ মিচ্ছাদিট্‌ঠি ] মিথ্যা দৃষ্টি মার্গ ২, [ মিচ্ছা সঙ্কপ্পো ] মিথ্যা সঙ্কল্প

---

* বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতা ধ্যানাঙ্গ ;—চক্ষু বিজ্ঞান ও কায়বিজ্ঞান প্রভৃতি দশ প্রকার বিজ্ঞান লাভ করে না। সেই সাত প্রকার ধ্যানাঙ্গের মধ্যে দৌর্ম্মনস্য ধ্যানাঙ্গের অবশেষে ছয় প্রকার ধ্যানাঙ্গকে কুশল, অকুশল, ও অব্যাকৃত ধ্যানাঙ্গ নামে কথিত হয়।

† দ্বাদশ প্রকার জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, পনর প্রকার রূপাচয় চিত্ত, দ্বাদশ প্রকার অরূপাবচর চিত্ত, ও আট প্রকার লোকোত্তর চিত্ত, এই সাত চল্লিশ প্রকার চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ দৃষ্টি মার্গ।

‡ চব্বিশ প্রকার শোভন কামাবচর চিত্ত, ও একাদশ প্রকার প্রথমাবস্থার ধ্যান চিত্ত বা বিতর্ক চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ সংকল্প মার্গ।

§ আট প্রকার মহা কুশল চিত্ত, ও আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত সম্যক্ বাক্য চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ বাক্য মার্গ।

|| আট প্রকার মহা কুশল চিত্ত, ও আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত সম্যক্ কর্ম্মান্ত চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ কর্ম্মান্ত মার্গ।

॥ আট প্রকার মহা কুশল চিত্ত, ও আট প্রকার লোকোত্তর চিত্তর চিত্তের সহিত আজীব চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ আজীব মার্গ।

¶ উন ষাটি প্রকার শোভন চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ ব্যায়াম মার্গ।

$ উন ষাটি প্রকার শোভ চিত্তের সহিত স্মৃতি চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ স্মৃতি মার্গ।

১। উন ষাটি প্রকার শোভন চিত্তের সহিত একাগ্রতা চৈতসিক সংযোগ হয়, এই সম্যক্ সমাধি মার্গ।

২। চারি প্রকার মিথ্যা দৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সহিত মিথ্যা দৃষ্টি চৈতসিক সংযোগ হয়, এই মিথ্যা দৃষ্টি মার্গ।

মার্গ *, [মিচ্ছা বায়ামো] মিথ্যা ব্যায়াম মার্গ †, এবং [মিচ্ছ সমাধি] মিথ্যা সমাধি মার্গ ‡, [ইতি দ্বাদসমগ গঙ্গানি] এই দ্বাদশ প্রকার মার্গাঙ্গ।

[চক্খুন্দ্রিয়ং] চক্ষুন্দ্রিয় §, [সোতিন্দ্রিয়ং] শ্রবণিন্দ্রিয় ||, [ঘানিন্দ্রিয়ং] ঘ্রাণিন্দ্রিয় ‖, [জিহ্বিন্দ্রিয়ং] জিহ্বিন্দ্রিয় ¶, [কায়িন্দ্রিয়ং] কায়িন্দ্রিয় $, [ইত্থিন্দ্রিয়ং] স্ত্রীন্দ্রিয় ১, [পুরিসিন্দ্রিয়ং] পুরুষিন্দ্রিয় ২, [জীবিন্দ্রিয়ং] জীবিতিন্দ্রিয় ৩, [মনিন্দ্রিয়ং] মনিন্দ্রি ৪, [সুখিন্দ্রিয়ং] সুখিন্দ্রিয় ৫, [দুক্খিন্দ্রিয়ং] দুঃখিন্দ্রিয় ৬, [সোমনস্সিন্দ্রিয়ং] সৌমনস্যিন্দ্রিয় ৭, [দোমনস্সিন্দ্রিয়ং] দৌর্ম্মনস্যিন্দ্রিয় ৮, [উপেক্খিন্দ্রিয়ং] উপেক্ষিন্দ্রিয় ৯, [সদ্ধিন্দ্রিয়ং] শ্রদ্ধিন্দ্রিয় ১০, [বিরিয়িন্দ্রিয়ং] বীর্য্যিন্দ্রিয়ং ১১, [সতিন্দ্রিয়ং] স্মৃতি-

---

* দ্বাদশ প্রকার অকুশল চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ হয়, এই মিথ্যা সংকল্প মার্গ।

† দ্বাদশ প্রকার অকুশল চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ হয়, এই মিথ্যা ব্যায়াম মার্গ।

‡ দ্বাদশ প্রকার অকুশল চিত্তের বিচিকিৎসা চিত্ত পরিত্যাগ করিয়া অবশিষ্ট একাদশ প্রকার অকুশ চিত্তের সহিত একাগ্রতা চৈতসিক সংযোগ হয়; এই মিথ্যা সমাধি মার্গ।

§ চক্ষুপ্রসাদ—চক্ষুন্দ্রিয়।

|| শ্রবণপ্রসাদ—শ্রবণিন্দ্রিয়।

‖ ঘ্রাণ প্রসাদ=ঘ্রাণিন্দ্রিয়।

¶ জিহ্বাপ্রসাদ—জিহ্বিন্দ্রিয়।

$ কায়প্রসাদ—কায়িন্দ্রিয়।

১। স্ত্রী ভাবরূপ—স্ত্রী ন্দ্রিয়।

২। পুরুষ ভাবরূপ—পুরুষিন্দ্রিয়।

৩। জীবিত রূপ—জীবিতিন্দ্রিয়।

৪। উননব্বইপ্রকার চিত্ত—মনিন্দ্রিয়।

৫। সুখবেদনা—সুখিন্দ্রিয়।

৬। দুঃখবেদনা—দুঃখিন্দ্রিয়।

৭। সৌমনস্য বেদনা—সৌমনস্যিন্দ্রিয়।

৮। দৌর্ম্মনস্য বেদনা—দৌর্ম্মনস্যিন্দ্রিয়।

৯। উপেক্ষা বেদনা—উপেক্ষিন্দ্রিয়।

১০। শ্রদ্ধাচৈতসিক—শ্রদ্ধিন্দ্রিয়।

১১। বীর্য্য চৈতসিক—বীর্য্যিন্দ্রিয়।

ন্দ্রিয় *, [ সমাধিন্দ্রিয়ং ] সমাধিন্দ্রিয় †, [ পঞ্ঞিন্দ্রিয় ] প্রজ্ঞিন্দ্রিয় ‡, [ অনঞ্ঞাতঞ্ঞস্সামিতিন্দ্রিয়ং ] অজ্ঞাতজ্ঞানিন্দ্রিয় §, [ অঞ্ঞিন্দ্রিয়ং ] অজ্ঞিন্দ্রিয় ||, এবং [ অঞ্ঞাতাবিন্দ্রিয়ং ] অজ্ঞাতাব্যিন্দ্রিয় ‖, [ ইতি বাবীসতিন্দ্রিয়ানি ] এই বাইশ প্রকার ইন্দ্রিয়।

[ সদ্ধাবলং ] শ্রদ্ধাবল ¶, [ বিরিয় বলং ) বীর্য্য বল $, [ সতি বলং ] স্মৃতি বল ১, [ সমাধি বলং ] সমাধি বল ২, [ পঞ্ঞাবলং ] প্রজ্ঞা বল ৩, [ হিরি বলং ] লজ্জাবল ৪, [ওত্তপ্প বলং ] ঔত্তাপ্য বল ৫, [ অহিরিক বলং ] নির্লজ্জতা বল ৬, [ অনোত্তপ্প বলং ] এবং অনৌত্তাপ্য বল ৭, [ ইতি নব বলানি ] এই নয় প্রকার বল।

[ ছন্দাধিপতি ] ছন্দাধিপতি ৮, [ বিরিয়াধিপতি ] বীর্য্যাধিপতি ৯,

---

* স্মৃতিচৈতসিক—স্মৃতিন্দ্রিয়।

† শোভন চিত্তের একাগ্রতা চৈতসিক—সমাধিন্দ্রিয়।

‡ চারি প্রকার মহা কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, চারিপ্রকার মহা বিপাক জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, চারি প্রকার মহা ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত এবং সাতাইশ প্রকার মহৎ গত চিত্তের প্রজ্ঞাকে প্রজ্ঞিন্দ্রিয় বলে।

§ স্রোতাপত্তি মার্গ চিত্তের প্রজ্ঞা—অজ্ঞাত জ্ঞানিন্দ্রিয়।

|| ছয় প্রকার মধ্যম লোকোত্তর মার্গ চিত্ত ও ছয় প্রকার মধ্যম লোকোত্তর ফল চিত্তের প্রজ্ঞা—অজ্ঞিন্দ্রিয়।

‖ অর্হৎ ফল চিত্তের প্রজ্ঞা—অজ্ঞাতব্যিন্দ্রিয়।

¶ উনষাটি প্রকার শোভবন চিত্তের শ্রদ্ধা চৈতসিক—শ্রদ্ধা বল।

$ বীর্য্য চৈতসিক—বীর্য্য বল।

১। শোভন চিত্তের স্মৃতি চৈতসিক—স্মৃতি বল।

২। একাগ্রতা চৈতসিক—সমাধি বল।

৩। প্রজ্ঞা চৈতসিক—প্রজ্ঞা বল।

৪। লজ্জা চৈতসিক—লজ্জা বল।

৫। ঔত্তাপ্য চৈতসিক—ঔত্তাপ্য বল।

৬। নির্লজ্জতা চৈতসিক—নির্লজ্জতা বল।

৭। অনৌত্তাপ্য চৈতসিক—অনৌত্তাপ্য বল।

৮। দুই প্রকার মোহ চিত্ত, ও এক প্রকার হাস্যুৎপত্তি চিত্ত বর্জ্জিত করিয়া দুই প্রকার হেতু ও তিন প্রকার হেতুর বায়ান্ন প্রকার জবন চিত্তের সহিত ছন্দ চৈতসিক সংযোগ হয়, এই ছন্দ অধিপতি।

৯। তিন প্রকার হেতুর বায়ান্ন প্রকার জবন চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ হয়, এই বীর্য্য অধিপতি।

[ চিত্তাধিপতি ] চিত্তাধিপতি *, [ বীমংসাধিপতি ] এবং মীমাংসাধিপতি †, [ ইতি চত্তারো অধিপতি ] এই চারি প্রকার অধিপতি।

[ কবলিংকারো আহার ] প্রথমতঃ কবল কার আহার ‡, [ ফসেসাহুতিয়ো ] দ্বিতীয়তঃ স্পর্শ পরিপূর্ণের জন্য আহার §, [ মনোসঞ্চেতনা ততিয়ো ] তৃতীয়তঃ মনো সচেতনা পরিপূর্ণের জন্য আহার ¶, [ চ ] এবং [ বিঞ্ঞাণং চতুত্থং ] চতুর্থ বিজ্ঞান পরিপূর্ণের জন্য আহার করা ||, [ ইতি চত্তারো আহারো ] এই চারি প্রকার আহার।

[ পনেথ ] ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। [ ইন্দ্রিয়েসু ] ইন্দ্রিয়ের মধ্যে [ সোতাপত্তি মগ্‌গঞ্ঞাণং ] স্রোতাপত্তি মার্গজ্ঞানকে [ অনঞ্ঞাত ঞ্ঞস্সামিতিন্দ্রিয়ং ] অজ্ঞাত জ্ঞানিন্দ্রিয় [ পচুচ্চতি ] বলে। [ অরহত্ত ফল ঞ্ঞাণং ] অর্হৎ ফল জ্ঞানকে [ অঞ্ঞতাবিন্দ্রিয়ং ] অজ্ঞাতব্যিন্দ্রিয় কহে। [ মজ্‌ঝছঞ্ঞাণানি ] ছয় প্রকার মধ্যম লোকোত্তর মার্গ ও ছয় প্রকার মধ্যম লোকোত্তর ফল জ্ঞানকে [ অঞ্ঞিন্দ্রিয়ানিতি ] অজ্ঞিন্দ্রিয় বলে। [ রূপারূপ বসেন ] রূপ ও অরূপ বশ দ্বারা [ দুবিধং জীবিতিয়ং হোতি ] দুই প্রকার জীবিতিন্দ্রিয় হয়। [ পঞ্চ বিঞ্ঞাণেসু ] পঞ্চ বিজ্ঞান ;—[ ঝানঙ্গানি ] ধ্যানাঙ্গ [ নলব্ভন্তি ] লাভ করে না। ( অবিরিয়েসু ) ষোল প্রকার অবীর্য্য চিত্ত ১, ( বলানিন লব্ভন্তি ) বল লাভ করে না। ( অহেতুকেসু ) আঠার প্রকার অহেতুক

---

* তিন প্রকার হেতুর বায়ন্ন প্রকার জবন চিত্ত—চিত্তাধিপতি।

† চারি প্রকার মহা কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, চারি প্রকার ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত ও ছাব্বিশ প্রকার অর্পণ জবন চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ হয়, এই মীমাংসাধিপতি।

‡ আট প্রকার রূপ কলাপের বল নির্ব্বাহ করে, এই জন্য কবলকার আহার।

§ সুখ বেদনা, দুঃখ বেদনা, উপেক্ষা বেদনা, স্পর্শ চৈতসিক ও উননব্বই প্রকার চিত্তের কর্ম্ম নির্ব্বাহ করে, এই জন্য স্পর্শ আহার।

¶ কামভব, রূপভব, অরূপ ভবের অতীত কালের প্রতি সন্ধির লৌকিক দ্বাদশ প্রকার অকুশল চেতনা ও সতর প্রকার কুশল চেতনার যথোপযুক্ত মতে কর্ম্ম নির্ব্বাহ করে, এই জন্য মনো সচেতনা আহার।

|| আমার সহিত রূপ নাম ও উনিশ প্রকার প্রতি সন্ধি চিত্ত উৎপত্তির কর্ম্ম নির্ব্বাহ করে, এই জন্য বিজ্ঞান আহার।

১। দশ প্রকার বিজ্ঞান, তিন প্রকার মনোধাতু চিত্ত, ও তিন প্রকার স্থির চিত্ত, এই ষোল প্রকারের অবীর্য্য চিত্ত।

চিত্ত ;—( মগ্‌গঙ্গানিনলন্তন্তি ) লোকোত্তর মার্গ লাভ করে না। ( তথা-বিচিকি চ্ছাচিত্তে ) সেই বিচিকিৎসা চিত্ত ;—( একগ্‌গতা ) একাগ্রতা চৈতসিক ও ( মাগ্‌গিন্দ্রিয় বল ভাবং ) মার্গেন্দ্রিয় বল ভাব ( নগচ্ছতি ) প্রাপ্ত হয় না। ( দ্বিহেতুকতিহেতুক জবনে স্বেব ) আঠার প্রকার দুই হেতুর জবন চিত্ত ও চৌত্রিশ প্রকার তিন হেতুর জবন চিত্ত ;—( যথা সম্ভবং ) যথা সম্ভব মতে ( অধিপতি একোব ) এক প্রকার অধিপতি ( লব্ভতি ) লাভ করিয়া থাকে।

(বত্থুতো ) স্বভাব দ্বারা ( ছহেতু )ছয় প্রকার হেতু, ( পঞ্চম ঝানঙ্গা ) পঞ্চম ধ্যানাঙ্গ, ( মগ্‌গঙ্গানিনব ) নয় প্রকার মার্গাঙ্গ, ( সল্‌হ সিন্দ্রিয় ধম্মাচ ) ষোল প্রকার ইন্দ্রিয় ধর্ম্ম ও ( বল ধম্মানবেরিতা ) নয় প্রকার বল ধর্ম্মের রীতি উক্ত হইয়াছে। ( তথা চত্তারোধি পতি ) সেই চারি প্রকার অধিপতি ও ( চত্তারো আহারা ) চারি প্রকার আহার ( বুত্তা ) উক্ত হইয়াছে। ( ইতি সত্তধা কুসলাদী সমাকিণ্ণো ) এই সাত প্রকার কুশলাদী সমাকীর্ণ ( বুত্তো মিস্‌সকসঙ্গহো ) মিশ্রক সংগ্রহ বর্ণিত হইয়াছে।

## বাঙ্গলা গদ্যানুবাদ।

মিশ্রক সংগ্রহ বর্ণনা করিতেছি। লোভ হেতু, দোষ হেতু, মোহ হেতু, অলোভ হেতু, অদোষ হেতু, এবং অমোহ হেতু, এই ছয় প্রকার হেতু।

বিতর্ক, বিচার, প্রীতি, একাগ্রতা, সৌমনস্য, দৌর্ম্মনস্য, ও উপেক্ষা, এই সাত প্রকার ধ্যানাঙ্গ।

সম্যক্ দৃষ্টিমার্গ, সম্যক্ সংকল্পমার্গ, সম্যক্ বাক্যমার্গ, সম্যক্ কর্ম্মান্তমার্গ, সম্যক্ আজীবমার্গ, সম্যক্ ব্যায়াম মার্গ, সম্যক স্মৃতিমার্গ, সম্যক্ সমাধি-মার্গ, মিথ্যা দৃষ্টিমার্গ, মিথ্যা সংকল্পমার্গ, মিথ্যা ব্যায়াম মার্গ, এবং মিথ্যা সমাধি মার্গ, এই দ্বাদশ প্রকার মার্গাঙ্গ।

চক্ষুন্দ্রিয়, শ্রবণিন্দ্রিয়, ঘ্রাণিন্দ্রিয়, জিহ্বিন্দ্রিয়, কায়িন্দ্রিয়, স্ত্রীন্দ্রিয়, পুরুষি-ন্দ্রিয়, জীবিতিন্দ্রিয়, মনিন্দ্রিয়, সুখিন্দ্রিয়, দুঃখিন্দ্রিয়, সৌমনস্যিন্দ্রিয়, দৌর্ম্মনস্যি-ন্দ্রিয়, উপেক্ষিন্দ্রিয়, শ্রদ্ধিন্দ্রিয়, বীর্য্যিন্দ্রিয়, স্মৃতিন্দ্রিয়, সমাধিন্দ্রিয়, প্রাজ্ঞিন্দ্রিয়, অজ্ঞাত জ্ঞানিন্দ্রিয়, আজ্ঞিন্দ্রিয়, এবং অজ্ঞাতব্যিন্দ্রিয়, এই বাইশ প্রকার ইন্দ্রিয়।

শ্রদ্ধাবল, বীর্য্যবল, স্মৃতিবল, সমাধি বল, প্রজ্ঞা বল, লজ্জাবল, ঔত্তাপ্য বল, নির্লজ্জতাবল, এবং অনৌত্তাপ্য বল, এই নয় প্রকার বল।

ছন্দাধিপতি, বীর্য্যাধিপতি, চিত্তাধিপতি, মনোসচেতনা পরিপুর্ণের জন্য আহার, এবং মীমাংসাধিপতি, এই চারি প্রকার অধিপতি।

প্রথমতঃ কবলকার আহার, দ্বিতীয়তঃ স্পর্শ পরিপূর্ণের জন্য আহার, এবং চতুর্থ বিজ্ঞান পরিপুর্ণের জন্য আহার করা, এই চারি প্রকার আহার।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ইন্দ্রিয়ের মধ্যে স্রোতাপত্তি মার্গ-জ্ঞানকে অজ্ঞাত জ্ঞানিন্দ্রিয় বলে। অর্হৎফলজ্ঞানকে অজ্ঞাতাব্যিন্দ্রিয় কহে। ছয় প্রকার মধ্যম লোকোত্তর ফল জ্ঞানকে অজ্ঞিন্দ্রিয় বলে। রূপ ও অরূপ বশ দ্বারা দুই প্রকার জীবিতিন্দ্রিয় হয়। পঞ্চবিজ্ঞান;—ধ্যানাঙ্গ লাভ করে না। ষোল প্রকার অবীর্য্য চিত্ত;—বল লাভ করে না। আঠার প্রকার অহেতুক চিত্ত;—লোকোত্তর মার্গ লাভ করে না। সেই বিচিকিৎসা চিত্ত,—একাগ্রতা চৈতসিক ও মার্গিন্দ্রিয় বল ভাব প্রাপ্ত হয় না। আঠার প্রকার দুই হেতুর জবন চিত্ত ও চৌত্রিশ প্রকার তিন হেতুর জবন চিত্ত;—যথা সম্ভব মতে এক প্রকার অধিপতি লাভ করিয়া থাকে।

স্বভাব দ্বারা ছয় প্রকার হেতু, পঞ্চম ধ্যানাঙ্গ, নয় প্রকার মার্গাঙ্গ, ষোল প্রকার ইন্দ্রিয় ধর্ম্ম ও নয় প্রকার বল ধর্ম্মের রীতি উক্ত হইয়াছে। সেই চারি প্রকার অধিপতি ও চার প্রকার আহার উক্ত হইয়াছে। এই সাত প্রকার কুশলাদি সমাকীর্ণ মিশ্রক সংগ্রহ বর্ণিত হইয়াছে।

## বোধিপাক্ষিক সংগ্রহ।

### পালি।

বোধি পক্খিয় সঙ্গহে চত্তারো সতিপট্ঠানা কায়ানু পস্সনা সতিপট্ঠানং বেদনানু পস্সনা সতিপট্ঠনাং চিত্তানু পস্সনা সতিপট্ঠানং, ধম্মানুপস্সনা সতিপট্ঠানং। চত্তারো সম্মপ্পধানা উপ্পন্নানং পাপকানং পহানায় বায়ামো, অনুপ্পন্নানং পাপকানং অনুপ্পাদায় বায়ামো, অনুপ্পন্নানং কুসলানং উপ্পাদায় বায়ামো, উপ্পন্নানং কুসলানং

ভিয্যোভাবায় বায়ামো। চত্তারো ইদ্ধিপ্পাদা ছন্দিদ্ধিপ্পাদো বীরিয়িদ্ধিপ্‌পাদো, চিত্তিদ্ধিপ্‌পাদো, বিমংসিদ্ধিপ্‌পাদো। পঞ্চিন্দ্রিয়ানি সদ্ধিন্দ্রিয়ং, বীরিয়িন্দ্রিয়ং, সতিন্দ্রিয়ং, সমাধিন্দ্রিয়ং, পঞ্ঞিন্দ্রিয়ং। পঞ্চ বলানি সদ্ধাবলং, বীরিয়বলং, সতিবলং, সমাধিবলং, পঞ্‌ঞাবলং। সত্তবোজ্‌ঝঙ্গা সতিসম্বোজ্‌ঝঙ্গো ধম্মবিচয় সম্বোজ্‌ঝঙ্গো, বীরিয় সম্বোজ্‌ঝঙ্গো, পীতিসম্বোজ্‌ঝঙ্গো, পস্‌সদ্ধি সম্বোজ্‌ঝঙ্গো, সমাধি সম্বোজ্‌ঝঙ্গো, উপেক্‌খা সম্বোজ্‌ঝঙ্গো। অট্‌ঠমগ্‌গঙ্গানি সম্মাদিট্‌ঠি, সম্মাসঙ্কপ্‌পো, সম্মাবাচা, সম্মাকম্মন্তো, সম্মাআজীবো, সম্মাবায়ামো, সম্মাসতি, সম্মাসমাধি। এত্থপন চত্তারো সতিপট্‌ঠানাতি সম্মাসতি একোব পবুচ্চতি। তথা চত্তারো সম্মপ্‌পধানাতিচ সম্মাবায়ামো।

ছন্দোচিত্তমুপেক্‌খাচ, সদ্ধাপস্‌সদ্ধি পীতিয়ো,
সম্মাদিট্‌ঠিচ সঙ্কপ্‌পা, বায়ামো বিরতিত্তয়ং।
সম্মাসতি সমাধীতি, চুদ্দসেতেস ভাবতো।
সত্ততিংসপভেদেন, সত্তধা তত্থ সঙ্গহো।

সঙ্কপ্‌প পস্‌সদ্ধিচ পীতূপেক্‌খা, ছন্দোচচিত্তং বিরতিত্তয়ঞ্চ।
নবেকট্‌ঠানাবীরিয়ং নবট্‌ঠ, সতি সমাধি চতুপঞ্চপঞ্‌ঞা।
সদ্ধাদুট্‌ঠানুত্তমসত্ততিংস, ধম্মানামেসো পবরোবিভাগো।

সব্বেলোকুত্তরেহোন্তি, নবাসঙ্কপ্‌প পীতিয়ো।
লোকিয়েপিয়থাযোগং, ছব্বিসুদ্ধি পবত্তিয়ং।

### স্বান্বয়ার্থ।

আমি (বোধি পক্খিয় সঙ্গহে) বোধিপাক্ষিক সংগ্রহ বর্ণনা করিতেছি।

(কায়ানুপস্সনা সতি পট্‌ঠানং) কায়ানুদর্শন স্মৃত্যুপস্থান, * (বেদনানু পস্সনা সতি পট্‌ঠানং) বেদনানু দর্শন স্মৃত্যুপস্থান, † (চিত্তানুপস্সনাসতি

---

* আট প্রকার লোকোত্তর চিত্ত ও স্মৃতি চৈতসিক বশ দ্বারা কায় ধর্ম্মের অশুভ দ্রব্য স্মরণ করিয়া দর্শন করা, এই শরীর কেশ, লোম, ও অস্থি প্রভৃতি বত্রিশটী অশুভ দ্রব্য দ্বারা নির্ম্মিত হইয়াছে। এই কেশ অনিত্য , লোম অনিত্য, কেশ দুঃখ, লোম দুঃখ, কেশ অনাত্মা, ও লোম অনাত্মা প্রভৃতি বত্রিশটী অশুভ দ্রব্য পুনঃ পুনঃ বিদর্শন ভাবনা করা, অথবা নিশ্বাস প্রশ্বাস পরি কর্ম্ম বশ দ্বারা কেশ অনিত্য, লোম অনিত্য, কেশ দুঃখ, লোম দুঃখ, কেশ অনাত্মা, ও লোম অনাত্মা প্রভৃতি বত্রিশটী অশুভ দ্রব্য পুনঃ পুনঃ বিদর্শন ভাবনা করা, ১ এই কায়ানু দর্শন স্মৃত্যুপস্থান।

† দুঃখ দুঃখের পরিবর্ত্তনে দুঃখ সংস্কার হইয়া বেদনা উৎপত্তি হয়, এইরূপে পুনঃ পুনঃ বেদনা স্মরণ করিয়া দর্শন করা, এই বেদনানুদর্শন স্মৃত্যুপস্থান।

---

১ এই শরীরের কেশ অনিত্য, লোম অনিত্য, নখ অনিত্য, দাঁত অনত্যি ত্বক, অনিত্য, মাংস অনিত্য, স্নায়ু অনিত্য, বানাড়ি বা শিরা অনিত্য, অস্থি অনিত্য, অস্থি মাজা অনিত্য, বক্ষ গহ্বর অনিত্য, হৃৎপিণ্ড অনিত্য, যকৃৎ অনিত্য, ক্লোমা অনিত্য, প্লীহা অনিত্য, ফুস্‌ফুস্ অনিত্য, অন্ত্র অনিত্য, ক্ষুদ্রান্ত্র অনিত্য, উদর গহ্বর অনিত্য. বিষ্ঠা অনিত্য, মস্তিষ্ক অনিত্য, পিত্ত অনিত্য, শ্লেষ্মা অনিত্য, পূজ অনিত্য, রক্ত অনিত্য, ঘর্ম্ম অনিত্য, মেদ অনিত্য, অশ্রু অনিত্য, বসা অনিত্য, লালা অনিত্য, শিখনী অনিত্য লসিকা অনিত্য, মূত্র অনিত্য। এই শরীরের কেশ দুঃখ, লোম দুঃখ, নখ দুঃখ, দাঁত দুঃখ, ত্বক দুঃখ, মাংস দুঃখ, স্নায়ু বা নাড়ি বা শিরা দুঃখ, অস্থি দুঃখ, অস্থি মাজা দুঃখ, বক্ষ গহ্বর দুঃখ, হৃৎপিণ্ড দুঃখ, যকৃৎ দুঃখ, ক্লোমা দুঃখ, প্লীহা দুঃখ, ফুস্‌ফুস্ দুঃখ, অন্ত্র দুঃখ ক্ষুদ্রান্ত্র দুঃখ, উদর গহ্বর দুঃখ, বিষ্ঠা দুঃখ, মস্তিষ্ক দুঃখ, পিত্ত দুঃখ, শ্লেষ্মা দুঃখ, পূজ দুঃখ, রক্ত দুঃখ, ঘর্ম্ম দুঃখ, মেদ দুঃখ, অশ্রু দুঃখ, বসা দুঃখ, লালা দুঃখ, শিখনীদুঃখ, নাসিকা দুঃখ, মূত্র দুঃখ। এই শরীরের কেশ অনাত্মা, লোম অনাত্মা, নখ অনাত্মা, দাঁত অনাত্মা, ত্বক অনাত্মা, মাংস অনাত্মা, স্নায়ু বা নাড়ি বা শিরা অনাত্মা, অস্থি অনাত্মা, অস্থি মাজা অনাত্মা, বক্ষ গহ্বর অনাত্মা, হৃৎপিণ্ড অনাত্মা, যকৃৎ অনাত্মা, ক্লোমা অনাত্মা, প্লীহা অনাত্মা, ফুস্‌ফুস্ অনাত্মা, অন্ত্র অনাত্মা, ক্ষুদ্রান্ত্র অনাত্মা, উদর গহ্বর অনাত্মা, বিষ্ঠা অনাত্মা, মস্তিষ্ক অনাত্মা, পিত্ত অনাত্মা, শ্লেষ্মা অনাত্মা, পূজ অনাত্মা, রক্ত অনাত্মা, ঘর্ম্ম অনাত্মা, মেদ অনাত্মা, অশ্রু অনাত্মা, বসা অনাত্মা, লালা অনত্মা, শিখনী অনাত্মা লসিকা অনাত্মা, এবং মূত্র অনাত্মা, এই বত্রিশটী অপবিত্র দ্রব্য দ্বারা শরীর নির্ম্মিত হইয়াছে। এইরূপে পুনঃ পুনঃ বিদর্শন ভাবনা করা। এইরূপ ভাবনাতে পাপ দূরীভূত হইয়া পুণ্য উৎপত্তি হয়।

পট্‌ঠানং) চিত্তানুদর্শন স্মৃত্যুপস্থান *, এবং (ধম্মানুপস্‌সনাসতি পট্‌ঠানং) ধর্ম্মানুদর্শন স্মৃত্যুপস্থান †, (চত্তারো সতি পট্‌ঠনা) এই চারি প্রকার স্মৃত্যুপস্থান।

(উপ্পন্নানং পাপকানং) উৎপন্ন পাপ (পহানায় বায়ামো) প্রহাণের ব্যায়াম করা, (অনুপ্পন্নানং) অনোৎপন্ন (পাপকানং) পাপ (অনুপ্পাদায়) অনোৎপত্তির (বায়ামো) ব্যায়াম করা, (অনুপ্পন্নানং) অনোৎপন্ন (কুস-লানং) কুশল (উপ্পাদায়) উৎপত্তির (বায়ামো) ব্যায়াম করা, এবং (উপ্পন্নানং) উৎপন্ন (কুসলানং) কুশল (ভিয়্যো ভাবায়) বৃদ্ধির (বায়মো) ব্যায়াম করা, (চত্তারো সম্মপ্ ধানা) এই চারি প্রকার সম্যক্ প্রধান ‡।

(ছন্দিদ্ধি প্পাদো) ছন্দঋদ্ধি উৎপত্তি করা ॥, (বীরিয়িদ্ধি প্পাদো,) বীর্য্য ঋদ্ধি উৎপত্তি করা §, (চিত্তিদ্ধিপ্পাদো) চিত্তঋদ্ধি উৎপত্তি করা ||, এবং (বীমংসিদ্ধিপ্পাদো) মীমাংসাঋদ্ধি উৎপত্তি করা ॥, (ইতি চত্তারোই-দ্ধিপ্পাদা) এই চারি প্রকার ঋদ্ধি উৎপত্তি হয়।

(সদ্ধিন্দ্রিয়) শ্রদ্ধিন্দ্রিয় ¶, (বীরিয়িন্দ্রিয়ম্বং) বীর্য্যিন্দ্রিয় $, (সতিন্দ্রিয়ং)

---

* সেই সরাগচিত্ত ও মহৎগত চিত্ত সম্প্রযোগ ভূমি প্রভেদ দ্বারা চিত্তভিন্ন ভিন্ন উৎপত্তি হয়, এইরূপে পুনঃ পুনঃ চিত্ত স্মরণ করিয়া দর্শন করা, এই চিত্তানু-দর্শন স্মৃত্যুপস্থান।

† সংজ্ঞা ও সংস্কার বিনা স্বভাব ধর্ম্মের লক্ষণ উৎপত্তি হয়, এইরূপে পুনঃ পুনঃ ধর্ম্মের স্মরণ করিয়া দর্শন করা, এই ধর্ম্মানুদর্শন স্মৃত্যুপস্থান।

‡ পুদগলেরা ;—আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত বীর্য্য চৈতসিক দ্বারা পুনঃ পুনঃ কর্ম্মস্থান ধ্যান করা, এইরূপে পুণ্য উৎপত্তি হয়। এই সম্যক্ প্রধান।

|| আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত ছন্দ চৈতসিক অধিষ্ঠান করা, এইরূপে ছন্দ ঋদ্ধি উৎপত্তি হয়।

§ আট প্রকার কোলোকোত্তর চিত্তের ভাব উৎপত্তির করা, এইরূপে চিত্ত-ঋদ্ধি উৎপত্তি হয়।

॥ আট প্রকার লোত্তর চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক অধিষ্ঠান করা, এইরূপে মীমাংসাঋদ্ধি উৎপত্তি হয়।

¶ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত শ্রদ্ধা চৈতসিক সংযোগ করা, এই শ্রদ্ধিন্দ্রিয়।

$ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করা, এই বীর্য্য ইন্দ্রিয়।

স্মৃতিন্দ্রিয় *, [ সমাধিন্দ্রিয়ং ] সমাধিন্দ্রিয় +, এবং [ পঞ্ঞিন্দ্রিয়ং ] প্রজ্ঞি-ন্দ্রিয় ‡, (ইতিপঞ্চইন্দ্রিয়ানি ) এই পাঁচ প্রকার ইন্দ্রিয়।

[ সদ্ধাবলং ] শ্রদ্ধাবল §, [ বীরিয়বলং ] বীর্য্যবল ||, [ সতিবলং ] স্মৃতি-বল ‖, সমাধিবলং ) সমাধিবল ¶, এবং [ পঞ্ঞাবলং ] প্রজ্ঞাবল $, [ইতি পঞ্চবলানি ) এই পাঁচ প্রকার বল

[ সতি সম্বোজ্ঝাঙ্গ ] স্মৃতি সম্বোধি অঙ্গ ১, ] ধম্মবিচয় সম্বোজ্ঝঙ্গো ] ধর্ম্মবিবেচনা সম্বোধি অঙ্গ ২, [ বীরিয় সম্বোজ্ঝঙ্গো ] বীর্য্যসম্বোধি অঙ্গ ৩, [ পীতি সম্বোজ্ঝঙ্গো [ প্রীতি সম্বোধি অঙ্গ ৪, [ পস্সদ্ধি সম্বোজ্ঝঙ্গো ]

---

* আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত স্মৃতি চৈতসিক সংযোগ করা, এই স্মৃতিন্দ্রিয়।

+ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত একাগ্রতা চৈতসিক সংযোগ করা, এই সমাধিন্দ্রিয়।

‡ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করা, এই প্রজ্ঞিন্দ্রিয়।

§ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত শ্রদ্ধা চৈতসিক সংযোগ করা, এই শ্রদ্ধা বল।

|| আট প্রকার লোকোত্ত চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করা, এই বীর্য্য বল।

‖ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত স্মৃতি চৈতসিক সংযোগ করা, এই স্মৃতি বল।

¶ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত একাগ্রতা চৈতসিক সংযোগ করা, এই সমাধি বল।

$ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করা, এই প্রজ্ঞা বল।

১ আট প্রকার লোকোত্তর চিত্ত ;—স্মৃতি চৈতসিক বোধ করা, এই স্মৃতি সম্বোধি অঙ্গ।

২ আট প্রকার লোকোত্তর চিত্ত ;—প্রজ্ঞা চৈতসিক বোধ করা, এই ধর্ম্ম বিবেচনা সম্বোধি অঙ্গ।

৩ আট প্রকার লোকোত্তর চিত্ত :—বীর্য্য চৈতসিক বোধ করা, এই বীর্য্য সম্বোধি অঙ্গ।

৪ আট প্রকার লোকোত্তর চিত্ত ;—প্রীতি চৈতসিক বোধ করা, এই প্রীতি সম্বোধি অঙ্গ।

প্রশ্রদ্ধি সম্বোধি অঙ্গ *, [ সমাধি সম্বোজ্‌ঝঙ্গো] সমাধি সম্বোধি অঙ্গ †, এবং [ উপেক্‌খ সম্বোজ্‌ঝঙ্গো ] উপেক্ষা সম্বোধি অঙ্গ, ‡, [ইতি সত্তবোজ্‌ঝঙ্গানি ] এই সাত প্রকার সম্বোধি অঙ্গ ।

[ সম্মদিট্‌ঠি ] সম্যক্ দৃষ্টি §, [ সম্মাসঙ্কপ্পো ] সম্যক্ সংকল্প ||, ( সম্মাবাচা ) সম্যক্ বাক্য ‖, (সম্মা কম্মন্তো ) সম্যক্ কর্ম্মান্ত ¶, ( সম্মা আজীব ) সম্যক্ আজীব $, ( সম্মাবায়ামো ) সম্যক্ ব্যায়াম ১; ( সম্মাসতি ) সম্যক্ স্মৃতি ২, এবং ( সম্মাসমাধি ) সম্যক্ সমাধি ৩, ( ইতি অট্‌ঠমগ্‌গঙ্গানি ) এই আট প্রকার সম্যক্ মার্গ।

( পনেথ ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। ( সম্মাসতি একোব ) এক প্রকার সম্যক্ স্মৃতি চৈতসিক সংযোগ হইয়া ( চত্তারো সতি পট্‌ঠা-

---

* আট প্রকার লোকোত্তর চিত্ত,—কায় প্রশ্রদ্ধি চৈতসিক ও চিত্তপ্রশ্রদ্ধি চৈতসিক বোধ করা, এই প্রশ্রদ্ধি সম্বোধি অঙ্গ।

† আট প্রকার লেকোত্তর চিত্ত;—একাগ্রতা চৈতসিক বোধ করা, এই সমাধি সম্বোধি অঙ্গ।

‡ আট প্রকার লোকোত্তর চিত্ত,—তত্র মধ্যস্থ চৈতসিক বোধ করা এই উপেক্ষা সম্বোধি অঙ্গ।

§ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত প্রজ্ঞা চৈতসিক সংযোগ করা, এই সম্যক দৃষ্টি মার্গ।

|| আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত বিতর্ক চৈতসিক সংযোগ করা, এই সম্যক্ সংকল্প মার্গ।

‖ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত সম্যক্ বাক্য চৈতসিক সংযোগ করা, এই সম্যক্ বাক্য মার্গ।

¶ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত সম্যক্ কর্ম্মান্ত চৈতসিক সংযোগ করা, এই কর্ম্মান্ত মার্গ।

$ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত সম্যক্ আজীব চৈতসিক সংযোগ করা, এই সম্যক আজীব মার্গ।

১ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত বীর্য্য চৈতসিক সংযোগ করা, এই সম্যক্ ব্যায়াম মার্গ।

২ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত স্মৃতি চৈতসিক সংযোগ করা, এই সম্যক স্মৃতি মার্গ।

৩ আট প্রকার লোকোত্তর চিত্তের সহিত একাগ্রতা চৈতসিক সংযোগ করা, এই সমাধি মার্গ।

নাতি) চারি প্রকার স্মৃত্যুপস্থান (পবুচ্চতি) বর্ণিত হইয়াছে। (তথা) সেই (সম্মাবায়ামো) সম্যক্ ব্যায়াম বা বীর্য্য চৈতসিক সংযোগ হইয়া (চত্তারো সম্মপ্পধানাতি) চারি প্রকার সম্যক্ প্রধান (পবুচ্চতি) বর্ণিত হইয়াছে। (এত) সেই (ছন্দো) ছন্দ চৈতসিক, (চিত্তং) লোকোত্তর চিত্ত, (উপেক্খা) তত্র মধ্যস্থ চৈতসিক, (সদ্ধা) শ্রদ্ধা চৈতসিক, (পস্সদ্ধি) প্রশ্রদ্ধি চৈতসিক, (পীতিয়ো) প্রীতি চৈতসিক, (সম্মাদিট্ঠি) সম্যক্ দৃষ্টি বা প্রজ্ঞা চৈতসিক, (সঙ্কপ্পো) সংকল্প বা বিতর্ক চৈতসিক, (বায়ামো) ব্যায়াম বা বীর্য্য চৈতসিক, (বিরতিত্তয়ং) তিন প্রকার বিরতি চৈতসিক, (সম্মাসতি) সম্যক্ স্মৃতি চৈতসিক, (সম্মাসমাধিচ) এবং সম্যক্ সমাধি বা একগ্রতা চৈতসিক, (ইতি চুদ্দস সভাবতো) এই চৌদ্দ প্রকার স্বভাব দ্বারা (সত্ততিংসপভেদনা তত্থ) সেই সাঁইত্রিশ প্রকার প্রভেদ দ্বারা বোধিপাক্ষিক ধর্ম্ম (সত্তধা সঙ্গহো) সাত প্রকার সংগ্রহ হইয়াছে।

(সঙ্কপ্পো) বিতর্ক চৈতসিকের সংকল্প মার্গ স্থান, (পস্সদ্ধি) কায় প্রশ্রদ্ধি চৈতসিক ও চিত্ত প্রসদ্ধি চৈতসিকের প্রশ্রদ্ধি সম্বোধি অঙ্গ স্থান, (পীতি) প্রীতি চৈতসিকের প্রীতি সম্বোধি অঙ্গ স্থান, (উপেক্খা) তত্র মধ্যস্থ চৈতসিকের উপেক্ষা সম্বোধি অঙ্গ স্থান, (ছন্দো) ছন্দ চৈতসিকের ছন্দঋদ্ধি উৎপত্তির স্থান, (চিত্ত) লোকোত্তর চিত্তের চিত্ত ঋদ্ধি উৎপত্তির স্থান, (বিরতিত্তয়ঞ্চ) এবং তিন প্রকার বিরতি চৈতসিকের স্থান *, (ইতি নব একট্ঠানা) এই নব প্রকার চৈতসিকের এক প্রকার স্থান (বীরিয়ং নবট্ঠানং) বীর্য্য চৈতসিকের নব প্রকার স্থান †, (সতি অট্ঠট্ঠানা) স্মৃতি চৈতসিকের আট প্রকার স্থান ‡, (সমাধি চতুট্ঠানা) একা-

---

* সম্যক্ চৈতসিকের সম্যক্ বাক্য মার্গ স্থান, সম্যক্ কর্ম্মান্ত চৈতসিকের সম্যক্ কর্ম্মান্ত মার্গ স্থান, ও সম্যক্ আজীব চৈতসিকের সম্যক্ আজীব মার্গ স্থান, এই তিন প্রকার বিরতি চৈতসিকের স্থান।

† চারি প্রকার সম্যক্ প্রধান স্থান, এক প্রকার বীর্য্য ঋদ্ধির স্থান, এক প্রকার বীর্যিন্দ্রিয় স্থান, এক প্রকার বীর্য্যবলের স্থান এক প্রকার বীর্য্য সম্বোধি অঙ্গের স্থান এবং এক প্রকার সম্যক্ ব্যায়াম মার্গের স্থান, এই নব প্রকার স্থান।

‡ চারি প্রকার স্মৃত্যুপ স্থান, এক প্রকার স্মৃতিন্দ্রিয়ের স্থান, এক প্রকার স্মৃতি বলের স্থান, এক প্রকার স্মৃতি সম্বোধি অঙ্গের স্থান, এবং এক প্রকার সম্যক্ স্মৃতি মার্গের স্থান, এই আট প্রকার স্থান।

গ্রতা চৈতসিকের চারিপ্রকার সমাধির স্থান *, ( পঞ্চ ঞ্চন্দ্রিয় পঞ্চট্‌ঠানা ) প্রজ্ঞিন্দ্রিয় চৈতসিকের পাঁচ প্রকার স্থান †, ( সদ্ধাডট্‌ঠানা ) শ্রদ্ধা চৈতসিকের দুই প্রকার স্থান ‡, ( ইতি উত্তম সত্ততিংসধম্মা ) এই সাঁইত্রিশ প্রকার উত্তম বোধিপাক্ষিক ধর্ম্ম। ( পবরো এ সোবিভাগোবুত্তো ) এইরূপে উত্তম স্বভাব বিভাগ বর্ণিত হইয়াছে। ( সব্বেলোকুত্তরে হোন্তি ) সর্ব্ব প্রকার বোধিপাক্ষিক ধর্ম্ম লোকোত্তর চিত্ত হয়। ( সঙ্কপ্পো ) সংকল্প বা বিতর্ক চৈতসিক ও ( পীতি ) প্রীতি চৈতসিক,—( লোকুত্তরে ন হোন্তি ) লোত্তর চিত্ত স্থাপন হয় না। ( লোকীয়েপি ) লৌকিক শোভন চিত্তে ( ছব্বিসুদ্ধি পবত্তিয়ং ) শীলাদি ছয় প্রকার বিশুদ্ধি প্রবৃত্তি ( যথাযোগ হোন্তি ) যথোপযুক্ত মতে যোগ হয়।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

আমি বোধিপাক্ষিক সংগ্রহ বর্ণনা করিতেছি। কায়ানুদর্শনস্মৃত্যুপস্থান, বেদনানুদর্শনস্মৃত্যুপস্থান, চিত্তানুদর্শনস্মৃত্যুপস্থান, এবং ধর্ম্মানুদর্শনস্মৃত্যুপস্থান, এই চারি প্রকার স্মৃত্যুপস্থান।

উৎপন্ন পাপ প্রহাণের ব্যায়াম করা, অনোৎপন্ন পাপ অনোৎপত্তির ব্যায়াম করা, অনোৎপন্ন কুশল উৎপত্তির ব্যায়াম করা এবং উৎপন্ন কুশল বৃদ্ধির ব্যায়াম করা, এই চারি প্রকার সম্যক্ প্রধান।

ছন্দঋদ্ধি উৎপত্তি করা, বীর্য্যঋদ্ধি উৎপত্তি করা, চিত্তঋদ্ধি উৎপত্তি করা এবং মীমাংসাঋদ্ধি উৎপত্তি করা, এই চারি প্রকার ঋদ্ধি উৎপত্তি হয়।

শ্রদ্ধিন্দ্রিয়, বির্যিন্দ্রিয়, স্মৃতিন্দ্রিয়, সমাধিন্দ্রিয়, এবং প্রজ্ঞিন্দ্রয়, এই পাঁচপ্রকার ইন্দ্রিয়।

শ্রদ্ধাবল, বীর্য্যবল, স্মৃতিবল, সমাধিবল এবং প্রজ্ঞাবল, এই পাঁচ প্রকার বল।

---

* এক প্রকার সমাধিন্দ্রিয়ের স্থান, এক প্রকার সমাধি বলের স্থান, এক প্রকার সমাধি সম্বোধি অঙ্গের স্থান ও এক প্রকার সম্যক সমাধি মার্গের স্থান, এই চারি প্রকার সমাধির স্থান।

† এক প্রকার মিমাংসাঋদ্ধি উৎপত্তির স্থান, এক প্রকার প্রজ্ঞিন্দ্রিয়ের স্থান, এক প্রকার প্রজ্ঞাবলের স্থান, এক প্রকার ধর্ম্মবিবেচনা সম্বোধি অঙ্গের স্থান, এবং এক প্রকার সম্যকদৃষ্টি মার্গের স্থান, এই পাঁচ প্রকার স্থান।

‡ এক প্রকার শ্রদ্ধেন্দ্রিয়ের স্থান ও এক প্রকার শ্রদ্ধাবলের স্থান, এই দুই প্রকার স্থান।

স্মৃত সম্বোধিঅঙ্গ, ধর্ম্ম বিবেচনা সম্বোধিঅঙ্গ, বীর্য্য সম্বোধিঅঙ্গ, প্রীতি সম্বোধিঅঙ্গ, প্রশ্রদ্ধি সম্বোধিঅঙ্গ, সমাধি সম্বোধিঅঙ্গ এবং উপেক্ষা সম্বোধিঅঙ্গ, এই সাত প্রকার সম্বোধিঅঙ্গ।

সম্যক দৃষ্টি, সম্যক্ সংকল্প, সম্যক্ বাক্য, সম্যক্ কর্ম্মান্ত, সম্যক্ আজীব, সম্যক্ ব্যায়াম, সম্যক্ স্মৃতি এবং সম্যক সমাধি, এই আট প্রকার মার্গ।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। এক প্রকার সম্যক স্মৃতি চৈতসিক সংযোগ হইয়া চারি প্রকার স্মৃত্যুপস্থান বর্ণিত হইয়াছে। সেই সম্যক্ ব্যায়াম বা বীর্য্য চৈতসিক সংযোগ হইয়া চারি প্রকার সম্যক্ প্রধান বর্ণিত হইয়াছে। সেই ছন্দ চৈতসিক, লোকোত্তর চিত্ত, তত্র মধ্যস্থ চৈতসিক, শ্রদ্ধা চৈতসিক প্রশ্রদ্ধি চৈতসিক, প্রীতি চৈতসিক, সম্যক্ দৃষ্টি বা প্রজ্ঞা চৈতসিক, সংকল্প বা বিতর্ক চৈতসিক, ব্যায়াম বা বীর্য্য চৈতসিক, তিন প্রকার বিরতি চৈতসিক, সম্যক্ সমাধি বা একাগ্রতা চৈতসিক এবং সম্যক্ স্মৃতি চৈতসিক, এই চৌদ্দ প্রকার স্বভাব দ্বারা সেই সাঁইত্রিশ প্রকার প্রভেদ দ্বারা বোধিপাক্ষিক ধর্ম্ম সাত প্রকার সংগ্রহ হইয়াছে।

বিতর্ক চৈতসিকের সংকল্প মার্গ স্থান, কায় প্রশ্রদ্ধি চৈতসিক ও চিত্ত প্রশ্রদ্ধি চৈতসিকের সম্বোধি অঙ্গ স্থান, প্রীতি চৈতসিকের প্রীতি সম্বোধি অঙ্গ স্থান, তত্র মধ্যস্থ চৈতসিকের উপেক্ষা সম্বোধি অঙ্গ স্থান, ছন্দ চৈতসিকের ছন্দ ঋদ্ধি উৎপত্তি স্থান, লোকোত্তর চিত্তের চিত্ত ঋদ্ধি উৎপত্তি স্থান, এবং তিন প্রকার বিরতি চৈতসিকের স্থান, এই নয় প্রকার চৈতসিকের এক প্রকার স্থান। বীর্য্য চৈতসিকের এক প্রকার স্থান, স্মৃতি চৈতসিকের আট প্রকার স্থান, একাগ্রতা চৈতসিকের চারিপ্রকার সমাধির স্থান, প্রজ্ঞিন্দ্রিয় চৈতসিকের পাঁচ প্রকার স্থান, শ্রদ্ধা চৈতসিকের দুই প্রকার স্থান, এই সাঁইত্রিশ প্রকার উত্তম বোধিপাক্ষিক ধর্ম্ম। এইরূপে উত্তম স্বভাব বিভাগ বর্ণিত হইয়াছে। সর্ব্বপ্রকার বোধি পাক্ষিক ধর্ম্মে লোকোত্তর চিত্ত হয়। সংকল্প বা বিতর্ক চৈতসিক ও প্রীতি চৈতসিক;— লোকোত্তর চিত্ত প্রাপ্ত হয় না। লৌকিক শোভন চিত্তে শীলাদি ছয় প্রকার বিশুদ্ধি প্রবৃত্তি যথোপযুক্ত মতে যোগ হয়।

## সর্ব্ব সংগ্রহ।

### পালি।

সব্ব সঙ্গহে পঞ্চক্খন্ধা রূপক্খন্ধো, বেদনক্খন্ধো,

সঞ্ঞক্খন্ধো, সঙ্খারক্খন্ধো, বিঞ্ঞাণক্খন্ধো। পঞ্চুপাদানক্খন্ধা, রূপূপাদানক্খন্ধো, বেদনূপাদানক্খন্ধো, সঞ্ঞূপাদনক্খন্ধো, সঙ্খারূপাদনক্খন্ধো, বিঞ্ঞাণূপাদানক্খন্ধো। দ্বাদসায়তনানি চক্খায়তনং, সোতায়তনং, ঘানায়তনং, জিহ্বায়তনং, কায়াতনং, মনায়তনং, রূপায়তনং, সদ্দায়তনং, গন্ধাযতনং, রসায়তনং, ফোট্ঠব্বায়তনং, ধম্মায়তনং। অট্ঠারসধাতুয়ো চক্খুধাতু, সোতধাতু, ঘাণধাতু, জিহ্বাধাতু, কায়ধাতু, রূপধাতু, সদ্দধাতু, গন্ধধাতু, রসধাতু, ফোট্ঠব্বধাতু, চক্খুবিঞ্ঞাণধাতু, সোতবিঞ্ঞাণধাতু, ঘাণবিঞ্ঞাণধাতু, জিহ্বাবিঞ্ঞাণধাতু, কায়বিঞ্ঞাণধাতু, মনোধাতু, মনোবিঞ্ঞাণধাতু, ধম্মধাতু। চত্তারি অরিয়সচ্চানিদুক্খংঅরিয়সচ্চং, দুক্খ সমুদয়োঅরিয়সচ্চং, দুক্খ নিরোধো অরিয়সচ্চং, দুক্খনিরোধ গামিনি পটিপদা অরিয়সচ্চং। এত্থপনচেতসিক সুখুম রূপ নিব্বান বসেন একূনসত্তুতি ধম্মা ধম্মায়তন ধম্মধাতূতি সঙ্খং গচ্ছন্তি। মনায়তনমেব সত্তবিঞ্ঞাণধাতু বসেন ভিজ্জতি।

রূপঞ্চবেদন সঞ্ঞা, সেসাচেতসিকা তথা,
বিঞ্ঞাণমীতি পঞ্চেতে, পঞ্চক্খন্ধাতিভাসিতা।
পঞ্চুপাদানক্খন্ধাতি, তথা তেভূমকামতা,
ভেদাভাবেন নিব্বানং, খন্ধ সঙ্গহনিস্সটং।
দ্বারালম্বণ ভেদেন, ভবন্তায়তনানিচ,
দ্বারালম্বণ তদুপ্পন্ন, পরিয়ায়েনধাতুয়ো।
দুক্খং তেভূমকং বট্টং, তণ্হা সমুদয়োভবে,
নিরোধো নাম নিব্বানং, মগ্গোলোকুত্তরো মতো।
মগ্গযুত্তা ফলা চেব, চতু সচ্চ বিনিস্সটা,

৭৩

ইতি পঞ্চ পভেদেন, পবুত্তো সব্ব সঙ্গহো।
ইতি অভি ধম্মত্থ সঙ্গহে সমুচ্চয় সঙ্গহ
বিভাগো নাম সত্তমো পরিচ্ছেদো।

স্বান্বয়ার্থ।

[ সব্বসঙ্গহে ] সর্ব্ব সংগ্রহ বিভাগ বর্ণনা করিতেছি। [ রূপক্খন্ধো ] রূপস্কন্ধ *, [ বেদনক্খন্ধো ] বেদনাস্কন্ধ †, [ সঞ্ঞক্খন্ধো ] সংজ্ঞাস্কন্ধ ‡, [ সঙ্খারক্খন্ধো ] সংস্কার স্কন্ধ §, ও [ বিঞ্ঞাণক্খন্ধো ] বিজ্ঞান স্কন্ধ ||, [ ইতি পঞ্চখন্ধা ] এই পঞ্চস্কন্ধ।

[ রূপুপাদানক্খন্ধো ] রূপ উপাদান স্কন্ধ ||, [ বেদনুপাদানক্খন্ধো ] বেদ-উপাদান স্কন্ধ ¶, [ সঞ্ঞুপাদানক্খন্ধো ] সংজ্ঞা উপাদানস্কন্ধ $, [ সঙ্খারুপাদানক্খন্ধো, ] সংস্কার উপাধান স্কন্ধ ১, এবং [ বিঞ্ঞাণুপাদানক্খন্ধো ]

---

* আটাশ প্রকার রূপ—রূপ স্কন্ধ।

† উননব্বই প্রকার চিত্তের বেদনা চৈতসিক—বেদনা স্কন্ধ।

‡ উননব্বই প্রকার চিত্তের সংজ্ঞা চৈতসিক— সংজ্ঞা স্কন্ধ।

§ বেদনা চৈতসিক ও সংজ্ঞা চৈতসিক বিনা অপর পঞ্চাশ প্রকার চৈতসিক—সংস্কার স্কন্ধ।

|| উননব্বই প্রকার চিত্ত=বিজ্ঞান স্কন্ধ। যথা-অন্ন ও ব্যঞ্জন পূর্ণ ভোজ্য পাত্রের সদৃশ রূপ স্কন্ধ। সেই অন্ন ভোজনের সদৃশ বেদনা স্কন্ধ। সেই অন্নের রস আস্বাদের সদৃশ সংজ্ঞা স্কন্ধ। সেই অন্ন অভি সংস্কারের কারণ উপযুক্ত স্থানে স্থিতির সদৃশ সংস্কার স্কন্ধ। সেই অন্ন ভোজন ব্যক্তির সদৃশ বিজ্ঞান স্কন্ধ। জলবিম্বের আকারের সদৃশ রূপ স্কন্ধ। জলবিম্বের সদৃশ বেদনা স্কন্ধ। মরীচিকার সদৃশ সংজ্ঞা স্কন্ধ। কদলী বৃক্ষের সদৃশ সংস্কার স্কন্ধ। ভোজবাজির সদৃশ বিজ্ঞান স্কন্ধ। সেই পঞ্চ স্কন্ধ অতীত কাল, অনাগত কাল, ও বর্ত্তমান কাল দ্বারা সেই স্কন্ধের অংশ সমুদয় একত্র হইয়া কর্ম্মের কারণ স্কন্ধ উপত্তি হয়।

|| আটাশ প্রকার রূপ—রূপ উপাদান স্কন্ধ।

¶ একাশী প্রকার লৌকিক চিত্তের বেদনা চৈতসিক—বেদনা উপাদান স্কন্ধ।

$ একাশী প্রকার লৌকিক চিত্তের সংজ্ঞা চৈতসিক—সংজ্ঞা উপাদন স্কন্ধ।

১ বেদনা চৈতসিক ও সংজ্ঞা চৈতসিক বিনা অপর পঞ্চাশ প্রকার চৈতসিক—সংস্কার উপাদান স্কন্ধ।

[বিঞ্ঞান উপাদান স্কন্ধ *, [ইতি পঞ্চ উপাদানক্খন্ধা] এই পাঁচ প্রকার উপাদন স্কন্ধ।

[চক্খায়তনং) চক্ষু আয়তন †, [সোতায়তনং] শ্রবণায়তন ‡, [ঘাণায়তনং] ঘ্রাণায়তন §, [জিহ্বায়তনং) জিহ্বায়তন ¶, [কায়ায়তনং] কায়ায়তন ১, [মনায়তনং] মনো আয়তন ২, [রূপায়ত] রূপায়তন ৩, [সদ্দায়তনং] শব্দায়তন ৪, [গন্ধায়তনং] গন্ধায়তন ৫, [রসায়তনং] রসায়তন ৬, ফোট্ঠব্বায়তনং] স্পর্শায়তন ৭, [ধম্মায়তনঞ্চ] এবং ধর্ম্মায়তন ৮, [ইতি দ্বাদস আয়তনানি] এই দ্বাদশ প্রকার আয়তন।

[চক্খু ধাতু] চক্ষু ধাতু ৯, [সোত ধাতু] শ্রবণ ধাতু ১০, [ঘাণ ধাতু]

---

* একাশী প্রকার লৌকিকচিত্ত—বিজ্ঞান উপাদান স্কন্ধ। আর অবশিষ্ট আট প্রকার লোকোত্তর চিত্ত—নাম স্কন্ধ। সেই লোত্তর চিত্ত;—উপাদান স্কন্ধ নির্ম্মাণ করে না। অতীতকাল, অনাগতকাল, বর্ত্তমানকাল, আধ্যাত্মিক, বাহির, স্থূল, সূক্ষ্ম, হীন, প্রণীত, দুর, এবং নিকট প্রভেদ অভাব দ্বারা নির্ব্বাণ ধাতু, এই কারণে স্কন্ধ হইতে নির্ব্বাণ ধাতু মুক্ত হয়।

† চক্ষু প্রসাদ—কর্ম্মজ রূপের পরিচয় করে, এই চক্ষু আয়তন।

‡ শ্রবণ প্রসাদ—কর্ম্মজ রূপের পরিচয় করে, এই শ্রবণ আয়তন।

§ ঘ্রাণ প্রসাদ—কর্ম্মজ রূপের পরিচয় করে, এই ঘ্রাণ আয়তন।

¶ জিহ্বা প্রসাদ—কর্ম্মজ রূপের পরিচয় করে, এই জিহ্বায়তন।

১ কায় প্রসাদ—কর্ম্মরূপের পরিচয় করে, এই কায় আয়তন।

২ উননব্বই প্রকার চিত্ত—মনো আয়তন।

৩ রূপাবলম্বন করিয়া চারিপ্রার সমুথান রূপের পরিচয় করে, এই রূপায়তন।

৪ শব্দাবলম্বন করতঃ দুই প্রকার সমুথান রূপের ১ পরিচয় করে, এই শব্দায়তন।

৫ গন্ধাবলম্বন করিয়া চারিপ্রকার সমুথান রূপের পরিচয় করে, এই গন্ধায়তন।

৬ রসাবলম্বন করতঃ চারিপ্রকার সমুথান রূপের পরিচয় করে, এই রস আয়তন।

৭ স্পর্শাবলম্বন করিয়া চারি প্রকার সমুথান রূপের পরিচয় করে, এই স্পর্শায়তন।

৮ ষোল প্রকার সূক্ষ্ম রূপ এক প্রকার নির্ব্বাণ ধর্ম্ম, ও বায়ান্ন প্রকার চৈতসিক—ধর্ম্মায়তন।

৯ চক্ষু আয়তন—চক্ষু ধাতু।

১০ শ্রবণ আয়তন—শ্রবণ ধাতু।

---

১ চিত্তজরূপ, ও ঋতুজরূপ, এই দুই প্রকার সমুথান রূপ।

ঘ্রাণ ধাতু *, [ জিহ্বা ধাতু ] জিহ্বা ধাতু †, [ কায় ধাতু ] কায় ধাতু, ‡, [ রূপ ধাতু ] রূপ ধাতু §, [ সদ্দধাতু ] শব্দ ধাতু ¶, [ গন্ধ ধাতু ] গন্ধ ধাতু ১, [ রস ধাতু ] রস ধাতু ২, [ ফোট্ঠব্বধাতু ] স্পর্শ ধাতু ৩, [ চক্খু বিঞ্ঞাণ ধাতু ] চক্ষু বিজ্ঞান ধাতু ৪, [ সোত বিঞ্ঞাণ ধাতু ] শ্রবণ বিজ্ঞান ধাতু ৫, [ ঘাণ বিঞ্ঞাণ ধাতু ] ঘ্রাণ বিজ্ঞান ধাতু ৬, [ জিহ্বা বিঞ্ঞাণ ধাতু ] জিহ্বা বিজ্ঞান ধাতু ৭, [ কায়বিঞ্ঞা ধাতু ] কায় বিজ্ঞান ধাতু ৮, [ মনোধাতু ] মনো ধাতু ৯, [ মনোবিঞ্ঞাণ ধাতু ] মনোবিজ্ঞান ধাতু ১০, এবং [ ধম্ম ধাতু ] ধর্ম্ম ধাতু ১১, ( ইতি অট্ঠারস-ধাতুযো ] এই আঠার প্রকার ধাতু।

---

* ঘ্রাণায়তন—ঘ্রাণ ধাতু।

† জিহ্বায়তন—জিহ্বা ধাতু।

‡ কায়ায়তন—কায় ধাতু।

§ রূপ আয়তন—রূপ ধাতু।

¶ শব্দায়তন—শব্দ ধাতু।

১ গন্ধায়তন—গন্ধ ধাতু।

২ রসায়তন—রস ধাতু।

৩ স্পর্শ আয়তন—স্পর্শ ধাতু।

৪ মনো আয়তন—দুই প্রকার চক্ষু বিজ্ঞানের পরিচয় করে, এই চক্ষু বিজ্ঞান ধাতু।

৫ মনো আয়তন ;—দুই প্রকার শ্রবণ বিজ্ঞানের পরিচয় করে, এই শ্রবণ বিজ্ঞান ধাতু।

৬ মনো আয়তন ; —দুই প্রকার ঘ্রাণ বিজ্ঞানের পরিচয় করে, এই ঘ্রাণ বিজ্ঞান ধাতু।

৭ মনো আয়তন ;—দুই প্রকার জিহ্বা বিজ্ঞানের পরিচয় করে, এই জিহ্বা বিজ্ঞান ধাতু।

৮ মনো আয়তন ;—দুই প্রকার কায় বিজ্ঞানের পরিচয় করে, এই কায় বিজ্ঞান ধাতু।

৯ এক প্রকার পঞ্চ দ্বারা বর্জন চিত্ত ও দুই প্রকার সম্পতীষ চিত্ত—মনো ধতু।

১০ এক প্রকার পঞ্চদ্বার অবর্জন চিত্ত ও দুই প্রকার সম্পতীষ চিত্ত বিনা অপর ছিয়াত্তী প্রকার চিত্ত—মনো বিজ্ঞান ধাতু।

১১ মনো আয়তন—মনো ধাতু। সত্ত্বেরা ;—সেই আঠার প্রকার ধাতুর ধর্ম্মে সংসারের দুঃখ ফল ধারণ করে, ইহাই ধাতু।

[ দুক্খং অরিয় সচ্চং ] দুঃখ আর্য্য সত্য *, [ দুক্খ সমুদয় অরিয় সচ্চং ] দুঃখ সমুদয় আর্য্য সত্য †, [ দুক্খ নিরোধো অরিয় সচ্চং ] দুঃখ নিরোধ আর্য্য সত্য ‡, এবং [ দুক্খ নিরোধি গামি পটিপদা অরিয় সচ্চং ] দুঃখ নিরোধ প্রতিপদ গামি আর্য্য সত্য §, [ ইতি চত্তারি অরিয় সচ্চং ] এই চারি প্রকার আর্য্য সত্য।

[ এত্থপন ] ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। [ চেতসিক সুখুম রূপ নির্ব্বান বসেন ] বায়ান্ন প্রকার চৈতসিক, ষোল প্রকার সূক্ষ্ম রূপ ও এক প্রকার নির্ব্বাণ বশ দ্বারা [ একুন সত্ততি ধম্মা ] উনসত্তর প্রকার ধর্ম্ম হয়। [ ধম্মায়তন ধম্ম ধাতুতি সঙখং গচ্ছন্তি ] বর্ণিত ধর্ম্মায়তন ;—ধর্ম্ম ধাতু প্রাপ্ত হয়। [ সত্তবিঞ্ঞাণ ধাতু বসেন ] সাত প্রকার বিজ্ঞান ধাতু বশ দ্বারা [ মনায়তন মেব ] মনোয়ায়তন [ ভিজ্জতি ] পৃথক হয়। [ রূপঞ্চ ] আটাশ প্রকার রূপ—রূপ স্কন্ধ। [ বেদনা ] বেদনা চৈতসিক—বেদনা স্কন্ধ। [ সঞ্ঞা ] সংজ্ঞা চৈতসিক—সংজ্ঞা স্কন্ধ। [ সেসা চেতসিকা ] সেই বেদনা চৈতসিক ও সংজ্ঞা চৈতসিকের অবশেষ পঞ্চাশ প্রকার চৈতসিক—সংস্কার স্কন্ধ। [ তথা বিঞ্ঞাণঞ্চ ] সেই উননব্বই প্রকার চিত্ত—বিজ্ঞান স্কন্ধ, [ ইতি পঞ্চক্খন্ধাতি ] এই পঞ্চ স্কন্ধ। [ এতেতথাগতেহি ভাসিতা ] তথাগত সেই পঞ্চ স্কন্ধ উপদেশ দিয়াছেন। [ তথা তেভূমকা ] সেই ত্রিভূমিতে ¶ [ এতে পঞ্চুপ্পাদানক্খন্ধাতি ] সেই পঞ্চ উপাদান স্কন্ধ [ মতা ] জানিও। [ নিব্বানং ভেদাভাবেন ] বর্ত্তমান কাল, অতীত কাল, অনাগত কাল,

---

* একপ্রকার লোভ চৈতসিক বিনা অপর একান্ন প্রকার চৈতসিক, আটাশ প্রকার রূপ ও একাশী প্রকার লৌকিক চিত্ত, এই দুঃখ আর্য্য সত্য।

† দুঃখ সত্যের কারণ তৃষ্ণা বা লোভ চৈতসিক, এই দুঃখ সমুদয় আর্য্য সত্য।

‡ দুঃখ আর্য্য সত্য ও দুঃখ সমুদয় আর্য্য সত্য নিরোধ হইয়া নির্ব্বাণ হয়, এই দুঃখ নিরোধ আর্য্য সত্য।

§ চারি প্রকার লোকোত্তর মার্গ ও চারি প্রকার লোকোর্ত্তর ফলের কারণ নির্ব্বাণ প্রাপ্তি হয়, এই দুঃখ নিরোধ প্রতিপদগামী আর্য্য সত্য। সেই আর্য্য সত্য সম্যক্ সম্বুদ্ধ উপদেশ দিয়াছেন।

¶ কামভূমি বা কামলোক, রূপ ভূমি বা রূপলোক, এবং অরূপ ভূমি বা অরূপ লোক, এই ত্রিভূমি বা ত্রিলোক।

অধ্যাত্মক, বাহির, দূর, নিকট, হীন, প্রণীত বা উত্তম, স্থূল ও সূক্ষ্ম প্রভেদ অভাব দ্বারা নির্ব্বাণ, [ খন্ধসঙ্গহ নিস্সং ] এই কারণে স্কন্ধ সংগ্রহ হইতে মুক্ত হয়। [ তদ দ্বারালম্বন ভেদেন ] সেই ছয় প্রকার দ্বার অলম্বন প্রভেদ দ্বারা [ দ্বাদস আয়তনানি ] দ্বাদশ প্রকার আয়তন, এবং [ দ্বারালম্বণ উপ্পন্ন পরিয়ায়েন ] ছয় প্রকার দ্বার অবলম্বন উৎপন্ন পর্য্যায় দ্বারা [ অট্ঠারস ভবন্তি ] আঠার প্রকার বিজ্ঞান ধাতু হয়। [ তেভূমকং বট্ট দুক্খং ] ত্রিভূমির ফলে দুঃখ উৎপত্তি হয়, [ তণ্হা সমুদয়ো ] তৃষ্ণার কারণ দুঃখ উৎপত্তি হয়, এবং [ নিব্বানং নিরোধো নাম ভবে ] দুঃখ নিরোধ নামক নির্ব্বাণ হয়। [ লোকুত্তরো মগ্গোগামিতা ] আট প্রকার সম্যক মার্গ দ্বারা লোকোত্তর মার্গ জানিও। [ মগ্গযুত্তা ] আট প্রকার সম্যক্ মার্গ সংযোগ হইয়া লোকোত্তর মার্গ চিত্ত, [ ফলাচেব] ও লোকোত্তর ফল চিত্ত উৎপত্তি হয়। [চতুসচ্চাবিনিস্সটা ] এইরূপে আর্য্য সত্য হইতে মুক্ত হয়। [ ইতি পঞ্চভেদেন ] এই পঞ্চ প্রভেদ দ্বারা [ সব্ব সঙ্গহো পবুত্তো ] সর্ব্ব সংগ্রহ বর্ণিত হইয়াছে।

[ইতি অভিধম্মথ সঙ্গহে ] এই অভিধর্ম্মার্থ সংগ্রহের [ সমুচ্চয় সঙ্গহ বিভাগো নাম ] সমুচ্চয় সংগ্রহ বিভাগ নামক [ সত্তমো পরিচ্ছেদো ] সপ্তম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

## বাঙ্গালা গদ্যানুবাদ।

সর্ব্ব সংগ্রহ বিভাগ বর্ণনা করিতেছি। রূপস্কন্ধ, বেদনা স্কন্ধ, সংজ্ঞা স্কন্ধ, সংস্কার স্কন্ধ, ও বিজ্ঞান স্কন্ধ, এই পঞ্চ স্কন্ধ।

রূপ উপাদান স্কন্ধ, বেদনা উপাদান স্কন্ধ, সংজ্ঞা উপাদান স্কন্ধ, সংস্কার উপাদান স্কন্ধ, এবং বিজ্ঞান উপাদানস্কন্ধ, এই পাঁচ প্রকার উপাদান স্কন্ধ।

চক্ষু আয়তন, শ্রবণায়তন, ঘ্রাণায়তন, জিহ্বায়তন, কায়ায়তন, মনো আয়তন, রূপায়তন, শব্দায়তন, গন্ধায়তন, রসায়তন, স্পর্শায়তন, এবং ধর্ম্মায়তন, এই দ্বাদশ প্রকার আয়তন।

চক্ষু ধাতু, শ্রবণ ধাতু, ঘ্রাণ ধাতু, জিহ্বা ধাতু, কায় ধাতু, রূপ ধাতু, শব্দ ধাতু, গন্ধ ধাতু, রস ধাতু, স্পর্শ ধাতু, চক্ষু বিজ্ঞান ধাতু, শ্রবণ বিজ্ঞান ধাতু,

ঘ্রাণ বিজ্ঞান ধাতু, জিহ্বা বিজ্ঞান ধাতু, কায় বিজ্ঞান ধাতু, মনো ধাতু, মনো বিজ্ঞান ধাতু, এবং ধর্ম্ম ধাতু, এই আঠার প্রকার ধাতু।

দুঃখ আর্য্য সত্য, দুঃখ সমুদয় আর্য্য সত্য, দুঃখ নিরোধ আর্য্য সত্য, এবং দুঃখ নিরোধ প্রতিপদগামী আর্য্যসত্য, এই চারিপ্রকার আর্য্যসত্য।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছে। বায়ান্ন প্রকার চৈতসিক, ষোল প্রকার সূক্ষ্মরূপ, ও একপ্রকার নির্ব্বাণ বশদ্বারা ঊনসত্তর প্রকার ধর্ম্ম হয়। বর্ণিত ধর্ম্মায়তন;—ধর্ম্ম ধাতু প্রাপ্ত হয়। সাত প্রকার বিজ্ঞান ধাতু বশ দ্বারা মনো আয়তন পৃথক হয়। আটাশ প্রকার রূপ—রূপ স্কন্ধ। বেদনা চৈতসিক—বেদনা স্কন্ধ। সংজ্ঞা চৈতসিক—সংজ্ঞা স্কন্ধ। সেই বেদনা চৈতসিক ও সংজ্ঞা চৈতসিকের অবশেষ পঞ্চাশ প্রকার চৈতসিক—সংস্কার স্কন্ধ। সেই ঊননব্বই প্রকার চিত্ত—বিজ্ঞান স্কন্ধ, এই পঞ্চ স্কন্ধ। তথাগত সেই পঞ্চ স্কন্ধ উপদেশ দিয়াছেন। সেই ত্রিভূমিতে সেই পঞ্চ স্কন্ধ জানিও। বর্ত্তমানকাল, অতীতকাল, অনাগত কাল, আধ্যাত্মিক, বাহির, দূর, নিকট, হীন, প্রণীত, স্থূল ও সূক্ষ্ম প্রভেদ অভাব দ্বারা নির্ব্বাণ, এই কারণে স্কন্ধ সংগ্রহ হইতে মুক্ত হয়। সেই ছয় প্রকার দ্বার অবলম্বন প্রভেদ দ্বারা দ্বাদশ প্রকার আয়তন, এবং ছয় প্রকার দ্বার অবলম্বন উৎপন্ন পর্য্যায় দ্বারা আঠার প্রকার বিজ্ঞান ধাতু হয়। ত্রিভূমির ফলে দুঃখ উৎপত্তি হয়, তৃষ্ণার কারণ দুঃখ উৎপত্তি হয়, এবং দুঃখ নিরোধ নামক নির্ব্বান হয়। আট প্রকার সম্যক্ মার্গ দ্বারা লোকোত্তর মার্গ জানিও। আট প্রকার সম্যক্ মার্গ সংযোগ হইয়া লোকোত্তর মার্গ চিত্ত ও লোকোত্তর ফল চিত্ত উৎপত্তি হয়। এইরূপে আর্য্য সত্য হইতে মুক্ত হয়। এই পঞ্চ প্রভেদ দ্বারা সর্ব্ব সংগ্রহ বর্ণিত হইয়াছে। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের সমুচ্চয় সংগ্রহ বিভাগ নামক সপ্তম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

# অষ্টম পরিচ্ছেদ।

## প্রতিসমুৎপাত্ত নীতি।

### পালি।

য়েসং সঙ্খতধম্মানং, য়ে ধম্মা পচ্চয়া য়থা,
তং বিভাগ মিহেদানি, পবক্খামি য়থারহং।

পটিচ্চ সমুপ্পাদ নয়ো পট্ঠান নয়ো চেতি পচ্চয় সঙ্গহো দ্বাবিধো বেদিতব্বো। তত্থ সম্ভব ভাবী ভাবাকারমত্তো পলক্খিতো পটিচ্চ সমুপ্পাদনয়ো। পট্ঠান নয়ো পন আহাচ্চ পচ্চয়ট্ঠিতিমারব্ভ পবুচ্চতি। উভয়ং পন বোমিস্সিত্বা পপঞ্চেন্তি আচরিয়া। তত্থ অবিজ্জা পচ্চয়া সঙ্খারা, সঙ্খার পচ্চয়া বিঞ্ঞাণং, বিঞ্ঞাণ পচ্চয়া নাম রূপং, নাম রূপ পচ্চয়া সল্হায়তনং, সল্হায়তন পচ্চয়া ফস্সো, ফস্স পচ্চয়া বেদনা, বেদনা পচ্চয়া তণ্হা, তণ্হা পচ্চয়া উপাদানং, উপাদান পচ্চয়া ভবো, ভব পচ্চয়া জাতি, জাতি পচ্চয়া জরামরণ সোক পরিদেব দুক্খদোমনস্সুপায়াসা সম্ভবন্তি। এবমেতস্স কেবলস্স দুক্খক্খন্ধস্স সমুদয়ো হোতীতি অয়মেত্থ পটিচ্চ সমুপ্পাদনয়ো।

তত্থ তয়ো অদ্ধা দ্বাদসঙ্গানি, বীসতাকারা, তিসন্ধি, চতুসঙ্খেপা, তীণিবট্টানি, দ্বেমূলানিচ বেদিতব্বানি। কথং, অবিজ্জা সঙ্খারা অতীতো অদ্ধা, জাতি জরামরণং অনাগতো অদ্ধা, মজ্ঝে অট্ঠপচ্চুপ্পন্নো অদ্ধা তিতয়োঅদ্ধা। অবিজ্জা, সঙ্খারা, বিঞ্ঞাণং, মামরূপং, সল্হায়তনং, ফস্সো, বেদনা, তণ্হা, উপাদানং, ভবো, জাতি, জরা মরণন্তি দ্বাদসঙ্গানি। সোকাদী বচনং পনেত্থ নিস্সন্দ ফলনি দস্সনং। অবিজ্জা

সঙ্খার গ্গহণেন পনেত্থ তণ্হুপ্পাদান ভবাপি গহিতা ভবন্তি। তথা তণ্হুপ্পাদান ভব গ্গহণেচ অবিজ্জা সঙ্খারা। জাতি জরা মরণ গ্গহণেনচ বিঞ্ঞাণাদী ফল পঞ্চকমেব গহিতন্তি কত্বা।

অতীতেহেতবোপঞ্চ, ইদানি ফল পঞ্চকং,
ইদানি হেতবোপঞ্চ, আয়তিং ফল পঞ্চকন্তি,
বীসতাকারাতিসন্ধি, চতুসঙ্খেপা ভবন্তি।

অবিজ্জা তণ্হুপ্পাদানাচ কিলেসবট্টং, কম্মভব সঙ্খাতো ভবেক দেসো সঙ্খারাচ কম্মবট্টং। উপপত্তি ভব সঙ্খাতো ভবেক দেসো অবসেসাচ বিপাক বট্টন্তি তীণি বট্টানি। অবিজ্জাতণ্হা বসেন দ্বেমূলানিচ বেদিতব্বানি।

তেসমেবচ মূলানং, নিরোধেন নিরুজ্ঝতি,
জরা মরণ মুচ্ছায়, পিলিতানমভিণ্হসো,
আসবানং সমুপ্পাদা, অবিজ্জাচ পবত্ততি,
বট্টমাবন্ধমিচ্চেবং, তেভূমকমনাদীকং,
পটিচ্চ সমুপ্পাদোতি, পট্ঠপেসি মহামুনি।

সান্বয়ার্থ।

(য়েসং সঙ্খত ধম্মানং) যে একাত্তর প্রকার সহেতু চিত্ত ও দুই প্রকার মোহ চিত্ত বর্জ্জিত করিয়া সহেতু চিত্তজ রূপ, প্রতিসন্ধি কর্ম্মজ রূপ, ও বায়ন্ন প্রকার চৈতসিকের বর্ত্তমান ধর্ম্ম, (য়েধম্মা) যে ছয় প্রকার হেতু ধর্ম্মের প্রত্যয় এবং (য়থায়েন পকারেন) যে প্রকার হেতু শক্তির দ্বারা (পচ্চয়উপকারকা হোন্তি) প্রত্যয়ের উপকার হয়। (তং বিভাগং) সেই প্রত্যয় বিভাগ (ইদানি) এক্ষণ (য়থারহং) যথোপযুক্তমতে (পবক্খামি) বর্ণনা করিতেছি। (পটিচ্চ সমুপ্পাদনয়োচ) প্রতী সমুৎপত্তি নীতি ও (পট্ঠাননয়ো) প্রস্থান নীতি, (ইতি পচ্চয় সঙ্গহো দুবিধো) এই দুই প্রকার প্রত্যয় সংগ্রহ (বেদিতব্বো) জানিও। (তত্থতেসুবিসু নয়েসু (

সেই দুই প্রকার নীতির মধ্যে (তব্ভাবাভাবী ভাবকারমত্তোপলক্খিতো) সেই অবিদ্যার কারণ হইতে সংস্কার উৎপত্তি হয়, (পটিচ্চসমুপ্পাদনয়ো) এই প্রতী সমুৎপত্তি নীতি। পট্ঠান নয়ো ;আহচ্চ পচ্চয়ট্ঠিতি) বর্ণিত প্রস্থান নীতি প্রত্যয়ের স্থিতি( পন আরম্ভ) পুনর্ব্বার আরম্ভ (পবুচ্চতি) বর্ণনা করিতেছে। (আচরিয়া )অর্থ কথারআচার্য্য ;—( উভয় বোমিস্সত্বা পপঞ্চেন্তি) সেই নীতি উভয় মিশ্রিত করিয়া স্থিত করিয়াছেন।( ময়ং পন ) আমি * সেই নীতি পুনর্ব্বার ( বিসুং বিসুং ) পৃথকরূপে ( দস্সয়িস্সম ) দর্শন করাইতেছি। (তথতেসু দ্বিসু নয়েসু) সেই দুই প্রকার নীতির মধ্যে প্রতী সমুৎপত্তি নীতি বর্ণনা করিতেছি। (তথ অবিজ্জা পচ্চয়া সঙ্খারা) সেই অবিদ্যার † প্রত্যয় হইতে সংস্কার ‡, (সঙ্খার পচ্চয়া বিঞ্ঞাণং) সংস্কারের প্রত্যয় হইতে বিজ্ঞান §, (বিঞ্ঞাণ পচ্চয়া নাম রূপং) বিজ্ঞানের প্রত্যয় হইতে নাম রূপ ‖, (নাম রূপ পচ্চয়া সলহায়তনং) নামরূপের প্রত্যয় হইতে ষড়ায়তন ‖‖, (সলহায়তন পচ্চয়াফস্সা) ষড়ায়তনের প্রত্যয় হইতে স্পর্শ ¶, (ফস্স পচ্চয়া বেদনা) স্পর্শের প্রত্যয় হইতে বেদনা $, (বেদনা পচ্চয়া তণ্হা)

---

* অনুরুদ্ধ। আচার্য্য।

† চারি প্রকার আর্য্য সত্য ও দ্বাদশ প্রকার অকুশল চিত্তের সহিত মোহ চৈতসিক সংযোগ হয়, সেই নিমিত্ত পুর্ব্ব ও পশ্চাতের আর্য্যসত্য এবং অকুশল চিত্ত দর্শন করিয়া জানিতে পারেনা।

‡ আট প্রকার শোভন কামাবচর কুশল চিত্ত, পাঁচ প্রকার রূপাবচর কুশল চিত্ত, দ্বাদশ প্রকার অকুশল চিত্ত, এবং চারি প্রকার অরূপাবচর কুশল চিত্ত।

§ উনিশ প্রকার প্রতিসন্ধি চিত্ত, বত্রিশ প্রকার লৌকিক বিপাক চিত্ত ও উননব্বই প্রকার চিত্ত।

‖ বায়ান্ন প্রকার চৈতসিক ও আটাশ প্রকার রূপ।

‖‖ চক্ষু, শ্রবণ, ঘ্রাণ, জিহ্বা, কায়, ও মনো আয়তন।

¶ চক্ষু, শ্রবণ, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মনো সংস্পর্শ ১।

$ চক্ষু সংস্পর্শজ বেদনা, শ্রবণ সংস্পর্শজ বেদনা, ঘ্রাণ সংস্পর্শজ বেদনা, জিহ্বা সংস্পর্শজ বেদনা কায় সংস্পর্শজ বেদনা ও মনো সংস্পর্শজ বেদনা ২।

---

১ চক্ষু ও কায়া প্রভৃতির সহিত স্পর্শ চৈতসিক সংযোগ হইয়া সংস্পর্শ এবং একাশী প্রকার লৌকিক চিত্তের সহিত স্পর্শ চৈতসিক সংযোগ হইয়া মনো সংস্পর্শ উৎপত্তি হয়।

২ উননব্বই প্রকার চিত্তের সংস্পর্শ হইতে বেদনার উৎপত্তি।

বেদনার প্রত্যয় হইতে তৃষ্ণা *, ( তণ্হা পচ্চয়া উপাদানং ) তৃষ্ণার প্রত্যয় হইতে উপাদান †, ( উপাদান পচ্চয়া ভবো ) উপাদানের প্রত্যয় হইতে ভব ‡, ( ভব পচ্চয়া জাতি ) ভবের প্রত্যয় হইতে জাতি §, ( জাতি পচ্চয়া জরা মরণ সোক পরিদেব দুক্‌খ দোমনস্‌সু পায়াসাসম্ভবন্তি ) জাতির প্রত্যয় হইতে জরা ||, মরণ ¶, শোক ১, পরিদেব ২, দুঃখ ৩, দৌর্ম্মনস্য ৪, ও উপায়াস ৫, সম্ভব হয়, ( এবং ) এবং ( কেবলস্‌স দুক্‌খ এতস্‌সকৃখন্ধস্‌স সমুদয়ো হোতি ) সেই স্কন্ধের কারণ কেবল দুঃখ হয়। ( অয়মেত্থ ) এই ( পটিচ্চ সমুপ্পাদনয়ো ) প্রতী সমুৎপত্তি নীতি।

( তত্থ ) সেই প্রতীসমুৎপত্তি নীতিতে ( তয়োঅদ্ধা ) তিন প্রকার সময়, ( দ্বাদস অঙ্গানি ) দ্বাদশ প্রকার অঙ্গ. ( বীসতি আকারা ) বিশ প্রকার আকার, ( তি সন্ধি ) তিন প্রকার সন্ধি, ( চতু সঙ্খেপা ) চারি প্রকার সংক্ষেপ, ( তীণি বট্টানি ) তিন প্রকার ফল, ( দ্বে মূলানিচ ) এবং দুই প্রকার মূল ( বেদি-তব্বানি ) জানিও।

---

* কাম বা কামভবের তৃষ্ণা, ভব বা রূপভবের তৃষ্ণা, ও বিভব বা অরূপ ভবের তৃষ্ণা।

† কাম উপাদান, মিথ্যাদৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, ও আত্মাবাদ উপাদান।

‡ আট প্রকার কামাবচর মহাকুশল চিত্ত, পাঁচ প্রকার রূপাবচর কুশল চিত্ত, চারি প্রকার অরূপাবচর কুশল চিত্ত ও দ্বাদশ প্রকার অকুশল চিত্তের চেতনাতে উনিশ প্রকার প্রতিসন্ধি চিত্ত, নয় প্রকার জীবিত রূপ কলাপ, পঁয়ত্রিশ প্রকার চৈতসিক ও বিশ প্রকার কর্ম্মজ রূপ ১ ভবে উৎপত্তিহয়।

§ সত্বেরা আত্মাভাব লাভ করিয়া পঞ্চস্কন্ধ জন্মগ্রহন করে। যথা—রূপের জন্ম—রূপ স্কন্ধের জন্ম। নামের জন্ম—সংস্কার স্কন্ধের জন্ম।

|| আত্মাভাব বা রূপস্কন্ধ ও সংস্কার স্কন্ধ প্রাচীন।

¶ আত্মাভাব বা রূপস্কন্ধ ও সংস্কার স্কন্ধের পর্য্যবসান।

১ জ্ঞাতি বন্ধু বিচ্ছেদে চিত্তের সন্তাপ।

২ জ্ঞাতি বন্ধু বিচ্ছেদে বিলাপ করে।

৩ কায় বিজ্ঞানের সহিত দুঃখ বেদনা উৎপত্তি হয়, এই দুঃখ।

৪ মানসিক দুঃখ, এই দৌর্ম্মনস্য।

৫ জ্ঞাতি বন্ধু বিচ্ছেদে নৈরাশ হওয়া।

---

১ দ্বাদশ প্রকার অকুশল চিত্ত ও আট প্রকার মহাকুশল চিত্ত ;—প্রতিসন্ধির উপাদান গ্রহণ করে।

(কথং) কত প্রকার? (অবিজ্জাসঙ্খারা) অবিদ্যা ও সংস্কার (অতীত অদ্ধা) অতীত সময়ে ভবে উৎপত্তি হইয়াছিল। (জাতিজরামরণং) জাতি, জরা ও মরণ, (অনাগতো অদ্ধা) অনাগত সময়ে উৎপত্তি হইবে। (মজ্‌ঝে অট্‌ঠ পচ্চুপ্পনো অদ্ধা) বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান ও ভব, এই আট প্রকার মধ্যম বর্ত্তমান সময়ে উৎপত্তি হইয়াছে। ইতি তয়ো অদ্ধা) এই তিন প্রকার সময়ে (বেদিতব্বা) জানিও।

(অবিজ্জা) অবিদ্যা, (সঙ্খারা) সংস্কার, (বিঞ্ঞাণং) বিজ্ঞান, (নামরূপং) নামরূপ, (সল্‌হায়তনং) ষড়ায়তন, (ফস্‌সো) স্পর্শ, (বেদনা) বেদনা, (তণ্‌হা) তৃষ্ণা, (উপাদানং) উপাদান, (ভবো) ভব, (জাতি) জাতি, (জরা মরণন্তি) জরা এবং মরণ হয়, (দ্বাদসঙ্গানি) এই দ্বাদশ প্রকার অঙ্গ।

(পনেত্থ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (সোকাদী বচনং) সেই প্রতী সমুৎপত্তি নীতির শোকাদি বাক্যের (নিস্‌সন্দ ফলনি দস্‌সনং এব) নিষ্যন্দ ফল দর্শন [জন্ম হইতে মুক্ত না হইয়া ক্ষরণ ফল দর্শন] করে, এবং (বিসুং অঙ্গ দস্‌সনং নহোতি) অপর পৃথক অঙ্গ দর্শন না হয়।

(পনেত্থ) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই দ্বাদশ প্রকার অঙ্গের মধ্যে (অবিজ্জা সঙ্খার গ্‌গহণেন) অবিদ্যা ও সংস্কার গ্রহণ দ্বারা (তণ্‌হুপ্পাদান ভবাপিগহিতা ভবন্তি) তৃষ্ণা, উপাদান, ও ভব গৃহীত হয়। (তথা তণ্‌হুপ্পাদান ভবগ্‌গণেনচ) সেই তৃষ্ণা উপাদান ও ভব গ্রহণ দ্বারা (অবিজ্জা সঙ্খারা গহিতা ভবন্তি) অবিদ্যা ও সংস্কার গৃহীত হয়। (জাতি জরা মরণ গ্‌গহণেনচ) জাতি বা জন্ম, জরা ও মরণ গ্রহণ দ্বারা (বিঞ্ঞাণাদী ফল পঞ্চ কমেব) পঞ্চ বিজ্ঞানাদির ফল * গৃহীত হয়, (ইতিকত্বা) এই রূপ করিয়া (অতীতেহেতবো পঞ্চ) অতীত ভবে পাঁচ প্রকার হেতু †, গৃহীত হইয়া থাকে। (ইদানি ফল পঞ্চকং) সেই অতীত ভবের পাঁচ প্রকার হেতুর পাঁচ প্রকার ফল ‡, এক্ষণ বর্ত্তমান ভবে লাভ করিতেছে। (ইদানি হেতবো পঞ্চ) এক্ষণ বর্ত্তমান পাঁচ প্রকার হেতুর (আয়তিং ফল পঞ্চকন্তি) পাঁচ প্রকার ফল অনাগত ভবে লাভ করিবে। (ইতি বীসতাকারা) এই

---

* বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ ও বেদনা।

† অবিদ্যা, সংস্কার, তৃষ্ণা, উপাদান, ও ভব।

‡ বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ ও বেদনা।

বিশ প্রকার আকার, ( তিসন্ধি ) তিন প্রকার সন্ধি. ( চতুসঙ্খেপাচ ) ও চারি প্রকার সংক্ষেপ ( ভবন্তি ) হয়।

[ অবিজ্জা তণ্‌হুপ্পাদানচ ] অবিদ্যা, তৃষ্ণা, ও উপাদানের [ কিলেস বট্‌টং ] ক্লেশের ফল [ কম্মভব সঙ্খাতো ] বর্ণিত কর্ম্ম ভবে [ ভবেক দেসো সঙ্খারাচ ] ও কেবল সংস্কার ভবের [ কম্ম বট্‌টঃ ] কর্ম্ম ফল [ উপপত্তি ভব সঙ্খাতোচ ] বর্ণিত ভবে উৎপত্তি হয়, এবং [ ভবেক দেসো ] কেবল ভবের [ অবসেসা ] অবশেষে বিজ্ঞান, নাম রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদন, জাতি, জরা, ও মরণের [ বিপাক বট্‌টন্তি ] বিপাক ফল প্রাপ্তি হয়। [ ইতি তীণি বট্‌টানি, এই তিন প্রকার ফল [ বেদিতব্বানি ] জানিও।

[ অবিজ্জা তণ্‌হা বসেন দ্বে মূলানি ] অবিদ্যা ও তৃষ্ণা, এই দুই প্রকার মূল বশ দ্বারা সংসারে সংযোগ [ বেদিতব্বানি ] জানিও। [ তেসমেব মূলানং ] সেই মূল [ নিরোধেন ] নিরোধ বা অর্হৎ মার্গ দ্বারা অবশিষ্ট [ বট্‌টংনিরুজ্‌ঝতি ] ফল নিরোধ হয়। সত্ত্বদিগের [ জরা মরণ মুচ্ছায় ] জরা, মরণ ও মূর্চ্ছার দ্বারা [ অভিণ্‌হসো ] অভিন্ন [ পিলি্‌হতানং ] পীড়ন, [ আসবানং ] ও আস্রব [ সমুপ্পাদা ] উৎপত্তির কারণ [ অবিজ্জা ] অবিদ্যাতে ( পবত্ততি ) প্রবৃত্ত হয়। ( ইচ্চেবং ) এই রূপে ( তেভূমকং ) ত্রিভূমির ( অনাদিকং ] অজ্ঞান ( আবন্ধং ) বন্ধনের ( বট্‌টং ) ফল ( পটিচ্চ সমুপ্পাদোতি ) প্রতী সমুৎপত্তি হয়। ( পট্‌ঠপসি মহামুনি ) ইহা মহা মুনি সম্যক্ সম্বুদ্ধ উপদেশ দিয়াছেন।

## বাঙ্গালা –গদ্যানুবাদ।

যে একাত্তর প্রকার সহেতু চিত্ত, ও দুই প্রকার মোহ চিত্ত বর্জ্জিত করিয়া সহেতু চিত্তজ রূপ, প্রতি সন্ধি কর্ম্মজ রূপ ও বায়ান্ন প্রকার চৈতসিকের বর্ত্তমান ধর্ম্ম, যে ছয় প্রকার হেতু ধর্ম্মের প্রত্যয় এবং যে প্রকার হেতু শক্তির দ্বারা প্রত্যয়ের উপকার হয়। সেই প্রত্যয় বিভাগ এক্ষণ যথোপযুক্ত মতে বর্ণনা করিতেছি। প্রতী সমুৎপত্তি নীতি ও প্রস্থান নীতি, এই দুইপ্রকার প্রত্যয় সংগ্রহ জানিও। সেই দুই প্রকার নীতির মধ্যে সেই অবিদ্যার কারণ হইতে সংস্কার উৎপত্তি হয়, এই প্রতী সমুৎপত্তি

নীতি। বর্ণিত প্রস্থান নীতি প্রত্যয়ের স্থিতি পুনর্ব্বার আরম্ভ বর্ণনা করিতেছে। অর্থ কথার আচার্য্য ;—সেই নীতি উভয় মিশ্রিত করিয়া স্থিত করিয়াছেন। আমি সেই নীতি পুনর্ব্বার পৃথক রূপে দর্শন করাইতেছি। সেই দুই প্রকার নীতির মধ্যে প্রতি সমুৎপত্তি নীতি বর্ণনা করিতেছি। সেই অবিদ্যার প্রত্যয় হইতে সংস্কার, সংস্কারের প্রত্যয় হইতে বিজ্ঞান, বিজ্ঞানের প্রত্যয হইতে নাম রূপ, নাম রূপের প্রত্যয় হইতে ষড়ায়তন, ষড়ায়তনের প্রত্যয় হইতে স্পর্শ. স্পর্শের প্রত্যয় হইতে বেদনা, বেদনার প্রত্যয় হইতে তৃষ্ণা, তৃষ্ণার প্রত্যয় হইতে উপাদান, উপাদের প্রত্যয় হইতে ভব, ভবের প্রত্যয় হইতে জাতি, জাতির প্রত্যয় হইতে জরা, মরণ, শোক, পরিদেব, দুঃখ, দৌর্ম্মনস্য, ও উপায়াস, সম্ভব হয়, এবং সেই স্কন্ধের কারণ কেবল দুঃখ হয়। এই প্রতী সমুৎপত্তি নীতি।

সেই প্রতি সমুৎপত্তি নীতিতে তিন প্রকার সময়, দ্বাদশ প্রকার অঙ্গ. বিশ প্রকার আকার, তিন প্রকার সন্ধি, চারিপ্রকার সংক্ষেপ, তিন প্রকার ফল, এবং দুই প্রকার মূল জানিও।

কত প্রকার? অবিদ্যা ও সংস্কার অতীত সময়ে ভবে উৎপত্তি হইয়াছিল। জাতি. জরা, ও মরণ অনাগত সময়ে উৎপত্তি হইবে। বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান, ও ভব, এই আট প্রকার মধ্যম বর্ত্তমান সময়ে উৎপত্তি হইতেছে। এই তিন প্রকার সময় জানিও।

অবিদ্যা, সংস্কার. 'বিজ্ঞান,' নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান, ভব, জাতি, জরা. এবং মরণ হয়, এই দ্বাদশ প্রকার অঙ্গ।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই প্রতি সমুৎপত্তি নীতির শোকাদি বাক্যের নিষ্যন্দ ফল দর্শন করে. এবং অপর পৃথক অঙ্গ দর্শন না হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। সেই দ্বাদশ প্রকার অঙ্গের মধ্যে অবিদ্যা ও সংস্কার গ্রহণ দ্বারা তৃষ্ণা, উপাদান, ও ভব গৃহীত হয়। সেই তৃষ্ণা, উপাদান, ও ভব গ্রহণ দ্বারা অবিদ্যা ও সংস্কার গৃহীত হয়। জাতি, জরা, ও মরণ গ্রহণ দ্বারা পঞ্চ বিজ্ঞানাদির ফল গৃহীত হয়, এই রূপ করিয়া অতীত ভবে পাঁচ প্রকার হেতু গৃহীত হইয়া থাকে। সেই অতীত ভবের পাঁচ প্রকার হেতুর পাঁচ প্রকার ফল এক্ষণ বর্ত্তমান ভবে লাভ করিতেছে। এক্ষণ বর্ত্তমান পাঁচ প্রকার হেতুর পাঁচ প্রকার ফল অনাগত ভবে লাভ করিবে। এই বিশ প্রকার আকার, তিন প্রকার সন্ধি ও চারি প্রকার সংক্ষেপ হয়।

অবিদ্যা, তৃষ্ণা, ও উপাদানের ক্লেশের ফল বর্ণিত কর্ম্মভবে ও কেবল সংস্কার ভবের কর্ম্মফল বর্ণিত ভবে উৎপত্তি হয়, এবং কেবল ভবের অবশেষে বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, জাতি, জরা ও মরণের বিপাক ফল প্রাপ্তি হয়। এই তিন প্রকার ফল জানিও। অবিদ্যা ও তৃষ্ণা, এই দুই প্রকার মূল বশদ্বারা সংসার সংযোগ জানিও। সেই মূল নিরোধ দ্বারা অবশিষ্ট ফল নিরোধ হয়। সত্ত্বদিগের জরা, মরণ ও মূচ্ছার দ্বারা অভিন্ন পীড়ন ও আস্রব উৎপত্তির কারণ অবিদ্যাতে প্রবৃত্ত হয়। এইরূপে ত্রিভূমির অজ্ঞান বন্ধনের ফল প্রতীসমুৎপত্তি হয়। ইহা মহামুনি সম্যক্ সম্বুদ্ধ উপদেশ দিয়াছেন।

# প্রস্থান নীতি।

## পালি।

হেতু পচ্চয়ো, আরম্মণ পচ্চয়ো, অধিপতি পচ্চয়ো, অনন্তর পচ্চয়ো, সমনন্তর পচ্চয়ো, সহজাত পচ্চয়ো, অঞ্‌ঞমঞ্‌ঞ পচ্চয়ো, নিস্‌সয় পচ্চয়ো,উপনিস্‌সয় পচ্চয়ো, পূরেজাত পচ্চয়ো, পচ্ছাজাত পচ্চয়ো, আসেবন পচ্চয়ো, কম্ম পচ্চয়ো, বিপাক পচ্চয়ো, আহার পচ্চয়ো, ইন্দ্রিয় পচ্চয়ো, ঝান পচ্চয়ো, মগ্‌গ পচ্চয়ো, সম্পয়ুত্ত পচ্চয়ো, বিপ্পয়ুত্ত পচ্চয়ো, অত্থি পচ্চয়ো নত্থি,পচ্চয়ো, বিগত পচ্চয়ো অবিগত পচ্চয়োতি। অয়মেত্থ পট্‌ঠান নয়ো।

ছধানামন্তু নামস্‌স, পঞ্চধানামরূপিনং,
একধাপুনরূপস্‌স, রূপংনামস্‌সচেকধা।
পঞ্‌ঞত্তি নামরূপানি, নামস্‌সদুবিধাদ্বয়ং,
দ্বয়স্‌সনবধাচেতি, ছব্বিধা পচ্চয়া কথং।

অনন্তর নিরুদ্ধা চিত্ত চেতসিকা ধম্মাপটুপ্পন্নানং চিত্ত

চেতসিকানং ধম্মানং অনন্তর সমনন্তর নত্থি বিগত বসেন। পুরিমানি জবনানি পচ্ছিমানং জবনানং আসেব নব বসেন। সহজাতা চিত্ত চেতসিকা ধম্মা অঞ্ঞমঞ্ঞং সম্পযুত্ত বসেনে তিচ্ছধানামং নামস্স পচ্চয়ো হোতি।

হেতু ঝানঙ্গ মগ্গঙ্গানি সহজাতানং নামরূপানং হেতাদী বসেন। সহজাতা চেতনা সহজাতানং নামরূপানং নানাক্খানিকা চেতনা কম্মাভি নিব্বত্তানং নাম রূপানং কম্ম বসেন। বিপাকক্খন্ধা অঞ্ঞমঞ্ঞং সহজাতানং রূপানং বিপাক বসেনেতিচ পঞ্চধানামং নামরূপানং পচ্চয়ো হোতি।

পচ্ছাজাতা চিত্ত চেতসিকা ধম্মা পুরেজাতস্স ইমস্স কায়স্স পচ্ছাজাত বসেনেতিচ একাধাব নামং রূপস্সপচ্চয়ো হোতি।

ছবত্থুনি পবত্তিয়ং সত্তন্নং বিঞ্ঞাণ ধাতুনং, পঞ্চালম্বণানিচ পঞ্চবিঞ্ঞাণ বীথিয়া পূরেজাত বসেনেতি একধাব রূপং নামস্স পচ্চয়ো হোতি।

আরম্মণ বসেন উপনিস্সয় বসেনেতিচ দুবিধা পঞ্ঞত্তি নামরূপানি নামস্সেব পচ্চয়া হোন্তি। তত্থ রূপাদী বসেন ছব্বিধং হোতি আরম্মণং। উপনিস্সয়ো পন তিবিধোহোতি আয়ম্মণুপনিস্সয়ো। অনন্তরূপনিস্সয়ো,পকতূপনিস্সয়ো চেতি। তত্থ আরম্মণমেব গরুকতং আলম্বণুপনিস্সয়ো। অনন্তর নিরুদ্ধা চিত্ত চেতসিকা ধম্মা অনন্তরূপনিস্সয়ো। রাগদয়ো পন ধম্মা সদ্ধাদয়োচ সুখং দুক্খং পুগ্গলোভোজনং উতুসেনাসনঞ্চ যথারহং অজ্ঝতঞ্চ বহিদ্ধাচ কুসলাদী ধম্মানং কম্মং বিপাকানন্তিচ বহুধাহোতি পকতূপনিস্সয়ো।

অধিপতি, সহজাত, অঞ্ঞমঞ্ঞ, নিস্সয়াহরিন্দ্রিয়, বিপ্পয়ুত্ত, অত্থি, অবিগত বসেনেতি য়থারহং নবধানাম রূপানি নামরূপানং পচ্চয়া ভবন্তি। তত্থ গরুক তমালম্বণমাল ম্বণাধিপতি বসেন নামানং সহজাতাধিপতি চতুব্বিধোপি সহজাত বসেন সহজাতানং নাম রূপানন্তিচ দুবিধো হোতি অধিপতি পচ্চয়ো। চিত্ত চেতসিকাধম্মা অঞ্ঞমঞ্ঞং সহজাত রূপানঞ্চ। মহাভূতা অঞ্ঞমঞ্ঞং উপাদারূপানঞ্চ। পটিসন্ধি কৃখণে বত্থুবিপাকা অঞ্ঞমঞ্ঞন্তিচতি বিধোহোতি সহজাত পচ্চয়ো। চিত্ত চেতসিকাধম্মা অঞ্ঞমঞ্ঞং। মহাভূতা অঞ্ঞমঞ্ঞং। পটি সন্ধি কৃখণে বত্থু বিপাকা অঞ্ঞ মঞ্ঞ ন্তিচ তিবিধো হোতি অঞ্ঞমঞ্ঞ পচ্চয়ো। চিত্ত চেতসিকা ধম্মা অঞ্ঞমঞ্ঞং। সহজাত রূপানঞ্চ মহাভূতা অঞ্ঞমঞ্ঞং উপাদা রূপানঞ্চ। ছবত্থু নিসত্তন্নং বিঞ্ঞাণ ধাতু নন্তিচ তিবিধো হোতি নিস্সয় পচ্চয়ো। কবলিংকারো আহারো ইমস্স কায়স্স। অরূপিনো আহারা সহজাতানং নামরূপানন্তিচ দুবিধো হোতি আহার পচ্চয়ো। পঞ্চ পসাদা পঞ্চন্নং বিঞ্ঞাণানং। রূপজীবিতিন্দ্রিয়ং উপাদীন্ন রূপানং। অরূপিনো ইন্দ্রিয়া সহজাতানং নাম রূপানন্তিচ তিবিধো হোতি ইন্দ্রিয় পচ্চয়ো। ওক্কন্তি কৃখণে বত্থু বিপাকনং চিত্ত চেতসিকা ধম্মা সহজাত রূপনং সহজাত বসেন। পচ্ছজাতা চিত্ত চেতসিকা ধম্মা পূরেজাতস্স ইমস্স কায়স্স পচ্ছাজাত বসেন। ছবত্থু নিপবত্তিয়ং সত্তন্নং বিঞ্ঞাণ ধাতুনং পূরেজাত বসেনেতিচ তিবিধো হোতি বিপ্পয়ুত্ত পচ্চয়ো।

সহজাতং পূরে জাতং, পচ্ছাজাতঞ্চ সব্বথা,

কবলি্হকারো আহারো, রূপজীবিতমিচ্চয়ন্তি। পঞ্চবিধো হোতি অত্থিপচ্চয়ো। অবিগত পচ্চয়োচ। আলম্বণুপনিস্সয়কম্মত্থি পচ্চয়েস্থচসব্বেপি পচ্চায়াসমোধানং গচ্ছন্তি

সহজাত রূপন্তি পনেত্থ সব্বথাপি পবত্থে চিত্ত সমুট্ঠানানং পটি সন্ধিয়ং কটত্তারূপানঞ্চ বসেন দুবিধং হোতীতি বেদিতব্বং।

ইতিতেকালিকা ধম্মা, কালমুত্তাচ সম্ভবা,
অজ্ঝত্তঞ্চ বহিদ্ধাচ, সঙ্খতা সঙ্খতাতথা।
পঞ্ঞত্তি নাম রূপানং, বসেনতিবিধাটিঠতা,
পচ্চয়া নাম পট্ঠানে, চতুবীসতি সব্বথা।

## সান্বয়ার্থ।

[হেতু পচ্চয়ো] হেতু প্রত্যয় *, [আরম্মণ পচ্চয়ো] অবলম্বন প্রত্যয়, [অধিপতিপচ্চয়ো] অধিপতি প্রত্যয়, [অনন্তর পচ্চয়ো] অনন্তর প্রত্যয়, [সমনন্তর পচ্চয়ো] সম্যক্ অনন্তর প্রত্যয়, [সহজাত পচ্চয়ো] সহ জাত প্রত্যয়, [অঞ্ঞমঞ্ঞপচ্চয়ো] অন্যান্য প্রত্যয়, [নিস্সয় পচ্চয়ো] আশ্রয় প্রত্যয়, [উপনিস্সয় পচ্চয়ো] উপ আশ্রয় প্রত্যয়, [পুরে জাত পচ্চয়ো] পূর্ব্ব জাত প্রত্যয়, [পচ্ছাজাত পচ্চয়ো] পশ্চাৎ জাত প্রত্যয়, [আসেবন পচ্চয়ো] আসেবা প্রত্যয়, [কম্ম পচ্চয়ো] কর্ম্ম প্রত্যয়, [বিপাক পচ্চয়ো] বিপাক প্রত্যয়, [আহার পচ্চয়ো] আহার প্রত্যয়, [ইন্দ্রিয় পচ্চয়ো] ইন্দ্রিয় প্রত্যয়, [ঝানপচ্চয়ো] ধ্যান প্রত্যয়, [মগ্গ পচ্চয়ো] মার্গ প্রত্যয়, [সম্পয়ুত্ত পচ্চয়ো] সম্প্রযুক্ত প্রত্যয়, [বিপ্পয়ুত্ত পচ্চয়ো] বিপ্রযুক্ত প্রত্যয়, [অত্থি পচ্চয়ো] আছে প্রত্যয়, [নত্থি পচ্চয়ো] নাই প্রত্যয়, [বিগত পচ্চয়ো] বিগত প্রত্যয়, [অবিগত পচ্চয়ো] এবং অবিগত প্রত্যয়, [অয়মেথ চতুবীসতি পট্ঠান নয়ো] এই চব্বিশ প্রকার প্রস্থান নীতি। ইহা মহা প্রকারণের অনন্ত সমস্ত পট্ঠান গ্রন্থে বর্ণিত হইয়াছে।

---

* লোভ, দোষ, মোহ, অলোভ, অদোষ, ও অমোহ হেতু। হেতু অর্থ মূল ও প্রত্যয় অর্থ উপকার। যথা—বৃক্ষের ছয় প্রকার মুলের সদৃশ ছয় প্রকার হেতু, এবং বৃক্ষের ফলের সদৃশ প্রত্যয়।

[ নামস্স ছধা পচ্চয়ো ] নামের ছয় প্রকার প্রত্যয়ের দ্বারা [ নামং ] নামের [ উপকার কোহোতি ] উপকার হয়।

[ নাম রূপিনং পঞ্চধা পচ্চয়ো ] নাম রূপের পাঁচ প্রকার প্রত্যয়ের দ্বারা [ নামং ] নামের উপকার হয়।

[ পুন রূপস্স একধা পচ্চয়ো ] পুনর্ব্বার রূপের এক প্রকার প্রত্যয়ের দ্বারা [ নামং ] নামের উপকার হয়।

[ নামস্স একধা পচ্চয়ো ] নামের এক প্রকার প্রত্যয়ের দ্বারা [ রূপং ] রূপের উপকার হয়।

[ নামস্স দুবিধা পচ্চয়ো ] নামের দুই প্রকার প্রত্যয়ের দ্বারা পঞ্‌ঞত্তি নাম রূপানি ] প্রজ্ঞপ্তি ও নাম রূপের উপকার হয়। ( দ্বয়স্স ) দুই প্রকার নাম রূপ দ্বারা ( নবধা ) নয় প্রকার প্রত্যয়ের উপকার হয়। [ ইতি পচ্চয়া ছব্বিধা ট্ঠিতাছয় ] এই প্রকারে প্রত্যয় স্থিত হইয়াছে।

[ কথং টিঠতব্বা কাটি করোমিঁ ] সেই প্রস্থান নীতি কত প্রকার স্থিত করিয়া দেখাইতেছি। [ অনন্তর সমন্তরানত্থি বিগত বসেন ] অনন্তর প্রত্যয়, সম্যক্ অনন্তর প্রত্যয়, নাই প্রত্যয়, ও বিগত প্রত্যয় বশ দ্বারা [ অনন্তর নিরুদ্ধা চিত্ত চেতসিকা ধম্মা ] অর্হন্তচ্যুতি চিত্ত বিনা অপর উননব্বই প্রকার চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিকের ধর্ম্ম নিরোধের পর [ পটুপ্পন্নং চিত্ত চেতসিকানং ধম্মানং ] আমার সহিত অর্হন্ত চ্যুতি চিত্ত, উননব্বই প্রকার চিত্ত, ও বায়ান্ন প্রকার চৈতসিক ধর্ম্মের প্রত্যুৎপন্নের উপকার হয়। [ আসেবন বসেন ] আসেবা প্রত্যয় বশ দ্বারা [ পুরিমানি জবনানি ] পূর্ব্ব ও শেষের লোকোত্তর জবন মার্গ চিত্ত ও লোকোত্তর জবন ফল চিত্ত বিনা অপর সাতচল্লিশ প্রকার জবন চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিক উৎপত্তির [ পচ্ছিমানং জবনানং ] পর প্রথম লোকোত্তর জবন ফল চিত্ত বিনা অপর একান্ন প্রকার জবন চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিক উৎপত্তি হয়, [ চ ] এবং [ অঞ্‌ঞমঞ্‌ঞং সম্পযুত্ত বসেন ] অন্যান্য প্রত্যয় সম্প্রযুক্ত প্রত্যয় বশ দ্বারা [ সহজাত চিত্ত চেতসিকা ধর্ম্মা ] চিত্তের সহিত চৈতসিক উৎপত্তি ধর্ম্মের উপকার হয়, [ ইতি ছধা নামং নামস্স পচ্চয়ো হোতি ] এই নামের ছয় প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

[ হেতাদী বসেন ] হেতু আদি * প্রত্যয় বশ দ্বারা [ হেতু ঝানঙ্গ

* হেতু প্রত্যয়, ধ্যানপ্রত্যয়, ও মার্গ প্রত্যয়।

মগ্‌গঙ্গানি ] হেতু ধ্যানাঙ্গ, ও মার্গাঙ্গের [ সহজাতানং নাম রূপানং ] সহিত নাম রূপ জাতের উপকার হয়। [ কম্ম বসেন ] কর্ম্ম প্রত্যয় বশ দ্বারা [ সহ জাত চেতনা ] উননব্বই প্রকার চিত্তের সহিত চেতনা জাত হয়, [সহজাতানং নামরূপানং ] নাম রূপের * সহিত চেতনা জাত হয়, [ নানাক্খণিকা চেতনা ] নানা প্রকার অতীতক্ষণে চেতনা † হয়, এবং [ কম্মাভিনিব্বত্তানং ] আমি কর্ম্মের কারণ হইয়া [ নামরূপানং ] নাম রূপের ‡ উপকার হয়।

[ বিপাক বসেন ] বিপাক প্রত্যয় বশ দ্বারা [ বিপাক ] ছত্রিশ প্রকার বিপাক চিত্ত, ও [ কৃখন্ধা ] চারি প্রকার নাম স্কন্ধের [ সহ জাত অঞ্ঞমঞ্ঞ রূপানং ] সহিত অন্যান্য রূপ § জাতের উপকার হয়। [ ইতি পঞ্চধা নামং নাম রূপানং পচ্চয়ো হোতি ] এই নাম রূপের পাঁচ প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

[ পচ্ছাজাত বসেন ] পশ্চাৎ জাত প্রত্যয় বশ দ্বার [ পচ্ছাজাতা চিত্ত চেতসিকা ধম্মা ] চিত্ত ও চৈতসিকে ‖ র ধর্ম্ম পশ্চাতে জাত হয়, [ ইমস্স ]

---

* উননব্বই প্রকার চিত্ত, একপ্রকার চেতনা চৈতসিক বিনা অপর একান্ন প্রকার চৈতসিক, চিত্তজরূপ ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ,

† তেত্রিশ প্রকার অতীত কুশল চিত্তের চেতনা ও অকুশল চিত্তের চেতনা।

‡ ছত্রিশ প্রকার বিপাক চিত্ত, চারি প্রকার নাম স্কন্ধ, প্রতি সন্ধি কর্ম্মজ রূপ, অসংজ্ঞাসত্ব কর্ম্মজরূপ, ও প্রবৃত্তি কর্ম্মজ রূপ।

§ দুই প্রকার প্রজ্ঞপ্তি রূপ বর্জ্জিত করিয়া অবশিষ্ট চিত্তজ রূপ ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ।

‖ চারি প্রকার অরূপাবচর বিপাক চিত্ত বিনা অপর পাঁচাশী প্রকার চিত্ত ও বাহান্ন প্রকার চৈতসিক, এই চিত্ত ও চৈতসিক।

ইহার [ পুরে জাতস্‌স ] পূর্ব্বজাতের [ কায়স্‌স ] কায়ার * উপকার হয়। [ ইতি একধাব নামং রূপস্‌স পচ্চয়ো হোতি ] এই রূপের এক প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

[ পুরে জাত বসেন ] পূর্ব্ব জাত প্রত্যয় বশ দ্বারা [ ছবথুনি ] ছয় প্রকার বস্তু † র [ পবত্তিয়ং ] প্রবৃত্তির সময়ে [ সত্তন্নং বিঞ্‌ঞাণ ধাতুনং ] সাত প্রককার বিজ্ঞানধাতু, [ পঞ্চালম্বণানিচ পঞ্চবিঞ্‌ঞাণ বীথিয়া ] পঞ্চ অবলম্বন ওপঞ্চবিজ্ঞান বীথির উপকার হয়। [ ইতি এক ধাব রূপং নামস্‌স পচ্চয়ো হোতি ] এই নামের এক প্রকার প্রত্যয়ের দ্বারা রূপের উপকার হয়।

[ আরম্মণ বসেন উপনিস্‌সয় বসেন চ ] অবলম্বন প্রত্যয় বশ দ্বারা ও উপাশ্রয় প্রত্যয় বশ দ্বারা [ পঞ্‌ঞত্তি নাম রূপানি ] প্রজ্ঞপ্তি নাম রূপের উপকার হয়, ( ইতি দুবিধা পঞ্‌ঞত্তি নাম রূপানি নামস্‌স পচ্চয়া হোতি ) এই নামের দুই প্রকার প্রত্যয়ের দ্বারা প্রজ্ঞপ্তি ও নাম রূপের উপকার হয়। ( তথ ) সেই দুই প্রকার প্রত্যয়ের মধ্যে অবলম্বন প্রত্যয় ( রূপাদী বসেন ) রূপাদি ‡ বশ দ্বারা ( ছব্বিধং হোতি আরম্মণং ) ছয় প্রকার

---

* চিত্তের রূপ প্রতি সন্ধির আরম্ভের পূর্বে একজ কায় ১, দুইজ কায় ২, তিনজ কায় ৩, চারিজ কায় ৪, উৎপত্তি হয়।

† মন্দায়ুস্ক, অমন্দায়ুস্ক, মধ্যম আয়ুস্কের দ্বারা মধ্যম আয়ুস্ক উৎপত্তি হইয়া এক বার অতীত ভবাঙ্গের সহিত চক্ষু বস্তু ও কায় বস্তু প্রভৃতির প্রতি সন্ধি আরম্ভের পূর্ব্বে চিত্তের সহিত হৃৎপিণ্ড বস্তু উৎপত্তি হয়। নিরোধ সমাপত্তি ধ্যান হইতে উত্থানের পূর্ব্বে হৃৎপিণ্ড বস্তুর ক্রিয়া উৎপত্তি হয়। মরণ আসন্ন কালে চ্যুতি চিত্ত হইতে চিত্তের সহিত সতর বার হৃৎপিণ্ড বস্তুর পুনঃ পুনঃ ক্রিয়া উৎপত্তি হইয়া থাকে।

‡ রূপাবলম্ব, শব্দাবলম্বন, গন্ধাবলম্বন, রসাবলম্বন, স্পর্শাবলম্বন, ও ধর্ম্মাবলম্বন।

---

১। চক্ষু, কর্ণ, জিহ্বা, কায়, ঘ্রাণ, স্ত্রীভাব, পুরুষভাব, হৃৎপিণ্ড, ও জীবিত, এই নয় প্রকার কামজ কায়ার সহিত কায় বিজ্ঞপ্তি রূপ ও বাক্য বিজ্ঞপ্তি রূপ সংযোগ।

২। চিত্ত, ঋতু, ও শব্দ।

৩। লঘুতা, মৃদুতা, কর্ম্মজ্ঞাতা, ঋতু, চিত্ত, ও আহার।

৪। পৃথিবী ধাতু, আপধাতু, তেজধাতু, বায়ু ধাতু, বর্ণ, গন্ধ, রস, ও আস্বাদ, আকাশ ধাতু।

অবলম্বন প্ৰত্যয় হয়। (পন) পুনৰ্ব্বার উপাশ্ৰয় প্ৰত্যয় বৰ্ণনা করিতেছি। (আরম্মণূপনিস্সয়ো) অবলম্বন উপাশ্ৰয় প্ৰত্যয় (অনন্তরূপনিস্সয়ো) অনন্তর উপাশ্ৰয় প্ৰত্যয় (পকতূপনিস্সয়োচ) ও প্ৰকৃত উপাশ্ৰয় প্ৰত্যয়, (ইতি তিবিধা উপনিস্সয়হোতি) এই তিনপ্ৰকার উপাশ্ৰয় প্ৰত্যয় হয়। (তত্থ) সেই উপাশ্ৰয় প্ৰত্যয়ের মধ্যে (গরু কতং আলম্বণ মেব) গুরুত্ব অবলম্বণ * করে, (আলম্বণূপনিস্সয়ো) ইহাই অবলম্বন উপাশ্ৰয় প্ৰত্যয়। (চিত্ত চেতসিকা ধম্মা) অৰ্হন্তচ্যুতি চিত্ত বিনা অপর উননব্বই প্ৰকার চিত্ত ও বায়ান্ন প্ৰকার চৈতসিক, ধৰ্ম্ম (অনন্তর নিরুদ্ধা) উৎপত্তির পর নিরোধ হয়, (অনন্তরূপনিস্সয়ো) ইহাই অনন্তর উপাশ্ৰয় প্ৰত্যয়। (পন) পুনৰ্ব্বার প্ৰকৃত উপাশ্ৰয় প্ৰত্যয় বৰ্ণনা করিতেছি। (পকতূপনিস্সয়ো) প্ৰকৃত উপাশ্ৰয় প্ৰত্যয় বশ দ্বারা (রাগাদয়ো ধম্মা) রাগ, দোষ, মোহ, মান, মিথ্যা দৃষ্টি ধৰ্ম্ম; (সদ্ধাদয়োচ) শ্ৰদ্ধা, শীল, শ্ৰুত, ত্যাগ, প্ৰজ্ঞাধৰ্ম্ম, (সুখং দুক্খংপুগ্গলো ভোজনং) কায়িক সুখ, কায়িক দুঃখ, কল্যাণমিত্ৰ পুদগলের ভোজন, (উতুসেনাসনঞ্চ) শীত এবং উষ্ণ ঋতু প্ৰভৃতির শয়নাসনে † র (যথারহং) যথোপযুক্ত মতে (অজ্ঝত্তঞ্চ বহিদ্ধাচ) আধ্যাত্মিক ও বহিৰ্দ্দেশের (কুসলাদী ধম্মানং) কুশলাদি ‡ ধৰ্ম্ম, (কম্মং) কৰ্ম্ম §, (বিপাকানঞ্চ) এবং ছত্ৰিশ প্ৰকার বিপাক চিত্তের উপকার হয়, (ইতি পকতূপনিস্সয়ো বহুধা হোতি)। এইরূপ বহু প্ৰকার প্ৰকৃত উপাশ্ৰয় প্ৰত্যয় আছে।

---

* চুরাশী প্ৰকার চিত্ত, ৫, সাতচল্লিশ প্ৰকার চৈতসিক, ৬, আঠার প্ৰকার নিষ্পন্ন রূপ, বৰ্ণিত কাল হইতে বিমুক্ত নিৰ্ব্বাণ এবং ছয় প্ৰকার অবলম্বন ৭।

† শয়ন, ও আসনের উপযুক্ত বিহার।

‡ একুশ প্ৰকার কুশল চিত্ত, দ্বাদশ প্ৰকার অকুশল চিত্ত, ছত্ৰিশ প্ৰকার বিপাক চিত্ত, ও বিশপ্ৰকার ক্ৰিয়া চিত্ত।

§ অকুশল ও কুশল কৰ্ম্ম।

---

৫ দুই প্ৰকার দোষ চিত্ত, দুই প্ৰকার মোহ চিত্ত, ও এক প্ৰকার দুঃখের সহিত কায় বিজ্ঞান বিনা অপর চুরাশী প্ৰকার চিত্ত। ৬ দোষ চৈতসিক, ঈৰ্ষ্যা চৈতসিক, মাৎসৰ্য্য চৈতসিক, কৌকৃত্য চৈতসিক, ও বিচিকিৎসা চৈতসিক বিনা অপর সাতচল্লিশ প্ৰকার চৈতসিক। ৭ রূপাবলম্বন, শব্দাবলম্বন, গন্ধাবলম্বন, রসাবলম্বন, স্পৰ্শাবলম্বন ও ধৰ্ম্মাবলম্বন।

[ অধিপতি পচ্চয়ো ] অধিপতি প্রত্যয়, [ সহজাত পচ্চয়ো ] সহজাত প্রত্যয়, [ অঞ্ঞমঞ্ঞ পচ্চয়ো ] অন্যান্য প্রত্যয়, [ নিস্সয় পচ্চয়ো ] আশ্রয় প্রত্যয়, [ আহার পচ্চয়ো ] আহার প্রত্যয়, [ ইন্দ্রিয় পচ্চয়ো ] ইন্দ্রিয় প্রত্যয়, [বিপ্পযুত্ত পচ্চয়ো] বিপ্রযুক্ত প্রত্যয়, [ অত্থি পচ্চয়ো ] আছে প্রত্যয়, এবং [ অবিগত বসেন ] অবিগত প্রত্যয় বশ দ্বারা [ নাম রূপানি যথারহং ] যথোপযুক্ত মতে নাম রূপের উপকার হয়। [ ইতি নবধা নাম রূপনং পচ্চয়া ভবন্তি ] এই নাম রূপের নয় প্রকার প্রত্যয় হয়।

[ তত্থ ] সেই নয় প্রকার প্রত্যয়ের মধ্যে [ আলম্বণাধিপতি বসেন ] অধিপতি অবলম্বন প্রত্যয় বশ দ্বারা [ গুরুকত মালম্বণং ] গুরুত্ব অবলম্বন * [ নামনং ] নামের † উপকার হয়।

[ সহজাত বসেন ] অধিপতি সহজাত প্রত্যয় বশ দ্বারা [ চতুব্বিধোপি সহজাতাধিপতি ] চারি প্রকার অধিপতির সহিত জাত ‡, [ সহজাতানং নাম রূপাঞ্চ ] ও নাম রূপের § সহিত জাতের উপকার হয়। [ ইতি দুবিধো হোতি অধিপতি পচ্চয়ো ] এই দুই প্রকার অধিপতি প্রত্যয় হয়।

[ সহজাত বসেন ] সহজাত প্রত্যয় বশ দ্বার [ চিত্ত চেতসিকা ধম্মা ] চিত্ত ও চৈতসিক ধর্ম্ম, [ অঞ্ঞমঞ্ঞং সহজাত রূপঞ্চ ] এবং অন্যা-

* চুরাশী প্রকার চিত্ত ৩, সাতচল্লিশ প্রকার চৈতসিক ৪, আঠার প্রকার নিষ্পন্ন রূপ, বর্ণিত কাল হইতে বিমুক্ত নির্ব্বাণ, এবং ছয় প্রকার অবলম্বন।

† আট প্রকার লোভ চিত্ত, আট প্রকার মহা কুশল চিত্ত, চারি প্রকার মহা ক্রিয়া জ্ঞান সম্প্রযুক্ত চিত্ত, আট প্রকার লোকোত্তর চিত্ত, এবং পঁয়তাল্লিশ প্রকার চৈতসিক ৫।

‡ দুই প্রকার মোহ চিত্ত, ও এক প্রকার হাস্যোৎপত্তি চিত্ত বিনা অপর বায়ান্ন প্রকার জবন চিত্তের সহিত ছন্দাধিপতি, বীর্য্যাধিপতি, মীমাংসাধিপতি।

§ বিচিকিৎসা চৈতসিক বিনা অপর একান্ন প্রকার চৈতসিক ও সাধিপতি চিত্তজ রূপ।

৩ দুই প্রকার দোষ চিত্ত, দুই প্রকার মোহ চিত্ত, ও এক প্রকার দুঃখের সহিত কায় বিজ্ঞান বিনা অপর চুরাশী প্রকার চিত্ত।

৪ দোষ চৈতসিক, বীর্য্য চৈতসিক, মাৎসর্য্য চৈতসিক, কৌকৃত্য চৈতসিক, চিকিৎসা চৈতসিক বিনা অপর সাতচল্লিশ প্রকার চৈতসিক।

৫ এক প্রকার দোষ চৈতসিক, এক প্রকার ঈর্ষ্যা চৈতসিক, এক প্রকার মাৎসর্য্য চৈতসিক, এক প্রকার কৌকৃত্য চৈতসিক, এক প্রকার বিচিকিৎসা চৈতসিক, ও দুই প্রকার অপ্রমাণ্য চৈতাসিক বিনা অপর পঁয়তাল্লিশ প্রকার চৈতসিক।

ন্নের সহিত রূপ * জাতের উপকার হয়। [সহজাত বসেন] সহজাত প্রত্যয় বশ দ্বারা [মহাভূতা] মহাভূত, [অঞ্ঞমঞ্ঞং উপাদারূপনঞ্চ] ও অন্যান্য উপাদান রূপের উপকার হয়। [সহজাত বসেন] সহজাত প্রত্যয় বশ দ্বারা [পটিসন্ধি ক্খণে বত্থু বিপাকা অঞ্ঞমঞ্ঞং] অন্যান্য প্রতিসন্ধি ক্ষণে হৃৎপিণ্ড বস্তু ও বিপাক চিত্তের উপকার হয়। [ইতি চ সহজাত পচ্চয়ো তিবিধো হোতি] এই তিন প্রকার সহজাত প্রত্যয় হয়।

[অঞ্ঞমঞ্ঞ বসেন] অন্যান্য প্রত্যয় বশ দ্বারা [চিত্ত চেতসিকা ধম্মা অঞ্ঞমঞ্ঞং] অন্যান্য চিত্ত ও চৈতসিক ধর্ম্মের উপকার হয়। [অঞ্ঞমঞ্ঞ বসেন] অন্যান্য প্রত্যয় বশ দ্বারা [মহাভূত অঞ্ঞম-ঞ্ঞং] অন্যান্য মহাভূতের উপকার হয়। [অঞ্ঞমঞ্ঞ বসেন] অন্যান্য প্রত্যয় বশ দ্বারা [পটি সন্ধি ক্খণে বত্থু বিপাক অঞ্ঞমঞ্ঞং] অন্যান্য প্রতি সন্ধি ক্ষণে, হৃৎপিণ্ড বস্তু, [চ] ও বিপাক চিত্তের উপকার হয়। [ইতি তিবিধো হোতি অঞ্ঞমঞ্ঞ পচ্চয়ো] এই তিন প্রকার অন্যান্য প্রত্যয় হয়।

[নিস্সয় বসেন] আশ্রয় প্রত্যয় বশ দ্বারা [চিত্ত চেতসিকা ধম্মা অঞ্ঞ-ঞ্ঞমঞ্ঞং] অন্যান্য চিত্ত ও চৈতসিক ধর্ম্মের [সহজাত রূপানঞ্চ] সহিত রূপ † জাতের উপকার হয়। [নিস্সয় বসেন] আশ্রয় প্রত্যয় বশ দ্বারা [মহা ভূত অঞ্ঞমঞ্ঞং উপাদা রূপনাঞ্চ] অন্যান্য মহা ভূত ও উপাদান রূপের উপকার হয়। [নিস্সয় বসেন] আশ্রয় প্রত্যয় বশ দ্বারা

[ছবত্থুনিচ] ছয় প্রকার বস্তু ‡ ও [সত্তন্ন বিঞ্ঞা ধাতুনং] সাত প্রকার বিজ্ঞান ধাতু § র উপকার হয়। [ইতি নিস্সসয় পচ্চয়ো তিবিধো হোতি] এই তিন প্রকার আশ্রয় প্রত্যয় হয়।

* চিত্তজ রূপ, ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ।

† চিত্তজ রূপ ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ।

‡ মন্দায়ুস্ক, অমন্দায়ুস্ক, ও মধ্যম আয়ুস্কের দ্বারা মধ্যম আয়ুস্ক উৎপত্তি হইয়া একবার অতীত ভগাঙ্গের সহিত চক্ষু বস্তু ও কায় বস্তু প্রভৃতির প্রতি সন্ধি আরম্ভের পূর্ব্বে চিত্তের সহিত হৃৎপিণ্ড বস্তু উৎপত্তি হয়। নিরোধ সমাপত্তি ধ্যান হইতে উত্থানের পূর্ব্বে হৃৎপিণ্ড বস্তুর ক্রিয়া উৎপত্তি হয়। মরণ আসন্ন কালে চ্যুতি চিত্ত হইতে চিত্তের সহিত সতর বার হৃৎপিণ্ড বস্তুর পুনঃ পুনঃ ক্রিয়া উৎপত্তি হইয়া থাকে।

§ চারি প্রকার অরূপ বিপাক চিত্ত বিনা সাত প্রকার বিজ্ঞান ধাতু।

(আহার বসেন) আহার প্রত্যয় বশদ্বারা (কবলিংকার আহারো) কবলিকার আহারে (ইমস্‌স কায়স্‌স) এই শরীরের উপকার হয়। (আহার বসেন) আহার প্রত্যয় বশদ্বারা (অরূপিনো আহারো) নাম আহারের * (সহ জাতানং নাম রূপানং) সহিত নাম রূপের † জাতের উপকার হয়। (ইতিচ আহার পচ্চয়োতি দুবিধো হোতি) এই দুই প্রকার আহার প্রত্যয়।

(ইন্দ্রিয় বসেন) ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা (পঞ্চপসাদা) পাঁচ প্রকার প্রসাদ রূপ ‡ ও (পঞ্চন্নং বিঞ্ঞাণানং) পঞ্চবিজ্ঞান উৎপত্তির উপকার হয়। (ইন্দ্রিয় বসেন) ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা বা রূপ জীবিতিন্দ্রিয় শক্তির দ্বারা, (রূপ জীবিতিন্দ্রিয়ং) প্রবৃত্তি ও প্রতি সন্ধির দ্বারা জীবিতিন্দ্রিয় রূপ উৎপত্তি হয়, (উপাদিন্ন রূপানাং] সেই জীবিতিন্দ্রিয় রূপত্যাগ করিয়া প্রতি সন্ধি কর্ম্মজ রূপ, অসংজ্ঞাসত্ব কর্ম্মজ রূপ ও প্রবৃত্তি কর্ম্মজ রূপের উপকার হয়। (ইন্দ্রিয় বসেন) ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা বা সহজাতিন্দ্রিয় শক্তির দ্বারা (অরূপিনো] নাম] (ইন্দ্রিয়া) ইন্দ্রিয়ের § (সহজাতানং নাম রূপানং) সহিত নাম রূপ || জাতের উপকার হয়। (ইতি ইন্দ্রিয় পচ্চয়োতিবিধো হোতি) এই তিন প্রকার ইন্দ্রিয় প্রত্যয়।

(সহজাত বসেন) সহজাত প্রত্যয় বশ দ্বারা বা সহজাত বিপ্রযুক্ত প্রত্যয় শক্তির দ্বারা (ওকন্তিক্খণে) অবক্রান্তি ক্ষণে বা অধো প্রতি সন্ধি ক্ষণে (বত্থু) হৃৎপিণ্ড বস্তুর সহিত (বিপাকানং) বিপাক চিত্ত বা প্রতি-সন্ধি নাম স্কন্ধ উৎপত্তির উপকার হয়। (সহজাত বসেন) সহজাত প্রত্যয় বশ দ্বারা বা সহজাত বিপ্রযুক্ত প্রত্যয় শক্তির দ্বারা (চিত্ত চেত-

---

* স্পর্শ, চেতনা, ও বিজ্ঞান।

† উননব্বই প্রকার চিত্ত, বায়ান্ন প্রাকার চৈতসিক, চিত্তজ রূপ, ও প্রতি সন্ধি কর্ম্মজ রূপ।

‡ চক্ষু, শ্রবণ, ঘ্রাণ, জিহ্বা, ও কায় প্রসাদ। এই পাঁচ প্রকার প্রসাদ ; মন্দায়ুস্ক, অমন্দায়ুস্ক, ও মধ্যমায়ুস্কের দ্বারা মধ্যম আয়ুস্ক উৎপত্তি হইয়া একবার অতীত ভবাঙ্গের সহিত উৎপত্তি হয়।

§ জীবিত, চিত্ত, চেতনা, শ্রদ্ধা, বীর্য্য, স্মৃতি, একাগ্রতা, ও প্রজ্ঞা।

|| উননব্বই প্রকার চিত্ত, বায়ান্ন প্রকার চৈতসিক, চিত্তজ রূপ ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ।

সিকা ধম্মা ) চিত্ত * ও চৈতসিক ধর্ম্মের ( সহজাত রূপানং ) সহিত রূপ † জাতের উপকার হয়। ( পচ্ছাজাত বসেন ) পশ্চাৎ জাত প্রত্যয় বশ দ্বারা বা পশ্চাৎ জাত বিপ্রযুক্ত প্রত্যয় শক্তির দ্বারা ( পচ্ছাজাতা চিত্ত চেতসিকা ধম্মা ) চিত্ত ‡ ও চৈতসিক ধর্ম্মের পশ্চাৎ জাত হয়, ( পুরেজাতস্‌স ইমস্‌স ) ইহার পূর্ব্ব জাতের ( কয়স্‌স ) কায়ার § উপকার হয়।

( পুরেজাত বসেন ) পূর্ব্ব জাত প্রত্যয় বশ দ্বারা বা পূর্ব্ব জাত বিপ্রযুক্ত প্রত্যয় শক্তির দ্বারা ( ছবত্থুনি ) ছয় প্রকার বস্তু ‖ ( পবত্তিয়ং ) প্রবৃত্তির সময়ে ( সত্তন্নং বিঞ্‌ঞাণ ধাতুনং ) সাত প্রকার বিজ্ঞান ধাতুর উপকার হয়। ( ইতিচ বিপ্পযুত্ত পচ্চয়ো তিবিধো হোতি ) এই তিন প্রকার বিপ্রযুক্ত প্রত্যয় হয়।

( সব্বথা ) আমি সর্ব্ব প্রকার প্রত্যয় বর্ণনা করিতেছি। ( সহজাতং ) সহজাত প্রত্যয়, ( পুরেজাতং ) পূর্ব্ব জাত প্রত্যয়, ( পচ্ছাজাত ) পশ্চাৎ জাত প্রত্যয়, ( কবলিংকার আহারো ) কবলিকার আহার প্রত্যয় ( রূপ জীবিতিন্দ্রিয়ঞ্চ ) ও রূপজীবিতিন্দ্রিয় প্রত্যয়, ( ইতি পঞ্চবিধো ধম্মো ) এই পঞ্চবিধ প্রত্যয়ের ধর্ম্ম, ( অয়ং অত্থি পচ্চয়ো অবিগত পচ্চয়োচ ) এই আছে প্রত্যয় ও অবিগত প্রত্যয়। ( সব্বেপি আলম্বণূপনিস্‌সয় কম্মথি পচ্চয়েসু ] সর্ব্ব প্রকার প্রত্যয়ের সহিত অবলম্বন প্রত্য, উপাশ্রয় প্রত্যয় কর্ম্ম প্রত্যয় ও আছে প্রত্যয় [ সমোধানং ] সংযোগ [ গচ্ছন্তি ] প্রাপ্ত হয়।

[ পনেথ সব্বথাপি ] আমি সর্ব্ব প্রকার প্রত্যয় বর্ণনা করিয়াছি, ইহা

---

* চারি প্রকার অরূপ বিপাক চিত্ত, দশ প্রকার বিজ্ঞান, ও অর্হত্তচ্যুতি চিত্ত বিনা অপর পঁচাত্তর প্রকার চিত্ত।

† চিত্তজ রূপ, ও প্রতিসন্ধি কর্ম্মজ রূপ।

‡ চারি প্রকার অরূপাবচর বিপাক চিত্ত বিনা অপর পঁচাশী প্রকার চিত্ত।

§ চিত্তের সহিত রূপ প্রতিসন্ধির আরম্ভের পূর্ব্বে একজ কায়, দুইজ কায়, তিনজ কায়, ও চারিজ কায়া উৎপত্তি হয়।

‖ মন্দায়ুস্ক, অমন্দায়ুস্ক, ও মধ্যম আয়ুস্কের দ্বারা মধ্যম আয়ুস্ক উৎপত্তি হইয়া একবার অতীত ভবাঙ্গের সহিত চক্ষু বস্তু ও কায় প্রভৃতির প্রতিসন্ধি আরম্ভের পূর্ব্বে চিত্তের সহিত হৃৎপিণ্ড বস্তু উৎপত্তি হয়। নিরোধ সমাপত্তি ধ্যান হইতে উত্থানের পূর্ব্বে হৃৎপিণ্ড বস্তুর ক্রিয়া উৎপত্তি হয়। মরণ আসন্নকালে চ্যুতি চিত্ত হইতে চিত্তের সহিত সতর বার হৃৎপিণ্ড বস্তুর পুনঃ পুনঃ ক্রিয়া উৎপত্তি হইয়া থাকে।

পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (সহজাত রূপস্তি) রূপের সহিত জাত হয়, (পবত্তে চিত্ত সমুট্ঠানানং) প্রবৃত্তির সময়ে চিত্ত সমুত্থান হয়, (রূপানঞ্চ পটি সন্ধিয়ং) এবং রূপ প্রতি সন্ধির সময়ে (কটত্তা রূপানঞ্চ বসেন) কর্ম্মজ রূপ বশ দ্বারা (দুবিধং হোতি) দুই প্রকার রূপ হয়, (ইতি বেদি তব্বং) ইহা জানিও। (ইতি সন্তবা) এই প্রস্থান নীতি সন্তব দ্বারা (আজ্ঝত্তঞ্চ বহিদ্ধাচ) আধ্যাত্মিক প্রসারণ ও বর্হির্দেশ প্রসারণে (তেকালিকা ধম্মা কালমুত্তাচ) তিন প্রকার কাল ধর্ম্ম হইতে মুক্ত হয়। (তথা পঞ্ঞত্তি নাম রূপানঞ্চ) সেই প্রজ্ঞপ্তি, নাম ও রূপ বশ দ্বারা (সঙ্খতা সঙ্খতা) বর্ত্তমান প্রত্যয় (তিবিধাটিঠতা) তিন প্রকারে স্থিত হয়, (চতুবীসতি সব্বথা) সেই সমুদয় চব্বিশ প্রকার (পচ্চয়ো নাম পট্ঠানে) প্রত্যয় নামক প্রস্থান নীতি অনন্ত নয় সমস্ত পট্ঠান গ্রন্থে (টিঠতা) স্থিত আছে।

## বাঙ্গলা-গদ্যানুবাদ।

হেতু প্রত্যয়, অবলম্বন প্রত্যয়, অধিপতি প্রত্যয়, অনন্তর প্রত্যয়, সম্যক্ অনন্তর প্রত্যয়, সহজাত প্রত্যয়, অন্যান্য প্রত্যয়, আশ্রয় প্রত্যয়, উপ আশ্রয় প্রত্যয়, পূর্ব্ব জাত প্রত্যয়, পশ্চাৎ জাত প্রত্যয়, আসেবা প্রত্যয়, কর্ম্ম প্রত্যয়, বিপাক প্রত্যয়, আহার প্রত্যয়, ইন্দ্রিয় প্রত্যয়, ধ্যান প্রত্যয়, মার্গ প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয়, বিপ্রযুক্ত প্রত্যয়, আছে প্রত্যয়, নাই প্রত্যয়. বিগত প্রত্যয়, এবং অবিগত প্রত্যয়, এই চব্বিশ প্রকার প্রস্থান নীতি। ইহা মহা প্রকারণের অনন্ত সমস্ত পট্ঠান গ্রন্থে বর্ণিত হইয়াছে।

নামের ছয় প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

প্রত্যয়ের নাম রূপের পাঁচ প্রকার দ্বারা নামের উপকার হয়।

পুনর্ব্বার রূপের এক প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

নামের এক প্রকার প্রত্যয়ের দ্বারা রূপের উপকার হয়।

নামের দুই প্রকার প্রত্যয়ের দ্বারা প্রজ্ঞপ্তি ও নাম রূপের উপকার হয়। এই ছয় প্রকার প্রত্যয়।

সেই প্রস্থান নীতি কত প্রকার স্থিত করিতেছি। অনন্তর প্রত্যয়,

সম্যক্ অনন্তর প্রত্যয়, নাই প্রত্যয়, ও বিগত প্রত্যয় বশ দ্বারা অর্হন্তচ্যুতি চ্যুতিচিত্ত বিনা অপর উননব্বই প্রকার চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিক ধর্ম্মের প্রত্যুৎপন্নের উপকার হয়। আসেবা প্রত্যয় বশ দ্বারা পূর্ব্বের শেষ লোকোত্তর জবন মার্গ চিত্ত, ও লোকোত্তর জবন ফল চিত্ত বিনা সাত চল্লিশ প্রকার জবন চিত্ত, ও বায়ান্ন প্রকার চৈতসিক উৎপত্তির পর প্রথম লোকোত্তর জবন ফল চিত্ত বিনা অপর একান্ন প্রকার জবন চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিক উৎপত্তির উপকার হয়। এবং অন্যান্য প্রত্যয় বা সম্প্রযুক্ত প্রত্যয় বশ দ্বারা চিত্তের সহিত চৈতসিক উৎপত্তি ধর্ম্মের উপকার হয়।

হেতু আদি প্রত্যয় বশ দ্বারা হেতু ধ্যানাঙ্গ ও মার্গাঙ্গের সহিত নাম রূপ জাতের উপকার হয়। কর্ম্ম প্রত্যয় বশ দ্বারা উননব্বই প্রকার চিত্তের সহিত চেতনা জাত হয়, নাম রূপের সহিত চেতনা জাত হয়, নানা প্রকার অতীত ক্ষণে চেতনা হয়, এবং আমি কর্ম্মের কারণ হইয়া নাম রূপের উপকার হয়। বিপাক প্রত্যয় বশ দ্বারা ছত্রিশ প্রকার বিপাক চিত্ত, ও চারি প্রকার নাম স্কন্ধের সহিত অন্যান্য রূপ জাতের উপকার হয়। এই নাম রূপের পাঁচ প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

পশ্চাৎ জাত প্রত্যয় বশ দ্বারা চিত্ত ও চৈতসিকের ধর্ম্ম পশ্চাতে জাত হয়, ইহার পূর্ব্ব জাতের কায়ার উপকার হয়। এই রূপের এক প্রকার প্রত্যয়ের দ্বারা নামের উপকার হয়।

পূর্ব্ব জাত প্রত্যয় বশ দ্বারা ছয় প্রকার বস্তুর প্রবৃত্তির সময়ে সাত প্রকার বিজ্ঞান ধাতু, পঞ্চ অবলম্বন, ও পঞ্চ বিজ্ঞান বীথির উপকার হয়। এই নামের এক প্রকার প্রত্যয়ের দ্বারা রূপের উপকার হয়।

অবলম্বন প্রত্যয় বশ দ্বারা ও উপাশ্রয় প্রত্যয় বশ দ্বারা প্রজ্ঞপ্তি ও নাম রূপের উপকার হয়। এই নামের দুই প্রকার প্রত্যয়ের দ্বারা প্রজ্ঞপ্তি ও নাম রূপের উপকার হয়। সেই দুই প্রকার প্রত্যয়ের মধ্যে অবলম্বন প্রত্যয় রূপাদি বশ দ্বারা ছয় প্রকার অবলম্বন প্রত্যয় হয়।

পুনর্ব্বার উপাশ্রয় প্রত্যয় বর্ণনা করিতেছি। অবলম্বন উপাশ্রয় প্রত্যয়, অনন্তর উপাশ্রয় প্রত্যয়, ও প্রকৃত উপাশ্রয় প্রত্যয়, এই তিন প্রকার উপাশ্রয় প্রত্যয় গুরুত্ব অবলম্বন করে, ইহাই অবলম্বন উপাশ্রয় প্রত্যয়। অর্হন্ত চ্যুতি চিত্ত বিনা অপর উননব্বই প্রকার চিত্ত ও বায়ান্ন প্রকার চৈতসিকের ধর্ম্ম উৎপত্তির পর নিরোধ হয়, ইহাই অনন্তর উপাশ্রয় প্রত্যয়।

পুনর্ব্বার প্রকৃত উপাশ্রয় প্রত্যয় বর্ণনা করিতেছি। প্রকৃত উপাশ্রয় প্রত্যয় বশ দ্বারা রাগ, দোষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি ধর্ম্ম, শ্রদ্ধা, শীল, শ্রুত, ত্যাগ, প্রজ্ঞা ধর্ম্ম, কায়িকসুখ, কায়িকদুঃখ, কল্যাণ মিত্র পুদগলের উপযুক্ত ভোজন, শীত ও উষ্ণ ঋতু প্রভৃতির শয়নাসন যথোপযুক্ত মতে আধ্যাত্মিক ও বহির্দ্দেশের কুশলাদি ধর্ম্ম, কর্ম্ম, এবং ছত্রিশ প্রকার বিপাক চিত্তের উপকার হয়, এইরূপ বহু প্রকার প্রকৃত উপাশ্রয় প্রত্যয় আছে।

অধিপতি প্রত্যয়, সহজাত প্রত্যয়, অন্যান্য প্রত্যয়, আশ্রয় প্রত্যয়, আহার প্রত্যয়, ইন্দ্রিয় প্রত্যয়, বিপ্রযুক্ত প্রত্যয়, আছে প্রত্যয়, এবং অবিগত প্রত্যয় বশ দ্বারা যথোপযুক্ত মতে নাম রূপের উপকার হয়। এই নাম রূপের নয় প্রকার প্রত্যয় হয়। সেই নয় প্রকার প্রত্যয়ের মধ্যে অধিপতি অবলম্বন প্রত্যয় বশ দ্বারা গুরুত্ব অবলম্বন নামের উপকার হয়। অধিপতি সহজাত প্রত্যয় বশ দ্বারা চারি প্রকার অধিপতির সহিত জাত, ও নাম রূপের সহিত জাতের উপকার হয়, এই দুই প্রকার অধিপতি প্রত্যয় হয়।

সহজাত প্রত্যয় বশ দ্বারা চিত্ত ও চৈতসিক ধর্ম্ম, এবং অন্যান্যের সহিত রূপ জাতের উপকার হয়। সহজাত প্রত্যয় বশ দ্বারা মহাভূত, ও অন্যান্য উপাদান রূপের উপকার হয়। সহজাত প্রত্যয় বশ দ্বারা অন্যান্য প্রতিসন্ধি ক্ষণে হৃৎপিণ্ড বস্তু ও বিপাক চিত্তের উপকার হয়, এই তিন প্রকার সহজাত প্রত্যয় হয়।

অন্যান্য প্রত্যয় বশ দ্বারা অন্যান্য চিত্ত ও চৈতসিক ধর্ম্মের উপকার হয়। অন্যান্য প্রত্যয় বশ দ্বারা অন্যান্য মহাভূতের উপকার হয়। অন্যান্য প্রত্যয় বশ দ্বারা অন্যান্য প্রতিসন্ধি ক্ষণে হৃৎপিণ্ডবস্তু, ও বিপাক চিত্তের উপকার হয়। এই তিন প্রকার অন্যান্য প্রত্যয়।

আশ্রয় প্রত্যয় বশ দ্বারা অন্যান্য চিত্ত ও চৈতসিক ধর্ম্মের সহিত রূপ জাতের উপকার হয়। আশ্রয় প্রত্যয় বশ দ্বারা অন্যান্য মহাভূত ও উপাদান রূপের উপকার হয়। আশ্রয় প্রত্যয় বশ দ্বারা ছয় প্রকার বস্তু, ও সাত প্রকার বিজ্ঞান ধাতুর উপকার হয়। এই তিন প্রকার আশ্রয় প্রত্যয় হয়।

আহার প্রত্যয় বশ দ্বারা কবলিকার আহারে এই শরীরের উপকার হয়। আহার প্রত্যয় বশ দ্বারা নাম আহারের সহিত নাম রূপের উৎপত্তির উপকার হয়। এই দুই প্রকার আহার প্রত্যয়।

ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা পাঁচ প্রকার প্রসাদ রূপ ও পঞ্চ বিজ্ঞানের উপকার হয়। ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা বা রূপ জীবিতেন্দ্রিয় শক্তির দ্বারা, [ প্রবৃত্তি ও প্রতি সন্ধির দ্বারা ] জীবিতেন্দ্রিয় রূপ উৎপত্তি হয়, সেই জীবিতিন্দ্রিয় রূপ ত্যাগ করিয়া প্রতি সন্ধি কর্ম্মজ রূপ, অসংজ্ঞা সত্ব কর্ম্মজ রূপ ও প্রবৃত্তি কর্ম্মজ রূপের উপকার হয়। ইন্দ্রিয় প্রত্যয় বশ দ্বারা বা সহজাতিন্দ্রিয় শক্তির দ্বারা নাম ইন্দ্রিয়ের সহিত নাম রূপ জাতের উপকার হয়। এই তিন প্রকার ইন্দ্রিয় প্রত্যয়।

সহজাত প্রত্যয় বশ দ্বারা বা বিপ্রযুক্ত প্রত্যয়ের সহিত জাত শক্তি দ্বারা অবক্রান্তি ক্ষণে হৃৎপিণ্ড বস্তুর সহিত বিপাক চিত্ত বা প্রতিসন্ধি নাম স্কন্ধ উৎপত্তির উপকার হয়। সহজাত প্রত্যয় বশ দ্বারা বা বিপ্রযুক্ত প্রত্যয়ের সহিত জাত শক্তি দ্বারা চিত্ত ও চৈতসিক ধর্ম্মের সহিত রূপ উৎপত্তির উপকার হয়। পশ্চাৎ জাত প্রত্যয় বশ দ্বারা বা বিপ্রযুক্ত প্রত্যয়ের সহিত পশ্চাৎ জাত শক্তির দ্বারা চিত্ত ও চৈতসিক ধর্ম্মের পশ্চাৎ জাত হয়, ইহার পূর্ব্ব জাতের কায়র উপকার হয়। পূর্ব্ব জাত প্রত্যয় বশ দ্বারা বা পূর্ব্ব জাত বিপ্রযুক্ত প্রত্যয়ের শক্তি দ্বারা ছয় প্রকার বস্তু প্রবৃত্তির সময়ে সাত প্রকার বিজ্ঞান ধাতুর উপকার হয়। এই তিন প্রকার বিপ্রযুক্ত প্রত্যয় হয়।

আমি সর্ব্ব প্রকার প্রত্যয় বর্ণনা করিয়াছি। সহজাত প্রত্যয়, পূর্ব্ব জাত প্রত্যয়, পশ্চাৎ জাত প্রত্যয়, কবলিকার আহার প্রত্যয়, ও রূপ জীবিতিন্দ্রিয় প্রত্যয়, এই পঞ্চ বিধ প্রত্যয়ের ধর্ম্ম, এই আছে প্রত্যয় ও অবিগত প্রত্যয়। সর্ব্ব প্রকার প্রত্যযের সহিত অবলম্বন প্রত্যয়, উপাশ্রয় প্রত্যয়, কর্ম্ম প্রত্যয়, ও আছে প্রত্যয় সংযোগ প্রাপ্ত হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। রূপের সহিত জাত হয়, প্রবৃত্তির সময়ে চিত্ত সমুত্থান হয়, ও রূপ প্রতি সন্ধির সময়ে কর্ম্মজ রূপ বশ দ্বারা দুই প্রকার রূপ হয়, ইহা জানিও। এই প্রস্থান নীতি সম্ভব দ্বারা

আধ্যাত্মিক প্রসারণ ও বাহিৰ্দ্দেশ প্রসারণে তিন প্রকার কাল ধর্ম্ম হইতে মুক্ত হয়। সেই প্রজ্ঞপ্তি, ও নাম রূপ বশ দ্বারা বর্ত্তমান প্রত্যয় তিন প্রকারে স্থিত হয়। প্রত্যয় নামক প্রস্থান নাতি অনন্ত নয় সমন্ত পট্ঠান গ্রন্থে স্থিত আছে।

# প্রজ্ঞপ্তি।

## পালি।

তত্থ রূপ ধম্মা রূপকৃখন্ধোব। চিত্ত চেতসিক সঙ্খাতা চত্তারো অরূপিনো খন্ধা নিব্বানঞ্চেতি পঞ্চ বিধামিপ অরূপন্তিচ নামন্তিচ পবুচ্চতি। ততো অবসেসা পঞ্ঞত্তি পন পঞ্ঞাপিয়ত্তা পঞ্ঞত্তি পঞ্ঞা পনতো পঞ্ঞ-ত্তীতিচ দুবিধো হোতি।

কথং। তং তং ভূতবিপরিণামাকার মুপাদায় তথ তথা পঞ্ঞত্তা ভূমি পব্বতাদীকা। সম্ভার সন্নিবেসাকার মুপাদায় গেহ রথ সকটাদীকা। খন্ধ পঞ্চক মুপাদায় পুরিস পুগ্গলাদীকা। চন্দ বত্তনাদীক মুপাদায় দিসা কালাদীকা। অসংফুট্ঠাকার মুপাদায় কূপ গুহাদীকা। তং তং ভূত নিমিত্তং ভাবনা বিসেসঞ্চ উপাদায় কসিণ নিমিত্তাদীকা চেতি এবমাদীপ্প ভেদা পন পরমত্থতো অবিজ্জমানাপি অত্থ চ্ছায়াকারেন চিত্তুপ্পাদানমালম্বণ ভূতা। তং তং উপাদায় উপনিধায় কারণং কত্বা তথা তথা পরি কপ্পিয় মানা সঙ্খায়তি সমঞ্ঞায়তি বোহরিয়তি পঞ্ঞা-

পি য়তীতি পঞ্ঞত্তীতি পবুচ্চতি। অয়ং পঞ্ঞত্তি পঞ্ঞাপিয়ত্তা পঞ্ঞত্তি নাম। পঞ্ঞাপনতো পঞ্ঞত্তি পন নাম নাম কম্মাদী নামেন পরিদী পিতা। সা বিজ্জমান পঞ্ঞত্তি। অবিজ্জামান পঞ্ঞত্তি। বিজ্জমানেন অবিজ্জমান পঞ্ঞত্তি। অবিজ্জমানেন বিজ্জমান পঞ্ঞত্তি। বিজ্জমানেন বিজ্জমান পঞ্ঞত্তি। অবিজ্জ মানেন অবিজ্জমান পঞ্ঞত্তি চেতি ছব্বিধা হোতি। তত্থ য়দা পন পরমত্থতো বিজ্জমানং রূপ বেদনাদীং এতা য়পঞ্ঞাপেন্তি। তদায়ং বিজ্জমান পঞ্ঞত্তি। য়দা পন পরমত্থতো অবিজ্জমানং ভূমি পব্বতাদীং এতায় পঞ্ঞ- পেন্তি। তদায়ং অবিজ্জ মান পঞ্ঞত্তীতি পবুচ্চতি। উভিন্নং পন বোমিস্সক বসেন সেসা য়থা ক্বমং ছলভিঞ্ঞা ইত্থি সদ্দোচক্খু বিঞ্ঞাণং রাজ পুত্তোতিচ বেদিতব্বা।

বচী ঘোসানুসারেন, সোত বিঞ্ঞাণ বীথিয়া,
পবত্তানন্ত রূপ্পন্ন, মনোদ্বারস্সগোচরা।
অত্থায়স্সানুসারেন, বিঞ্ঞায়ন্তি ততোপরং,
সায়ং পঞ্ঞাত্তি বিঞ্ঞেয়্যা, লোক সঙ্কেত নিম্মিতা।

ইতি অভিধম্মত্থ সঙ্গহে পচ্চয় সঙ্গহ বিভাগো নাম অট্‌ঠমো পরিচ্ছেদো।

## সান্বয়ার্থ।

(তত্থ রূপ ধম্মা) সেই রূপের ধর্ম্মকে (রূপক্খন্ধোব) রূপ স্কন্ধ (পবুচ্চতি) বলে। (চিত্ত চেতসিক) চিত্ত ও চৈতসিককে (চত্তারো অরূপিনোখন্ধা সঙ্খাতা) চারি প্রকার অরূপ বা চারি প্রকার নাম স্কন্ধ কহে, (নিব্বানঞ্চ) এবং নির্ব্বাণ, (ইতি পঞ্চবিধংপি) এই পাঁচ প্রকার

( অরূপন্তিচ ) অরূপ ও ( নামন্তিচ ) নাম ( পবুচ্চতি ) বর্ণিত হইয়াছে। ( পন ) পুনর্ব্বার প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। ( ততোত্তেহি নাম রূপেহি ) সেই নাম রূপ হইতে ( অবসেসা ) অবশেষে ( পঞ্ঞাপিয়ত্তা ) প্রজ্ঞা দ্বারা ( পঞ্ঞত্তি ) অর্থ পজ্ঞপ্তি, ( চ ) ও ( পঞ্ঞা পন তো ) প্রজ্ঞা দ্বারা ( পঞ্ঞত্ত ) শব্দ পজ্ঞপ্তি, ( পঞ্ঞত্তীতিচ দুবিধাহোতি ) এই দুই প্রকার প্রজ্ঞপ্তি হয়।

( কথং ) কত পকার প্রজ্ঞপ্তি ? ( তং তং ভূত বিপরিণামাকার মুপাদায় ) সেই সেই মৃত্তিকা মহা ভূত উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া ( তথা তথা ) সেই সেই ( পঞ্ঞত্তা ) প্রজ্ঞা দ্বারা (ভূমি পব্বতাদীকাচ ) ভূমিও পর্ব্বতাদি নির্ম্মিত হয়, এই বিস্তার প্রজ্ঞপ্তি। ( সন্তার সন্নিবেসাকার মুপাদায় ) কাষ্ঠ উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ( গেহ রথ সকটাদী কাচ ) গৃহ, রথ, ও শকটাদি নির্ম্মিত হয় ; মৃত্তিকা উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ঘট নির্ম্মিত হয় ; এবং সূতা উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞার দ্বারা বস্ত্র নির্ম্মিত হয়, এই সমূহ প্রজ্ঞপ্তি।

( খন্ধ পঞ্চক মুপাদায় পুরিস পুগ্গলাদীকা ) পঞ্চ স্কন্ধ উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা পুরুষ ও স্ত্রী পুদগলাদি নির্ম্মিত হয়, এই জাতি প্রজ্ঞপ্তি।

( চন্দাবত্তনাদীক মুপাদায় ) চন্দ্র, সূর্য্য, ও নক্ষত্র উপাদানের গতি পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ( দিসা কালাদীকাচ ) দিশা, কাল, ও মাসাদি * প্রজ্ঞপ্তি।

( অসংফুট্ঠাকার মুপাদায় ) অস্ফুট বা অবিকাসিত উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ( কূপ গুহাদীকা ) কূপ ও গুহাদি নির্ম্মিত হয়, এই আকাশ প্রজ্ঞপ্তি।

---

* পুর্ব্বদিক্, পশ্চিম দিক্, দক্ষিণ দিক্ ও উত্তর দিক্, এই দিশা প্রজ্ঞপ্তি। প্রাতঃকাল, দিবস কাল, সন্ধ্যাকাল ও রাত্রিকাল, এই কাল প্রজ্ঞপ্তি। মাস ও বৎসর, এই মাস প্রজ্ঞপ্তি।

( তংতং ভুতনিমিত্তং ভাবনা বিসেসঞ্চ উপাদায় ) সেই সেই মৃত্তিকার নিমিত্ত ভাবনা *, বিশেষের উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ( কসিণ নিমিত্তাদীকাচ ) কৃৎস্ন নিমিত্তাদির †, প্রজ্ঞা হয়, এই নিমিত্ত প্রজ্ঞপ্তি। ( ইতি এবমাদীপ্পভেদাপন ) এইরূপ প্রভেদ ( পরমথতো ) পরমার্থ হইতে ( অবিজ্জামানাপি ) অবিদ্যামান ( অথচ্ছায়াকারেন ) পরমার্থ ছায়ার আকার দ্বারা ( চিত্তুপ্পাদানং ) চিত্ত ও চৈতসিক উৎপত্তি ও ( আলম্বণভুতা ) অবলম্বন হইয়া ( তংতং উপাদায় উপনিধায় কারণং কত্বা ) সেই সেই উপাদান সাহায্যের কারণ করতঃ ( তথা তথা ) সেই সেই ( পরিকপ্পিয়মানা ) পরিকল্পিত মান ( সংখায়তি ) গণনায়ে ( সমঞ্ঞায়তি ) নাম ( বোহরিয়তি ) ব্যবহারের ( পঞ্ঞাপিয়তি ) প্রজ্ঞা হয়। ( ইতি পঞ্ঞত্তি পবুচ্চতি ) এই অর্থপ্রজ্ঞপ্তি বর্ণিত হইয়াছে। ( অয়ংপঞ্ঞত্তি ) এইরূপে প্রজ্ঞপ্তি ( পঞ্ঞাপিয়ত্তা ) প্রজ্ঞাদ্বারা (পঞ্ঞত্তি নাম ) অর্থ প্রজ্ঞপ্তি নাম বা বিদ্যমান নাম হয়।

( পন ) পুনর্ব্বার শব্দ প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। ( পঞ্ঞাপনতো ) প্রজ্ঞা হইতে ( নাম নামকম্মাদি নামেন ) নাম ‡, নামকর্ম্ম §, নামধ্যেয় ||, নিরুক্তি ¶, ব্যঞ্জন ১, অভিলাভ ২, হয়, এই ছয় প্রকার নাম দ্বারা ( পঞ্ঞত্তি পরিদীপিতা ) শব্দ প্রজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে।

( সা ) সেই ছয় প্রকার নাম দ্বারা শব্দ প্রজ্ঞপ্তি দর্শন করে। ( বিজ্জমান পঞ্ঞত্তি ) বিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থের দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয় ],

---

* মৃত্তিকামণ্ডলের পরিকর্ম্ম ভাবনা, এই ভাবনা।

† উগ্রহ নিমিত্ত ও প্রতিভাগ নিমিত্ত, এই কৃৎস্ন নিমিত্তাদি।

‡ যে স্থান হইতে নাম উৎপত্তি হইয়াছে, সেই স্থানের দিকে নম্র ভাবে দৃষ্টি করে, এই নাম।

§ যে স্থানের কর্ম্মে নাম প্রকাশ হইয়াছে, সেই স্থানের দিকে নম্রভাবে দর্শন করে, এই নাম কর্ম্ম।

|| যে স্থানের ধ্যানে নাম উত্থান হইয়াছে, সেই স্থানের দিকে নম্র ভাবে দৃষ্টি করে, এই নামধেয়।

¶ যে বাক্য প্রকাশ করিয়া ব্যাখ্য করে, তাহাকে নিরুক্তি বলে।

১ যে বাক্য দর্শন করিয়া বর্ণনা করে, তাহাকে ব্যঞ্জন কহে।

২ যে কোন প্রকার শব্দ সোজা গমন করে, তাহাকে অভিলাভ বলে।

( অবিজ্জমান পঞ্ঞত্তি ) অবিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয়না ], ( বিজ্জমানেন অবিজ্জমান পঞ্ঞত্তি ) বিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হইয়া পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয় না ] ( অবিজ্জমানেন বিজ্জমান পঞ্ঞত্তি ) অবিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থের দ্বারা অনুভব না হইয়া পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয় ], ( বিজ্জমানেন বিজ্জমান পঞ্ঞত্তি ) বিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হইয়া পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয় ], ( অবিজ্জমানেন অবিজ্জমান পঞ্ঞত্তিচ ) এবং অবিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব না হইয়া পরমার্থ দ্বারা প্রজ্ঞপ্তি অনুভব হয় না ], ( ইতি ছব্বিধাহোতি ] এই ছয় প্রকার প্রজ্ঞপ্তি হয়।

( পন ) পুনর্ব্বার সেই বাক্যের অনুভব বর্ণনা করিতেছি। ( তথ ) সেই ছয় প্রকার প্রজ্ঞপ্তির মধ্যে ( যদা ) যখন ( এতায় ) সেই [ রূপ ও বেদনাদির শব্দ প্রজ্ঞপ্তির ] ( পরমথতো ) পরমার্থ দ্বারা ( বিজ্জমানং ) বিদ্যমান [ অনুভব ] (রূপবেদনাদীং ) রূপবেদনাদির ( পঞ্ঞাপেন্তি ) প্রজ্ঞা হয়, ( তদা ) তখন ( অয়ং ) এই [ রূপবেদনাদির ] ( বিজ্জমান পঞ্ঞত্তি ) বিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা শব্দ প্রজ্ঞপ্তি অনুভব ] হয়, ( ইতি পবুচচতি ) এই শব্দ প্রজ্ঞপ্তি বর্ণিত হইয়াছে। ( পন ) পুনর্ব্বার অবিদ্যমান প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। ( যদা ) যখন ( এতায় পরমথতো ) সেই [ ভূমি ও পর্ব্বাদির শব্দ প্রজ্ঞপ্তির ] পরমার্থ দ্বারা ( অবিজ্জমানং ) অবিদ্যমান [ অনুভব নাই ] ( ভূমি পব্বতাদীং ) ভূমি ও পর্ব্বাদির ( পঞ্ঞাপেন্তি ) প্রজ্ঞা হয়, ( তদা ) তখন ( অয়ং ) এই [ ভূমি ও পর্ব্বতাদি প্রজ্ঞপ্তির ] ( অবিজ্জমান পঞ্ঞত্তি ) অবিদ্যমান প্রজ্ঞপ্তি [ পরমার্থ দ্বারা শব্দ প্রজ্ঞাপ্ত অনুভব নাই ], ( ইতি পবুচচত্তি ) এই শব্দ প্রজ্ঞপ্তি বর্ণিত হইয়াছে । ( পন ) পুনর্ব্বার মিশ্রিক প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। ( উভিন্নং বোমিস্সক বসেন ) উভয় বিনা * মিশ্রিক বশ দ্বারা ( সেসা ) বিদ্যমান প্রজ্ঞপ্তি ও অবিদ্যমান প্রজ্ঞপ্তির অবশেষ বিদ্যমানের দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি, অবিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি, বিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি এবং অবিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি, এই চারি প্রকার প্রজ্ঞপ্তি হইতে ( যথাকমং ) যথা

* বিদ্যমান প্রজ্ঞপ্তি ও অবিদ্যমান প্রজ্ঞপ্তি, এই উভয় বিনা।

ক্রমে (ছল্‌হাভিঞ্ঞেঞ্ঞা) ছয় প্রকার অভিজ্ঞান হয়। যথা—(ইত্থিসদ্দো) স্ত্রীশব্দ * (চক্খুবিঞ্ঞাণং) চক্ষু বিজ্ঞান †, (রাজপুত্তো) রাজপুত্র ‡, (ইতি বেদিতব্বা) ইহা জানিও।

(বচীঘোসানুসারেন) ভূমি, পর্ব্বত, রূপ ও বেদনাদি বাক্যের শব্দানুসার দ্বারা (সোতবিঞ্ঞাণ বীথিয়া) শ্রবণ বীথি মনোদ্বারে (পবত্তানন্তরুপ্পন্ন মনোদ্বারস্স গোচরা) প্রবৃত্তের পর সেই শব্দ মনোদ্বারের গোচর উৎপন্ন হয়, (ততোপরং) তৎপর (অত্থায়স্সানুসারেন) যে পরমার্থ [ভূমি ও পর্ব্বতাদি বাক্য] শব্দের নাম প্রজ্ঞপ্তি অনুসার দ্বারা শব্দের অর্থ জ্ঞান হয়। (সায়ং পঞ্ঞত্তি) সেই শব্দের অর্থ প্রজ্ঞপ্তি দ্বারা (লোক সঙ্কেত নিম্মিতা) লোক [মহাকল্প] নির্ম্মিতা সঙ্কেত (বিঞ্ঞেয়্যা) জ্ঞান হয়। (ইতি অভিধম্মত্থ সঙ্গহে) এই অভিধর্ম্মার্থ সংগ্রহের (পচ্চয় সঙ্গহ বিভাগো) প্রত্যয় সংগ্রহ বিভাগ (নাম অট্ঠমো পরিচ্ছেদো) নামক অষ্টম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

সেই রূপের ধর্ম্মকে রূপ স্কন্ধ বলে। চিত্ত ও চৈতসিককে চারি প্রকার স্কন্ধ কহে, এবং নির্ব্বাণ, এই পাঁচ প্রকার অরূপ ও নাম বর্ণিত হইয়াছে। পুনর্ব্বার প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। সেই নাম রূপ হইতে অবশেষে প্রজ্ঞা দ্বারা অর্থ প্রজ্ঞপ্তি ও প্রজ্ঞা দ্বারা শব্দ প্রজ্ঞপ্তি, এই দুই প্রকার প্রজ্ঞপ্তি হয়।

কত প্রকার প্রজ্ঞপ্তি? সেই সেই মৃত্তিকা মহা ভূত উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ভূমি ও পর্ব্বতাদি নির্ম্মিত হয়, এই

---

* স্ত্রী অবিদ্যমানের কারণ, সেই শব্দ বিদ্যমানের কারণ স্ত্রী শব্দ অবিদ্যমানের দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি।

† চক্ষু প্রসাদের আশ্রিত চক্ষু বিজ্ঞান বিদ্যমানের কারণ, সেই চক্ষু বিজ্ঞান বিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি।

‡ রাজপুত্রের সম্মতি সত্য উৎপত্তি হইয়া সেই উৎপত্তির কারণে, সে রাজপুত্র অবিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি।

বিস্তার প্রজ্ঞপ্তি। কাষ্ঠ উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা গৃহ, রথ, ও শকটাদি নির্ম্মিত হয়; মৃত্তিকা উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা ঘট নির্ম্মিত হয়, এবং সূতা উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা বস্ত্র নির্ম্মিত হয়, এই সমূহ প্রজ্ঞপ্তি।

পঞ্চ স্কন্ধ উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা পুরুষ ও স্ত্রী পুদগলাদি নির্ম্মিত হয়, এই জাতি প্রজ্ঞপ্তি।

চন্দ্র, সূর্য্য ও নক্ষত্র উপাদানের গতি পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা দিশা, কাল ও মাসাদি প্রজ্ঞপ্তি।

অস্ফুট উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা কূপ ও গুহাদি নির্ম্মিত হয়, এই আকাশ প্রজ্ঞপ্তি।

সেই সেই মূর্মিত্তি কার নিমিত্ত ভাবনা বিশেষের উপাদানের আকার পরিবর্ত্তন হইয়া সেই প্রজ্ঞা দ্বারা কৃৎস্ন নিমিত্তাদির প্রজ্ঞা হয়, এই নিমিত্ত প্রজ্ঞপ্তি।

এইরূপ প্রভেদ পরমার্থ হইতে অবিদ্যমান পরমার্থ ছায়ার আকার দ্বারা চিত্ত ও চৈতসিক উৎপত্তি ও অবলম্বন হইয়া সেই উপাদান সাহায্যের কারণ করতঃ সেই পরিকল্পিত মান গণনায়ে নাম ব্যবহারে প্রজ্ঞা হয়, এই অর্থ প্রজ্ঞপ্তি বর্ণিত হইয়াছে। এইরূপে প্রজ্ঞপ্তি প্রজ্ঞা দ্বারা অর্থ প্রজ্ঞপ্তি নাম বা বিদ্যমান নাম হয়।

পুনর্ব্বার শব্দ প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। প্রজ্ঞা হইতে নাম, নাম কর্ম্ম, নামধেয়, নিরুক্তি, ব্যঞ্জন, অভিলাভ হয়, এই ছয় প্রকার নাম দ্বারা শব্দ প্রজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে।

সেই ছয় প্রকার নামের দ্বারা শব্দ প্রজ্ঞপ্তি দর্শন করে। বিদ্যমান প্রজ্ঞপ্তি, অবিদ্যমান প্রজ্ঞপ্তি, বিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি, অবিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি, বিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি এবং অবিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি, এই ছয় প্রকার প্রজ্ঞপ্তি হয়।

পুনর্ব্বার সেই বাক্যের অনুভব বর্ণনা করিতেছি। সেই ছয় প্রকার প্রজ্ঞপ্তির মধ্যে যখন সেই পরমার্থের দ্বারা বিদ্যমান রূপ ও বেদনাদির দ্বারা প্রজ্ঞা হয়, তখন এই বিদ্যমান প্রজ্ঞপ্তি হয়, এই শব্দ প্রজ্ঞপ্তি বর্ণিত হইয়াছে। পুনর্ব্বার অবিদ্যমান প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। যখন সেই পরমার্থ দ্বারা অবিদ্যমান ভূমি ও পর্ব্বতাদির প্রজ্ঞা হয়, তখন এই অবিদ্যমান প্রজ্ঞপ্তি, এই শব্দ প্রজ্ঞপ্তি, বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার মিশ্রিক প্রজ্ঞপ্তি বর্ণনা করিতেছি। উভয় বিনা মিশ্রিক বশ দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি ও অবিদ্যমান প্রজ্ঞপ্তির অনশেষ বিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি, অবিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি বিদ্যমান দ্বারা বিদ্যমান প্রজ্ঞপ্তি এবং অবিদ্যমান দ্বারা অবিদ্যমান প্রজ্ঞপ্তি হয়, এই চারি প্রকার প্রজ্ঞপ্তি হইতে যথা ক্রমে ছয় প্রকার অভিজ্ঞান হয়। যথা—স্ত্রী শব্দ, চক্ষু বিজ্ঞান, ও রাজ পুত্র, ইহা জানিও।

ভূমি, পর্ব্বত, রূপ ও বেদনাদি বাক্যের শব্দানুসার দ্বারা শ্রবণ বীথি মনোদ্বারে প্রবৃত্তের পর সেই শব্দ মনোদ্বারের গোচর উৎপন্ন হয়, তৎপর যে পরমার্থ শব্দের নাম প্রজ্ঞপ্তি অনুসার দ্বারা শব্দের অর্থজ্ঞান হয়। সেই শব্দের অর্থ প্রজ্ঞপ্তি দ্বারা লোক নির্ম্মিত সঙ্কেত জ্ঞান হয়। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের প্রত্যয় সংগ্রহ বিভাগ নামক অষ্টম পরিচ্ছেদ সম্পূর্ণ হইয়াছে।

# নবম পরিচ্ছেদ।

## সপ্রায়ঃ প্রভেদ।

### পালি।

সমথ বিপস্সনানং, ভাবনা নমিত্তো পরং,
কম্মট্ঠানং পবক্খামি, দুবিধম্পি যথাক্কমং।

তত্থ সমথ সঙ্গহে তাব দস কসিণানি, দস অসুভা, দসঅনুস্সতিয়োচ তসেসা অপ্পমঞ্ঞায়ো, একাসঞ্ঞা, একং ববত্থানং, চত্তারো আরূপ্পাচেতি সত্তবিধেন সমথ কম্মট্ঠানসঙ্গহো। রাগ চরিতা, দোস চরিতা, মোহ চরিতা, সদ্ধাচরিতা, বুদ্ধিচরিতা, বিতক্কচরিতা চেতি ছব্বিধেন চরিত সঙ্গহো। পরিকম্ম ভাবনা, উপচার ভাবনা, অপ্পনা ভাবনা চেতি তিসেসা ভাবনা। পরিকম্মনিমিত্তং, উগ্গহ নিমিত্তং, পটিভাগ নিমিত্তঞ্চেতি তীণি নিমিত্তানিচ বেদিতব্বানি।

কতং। পথবী কসিণং, আপো কসিণং, তেজো কসিণং, বায়ো কসিণং, নীল কসিণং, পীত কাসণং, লোহিত কসিণং, ওদাত কসিণং, আকাস কসিণং, আলোক কসিণঞ্চেতি ইমানি দসকাসণানি নাম। উদ্ধুমাতকং, বিনীলিকং, বিপুব্বকং, বিচ্ছিদ্দকং, বিক্খায়িতকং, বিক্খিত্তকং, হতবিক্খিত্তকং, লোহিতকং, পুলহুবকং, অট্ঠিকঞ্চেতি ইমেদস অসুভানাম। বুদ্ধানুস্সতি, ধম্মানুস্সতি,

সংঘানুস্সতি, সীলানুস্সতি, চাগানুস্সতি, দেবতানুস্সতি, উপসমানুস্সতি, মরণানুস্সতি, কায়গতাসতি, আনাপানা সতিচেতি ইমাদস অনুস্সতিয়োনাম। মেত্তা. করুণা, মুদিতা, উপেক্খাচেতি ইমাচ তসেসা অপ্পমঞ্ঞায়োনাম। ব্রহ্ম বিহারোতিচ পবুচ্চতি। আহারে পটিকূলসঞ্ঞা একা-সঞ্ঞানাম। চতুধাতুব্বত্থানং একংব্বত্থানং নাম। আকাস নঞ্চায়তনাদয়ো চত্তারো আরূপ্পানামাতি সব্বথাপি সমথ নিদ্দেসে চত্তালীস কম্মট্ঠানানিভবান্ত। চরিতাসু পন দস অসুভা কায়গতা সতি সঙ্খাতা কোট্ঠাস ভাবনাচ রাগচরিত-স্সসপ্পায়া। চতসেস্সা অপ্পমঞ্ঞায়ো নীলাদীনিচ চত্তারি কসিণানি দোসচরিতস্স। আনাপানং মোহ চরিতস্স বিতক্ক চরিতস্সচ বুদ্ধানুস্সতি আদয়োছ সদ্ধা-চরিতস্স। মরণ উপসম সঞ্ঞাব্বত্থানানি বুদ্ধি চরিতস্স। সেসানি পন সব্বানিপি কম্মট্ঠানানি সব্বেসংপি সপ্পয়ানি। তত্থাপি কসিণেসু পুথুলং মোহচরিতস্স। খুদ্দকং বিতক্ক চরিতস্সেব। অয়মেথ সপ্পায়ভেদো।

## সান্বয়ার্থ।

(ইতোপরং) এই প্রত্যয় সংগ্রহের পর (সমথ বিপস্সনামং ভাবনানং) শমথ ভাবনা ও বিদর্শন ভাবনা, (দুবিধম্পি কম্মট্ঠানং) এই দুই প্রকার কর্ম্মস্থান (যথাকমং) যথাক্রমে (পবক্খামি) বর্ণনা করিতেছি।

(তত্থ সমথ সঙ্গহে তাব) সেই শমথ ভাবনা সংগ্রহ এক্ষণে বর্ণনা করি-তেছি। (দস কসিণানি) দশ প্রকার কৃৎস্ন, (দস অসুভা) দশ প্রকার অশুভ, (দস অনুস্সতিয়ো) দশ প্রকার অনুস্মৃতি, (চতস্স অপ্পমঞ্ঞায়ো) চারি প্রকার অপ্রমাণ্য (একাসঞ্ঞা) এক প্রকার সংজ্ঞা, (একংব্বত্থানং)

এক প্রকার ব্যবস্থান, (চত্তারো অরূপ্পাচ) এবং চারি প্রকার অরূপ, (ইতি সত্তবিধেন) এই সাত প্রকার কর্ম্মস্থান দ্বারা (সমথ কম্মট্ঠান সঙ্গহো) চল্লিশ প্রকার শমথ কর্ম্মস্থান সংগ্রহ (বেদিতব্বা) জানিও।

(রাগ চরিতা) রাগ চরিত্র, (দোস চরিতা) দোষ চরিত্র, (মোহ চরিতা) মোহ চরিত্র (সদ্ধা চরিতা) শ্রদ্ধা চরিত্র, (বুদ্ধি চরিতা) বুদ্ধি চরিত্র, (বিতক্ক চরিতাচ) এবং বিতর্ক চরিত্র, (ইতি ছব্বিধেন) এই ছয় প্রকার চরিত্র দ্বারা (চরিত সঙ্গহো) চরিত্র সংগ্রহ (বেদিতব্বা) জানিও।

(পরিকম্ম ভাবনা) পরিকর্ম্ম ভাবনা *, (উপাচার ভাবনা) উপচার ভাবনা †, (অপ্পনা ভাবনাচ) এবং অর্পণ ভাবনা ‡, (ইতি তিস্সো ভাবনা) এই তিন প্রকার ভাবনা (বেদিতব্বা) জানিও।

(পরিকম্ম নিমিত্তং) পরিকর্ম্ম নিমিত্ত §, (উগ্গহ নিমিত্তং) উদ-গ্রহ নিমিত্ত ||, (পটিভাগ নিমিত্তঞ্চ) এবং প্রতিভাগ নিমিত্ত ¶, (ইতি তীণি নিমিত্তানিচ বেদিতব্বানি) এই তিন প্রকার নিমিত্ত জানিও।

---

* প্রতি সংস্কায় কর্ম্মের আদি কর্ম্ম বা ভাবনার পূর্ব্বভাগের কর্ম্মকে পরি কর্ম্ম ভাবনা বলে।

† নিবারণ প্রতিবন্ধন হইতে প্রথম গোত্রভু পর্য্যবসান ও কামাবচর ভাবনা প্রাপ্ত হয়, সেই কারণ অর্পণ ভাবনা নিকট হয়, এই উপাচার ভাবনা।

‡ মহৎগত চিত্তের ভাব প্রাপ্ত হয়। এই অর্পণ ভাবনা।

§ কৃৎস্ন ধ্যান দ্বারা মৃত্তিকার মণ্ডলাদি অবলম্বন হয়। এই পরিকর্ম্ম নিমিত্ত।

|| সেই ধ্যান দ্বারা পুর্ব্বোক্ত নিমিত্তের মণ্ডলাদি লাভ হইয়া চক্ষু দর্শনের সদৃশ মন দ্বারা সেই মণ্ডল দর্শন [চক্ষু নিমীলত করিলে ঐ মণ্ডল দর্শন] হয়, এই উদগ্রহ নিমিত্ত।

¶ মন দ্বারা পুর্ব্বোক্ত উদগ্রহ নিমিত্তের মণ্ডল পুনঃ পুনঃ দৃষ্টি করিলে সেই ১ কৃৎস্নের বর্ণনাদির দোষ রহিত হয়, এই প্রতিভাগ নিমিত্ত।

---

১। কৃৎস্ন মণ্ডল অদৃশ্য হয়।

( কথং ) কত প্রকার কর্ম্মস্থান ? ( পথবী কসিণং ) পৃথিবী কৃৎস্ন *. ( আপোকসিণং ) আপকৃৎস্ন †, ( তেজোকসিণং ) তেজ কৃৎস্ন ‡, ( বায়ো কসিণং ) বায়ু কৃৎস্ন §, ( নীল কসিণং ) নীল কৃৎস্ন

---

* যোগীরা সমভূমির উপর মণ্ডল নির্ম্মাণ করিয়া, সেই মণ্ডল কিঞ্চিৎ গভীর করতঃ অরুণ বর্ণের কর্দ্দম মৃত্তিকা দিয়া লেপন করিয়া ; উঁহারা সেই মণ্ডলের কিঞ্চিৎ অন্তরে যোগাসনে ১ উপবিষ্ট হইয়া সেই মণ্ডলের অভিমুখে চক্ষু স্থির করত: মণ্ডল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কূটস্থে ২ মনোদ্বারের কুশল জবন চিত্তে ৩ পৃথিবী কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন মণ্ডলের বহির্ভূত না হয়, সেই নিয়মে পৃথিবী কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, গোল পাত্রে জল পরিপূর্ণ করিয়া সেই পাত্রের কিঞ্চিৎ অন্তরে যোগাসনে উপবিষ্ট হওত: সেই পাত্রের অভিমুখে চক্ষু স্থির করিয়া, পাত্রের জল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে আপকৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন পাত্রের বহির্ভূত না হয়, সেই নিয়মে আপকৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, দেওয়ালের গোলছিদ্রের বহির্দ্দেশে প্রজ্বলিত অগ্নি স্থাপিত করিয়া সেই দেওয়ালের অভ্যন্তরে যোগাসনে উপবিষ্ট হইয়া সেই ছিদ্রের অভিমুখে চক্ষু স্থির করতঃ অগ্নি দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে তেজ কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষু দৃষ্টি যেন অগ্নির বহির্ভূত না হয়, সেই নিয়মে তেজ কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

§ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওত: দেওয়ালে গোলছিদ্রের বর্হির্দ্দেশে বায়ুতে বৃক্ষের পত্র ঝুলন দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বায়ু কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন পত্র ঝুলনের বহির্ভূত না হয়, সেই নিয়মে বায়ু কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

---

১। যোগাসন নানা প্রকার আছে। যে আসন করিতে কষ্ট হয় না, সেই আসন বর্ণনা করিতেছি। জানু ও উরুর মধ্যে পদতল দ্বয় রাখিয়া তৎপর ক্রোড়ের উপর বাম হস্ত চিৎ করিয়া স্থাপিত করিবে, সেই হস্তের উপর দক্ষিণ হস্ত চিৎ করিয়া রাখিবে, এই দুই হস্ত পাত্র সর্প ফণাকৃতি করতঃ শরীর ঋজু ও মুখ বন্ধ করিয়া সুখে উপবেশন করার নাম স্বস্তিক আসন।

২। দুই চক্ষুর ভ্রূ ও নাসিকার সন্ধির স্থানকে কূটস্থ বলে।

৩। কুশল জ্ঞান সম্প্রযুক্ত চিত্তকে মনোদ্বারের কুশল জবন চিত্ত কহে।

*, ( পীত কসিণং ) পীত কৃৎস্ন †, ( লোহিত কসিণং ) লোহিত কৃৎস্ন ‡, ( ওদাত কসিণং ) অবদাত কৃৎস্ন §, ( আকাস কসিণং ) আকাশ কৃৎস্ন ||, ( আলোক কসিণঞ্চ ) এবং আলোক কৃৎস্ন ¶, ( ইতি ইমানি দসকাসি

* যোগীরা, নীল বর্ণের পুষ্প, এক টুকরা নীল বর্ণের বস্ত্র বা নীল রং দেওয়ালের উপর মণ্ডল আকারে লেপন করিয়া উঁহারা যোগাসনে উপবিষ্ট হওতঃ সেই মণ্ডল অভিমুখে চক্ষু স্থির করিয়া মণ্ডল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে নীল কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন মণ্ডলের বহির্ভূত না হয়, সেই নিয়মে নীল কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, পীত বর্ণের পুষ্প, পীত বর্ণেরবস্ত্র বা পীত রং দেওয়ালের উপর মণ্ডল আকারে লেপন করতঃ উঁহারা যোগাসনে উপবিষ্ট হইয়া সেই মণ্ডল অভিমুখে চক্ষু স্থির করিয়া মণ্ডল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে পীত কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন মণ্ডলের বহির্ভূত না হয়, সেই নিয়মে পীত কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, লোহিত বর্ণের পুষ্প, এক টুকরা লোহিত বর্ণের বস্ত্র বা লোহিত রং দেওয়ালের উপর মণ্ডল আকারে লেপন করিয়া উঁহারা যোগাসনে উপবিষ্ট হওতঃ সেই মণ্ডল অভিমুখে চক্ষু স্থির করিয়া মণ্ডল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে লোহিত কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন মণ্ডলের বহির্ভূত না হয়, সেই নিয়মে লোহিত কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

§ যোগীরা, শ্বেত পুষ্প, এক টুকরা শুভ্র বস্ত্র বা শাদা রং দেওয়ালের উপর মণ্ডল আকারে লেপন করতঃ উঁহারা যোগাসনে উপবিষ্ট হইয়া সেই মণ্ডল অভিমুখে চক্ষু স্থির করিয়া মণ্ডল দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে অবদাত কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুরদৃষ্টি যেন মণ্ডলের বহির্ভূত না হয়, সেই নিয়মে অবদাত কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

|| যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কুঁড়ে ঘরের চালের গোল ছিদ্র দিয়া আকাশ দৃষ্টি করিয়া থাকেন। সেই সময়ে উঁহাদের কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে আকাশ কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন আকাশের বহির্ভূত না হয়, সেই নিয়মে আকাশ কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

¶ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া আলো ১র অভিমুখে চক্ষু স্থির করতঃ আলো দৃষ্টি করিয়া, কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে আলো কৃৎস্ন চিন্তা করেন। সেই ধ্যানের সময়ে উঁহাদের চক্ষুর দৃষ্টি যেন আলোর বহির্ভূত না হয়, সেই নিয়মে আলো কৃৎস্ন ধ্যান লাভ করিয়া থাকেন।

১। কুঁড়ে ঘরের চালের গোল ছিদ্র দিয়া চন্দ্রাদির যেআলো পাতহয়ত

ণানি নাম ) এই দশ প্রকার কৃৎস্ন নামক কর্ম্মস্থান।

( উদ্ধুমাতকং ) উর্দ্ধ্বস্ফীত *, ( বিনীলকং ) বিনীল †, ( বিপুব্বকং ) বিপূঁজ ‡, ( বিচ্ছিদ্দকং ) বিছিদ্র §, ( বিকৃখায়িতকং ) বিখাদিত

---

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তেউর্দ্ধ্ব স্ফীত ২. চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে ৩ আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উহারা সেই নিয়মে উর্দ্ধ্ব স্ফীত ধ্যান লাভ করেন।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বিনীল বর্ণ ৪ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ. দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেইরূপে বিনীল ধ্যান লাভ করেন।

‡ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বিপূঁজ ৫ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হয় না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেই নিয়মে বিপূঁজ ধ্যান লাভ করেন।

§ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বিছিদ্র ৬ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেইরূপে বিছিদ্র ধ্যান লাভ করিয়া থাকেন।

---

২। মৃত্যুর পর শরীর বায়ু দ্বারা চর্ম্মের থলীর ন্যায় উচ্চ হইয়া দুর্গন্ধ যুক্ত ও কুৎসিত হয়।

৩। রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ।

৪। শবদেহ শ্বেত ও লাল বর্ণ মিশ্রিত দ্বারা বিনীল বর্ণ হইয়া দুর্গন্ধ, ও ঘৃণা যুক্ত হয়।

৫। শবদেহ পূঁজ পূর্ণ হইয়া দুর্গন্ধ ও ঘৃণিত হয়।

৬। শবদেহ দুই খণ্ডে বিছিদ্র হইয়া ছিন্ন, দুর্গন্ধ ও জঘন্য হয়।

*, ( বিক্খিত্তকং ) বিক্ষিপ্ত †, ( হতবিক্খিত্তকং ) হত বিক্ষিপ্ত ‡, ( লোহি-

---

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বিখাদিত ৭ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেই নিয়মে বিখাদিত ধ্যান লাভ করেন।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বিক্ষিপ্ত ৮ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেইরূপে বিক্ষিপ্ত ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে হত বিক্ষিপ্ত ৯ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই নিয়মে ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেই নিয়মে হত বিক্ষিপ্ত ধ্যান লাভ করেন।

---

৭। শকুনি, কুকুর, ও শৃগালাদির দ্বারা শবদেহ বিবিধ আকারে বিভক্ষিত দুর্গন্ধ ও ঘৃণা যুক্ত হয়।

৮। শকুনি, কুকুর, ও শৃগালাদির দ্বারা শবদেহ বিবিধ আকারে খণ্ড খণ্ড হইয়া বিকীর্ণ দুর্গন্ধ ও ঘৃণিত হয়।

৯। কাকের পদাদি ও অস্ত্র দ্বারা শবদেহ বিবিধ আকারে ছিন্ন হইয়া বিকীর্ণ হয়।

তকং ) লোহিত *, ( পুলুবকং ) পোকা †. ( অটি্ঠকঞ্চ ) এবং অস্থি ‡, ( ইতি ইমে দস অসুভা নাম ) এই দশ প্রকার অশুভ নামক কর্ম্মস্থান।

( বুদ্ধানুস্সতি ) বুদ্ধানুস্মৃতি §, ( ধম্মানুস্সতি ) ধর্ম্মানুস্মৃতি

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ মনোদ্বারের কুশল জবন চিত্তে লোহিত ১০ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেই রূপে লোহিত ধ্যান লাভ করেন।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া মনোদ্বারের কুশল জবন চিত্তে পোকা ১১ চিন্তা করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমন, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই নিয়মে পোকা ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ মনোদ্বারের কুশল জবন্ চিত্তে অস্থি ১২ চিন্তা করেন। উহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেইরূপে অস্থি ধ্যান লাভ করিয়া থাকেন।

§ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কুটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে বুদ্ধগুণ স্মরণ ১৩ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই নিয়মে বুদ্ধানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

১০। শবদেহ হইতে তরল রক্ত ফোটা ফোটা নিঃসরণ হইয়া দুর্গন্ধ ও ঘৃণিত হয়।

১১। শবদেহ কীট পূর্ণ হইয়া দুর্গন্ধ যুক্ত ও কুৎসিত হয়।

১২। শবদেহের মাংস ও বন্ধনি প্রভৃতি পৃথক হইয়া কেবল অস্থি থাকে।

১৩। যিনি সেই তথাগত অর্হৎ ও সম্যক্ সম্বুদ্ধ; যিনি বিদ্যাচরণ সম্পন্ন, সুগত, ও লোকজ্ঞ; যিনি অনুত্তর ও দমনীয় পুরুষগণের সারথী; যিনি দেবতা ও মনুষ্যগণের শাস্তা; যিনি বুদ্ধ ও ভগবান্।

*, ( সংঘানুস্সতি ) সংঘানুস্মৃতি †, ( সীলানুস্সতি ) শীলানুস্মৃতি ‡,

---

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে ধর্ম্ম গুণ স্মরণ ১৪ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই রূপে ধর্ম্মানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থেমনোদ্বারের কুশল জবন চিত্তে সংঘ গুণ স্মরণ ১৫ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই নিয়মে সংঘানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ আপনার অখণ্ডাদি শীল ও সুপরিশুদ্ধ শীলের গুণ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে পুনঃ পুনঃ স্মরণ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেইরূপে শীলানু স্মৃতি ধ্যান লাভ করেন।

---

* যেই সে ধর্ম্ম ভগবান্ দ্বারা সুচারু রূপে আখ্যাত, সন্দৃষ্টিক, আকালিক, আহবানিক, ও পনায়িক, বিজ্ঞগণ দ্বারা নিজে নিজে জানিবার যোগ্য।

১৫। ভগবানের যেই সে শ্রাবক সংঘ, সুপ্রতিপন্ন; ভগবানের যেই সে শ্রাবক সংঘ ঋজু প্রতিপন্ন ভগবানের যে সে শ্রাবক সংঘ ন্যায় প্রতিপন্ন; ভগবানের যেই সে শ্রাবক সাম্য প্রতিপন্ন; এই যে চারি যোড়া পুরুষ, এই অষ্ট পুরুষ ব্যক্তি ভগবানের এমন শ্রাবক সংঘ, আহবানীয়, প্রহবানীয় দক্ষিণীয়, অঞ্জলি করণীয়, জগজ্জনের অনুত্তর, পুণ্য ক্ষেত্র।

(চাগাগানু স্সতি) ত্যাগানুস্মৃতি *, (দেবতানুস্সতি) দেবতানুস্মৃতি †, (উপসমানুস্সতি) উপশমানুস্মৃতি ‡, (মরণানুস্সতি) মরণানুস্মৃতি §,

---

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া আপনার কৃপণতা মুক্ত বশ দ্বারা যে দান করিয়াছে, সেই দান কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে পুনঃ পুনঃ স্মরণ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়না-অবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই নিয়মে ত্যাগানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ দেবতারা যে প্রকার শ্রদ্ধা প্রাপ্ত হন, তাদৃশ শ্রদ্ধা গুণ আমার হউক। তাঁহাদিগকে সাক্ষীর স্থানে স্থাপন করতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে সেই শ্রদ্ধা গুণ স্মরণ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেইরূপে দেবতানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে নির্ব্বানের বিরাগ গুণ স্মরণ ১৬ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান. উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উঁহারা সেই নিয়মে উপশমানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

§ যোগীরা, যোগাসনে উপবিষ্ট হওতঃ কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে মরণ স্মরণ ১৭ করেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত না হন। উঁহারা সেই ধ্যান অভ্যাস করতঃ চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেইরূপে মরণানুস্মৃতি ধ্যান লাভ করেন।

---

১৬। সর্ব্ব দুঃখ উপশম হইয়া নির্ব্বাণ হয়।

১৭। জীবিতিন্দ্রিয় ছেদন হইয়া মরণ হয়।

[ কায় গতাসতি ] কায়গতস্মৃতি. *, [ আনা পানা স্সতিচ ] এবং আনা পানস্মৃতি †, [ ইতি ইমাদস অনুস্সতিয়ো নাম ] এই দশ প্রকার অনুস্মৃতি নামক কর্ম্ম স্থান।

---

* যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া কূটস্থে মনোদ্বারের কুশল জবন চিত্তে শরীরের জিনিষগুলি স্মরণ ১৮ করেন। উহাঁরা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আশক্ত হন না। উঁহারা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করেন। উহাঁরা সেই নিয়মে কায়গতানুস্মৃতি ধ্যান লাভ করিয়া থাকেন।

† ভিক্ষুরা, অরণ্য বা বৃক্ষ মূলে কিংবা শূন্য গৃহে যোগাসনে উপবিষ্ট হইয়া চক্ষু নিমীলিত বা নাসিকার অগ্রভাগ দৃষ্টি করতঃ মনোদ্বারের কুশল জবন চিত্তে নিশ্বাস গ্রহণের সময়ে প্রথমতঃ নাসিকার অগ্রে নিশ্বাস জ্ঞান করিয়া, তৎপর বক্ষঃ মধ্যে উহা জ্ঞান করেন ; তাহার পর নাভিতে উহা জ্ঞান করিয়া থাকেন। উঁহারা প্রশ্বাস ত্যাগের সময়ে প্রথমতঃ নাভিতে প্রশ্বাস জ্ঞান করতঃ, তাহার পর বক্ষঃ মধ্যে উহা জ্ঞান করেন, তৎপর নাসিকার অগ্রে উহা জ্ঞান করিয়া থাকেন। উহাঁরা পূর্ব্বোক্ত তিন প্রকার স্থান জ্ঞানের নিয়মে যে প্রকার দীর্ঘ নিশ্বাস গ্রহণ করেন, সেই প্রকার দীর্ঘ প্রশ্বাস ত্যাগ করিয়া থাকেন, এবং যে প্রকার হ্রস্ব নিশ্বাস গ্রহণ করেন, সেই প্রকার হ্রস্ব প্রশ্বাস ত্যাগ করিয়া থাকেন। উহাঁরা সেই নিয়মে যত বার ইচ্ছা হয়, তত বার নিশ্বাস প্রশ্বাস স্মরণ করেন। উহাঁরা সেই ধ্যানের সময়ে পঞ্চ অবলম্বনে আসক্ত না হন। উহাঁরা সেই ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। যথা—গাভীর দুগ্ধ দোহনের সময় যেমন বাছুর বন্ধন করিয়া রাখা হয়, সে বাছুর যেমন বন্ধন ছিন্ন করতঃ মাতার দুগ্ধ পান করিবার জন্য চেষ্টা করে, সেইরূপ উঁহারা নিশ্বাস

---

১৮। এই শরীরে কেশ, লোম, নখ, দন্ত, চর্ম্ম, মাংস, স্নায়ু, অস্থি, অস্থির মাজা, বক্ষঃ গহ্বর, হৃৎপিণ্ড, যকৃৎ, ক্লোমা, প্লীহা, ফুস্ ফুস্, অন্ত্র, ক্ষুদ্রান্ত্র, উদর গহ্বর, বিষ্ঠা, পিত্ত, শ্লেষ্মা, পূয়, রক্ত, স্বেদ, মেদ, অশ্রু, বসা, লালা, শিথনী, লসিকা, মূত্র, এবং মস্তিষ্ক আছে। সিদ্ধার্থ নৈরঞ্জনা নদীর তীরে বোধিদ্রুম মূলে সেই ধ্যান করিয়াছিলেন।

( মেত্তা ) মৈত্র *' [ করুণা ] করুণা †, [ মুদিতা ]

প্রশ্বাস জ্ঞান ও আনাপান স্মরণে সেই জবন চিত্ত বন্ধন করিয়া থাকেন। ভিক্ষুরা, পূর্ব্বোক্ত তিন প্রকার স্থান জ্ঞানের নিয়মে একবার নিশ্বাস গ্রহণ ও একবার প্রশ্বাস ত্যাগের পর এক গণনা করেন, আর একবার উহা গ্রহণ ও একবার উহা ত্যাগের পর দুই গণনা করেন, এইরূপে ছয় বার উহা ত্যাগের পর ছয় পর্য্যন্ত গণনা করিয়া থাকেন; তৎপর উঁহারা উহা পূর্ব্বোক্ত নিয়মে এক হইতে সাত পর্য্যন্ত গণনা করেন; অতঃপর ঐ নিয়মে এক হইতে আট পর্য্যন্ত গণনা করিয়া থাকেন; তাহার পর পূর্ব্বোক্ত নিয়মে এক হইতে নয় পর্য্যন্ত গণনা করেন; তৎপর ঐ নিয়মে দশ পর্য্যন্ত গণনা করিয়া থাকেন। এই দশের অধিক নিশ্বাস প্রশ্বাস গণনার নিয়ম নাই। পূর্ব্বোক্ত নিয়মে নিশ্বাস প্রশ্বাস যত বার ইচ্ছা, তত বার গণনা করিতে পারা যায়।

ভিক্ষুরা, পূর্ব্বোক্ত তিন প্রকার স্থান জ্ঞানের নিয়মে এক বার নিশ্বাস গ্রহণ ও এক বার প্রশ্বাস ত্যাগের পর এক গণনা করেন, এইরূপে পাঁচ বার গণনার পর জপের মালা একটা ত্যাগ করিয়া থাকেন। উঁহারা সেই নিয়মে উহা যত বার ইচ্ছা হয়, তত বার গণনা করিতে পারেন। এই নিশ্বাস প্রশ্বাস ধ্যানের অবস্থা ২৮ পৃষ্ঠাতে বর্ণিত হইয়াছে। এই ধ্যানের অনেক প্রকার নিয়ম আছে, তাহা আচার্য্যের নিকট শিক্ষা করিবেন। সিদ্ধার্থ নৈরঞ্জনা নদীর তীরে বোধিদ্রুম মূলে সেই নিশ্বাস প্রশ্বাস ধ্যান করিয়া সম্যক্ সম্বুদ্ধ জ্ঞান লাভ করিয়াছিলেন ১।

* যোগীরা, অপর সত্ত্বদিগের দুঃখে ও সুখে স্নেহ করেন। এই মৈত্রের লক্ষণ; এইরূপে মৈত্র ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, অপর সত্ত্বদিগের দুঃখে দয়া করেন। এই করুণার লক্ষণ, এই নিয়মে করুণা ধ্যান লাভ করিয়া থাকেন।

১। বোম্বাইর কোন এক যোগীর অনেক শিষ্য আমাকে বলিয়াছেন। তাঁহার গুরু নিশ্বাস প্রশ্বাস ধ্যান করিয়া নিজের বা অন্যের মনোমত রূপ ধারণ, অন্যকে নিজের শরীরেও আপনাকে অন্যের শরীরে প্রবেশ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। উঁহার ধ্যানের নিয়ম যথা।—কূটস্থে চিত্ত স্থাপিত করিয়া সর্ব্বদায় নিশ্বাস প্রশ্বাস জ্ঞান করেন। যে ব্যক্তি সেই ধ্যান করে, তাহার সর্ব্বদায় গন্ধশীল রক্ষা করিতে হয়।

মুদিত,*, [উপেক্খাচ] এবং উপেক্ষা †, [ইতি চতস্সো অপ্প· মঞ্ঞ্-ঞায়ো নাম] এই চারি প্রকার অপ্রমাণ্য নামক কর্ম্মস্থান, [ইমা ব্রহ্ম বিহারোতিচ] ইহাই ব্রহ্ম বিহার নামে (পবুচ্চতি) বর্ণিত হয়।

[আহারে পটিকূল সঞ্ঞ্ঞা একা সঞ্ঞ্ঞা নাম] আহারে প্রতিকূল সংজ্ঞা [আহারের প্রতি ঘৃণা জ্ঞান] হয়, এই এক প্রকার সংজ্ঞা নামক কর্ম্মস্থান ‡। [চতুধাতু ববথানং একং ববথানং নাম] চারি প্রকার ধাতু ব্যবস্থান হয়, এই এক প্রকার ব্যবস্থান নামক কর্ম্ম স্থান §।

[আকাসানঞ্চায়তনাদয়ো] আকাশানন্ত্যায়তন, [বিঞ্ঞ্ঞাণঞ্চায়তন] বিজ্ঞানানন্ত্যায়তন, [আকিঞ্চঞ্ঞ্ঞায়তন] আকিঞ্চন্যায়তন, [নেবসঞ্ঞ্-ঞানাসঞ্ঞ্ঞায়ত নচ] ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, [চত্তারো অরূপ্পা নাম] এই চারি প্রকার অরূপ নামক কর্ম্মস্থান ‖। [ইতি সববথাপি] এই সমুদয় [সমথ নিদ্দেসে চত্তালীস কম্মট্ঠানানি ভবন্তি] চল্লিশ প্রকার শমথ কর্ম্ম স্থানের নির্দ্দেশ বর্ণিত হইয়াছে।

---

* যোগীরা, অপর সত্ত্বদিগের সুখে আমোদ করেন। এই মুদিতের লক্ষণ, এইরূপে মুদিত ধ্যান লাভ করিয়া থাকেন।

† যোগীরা, ইচ্ছা ও অনিচ্ছার মধ্যস্থ ভাব করেন, এই উপেক্ষার লক্ষণ, এই নিয়মে উপেক্ষা ধ্যান লাভ করিয়া থাকেন।

‡ যোগীরা, গমন, পর্য্যেষণ, ও পরিভোগাদি প্রত্যবেক্ষণ বশদ্বারা কবলিকার আহার ঘৃণা জ্ঞান করেন। এইরূপে আহারে প্রতিকূল সংজ্ঞা ধ্যান লাভ করিয়া থাকেন।

§ শরীরে মৃত্তিকা ধাতু, আপ ধাতু, তেজ ধাতু, ও বায়ু ধাতু স্থাপিত আছে। এই নিয়মে যোগীরা প্রত্যবেক্ষণ করিয়া চারি ধাতু ব্যবস্থান ধ্যান লাভ করিয়া থাকেন।

‖ যোগীরা, আকাশ কৃৎস্ন হইতে অপর নয় প্রকার কৃৎস্নের মধ্যে কোন এক প্রকার কৃৎস্নের প্রতিভাগ নিমিত্ত [রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থা] অতিক্রম করতঃ সেই নিমিত্ত মন হইতে উদঘাটিত করিয়া লব্ধ আকাশ প্রজ্ঞপ্তি অবলম্বন করতঃ কুশল আকাশানন্ত্যায়তন চিত্ত, ক্রিয়া আকাশানন্ত্যায়তন চিত্ত, বিপাক আকাশানন্ত্যায়তন চিত্ত অবলম্বন

(পন) পুনর্ব্বার চরিত্র বর্ণনা করিতেছি। (চরিতাসু) ছয় প্রকার চরিত্রের মধ্যে (রাগ চরিতস্‌স) রাগ চরিত্রের পুদ্গলেরা; (দস অসুভা

---

করেন, তাহার পর কুশল বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, ক্রিয়া বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত, বিপাক বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত অবলম্বন করিয়া থাকেন; অতঃপর আকাশানন্ত্যায়তন চিত্তের ভাবনাই প্রজ্ঞপ্তি অবলম্বন করিয়া কুশল আকিঞ্চন্যায়তন চিত্ত, ক্রিয়া আকিঞ্চন্যায়তন চিত্ত, বিপাক আকিঞ্চন্যায়তন চিত্ত অবলম্বন করেন; তৎপর কুশল নৈবসংজ্ঞানাসংসংজ্ঞায়তন চিত্ত, ক্রিয়া নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তনচিত্ত, বিপাক নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত অবলম্বন করিয়া থাকেন। এই দ্বাদশ প্রকার অরূপাবচর চিত্ত। যথা— একটী মণ্ডপ অশুচি মৃত্তিকার স্থানে আছে। প্রথম ব্যক্তি সেই স্থানে আগমন করিয়া অশুচি মৃত্তিকা ঘৃণার কারণ মণ্ডপে সংলগ্ন হইয়া বাস করিতেছেন। তৎপর দ্বিতীয় ব্যক্তি সেই স্থানে আসিয়া পূর্ব্বোক্ত মণ্ডপে সংলগ্ন হইয়া বাস করেন। তাহার পর তৃতীয় ব্যক্তি সেই স্থানে আসিয়া মণ্ডপে প্রবেশ করতঃ সংলগ্ন হইলে যদি মণ্ডপ ধ্বংশ হইয়া যায়, তবে আমিও অশুচি মৃত্তিকার উপর পতিত হইব, এইরূপ বিবেচনা করিয়া মণ্ডপের বাহিরে মৃত্তিকার উপর দণ্ডায়মান হইয়া থাকেন। অতঃপর চতুর্থ ব্যক্তি সেই স্থানে আগমন করিয়া তৃতীয় ব্যক্তির ন্যায় সেই মণ্ডপের বাহিরে দণ্ডায়মান হইয়া রহিয়াছেন।

সেই অশুচি মৃত্তিকার সদৃশ আকাশ কৃৎস্ন হইতে অপর নয় প্রকার কৃৎস্ন হয়। সেই মণ্ডপের সদৃশ কৃৎস্ন উদঘাটিত করিয়া লব্ধ আকাশ হয়। সেই প্রথম ব্যক্তি মণ্ডপে সংলগ্ন হইয়া বাসের সদৃশ আকাশানন্ত্যায়তন চিত্ত অবলম্বন হয়। সেই দ্বিতীয় ব্যক্তি মণ্ডপে সংলগ্নের সদৃশ বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত অবলম্বন হয়। সেই মণ্ডপের বাহিরের মৃত্তিকার সদৃশ আকাশানন্ত্যায়তন চিত্তের ভাবনাই প্রজ্ঞপ্তি অবলম্বন হয়। সেই তৃতীয় ব্যক্তি মণ্ডপের বাহিরের মৃত্তিকাতে দণ্ডায়মানের সদৃশ আকিঞ্চন্যায়তন চিত্ত অবলম্বন হয়। সেই চতুর্থ ব্যক্তি মণ্ডপের বাহিরের মৃত্তিকাতে দণ্ডায়মানের সদৃশ নৈব সংজ্ঞা নাসংজ্ঞায়তন চিত্ত অবলম্বন হইয়া থাকে।

কায়গতা সতি সঙখাতাচ) বর্ণিত দশ প্রকার অশুভ কর্ম্মস্থান * ও কায়গত স্মৃতি † কর্ম্মস্থান (কোটৃঠাস ভাবনা) [শরীরের] অংশ ভাবনার (সপ্পায়া) সহিত তপস্যা করিয়া থাকেন।

(দোস চরিতস্স) দোষ চরিত্রের পুদগলেরা ;—(চতসেসা অপ্পমঞ্ঞো-য়োচ) চারি প্রকার অপ্রমাণ্য কর্ম্মস্থান, ও (নীলাদী চত্তারি কসি-ণানি) চারি প্রকার নীলাদি কৃৎস্ন ‡ কর্ম্মস্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

(মোহ চরিত স্স বিতক্ক চরিতস্সচ) মোহ চরিত্র ও বিতর্ক চরিত্রের পুদগলেরা ;—(আনা পানং) নিশ্বাস প্রশ্বাস অবলম্বনের সহিত তপস্যা করিয়া থাকেন।

---

যোগীরা, আকাশানন্ত্যায়তন ভূমি লাভ করিতে ইচ্ছা করিয়া আকাশ কৃৎস্ন হইতে অপর নয় প্রকার কৃৎস্নের মধ্যে কোন এক প্রকার কৃৎস্নের প্রতিভাগ নিমিত্ত [রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থা] অতিক্রম করতঃ সেই নিমিত্ত মন হইতে উদঘাটিত করিয়া আকাশ হইতে কৃৎস্ন উন্মোচিত করতঃ আকাশানন্ত, আকাশানন্ত ভাবনা অবলম্বন করিয়া কুশল আকাশানন্ত্যায়তন চিত্ত লাভ করেন। তৎপর উঁহারা বিজ্ঞানান-ন্ত্যায়তন ভূমি লাভ করিতে ইচ্ছা করিয়া কুশল আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব বন্ধন করতঃ বিজ্ঞানানন্ত, বিজ্ঞানানন্ত ভাবনা অবলম্বন করিয়া কুশল বিজ্ঞানানন্ত্যায়তন চিত্ত লাভ করিয়া থাকেন। তাহার পর উঁহারা আকিঞ্চন্যায়তন ভূমি লাভ করিতে ইচ্ছা করতঃ কুশল আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব [নথিকিঞ্চি নথিকিঞ্চি] কিঞ্চিৎ নাই, কিঞ্চিৎ নাই ভাবনা অবলম্বন করিয়া কুশল আকিঞ্চন্যায়তন চিত্ত লাভ করেন। অতঃপর উঁহারা নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন ভূমি লাভ করিতে ইচ্ছা করিয়া আকিঞ্চন্যায়তন চিত্তের ভাব বন্ধন করতঃ (সন্তমেতং পণী-তমেতং) ইহা শান্তি, ইহা প্রণীত ভাবনা অবলম্বন করিয়া কুশল নৈব সংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্ত লাভ করিয়া থাকেন।

* শবদেহ। † কেশ, লোম, ও চর্ম্ম প্রভৃতি। ‡ নীল কৃৎস্ন, পীত কৃৎস্ন, লোহিত কৃৎস্ন, অবদাত কৃৎস্ন,।

(সদ্ধাচরিতস্‌স) শ্রদ্ধা চরিত্রের পুদগলেরা;—(বুদ্ধানুস্‌সতি আদয়োছ) ছয় প্রকার বুদ্ধানুস্মৃতি আদি * কর্ম্মস্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

(বুদ্ধি চরিতস্‌স) বুদ্ধি চরিত্রের পুদগলেরা;—(মরণ) মরণানুস্মৃতি, (উপসম) উপশমানুস্মৃতি, (সঞ্ঞা) আহারে প্রতি কূল সংজ্ঞা, (ববত্থানানি) ও চারি ধাতু ব্যবস্থান কর্ম্মস্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

(পন) পুনর্ব্বার সর্ব্ব প্রকার চরিত্র পুদগলের কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। (সব্বেসম্পি) সর্ব্ব প্রকার [ছয় প্রকার] চরিত্রের পুদগলেরা;—(সেসানি সব্বানিপি) সর্ব্ব অবশেষ (কম্মট্‌ঠানানি) কর্ম্মস্থান ভাবনার (সপ্পায়ানি) সহিত তপস্যা করিয়া থাকেন।

(মোহ চরিতস্‌স) মোহ চরিত্রের পুদগলেরা;—(তথাপি কসিণেস্যু) সেই কৃৎস্নের † (পুথুলং) বৃহৎ মণ্ডল ‡, (বিতক্কচরিতস্সেব) এবং বিতর্ক চরিত্রের পুদগলেরা;—সেই কৃৎস্নের (খুদ্দকং) ক্ষুদ্র মণ্ডল ‖ তপস্যা করিয়া থাকেন। (অয়মেত্থ) এই রূপে (সপ্পায় ভেদো) সপ্রায়ঃ বা তপস্যা প্রভেদ নীতি বর্ণিত হইয়াছে।

---

* বুদ্ধানুস্মৃতি, ধর্ম্মানুস্মৃতি, সংঘানুস্মৃতি, শীলানুস্মৃতি, দেবতানুস্মৃতি, ত্যাগানুস্মৃতি।

† পৃথিবী কৃৎস্ন, আপকৃৎস্ন, তেজকৃৎস্ন, বায়ুকৃৎস্ন, আকাশ কৃৎস্ন, আলোক কৃৎস্ন।

‡ মৃত্তিকার উপর বিশযষ্টি ব্যাস পরিমাণ বৃহৎ মণ্ডল, পূর্ব্বোক্ত নিয়মে নির্ম্মাণ করিয়া থাকে।

‖ মৃত্তিকার উপর দ্বাদশ অঙ্গুল ব্যাস পরিমাণ ক্ষুদ্র মণ্ডল সেই নিয়মে নির্ম্মাণ করিয়া থাকেন।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

এই প্রত্যয় সংগ্রহের পর শমথ ভাবনা ও বিদর্শন ভাবনা, এই দুই প্রকার কর্ম্মস্থান যথা ক্রমে বর্ণনা করিতেছি।

সেই শমথ ভাবনা সংগ্রহ এক্ষণে বর্ণনা করিতেছি। দশ প্রকার কৃৎস্ন, দশ প্রকার অশুভ, দশ প্রকার অনুস্মৃতি, চারি প্রকার অপ্রমাণ্য, এক প্রকার সংজ্ঞা, এক প্রকার ব্যবস্থান, এবং চারি প্রকার অরূপ, এই সাত প্রকার কর্ম্মস্থানের দ্বারা চল্লিশ প্রকার শমথ কর্ম্মস্থান সংগ্রহ জানিও।

রাগ চরিত্র, দোষ চরিত্র, মোহ চরিত্র, শ্রদ্ধা চরিত্র, বুদ্ধি চরিত্র, এবং বিতর্ক চরিত্র, এই ছয় প্রকার চরিত্রের দ্বারা চরিত্র সংগ্রহ জানিও।

পরি কর্ম্ম ভাবনা, উপচার ভাবনা, এবং অর্পণ ভাবনা, এই তিন প্রকার ভাবনা জানিও।

পরি কর্ম্ম নিমিত্ত, উদগ্রহ নিমিত্ত, এবং প্রতিভাগ নিমিত্ত, এই তিন প্রকার নিমিত্ত জানিও।

কত প্রকার কর্ম্মস্থান? পৃথিবী কৃৎস্ন, আপকৃৎস্ন, তেজ কৃৎস্ন, বায়ু কৃৎস্ন, নীল কৃৎস্ন, পীতকৃৎস্ন, লোহিত কৃৎস্ন, অবদাত কৃৎস্ন, আকাশ কৃৎস্ন, এবং আলোক কৃৎস্ন, এই দশ প্রকার কৃৎস্ন নামক কর্ম্মস্থান।

উর্দ্ধ স্ফীত, বিনীল, বিপূঁজ. বিছিদ্র, বিখাদিত, বিক্ষিপ্ত, হত বিক্ষিপ্ত, লোহিত, পোকা এবং অস্থি, এই দশ প্রকার অশুভ নামক কর্ম্মস্থান।

বুদ্ধানুস্মৃতি, ধর্ম্মানুস্মৃতি, সংঘানুস্মৃতি, শীলানুস্মৃতি, ত্যাগানুস্মৃতি, দেবতানুস্মৃতি, উপশমানুস্মৃতি, মরণানুস্মৃতি, কায়গতস্মৃতি, এবং আনাপান স্মৃতি, এই দশ প্রকার অনুস্মৃতি নামক কর্ম্ম স্থান।

মৈত্র, করুণা, মুদিত এবং উপেক্ষা, এই চারিপ্রকার অপ্রমাণ্য নামক কর্ম্ম স্থান, ইহাই ব্রহ্ম বিহার নামে বর্ণিত হয়।

আহারে প্রতিকূল সংজ্ঞা হয়, এই এক প্রকার সংজ্ঞা নামক কর্ম্ম স্থান। চারি প্রকার ধাতু ব্যবস্থান হয়, এই এক প্রকার ব্যবস্থান নামক কর্ম্ম স্থান।

আকাশানন্ত্যায়তন, বিজ্ঞানানন্ত্যায়তন, আকিঞ্চন্যায়তন, ও নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন, এই চারি প্রকার অরূপ নামক কর্ম্ম স্থান। এই সমুদয় চল্লিশ প্রকার শমথ কর্ম্ম স্থানের নির্দ্দেশ বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার চরিত্র বর্ণনা করিতেছি। ছয় প্রকার চরিত্রের মধ্যে রাগ চরিত্রের পুদ্গলেরা,—বর্ণিত দশ প্রকার অশুভ ও কায়গত স্মৃতি কর্ম্ম স্থান অংশ ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

দোষ চরিত্রের পুদগলেরা ;—চারি প্রকার নীলাদিকৃৎস্ন কর্ম্ম স্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

মোহ চরিত্র ও বিতর্ক চরিত্রের পুদগলেরা ;—নিশ্বাস প্রশ্বাস অবলম্বনের সহিত তপস্যা করিয়া থাকেন।

শ্রদ্ধা চরিত্রের পুদগলেরা ;—ছয় প্রকার বুদ্ধানুস্মৃতি আদি কর্ম্ম স্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন;

বুদ্ধি চরিত্রের পুদগলেরা ;—মরণানুস্মৃতি, উপশমানুস্মৃতি, আহারে প্রতিকূল সংজ্ঞা ও চারি ধাতু ব্যবস্থান কর্ম্ম স্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

পুনর্ব্বার সর্ব্ব প্রকার চরিত্র পুদগলের কর্ম্ম স্থান বর্ণনা করিতেছি। সর্ব্ব প্রকার চরিত্রের পুদগলেরা ;—সর্ব্ব অবশেষ কর্ম্মস্থান ভাবনার সহিত তপস্যা করিয়া থাকেন।

মোহ চরিত্রের পুদগলেরা ;—সেই কৃৎস্নের বৃহৎ মণ্ডল এবং বিতর্ক চরিত্রের পুদগলেরা,—সেই কৃৎস্নের ক্ষুদ্র মণ্ডল তপস্যা করিয়া থাকেন। এইরূপে সপ্রায়ঃ প্রভেদ নীতি বর্ণিত হইয়াছে।

---

# ভাবনা প্রভেদ।

## পালি।

ভাবনাসু পন সব্বথাপি পরিকম্ম ভাবনা লব্ভতেব বুদ্ধানুস্সতি আদীসু অট্ঠসু সঞ্ঞাববথানেসু চাতি দস সুকম্মট্ঠানেসু উপচার ভাবনা সম্পজ্জতি, নত্থি অপ্পনা। সে সে সু পন সমত্তিংস কম্মট্ঠানেসু অপ্পনা ভাবনাপি সম্পজ্জতি। তত্থাপি দস কসিনানি আনাপানঞ্চপঞ্চক ঝানিকানি। দস অসুভা কায়গতা সতিচ পঠম ঝানিকা। মেত্তাদয়ো তয়ো চতুত্থ ঝানিকা। উপেক্খা পঞ্চম ঝানিকাতি ছব্বিসতি রূপাবচর ঝানিকানিকম্মট্ঠানানি। চত্তারো পন আরূপ্পা আরূপ্প ঝানিকা। অয়মেত্থ ভাবনা ভেদো।

## সান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার ভাবনা প্রভেদ বর্ণনা করিতেছি। (সব্বথাপিপরিকম্ম ভাবনা লব্ভতেব) সর্ব্ব প্রকার কর্ম্মস্থান পরি কর্ম্ম ভাবনাতে অর্পণ ভাব লাভ হয় না। (বুদ্ধানুস্সতি আদীসু অট্ঠসু) আট প্রকার বুদ্ধানুস্মৃতি আদি *, (সঞ্ঞা) এক প্রকার আহারে প্রতিকূল সংজ্ঞা, (ব্বথানেসুচ) ও এক প্রকার চারি ধাতু ব্যবস্থান কর্ম্মস্থান, (ইতি দসসু কম্মট্ঠানেসু) এই দশ প্রকার কর্ম্মস্থান ভাবনাতে (উপচার ভাবনাসম্পজ্জতি) উপচার ভাবনা সম্পূর্ণরূপে উৎপত্তি হয়। (নত্থি অপ্পনা) সেই কর্ম্মস্থান ভাবনাতে অর্পণ ভাব উৎপত্তি হয় না।

(পন) পুনর্ব্বার অর্পণ ভাবনার কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। (সেসেসু) সেই দশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে (সমত্তিংস কম্মট্ঠানেসু) ত্রিশ প্রকার কর্ম্মস্থান ভাবনাতে (অপ্পনা ভাবনাপি সম্পজ্জতি) অর্পণ ভাব সম্পূর্ণরূপে উৎপত্তি হয়।

(তথাপি) সেই ত্রিশ প্রকার কর্ম্মস্থানের মধ্যে (দস কসিনানি) দশ প্রকার কৃৎস্ন, (আনাপানঞ্চ) ও একপ্রকার আনাপান স্মৃতি কর্ম্মস্থান ভাবনাতে (পঞ্চক ঝানিকানি) রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থার ভাব উৎপত্তি হয়। (দসঅসুভা) দশ প্রকার অশুভ, (কায়গতাসতিচ) ও কায়গতস্মৃতি কর্ম্মস্থান ভাবনাতে (পঠম ঝানিকা) রূপাবচর ধ্যানের প্রথম অবস্থার ভাব উৎপত্তি হয়। (মেত্তাদয়োতয়ো) এই তিন প্রকার মৈত্র †, কর্ম্মস্থান ভাবনাতে (চতুত্থ ঝানিকা) রূপাবচর ধ্যানের চতুর্থ অবস্থার ভাব উৎপত্তি হয়। (উপেক্খা) এক প্রকার উপেক্ষা কর্ম্মস্থান ভাবনাতে (পঞ্চমঝানিকা) রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থার ভাব উৎপত্তি হয়। (ইতি ছব্বিসতি কম্মট্ঠানানি) এই ছাব্বিশ প্রকার কর্ম্মস্থান

---

* বুদ্ধানুস্মৃতি, ধর্ম্মানুস্মৃতি, সংঘানুস্মৃতি, শীলানুস্মৃতি, ত্যাগানুস্মৃতি. দেবতানুস্মৃতি, উপশমানুস্মৃতি ও মরণানুস্মৃতি, এই আট প্রকার বুদ্ধানুস্মৃতি আদি।

† মৈত্র, করুণা, ও মুদিত, এই তিন প্রকার মৈত্র।

ভাবনাতে (রূপাবচর ঝানিকা) রূপাবচর ধ্যানের ভাব উৎপত্তি হইয়া থাকে। (পন) পুনর্ব্বার অরূপাবচর ধ্যান বর্ণনা করিতেছি। (চত্তারো আরূপ্পা) চারি প্রকার অরূপাবচর কর্ম্মস্থান * ভাবনাতে (আরূপ্প ঝানিকা) অরূপ ধ্যান অবলম্বন হইয়া থাকে। (অয়মেত্থ) এই শমথ কর্ম্মস্থান (ভাবনাভেদো) ভাবনা প্রভেদ বর্ণিত হইয়াছে।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার ভাবনা প্রভেদ বর্ণনা করিতেছি। সর্ব্ব প্রকার কর্ম্মস্থান পরিকর্ম্ম ভাবনাতে অর্পণ ভাব লাভ হয় না। আট প্রকার বুদ্ধানুস্মৃতি আদি, এক প্রকার আহারে প্রতিকূল সংজ্ঞা, ও এক প্রকার চারি ধাতু ব্যবস্থান কর্ম্মস্থান, এই দশ প্রকার কর্ম্মস্থান ভাবনাতে উপচার ভাবনা সম্পূর্ণরূপে উৎপত্তি হয়। সেই কর্ম্মস্থান ভাবনাতে অর্পণ ভাব উৎপত্তি হয় না।

পুনর্ব্বার অর্পণ ভাবনার কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। সেই দশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে ত্রিশ প্রকার কর্ম্মস্থান ভাবনাতে অর্পণভাব সম্পূর্ণরূপে উৎপত্তি হয়।

সেই ত্রিশ প্রকার কর্ম্মস্থানের মধ্যে দশ প্রকার কৃৎস্ন, ও এক প্রকার আনাপানস্মৃতি কর্ম্মস্থান ভাবনাতে রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থার ভাব উৎপত্তি হয়। দশ প্রকার অশুভ ও কায়গতস্মৃতি কর্ম্মস্থান ভাবনাতে রূপাবচর ধ্যানের প্রথম অবস্থার ভাব উৎপত্তি হয়। তিন প্রকার মৈত্র কর্ম্মস্থান ভাবনাতে রূপাবচর ধ্যানের চতুর্থ অবস্থার ভাব উৎপত্তি হয়। এক প্রকার উপেক্ষা কর্ম্মস্থান ভাবনাতে রূপাবচর ধ্যানের পঞ্চম অবস্থার ভাব উৎপত্তি হয়। এই ছাব্বিশ প্রকার কর্ম্মস্থান ভাবনাতে রূপাবচর ধ্যানের ভাব উৎপত্তি হইয়া থাকে। পুনর্ব্বার অরূপাবচর ধ্যান বর্ণনা করিতেছি। চারি প্রকার রূপাবচর কর্ম্মস্থান ভাবনাতে অরূপ ধ্যান অবলম্বন হইয়া থাকে। এই শমথ কর্ম্মস্থান ভাবনা প্রভেদ বর্ণিত হইয়াছে।

---

* আকাশানন্ত্যায়তন, বিজ্ঞানানন্ত্যায়তন, আকিঞ্চন্যায়তন, ও নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, এই চারি প্রকার অরূপাবচর কর্ম্মস্থান।

# গোচর প্রভেদ।

## পালি।

নিমিত্তেসু পন পরিকম্মনিমিত্তং উগ্গহ নিমিত্তঞ্চ সব্বত্থাপিয়থারহং পরিয়ায়েন লব্ভন্তেব। পটি ভাগ নিমিত্তং পন কসিণাসুভ কোট্ঠাস আনাপানেস্বেব লব্ভতি। তত্থহি পটিভাগ নিমিত্তমারব্ভ উপচার সমাধি অপ্পনা সমাধিচ পবত্তন্তি।

কথং। আদিকম্মিকস্সহি পথবী মণ্ডলাদীসু নিমিত্তং উগ্গণ্হন্তস্সতমালম্বণং পরিকম্ম নিমিত্তন্তি পবুচ্চতি। সাচ ভাবনা পরিকম্ম ভাবনা নাম। য়দা পনতং নিমিত্তং চিত্তেন সমুগ্গহিতং হোতি। চক্খুনা পস্সন্তসেস্সব মনোদ্বারস্স আপাথমাগতং, তদাতমেব আলম্বণং উগ্গহনিমিত্তং নাম, সাচ ভাবনা সমাধিয়তি। তথা সমাহিতস্স পনেতস্স ততোপরং তস্মিং উগ্গহ নিমিত্তে পরি কম্ম সমাধিনা ভাবন মনুয়ুঞ্জন্তস্স য়দাতপ্পটিভাগং বত্থুধম্ম বিমুচ্চিতং পঞ্ঞত্তি সংখাতং ভাবনা ময়মালম্বনণং চিত্তে সন্নিসিন্নং সমপ্পিতং হোতি। তদাতং পটিভাগ নিমিত্তং সমুপ্পন্নন্তি পবুচ্চতি। ততো পট্ঠায় পটিবন্ধ বিপ্পহিনা কামাবচর সমাধি সঙখাতা উপচার ভাবনা নিপ্ফন্না নাম হোতি। ততোপরং তমেব পটি-

ভাগ নিমিত্তং উপচার সমাধিনা সমাসেবন্তস্স রূপাবচর পথম ঝানমপেপ্পতি। ততোপরং তমেব পঠম ঝানং আবজ্জনং, সমাপজ্জনং, অধিট্ঠানং, বুট্ঠানং, পচ্চবেক্খনাচেতি ইমাহি পঞ্চহি বসিতাহি বাসভূতং কত্বা বিতক্কাদীকমোল্হারিকঙ্গং পহানায় বিচারাদীসুখুমঙ্গুপ্পত্তিয়া পদহতো য়থাক্কমং দুতিয় ঝানাদয়ো য়থারহমপেপ্পন্তি। ইচ্চেবং পথবী কসিণাদীসু দ্বাবীস কম্মট্ঠানেসু পটিভাগ নিমিত্তমুপলব্ভতি। অবসেসেসুপন অপ্পমঞ্ঞাসত্ত পঞ্ঞত্তিয়ং পবত্তন্তি।

আকাস বজ্জিত কসিণেসু পনয়ংকিঞ্চিকসিণং উগ্ঘাটেত্বা লদ্ধমাকাসং অনন্ত বসেন পরি কম্মং করোন্তস্স পথমারূপ্পমপেপ্পতি। তমেব পথমারূপ্পবিঞ্ঞাণং অনন্ত বসেন পরিকম্মং করোন্তস্স দুতিয়ারূপ্পমপেপ্পতি। তমেব পথমারূপ্পবিঞ্ঞাণাভাবং পন নত্থি কিঞ্চিতি পরিকম্মং করোন্তস্স ততিয়ারূপ্পমপেপ্পতি। ততিয়ারূপ্পং সন্তমেতং পাণীতমেতন্তি পরিকম্মং করোন্তস্স চতুত্থারূপ্প মপেপ্পতি। অবসেসেসুচ দসসুকম্মট্ঠানেসু বুদ্ধগুণাদীকমালম্বণং আরব্ভ পরিকম্মং কত্বা তস্মিং নিমিত্তে সাধুকমুগ্গহিতে তত্থেব পরিকম্মঞ্চ সমাধিয়তি। উপচারোচ সম্পজ্জতি। অভিঞ্ঞা বসেন পবত্তমানং পন রূপাবচর পঞ্চম ঝানং অভিঞ্ঞা পাদক পঞ্চম ঝানা বুট্ঠহিত্বা অধিট্ঠেয়্যাদীকমাবজ্জেত্বা পরিকম্মং করোন্তস্স রূপাদীসু আলম্বণেসু য়থারহমপেপ্পতি। অভিঞ্ঞাচ নাম।

ইদ্ধিবিধং দিব্ব সোতং, পরচিত্ত বিজাননা,
পুব্বে নিবাসানুস্সতি, দিব্বচক্খুতী পঞ্চধা।
অয়মেত্থ গোচর ভেদো, নিট্ঠীতোচ সমথ কম্মট্ঠান নয়ো।

## স্বান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার গোচর প্রভেদ বর্ণনা করিতেছি। (সব্বথাপি যথারহং পরিয়ায়েন) সর্ব্ব প্রকার কর্ম্মস্থান যথোপযুক্ত মতে পর্যায় দ্বারা (নিমিত্তেসু) নিমিত্তের মধ্যে (পরিকম্ম নিমিত্তং) পরিকর্ম্ম নিমিত্ত, (উগ্গহ নিমিত্তঞ্চ,) ও উদগ্রহ নিমিত্ত (লব্ভন্তেব) লাভ হয়।

(পন) পুনর্ব্বার প্রতিভাগ নিমিত্ত বর্ণনা করিতেছি। (কসিণ) দশ প্রকার কৃৎস্ন, (অসুভ) দশ প্রকার অশুভ, (কোট্ঠাস,) শরীরের অংশ *, (আনাপানে স্বেব) ও আনাপান স্মৃতি কর্ম্মস্থান প্রজ্ঞপ্তিতে (পটিভাগ নিমিত্তং) প্রতিভাগ নিমিত্ত (লব্ভতি) লাভ হয়।

(তত্থহি) সেই (পটিভাগ নিমিত্তং) প্রতিভাগ নিমিত্ত (আরব্ভ) আরম্ভ করিয়া (উপচার সমাধি) উপচার সমাধি, (অপ্পনা সমাধিচ) ও অর্পণ সমাধিতে (পবত্তন্তি) প্রবৃত্ত হয়।

(কথং) কি প্রকারে প্রতিভাগ নিমিত্তে প্রবৃত্ত হয়? যোগীরা, (আদিকম্মি কস্সহি) প্রথমতঃ কর্ম্মস্থানের (পথবী মণ্ডলাদীসু) মৃত্তিকার মণ্ডল ইত্যাদির (নিমিত্তং) নিমিত্ত (উগ্গণ্হন্তস্স) গ্রহণ করেন। (তং আলম্বণং পরিকম্ম নিমিত্তন্তি পবুচ্চতি) সেই নিমিত্ত অবলম্বনকে পরিকর্ম্ম নিমিত্ত বলে। (সাচভাবনা) সেই ভাবনা, (পরিকম্ম ভাবনা নাম) পরিকর্ম্ম নামক ভাবনা।

(পন) পুনর্ব্বার উদগ্রহ নিমিত্ত বর্ণনা করিতেছি। (যদা চিত্তেন) যখন মনোদ্বারের চিত্ত দ্বারা (তংনিমিত্তং) সেই নিমিত্ত মৃত্তিকার মণ্ডলাদি (সমুগ্গহিতং) সম্যক্‌রূপে গৃহীত (হোতি) হয়, (তদা) তখন (তমেব আলম্বণং,) সেই মৃত্তিকার মণ্ডল অবলম্বন (চক্খুনা পস্সন্তস্সেব)

---

* কেশ, লোম ও অস্থি প্রভৃতি শরীরের অংশ।

চক্ষুর দর্শনের সদৃশ ( মনোদ্বারস্‌স ) মনোদ্বারের চিত্তে ( আপথং আগতং ) অনুভব প্রাপ্ত হয়, ( উগ্‌গহ নিমিত্তং নাম ) এই উদগ্রহ নামক নিমিত্ত। ( সাচ ভাবনা সমাধিয়াত ) সেই ভাবনাতে সমাধিস্থিত হয়।

( পন ) পুনর্ব্বার প্রতিভাগ নিমিত্ত বর্ণনা করিতেছি। ( এতস্‌স ) সেই যোগীরা. ( তথা সমাহিতস্‌স ) সেই উদগ্রহ নিমিত্ত দ্বারা সমাহিত হইয়া ( ততোপরং ) তৎপর ( তস্মিং উগ্‌গহ নিমিত্তে ) সেই উদগ্রহ নিমিত্তের ( পরিকম্ম সমাধিনা ) পরিকর্ম্ম সমাধি দ্বারা ( ভাবনমনুযুঞ্জন্তস্‌স ) পুনঃ পুনঃ ভাবনা অভ্যাস করিয়া ( যদা ) যখন (তপ্পটিভাগং ) সেই প্রতিভাগ নিমিত্ত [ সেই উদগ্রহ নিমিত্তের ] ( বথুধম্ম বিমুচ্চিতং ] বস্তুর ধর্ম্ম বিমুক্ত [ কৃৎস্ন মণ্ডল অদৃশ্য ] ( পঞ্ঞত্তি সঙ্খাতং ) প্রজ্ঞপ্তি বলিয়া ( ভাবনাময়ং ) ভাবনা দ্বারা ( আলম্বণং চিত্তে সন্নিসিন্নং সমুপ্পিতং হোতি ) মনোদ্বারের চিত্তে উত্তমরূপে কৃৎস্ন মণ্ডল অবলম্বন সংগ্রহ হয়, ( তদা ) তখন ( তংপ্পটিভাগ নিমিত্তং ) সেই প্রতিভাগ নিমিত্ত ( সমুপ্পন্নন্তি ) সম্যক্ রূপে উৎপন্ন হইয়াছে বলিয়া ( পবুচ্চতি ) বর্ণিত হয়। ( ততো ) সেই প্রতিভাগ নিমিত্ত ( পট্‌ঠয় ) আরম্ভ হইতে ( পটিবন্ধ বিপ্পহীনা ) প্রতিবন্ধন ভয় পরিত্যাগ হইয়া ( কামাবচর সমাধি সঙ্খাতা ) কামাবচর সমাধি বলিয়া ( উপচার ভাবনা নিপ্‌ফন্না নাম হোতি ) উপচার নামক ভাবনা নিষ্পন্ন হয়। ( ততোপরং ) তৎপর ( তমেব পটিভাগ নিমিত্তং ) সেই প্রতিভাগ নিমিত্ত বন্ধন হওতঃ ( উপচার সমাধিনা ) উপচার সমাধি দ্বারা ( সমাসেবন্তস্‌স ) সম্যক্‌রূপে সংযোগ প্রাপ্ত হইয়া ( রূপাবচর পথমঝানং ) রূপাবচরের প্রথম অবস্থার ধ্যান ( অপ্পেতি অপ্পনা বসেন উপ্পজ্জতি ) অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়। ( ততোপরং ) তৎপর (তমেব পথম ঝানং ) সেই প্রথম আবস্থার ধ্যান (আবজ্জনং) অবর্জন *,

---

*যোগীরা, পাঁচ প্রকার রূপাবচরের প্রথম অবস্থার ধ্যানাঙ্গের একৈক ধ্যানাঙ্গাবলম্বন করিয়া বিবেচনা করেন। তৎপর সেই ধ্যানে জবন চিত্ত চারি বা পাঁচ বারও ভবাঙ্গ দুই বা তিন বারের অধিক উৎপত্তি করেন না। সেই ধ্যানাঙ্গ পুনং পুনঃ বিবেচনা করাকে অবর্জন নামক বশীভূত বলে।

(সমাপজ্জনং) সমাপদন *, (অধিট্‌ঠান) অধিষ্ঠান †, (বুট্‌ঠানং) উত্থান ‡, (পচ্চবেক্‌খনাচ) ও প্রত্যবেক্ষণ §, (ইতি ইমাহি পঞ্চ-বসীতহি) এই পাঁচ প্রকার বশীভূত দ্বারা (বসীভূতং) বশীভূত (কত্বা) হইয়া (বিতক্কাদীকং) বিতর্কাদি (ওল্‌হরিকঙ্গ) বৃহৎ ধ্যানাঙ্গ (পহানায়) প্রহাণের কারণ ও (বিচারাদী সুখুমঙ্গুপ্পত্তিয়া) বিচারাদি সূক্ষ্ম ধ্যানাঙ্গ উৎপত্তির জন্য (পদহতো) পুনঃ পুনঃ পৃথিবী কৃৎস্নাদি ধ্যান দ্বারা (যথাক্কমং) যথা ক্রমে (দুতিয় ঝানা দয়ো যথারহমপ্পেন্তি) দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম, অবস্থার ধ্যান যথোপযুক্ত মতে অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়। (ইচ্চেবং) এইরূপে (পথবী কসিণাদীসু দ্বাবীস কম্মট্‌ঠা-নেসু) বাইশ প্রকার পৃথিবী কৃৎস্নাদি কর্ম্মস্থানে ‖ র (পটিভাগ নিমিত্তং) প্রতিভাগ নিমিত্ত (উপলব্ভতি) উপ লাভ করিয়া থাকেন।

---

* যোগীরা, পাঁচ প্রকার রূপাবচরের প্রথম অবস্থার ধ্যানাঙ্গের একৈক ধ্যানাঙ্গ অবলম্বন করিয়া ধ্যানে প্রবেশের সময়ে চিত্তের ভাব উৎপত্তির পর ভবাঙ্গ দুই বা তিন বারের অধিক উৎপত্তি করেন না। সেই ধ্যানাঙ্গে প্রবেশ করাকে সমাপদন নামক বশীভূত কহে।

† সেতুর দ্বারা নদীর জলের তরঙ্গ ছেদন করার সদৃশ যোগীরা ভবাঙ্গ ছেদন করতঃ যথা পরিচ্ছিন্ন কাল ধ্যানকে স্থাপিত করিয়া ভবাঙ্গ পাত হইতে রক্ষা করিতে সমর্থ হন, ইহাকে অধিষ্ঠান নামক বশীভূত বলে।

‡ যোগীরা, যতক্ষণ সঙ্কল্প করতঃ ধ্যানে উপবিষ্ট হন, ততক্ষণ সময় পর্য্যন্ত অতি ক্রম না করিয়া ধ্যান হইতে উত্থান হন না, ইহাকে উত্থান নামক বশীভূত কহে।

§ যোগীরা, পাঁচ প্রকার রূপাবচরের প্রথম অবস্থার ধ্যানাঙ্গের একৈক ধ্যানাঙ্গাবলম্বন করিয়া প্রত্যবেক্ষণ করেন, তৎপর সেই ধ্যানে জবন চিত্ত চারি বা পাঁচ বার ও ভবাঙ্গ দুই বা তিন বারের অধিক উৎপত্তি করেন না। সেই মনোদ্বারাবর্জনচিত্তে ধ্যানাঙ্গ প্রত্যবেক্ষণ করাকে প্রত্যবেক্ষণ নামক বশীভূত কহে।

‖ দশ প্রকার কৃৎস্ন, দশ প্রকার অশুভ, এক প্রকার কায়গতস্মৃতি, ও এক প্রকার আনাপান স্মৃতি, এই বাইশ প্রকার পৃথিবী কৃৎস্নাদি কর্ম্মস্থান।

(পন) পুনর্ব্বার অবশেষ কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। (অবসেসেসু) সেই বাইশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে আঠার প্রকার কর্ম্মস্থানের মধ্যে (অপ্পমঞ্ঞা) অপ্রমাণ্য কর্ম্মস্থান (সত্তপঞ্ঞত্তিয়ং) সত্ত্বদিগের [সুখ ও দুঃখ] প্রজ্ঞপ্তিতে (পবত্তন্তি) প্রবৃত্ত হয়।

(পন) পুনর্ব্বার অরূপাবচর ধ্যান বর্ণনা করিতেছি। (য়ংকিঞ্চি কসিণং) আকাশ কৃৎস্ন হইতে অপর নয় প্রকার কৃৎস্নের যে কোন এক প্রকার কৃৎস্নের প্রতিভাগ নিমিত্ত অতিক্রম করতঃ সেই নিমিত্ত মন. হইতে (উদঘাটেত্বা) উদঘাটিত করিয়া (আকাস বজ্জিত কসিণেসু) আকাশ হইতে কৃৎস্ন বর্জ্জিত করতঃ (লদ্ধমাকাসং অনন্ত বসেন) লব্ধ আকাশানন্ত, আকাশানন্ত [পুনঃ পুনঃ ভাবনা] বশ দ্বারা (পরিকম্মং করোন্তস্স) পরিকর্ম্ম করিয়া (পঠমারূপ্পমপ্পেতি] প্রথম অবস্থার অরূপাবচর ধ্যান [আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব] অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়।

(তমেব পথমারূপ্প) সেই প্রথম অবস্থার অরূপাবচর ধ্যানের আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব বন্ধন করিয়া (বিঞ্ঞাণং অনন্ত বসেন) বিজ্ঞানানন্ত, বিজ্ঞানানন্ত [পুনঃ পুনঃ] ভাবনা বশদ্বারা (পরিকম্মং করোন্তস্স) পরিকর্ম্ম করিয়া (দুতিয়ারূপ্পমপ্পেতি) দ্বিতীয় অবস্থার অরূপাবচর ধ্যান [বিজ্ঞানানন্ত্যায়তন চিত্তের ভাব] অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়।

(তমেব পথমারূপা বিঞ্ঞাণ ভাবং) সেই প্রথম অবস্থার অরূপাবচর জ্ঞানের [আকাশানন্ত্যায়তন চিত্তের] ভাব (পন নত্থি কিঞ্চিতি) কিঞ্চিৎ নাই, কিঞ্চিৎ নাই [পুনঃ পুনঃ ভাবনা] (পরিকম্মং করোন্তস্স) পরিকর্ম্ম করিয়া [তিয়ারূপ্পমপ্পেতি) তৃতীয় অবস্থার অরূপাবচর ধ্যান [আকিঞ্চন্যায়তন চিত্তের ভাব] অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। (ততিয়ারূপ্পং সন্তমেতং পণীতমেতন্তি) এই তৃতীয় অবস্থার অরূপাবচর ধ্যান [আকিঞ্চন্যায়তন চিত্তের ভাব] শান্তি ও প্রণীত [পুনঃ পুনঃ ভাবনা] এই (পরিকম্মং করোনন্তস্স) পরি কর্ম্ম করিয়া (চতুত্থারূপ্পমপ্পেতি) চতুর্থাবস্থার অরূপাবচর ধ্যান [নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন চিত্তের ভাব] অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। (অবসেসেসু) সেই বর্ণিত ত্রিশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে (দসসু কম্মট্ঠানেসু) দশ প্রকার

কর্ম্মস্থানে * র মধ্যে [ বুদ্ধগুণাদীকং ] বুদ্ধ গুণাদি † [ আলম্বণং আরম্ভ পরিকম্মং কত্বা ] অবলম্বন পরিকর্ম্ম আরম্ভ করিয়া [ তস্মিং নিমিত্তে ]

---

* বুদ্ধানুস্মৃতি, ধর্ম্মানুস্মৃতি, সংঘানুস্মৃতি, শীলানুস্মৃতি, ত্যাগানুস্মৃতি, দেবতানুস্মৃতি, উপশমানুস্মৃতি, মরণানুস্মৃতি, আহারে প্রতিকূল সংজ্ঞা এবং চারি প্রকার ধাতু ব্যবস্থান, এই দশ প্রকার কর্ম্মস্থান।

† যোগীরা, যোগাসনে উপবিষ্ট হইয়া চক্ষু নিমীলিত ও মুখ বন্ধ করতঃ মনোদ্বারের কুশল জবন চিত্ত মস্তকের চূড়ার উপর স্থাপন করেন। সেই চিত্ত তথায় স্পর্শ জ্ঞান করিয়া সেই স্থান হইতে ললাটের মধ্য রেখা দিয়া ক্রমে অধোদিগে কুটস্থে আগমন করে। এইরূপে ক্রমান্বয়ে কুটস্থ হইতে সেই জবন চিত্ত স্পর্শ জ্ঞান করিয়া নাসিকার অগ্রে, সেই নাসিকার অগ্র হইতে কণ্ঠ মূলে, সেই কণ্ঠ মূল হইতে বক্ষঃ অধো প্রদেশে, সেই বক্ষঃ অধো প্রদেশ হইতে নাভিতে আগমন করে। তৎপর নাভি হইতে সেই জবন চিত্ত ঊর্দ্ধ্বদিগে সেই মধ্যের চারি প্রকার স্থান অনুভব না করিয়া একবারে মস্তকের চূড়ার উপর আগমন করিয়া থাকে ১। উঁহাদের সেই ছয়টা স্থানের মধ্যে প্রত্যেক স্থানে সেই জবন চিত্ত দশ বা ত্রিশ মিনিট কাল স্থিত থাকিয়া তৎপর সেই স্থান হইতে ক্রমান্বয়ে চলিয়া যায়। উঁহাদের উপরোক্ত জবন চিত্ত স্পর্শ জ্ঞানের সময়ে সেই জবন চিত্তে নয় প্রকার বুদ্ধ গুণ স্মরণের পরিবর্ত্তে কেবল ( অরহং ) স্মরণ করেন। উঁহারা সেই ধ্যান উপরোক্ত নিয়মে পুনঃ পুনঃ আবৃত্তি করিয়া থাকেন। উঁহারা সেই ধ্যানের সময়ে পঞ্চ অব-লম্বনে আশক্ত হন না। এইরূপ ধ্যান অভ্যাস করিয়া চঙ্ক্রমণ, দণ্ডায়মান, উপবেশন, ও শয়নাবস্থায় ধ্যান আবৃত্তি করিয়া থাকেন। এই ধ্যানের অনেক প্রকার নিয়ম আছে, তাহা আচার্য্যের নিকট শিক্ষা করিবে।

---

১। আমাদের চট্টগ্রাম নিবাসী সাতবারিয়া গ্রামের ৺ কৃষ্ণচন্দ্র চৌধুরী সেই ধ্যান গ্রহণ করিয়া প্রথমতঃ অন্ধকার দর্শনের কয়েক মাস পর আলো দর্শন করিয়াছিলেন। সেই ধ্যানের সময়ে বুদ্ধ বিগ্রহ ও নানা প্রকার নিমিত্ত দর্শন করিতেন। উনি বর্ত্তমান, ভূত ও ভবিষৎ বিষয় জানিতে পারিতেন। উনি মৃত্যুর পর কে কোথায় জন্ম ধারণ করি-য়াছে, তাহা উনি বলিতে পারিতেন। সেই ধ্যানে যাহা নিমিত্ত দর্শন

বুদ্ধ গুণাদি সেই পরিকর্ম্ম নিমিত্ত [ সাধুকমুগ্‌গহিতে ] উত্তম রূপে গৃহিত হয়। [ তথেব পরিকম্মঞ্চ ] সেই পরিকর্ম্ম [ সমাধিয়তি উপচারোচ সম্পজ্জতি ] উপচার সমাধি সম্পূর্ণ হয়।

[ পন ] পুনর্ব্বার অভিজ্ঞান উত্থান বর্ণনা করিতেছি [ অভিঞ্ঞাঞা বসেন ] অভিজ্ঞান বশ দ্বারা [ পবত্তমানং রূপাবচর পঞ্চম ঝানং ] পঞ্চম অবস্থায় রূপাবচর ধ্যানে প্রবৃত্ত হয়। [ অভিঞ্ঞাপাদক পঞ্চম ঝানা ] পঞ্চম অবস্থায় রূপাবচর ধ্যান হইতে অভিজ্ঞান পাদক [ বুট্‌ঠহিত্বা ] উত্থান হওতঃ [ অধিট্‌ঠিয়াদিক মা বজ্জেত্বা ] অধিষ্ঠানাদি অবর্জন করিয়া [ পরিকম্মং করোন্তস্‌স ] পরিকর্ম্ম করণের [ রূপাদীসু ] রূপাদি * [ আলম্বণেসু ] অবলম্বন [ য়থারহং ] যথোপযুক্ত মতে [ পেতি ] অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়।

[ ইদ্ধি বিধং [ দশ প্রকার ঋদ্ধি †, [ দিব্বসোতং ] দিব্য শ্রোত্র ‡, [ পরচিত্ত বিজাননা ] পরের চিত্ত জানন, [ পুব্বেনিবাসানুস্‌সতি ]

* রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ ও ধর্ম্ম, এই ছয় প্রকার রূপাদি অবলম্বন।

† বায়ুর মধ্য দিয়া যাতায়াত করিতে পারে, ঐ শ্রী শক্তি [ নিজের বা অন্যের মনোমত রূপ ধারণ, অন্যকে নিজের শরীরে ও আপনাকে অন্যের শরীরে প্রবেশ করিবার ক্ষমতা ] হয়, এবং যে কোন পদার্থ প্রভৃতি সৃষ্টি করিতে পারে।

‡ দেবতাদের ন্যায় দূরের শব্দ শ্রবণ করিতে পারে।

---

করে, তাহা গুরু বিনা অপর ব্যক্তিকে বলিলে সেই নিমিত্ত পুনর্ব্বার দর্শন করিতে অতি কষ্ট হয়। যোগীদের কোন প্রকারে যদি শীলের নিয়ম ভগ্ন হয়, তাহা হইলে উঁহারা আর ধ্যানে নিমিত্ত দর্শন করেন না। যে ব্যক্তি দিবসে পাঁচ বা ছয় বার ও রাত্রিতে পাঁচ বা ছয় বার সেই ধ্যান আবৃত্তি করে, সে ব্যক্তি শীঘ্র ধ্যান লাভ করিতে পারে। পাহাড়তলি গ্রামনিবাসী শ্রীযুক্ত বিপ্রদাস মুচ্ছুদ্দী ও হিঙ্গলা গ্রামনিবাসী শ্রীযুক্তকৃষ্ণচন্দ্র চৌধুরী সেইধ্যান ফতেকলাভ করিয়াছেন। রেঙ্গুন এক ব্যক্তি সেই ধ্যানের সময়ে উচ্চ হাস্য করিতে আমি দেখিয়াছি। সমাধির আচার্য্য, সে ব্যক্তির মস্তকের উপর জলের ধারা দিয়া প্রায় পাঁচ মিনিট পর সেই হাস্য বারণ করিয়াছিলেন। যাহারা ধ্যানের সময়ে এইরূপ উচ্চ হাস্য করে তাহারা অবক্রান্তিক প্রীতি লাভ করিয়া থাকে।

পূর্ব্বের নিবাসানুস্মৃতি § [ চ ] এবং [ দিব্বচক্খু ] দিব্য চক্ষু ॥. [ ইতি পঞ্চধা অভিঞ্ঞাচ নাম ] এই পাঁচ প্রকার অভিজ্ঞান নামে বর্ণিত হয়। [ অহমেথ গোচর ভেদো নিট্ঠীতোচ সমথ কম্মট্ঠান নয়ো ] এই শমথ কর্ম্মস্থানের গোচর প্রভেদ নীতি শেষ হইয়াছে।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার গোচর প্রভেদ বর্ণনা করিতেছি। সর্ব্ব প্রকার কর্ম্মস্থান যথোপযুক্ত মতে পর্য্যায় দ্বারা নিমিত্তের মধ্যে পরিকর্ম্ম নিমিত্ত ও উদগ্রহ নিমিত্ত লাভ হয়।

পুনর্ব্বার প্রতিভাগ নিমিত্ত বর্ণনা করিতেছি। দশ প্রকার কৃৎস্ন, দশ প্রকার অশুভ, শরীরের অংশ, ও আনাপান স্মৃতি কর্ম্মস্থান প্রজ্ঞপ্তিতে প্রতিভাগ নিমিত্ত লাভ হয়।

সেই প্রতিভাগ নিমিত্ত আরম্ভ করিয়া উপাচার সমাধি ও অর্পণ সমাধিতে প্রবৃত্ত হয়।

কি প্রকারে প্রতিভাগ নিমিত্তে প্রবৃত্ত হয়? যোগীরা, প্রথমতঃ কর্ম্ম-স্থানের মৃত্তিকার মণ্ডল ইত্যাদির নিমিত্ত গ্রহণ করেন। সেই নিমিত্ত অবলম্বনকে পরিকর্ম্ম নিমিত্ত বলে। সেই ভাবনা পরিকর্ম্ম নামক ভাবনা।

পুনর্ব্বার উদগ্রহ নিমিত্ত বর্ণনা করিতেছি। যখন মনোদ্বারের চিত্ত দ্বারা সেই নিমিত্ত মৃত্তিকার মণ্ডলাদি সম্যক্ রূপে গৃহীত হয়, তখন সেই মৃত্তিকার মণ্ডল অবলম্বন চক্ষুর দর্শনের সদৃশ মনোদ্বারের চিত্তে অনুভব প্রাপ্ত হয়, এই উদগ্রহ নামক নিমিত্ত। সেই ভাবনাতে সমাধি স্থিত হয়।

পুনর্ব্বার প্রতিভাগ নিমিত্ত বর্ণনা করিতেছি। সেই যোগীরা, সেই উদগ্রহ নিমিত্ত দ্বারা সমাহিত হইয়া তৎপর সেই উদগ্রহ নিমিত্তের পরিকর্ম্ম সমাধি দ্বারা পুনঃ পুনঃ ভাবনা অভ্যাস করেন। যখন সেই প্রতিভাগ নিমিত্ত

---

§ পূর্ব্ব জন্ম ও পূর্ব্বের নিবাস স্মরণ করিবার জ্ঞান।
॥ দেবতাদের ন্যায় দূরের আকার দর্শন করিতে পারে।

বস্তুর ধর্ম্ম বিমুক্ত প্রজ্ঞপ্তি বলিয়া ভাবনা দ্বারা মনোদ্বারের চিত্তে উত্তম রূপে কৃৎস্ন মণ্ডল অবলম্বন সংগ্রহ হয়, তখন সেই প্রতিভাগ নিমিত্ত সম্যক্ রূপে উৎপন্ন হইয়াছে বলিয়া বর্ণিত হয়। সেই প্রতিভাগ নিমিত্ত আরম্ভ হইতে প্রতি বন্ধন ভয় পরিত্যাগ হইয়া কামাবচর সমাধি বলিয়া উপচার নামক ভাবনা নিষ্পন্ন হয়। তৎপর সেই প্রতিভাগ নিমিত্ত বন্ধন হওতঃ উপচার সমাধি দ্বারা সম্যক্ রূপে সংযোগ প্রাপ্ত হইয়া রূপাবচরের প্রথম অবস্থার ধ্যান অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। তৎপর সেই প্রথম অবস্থার ধ্যান অবর্জন, সমাপদন, অধিষ্ঠান, উত্থান, ও প্রত্যবেক্ষণ, এই পাঁচ প্রকার বশীভূত দ্বারা বশীভূত হইয়া বিতর্কাদি বৃহৎ ধ্যানাঙ্গ প্রহাণের কারণ ও বিচারাদি সূক্ষ্ম ধ্যানাঙ্গ উৎপত্তির জন্য পুনঃ পুনঃ পৃথিবী কৃৎস্নাদি ধ্যান দ্বারা যথা ক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম অবস্থার ধ্যান যথোপযুক্ত মতে অর্পণ বশদ্বারা উৎপত্তি হয়। এইরূপে বাইশ প্রকার পৃথিবী কৃৎস্নাদি কর্ম্মস্থানের প্রতিভাগ নিমিত্ত উপলাভ করিয়া থাকেন। পুনর্ব্বার অবশেষ কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। সেই বাইশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে আঠার প্রকার কর্ম্মস্থানের মধ্যে অপ্রমাণ্য কর্ম্মস্থান সত্ত্বদিগের [ সুখ ও দুঃখ ] প্রজ্ঞপ্তিতে প্রবৃত্ত হয়।

পুনর্ব্বার অরূপাবচর ধ্যান বর্ণনা করিতেছি। আকাশ কৃৎস্ন হইতে অপর নয় প্রকার কৃৎস্নের যে কোন এক প্রকার কৃৎস্নের প্রতিভাগ নিমিত্ত অতিক্রম করতঃ সেই নিমিত্ত মনো হইতে উদঘাটিত করিয়া আকাশ হইতে কৃৎস্ন বর্জ্জিত করতঃ লব্ধ আকাশানন্ত, আকাশানন্ত ভাবনা বশদ্বারা পরিকর্ম্ম করিয়া প্রথম অবস্থার অরূপাবচর ধ্যান [ আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব ] অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়।

সেই প্রথম অবস্থার অরূপাবচর ধ্যানের আকাশানন্ত্যায়তন চিত্তের ভাব বন্ধন করিয়া বিজ্ঞানানন্ত, বিজ্ঞানানন্ত ভাবনা বশ দ্বারা পরিকর্ম্ম করিয়া দ্বিতীয় অবস্থার অরূপাবচর ধ্যান [ বিজ্ঞানানন্ত্যায়নন চিত্তের ভাব ] অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়।

সেই প্রথম অবস্থার অরূপাবচর জ্ঞানের [ আকাশানন্ত্যায়তন চিত্তের ] ভাব কিঞ্চিৎ নাই, কিঞ্চিৎ নাই পরিকর্ম্ম করিয়া তৃতীয় অব-স্থার অরূপাবচর ধ্যান [ আকিঞ্চন্যায়তন চিত্তের ভাব ] অর্পণ বশ দ্বারা

উৎপত্তি হয়। এই তৃতীয় অবস্থার অরূপাবচর ধ্যান শান্তি ও প্রণীত এই পরিকর্ম্ম করিয়া চতুর্থ অবস্থার অরূপাবচর ধ্যান [ নৈব সংজ্ঞানা-সংজ্ঞায়তন চিত্তের ভাব ] অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়। সেই বর্ণিত ত্রিশ প্রকার কর্ম্মস্থানের অবশেষে দশ প্রকার কর্ম্মস্থানের মধ্যে বুদ্ধ গুণাদি অবলম্বন পরিকর্ম্ম আরম্ভ করিয়া সেই বুদ্ধ গুণাদি পরিকর্ম্ম নিমিত্ত উত্তম রূপে গৃহীত হয়। সেই পরিকর্ম্মে উপচার সমাধি সম্পূর্ণ হয়।

পুনর্ব্বার অভিজ্ঞান উত্থান বর্ণনা করিতেছি। অভিজ্ঞান বশ দ্বারা পঞ্চম অবস্থার রূপাবচর ধ্যানে প্রবৃত্ত হয়। পঞ্চম অবস্থার রূপাবচর ধ্যান হইতে অভিজ্ঞান পাদক উত্থান হওতঃ অধিষ্ঠানাদি অবর্জন করিয়া পরিকর্ম্ম কারণের রূপাদি অবলম্বন যথোপযুক্ত মতে অর্পণ বশ দ্বারা উৎপত্তি হয়।

দশ প্রকার ঋদ্ধি, দিব্যশোত্র, পরের চিত্ত জানন, পূর্ব্বের নিবাসানু-স্মৃতি, এবং দিব্য চক্ষু, এই পাঁচ প্রকার অভিজ্ঞান নামে বর্ণিত হয়। এই সমথ কর্ম্মস্থানের গোচর প্রভেদ নীতি শেষ হইয়াছে।

# বিশুদ্ধি প্রভেদ।

## পালি।

বিপস্সনা কম্মট্ঠানে পন সীলবিসুদ্ধি, চিত্ত বিসুদ্ধি, দিট্ঠি বিসুদ্ধি, কঙ্খাবিতরণ বিসুদ্ধি, মগ্গামগ্গঞ্ঞ্-ঞাণ দস্সন বিসুদ্ধি, পটিপদাঞ্ঞ্ঞাণ দস্সন বিসুদ্ধি, ঞ্ঞাণ দস্সন বিসুদ্ধি চেতি সত্ত বিধেন বিসুদ্ধি সঙ্গহো। অনিচ্চ লক্খণং, দুক্খ লক্খণং, অনত্ত লক্খণঞ্চেতি তীণি লক্খণানি। অনিচ্চানুপস্সনা, দুক্খানু পস্সনা, অনত্তানু পস্সনা চেতি তিস্সো অনুপস্সনা। সম্মসন ঞ্ঞাণং, উদয় ব্বয় ঞ্ঞাণং, ভঙ্গ ঞ্ঞাণং, ভয় ঞ্ঞাণং, আদি নব ঞ্ঞাণং, নিব্বিদা ঞ্ঞাণং,

মুঞ্চিতুকম্যতা ঞ্ঞাণং, পটিসঙ্খা ঞ্ঞাণং, সঙ্খারূপেক্খা ঞ্ঞাণং, অনুলোম ঞ্ঞাণঞ্চেতি দস বিপস্সনা ঞ্ঞাণানি। সুঞ্ঞতো বিমোক্খো, অনিমিত্তো বিমোক্খো, অপ্পণিহিতো বিমোক্খো চেতি তয়ো বিমোক্খা। সুঞ্ঞতানু পস্সনা, অনিমিত্তানুপস্সনা, অপ্পণিহিতানুপস্সনা চেতি তীণি বিমোক্খ মুখানিচ বেদিতব্বানি।

কথং। পাতিমোক্খ সংবরসীলং, ইন্দ্রিয় সংবরসীলং, আজীব পারিসুদ্ধি সীলং, পচ্চয় সন্নিস্সিত সীলঞ্চেতি চতুপারিসুদ্ধি সীলং সীলবিসুদ্ধি নাম।

উপচার সমাধি, অপ্পনা সমাধি চেতি দুবিধোপি সমাধি চিত্ত বিসুদ্ধি নাম।

লক্খণ রস পচ্চুপট্ঠান পদট্ঠান বসেন নাম রূপ পরিগ্গহো দিট্ঠি বিসুদ্ধি নাম।

তেসমেবচ নামরূপানং পচ্চয় পরিগ্গহো কঙ্খা বিতরণ বিসুদ্ধি নাম।

ততোপরং পন তথা পরিগ্গহিতেসু সপ্পচ্চয়েসু তেভূমক সঙ্খারেসু অতীতাদী ভেদ ভিন্নেসু খন্ধাদী নয় মারব্ভ কলাপ বসেন সঙ্খিপিত্বা অনিচ্চং খয়ট্ঠেন, দুক্খং ভয়ট্ঠেন, অনত্তা অসার কট্ঠেনাতি অদ্ধান বসেন সন্ততি বসেন খন বসেন বা সম্মসন ঞ্ঞাণেন লক্খণ ত্তয়ং সম্মসন্তস্স তেস্বেব পচ্চয় বসেন খণ বসেনচ উদয়ব্বয় ঞ্ঞাণেন উদয়ব্বয়ং সমনুপস্সন্তস্সচ।

ওভাসো পীতিপস্সদ্ধি, অধিমোক্খোচ পগ্গহো,
সুখং ঞ্ঞাণমুপট্ঠান, মুপেক্খাচ নিকন্তি চেতি।
ওভাসাদীবিপস্সনু পক্কিলেস পরিবন্ধন পরিগ্গহ

বসেন মগ্‌গামগ্‌গ লক্‌খণ ববত্থানং মগ্‌ গামগ্‌গঞ্‌ঞাণ দস্‌সন বিসুদ্ধি নাম।

তথা পরিবন্ধ বিমুত্তস্‌স পন তস্‌স উদয় ব্বয় ঞ্‌ঞাণতো পট্‌ঠায় য়াবানুলোমাতি লক্‌খণং বিপস্‌সনা পরংপরায় পটিপজ্জন্তস্‌স নব বিপস্‌সনা ঞ্‌ঞানি পটিপদা ঞ্‌ঞাণদস্‌সন বিসুদ্ধি নাম।

তস্‌সেবং পটিজ্জন্তস্‌স পন বিপস্‌সনা পরিপাকমাগম্ম ইদানি অপ্পনা উপজ্জিস্‌সতীতি ভবঙ্গং বোচ্ছিন্দিত্বা উপ্‌পন্ন মনোদ্বারাবজ্জনানন্তরং দ্বেতীণি বিপস্‌সনা চিত্তানিয়ংকিঞ্চি অনিচ্চাদী লক্‌খণমারব্ভ পরিকম্মোপচারানুলোম নামেন পবত্তন্তি। য়াসিখা পত্তা, সাসানুলোমা সঙ্খারূপেক্‌খা বুট্‌ঠান গামিনি বিপস্‌সনাতিচ পবুচ্চতি। ততো পরং গোত্রভূচিত্তং নিব্বানমালম্বিত্বা পুথুজ্জন গোত্তমভি ভবন্তং অরিয় গোত্তমভি সম্ভোন্তঞ্চ পবত্ততি। তস্‌সানন্তরমেব মগ্‌গো দুক্‌খ সচ্চং পরিজানন্তো সমুদয় সচ্চং পজহন্তো নিরোধ সচ্চং সচ্ছিকরোন্তো মগ্‌গ সচ্চং ভাবনা বসেন অপ্‌পনা বীথিমোতরতি। ততো পরং দ্বেতীণি ফল চিত্তানি পবত্তিত্বা ভবঙ্গ পাতোব হোতি। পুন ভবঙ্গং বোচ্ছিন্দিত্বা পচ্চবেক্‌খন ঞ্‌ঞাণানি পবত্তন্তি।

মগ্‌গং ফলঞ্চ নিব্বানং, পচ্চবেক্‌খতি পণ্ডিতো,
হিনেকিলেসে সেসেচ, পচ্চবেক্‌খতি বানবা।
ছব্বিসুদ্ধিকমেনেবং, ভাবে তব্বো চতুব্বিধো,
ঞ্‌ঞাণ দস্‌সন বিসুদ্ধি, নাম মগ্‌গা পবুচ্চতি।
অয়মেত্থ বিসুদ্ধি ভেদো।

## সান্বয়ার্থ।

[পন] পুনর্ব্বার বিদর্শন কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। (বিপস্‌সনা কম্মট্‌ঠানে) বিদর্শন কর্ম্মস্থানে *, (সীল বিসুদ্ধি) শীল-বিশুদ্ধি. (চিত্তবিসুদ্ধি) চিত্ত বিশুদ্ধি, (দিট্‌ঠি বিসুদ্ধি) মিথ্যাদৃষ্টি বিশুদ্ধি, (কঙ্খাবিতরণ বিসুদ্ধি) কাঙ্ক্ষা বিতরণ বিশুদ্ধি, (মগ্‌গা মগ্‌গঞ্‌ঞাণদস্‌সন বিসুদ্ধি) মার্গামার্গজ্ঞান দর্শন বিশুদ্ধি, (পটিপদা ঞ্‌ঞাণ দস্‌সন বিশুদ্ধি) প্রতিপদ্‌জ্ঞান দর্শন বিশুদ্ধি, (ঞ্‌ঞাণদস্‌সন বিসুদ্ধিচ) এবং জ্ঞান দর্শন বিশুদ্ধি, (ইতি সত্তবিধেন) এই সাত প্রকার বিশুদ্ধি দ্বারা (বিসুদ্ধি সঙ্গহো) বিশুদ্ধি সংগ্রহ জানিও।

(অনিচ্চ লক্‌খণং) অনিত্য লক্ষণ, (দুক্‌খ লক্‌খণং) দুঃখ লক্ষণ, (অনত্ত লক্‌খণঞ্চ) ও অনাত্মা [আমি নাই] লক্ষণ, (ইতি তীণি লক্‌খণানি) এই তিন লক্ষণ জানিও।

[অনিচ্চানু পস্‌সনা) অনিত্যানুদর্শন, (দুক্‌খানু পস্‌সনা) দুঃখানু দর্শন, (অনত্তানুপস্‌সনাচ) ও অনাত্মানুদর্শন বা আমি নাই অনুদর্শন (ইতি তিস্‌সো অনু পস্‌সনা) এই তিন প্রকার অনুদর্শন জানিও।

(সম্মান ঞ্‌ঞাণং) সমসনজ্ঞান †, (উদয় ব্বয় ঞ্‌ঞাণং) আয় ও ব্যয় জ্ঞান ‡, (ভঙ্গঞ্‌ঞাণং) ভঙ্গ জ্ঞান ‖, (ভয় ঞ্‌ঞাণ) ভয় জ্ঞান §, (আদী নব ঞ্‌ঞাণং) আদী নব জ্ঞান ¶, (নিব্বিদা ঞ্‌ঞাণং) নিস্‌বিদাজ্ঞান ১, (মুঞ্চিতু কম্যতা ঞ্‌ঞাণং) কাম্যতা মুক্ত জ্ঞান ২, (পটিসঙ্খারঞ্‌ঞাণং) প্রতি সংস্কার জ্ঞান ৩, (সঙ্খারুপেক্‌খাঞ্‌ঞাণং)

---

* অনিত্য, দুঃখ ও অনাত্মা বশ দ্বারা বিবিধ আকার বিশুদ্ধি রূপে দর্শন এবং অনিত্য, দুঃখ ও অনাত্মা ভাবনা প্রজ্ঞা।

† স্কন্ধাদি কলাপ সমসন বশ দ্বারা জ্ঞানে প্রবৃত্ত।

‡ আয় হইতে মুক্ত হইয়া ব্যয় জ্ঞানে রত।

‖ আয় ভগ্নানুদর্শন বশ দ্বার জ্ঞানে নিযুক্ত।

§ সংস্কার ভয় অনু দর্শন বশ দ্বারা জ্ঞানে প্রবৃত্ত হয়।

¶ দৃষ্ট সংস্কার আদী নব ভয়ের বশ দ্বারা জ্ঞান নিযুক্ত হয়।

১। দৃষ্টি আদীনব সংস্কারের অপ্রীতি বশদ্বার জ্ঞানে রত।

২। অপ্রীতি সংস্কার হইতে কাম্যতা মুক্ত বশদ্বার জ্ঞানে প্রবৃত্ত ।

৩। মুক্তির সম্পূর্ণ উপায় পুনঃ সংস্কার ধর্ম্মের পরিগ্রহ বশদ্বারা জ্ঞানে নিরুক্ত।

সংস্কার উপেক্ষা জ্ঞান *, (অনুলোম ঞ্ঞাণঞ্চ) এবং অনুলোম জ্ঞান †, (ইতি দসবিপস্‌সনা ঞ্ঞাণানি) এই দশ প্রকার বিদর্শন জ্ঞান জানিও।

(সুঞ্ঞতো বিমোক্‌খো) শূন্যতা বিমোক্ষ ‡, (অনিমিত্তো বিমোক্‌খো) অনিমিত্ত বিমোক্ষ ||, (অপ্পণিহিতো বিমোক্‌খোচ) এবং অপ্রণিহিত বিমোক্ষ §, (ইতি তয়ো বিমোক্‌খা) এই তিন প্রকার বিমোক্ষ জানিও।

(সুঞ্ঞতানুপস্‌সনা) শূন্যতানুদর্শন ¶, (অনিমিত্তানুপস্‌সনা) অনিমিত্তানু দর্শন ১, (অপ্পণি হিতানু পস্‌সনাচ) ও অপ্রণিহিতানু দর্শন ২, (ইতি তীণি বিমোক্‌খোমুখানিচ) এই তিন প্রকার বিমোক্ষমুখ (বেদিতব্বানি) জানিও।

(কথং) কত প্রকার শীল? (পাতিমোক্‌খ সংবরসীলং) প্রতিমোক্ষ ৩, সংবরণ ৪, শীল ৫, (ইন্দ্রিয় সংবর শীলং) ইন্দ্রিয় সংবরণ শীল ৬,

---

* । প্রতি সংস্কার ধর্ম্মের ভয় বিবর্জ্জিত বশদ্বারা উপেক্ষা দর্শন জ্ঞানে প্রবৃত্ত।

† । উপরোক্ত নয় প্রকার জ্ঞানের কর্ম্ম ও পূর্ব্বোক্ত সাঁইত্রিশ প্রকার বোধিপাক্ষিক ধর্ম্ম।

‡ । আত্মা [আমি] শূন্যতা- শান্তি প্রাপ্ত হইয়া সংযোনাদি হইতে মুক্ত।

|| । নিত্য নিমিত্তাদির অভাব হওতঃ সংযোনাদি হইতে মুক্ত।

§ । প্রণিহিত তৃষ্ণার প্রণিধি অভাব হইয়া সংযোনাদি হইতে মুক্ত।

¶ । আত্মা [আমি] শূন্যতা শান্তি, এই পুনঃ পুনঃ দর্শন।

১ । নিত্য নিমিত্ত অভাব, এই পুনঃ পুনঃ দর্শন।

২ । প্রণিহিত তৃষ্ণার প্রণিধি অভাব, এই পুনঃ পুনঃ দর্শন।

৩ । যে ব্যক্তিরা শীল রক্ষা করে, সে ব্যক্তিরা অপায় বা নরকাদির দুঃখ হইতে মুক্ত।

৪ । কায় ও বাক্যের দুশ্চরিত্রাদি সংবরণ।

৫ । উত্তম সংযম রক্ষা ১।

৬ । চক্ষুন্দ্রিয়, শ্রবণিন্দ্রিয়, ঘ্রানিন্দ্রিয়, জিহ্বিন্দ্রিয়, কায়িন্দ্রিয়, মনিন্দ্রিয়, রূপাবলম্বন, শব্দাবলম্বন, গন্ধাবলম্বন, রসাবলম্বন, স্পর্শাবলম্বন, ও ধর্ম্মাবলম্বন সংবরণ বশদ্বারা শীলে প্রবৃত্ত।

---

১ । প্রাণীহত্যা না করা, চুরি না করা, ব্যভিচার না করা, মিথ্যা

( আজীব পারিসুদ্ধিসীলং ) আজীব পরিশুদ্ধি শীল *, ( পচ্চয় সন্নিস্‌সিত সীলঞ্চ ) ও প্রত্যয় সমাশ্রিত শীল †, ( ইতি চতুপারিসুদ্ধিসীলং :সীল বিসুদ্ধি নাম ) এই চারি প্রকার পরিশুদ্ধি শীল নামক শীল বিশুদ্ধি।

( উপাচার সমাধি ) উপাচার সমাধি, ( অপ্পনা সমাধিচ ) ও অর্পণ সমাধি, ( ইতি দুবিধোপি সমাধি চিত্ত বিশুদ্ধি নাম ) এই দুই প্রকার সমাধি নামক চিত্ত বিশুদ্ধি।

---

*। মিথ্যাদৃষ্টি আজীব বর্জ্জিত করিয়া পরিশুদ্ধি আজীব বশদ্বারা শীলে প্রবৃত্ত।

†। চারি প্রকার প্রত্যয় সমাশ্রিত হইয়া উহা প্রত্যবেক্ষণ ২ দ্বারা সংসারের দুঃখ ফল হইতে বহির্গতের কারণ উৎপত্তি।

---

না বলা, ও সুরামৈরেয় পান না করার নামই পঞ্চ শীল। প্রাণীহত্যা না করা, চুরি না করা, অব্রহ্মচারি বা মৈথুন না করা, মিথ্যা না বলা, সুরামৈরেয় পান না করা, বিকালে ভোজন না করা, নাচ গান বাদ্য ও উৎসব দর্শন এবং অলঙ্কারের হেতু মালা ও সুগন্ধি দ্রব্যাদি লেপন ধারণ ও মর্দ্দন না করা, উচ্চাসন ও মহা শয্যাতে উপবেশন ও শয়ন না করার নামই অষ্টশীল ও দশ শীল প্রভৃতি শীল।

২। চীবর প্রত্যবেক্ষণ।—আমি শৈত্য ও উষ্ণতা নিবারণের জন্য চীবর বস্ত্র পরিধান করিতেছি। আমি সূর্য্যোত্তাপ, বায়ু, ডাঁশ, মশক, সর্প, ও বৃশ্চিক প্রভৃতি সরীসৃপাদির সংস্পর্শ নিবারণের জন্য চীবর বস্ত্র পরিধান করিতেছি। আমি লজ্জা নিবারণের জন্য কৌপীন বস্ত্র পরিধান করিতেছি। প্রতি সংখ্যায় এই প্রকার চীবর প্রত্যবেক্ষণ করিতে হইবে।

পিণ্ড প্রত্যবেক্ষণ।—আমি রঙ্গ রস, মত্ততা, শোভা বা সৌন্দর্য্যের জন্য পিণ্ড সেবন করিতেছি না, কিন্তু শরীর ধারণ, জীবন রক্ষা ও ক্ষুৎ পিপাসা নিবারণের জন্যই ইহা করিতেছি। আমি ব্রহ্মচর্য্য ধর্ম্মের অনিষ্ট নিরোধ পূর্ব্বক তাহার ইষ্ট সাধনের জন্যই এবং আমার পুরাতন বেদনা ছেদন ও নূতন বেদনা উৎপন্ন না হওয়ার জন্যই পিণ্ড সেবন করিতেছি। আমি ইর্য্যা পদ অর্থাৎ ভ্রমণ, দণ্ডায়মান, শয়নোপবেশনের

(লক্খণ) লক্ষণ *, (রস) রস, (পচ্চুপট্ঠান) প্রত্যুপস্থান ও (পদট্ঠান) পদস্থান (বসেন) বশদ্বারা (নাম রূপ) নাম রূপ (পরিগ্গহো) পরিগ্রহ হইয়া (দিট্ঠি বিসুদ্ধি নাম) মিথ্যা দৃষ্টি নামক বিশুদ্ধি।

* ত্রিভূমির ধর্ম্মের সামান্য স্বভাব লক্ষণ, কর্ম্মের সম্পূর্ণ রস, আকার অনুভব ফল প্রত্যুপস্থান, ও নিকট কারণ পদস্থান, এইরূপে উক্ত স্পর্শের স্পর্শ লক্ষণ, পৃথিবী ধাতু আদির কঠিন লক্ষণ বিস্তারের দ্বারা নামের নম্র লক্ষণ ও রূপের প্রকাশ লক্ষণ ইত্যাদির সঙ্ক্ষেপ কর্তৃক প্রত্যাত্মা [আমি] লক্ষণাদি পরিগ্রহ বশদ্বারা সেই লক্ষণ গ্রহণ পরিত্যাগ হইয়া দুঃখ সত্য স্থাপন পরিগ্রহ হওতঃ মিথ্যা দৃষ্টি বিশুদ্ধি হয়। নাম রূপ হইতে অন্যাত্মা নাই। এইরূপ দর্শন হইতে সম্যক্ দৃষ্টি।

জন্য এবং ভবিষ্যতে নির্দ্দোষ হইয়া, সন্তোষে বিহারে থাকিবার অভিপ্রায়েই, এই পিণ্ড পাত্রে পিণ্ড সেবন করিতেছি। প্রতি সংখ্যায় এই প্রকার পিণ্ড প্রত্যবেক্ষণ করিতে হইবে।

শয়নাসন প্রত্যবেক্ষণ।—আমি শৈত্য ও উষ্ণতা নিবারণের জন্য বিহারে উপবেশন ও শয়ন করিতেছি। আমি সূর্য্যোত্তাপ, বায়ু, ডাঁশ, মশক, সর্প ও বৃশ্চিক প্রভৃতি সরীসৃপাদির সংস্পর্শ নিবারণের জন্য বিহারে উপবেশন বা শয়ন করিতেছি। আমি ঋতুর প্রাখর্য্য নিবারণের জন্য কিম্বা নিভৃত স্থানে সমাধিতে সন্তোষ লাভ করিবার অভিপ্রায়েই, বিহারে শয়ন বা উপবেশন করিতেছি। প্রতি সংখ্যায় এই প্রকার প্রত্যবেক্ষণ বা ভাবনা করিতে হয়।

ভৈষজ্য প্রত্যবেক্ষণ।—আমি উৎপন্ন রোগের বেদনা নিবৃত্তি পর্য্যন্ত শোধিত ঔষধ সেবন করিতেছি। আমি রোগের কষ্ট হইতে অব্যাহতি পাইবার জন্য ঔষধ সেবন করিতেছি। প্রতি সংখ্যায় এই প্রকার প্রত্যবেক্ষণ বা ভাবনা করিতে হইবে। ভিক্ষু ও শ্রামণেরগণ সকল অবস্থাতেই পূর্ব্বোক্ত চারি প্রকার প্রত্যবেক্ষণ করিতে হইবে। ভাবনা করিবার সময়ে মুখ নাড়া বিধেয় নহে, কিন্তু জ্ঞান দ্বারা পুনঃ পুনঃ দর্শন করিতে হইবে। এই প্রত্যবেক্ষণ করিবার অনেক প্রকার নিয়ম আছে। তাহা মৎ প্রণীত শ্রমণ কর্ত্তব্য গ্রন্থে বর্ণিত হইয়াছে।

(তেসমেব চ নাম রূপনং) সেই নাম রূপের (পচ্চয় পরিগ্গহো) প্রত্যয় পরিগ্রহ হইয়া (কঙ্খা বিতরণ বিশুদ্ধি নাম) কাঙ্খা [সন্দেহ] বিতরণ নামক বিশুদ্ধি *।

(পন) পুনর্ব্বার মার্গামার্গ জ্ঞান দর্শন বিশুদ্ধি † বর্ণনা করিতেছি। (ততোপরং) তৎপর (তথা পরিগ্গহিতেসু) সেই নাম রূপ পরিগৃহীত (সপ্পচ্চয়েসু) সপ্রত্যয়ে (অতীতাদী ভেদ ভিন্নেসু) অতীতাদি ভেদ ভিন্নের দ্বারা (তেভূমকসঙ্খারেসু) ত্রিভূমির সংস্কারের (খন্ধাদীনয়ং) স্কন্ধাদির নিয়ম (আরভ)।

---

*। সেই নাম রূপের কারণ পরিগ্রহ হয়; প্রতি সন্ধির সময়ে একক্ষণের অবিদ্যা ও তৃষ্ণার উপাদান কর্ম্মের হেতু বশদ্বারা উৎপত্তি হয়; প্রবৃত্তির সময়ে রূপ, কর্ম্ম, চিত্ত, ঋতু, ও আহারের প্রত্যয় বশদ্বারা উৎপত্তি হয়; নাম রূপাদির আশ্রয়াবলম্বন প্রত্যয়াদি বশদ্বারা উৎপত্তি হয়; এই চারি প্রকার বিশেষ কারণ দ্বারা সম্পূর্ণ কুশল উৎপত্তি হয়। কুশলাকুশল বশদ্বারা বিপাক উৎপত্তি হয়। ভবাঙ্গাদি বশ দ্বারা অবর্জন উৎপত্তি হয়। অর্হৎদের শান্তি বশদ্বারা ক্রিয়া জবন উৎপত্তি হয়। এইরূপে সাধারণাসাধারণ বশদ্বারা তিন প্রকার কালে ২ নাম রূপ উৎপত্তি হয়। প্রত্যক্ষাদি সিদ্ধির কর্ম্মাদির কারণ পরিগ্রহ হওতঃ সমুদয় সত্য ব্যবস্থান হইয়া আমি অতীত কালে উৎপত্তি হইয়াছিলাম। এই রূপাদির ষোল প্রকার সন্দেহকে বুদ্ধ কাঙ্ক্ষা বলিয়াছেন। এই রূপাদির আট প্রকার কাঙ্ক্ষা অতীক্রম হইতে কাঙ্ক্ষা বিতরণ নাম হয়। অহেতুক ও বিষম হেতুর মিথ্যা দৃষ্টির মল বিশোধন হইতে বিশুদ্ধি নাম হয়। ইহাকে কাঙ্ক্ষা বিতরণ বিশুদ্ধি বলে।

†। সেই নাম রূপের প্রত্যয় পরিগ্রহ হইতে পরে সেই পরিগৃহীত প্রত্যাত্মা লক্ষণাদির ৪ ব্যবস্থান বশদ্বারা, প্রত্যয় ব্যবস্থান বশদ্বারা, পরিগৃহীত লোকোত্তর বর্জ্জিত হইয়া ত্রিভূমির অন্তর্গত অতীতাদি ভেদ ভিন্নের দ্বারা নামরূপে স্কন্ধাদির

---

২। ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান।

৪। লক্ষণ, রস, প্রত্যুপস্থান, পদস্থান।

আরম্ভ হওতঃ (কলাপ বসেন) রূপ কলাপ বশদ্বারা ( সঙ্খিপিত্বা ) সংক্ষিপ্ত হইয়া ( অনিচ্চংখয়ট্‌ঠেন) অনিত্য ক্ষয় প্রাপ্তের কারণ, ( দুক্‌খং ভয়ট্‌ঠেন ) দুঃখভয়ের কারণ, ও ( অনত্তা অসারকট্‌ঠেন ) অনাত্মা অসারের কারণ হয়, ( ইতি ) এই ( অদ্ধান বসেন ) অতীতকাল বশদ্বারা, ( সন্ততি বসেন ) অতীত শান্তি বশদ্বারা, ( খণ বসেন বা ) অতীত ক্ষণ বশদ্বারা বা ( সমসন ঞ্‌ঞাণেন ) সমসন জ্ঞান দ্বারা ( লক্‌খণত্তয়ং ) ত্রিলক্ষণ ( সমসন্তস্‌স ) সমসনের যোগীরা ( তেস্বেব ) সেই ত্রিভূমির সংস্কারের ( পচ্চয় বসেন ) প্রত্যয় বশদ্বারা, ( খণ বসেনচ ) ক্ষণ বশদ্বারা, ও ( উদয়ব্বয় ঞ্‌ঞাণেন ) আয় ও ব্যয় জ্ঞান দ্বারা ( উদয়ব্বয়ং ) আয় ও ব্যয় ( সমনুপস্‌সন্তস্‌সচ ) পুনঃ পুনঃ দর্শনেরও ( ওভাসো ) অবভাস, ( পীতি ) প্রীতি, ( পস্‌সদ্ধি ) প্রশ্রদ্ধি, ( অধিমোক্‌খো ) অধি-মোক্ষ, ( সুখং ) সুখ, ( ঞ্‌ঞাণং ) জ্ঞান, ( উপট্‌ঠানং ) উপস্থান, ( উপ-ক্‌খাচ ) উপেক্ষা ও ( নিকন্তি ) তৃষ্ণা ( পগ্‌গহো ) প্রগ্রহ করেন। ( ইতি ওভাসাদী বিপস্‌সনুপক্কিলেস পরিবন্ধ পরিগ্‌গহ বসেন ) এই দশ প্রকার অবভাসাদীর বিদর্শন উপক্লেশ পরিবন্ধন পরিগ্রহ বশদ্বারা ( মগ্‌গাম-

---

নিয়ম আরম্ভ হইয়া পঞ্চ স্কন্ধ, ছয় অবলম্বন, ও ছয় দ্বারের প্রবৃত্ত ধর্ম্মাদির বশ দ্বারা আগত স্কন্ধাদির আরম্ভ হওতঃ রূপ কলাপ পিণ্ড বশদ্বারা সঙ্ক্ষিপ্ত হইয়া যেইরূপ অতীত কালে উৎপত্তি হইয়াছিল, সেইরূপ অতীত কালে নিরোধ হইয়াছে। যেইরূপ অনাগত কালে উৎপত্তি হইবে, সেইরূপ অনাগত কালে নিরোধ হইবে। যেইরূপ বর্ত্তমান কালে উৎপন্ন হয়, সেইরূপ অনাগত কালে অপ্রাপ্ত হইয়া বর্ত্তমান কালে নিরোধ হয়। আধ্যাত্মিক, বাহির, সূক্ষ্ম, স্থূল, হীন, ও প্রণীত রূপাদির কারণ আত্মাদি বশদ্বারা অপ্রাপ্ত হয়। ক্ষয় প্রাপ্তের কারণ অনিত্য, ভয়ের কারণের কারণ দুঃখ, আত্মা [ আমি ] সার অভাবের কারণ অনাত্মা [ আমি নাই ]। এই চক্ষু, শ্রবণ. ঘ্রাণ, জিহ্বা, কায় ও মনো অনিত্য। রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ ও ধর্ম্ম অনিত্য। চক্ষু বিজ্ঞান, শ্রবণ বিজ্ঞান, ঘ্রাণ বিজ্ঞান, জিহ্বা বিজ্ঞান, কায় বিজ্ঞান, ও মনো বিজ্ঞান অনিত্য। চক্ষু, শ্রবণ, ঘ্রাণ, জিহ্বা, কায়, ও মনো দুঃখ। রূপ, শব্দ, গন্ধ. রস,

গ্গ লক্খণবৰ্থানং) মার্গামার্গ লক্ষণ ব্যবস্থানকে (মগ্গামগ্গ ঞাণ দস্সন বিসুদ্ধি নাম) মার্গামার্গ জ্ঞান দর্শন নামক বিশুদ্ধি বলে।

---

স্পর্শ ও ধর্ম্ম দুঃখ। চক্ষু বিজ্ঞান, শ্রবণ বিজ্ঞান, ঘ্রাণ বিজ্ঞান, জিহ্বা বিজ্ঞান, কায় বিজ্ঞান, ও মনো বিজ্ঞান দুঃখ। চক্ষু, শ্রবণ, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মনো অনাত্মা। রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ ও ধর্ম্ম অনাত্মা। চক্ষু বিজ্ঞান, শ্রবণ বিজ্ঞান, ঘ্রাণ বিজ্ঞান, জিহ্বা বিজ্ঞান, কায় বিজ্ঞান, ও মনো বিজ্ঞান অনাত্মা। ইত্যাদির দ্বারা, অতীতাদি কাল বশদ্বারা, অতীতাদির শান্তি বশদ্বারা, অতীতাদির ক্ষণ বশদ্বারা, সমসন জ্ঞান দ্বারা আয়, ব্যয় ও প্রতিপীড়ন অভাব হইয়া বাসানাতে প্রবৃত্ত হয় না। বর্ণিত ত্রিলক্ষণের ৫ সমসন জ্ঞানে প্রবৃত্ত ও রূপ কলাপ সমসন জ্ঞান দ্বারা সমসন জ্ঞানের যোগীদের ত্রিলক্ষণ সমসন জ্ঞান উৎপন্ন হয়। পুনর্ব্বার সেই সংস্কারে অবিদ্যা উৎপত্তির কারণ রূপ উৎপত্তি হয়। সেই অবিদ্যা নিরোধের কারণ রূপ নিরোধ হয়। তৃষ্ণা, কর্ম্ম ও আহার নিরোধের কারণ রূপ নিরোধ হয়। এই রূপে রূপ স্কন্ধ, বেদনা স্কন্ধ, সংজ্ঞা স্কন্ধ, ও সংস্কার স্কন্ধ আহার প্রক্ষিপ্ত হওতঃ স্পর্শ উৎপত্তির কারণ স্পর্শ নিরোধ হয়। এইরূপে স্পর্শ প্রক্ষিপ্ত হইয়া বিজ্ঞান স্কন্ধে নাম রূপ উৎপত্তির কারণ নাম রূপ নিরোধ হয়। এইরূপে নাম রূপ প্রক্ষিপ্ত হওতঃ প্রত্যয় উৎপত্তি ও প্রত্যয় নিরোধ বশদ্বারা প্রত্যয় বিবেচনা না হইয়া বর্ত্তমান স্কন্ধ উৎপত্তি লক্ষণের পরিবর্ত্তন লক্ষণ দর্শন দ্বারা, ক্ষণ বশদ্বারা এই একৈক স্কন্ধের প্রত্যয় বশদ্বারা চারি প্রকার হয়, ও ক্ষণ বশদ্বারা এক প্রকার হয়। এইরূপে পাঁচ প্রকারে আয় ও পাঁচ প্রকারে ব্যয় হয়। এই দশ প্রার আয় ও ব্যয় বশদ্বারা পঞ্চাশের অধিক আকার দ্বারা আয় ও ব্যয় জ্ঞান দ্বারা আয় ও ব্যয় পুনঃ পুনঃ দর্শনের বিদর্শন যোগীদের বিদর্শন চিত্ত সমুত্থানের শরীর হইতে বর্ণিত আলো নিঃসরণ হয়, সেই অবভাস বিদর্শন চিত্তের সহিত ক্ষুদ্র প্রীতি আদি ৬ উৎপত্তি হয়। সেই কায় ও চিত্তের বেদনা উপশম লক্ষণ

---

৫। অনিত্য, দুঃখ, অনাত্মা।

৬। ক্ষুদ্রপ্রীতি, ক্ষণপ্রীতি, অবক্রান্তিকপ্রীতি, উদ্বেগপ্রীতি, স্ফরণপ্রীতি।

(পন) পুনর্ব্বার প্রতিপদ জ্ঞান দর্শন বিশুদ্ধি * বর্ণনা করিতেছি। (তথা পরিবন্ধ বিমুত্তস্‌স) সেই দশ প্রকার বিদর্শনের অবভাসাদি পরিবন্ধ বিমুক্তের (তস্‌স উদয়ব্বয় ঞ্‌ঞাণতো) সেই যোগীরা, আয় ও ব্যয় হইতে জ্ঞান (পট্‌ঠায়) আরম্ভ করিয়া (য়াবানুলোমা) সত্যানু-

---

কায় ও চিত্ত বশদ্বারা বর্ণিত দুই প্রকার প্রশ্রদ্ধি ৭, বল, শ্রদ্ধিন্দ্রিয় ও অধিমোক্ষ সম্প্রধান কর্ম্ম সাধন হইয়া বর্ণিত বীর্য্যের সম্বোধি অঙ্গে অতি প্রণীত সুখ প্রগ্রহ হয়। যথা—ইন্দ্ররাজার বজ্র নিক্ষেপের সদৃশ ত্রিলক্ষণ বিদর্শন জ্ঞান বিশ্বাস করিয়া স্মৃত্যুপস্থান চিরকালাদি অনুসরণে সমর্থ হয়। বর্ণিত স্মৃত্যুপস্থান অধিক প্রবৃত্তের বিদর্শনের সহিত উপেক্ষা সম্বোধি অঙ্গ উৎপত্তি হইয়া তত্রমধ্যস্থ উপেক্ষা ও মনোদ্বারাবর্জন উপেক্ষা উৎপত্তি হয়। এই দুই প্রকার উপেক্ষা ও নয় প্রকার অবভাসাদি উৎপন্নের কারণ আমি যোগী হইয়াছি। এই সময় হইতে পূর্ব্বে এইরূপ অবভাস উৎপন্ন হয় নাই। এই নিয়ম দ্বারা সেই নয় প্রকার অভাসের আলোয়ে সূক্ষ্ম তৃষ্ণা ও রূপ তৃষ্ণা নির্ম্মাণ করে। এই দশ প্রকার অব-ভাসাদির বিদর্শন উপক্লেশ উৎপন্নের কারণ আমি যোগী হইয়াছি। এই রূপ অবভাস পূর্ব্বে উৎপন্ন হয় নাই। আমি সত্যই স্রোতাপত্তি মার্গ প্রাপ্ত হইয়াছি। এইরূপ গ্রহণ না করিয়া সেই অবভাসাদি তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মান উৎপত্তির কারণ স্রোতাপত্তি মার্গ সত্য নহে। সেই বিদর্শন উপক্লেশ হইতে মুক্ত বীথি প্রতিপন্ন বিদর্শন জ্ঞানই স্রোতাপাতি মার্গ। এইরূপে লোকোত্তর মার্গামার্গ লক্ষণের ব্যবস্থান নিশ্চয় হয়। এই লোকোত্তর মার্গামার্গ জ্ঞান দর্শনই বিশুদ্ধি নামে বর্ণিত হয়।

* বিদর্শন জ্ঞানের যোগীরা, নয় প্রকার বিদর্শন জ্ঞান হইতে স্কন্ধের আয় ও ব্যয় জানিয়া থাকেন; এই আয় ও ব্যয় জ্ঞান। আয় হইতে মুক্ত হইয়া ভঙ্গ মাত্র উপেক্ষা করার নামই ভঙ্গ জ্ঞান। ভঙ্গ বশদ্বারা উপেক্ষার যোগীরা, সিংহাদির সদৃশ ভয় উপেক্ষা করার নামই ভয় জ্ঞান। সেই উপেক্ষা দ্বারা গৃহদাহের সদৃশ দোষ উপেক্ষা করার নামই আদি

---

৭। কায় প্রশ্রদ্ধি, চি [illegible]

লোম পর্য্যন্ত ( তিলক্খণং বিপস্সনা পরংপরায় ) ত্রিলক্ষণ বিদর্শন পরম্পরা [ পুনঃ পুনঃ ভাবনা ] দ্বারা ( পটিপজ্জন্তস্স ) প্রতি পদের ( নব বিপস্সনা ঞ্‌ঞাণানি ) নয় প্রকার বিদর্শন জ্ঞান উৎত্তি হয়। ( পটিপদা ঞ্‌ঞাণ দস্সন বিসুদ্ধি নাম ) এই প্রতি পদ জ্ঞান দর্শন নামক বিশুদ্ধি।

( পন ) পুনর্ব্বার জ্ঞান দর্শন বিশুদ্ধি বর্ণনা করিতেছি। ( এবং ) এইরূপ বর্ণিত নীতি দ্বারা ( তস্স পটিপজ্জন্তস্স ) সেই প্রতিপদের যোগীরা, ( বিপস্সনা পরিপাকং ) বিদর্শন পরিপাক [ সংস্কার উপেক্ষা জ্ঞান ] ( আগম্ম ) প্রাপ্ত হইয়া ( ইদানি অপ্পনা ) এক্ষণ অর্পণ [ লোকোত্তর মার্গ ] ভাব ( উপ্পজ্জিস্সতি ) উৎপত্তি করেন। ( ইতি বত্তব্বকৃখণে ) এই বর্ণিত ক্ষণে ( ভবঙ্গং ) ভবাঙ্গ ( বোচ্ছিন্দিত্বা ) ব্যবচ্ছেদ হইয়া ( উপ্পন্ন মনোদ্বারাবজ্জনানন্তরং ) মনোদ্বারাবর্জন চিত্ত উৎপন্নের পরে ( দ্বেতীণি বিপস্সনাচিত্তানি ) দুই বা তিন বার বিদর্শন চিত্ত ( য়ংকিঞ্চি ) যে কোন এক

---

নব জ্ঞান। দৃষ্টি দোষ ঘৃণা বশদ্বারা জ্ঞানে প্রবৃত্ত হওয়ার নামই ঘৃণা জ্ঞান। জালাদি হইতে মৎস্য ধরণের সদৃশ সেই ত্রিভূমির ধর্ম্ম হইতে কামনা মুক্ত বশদ্বারা জ্ঞানে প্রবৃত্ত হওয়ার নামই মুক্ত জ্ঞান। মুক্তির উপায় সম্প্রদানের কারণ দৃষ্টি দোষ সংস্কার ধর্ম্মের সমুদ্রের শকুন পক্ষীর সদৃশ পুনঃ পুনঃ সমসন বশদ্বারা জ্ঞানে প্রবৃত্ত হওয়ার নামই প্রতি সঙ্খানু দর্শন জ্ঞান। স্ত্রী ত্যাগী পুরুষের সদৃশ দৃষ্টি দোষে সেই সংস্কার ধর্ম্ম উপেক্ষার দ্বারা জ্ঞানে প্রবৃত্ত হওয়ার নামই সংস্কার উপেক্ষা জ্ঞান। অনিত্যাদি লক্ষণ বিষয় অবলম্বন উৎপত্তির কারণ অধেঃ প্রবৃত্ত হওতঃ আট প্রকার বিদর্শন জ্ঞানের উর্দ্ধে লোকোত্তর মার্গ ক্ষণে প্রাপ্ত হইয়া সাঁইত্রিশ প্রকার বোধি পাক্ষিক ধর্ম্মানুলোমের কারণ লোকোত্তর মার্গ বীথির লোকোত্তর গোত্রভূ হইতে পূর্ব্বে প্রবৃত্ত হওয়াকে সত্যানুলোম জ্ঞান বলে; এই নয় প্রকার অনুলোম জ্ঞান। এই নয় প্রকার জ্ঞানের জ্ঞান দর্শন বিশুদ্ধির প্রতিপদ ভাব দ্বারা ত্রিলক্ষণ জ্ঞাত হওয়ার কারণ, প্রত্যবেক্ষণ দ্বারা দর্শনের কারণ, প্রতিপক্ষ হইতে বিশুদ্ধির কারণ উৎপত্তি হয়। এই প্রতিপদ জ্ঞান দর্শন নামক বিশুদ্ধি।

প্রকার ( অনিচ্চাদীলক্‌খণং ) অনিত্যাদি লক্ষণ * ( আরব্ভ ) আরম্ভ করিয়া ( পরিকম্মোপচারানুলোম নামেন ) পরি কর্ম্ম ও উপচার ভাবনা-অনুলোম নাম দ্বারা ( পবত্তন্তি ) বিদর্শন জ্ঞানে প্রবৃত্ত হয়। ( য়া ) যে সংস্কারের উপেক্ষা দর্শন জ্ঞান ( সিখাপত্তা ) শিক্ষা প্রাপ্ত হইয়া ( সাসানু-লোমা ) সত্যানুলোম জ্ঞানের সহিত ( সঙ্খারুপেক্‌খা ) সংস্কার উপেক্ষা ( বুট্‌ঠানগামিনী বিপস্‌সনাতিচ ) ও বিদর্শন [ অপায় বা নরক ও সংস্কার নিমিত্ত হইতে ] উত্থানগামী ( পবুচ্চতি ) বর্ণিত হয়। ( ততোপরং ) তৎ-পর ( গোত্রভূচিত্তং ) লোকোত্তর গোত্রভূচিত্ত ( নিব্বানং আলম্বিত্বা ) নির্ব্বাণ অবলম্বন করিয়া ( পথুজ্জনগোত্তং ) পৃথগ্‌জনগোত্র ( অভিভবন্তং ) পরাভব করতঃ ( অরিয়গোত্তং ) আর্য্যগোত্র ( অভিসম্ভোন্তঞ্চ ) উৎপত্তি করিয়া ( পবত্ততি ) জ্ঞানে প্রবৃত্ত হয়। ( তস্‌স ) সেই গোত্রভূচিত্তের ( অনন্তরং ) পরে ( মগ্‌গো ) স্রোতাপত্তি মার্গ ( এব ) ও ( দুক্‌খসচ্চং ) দুঃখ সত্য ( পরিজানন্তো ) পরিজ্ঞান করতঃ ( সমুদয় সচ্চং ) সমুদয় সত্য ( পজহন্তো ) প্রহীণ করিয়া ( নিরোধ সচ্চং ) নিরোধ সত্য ( সচ্ছি করোন্তো ) সাক্ষাৎ করতঃ ( মগ্‌গসচ্চং ) মার্গ সত্য ( ভাবনা বসেন ) ভাবনা বশদ্বারা ( অপ্পনা বীথি ) অর্পণ বীথি ( ওতরতি ) অবতীর্ণ হয়। ( ততোপরং ) তৎপর ( দ্বেত্তীণি ফল চিত্তানি ) দুই বা তিন বার স্রোতাপত্তি ফল চিত্তে † ( পবত্তিত্বা ) প্রবৃত্ত হইয়া ( ভবঙ্গ পাতোব হোতি ) ভবাঙ্গ পাত হয়। ( পুন ) পুনঃ ( ভবঙ্গং ) ভবাঙ্গ ( বোচ্ছিন্দিত্বা ) ব্যবচ্ছেদ করিয়া ( পচ্চ-বেক্‌খণঞ্‌ঞাণানি ) প্রত্যবেক্ষণ জ্ঞানে ‡ ( পবত্তন্তি ) প্রবৃত্ত হয়। ( পণ্ডি-তো ) পণ্ডিতেরা, ( মগ্‌গং ফলঞ্চ নিব্বানং ) লোকোত্তর মার্গ, লোকোত্তর ফল ও নির্ব্বাণ ( পচ্চবেক্‌খতি ) প্রত্যবেক্ষণ ( কিলেসেচ ) ক্লেশ ( পহীন ) প্রহীণের ( সেসে ) শেষে ( কিলেসে ) অপ্রহীণ অবশিষ্ট ক্লেশ ( পচ্চবেক্‌-

---

* । অনিত্য, দুঃখ, অনাত্মা।

†। ঘট দ্বারা জল নিক্ষেপের সদৃশ মার্গ জ্ঞান দ্বারা ক্লেশ হইতে মুক্ত হইয়া শান্তি।

‡। লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বন করিয়া কামাবচর কুশল বা কামাবচর ক্রিয়া জ্ঞানে ক্লেশ হইতে মুক্ত।

খতি বা নবা) প্রত্যবেক্ষণ * বা অপ্রত্যবেক্ষণ ‡ ( এবং ) এবং ( ছব্বিসুদ্ধি কমেন ) এই ছয় প্রকার বিশুদ্ধির দ্বারা ( চতুব্বিধোমগ্‌গো ) চারি প্রকার লোকোত্তর মার্গের ( ভাবেতব্বো ) ভাব বৃদ্ধি করেন। ( ঞ্‌ঞাণদস্‌সন বিসুদ্ধি নাম মগ্‌গোপবুচ্চতি ) ইহাই লোকোত্তর মার্গ জ্ঞান দর্শন বিশুদ্ধি নামে বর্ণিত হয়। ( অয়মেথ ) এই বিদর্শন কর্ম্মস্থানের ( বিশুদ্ধি ভেদো ) বিশুদ্ধি প্রভেদ।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার বিদর্শন কর্ম্মস্থান বর্ণনা করিতেছি। বিদর্শন কর্ম্মস্থানে শীল বিশুদ্ধি, চিত্ত বিশুদ্ধি, মিথ্যাদৃষ্টি বিশুদ্ধি, কাঙ্ক্ষা বিতরণ বিশুদ্ধি, মার্গামার্গজ্ঞান দর্শন বিশুদ্ধি, প্রতিপদ্‌ জ্ঞান দর্শন বিশুদ্ধি, এবং জ্ঞান দর্শন বিশুদ্ধি, এই সাত প্রকার বিশুদ্ধির দ্বারা বিশুদ্ধ সংগ্রহ জানিও।

অনিত্য লক্ষণ, দুঃখ লক্ষণ, ও অনাত্মা লক্ষণ, এই তিন প্রকার লক্ষণ জানিও।

অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, ও অনাত্মানুদর্শন, এই তিন প্রকার অনুদর্শন জানিও।

সমসনজ্ঞান, আয় ও ব্যয়জ্ঞান, ভঙ্গজ্ঞান, ভয়জ্ঞান, আদীনবজ্ঞান, নিস্‌বিদাজ্ঞান, কাম্যতামুক্তজ্ঞান, প্রতি সংস্কারজ্ঞান, সংস্কার উপেক্ষাজ্ঞান, এবং অনুলোমজ্ঞান, এই দশ প্রকার বিদর্শনজ্ঞান জানিও।

শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, এবং অপ্রণিহিত বিমোক্ষ, এই তিন প্রকার বিমোক্ষ জানিও।

শূন্যতানুদর্শন, অনিমিত্তানুদর্শন, ও অপ্রণিহিতানুদর্শন, এই তিন প্রকার বিমোক্ষ মুখ জানিও।

কত প্রকার শীল? প্রতিমোক্ষ সংবরণ শীল, ইন্দ্রিয় সংবরণ শীল, আজীব পরিশুদ্ধি শীল, ও প্রত্যয় সমাশ্রিত শীল, এই চারি প্রকার পরিশুদ্ধি শীল নামক শীল বিশুদ্ধি। উপচার সমাধি ও অর্পণ সমাধি, এই দুই প্রকার সমাধি নামক চিত্তবিশুদ্ধি।

---

*। লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বন করিয়া কামাবচর কুশল জ্ঞানে ক্লেশ হইতে মুক্ত।

†। লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বন করতঃ কামাবচর ক্রিয়া জ্ঞানে ক্লেশ হইতে মুক্ত।

লক্ষণ, রস, প্রত্যুপস্থান, ও পদস্থান বশদ্বারা নামরূপ পরিগ্রহ হইয়া মিথ্যাদৃষ্টি নামক বিশুদ্ধি।

সেই নাম রূপের প্রত্যয় পরিগ্রহ হইয়া কাঙ্ক্ষা বিতরণ নামক বিশুদ্ধি।

পুনর্ব্বার মার্গামার্গ জ্ঞান দর্শন বিশুদ্ধি বর্ণনা করিতেছি। তৎপর সেই নামরূপ পরিগৃহীত সপ্রত্যয়ে অতীতাদি ভেদ ভিন্নের দ্বারা ত্রিভূমির সংস্কারের স্কন্ধাদির নিয়ম আরম্ভ হওতঃ রূপ কলাপ বশদ্বারা সজ্ক্ষিপ্ত হইয়া অনিত্য ক্ষয় প্রাপ্তের কারণ, দুঃখ ভয়ের কারণ, ও অনাত্মা অসারের কারণ হয়; এই অতীত কাল বশদ্বারা, অতীত শান্তি বশদ্বারা, অতীত ক্ষণ বশদ্বারা, বা সমসন জ্ঞান দ্বারা ত্রিলক্ষণ সমসনের যোগীরা সেই ত্রিভূমির সংস্কারের প্রত্যয় বশদ্বারা, ক্ষণ বশদ্বারা, ও আয় ও ব্যয় জ্ঞান দ্বারা আয় ও ব্যয় পুনঃ পুনঃ দর্শনেও অবভাস, প্রীতি, প্রশ্রদ্ধি, অধিমোক্ষ, সুখ, জ্ঞান, উপস্থান, উপেক্ষা, ও তৃষ্ণা প্রগ্রহ করেন। এই দশ প্রকার অবভাসাদীর বিদর্শন উপক্লেশ পরিবদ্ধ পরিগ্রহ বশদ্বারা মার্গামার্গ লক্ষণ ব্যবস্থানকে মার্গামার্গ জ্ঞান দর্শন নামক বিশুদ্ধি বলে।

পুনর্ব্বার প্রতিপদ্ জ্ঞান দর্শন বিশুদ্ধি বর্ণনা করিতেছি। সেই দশ প্রকার বিদশনের অবভাসাদি পরিবদ্ধ বিমোক্তের সেই যোগীরা আয় ও ব্যয় হইতে জ্ঞান আরম্ভ করিয়া সত্যানুলোম পর্য্যন্ত ত্রিলক্ষণ বিদর্শন পরম্পরা দ্বারা প্রতিপদের নয় প্রকার বিদর্শন জ্ঞান উৎপত্তি করেন। এই প্রতিপদ্ জ্ঞান দর্শন নামক বিশুদ্ধি।

পুনর্ব্বার জ্ঞান দর্শন বিশুদ্ধি বর্ণনা করিতেছি। এইরূপ বর্ণিত নীতি দ্বারা সেই প্রতিপদের যোগীরা বিদর্শন পরিপাক প্রাপ্ত হইয়া এক্ষণ অর্পণ ভাব উৎপত্তি করেন। এই বর্ণিত ক্ষণে ভবাঙ্গ ব্যবচ্ছেদ হইয়া মনোদ্বারাবর্জন চিত্ত উৎপন্নের পরে দুই বা তিন বার বিদর্শন চিত্ত যে কোন এক প্রকার অনিত্যাদির লক্ষণ আরম্ভ করিয়া পরিকর্ম্ম ও উপচার ভাবনা অনুলোম নাম দ্বারা বিদর্শন জ্ঞানে প্রবৃত্ত হয়। যে সংস্কারের উপেক্ষা দর্শন জ্ঞান শিক্ষা প্রাপ্ত হইয়া সত্যানুলোম জ্ঞানের সহিত সংস্কার উপেক্ষা ও বিদর্শন উত্থানগামী বর্ণিত হয়। তৎপর লোকোত্তর গোত্রভূচিত্ত নির্ব্বাণ অবলম্বন করিয়া পৃথগ্‌জন গোত্র পরাভব করতঃ আর্য্য গোত্র উৎপত্তি করিয়া জ্ঞানে প্রবৃত্ত হয়। সেই গোত্র ভূচিত্তের পরে স্রোতাপত্তি মার্গ ও দুঃখ সত্য পরিজ্ঞান করতঃ সমুদয়

সত্য প্রহীণ করিয়া নিরোধ সত্য সাক্ষাৎ করতঃ মার্গ সত্য ভাবনা বশদ্বারা অর্পণ বীথি অবতীর্ণ হয়। তৎপর দুই বা তিন বার স্রোতাপত্তি ফল চিত্তে প্রবৃত্ত হইয়া ভবাঙ্গ পাত হয়। পুনঃ ভবাঙ্গ ব্যবচ্ছেদ করিয়া প্রত্যবেক্ষণ জ্ঞানে প্রবৃত্ত হয়। পণ্ডিতেরা লোকোত্তরমার্গ, লোকোত্তর ফল ও নির্ব্বাণ প্রত্যবেক্ষণ ক্লেশ প্রহীণের শেষে অপ্রহীণ অবশিষ্ট ক্লেশ প্রত্যবেক্ষণ বা অপ্রত্যবেক্ষণ এবং ছয় প্রকার বিশুদ্ধির দ্বারা চারি প্রকার লোকোত্তরমার্গের ভাব বৃদ্ধি করেন। ইহাই লোকোত্তরমার্গ জ্ঞান দর্শন বিশুদ্ধি নামে বর্ণিত হয়। এই বিদর্শন কর্ম্মস্থানের বিশুদ্ধি প্রভেদ।

# বিমোক্ষ প্রভেদ।

## পালি।

তত্থ অনত্তানুপস্‌সনা অত্তাভি নিবেসং মুঞ্চন্তী সুঞ্‌ঞ্‌ঞতানুপস্‌সনা নাম বিমোক্‌খ মুখং হোতি। অনিচ্চানুপস্‌সনা বিপল্লাসনিমিত্তং মুঞ্চন্তী অনিমিত্তানুপস্‌সনা নাম বিমোক্‌খ মুখং হোতি। দুক্‌খানুপস্‌সনা তণ্‌হা পণিধিং মুঞ্চন্তী অপ্পণিহিতানুপস্‌সনা নাম বিমোক্‌খ মূখং হোতি। তস্মায়দি বুট্‌ঠান গামিনী বিপস্‌সনা অনত্ততো বিপস্‌সতি। সুঞ্‌ঞ্‌তো বিমোক্‌খো নাম হোতি মগ্‌গো। য়দি অনিচ্চতো বিপস্‌সতি অনিমিত্তো বিমোক্‌খো নাম। য়দি দুক্‌খতো বিপস্‌সতি। অপ্পণিহিতো বিমোক্‌খো নামতিচ মগ্‌গো বিপস্‌সনাগমন বসেন তীণি নামানি লব্ভতি। তথা ফলঞ্চ মগ্‌গাগমন বসেন মগ্‌গ বীথিয়ং। ফল সমাপত্তি বীথিয়ং পন য়থা বুত্ত নয়েন বিপস্‌সন্তানং য়থাসকং ফল মুপ্পজ্জমানংপি বিপস্‌স-

**নাগমন বসেনেব সুঞ্ঞতাদী বিমোক্খোতিচ পবুচ্চতি। আলম্বণ বসেন পন সরস বসেনচ নামত্তয়ং সব্বথ সব্বে-সংপি সমমেবচ। অয়মেত্থ বিমোক্খ ভেদো।**

## স্বান্বয়ার্থ।

(তত্থ) সেই (অনত্তানুপস্সনা) অনাত্মানুদর্শনে [আমি নাই পুনঃ পুনঃ দর্শনে] (অত্তাভি নিবেসং) আত্মাভি নিবেশ * হইতে (মুঞ্চন্তী) মুক্ত হইয়া (সুঞ্ঞতানুপস্সনা নাম বিমোক্খ মুখং হোতি) শূন্য-তানু দর্শন নামক বিমোক্ষ মুখ † হয়। (অনিচ্চানুপস্সনা) অনিত্যানু দর্শনে [অনিত্য পুনঃ পুনঃ দর্শনে] (বিপল্লাস নিমিত্তং) বিপর্য্যাসের নিমিত্ত ‡ হইতে (মুঞ্চন্তী) মুক্ত হইয়া (অনিমিত্তানু পস্সনা নাম বিমো-ক্খ মুখ হোতি) অনিমিত্তানু দর্শন নামক বিমোক্ষ মুখ ‖ হয়। (দুক্-খানু পস্সনা) দুঃখানু দর্শনে [দুঃখ পুনঃ পুনঃ দর্শনে] [তণ্হা পণিধং] তৃষ্ণা প্রণিধি ※ হইতে (মুঞ্চন্তী) মুক্ত হইয়া (অপ্পণিহিতানুপস্স নাম বিমো-ক্খ মুখং হোতি) অপ্রাণিহিতানু দর্শন নামক বিমোক্ষ মুখ § হয়। (তস্মায়দি) যদি সেই (অনত্ততো) অনাত্মা [আমি নাই] দ্বারা (বুট্-ঠান গামিনী বিপস্সনা) বিদর্শন [অপায় বা নরক সংস্কারের নিমিত্ত হইতে] উত্থান গামী হওতঃ (বিপস্সতি সুঞ্ঞতো বিমোক্খো নাম হোতি মগ্গো) বিদর্শনে শূন্যতা নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। (য়দি অনিচ্চতো) যদি সেই অনিত্য দ্বারা (বুট্ঠান গামিনী বিপস্সনা) বিদর্শন [অপায় বা নরক সংস্কারের নিমিত্ত হইতে]

*। আত্মা [আমি] নিত্য, ও আমার শরীর নিত্য মনোনিবেশ।

†। লোকোত্তর মার্গ উৎপত্তি হইতে লোকোত্তর ফল উৎপত্তি।

‡। সংজ্ঞা চৈতসিক বিপর্য্যাসের নিমিত্ত, চিত্ত বিপর্য্যাসের নিমিত্ত, মিথ্যাদৃষ্টি চৈতসিক বিপর্য্যাসের নিমিত্ত।

‖। লোকোত্তর মার্গ উৎপত্তি হইতে লোকোত্তর ফল উৎপত্তি।

※। কামভব তৃষ্ণা, রূপভব তৃষ্ণা, অরূপভব তৃষ্ণা।

§। লোকোত্তর মার্গ উৎপত্তি হইতে লোকোত্তর ফল উৎপত্তি।

উথানগামী হওতঃ (বিপস্সতি অনিমিত্তো বিমোক্খো নাম হোতি মগ্গো) বিদর্শনে অনিমিত্ত নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। (যদি দুক্খতোচ) ও যদি সেই দুঃখ দ্বারা (বুট্ঠান গামিনী বিপস্সনা) বিদর্শন [অপায় বা নরক সংস্কারের নিমিত্ত হইতে] উত্থান গামী হওতঃ (বিপস্সতি অপ্পণিহিতো বিমোক্খো নাম হোতি মগ্গো) বিদর্শনে অপ্রণিহিত নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। (ইতি মগ্গো বিপস্সনাগমন বসেন) এই বিদর্শন লোকোত্তর মার্গাগমন বশদ্বারা (তীণি নামানি লভতি) তিন প্রকার নাম * লাভ হয়। (তথা ফলঞ্চ মগ্গাগমন বসেন মগ্গবীথিয়ং) সেই লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলাগমন বশদ্বারা দুই বা তিন বার লোকোত্তর মার্গ বীথি উৎপত্তির পর লোকোত্তর ফল উৎপত্তি হয়।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (ফল সমাপত্তি বীথিয়ং) লোকোত্তর ফল সমাপত্তি বীথিতে (যথা বুত্তনয়েন) যথোক্ত নিয়ম দ্বারা (বিপস্সন্তানং) বিদর্শন ফলস্থ পুদ্গলদিগের (উপ্পজ্জমানং) উৎপত্তি মান (যথা সকং ফলং পি) যথা স্বকীয় ফল (বিপস্সনাগমন বসেনেব) বিদর্শনাগমন বশদ্বারা (সুঞ্ঞতাদী বিমোক্খোতিচ) শূন্যতাদী বিমোক্ষ (পবুচ্চতি) বর্ণিত হইয়াছে।

(পন) পুনর্ব্বার সাধারণ বর্ণনা করিতেছি। (সব্বথ সব্বেসংপি সমমেবচ) সর্ব্বপ্রকার লোকোত্তর মার্গ বীথি ও লোকোত্তর ফল সমাপত্তি বীথির সদৃশ সর্ব্বপ্রকার লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল (আলম্বণ বসেন) অবলম্বন † বশদ্বারা (সরস বসেনচ) ও সরস ‡ বশদ্বারা (নামত্তয়ংপি) তিন প্রকার নাম ‖ হইয়াছে। (অয়মেত্থ) এই বিদর্শন কর্ম্মস্থানের (বিমোক্খ ভেদো) বিমোক্ষ প্রভেদ।

---

*। শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ।

†। সর্ব্বপ্রকার সংস্কার হইতে শূন্যতা নামক নির্ব্বাণ, সংস্কারের নিমিত্ত হইতে অনিমিত্ত নামক নির্ব্বাণ, তৃষ্ণা প্রণিধি হইতে অপ্রণিহিত নামক নির্ব্বাণ।

‡। রাগাদি হইতে শূন্যতা, রূপ নিমিত্তাদি অবলম্বন হইতে অনিমিত্ত, ক্লেশ প্রণিধিরহিত আত্ম গুণ।

‖। শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

সেই অনাত্মানুদর্শনে আত্মাভিনিবেশ হইতে মুক্ত হইয়া শূন্যতানুদর্শন নামক বিমোক্ষ মুখ হয়। সেই অনিত্যানুদর্শনে বিপর্য্যাসের নিমিত্ত হইতে মুক্ত হইয়া অনিমিত্তানুদর্শন নামক বিমোক্ষ মুখ হয়। সেই দুঃখানুদর্শনে তৃষ্ণা প্রণিধি হইতে মুক্ত হইয়া অপ্রণিহিতানুদর্শন নামক বিমোক্ষ মুখ হয়। যদি সেই অনাত্মা দ্বারা বিদর্শন উত্থানগামী হওতঃ বিদর্শনে শূন্যতা নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। যদি সেই অনিত্য দ্বারা বিদর্শন উত্থানগামী হওতঃ বিদর্শনে অনিমিত্ত নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। ও যদি সেই দুঃখ দ্বারা বিদর্শন উত্থানগামীহওতঃ বিদর্শনে অপ্রণিহিত নামক বিমোক্ষ হইয়া লোকোত্তর মার্গ উৎপত্তি হয়। এই বিদর্শন লোকোত্তর মার্গা-গমন বশদ্বারা তিন প্রকার নাম লাভ হয়। সেই লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফলাগমন বশদ্বারা দুই বা তিন বার লোকোত্তর মার্গ বীথি উৎপত্তির পর লোকোত্তর ফল উৎপত্তি হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। লোকোত্তর ফল সমাপত্তি বীথিতে যথোক্ত নিয়ম দ্বারা বিদর্শন ফলস্থ পুদগলদিগের উৎপত্তি মান যথা স্বকীয় ফল বিদর্শনাগমন বশদ্বারা শূন্যতাদি বিমোক্ষ বর্ণিত হইয়াছে।

পুনর্ব্বার সাধারণ বর্ণনা করিতেছি। সর্ব্বপ্রকার লোকোত্তর মার্গ বীথি ও লোকোত্তর ফল সমাপত্তি বীথির সদৃশ সর্ব্বপ্রকার লোকোত্তর মার্গ ও লোকোত্তর ফল অবলম্বন বশদ্বারা ও সরস বশদ্বারা তিন প্রকার নাম হইয়াছে। এই বিদর্শন কর্ম্মস্থানের বিমোক্ষ প্রভেদ।

# লোকোত্তর পুদ্গল প্রভেদ।

## পালি।

এত্থ পন সোতাপত্তি মগ্‌গং ভাবেত্বা দিট্‌ঠি বিচি-কিচ্ছা পহানেন পহীনাপায় গমনো সত্তক্খত্তু পরমো সোতাপন্নো নাম হোতি।

সকদা গামি মগ্‌গং ভাবেত্বা রাগ দোষ মোহান্নং তনুকরত্তা সকাদা গামি নাম হোতি সকিদেব ইমংলোকং আগন্ত্বা।

আগামি মগ্‌গং ভাবেত্বা কাম রাগ ব্যাপাদানং অনবসেস পহানেন অনাগামি নাম হোতি অনাগন্ত্বা ইত্থত্তং।

অরহত্ত মগ্‌গং ভাবেত্বা অনবসেস কিলেস পহানেন অরহা নাম হোতি খীণাসবো লোকে অগ্‌গদক্‌খিণেয়্যো। অয়মেত্থ পুগ্‌গল ভেদো।

## স্বান্বয়ার্থ।

(পন) পুনর্ব্বার লোকোত্তর পুদগল প্রভেদ বর্ণনা করিতেছি। (এত্থ) সেই স্রোতাপত্তি ফলের পুদগলেরা, (সোতপত্তি মগ্‌গং) স্রোতাপত্তি মার্গ * (ভাবেত্বা) ভাব করতঃ (দিট্‌ঠি বিচিকিচ্ছা পহানেন) মিথ্যা-দৃষ্টি ও বিচিকিৎসা প্রহাণ দ্বারা (পহীনাপায় গমনো) অপায় বা নরক গমন প্রহীণ করিয়া (সত্তক্‌খত্তুপরমো) সাত বার দেব ভূমি বা মনুষ্য ভূমিতে প্রতিসন্ধি হইলে (সোতাপন্নো নাম হোতি) স্রোতাপন্ন নাম হয়।

---

*। (সব্বে সঙ্খার অনিচ্চ) সর্ব্ব সংস্কার অনিত্য, (সব্বে সঙ্খার দুক্‌খ) সর্ব্ব সংস্কার দুঃখ; (সব্বে সঙ্খার অনত্তা) সর্ব্ব সংস্কার অনাত্মা। যথা—সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ, সর্ব্ব সংস্কার অনাত্মা, এই রূপে পুনঃ পুনঃ ভাবনা করিয়া স্রোতাপত্তি মার্গ প্রাপ্ত হওতঃ সেই ভাবনা করিলে স্রোতাপত্তি ফল প্রাপ্তি হয়।

সেই সকৃদাগামী ফলের পুদগলেরা, ( সকদাগামি মগ্‌গং ) সকৃদাগামী মার্গ * ( ভাবেত্বা ) ভাব করতঃ ( রাগ দোস মোহানং ) রাগ, দোষ ও মোহ ( তনু করত্বা ) কিঞ্চিৎ উৎপত্তির কারণ ( সকিং দেব ) একবার ( ইমং লোকং ) ইহ লোকে ( আগন্ত্বা ) আগমন করিলে ( সকদাগামি নাম হোতি ) সকৃদাগামী নাম হয়।

সেই অনাগামী ফলের পুদগলেরা, ( অনাগামি মগ্‌গং ) অনাগামী মার্গ † ( ভাবেত্বা ) ভাব করতঃ ( কাম রাগ ব্যাপাদনং ) কাম, রাগ ও ব্যাপাদন ( পহানেন ) প্রহাণ দ্বারা ( ইথত্তং ) ইহ কাম ভূমিতে ( অনাগন্ত্বা ) আগমন না করিলে ( অনাগামি নাম হোতি ) অনাগামী নাম হয়।

সেই অর্হৎ ফলের পুদগলেরা, ( অরহত্ত ) অর্হৎ ফল ‡ ( ভাবেত্বা ) ভাব করতঃ ( অনব সেস কিলেস পহানেন ) অনাবশেষ ক্লেশ প্রহাণ দ্বারা ( খীণাসবো লোকে ) ত্রিলোকে ক্ষীণাশ্রাব হওতঃ ( অগ্‌গদক্‌খিণে য়্যো ) অগ্র দক্ষিনীয় হইয়া ( অরহা নাম হোতি ) অর্হৎ নাম হয়। ( অয়মেথ ) এই বিদর্শন কর্ম্মস্থানের ( পুগ্‌গল ভেদো ) পুদগল প্রভেদ।

---

*। সব্বে সঙ্খার অনিচ্চ, সব্বে সঙ্খার দুক্‌খ, সব্বে সঙ্খার অনাত্তা। যথা—সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ, সর্ব্ব সংস্কার অনাত্মা, এইরূপে পুনঃ পুনঃ ভাবনা করিয়া সকৃদাগামী মার্গ প্রাপ্ত হওতঃ পুনঃ পুনঃ সেই ভাবনা করিলে সকৃদাগামী ফল প্রাপ্তি হয়।

†। সব্বে সঙ্খার অনিচ্চ, সব্বে সঙ্খার দুক্‌খ, সব্বে সঙ্খার অনাত্তা। যথা—সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ, সর্ব্ব সস্কার অনাত্মা, এইরূপে পুনঃ পুনঃ ভাবনা করিয়া অনাগামী মার্গ প্রাপ্ত হওতঃ পুনঃ পুনঃ সেই ভাবনা করিলে অনাগামী ফল প্রাপ্তি হয়।

‡। সব্বে সঙ্খার অনিচ্চ, সব্বে সঙ্খার দুক্‌খ, সব্বে সঙ্খার অনাত্তা। যথা—সর্ব্ব সংস্কার অনিত্য, সর্ব্ব সংস্কার দুঃখ, সর্ব্ব সংস্কার অনাত্মা, এইরূপে পুনঃ পুনঃ ভাবনা করিয়া অর্হৎ মার্গ প্রাপ্ত হওতঃ পুনঃ পুনঃ সেই ভাবনা করিলে অর্হৎ ফল প্রাপ্তি হয়।

## বাঙ্গালা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার লোকোত্তর পুদগল প্রভেদ বর্ণনা করিতেছি। সেই স্রোতাপত্তি ফলের পুদগলেরা, স্রোতাপত্তি মার্গ ভাব করতঃ মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা প্রহাণ দ্বারা অপায় গমন প্রহীণ করতঃ সাতবার দেব ভূমি বা মনুষ্য ভূমিতে প্রতি সন্ধি হইলে স্রোতাপন্ন নাম হয়।

সেই সকৃদাগামী ফলের পুদগলেরা, সকৃদাগামী মার্গ ভাব করতঃ রাগ, দোষ, ও মোহ কিঞ্চিৎ উৎপত্তির কারণ একবার ইহলোকে আগমন করিলে সকৃদাগামী নাম হয়।

সেই অনাগামী ফলের পুদগলেরা, অনাগামী মার্গ ভাব করতঃ কাম, রাগ, ও ব্যাপাদন প্রহাণ দ্বারা ইহ কাম ভূমিতে আগমন না করিলে ী নাম হয়।

সেই অর্হৎ ফলের পুদগলেরা, অর্হৎ ফল ভাব করতঃ অনাবশেষ ক্লেশ প্রহাণ দ্বারা ক্ষীণাশ্রব হওতঃ অগ্র দক্ষিনীয় হইয়া অর্হৎ নাম হয়। এই বিদর্শন কর্ম্মস্থানের পুদগল প্রভেদ।

# সমাপত্তি প্রভেদ।

## পালি।

ফল সমাপত্তি বীথিয়ং পনেত্থ সব্বেসংপি য়থা সক ফল বসেন সাধার ণাব। নিরোধ সমাপত্তি সমাপজ্জনং পন অনাগামিনঞ্চেব অরহন্তানঞ্চ লব্ভতি। তত্থ য়থা ক্কমং পথম ঝানাদী মহগ্‌গত সমাপত্তিং সমাপজ্জিত্বা বুট্‌ঠায় তত্থ গতে সঙ্খার ধম্মে তত্থ তত্থেব বিপস্‌সন্তো য়াব আকিঞ্চ ঞ্‌ঞায়তনং গন্ত্বা ততোপরং অধিট্‌ঠেয়্যাদীকং পুব্বকিচ্চং কত্বা মেবসঞ্‌ঞানাসঞ্‌ঞায়তনং সমাপজ্জতি। তস্‌সদ্বিয়ং অপ্পনা জবনামং পরতো বোচ্ছিজ্জতি চিত্ত সন্ততি। ততোপরং নিরোধ সমাপন্নো নাম হোতি।

বুট্ঠান কালেপন অনাগামিনো অনাগামি ফল চিত্তং অরহতো অরহত্ত ফল চিত্তং একবার মেব পবত্তিত্বা ভবঙ্গ পাতোহোতি। ততোপরং পচ্চবেক্খন ঞ্ঞাণং পবত্ততি। অয়মেত্থ সমাপত্তি ভেদো।

নিট্ঠিতোচ বিপস্সনা কম্মট্ঠাননয়ো। ভাবে তব্বগনিচ্চেবং, ভাবনাদ্বয় মুত্তমং, পটিপত্তিরসস্সাদং, পত্থ য়ন্তেন সাসনে। ইতি অভি ধম্মত্থ সঙ্গহে কম্মট্ঠান সঙ্গহ বিভাগো নাম নবমো পরিচ্ছেদো।

## সান্বার্থ।

(পন) পুনর্ব্বার সমাপত্তি প্রভেদ বর্ণনা করিতেছি। (এত্থ) সেই (ফলসমাপত্তিবীথিয়ং) সমাপত্তি বীথি ফলের (সব্বে সংপি) সর্ব্বপ্রকার [চারিজন] পুদ্গলেরা, (য়থাসকফলবসেন) যথোপযুক্ত স্বকীয় লোকোত্তর মার্গ হইতে লোকোত্তর ফল বশ দ্বারা (সাধারণাব) সাধারণ ফল লাভ করেন।

(পন) পুনর্ব্বার অসাধারণ বর্ণনা করিতেছি। (অনাগামিনঞ্চেব অরহন্তানঞ্চ) আটজন অনাগামী পুদ্গলেরা * ও [আট জন] অর্হন্ত পুদ্গলেরা † (নিরোধ সমাপত্তি সমাপজ্জনং লভতি) নিরোধ সমাপত্তি সমাপদন লাভ করেন। (তত্থ) সেই নিরোধ সমাপত্তি (য়থাক্কমং) যথা ক্রমে পঠম ঝানাদী মহগ্গত (সমাপত্তিং) প্রথম অবস্থার মহৎগত ধ্যানাদি সমাপত্তি (সমাপজ্জিত্বা) সমাপন্ন হইয়া (বুট্ঠায়) উত্থান ‡ হওতঃ (তত্থ গতে) সেই গত ॥ (সঙ্খার ধম্মে) সংস্কার ধর্ম্মে (তত্থ তত্থেব) সেই সেইরূপে (বিপস্সন্তো) বিদর্শন অনাগামী পুদ্গল ও অর্হন্ত পুদ্গলেরা (য়াব আকিঞ্চঞ্ঞায়তনং) আকিঞ্চ ন্যায়তন ধ্যান পর্য্যন্ত (গন্ত্বা) গমন করিয়া (ততোপরং) তৎপর (অধিট্ঠেয়্যাদিকং) অধিষ্ঠানাদি

*, †। কাম ভূমি ও রূপ ভূমি।

‡। চিত্ত, চৈতসিক, ও চিত্তজরূপ।

॥। প্রথম অবস্থার মহৎগত ধ্যানাদি সমাপত্তি।

(পুব্ব কিচ্চং কত্বা) পূর্ব্ব কর্ম্ম * করতঃ (নেব সঞ্ঞানাসঞ্ঞায়তনং) কুশল ও ক্রিয়া নৈব সংজ্ঞা নাসংজ্ঞায়তন ধ্যানে (সমাপজ্জতি) সমাপদ্ করেন। (তস্স দ্বিন্নং অপ্পনা জবনানং) সেই অনাগামী পুদগল ও অর্হন্ত পুদগলদিগের দুইবার অর্পণ জবন চিত্ত † (পরতো) উৎপত্তির পর (চিত্ত সন্ততি) চিত্ত বন্ধন (বোচ্ছিজ্জতি) ব্যবচ্ছেদ হয়। (ততোপরং) তৎপর (নিরোধ সমপন্নো নাম হোতি) নিরোধ ‡ সমাপন্ন নাম হয়।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (বুট্ঠান কালে) নিরোধ সমাপত্তি হইতে উত্থান কালে (অনাগামি নো) অনাগামী পুদগলদিগের (অনাগামি ফল চিত্তং) অনাগামী ফল চিত্ত ও (অরহতো) অর্হৎ পুদগলদিগের (অরহত্ত ফল চিত্তং) অর্হৎ ফলচিত্ত (একবারমেব) একবার (পবত্তিত্বা) প্রবৃত্ত হইয়া (ভবঙ্গ পতোহোতি) ভবাঙ্গ পাত হয়। (ততোপরং) তৎপর (পচ্চবেক্খনং) জবন চিত্ত প্রত্যবেক্ষণ (ঞাণং পবত্ততি) জ্ঞানে প্রবৃত্ত হয়। (অয়মেথ) এই বিদর্শন কর্ম্মস্থানের (সমাপত্তি ভেদো) সমাপত্তি প্রভেদ।

(পন) ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। (সাসনে) শাসনে (পটিপত্তি রসস্সাদং) প্রতিপত্তি রসাস্বাদ ‖ (পথয়ন্তেন) গোত্রের প্রার্থনায় থাকে। (ইচ্চেবং) এইরূপ (ভাবনা দ্বয় মুত্তমং) দুই প্রকার উত্তম ভাবনা § (ভাবে তব্বং) বর্দ্ধিত ভাবে ক্লেশ নিবারণ হয়, (নিট্ঠিতোচ বিপস্সনা কম্মট্ঠান নয়ো) এবং বিদর্শন কর্ম্মস্থানের নীতি শেষ হইয়াছে। (ইতি অভিধম্মথ সঙ্গহে) এই অভিধর্ম্মার্থ সংগ্রহের (কম্মট্ঠান সঙ্গহ বিভাগ নাম) কর্ম্মস্থান সংগ্রহ বিভাগ নামক (নবমো পরিচ্ছেদো) নবম পরিচ্ছেদ সম্পূর্ণ।

---

*। এক সপ্তাহ সমাপত্তি নিরোধ ধ্যানে অনাগামী পুদগল ও অর্হৎ পুদগলদিগের শরীরের সহিত আটখানা [পরিক্খরা] পরিষ্কার, ও বিহার অগ্নিতে জ্বলিবে কি না? উঁহাদের জন্য কোন ভিক্ষু প্রত্যাশায় আছেন কি না? উঁহাদিগকে ভগবান কোন বিষয়ের জন্য আহ্বান করিবেন কি না? উঁহাদের কর্ম্মজরূপ [শরীরের আয়ু] কত বিবেচনা।

†। কুশল ও ক্রিয়া নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন।

‡। চিত্ত, চৈতসিক ও চিত্তজ রূপ।

‖। ধ্যানের সুখ ও লোকোত্তর ফলের সুখ।

§। শমথ কর্ম্মস্থান ভাবনা ও বিদর্শন কর্ম্মস্থান ভাবনা।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

পুনর্ব্বার সমাপত্তি প্রভেদ বর্ণনা করিতেছি। সেই সমাপত্তি বীথি ফলের সর্ব্বপ্রকার পুদগলেরা, যথোপযুক্ত স্বকীয় লোকোত্তর মার্গ হইতে লোকোত্তর ফল বশ দ্বারা সাধারণ ফল লাভ করেন

পুনর্ব্বার অসাধারণ বর্ণনা করিতেছি। আট জন অনাগামী পুদগলেরা ও আট জন অর্হন্ত পুদগলেরা নিরোধ সমাপত্তি সমাপদ্ন লাভ করেন। সেই নিরোধ সমাপত্তি যথা ক্রমে প্রথম অবস্থার মহৎ গত ধ্যানাদি সমাপত্তি সমাপদ্ হইয়া উত্থান হওতঃ সেই গত সংস্কার ধর্ম্মে সেই সেই রূপে বিদর্শন অনাগামী পুদগল ও অর্হন্ত পুদগলেরা আকিঞ্চ ন্যায়তন ধ্যান পর্য্যন্ত গমন করিয়া তৎপর অধিষ্ঠানাদি পূর্ব্ব কর্ম্ম করতঃ কুশল ও ক্রিয়া নৈব সংজ্ঞা না সজ্ঞায়তন ধ্যানে সমাপদ্ করেন। সেই অনাগামী পুদগল ও অর্হন্ত পুদগলদিগের দুইবার অর্পণ জবন চিত্ত উৎপত্তির পর চিত্ত বন্ধন ব্যবচ্ছেদ হয়। তৎপর নিরোধ সমাপন্ন নাম হয়।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। নিরোধ সমাপত্তি হইতে উত্থান কালে অনাগামী পুদগলদিগের অনাগামী ফল চিত্ত ও অর্হন্ত পুদগলদিগের অর্হৎ ফল চিত্ত একবার প্রবৃত্ত হইয়া ভবাঙ্গ পাত হয়। তৎপর জবন চিত্ত প্রত্যবেক্ষণ জ্ঞানে প্রবৃত্ত হয়। এই বিদর্শন কর্ম্মস্থানের সমাপত্তি প্রভেদ।

ইহা পুনর্ব্বার বর্ণনা করিতেছি। শাসনে প্রতিপত্তি রসাস্বাদ গোত্রের প্রার্থনায় থাকে। এইরূপ দুই প্রকার উত্তম ভাবনা বর্দ্ধিত ভাবে ক্লেশ নিবারণ হয়, এবং বিদর্শন কর্ম্মস্থানের নীতি শেষ হইয়াছে। এই অভিধর্ম্মার্থ সংগ্রহের কর্ম্মস্থান সংগ্রহ বিভাগ নামক নবম পরিচ্ছেদ সম্পূর্ণ।

সম্পূর্ণ

# পরিশিষ্ট।

## পালি।

চারিত্ত সোভিত বিসাল কুলোদয়েন, সদ্ধাভিবুড্‌ঢ পরিসুদ্ধ গুণোদয়েন, নম্পহ্বয়েন পণিধায় পরানু কম্পং, য়ংপত্থিতং পকরণং পরিনিট্‌ঠিতন্তং। পুঞ্‌ঞেনতেন বিপুলেন তুমূল সোমং, ধঞ্‌ঞাধিবাস মুদিতোদিতমায়ু গন্তং, পঞ্‌ঞাবদাত গুণ সোভিত লজ্জি ভক্‌খু,, মঞ্‌ঞন্তু পুঞ্‌ঞ বিভবোদয় মঙ্গলায়। ইতি অনুরুদ্ধাচরিয়েন রচিতং অভিধম্মত্থ সঙ্গহং নাম পকরণং নিট্‌ঠিতং।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

যিনি শোভিত বিশাল কুলের চরিত্র দ্বারা উৎপত্তি হইয়াছেন, এবং শ্রদ্ধা কর্ম্মাদি বিষয়ে বৃদ্ধি হইয়া দান ও শীলাদির গুণে পরিশুদ্ধ হইয়াছেন। সেই নম্প নামক উপাসক, অপর ব্যক্তিদিগের অভিধর্ম্ম পিটক শাসন সুখের কারণ এবং অভিধর্ম্ম পিটক সহজে জ্ঞান হওয়ার নিমিত্ত প্রার্থনা করাতে অভিধর্ম্মার্থ সংগ্রহ গ্রন্থ নয়টী পরিচ্ছেদে বিভক্ত হইয়া রচিত হইয়াছে। ভিক্ষুরা, পাপ কর্ম্ম হইতে লজ্জিত হওতঃ বিপুল পুণ্যের দ্বারা সেই অভিধর্ম্মার্থ সংগ্রহ গ্রন্থ অবগত হইয়া শীলের গুণ ও আর্য্য মার্গ প্রজ্ঞা দ্বারা পরিশুদ্ধ হওতঃ সত্য প্রভা অধিবাসে উত্থিত হন। উঁহারা তুমল সোম বা শান্তি নামক বিহারের ভিক্ষুদের সদৃশ ক্লেশ হইতে মুক্ত হইয়া পুণ্য আনন্দ মঙ্গল ফল অনুভব করিয়া আয়ুগত পর্য্যন্ত বাস করিয়া থাকেন। এই অভিধর্ম্মার্থ সংগ্রহ নামক গ্রন্থ সিংহল দ্বীপের আচার্য্য অনুরুদ্ধ মহাথেরঃ কর্ত্তৃক রচিত। ইতি অভিধর্ম্মার্থ সংগ্রহ সমাপ্ত।

## পালি।

অভিধম্মিক ধারণে নেব কির একন্ত ধম্ম কথিকো নাম, ন অঞ্ঞো, কম্মন্তরং আলোলন্তি বিপাকন্তরং আলোলন্তি।

## বাঙ্গলা—গদ্যানুবাদ।

যিনি অভিধর্ম্ম ধারণ কিংবা উপদেশ করেন, তিনি একান্ত ধার্ম্মিক নামে কথিত হন। যাঁহার মন সূত্র কিম্বা বিনয়ের কর্ম্ম ও বিপাকের অন্তর আলোড়িত হয়, তিনি একান্ত ধার্ম্মিক বলিয়া কথিত হন না।

সম্পূর্ণ।

# শুদ্ধি পত্র।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৩ | ১৩ | সমুদয় | সমুদয় চিত্ত |
| ৩ | ১৮ | দিঠ্‌টি | দিট্‌ঠি |
| ৩ | ২২ | উপেখ কা | উপেকখা |
| ৪ | ১১, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০ | যেই পাপ | পাপ |
| ৫ | ২০, ২৩, ২৬, ২৯, ৩২, | যেই পাপ | পাপ |
| ৫ | ২২ | অসস্কার | অসংস্কার |
| ৬ | ১৯ | দোমনসস | দোমনস্‌স |
| ৬ | ২৫ | প্রতিব | প্রতিঘ |
| ৯ | ৮ | সিয়ু্য | সিয়ুং |
| ১৩ | ৩২ | তাহা | তাহা* |
| ১৪ | ১৩ | অকুশল | কুশল |
| ১৬ | ৬ | চক্ষুজ্ঞান বিজ্ঞান | চক্ষু বিজ্ঞান |
| ১৭ | ৩ | কল | ফল |
| ১৮ | ১৫ | ঞাণ | ঞ্‌ঞাণ |
| ১৯ | ৬ | (৩+৪) | (৫+৬) |
| ২০ | ১ | (৫+৬) | (৩+৪) |
| ২০ | ৫ | চিত্তের | চিত্তের ভাব |
| ২১ | ২১ | বচব | বচর |
| ২৩ | ৭ | দ্বা | দ্বারা |
| ২৪ | ৬ | তাঁহাদের | তাঁহাদের দ্বার |
| ২৪ | ১২, ১৪, ১৬, ১৮, ২০, ২৩, ২৬, | কারণে | কারণ |
| ২৫ | ৩ | অসস্কার | অসংস্কার |
| ২৬ | ১ | ঞাণ সম্পযুত্তং | ঞ্‌ ঞাণ বিপ্পযুত্তং |
| ২৬ | ৬ | সাত | সত্তি |
| ২৭ | ১০, ১৩, | জানিয়াছে | জানিও |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২৯ | ৫ | দুতয় | দুতিয় |
| ৩১ | ৩৩ | ভূমিতে | ভূমিতে |
| ৩২ | ৭ | প্রীত | প্রীতি |
| ৩২ | ২২ | বান | ঝান |
| ৩২ | ২৫ | ফল | ফলে |
| ৩২ | ২৭ | ভূমতে | ভূমিতে |
| ৩২ | ২৭ | প্রত | প্রতি |
| ৩২ | ২৯ | গমনকব | গমল করে |
| ৩২ | ৩০ | টাকাও | টীকাও |
| ৩৬ | ২২ | ও বিজ্ঞানানন্ত | আকাশানন্তভাব |
| ৩৮ | ১৮ | চিত্ত | এবং চিত্ত |
| ৩৯ | ১৯ | ঠ্‌টি | ট্‌ঠিতং |
| ৪২ | ১৭ | সযুক্ত | সম্প্রযুক্ত |
| ৪৫ | ৪ | প্রকাপ | প্রকার |
| ৪৬ | ৪ | চেতং | চেতি |
| ৪৮ | ১৭, ২০ | কন্তা | কন্ত |
| ৪৯ | ৪, ৫. ৬, ১৫. | বিধিং | বিধং |
| ৫০ | ১, ৩, | বিধিং | বিধং |
| ৫২ | ২১, ২২, ২৩, | জীবিতেন্দ্রিয় | জীবিতিন্দ্রিয় |
| ৫৫ | ১৮ | সেই | সেই স্বভাব |
| ৫৭ | ১১, ২৫, | হিরি | হিরী |
| ৬২ | ২৩ | সত্তোকে | সত্যকে |
| ৬৪ | ৯, ১৩, | য়োমিত্তো | য়োগমিত্তো |
| ৬৪ | ২২ | পকিণ্ণক | পকিণ্ণকা |
| ৬৫ | ১ | পকিণ্ণক | পকিণ্ণকা |
| ৬৭ | ১২ | চিত্তে | চিত্তেসু |
| ৭০ | ১২ | সম্প্রচিত্ত | সম্প্রযুক্ত চিত্ত |
| ৭০ | ২৮ | প্রথন | প্রথম |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
| --- | --- | --- | --- |
| ৭৩ | ১ | সত্ততি | তিসত্ততি |
| ৭৩ | ১, ৫, | সত্তর | তিয়াত্তর |
| ৭৩ | ১৮ | ইতি | চত্তারো ইতি |
| ৭৪ | ২৫ | ককর্ম্ম | কর্ম্ম |
| ৭৮ | ১২ | সোভন | শোভন |
| ৭৮ | ১৫, ২০ | কূন | এ কূন |
| ৭৮ | ২৩ | বর | বচর |
| ৭৯ | ১৪ | নিয়ত | নিয়তা |
| ৮০ | ১৪ | মঞ্ঞেয়ো | মঞ্ঞায়ো |
| ৮০ | ১৭ | স্তিতি | স্তীতি |
| ৮১ | ১৫ | করুণামুদিত | করুণামুদিতা |
| ৮২ | ১১ | তিংস | ত্তিংস |
| ৮৩ | ১৭ | ধেব | ধেবং |
| ৮৪ | ১২ | তথ | তথা |
| ৮৪ | ১৪ | স্কামি | কৃথামি |
| ৮৫ | ৫ | অনিয়ত<br>অনিয়ত | তথা অনিয়ত<br>সেই অনিয়ত |
| ৮৫ | ১৪ | দ্বারা | দ্বারা সেই |
| ৮৭ | ৯ | গততে | গতাতে |
| ৮৭ | ২৪ | মহুতা | মৃহুতা |
| ৮৮ | ২৪ | ঋকুবতা | ঋজুকতা |
| ৯১ | ২ | য়োচে | য়োজে |
| ৯১ | ৩ | বিচারবজ্জা, পঞ্চম ঝানিক | বিচারবজ্জা, চতুত্থঝানিক চিত্তেসু বিতক্ক বিচার পীতি-বজ্জা, পঞ্চম ঝানিক |
| ৯৩ | ২৩ | ব্যান | ধ্যান |
| ৯৫ | ৮ | বিয় | বির |

# শুদ্ধি পত্র।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৯৫ | ১৩ | তথাবিপাকেসুচ অপ্পমঞ্ঞা বিরতি ৰজ্জিতাতে এবসঙ্গয্ হন্তীতি। তথাবিপাকেসুচ অপ্পমঞ্ঞা বিরতি বজ্জিতাতে এবসঙ্গয্ হন্তীতি। | তথাবিপাকেসুচ অপ্পমঞ্ঞা বিরতি বজ্জিতাতে এবসঙ্গয্ হন্তীতি। |
| ৯৫ | ২০ | সোভণেসু | সোভণেসু কুসলেসু |
| ১০১ | ৩, ২৪ | ক্রিয়াসু | ক্রিয়েসু |
| ১০৩ | ২০ | অকুসলা সাধারণ | অকুসল সাধারণা |
| ১০৩ | ২২ | তুতিয় | তুতিয়ে |
| ১০৪ | ১ | মচ্ছের | মচ্ছরিয়ং |
| ১০৪ | ১৪ | চেতসিক | চেতসিকা |
| ১০৪ | ১৮ | সঙ্গহ | সঙ্গহং |
| ১০৬ | ৩ | মচ্ছে | মচ্ছ |
| ১০৬ | ৫ | চারিপ্রকার | চারিপ্রকার চৈতসিকও |
| ১০৬ | ১০ | মচ্ছের | মচ্ছরিয়ং |
| ১০৬ | ৩২ | একাগতা | একাগ্রতা |
| ১০৭ | ১ | গত | গতে |
| ১০৮ | ১ | গতে | গতচিত্তে |
| ১০৮ | ২ | হিত | হিতা |
| ১০৮ | ৯ | মানপি<br>গণ | মানাপি<br>গণন |
| ১০৯ | ৬ | চারিপ্রকার | চারিপ্রকার চৈতসিকও |
| ১০৯ | ২৩ | উত্তর | উত্তম |
| ১০৯ | ২৭ | সেতিচ | সেতি |
| ১১০ | ২৪ | কসু | কেসু |
| ১১১ | ৩ | বজ্জতা | বজ্জিতা |
| ১১১ | ৩ | যুন্তাতি | যুন্তীতি |
| ১১২ | ৭ | বিঞ্ঞাণ | বিঞ্ঞাণে |

## শুদ্ধি পত্র।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১১৩ | ২২, ২৬ | সেস | সেসা |
| ১১৩ | ২৩ | বিথারসো | বিথারতো |
| ১১৫ | ১০, ১৫ | চিত্তুপ্পদে | চিত্তুপ্পাদ |
| ১১৫ | ১০, ১৮ | নিয়তে | নিয়্যতে |
| ১১৬ | ২২ | সংগ্রহে | সংগ্রহের |
| ১১৭ | ৫ | বাত | বাত |
| ১১৭ | ৮ | গতং | গতং কুসল বিপাকং |
| ১১৯ | ২৫ | কল | ফল |
| ১২২ | ১০ | সত্ত | সত্ততি |
| ১২৪ | ৪ | সত্তালীস | সত্তচত্তালীস |
| ১২৬ | ১২ | অহেকুকা | অহেতুকা |
| ১২৭ | ৮ | অবজ্জন | আবজ্জন |
| ১২৯ | ১৮ | অবজ্জন | আবজ্জন |
| ১৩১ | ১২ | তিণ | তীণ |
| ১৩১ | ১৩ | কিচ্চ | কিচ্চং |
| ১৩১ | ১৭, ১৯, ২০ | ভবাঙ্গ | ভবঙ্গ |
| ১৩১ | ২১ | সন্তীরণ | সন্তীরণং সন্তীরণ |
| ১৩২ | ৩ | নিতি | নীতি |
| ১৩২ | ২৯ | কিচ্চ | কিচ্চং |
| ১৩৩ | ২২ | ভবাঙ্গ | ভবঙ্গ |
| ১৩৪ | ৬ | বিপাকানি | বিপাকানি নব |
| ১৩৪ | ৮ | কিচ্চানি | কিচ্চানি নাম |
| ১৩৪ | ১৩ | কিচ্চ | কিচ্চং |
| ১৩৬ | ২১, ২৭ | সন্ধো | সন্ধা |
| ১৩৭ | ১৯ | সোত | সোতা |
| ১৩৯ | ৪ | বিঞ্ঞাণ | বিঞ্ঞাণাদী |
| ১৩৯ | ৭ | দ্বারে | দ্বারাদীস্বপি |
| ১৪০ | ২ | জব | জবন |
| ১৪০ | ৯ | বিমত্তানি | বিমুত্তানি |
| ১৪০ | ২৬ | নিচেব | নিচেবদ্বার বিমুত্তানি |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৪৩ | ২৫ | অবলম্বন | আলম্বণ |
| ১৪৩ | ২৬ | পোট্ঠপ্পা | ফোট্ঠব্বা |
| ১৪৪ | ১০ | ভূতি | ভূতং |
| ১৪৪ | ১২ | দীস্নু | দীনি |
| ১৪৪ | ১৭ | সঙখাতনং | সঙখাতং |
| ১৪৫ | ২ | পোট্ঠপ্পা | ফোট্ঠব্বা |
| ১৪৬ | ১১ | ঔ দ্ভূত্য | ঔ দ্ধত্য |
| ১৪৭ | ৪ | ভূতি | ভূতং |
| ১৪৭ | ৫, ৮ | ছব্বিধিং পিয়থা সন্তবং<br>ছব্বিধং পিয়থা সন্তবং হোতি | ছব্বিধং পিয়থা সন্তবং |
| ১৪৭ | ১৬ | তিন | +তিন |
| ১৪৭ | ২৬ | জিহ্লা | জিহ্বা |
| ১৪৮ | ৩ | হস্ম্যে | হাস্যু |
| ১৪৮ | ৪ | থকে | থাকে |
| ১৪৮ | ৭ | সব্ব | সব্বা |
| ১৪৮ | ১০ | যুক্ত | যুক্ত চিত্ত |
| ১৪৮ | ১২ | অরথ | অরহত্ত |
| ১৪৮ | ১৫ | চেব | নিচেব |
| ১৪৮ | ১৭ | বোট্ঠ প্পনঞ্চ | বোট্ঠব্বনঞ্চ |
| ১৪৮ | ১৮ | গ্রার | প্রকার |
| ১৪৯ | ১ | নিব্বাগ্না | নিব্বানা |
| ১৫০ | ১২ | ধানে | ধ্যান |
| ১৫১ | ১৩ | সঙ্গহে | সঙ্গহো |
| ১৫২ | ৫ | পটি | পটিঘ |
| ১৫২ | ২৭ | নিবৃ | নিবৃত্তি |
| ১৫২ | ২৮ | নিবৃর | নিবৃত্তির. |
| ১৫৩ | ৬ | সঙ্খতি | সঙ্খতা |
| ১৫৪ | ১৫ | বন্ধ | বস্তু |
| ১৫৪ | ২৮ | কুশল | অকুশল |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৫৬ | ১৫ | পকিক | পকিণ্নক |
| ১৫৭ | ৭ | পবাত্ত | পবত্তি |
| ১৫৭ | ১৫, ২০ | ব্যবহার | সমসন |
| ১৫৮ | ৫ | দ্বার | দ্বারবীথি |
| ১৫৮ | ২৪ | চ্ছেদ | চ্ছেদে |
| ১৫৯ | ৪ | পুম | পুন |
| ১৫৯ | ৭ | বীধি | বীথি |
| ১৫৯ | ১৩ | বিঞ্ঞাণিচ | বিঞ্ঞাণ বীথিচ |
| ১৫৯ | ১৪ | বিঞ্ঞাণ<br>বিজ্ঞান | বিঞ্ঞাণ বীথি<br>বিজ্ঞান বীথি |
| ১৫৯ | ১৮ | অবলন | অবলম্বন |
| ১৬০ | ২০ | ভবাঙ্গ | ভঙ্গ |
| ১৬০ | ২১ | মায় | মায়ু |
| ১৬০ | ২৪ | য়াদি | য়দি |
| ১৬০ | ২৫ | পর | পরং |
| ১৬০ | ২৬ | অব | আব |
| ১৬১ | ৫ | য়েভুয়্যে | য়েভুয়্যেন |
| ১৬১ | ৯ | ভবঙ্গ<br>ভবাঙ্গ | ভঙ্গ<br>ভঙ্গ |
| ১৬১ | ১২ | চিত্ত | চিত্ত |
| ১৬১ | ১২ | রূপা | রূপ |
| ১৬৩ | ৪ | বারভবঙ্গ | বারভবাঙ্গ |
| ১৬৩ | ২৯ | জবম | জবন |
| ১৬৪ | ৩ | বেটি ঠব্বন | বোট্‌ঠিব্বন |
| ১৬৪ | ৫ | নিরুজ্জত্তি | নিরুজ ঝত্তি |
| ১৬৪ | ৩১ | সদশ | সদৃশ |
| ১৬৬ | ২ | বাথিচিত্তপ্পসা | বীথিচিত্তুপ্পাদা |
| ১৬৬ | ৩ | দ্বেভবাঙ্গ<br>চিত্ত | দ্বেভবঙ্গ<br>মেকচিত্ত |

# শুদ্ধি পত্র

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৬৬ | ৫ | ক্ষষ | ক্ষণ |
| ১৬৬ | ৬ | নিকুচ্ছান্তি | নিকুঞ্জ ঝন্তি |
| ১৬৬ | ১৬ | পুষ্পদো | পুষ্পদা |
| ১৬৬ | ২০ | প্রাদো | প্রাদা প্রহোস্তাস্তীত কমা পাথমগতং |
| ১৬৬ | ২১ | অল্প | দত্তাবলম্বনাচিত্ত উৎপত্তি অল্প |
| ১৬৭ | ১০ | কৃপণ | কৃপণং |
| ১৬৭ | ১১ | তেতোরং | ততোপরং |
| ১৬৭ | ৩০ | দষ্টি | দৃষ্টি |
| ১৬৮ | ৬ | ম্লান | অল্প |
| ১৬৯ | ১ | তথা সোতদ্বারে তথা সোত দ্বারাদীস্থ চেতি | তথা সোতদ্বারদী স্থচেতি |
| ১৭০ | ৩ | অবিশস্য | অবিশেষ্য |
| ১৭০ | ১৩ | বীত্তি | বীপি |
| ১৭০ | ১৬ | পর | পরং |
| ১৭১ | ৮ | পাকানি | পাকানি পবত্তন্তি |
| ১৭২ | ২ | রিত | রিতা |
| ১৭২ | ৭ | তিনেব | তীনেব |
| ১৭৩ | ১৮ | সখি | নখি |
| ১৭৪ | ১০ | পাতো | পাতোব |
| ১৭৪ | ১২ | তথ | তথা |
| ১৭৫ | ৬ | তথ | তথা |
| ১৭৫ | ১৫ | দ্বাত্তিংস | দ্বত্তিংস |
| ১৭৬ | ১৮ | রঞ্চমা | পঞ্চমা |
| ১৭৬ | ২৫ | ক্রিয়া | ক্রিয়া |
| ১৭৬ | ২৮ | ধ্যান | ধ্যান |
| ১৭৭ | ১ | শৈক্ষের | শৈক্ষেরা |
| ১৭৮ | ২৬ | করেনা | করেন |
| ১৮১ | ১২ | অবলম্বনকে অবলম্বন | অবলম্বন আরম্ভ |
| ১৮২ | ২২ | অবলম্বনকে অবলম্বন | অবলম্বন আরম্ভ |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৮৩ | ২১ | তেস্থ | নেস্থ |
| ১৮৫ | ২ | নিরোধ | নিরোধে |
| ১৮৭ | ৪ | নিচে | চেব |
| ১৮৭ | ২৯ | অতেুক | অহেতুক |
| ১৮৯ | ১৩ | গামা | গামী |
| ১৯০ | ৪ | বীধি | বীথি |
| ১৯০ | ১৪ | জবনা | জবন |
| ১৯৩ | ১৩ | রতি<br>বসাত্তি | রতী<br>বসবত্তি |
| ১৯৩ | ১৬ | সচ্চা | সজ্ঞা<br>হিতা |
| ১৯৩ | ১৮ | পরিত্তা<br>অপ্পমাণা | পরিত্ত<br>প্পমাণ |
| ১৯৪ | ২৬ | চতু | চাতু |
| ১৯৪ | ২৭ | তবতিংসা | তাবতিংসা |
| ১৯৬ | ১ | রতি<br>বত্তিচ | রতী<br>বত্তিচ |
| ১৯৬ | ১০ | পরিত্তা<br>অপ্পমাণা | পরিত্ত<br>অপ্পমাণ |
| ১৯৬ | ১৭ | বিঞ্ঞায়তন | বিঞ্ঞাণঞ্চায়তন |
| ১৯৮ | ১৩ | ভবঙ্গ | ভবঙ্গং |
| ১৯৮ | ২২ | চতু | চাতু |
| ১৯৮ | ২৫ | য়ামনং | য়ামানং |
| ১৯৯ | ১ | রতিনং | রতীনং |
| ১৯৯ | ১১ | সচ্চানং | সজ্ঞানং |
| ১৯৯ | ১৫ | পরিত্তা | পরিত্ত |
| ১৯৯ | ২১ | পঠম | পঠমা |
| ১৯৯ | ২৩ | নুপগানং | নুপগানং দেবানং |
| ২০০ | ৬ | বক | বেক |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২০২ | ৮ | বত্তিনং | বত্তিনং |
| ২০২ | ১০ | বত্তিস্থ | বত্তিস্থু |
| ২০৩ | ১ | তবঙ্গ | ভবঙ্গ |
| ২০৩ | ২ | বিপাক | বিপাকং |
| ২০৫ | ৯ | সজ্জান | সজ্জানং |
| ২০৫ | ২৬ | দরে | দুরে |
| ২০৬ | ২ | সহশ্র | সহস্র |
| ২০৬ | ৩ | সোলস | সোলহস |
| ২০৬ | ৮ | সন্ধিয় | সন্ধিয়ো |
| ২০৭ | ৪ | সহস্র | সহস্র কপ্প |
| ২০৭ | ৫ | গান | গানং |
| ২১০ | ৫ | নিয় | নিয়ং |
| ২১০ | ১০ | চরো | চারো |
| ২১০ | ১৮ | চক্কা | চত্তা |
| ২১১ | ২১ | চয় | চ |
| ২১১ | ২৪ | সচ্চেস্থ | সজ্জেস্থ |
| ২১১ | ২৪ | পরো | পুরো |
| ২১২ | ১, ৩, ৫ | পণিতং | পণীতং |
| ২১২ | ১১ | কম্ম কম্ম | কম্ম |
| ২১৩ | ৫ | তব | ভব |
| ২১৪ | ১ | মুস | মুস্না |
| ২১৪ | ২ | বাচ | বাচা |
| ২১৫ | ৫ | ধম্মা | ধম্ম |
| ২১৬ | ১৭ | শোভম | শোভন |
| ২১৬ | ২৭ | আহতুক | অহেতুক |
| ২১৭ | ৪ | মেব | বিপাকানেব |
| ২১৭ | ৭ | নে | ন |
| ২১৭ | ১৫ | মুদ্দিস্সে | মুদ্দিসে |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২১৭ | ২১ | পরোহিতা | পুরোহিতেষু |
| ২১৭ | ৩০ | আংভুক | অহেতুক |
| ২২৩ | ৪ | তসস | তম্‌সা |
| ২২৩ | ১১ | য়দা | য়দি |
| ২২৪ | ৩ | স্বব | স্বেব |
| ২২৪ | ১৩ | বিচ্চম্বং | মিচ্চম্বং |
| ২২৪ | ১৪ | ন্ধুবং | মন্ধুবং |
| ২২৪ | ১৫ | সসান্ত | সসন্তি |
| ২২৫ | ১৩ | অবলম্বনকে অবলম্বন | অবলম্বন আরম্ভ |
| ২২৫ | ১৪ | মু | মুপ |
| ২২৬ | ৩ | অবলম্বনকে অবলম্বন | অবলম্বন আরম্ভ |
| ২২৬ | ১৩ | সন্ধা | সন্ধান |
| ২২৬ | ১৯ | মাপতেষু | গতে সুধরন্তে স্বেব মরণং হোতি |
| ২২৬ | ২০ | ভবঙ্গনং | ভবঙ্গানং |
| ২২৭ | ২১ | হোটিট্‌ঠব | হোন্তি হেট্‌ঠি |
| ২২৮ | ১ | চুতিয় | চুতিয়া |
| ২২৮ | ১৫ | পটিসন্ধি | পটি সন্ধি কালং |
| ২২৮ | ১৭ | অবলম্বনকে অবলম্বন | অবলম্বন আরম্ভ |
| ২২৮ | ১৮ | প্পদো | প্পদে |
| ২২৮ | ২৩ | স্নতব | সতর |
| ২২৯ | ১ | চুতি<br>চ্যুতি" | চুতি চিত্ত<br>চ্যাত চিত্ত |
| ২২৯ | ১০ | [ বুধ গণ ? | ( বুধা ) বুধগণ ? |
| ২২৯ | ১১ | এতদ্ধবং | এতমদ্ধবং |
| ২২৯ | ১৩ | স্নসিনহ | সিনেহ |
| ২৩২ | ১২ | ধম্ম | ধম্মা |
| ২৩২ | ১৪ | দ্দেস | দ্দেসা |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২৩৩ | ৮ | ফোট্ঠপ্পং | ফোট্ঠব্বং |
| ২৩৩ | ১২ | সচঙ্গহং | সঙ্গহং |
| ২৩৪ | ১৩ | ফেট্ঠব্বং | ফোট্ঠব্বং |
| ২৩৪ | ১৮ | বস্তুরূপ | বস্তু রূপ |
| ২৩৫ | ২ | রূব | রূপ |
| ২৩৫ | ৩ | ব্যবহার | সমসন |
| ২৩৫ | ১০ | পরূ | রূপ |
| ২৩৫ | ১৪ | রূপনাম | রূপং নাম |
| ২৩৫ | ২৯ | ব্যবহারের দ্বারা<br>ব্যবহার | সমসন দ্বারা<br>সমসন |
| ২৩৬ | ৮ | পঁচ | পাঁচ |
| ২৩৬ | ১০ | মিচ্চপি | মিচ্চপি জীবিতা-<br>হাররূপ |
| ২৩৭ | ১৪ | ব্যবহার | সমসন |
| ২৩৮ | ৬ | সপ্পয়ং | সপ্পচ্চয়ং |
| ২৩৮ | ৯, ১০ | রূপ | রূপং |
| ২[illegible] | ১২ | ইতর দ্বার | ইতরং অদ্বার |
| ২৩৮ | ১৩, ১৪ | রূপি | রূপং |
| ২৩৮ | ১৭ | যতন | যতনং |
| ২৩৮ | ১৯ | গো[illegible]রগ্গাহিত্য রূপং | গোচরগ্গাহিত রূপং<br>অগোচরগ্গাহি[illegible] রূপং |
| ২৩৮ | ২০ | চতুক | চতুক্ক |
| ২৩৯ | ১২ | রূপ নাম | রূপং নাম |
| ২৪১ | ১ | ঘ্রানাদী | ঘানাদী |
| ২[illegible] | ৮ | [illegible] | চতুকক্ক |
| ১৪১ | ১৩ | বিভজন্তি | বিভজন্তি যথারহং |
| ২৪১ | ১৩ | বিচক্ষণ | যথোপযুক্ত মতে বিচক্ষণ |
| [illegible] | ১১ | আধাত্মিক | আধ্যাত্মিক নামক |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২৪২ | ৭ | অপতিম | অপতিঘ |
| ২৪২ | ১৭ | বিচক্ষণ [ যথোপযুক্ত মতে বিচক্ষণ | |
| ২৪২ | ২১ | সমুট্‌ঠ | সমুট্‌ঠা |
| ২৪২ | ২৩ | কুশলা | কুসলা |
| ২৪২ | ২৫ | নিঞু্ঞাণ | নিঞ্ঞাণ |
| ২৪৩ | ১৭ | কোহি | কেহি |
| ২৪৩ | ২০ | { কেম্মং | কম্মং |
| | | কর্ম্মং | কর্ম্ম |
| ২৪৪ | ১৭ | বোট্‌ঠবন | বোট্‌ঠব্বনং |
| ২৪৪ | ১৮ | ভিঞু্ঞা | ভিঞ্ঞা |
| | ২৮ | দণ্ডায়মাণ | + দণ্ডায়মাণ |
| ২৪৬ | ১৬ | বিজ্ঞপ্তি রূপ, ১, | বিজ্ঞপ্তি রূপ ১, |
| ২৪৮ | ২ | প্রাসের | গ্রাসের |
| ২৪৮ | ২.১ | { তথ | তত্থ |
| | | জিবিতং | জীবিতং |
| ২৪৯ | ৯ | লহুতাদী | সদ্ধ লহুতাদী |
| ২৪৯ | ১৭ | আকাস | আকাসং |
| ২৫০ | ২৪ | এপ | রূপ |
| ২৫২ | ২৪ | সেস | সেসা |
| ২৫৫ | ১৩ | কলাপঙ্গি | কলাপাঙ্গ |
| ২৫৫ | ২০, ২৪ | সঙখা | সঙ্খা |
| ২৫৬ | ১ | টি্ঠ | ট্‌ঠিতি |
| ২৫৬ | ২ | ট্‌ঠাম | ট্‌ঠান |
| ২৫৬ | ২০ | সঞ্ঞ্ঞ | সঞ্ঞ্ঞি |
| ২৫৬ | ২০ | তীসমু | তীসু |
| ২৫৭ | ২ | ক্রমে | ক্রম |
| ২৫৭ | ৩ | সব্বাপি | সব্বানিপি |
| ২৫৭ | ৭ | সত্ত্বা | সত্ত্ব |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২৫৭ | ২৮ | সত্ত | সত্ত্ব |
| ২৫৮ | ২ | সেয়া | সেয়্যা |
| ২৫৮ | ৫ | হৃৎপিণ্ড | হৃৎপিণ্ড |
| ২৫৮ | ৯ | ( কদাচিৎ নলভাতী ) | কদাচিৎ ( নলভতী |
| ২৫৮ | ৯ | পব | পর |
| ২৫৮ | ২৫ | জিহ্লা | জিহ্বা |
| ২৫৯ | ২ | বিচয় | বিয়চ |
| ২৫৯ | ৭ | টি্ঠতি কাল | ট্ঠিতি কালং |
| ২৫৯ | ১০ | [ চ্যুতি | [ চুতি |
| ২৬০ | ৫ | তীণ | তীণি |
| ২৬০ | ২৭ | জিহ্লা | জিহ্বা |
| ২৬১ | ৭ | বিকেরা | বিকারো |
| ২৬১ | ১১ | ক্রমে | ক্রম |
| ২৬৩ | ১ | ক্রনে | ক্রমে |
| ২৬৩ | ৮ | ভাব | ভাব রূপ |
| ২৬৩ | ২৫ | তেইপ | তেইশ |
| ২৬৪ | ৪ | ফনা | ফলা |
| ২৬৪ | ৪ | তার | তায় |
| ২৬৪ | ৮ | অকার | আকার |
| ২৬৪ | ১২ | অভিধর্ম্মথ<br>সন্দহ | অভিধম্মথ<br>সঙ্গহ |
| ২৬৬ | ২০ | অবিজ্জোযো। চত্তারো | অয়জ্জোযো। চত্তারো যোগা কামযোগো, ভব যোগো, দিট্‌ঠি যোগো, অবিজ্জা যোগো চত্তারো |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ২৬৬ | ২১ | পদো | পাদো |
| ২৬৭ | ৪ | সবিজ্জা | অবিজ্জা |
| ২৬৭ | ২৩ | দ্বাসত্ত | দ্বাসত্ততি |
| ২৬৭ | ২৪ | দোনি | দানি |
| ২৬৯ | ৩ | সত্যভি | সত্যাভি |
| ২৭০ | ২১ | দষ্টি | দৃষ্টি |
| ২৭১ | ৬ | ণিন | ণিনং |
| ২৭১ | ২২ | ছলে্ হব | ছল্ হোব |
| ২৭১ | ২৮, ৩০ | সত্ত্ব | সত্ত্ব |
| ২৭২ | ২ | কিলেসো | কিলেসা |
| ২৭২ | ৭ | সংগ্রল | সংগ্রহ |
| ২৭২ | ১৯ | অবিজ্জা | অবিদ্যা |
| ২৭৩ | ১৭ | ছতেতু | ছহেতু |
| ২৭৪ | ১, ৮ | অঞ্ঞ্ঞা | অনঞ্ঞ্ঞা |
| ২৭৪ | ১০ | অঞ্ঞ্ঞিন্দ্রিয়া নাতি | অঞ্ঞিঞ্ঞিন্দ্রিয়া নাতি |
| ২৭৫ | ১৪ | চয় | বচয় |
| ২৭৫ | ২১ | অট | আট |
| ২৭৫ | ২৩ | চিত্তের চিত্তের | চিত্তের |
| ২৭৬ | ৫ | জীবিন্দ্রিয়ং | জীবিতিন্দ্রিয়ং |
| ২৭৬ | ৭ | স্তেমনস্সিন্দ্রিয়ং | সোমনস্সিন্দ্রিয়ং |
| ২৭৬ | ৯ | বীর্য্যিন্দ্রিয়ং | বীর্য্যিন্দ্রিয় |
| ২৭৭ | ১ | পঞ্ঞ্ঞিন্দ্রিয়ং | পঞ্ঞিঞ্ঞিন্দ্রিয়ং |
| ২৭৮ | ২১ | অঞ্ঞ্ঞতা | অঞ্ঞাতা |
| ২৭৮ | ৩৩ | প্রারর | প্রকার |
| ২৮১ | ৯ | পেপ | পপো |
| ২৮১ | ১২ | চচভি | চচতি |
| ২৮৩ | ৪ | উপপ্পমানং | উপপ্পন্নানং |

# শুদ্ধি পত্র।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ। |
|---|---|---|---|
| ২৮৩ | ১০ | ।। | ।। |
| ২৮৩ | ১১ | ।। | |
| ২৮৩ | ৩০ | শ্রদ্ধিন্ধিন্দ্রিয় | শ্রদ্ধিন্দ্রিয় |
| ২৮৯ | ১ | সঞ্ঞ্ঞকৃখন্ধে | সঞ্ঞ ঞাকৃখন্ধো |
| ২৮৯ | ৬ | সঞ্ঞ্ঞ | সঞ্ঞ্ঞু |
| ২৮৯ | ১০ | ঘাণ | ঘান |
| ২৮৯ | ১১ | মমো | মনে |
| ২ ৯ | ১৭ | বেদন | বেদন |
| ২৮৯ | ২৩ | ভব | ভবে |
| ২৮৯ | ২৪ | লেকু | লোকু |
| ২৯০ | ৫ | কৃখন্ধে | কৃখন্ধো |
| ২৯০ | ৬ | বেদন | বেদনা |
| ২৯০ | ৬ | সঞ্ঞ্ঞ | সঞ্ঞ্ঞা |
| ২৯০ | ৮ | খন্ধা | কৃখন্ধা |
| ২৯০ | ১৩ ২৬ | আটশ | আটাশ |
| ২৯১ | ৪, ৯ | ঘাণা | ঘানা |
| ২৯১ | ৫ | মত | মতনং |
| ২৯২ | ৫ | ঘাণ | ঘানা |
| ২৯২ | ৬ | বিঞ্ঞ্ঞা | বিঞ্ঞ্ঞাণ |
| ২৯২ | ৩২ | মমো<br>মনো | ধর্ম্ম<br>ধর্ম্ম |
| ২৯৩ | ৩ | নিরোধি গামি | নিরোধ গামিনী |
| ২৯৩ | ৪ | সচ্চং | সচ্চানি |
| ২৯৪ | ৫ | অট্‌ঠারস | অট্‌ঠারস ধাতুয়ো |
| ২৯৫ | ১০ | সস্কার | সংস্কার |
| ২৯৬ | ২ | প্রতি | প্রত্তী |
| ২৯৬ | ৪ | ধম্মনং | ধম্মানং |

*"Wherever the Buddha's teachings have flourished,*

*either in cities or countrysides,*

*people would gain inconceivable benefits.*

*The land and pepole would be enveloped in peace.*

*The sun and moon will shine clear and bright.*

*Wind and rain would appear accordingly,*

*and there will be no disasters.*

*Nations would be prosperous*

*and there would be no use for soldiers or weapons.*

*People would abide by morality and accord with laws.*

*They would be courteous and humble,*

*and everyone would be content without injustices.*

*There would be no thefts or violence.*

*The strong would not dominate the weak*

*and everyone would get their fair share."*

~THE BUDDHA SPEAKS OF
THE INFINITE LIFE SUTRA OF
ADORNMENT, PURITY, EQUALITY
AND ENLIGHTENMENT OF
THE MAHAYANA SCHOOL~

## Taking Refuge with a mind of Bodhichitta

In the Buddha, the Dharma and the Sangha,
I shall always take refuge
Until the attainment of full awakening.

Through the merit of practicing generosity
and other perfections,
May I swiftly accomplish Buddhahood,
And benefit of all sentient beings.

## The Prayers of the Bodhisattvas

With a wish to awaken all beings,
I shall always go for refuge
To the Buddha, Dharma, and Sangha,
Until I attain full enlightenment.

Possessing compassion and wisdom,
Today, in the Buddha's presence,
I sincerely generate
the supreme mind of Bodhichitta
For the benefit of all sentient beings.

"As long as space endures,
As long as sentient beings dwell,
Until then, may I too remain
To dispel the miseries of all sentient beings."

# GREAT VOW

## BODHISATTVA EARTH-TREASURY
## ( BODHISATTVA KSITIGARBHA )

**" Unless Hells become empty,**
**I vow not to attain Buddhahood;**
**Till all have achieved the Ultimate Liberation,**
**I shall then consider my Enlightenment full !"**

**Bodhisattva Earth-Treasury is entrusted as the Caretaker of the World until Buddha Maitreya reincarnates on Earth in 5.7 billion years.**

**Reciting the Holy Name:**
**NAMO BODHISATTVA EARTH-TREASURY**

**Karma-erasing Mantra:**
**OM BA LA MO LING TO NING SVAHA**

With bad advisors forever left behind,
From paths of evil he departs for eternity,
Soon to see the Buddha of Limitless Light
And perfect Samantabhadra's Supreme Vows.

The supreme and endless blessings
of Samantabhadra's deeds,
I now universally transfer.
May every living being, drowning and adrift,
Soon return to the Pure Land of Limitless Light!

**✻ The Vows of Samantabhadra ✻**

I vow that when my life approaches its end,
All obstructions will be swept away;
I will see Amitabha Buddha,
And be born in His Western Pure Land of
Ultimate Bliss and Peace.

When reborn in the Western Pure Land,
I will perfect and completely fulfill
Without exception these Great Vows,
To delight and benefit all beings.

**✻ The Vows of Samantabhadra Avatamsaka Sutra ✻**

## DEDICATION OF MERIT

May the merit and virtue
accrued from this work
adorn Amitabha Buddha's Pure Land,
repay the four great kindnesses above,
and relieve the suffering of
those on the three paths below.

May those who see or hear of these efforts
generate Bodhi-mind,
spend their lives devoted to the Buddha Dharma,
and finally be reborn together in
the Land of Ultimate Bliss.
Homage to Amita Buddha!

**NAMO AMITABHA**

**南無阿彌陀佛**

《孟加拉文及巴利文：佛陀本生故事》

財團法人佛陀教育基金會 印贈
台北市杭州南路一段五十五號十一樓
Printed and donated for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website: http://www.budaedu.org
**This book is strictly for free distribution, it is not for sale.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।
Printed in Taiwan
2,000 copies; April 2011
**BA001 - 9265**